অঙ্গুত্তর-নিকায়

[চতুর্থ খণ্ড]

(সপ্তম, অষ্টম, নবম নিপাত)



অনুবাদক ঃ

অধ্যাপক সুমঙ্গল বড়ুয়া

সূচি-পত্র

অঙ্গুত্তর-নিকায় [চতুর্থ খণ্ড]

বিষয় পৃষ্ঠা নং

ক. সত্তক-নিপাত- সপ্তক-নিপাত

১. ধন বগ্গো- ধনবর্গ

১. পঠম পিযং সুত্তং- প্রথম প্রিয় সূত্র----------০১
২. দুতিয পিয সুত্তং- দ্বিতীয় প্রিয় সূত্র----------০১
৩. সংখিত্ত বল সুত্তং- সংক্ষিপ্ত বল সূত্র----------০২
৪. বিত্থত বল সুত্তং- বিস্তৃত বল সূত্র----------০২
৫. সংখিত্ত ধন সুত্তং- সংক্ষিপ্ত ধন সূত্র----------০৪
৬. বিত্থত ধন সুত্তং- বিস্তৃত ধন সূত্র----------০৪
৭. উগ্গ সুত্তং- উগ্র সূত্র----------০৬
৮. সংযোজন সুত্তং- সংযোজন সূত্র----------০৭
৯. সংযোজন পহান সুত্তং- সংযোজন প্রহীন সূত্র----------০৭
১০. মচ্ছরিয সুত্তং- মাৎসর্য্য সূত্র----------০৮

২. অনুসয (ঝোঁক) বগ্গো- অনুশয় বর্গ

১. পঠম অনুসয সুত্তং- প্রথম অনুশয় সূত্র----------০৮
২. দুতিয় অনুসয় সুত্তং- দ্বিতীয় অনুশয় সূত্র----------০৯
৩. কুল সুত্তং- কুল সূত্র----------১০
৪. পুদ্গল সুত্তং- পুদ্গল সূত্র----------১০
৫. উদকোপম সুত্তং- উদকোপম সূত্র----------১১
৬. অনিচ্চানুপস্সী সুত্তং- অনিত্যানুদর্শী সূত্র----------১৩
৭-৯. দুক্খ, অনত্তা, নিব্বান সুত্তং- দুঃখ, অনাত্মা, নির্বাণ সূত্র---১৪
১০. নিদ্দসবত্থু সুত্তং- প্রশংসা বস্তু সূত্র----------১৬

৩. বজ্জী বগ্গো- বজ্জী বর্গ

১. সারন্দদ সুত্তং- সারন্দদ সূত্র----------১৭
২. বস্সকার সুত্তং- বর্ষকার সূত্র----------১৮
৩. পঠম সত্তক সুত্তং- প্রথম সপ্তক সূত্র----------২২
৪. দুতিয় সত্তক সুত্তং- দ্বিতীয় সপ্তক সূত্র----------২৩

Visit: http://www.buddhistdownload.com

বিষয় **পৃষ্ঠা নং**

৫. ততিয সত্তক সুত্তং- তৃতীয় সপ্তক সূত্র ----------২৪
৬. বোজ্ঝঙ্গ সুত্তং- বোধ্যঙ্গ সূত্র ----------২৪
৭. সঞ্ঞা সুত্তং- সংজ্ঞা সূত্র ----------২৫
৮. পঠম পরিহানি সুত্তং- প্রথম পরিহানি সূত্র ----------২৬
৯. দুতিয় পরিহানি সুত্তং- দ্বিতীয় পরিহানি সূত্র ----------২৭
১০. বিপত্তি সুত্তং- বিপত্তি সূত্র ----------২৮
১১. পরাভব সুত্তং- পরাভব সূত্র ----------২৮

৪. দেবতা বগ্গো- দেবতা বর্গ

১. অপ্পমাদগারব সুত্তং- অপ্রমাদ গারব সূত্র ----------২৯
২. হিরিগারব সুত্তং- হিরিগারব সূত্র ----------৩০
৩. পঠম সোবচস্সতা সুত্তং- প্রথম প্রিয়ভাষিতা সূত্র----------৩১
৪. দুতিয সোবচস্সতা সুত্তং- দ্বিতীয় প্রিয়ভাষিতা সূত্র----------৩১
৫. পঠম মিত্ত সুত্তং- প্রথম মিত্র সূত্র----------৩৪
৬. দুতিয মিত্ত সুত্তং- দ্বিতীয় মিত্র সূত্র ----------৩৪
৭. পঠম পটিসম্ভিদা সুত্তং- প্রথম প্রতিসম্ভিদা সূত্র ----------৩৫
৮. দুতিয পটিসম্ভিদা সুত্তং- দ্বিতীয় প্রতিসম্ভিদা সূত্র ----------৩৫
৯. পঠম বস সুত্তং- প্রথম বশ সূত্র ----------৩৬
১০. দুতিয বস সুত্তং- দ্বিতীয় বশ সূত্র ----------৩৬
১১. পঠম নিদ্দেস সুত্তং- প্রথম প্রশংসা সূত্র ----------৩৬
১২ দুতিয নিদ্দেস সুত্তং- দ্বিতীয় প্রশংসা সূত্র ----------৩৯

৫. মহাযঞ্ঞ বগ্গো- মহাযজ্ঞ-বর্গ

১. সত্ত বিঞ্ঞানট্ঠিতি সুত্তং- সপ্ত বিজ্ঞান স্থিতি সূত্র ----------৪১
২. সমাধি পরিক্খার সুত্তং- সমাধি পরিষ্কার সূত্র ----------৪১
৩. পঠম অগ্গি সুত্তং- প্রথম অগ্নি সূত্র ----------৪২
৪. দুতিয অগ্গি সুত্তং- দ্বিতীয় অগ্নি সূত্র ----------৪২
৫. পঠম সঞ্ঞা সুত্তং- প্রথম সংজ্ঞা সূত্র----------৪৬
৬. দুতিয সঞ্ঞা সুত্তং- দ্বিতীয় সংজ্ঞা সূত্র ----------৪৬
৭. মেথুন সুত্তং- মৈথুন সূত্র----------৫২
৮. সংযোগ সুত্তং- সংযোগ সূত্র ----------৫৪

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

৯. দান মহাপ্‌ফল সুত্তং- দান মহাফল সূত্র----------৫৫
১০. নন্দ মাতা সুত্তং- নন্দ মাতা সূত্র ----------৫৮

৬. অব্যাকত বগ্গো- অব্যাকৃত বর্গ

১. অব্যাকত সুত্তং- অব্যাকৃত সূত্র ----------৬২
২. পুরিস গতি সুত্তং- পুরুষগতি সূত্র----------৬৩
৩. তিস্‌সব্রহ্মা সুত্তং- তিষ্য ব্রহ্মা সূত্র----------৬৯
৪. সীহ সেনাপতি সুত্তং- সিংহ সেনাপতি সূত্র ----------৭২
৫. অরক্‌খেয্য সুত্তং- অরক্ষণীয় সূত্র ----------৭৫
৬. কিম্বিল সুত্তং- কিম্বিল সূত্র ----------৭৬
৭. সত্তধম্ম সুত্তং- সপ্তধর্ম সূত্র----------৭৭
৮. পচলাযমান সুত্তং- পচলায়মান সূত্র ----------৭৭
৯. মেত্ত সুত্তং- মৈত্রী সূত্র----------৮১
১০. ভরিযা সুত্তং- ভার্য্যা সূত্র ----------৮২
১১. কোধন সুত্তং- ক্রোধযুক্ত সূত্র----------৮৪

৭. মহাবগ্গো- মহাবর্গ

১. হিরিওত্তপ্প সুত্তং- হিরি-ওত্তপ্প সূত্র ----------৮৮
২. সত্ত সুরিয সুত্তং- সপ্ত সূর্য্য সূত্র ----------৮৯
৩. নগরোপম সুত্তং- নগরোপম সূত্র----------৯৩
৪. ধম্মঞ্‌ঞ সুত্তং- ধর্মজ্ঞ সূত্র ----------৯৯
৫. পারিচ্ছত্তক সুত্তং- পারিচ্ছত্তক সূত্র----------১০২
৬. সক্কচ্চ সুত্তং- সৎকার-সম্মান সূত্র ----------১০৪
৭. ভাবনা সুত্তং- ভাবনা সূত্র----------১০৯
৮. অগ্গিক্‌খন্ধোপম সুত্তং- অগ্নিস্কন্ধোপম সূত্র----------১১১
৯. সুনেত্ত সুত্তং- সুনেত্র সূত্র ----------১১৯
১০. অরক সুত্তং- অরক সূত্র----------১২০

৮. বিনয়-বগ্গো- বিনয়-বর্গ

১. পঠম বিনযধর সুত্তং- প্রথম বিনয়ধর সূত্র ----------১২৩
২. দুতিয বিনয়ধর সুত্তং- দ্বিতীয় বিনয়ধর সূত্র ----------১২৩
৩. ততিয বিনয়ধর সুত্তং- তৃতীয় বিনয়ধর সূত্র ----------১২৪

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

৪. চতুত্থ বিনয়ধর সুত্তং- চতুর্থ বিনয়ধর সূত্র----------১২৪
৫. পঠম বিনয়ধর সোভন সুত্তং- প্রথম বিনয়ধর শোভন সূত্র-----১২৪
৬. দুতিয বিনয়ধর সোভন সুত্তং- দ্বিতীয় বিনয়ধর শোভন সূত্র---১২৫
৭. ততিয বিনযধর সোভন সুত্তং- তৃতীয় বিনয়ধর শোভন সূত্র---১২৫
৮. চতুত্থ বিনযধর সোভন সুত্তং- চতুর্থ বিনয়ধর শোভন সূত্র ----১২৬
৯. সত্থুসাসন সুত্তং- শাস্তা শাসন সূত্র ----------১২৬
১০. অধিকরণ সমথ সুত্তং- বিবাদ উপশম সূত্র ----------১২৭

৯. বগ্গ সংগহিতা সুত্তন্তা/সমণ বগ্গো-
বর্গ সংগৃহীত সূত্র/শ্রমণ বর্গ

১. ভিক্খু সুত্তং- ভিক্ষু সূত্র----------১২৭
২. সমণ সুত্তং- শ্রমণ সূত্র ----------১২৮
৩. ব্রাহ্মণ সুত্তং- ব্রাহ্মণ সূত্র ----------১২৮
৪. সোতিয সুত্তং- শ্রোত্রিয় সূত্র----------১২৮
৫. নহাতক সুত্তং- স্নাতক সূত্র----------১২৮
৬. বেদগু সুত্তং- বেদজ্ঞ সূত্র ----------১২৮
৭. অরিয সুত্তং- আর্য সূত্র ----------১২৮
৮. অরহা সুত্তং- অর্হৎ সূত্র----------১২৮
৯. অসদ্ধম্ম সুত্তং- অসদ্ধর্ম সূত্র----------১২৯
১০. সদ্ধম্ম সুত্তং- সদ্ধর্ম সূত্র----------১২৯
১০. আহুনেয্য বগ্গো- আহুনেয় বর্গ ----------১২৯
অন্যান্য আহ্বানযোগ্য পুদ্গল ----------১৩০

১১. রাগপেয্যালং- রাগ ইত্যাদি

রাগের উপলব্ধি (১)----------১৪৪
রাগের উপলব্ধি (২)----------১৪৪
রাগের উপলব্ধি (৩)----------১৪৪

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

খ. অট্‌ঠক-নিপাত- অষ্টম-নিপাত

পঠম পণ্ণাসকং- প্রথম পঞ্চাশক

১. মেত্তা-বগ্গো- মৈত্রী-বর্গ

১. মেত্তা সুত্তং- মৈত্রী সূত্র ----------১৫২
২. পঞ্ঞা সুত্তং- প্রজ্ঞা সূত্র ----------১৫৩
৩. পঠম অপ্পিয সুত্তং- প্রথম অপ্রিয় সূত্র ----------১৫৭
৪. দুতিয অপ্পিয সুত্তং- দ্বিতীয় অপ্রিয় সূত্র ----------১৫৭
৫. পঠম লোকধম্ম সুত্তং- প্রথম লোকধর্ম সূত্র ----------১৫৮
৬. দুতিয লোকধম্ম সুত্তং- দ্বিতীয় লোকধর্ম সূত্র ----------১৫৮
৭. দেবদত্ত বিপত্তি সুত্তং- দেবদত্ত বিপত্তি সূত্র ----------১৬১
৮. উত্তর বিপত্তি সুত্তং- উত্তর বিপত্তি সূত্র ----------১৬২
৯. নন্দ সুত্তং- নন্দ সূত্র ----------১৬৫
১০. কারণ্ডব সুত্তং- কারণ্ডব সূত্র ----------১৬৭

২. মহা-বগ্গো- মহা-বর্গ

১. বেরঞ্জ সুত্তং- বেরঞ্জ সূত্র ----------১৭০
২. সীহ সুত্তং- সিংহ সূত্র ----------১৭৬
৩. অস্‌সাজানীয সুত্তং- অশ্বাজানেয় সূত্র ----------১৮৪
৪. অস্‌সখলুঙ্ক সুত্তং- অশ্ব খলুঙ্ক সূত্র ----------১৮৫
৫. মল সুত্তং- মল সূত্র ----------১৮৯
৬. দূতেয্য সুত্তং- দূত্য সূত্র ----------১৮৯
৭. পঠম বন্ধন সুত্তং- প্রথম বন্ধন সূত্র ----------১৯০
৮. দুতিয বন্ধন সুত্তং- দ্বিতীয় বন্ধন সূত্র ----------১৯০
৯. পহারাদ সুত্তং- পহারাদ সূত্র ----------১৯১
১০. উপোসথ সুত্তং- উপোসথ সূত্র ----------১৯৫

৩. গহপতি বগ্গো- গৃহপতি বর্গ

১. পঠম উগ্গ সুত্তং- প্রথম উগ্র সূত্র ----------২০২
২. দুতিয উগ্গ সুত্তং- দ্বিতীয় উগ্র সূত্র ----------২০৫
৩. পঠম হত্থক সুত্তং- প্রথম হত্থক সূত্র ----------২০৮

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

৪. দুতিয হত্থক সুত্তং- দ্বিতীয় হত্থক সূত্র ----------২০৯
৫. মহানাম সুত্তং- মহানাম সূত্র ----------২১১
৬. জীবক সুত্তং- জীবক সূত্র ----------২১২
৭. বল সুত্তং- বল সূত্র ----------২১৩
৮. দুতিয বল সুত্তং- দ্বিতীয় বল সূত্র ----------২১৩
৯. অক্খণ সুত্তং- অক্ষণ সূত্র ----------২১৫
১০। অনুরুদ্ধমহাবিতক্ক সুত্তং- অনুরুদ্ধ মহাবিতর্ক সূত্র ----------২১৮

৪. দান বগ্গো- দান বর্গ

১. পঠম দান সুত্তং- প্রথম দান সূত্র ----------২২৫
২. দুতিয় দান সুত্তং- দ্বিতীয় দান সূত্র ----------২২৬
৪. খেত্ত সুত্তং- ক্ষেত্র সূত্র----------২২৬
৫. দানূপপত্তি সুত্তং- দানোপপত্তি সূত্র ----------২২৮
৬. পুঞ্ঞকিরিযবত্থু সুত্তং- পুণ্যক্রিয়া বস্তু সূত্র ----------২৩১
৭. সপ্পুরিসদান সুত্তং- সৎপুরুষ দান সূত্র ----------২৩২
৮. সপ্পুরিস সুত্তং- সৎপুরুষ সূত্র----------২৩৩
৯. অভিসন্দ সুত্তং- পুণ্যফল সূত্র ----------২৩৪
১০. দুচ্চরিত বিপাক সুত্তং- দুশ্চরিত বিপাক সূত্র ----------২৩৬

৫. উপোসথ বগ্গো- উপোসথ বর্গ

১. সংখিত্তুপোসথ সুত্তং- সংক্ষিপ্ত উপোসথ সূত্র ----------২৩৭
২. বিত্থতুপোসথ সুত্তং- বিস্তৃত উপোসথ সূত্র----------২৩৯
৩. বিসাখা সুত্তং- বিশাখা সূত্র----------২৪৩
৪. বাসেট্ঠ সুত্তং- বাশিষ্ট সূত্র----------২৪৭
৫. বোজ্ঝা সুত্তং- বোজ্ঝা সূত্র ----------২৫১
৬. অনুরুদ্ধ সুত্তং- অনুরুদ্ধ সূত্র----------২৫৪
৭. বিসাখা সুত্তং- বিশাখা সূত্র----------২৫৮
৮. নকুলমাতা সুত্তং- নকুলমাতা সূত্র ----------২৬০
৯. পঠম ইধ লোকিক সুত্তং- প্রথম ইহ লৌকিক সূত্র ----------২৬২
১০. দুতিয ইধ লোকিক সুত্তং- দ্বিতীয় ইহ লৌকিক সূত্র --------২৬৪

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

২. দুতিয পণ্ণাসকং- দ্বিতীয় পঞ্চাশক

৬. স-আধান বগ্গো- স-আধান বর্গ/গৌতমী বগ্গো- গৌতমী বর্গ

১. গৌতমী সুত্তং- গৌতমী সূত্র----------২৬৬
২. ওবাদ সুত্তং- উপদেশ সূত্র----------২৭১
৩. সংখিত্ত সুত্তং- সংক্ষিপ্ত সূত্র ----------২৭২
৪. দীঘজানু সুত্তং- দীর্ঘজানু সূত্র ----------২৭৩
৫. উজ্জয সুত্তং- উজ্জয় সূত্র ----------২৭৭
৬. ভয সুত্তং- ভয় সূত্র----------২৮০
৭. পঠম আহুনেয্য সুত্তং- প্রথম আহ্বানযোগ্য সূত্র ----------২৮১
৮. দুতিয আহুনেয্য সুত্তং- দ্বিতীয় আহ্বানযোগ্য সূত্র ----------২৮১
৯. পঠম পুগ্গল সুত্তং- প্রথম পুদ্গল সূত্র----------২৮২
১০. দুতিয পুগ্গল সুত্তং- দ্বিতীয় পুদ্গল সূত্র ----------২৮২

৭. ভূমিচাল-বগ্গো- ভূমিকম্প-বর্গ

১. ইচ্ছা সুত্তং- ইচ্ছা সূত্র----------২৮৩
২. অলং সুত্তং- যথেষ্ট সূত্র----------২৮৫
৩. সংখিত্ত সুত্তং- সংক্ষিপ্ত সূত্র ----------২৮৮
৪. গযাসীস সুত্তং- গয়াশীর্ষ সূত্র----------২৯১
৫. অভিভাযতন সুত্তং- শাস্তার শ্রেষ্ঠত্ব সূত্র ----------২৯৩
৬. বিমোক্খ সুত্তং- বিমোক্ষ সূত্র ----------২৯৪
৭. অনরিযবোহার সুত্তং- অনার্য কর্ম সূত্র ----------২৯৫
৮. অরিযবোহার সুত্তং- আর্যকর্ম সূত্র----------২৯৫
৯. পরিসা সুত্তং- পরিষদ সূত্র ----------২৯৫
১০. ভুমিচাল সুত্তং- ভূমিকম্প সূত্র----------২৯৬

৮. যমক বগ্গো- যমক বর্গ

১. পঠম সদ্ধা সুত্তং- প্রথম শ্রদ্ধা সূত্র ----------৩০১
২. দুতিয সদ্ধা সুত্তং- দ্বিতীয় শ্রদ্ধা সূত্র ----------৩০২
৩. পঠম মরণস্সতি সুত্তং- প্রথম মরণস্মৃতি সূত্র----------৩০৩
৪. দুতিয মরণস্সতি সুত্তং- দ্বিতীয় মরণস্মৃতি সূত্র----------৩০৬
৫. পঠম সম্পদা সুত্তং- প্রথম সম্পদা সূত্র ----------৩০৯

Visit: http://www.buddhistdownload.com

বিষয় **পৃষ্ঠা নং**

৬. দুতিয সম্পদা সুত্তং- দ্বিতীয় সম্পদা সূত্র----------৩০৯
৭. ইচ্ছা সুত্তং- ইচ্ছা সূত্র ----------৩১১
৮. অলং সুত্তং- অলং সূত্র ----------৩১৪
৯. পরিহান সুত্তং- পরিহানি সূত্র----------৩১৭
১০. কুসীতারম্ভবত্থু সুত্তং- নির্বীর্য্য বস্তু সূত্র----------৩১৭

৯. সতি বগ্গো- স্মৃতি বর্গ

১. সতিসম্পজঞ্ঞ সুত্তং- স্মৃতিসম্প্রজ্ঞান সূত্র----------৩২১
২. পুণ্ণিয় সুত্তং- পুণ্ণিয় সূত্র ----------৩২৩
৩. মূলক সুত্তং- মূলক সূত্র ----------৩২৪
৪. চোর সুত্তং- চোর সূত্র----------৩২৪
৫. সমণ সুত্তং- শ্রমণ সূত্র ----------৩২৫
৬. যস সুত্তং- যশ সূত্র ----------৩২৬
৭. পত্ত নিকুজ্জন সুত্তং- পাত্র নিকুর্জন সূত্র ----------৩২৯
৮. অপ্পসাদপবেদনীয সুত্তং- অপ্রসাদ প্রবেদনীয় সূত্র ----------৩২৯
৯. পটিসারণীয সুত্তং- প্রতিসারণীয় সূত্র ----------৩৩০
১০. সম্মাবত্তন সুত্তং- সম্যক আবর্তন সূত্র ----------৩৩০
কতিপয় উপাসিকা ----------৩৩১

(১১) রাগপেয্যালং সুত্তং- রাগ ইত্যাদি সূত্র

(ক) রাগের পূর্ণ উপলব্ধি----------৩৩১
(খ) রাগের পূর্ণ উপলব্ধি ----------৩৩১

গ. নবক-নিপাত- নবম-নিপাত

১. সম্বোধ বগ্গো- সম্বোধি বর্গ

১. সম্বোধি সুত্তং- সম্বোধি সূত্র ----------৩৩৫
২. নিস্সয সুত্তং- নিশ্রয় সূত্র----------৩৩৭
৩. মেঘিয সুত্তং- মেঘিয় সূত্র----------৩৩৭
৪. নন্দক সুত্তং- নন্দক সূত্র----------৩৪১
৫. বল সুত্তং- বল সূত্র ----------৩৪৪
৬. সেবন সুত্তং- সেবন সূত্র----------৩৪৬
৭. সুতবা সুত্তং- সুতবা সূত্র ----------৩৫০

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

৮. সঙ্ঘ সুত্তং- সঙ্ঘ সূত্র ----------৩৫১
৯. পুগ্গল সুত্তং- পুদ্গল সূত্র----------৩৫২
১০. আহুনেয্য সুত্তং- আহ্বানযোগ্য সূত্র ----------৩৫২

২. সীহনাদ বগ্গো- সিংহনাদ বর্গ

১. সীহনাদ সুত্তং- সিংহনাদ সূত্র ----------৩৫৩
২. স-উপাদিসেস সুত্তং- স-উপাদিসেস সূত্র ----------৩৫৬
৩. কোট্ঠিক/কোট্ঠিত সুত্তং- কোট্ঠিক/কোট্ঠিত সূত্র ---------৩৫৯
৪. সমিদ্ধি সুত্তং- সমিদ্ধি সূত্র ----------৩৬৩
৫. গণ্ড সুত্তং- গণ্ড সূত্র ----------৩৬৪
৬. সঞ্ঞা সুত্তং- সংজ্ঞা সূত্র ----------৩৬৪
৭. কুল সুত্তং- কুল সূত্র ----------৩৬৫
৮. নবঙ্গূপোসথ সুত্তং- নবাঙ্গ উপোসথ সূত্র ----------৩৬৫
৯. দেবতা সুত্তং- দেবতা সূত্র ----------৩৬৮
১০. বেলাম সুত্তং- বেলাম সূত্র ----------৩৭০

৩. সত্তাবাস বগ্গো- সত্ত্বাবাস বর্গ

১. তিঠান সুত্তং- ত্রি-স্থান সূত্র ----------৩৭৪
২. অস্সখলুঙ্ক সুত্তং- অশ্বখলুঙ্ক সূত্র----------৩৭৪
৩. তণ্হামূলক সুত্তং- তৃষ্ণামূলক সূত্র ----------৩৭৮
৪. সত্তাবাস সুত্তং- সত্ত্বাবাস সূত্র----------৩৭৯
৫. পঞ্ঞা সুত্তং- প্রজ্ঞা সূত্র----------৩৮০
৬. সিলাযূপ সুত্তং- শিলাস্তম্ভ সূত্র ----------৩৮১
৭. পঠম বের সুত্তং- প্রথম বৈরী সূত্র ----------৩৮৩
৮. দুতিয বের সুত্তং- দ্বিতীয় বৈরী সূত্র ----------৩৮৬
৯. আঘাতবত্থু সুত্তং- আঘাতবস্তু সূত্র----------৩৮৮
১০. আঘাত পটিবিনয সুত্তং- আঘাত নিরসন সূত্র----------৩৮৮
১১. অনুপূব্ব নিরোধ সুত্তং- অনুপূর্ব নিরোধ সূত্র---------- ৩৮৯

৪. মহা বগ্গো- মহাবর্গ

১. অনুপূব্ব বিহার সুত্ত- অনুপূর্ব বিহার সূত্র ----------৩৮৯
২. অনুপূব্ব বিহার সম্পত্তি সুত্তং- অনুপূর্ব বিহার সম্পত্তি সূত্র ----৩৯০

Visit: http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

৩. নিব্বানসুখ সুত্তং- নির্বাণসুখ সূত্র----------৩৯৪
৪. গাবী উপমা সুত্তং- গাভী উপমা সূত্র----------৩৯৮
৫. ঝান সুত্তং- ধ্যান সূত্র ----------৪০৩
৬. আনন্দ সুত্তং- আনন্দ সূত্র ----------৪০৭
৭. লোকাযতিক সুত্তং- লোকায়তিক সূত্র ----------৪০৮
৮. দেবাসুর সঙ্গাম সুত্তং- দেবাসুর সংগ্রাম সূত্র ----------৪১২
৯. নাগ সুত্তং- নাগ সূত্র ----------৪১৪
১০. তপুস্স সুত্তং- তপস্যু সূত্র----------৪১৬

৫. পঞ্চাল/সামঞ্ঞ বগ্গো- পঞ্চাল/শ্রামণ্য বর্গ

১. পঞ্চাল/সম্বাধ সুত্তং- পঞ্চাল/সম্বাধ সূত্র ----------৪২৬
২. কাযসক্খী সুত্তং- কায়সাক্ষী সূত্র----------৪২৮
৩. পঞ্ঞাবিমুত্ত সুত্তং- প্রজ্ঞা বিমুক্ত সূত্র----------৪৩০
৪. উভযভাগবিমুত্ত সুত্তং- উভয়ভাগ বিমুক্ত সূত্র----------৪৩১
৫. সন্দিট্ঠিক ধম্ম সুত্তং- সন্দৃষ্টিক ধর্ম সূত্র ----------৪৩২
৬. সন্দিট্ঠিক নিব্বান সুত্তং- সন্দৃষ্টিক নির্বাণ সূত্র ----------৪৩৩
৭. নিব্বান সুত্তং- নির্বাণ সূত্র----------৪৩৫
৮. পরিনিব্বান সুত্তং- পরিনির্বাণ সূত্র----------৪৩৭
৯. তদঙ্গ নিব্বান সুত্তং- তদঙ্গ নির্বাণ সূত্র----------৪৩৮
১০. দিট্ঠধম্ম নিব্বান সুত্তং- দৃষ্টধর্ম নির্বাণ সূত্র ----------৪৪০

২. দুতিয পণ্নাসকং- দ্বিতীয় পঞ্চাশক

৬. খেম বগ্গো- ক্ষেম বর্গ

১. খেম সুত্তং- ক্ষেম সূত্র ----------৪৪২
২. খেমপ্পত্ত সুত্তং- ক্ষেম প্রাপ্ত সূত্র ----------৪৪৪
৩. অমত সুত্তং- অমৃত সূত্র ----------৪৪৫
৪. অমতপ্পত্ত সুত্তং- অমৃতপ্রাপ্ত সূত্র ----------৪৪৭
৫. অভয সুত্তং- অভয় সূত্র ----------৪৪৮
৬. অভযপ্পত্ত সুত্তং- অভয় প্রাপ্ত সূত্র----------৪৫০
৭. পসসদ্ধি সুত্তং- প্রশ্রদ্ধি সূত্র ----------৪৫১
৮. অনুপুব্ব পস্সদ্ধি সুত্তং- অনুপূর্ব প্রশ্রদ্ধি সূত্র----------৪৫৩

Visit http://www.buddhistdownload.com

বিষয় পৃষ্ঠা নং

৯. নিরোধ সুত্তং- নিরোধ সূত্র----------৪৫৫
১০. অনুপুব্ব নিরোধ সুত্তং- অনুপূর্ব নিরোধ সূত্র----------৪৫৬
১১. অভব্ব সুত্তং- অভব্য সূত্র----------৪৫৮

৭. সতিপট্ঠান বগ্গো- স্মৃতিপ্রস্থান বর্গ

১. সিক্খা দুব্বল্য সুত্তং- শিক্ষা দৌর্বল্য সূত্র ----------৪৫৮
২. নীবরণ সুত্তং- নীবরণ সূত্র ----------৪৫৯
৩. কামগুণ সুত্তং- কামগুণ সূত্র----------৪৬০
৪. উপাদানক্খন্ধ সুত্তং- উপাদানস্কন্ধ সূত্র ----------৪৬০
৫. ওরমভাগীয সংযোজন সুত্তং- অধোভাগীয় সংযোজন সূত্র ----৪৬১
৬. পঞ্চগতি সুত্তং- পঞ্চগতি সূত্র ----------৪৬২
৭. মচ্ছরিয সুত্তং- মাৎসর্য্য সূত্র ----------৪৬২
৮. উদ্ধম্ভাগীয-সংযোজন সুত্তং- উর্ধভাগীয় সংযোজন সূত্র -------৪৬৩
৯. চেতোখিল সুত্তং- চেতোখিল সূত্র ----------৪৬৩
১০. চেতসো বিনিবন্ধ সুত্তং- চিত্ত বন্ধন সূত্র----------৪৬৪

৮. সম্মপ্পধান-বগ্গো- সম্যক প্রধান বর্গ

৭৩-৮১. চতু সম্মপ্পধান- চারি সম্যক প্রধান

১. সিক্খা সুত্তং- শিক্ষা-সূত্র ----------৪৬৬
১০. চেতসো বিনিবন্ধ সুত্তং- চিত্ত বন্ধন সূত্র----------৪৬৬

৯. ইদ্ধিপাদ বগ্গো- ঋদ্ধিপাদ বর্গ

৮৩-৯১. সিক্খা সুত্তং- শিক্ষা সূত্র ----------৪৬৭
১০. চেতসো বিনিবন্ধ সুত্তং- চিত্ত বন্ধন সূত্র----------৪৬৮
(১০) ৫. রাগ পেয্যালং- রাগ ইত্যাদি ----------৪৬৯

Visit: http://www.buddhistdownload.com

অঙ্গুত্তর-নিকায়

ক. সত্তক-নিপাত- সপ্তম-নিপাত

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স

১. ধন বগ্গো- ধনবর্গ

১. পঠম পিযং সুত্তং- প্রথম প্রিয় সূত্র

১.১। আমা দ্বারা এরূপ শ্রুত হয়েছে; এক সময় ভগবান শ্রাবস্তীর[১] জেতবনে[২] অনাথপিণ্ডিকের বিহারে অবস্থান করতেছিলেন। সে সময় ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'ভিক্ষুগণ!' সেই ভিক্ষুগণ 'হাঁ ভগবান' বলে উত্তর প্রদান করলেন। ভগবান এরূপ বললেন-

২। 'হে ভিক্ষুগণ, সপ্ত বিষয়যুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের (সতীর্থদের) প্রিয় ও মনোজ্ঞ হয় না, গৌরবান্বিত ও সম্মানিত হয় না[৩]। সপ্ত কি কি?

৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, একজন লাভ লোলুপ, সম্মান লোলুপ, সৎকার লোলুপ, বিবেকবর্জিত, হিরি[৪] (পাপে লজ্জা) বিহীন, অনোত্তাপী[৫] (পাপে ভয়হীন), পাপিচ্ছু এবং মিথ্যাদৃষ্টি[৬] সম্পন্ন ভিক্ষুর বিষয় ধরা যাক।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয়যুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের প্রিয় ও মনোজ্ঞ হয় না, গৌরবান্বিত ও সম্মানিত হয় না।

৪। হে ভিক্ষুগণ, সপ্ত বিষয় সংযুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের নিকট প্রিয় হয়, মনোজ্ঞ, গৌরবান্বিত ও সম্মানিত হয়। সপ্ত কি কি?

৫। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু লাভ লোলুপ, সম্মান লোলুপ কিংবা বিবেকবর্জিত হয় না, পাপে লজ্জা ও ভয় সম্পন্ন, অল্পেচ্ছুক ও সম্যকদৃষ্টি সম্পন্ন হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় সংযুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের নিকট প্রিয় হয়, মনোজ্ঞ, গৌরবান্বিত ও সম্মানিত হয়।'

২. দুতিয পিয সুত্তং- দ্বিতীয় প্রিয় সূত্র

২.১। 'হে ভিক্ষুগণ, সপ্ত বিষয়যুক্ত একজন ভিক্ষু সব্রহ্মচারীদের অপ্রিয় ও অমনোজ্ঞ হয়, গৌরবান্বিত ও সম্মানিত হয় না। সপ্ত কি কি?

Visit: http://www.buddhistdownload.com

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু লাভ লোলুপ, সম্মান লোলুপ, খ্যাতি লোলুপ, বিবেকবর্জিত, পাপে লজ্জাহীন ও ভয়হীন, ঈর্ষা পরায়ণ ও মাৎসর্য পরায়ণ হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয়যুক্ত একজন ভিক্ষু সব্রহ্মচারীদের অপ্রিয় ও অমনোজ্ঞ হয়, গৌরবান্বিত ও সম্মানিত হয় না।

৩। হে ভিক্ষুগণ, সপ্ত বিষয়ে গুণ সমন্বিত ভিক্ষু সব্রহ্মচারীদের প্রিয় ও মনোজ্ঞ হয়। সপ্ত কি কি?

৪। হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, একজন ভিক্ষু লাভ লোলুপ, সৎকার লোলুপ কিংবা বিবেকবর্জিত হয় না, পাপে লজ্জা ও ভয় সম্পন্ন, ঈর্ষাবিহীন ও মাৎসর্য্য বিহীন হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয়ে গুণ সমন্বিত ভিক্ষু সব্রহ্মচারীদের প্রিয় ও মনোজ্ঞ হয়।'

৩. সংখিত্ত বল সুত্তং- সংক্ষিপ্ত বল সূত্র

৩.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত বল। সপ্ত বল কি কি?

২। শ্রদ্ধাবল, বীর্যবল, হ্রীবল (পাপে লজ্জা), ওত্তপ্যবল (পাপে ভয়), স্মৃতিবল, সমাধিবল, প্রজ্ঞাবল[৭]।

হে ভিক্ষুগণ, এই সপ্তবল।

শ্রদ্ধাবল, বীর্য্যবল, হ্রীবল, ওত্তপ্যবল,
স্মৃতি, সমাধি ও প্রজ্ঞায় হয় সপ্তবল।
ইদৃশ বলে বলীয়ান পণ্ডিত ভিক্ষু সুখেতে যাপেন
জ্ঞানপূর্বক বিচারেন ধর্ম[৮], প্রজ্ঞায় অর্থ করেন দর্শন,
নির্ব্বাপিত প্রদীপতুল্য[৯] হন তিনি বিমুক্ত অন্তরে।'

৪. বিত্থত বল সুত্তং- বিস্তৃত বল সূত্র

৪.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত বল। সপ্ত কি কি?

২। শ্রদ্ধাবল, বীর্যবল, হিরিবল, ওত্তপ্যবল, স্মৃতিবল, সমাধিবল, প্রজ্ঞাবল।

ভিক্ষুগণ, শ্রদ্ধাবল কিরূপ?

৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক শ্রদ্ধাবান হয়, তথাগতের বোধিকে এ বলে শ্রদ্ধা করেঃ সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যা ও

Visit: http://www.buddhistdownload.com

আচরণ সম্পন্ন, সুগত, লোকবিদ, অনুত্তর পুরুষ দমনকারী সারথী, দেবমনুষ্যদের শাস্তা বুদ্ধ ভগবান[১০]। হে ভিক্ষুগণ, একে বলা হয় শ্রদ্ধাবল।

এবং হে ভিক্ষুগণ, বীর্যবল কিরূপ?

৪। হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক অকুশল ধর্মসমূহ ক্ষয় করার জন্য আরব্ধবীর্য হয়ে বিহার করে, কুশলধর্মসমূহ অর্জনের জন্য, শক্তিশালী, দৃঢ় পরাক্রমী হয়, কুশলধর্মসমূহ অপরিত্যাগী হয়ে বিহার করে। হে ভিক্ষুগণ, একে বলা হয় বীর্যবল।

এবং হে ভিক্ষুগণ, হিরিবল কিরূপ?

৫। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক লজ্জাশীল হয়, কায়-বাক্য-মন দ্বারা দুষ্কর্ম সম্পাদনে[১১] লজ্জাশীল হয়, পাপ অকুশল ধর্মসমূহের অধীন হতে লজ্জা করে। হে ভিক্ষুগণ, একেই বলা হয় হিরিবল।

এবং হে ভিক্ষুগণ, ওত্তপ্যবল কিরূপ?

৬। হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, আর্যশ্রাবক পাপে ভয়শীল হয়, কায়-বাক্য-মন দ্বারা দুষ্কর্ম সম্পাদনে ভয় করে, পাপ অকুশল ধর্মসমূহের অধীন হতে ভয় করে। হে ভিক্ষুগণ, একেই বলা হয় ওত্তপ্যবল।

এবং স্মৃতিবল কিরূপ ভিক্ষুগণ?

৭। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক স্মৃতিমান হয়, পরম স্মৃতি আধিপত্য লাভী হয়, দীর্ঘকাল পূর্বে কৃত ও ভাষিত বিষয় স্মরণ এবং অনুস্মরণ[১২] করে। ভিক্ষুগণ, একেই বলা হয় স্মৃতিবল।

এবং হে ভিক্ষুগণ, সমাধিবল কিরূপ?

৮। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, বুদ্ধ শাসনে ভিক্ষু কামনা ও অকুশল ধর্ম হতে বিরত হয়ে বিতর্ক ও বিচার সহিত নির্জনতা জনিত প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে। সে' ভিক্ষু বিতর্ক ও বিচার প্রশমিত আধ্যাত্মিক সম্প্রসাদ ও একাগ্রতাযুক্ত অবিতর্ক বিচার বিহীন সমাধি জনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করে। প্রীতিতে বিরাগ উৎপন্ন হওয়ায় সে উপেক্ষাশীল হয়ে অবস্থান করে এবং স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে কায়িক সুখ অনুভব করে। যে ধ্যান স্তরে উপনীত হলে আর্যগণ "উপেক্ষক, স্মৃতিমান সুখ বিহারী" বলে অভিহিত করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে অবস্থান করে। যাতে

Visit: http://www.buddhistdownload.com

শারীরিক সুখ-দুঃখ প্রহীন পূর্বেই মানসিক দৌর্মনস্য সুখ-দুঃখ অস্তগত হয়, সেই না-সুখ না-দুঃখ উপেক্ষা স্মৃতি পরিশুদ্ধি নামক চতুর্থ ধ্যান[১৩] লাভ করে অবস্থান করে। হে ভিক্ষুগণ, একেই বলা হয় সমাধিবল।

এবং হে ভিক্ষুগণ, প্রজ্ঞাবল কিরূপ?

৯। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক প্রজ্ঞাবান হয়, উদয়-বিলয় জ্ঞান সম্পন্ন হয়, সম্যক দুঃখ ক্ষয়গামিনী আর্যোচিত নির্বেদ[১৪] (তীক্ষ্ণ) জ্ঞান সম্পন্ন হয়। হে ভিক্ষুগণ, একেই বলা হয় প্রজ্ঞাবল।

হে ভিক্ষুগণ, এ হল সপ্ত বল।

শ্রদ্ধাবল, বীর্যবল, হিরিবল, ওত্তপ্যবল,
স্মৃতি, সমাধি ও প্রজ্ঞায় হয় সপ্তবল।
ইদৃশ বলে বলীয়ান পণ্ডিত ভিক্ষু সুখেতে যাপেন,
জ্ঞানপূর্বক বিচারেন ধর্ম, প্রজ্ঞায় অর্থ করেন দর্শন।
নির্বাপিত প্রদীপতুল্য হন তিনি বিমুক্ত অন্তরে।'

৫. সংখিত্ত ধন সুত্তং- সংক্ষিপ্ত ধন সূত্র

৫.১। 'হে ভিক্ষুগণ, এই সাত প্রকার ধন। সাত কি কি?

২। শ্রদ্ধাধন, শীলধন, হিরিধন, ওত্তপ্যধন, শ্রুতধন, ত্যাগধন, প্রজ্ঞাধন[১৫]।

হে ভিক্ষুগণ, এই সপ্তবিধ ধন।
শ্রদ্ধাধন, শীলধন, হিরি, ওত্তপ্যধন,
শ্রুত, ত্যাগ ও প্রজ্ঞা হয় সপ্তম।
স্ত্রী বা পুরুষ এ ধন আছে যার,
অদরিদ্র বলে তাকে, জীবন হয় অমোঘ তার।
তাইতো শ্রদ্ধা, শীল ও প্রসাদ ধর্ম দর্শন,
করেন অনুসরণ মেধাবীজন স্মরিয়া বুদ্ধের বচন[১৬]।

৬. বিত্থত ধন সুত্তং- বিস্তৃত ধন সূত্র

৬.১। হে ভিক্ষুগণ, এই সপ্ত ধন। সপ্ত কি কি?

২। শ্রদ্ধাধন, শীলধন, হিরিধন, ওত্তপ্যধন, শ্রুতধন, ত্যাগধন, প্রজ্ঞাধন।

এবং শ্রদ্ধাধন কিরূপ, ভিক্ষুগণ?

Visit: http://www.buddhistdownload.com

৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক শ্রদ্ধাবান হয়, তথাগতের বোধিকে এ বলে শ্রদ্ধা করেঃ সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণ সম্পন্ন, সুগত, লোকবিদ, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা বুদ্ধ ভগবান। হে ভিক্ষুগণ, একে বলা হয় শ্রদ্ধাধন।

এবং হে ভিক্ষুগণ, শীলধন কিরূপ?

৪। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক প্রাণিহত্যা হতে বিরত হয়, অদত্তবস্তু গ্রহণ হতে বিরত হয়, মিথ্যা কামাচার হতে বিরত হয়, মিথ্যা কথন হতে বিরত হয়, সুরা-মদ্যপান ইত্যাদি নেশা পান প্রতিবিরত হয়। হে ভিক্ষুগণ, একেই বলা হয় শীলধন।

এবং ভিক্ষুগণ, হিরিধন কিরূপ?

৫। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক লজ্জাশীল হয়, কায়-বাক্য-মন দ্বারা দুষ্কর্ম সম্পাদনে লজ্জাশীল হয়, পাপ অকুশল ধর্মসমূহের অধীন হতে লজ্জা করে। হে ভিক্ষুগণ, একেই বলা হয় হিরিধন।

এবং ভিক্ষুগণ, ওত্তপ্যধন কিরূপ?

৬। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক পাপে ভয়শীল হয়, কায়-বাক্য-মন দ্বারা দুষ্কর্ম সম্পাদনে ভয় করে, পাপ অকুশল ধর্মসমূহের অধীন হতে ভয় করে। হে ভিক্ষুগণ, একেই বলা হয় ওত্তপ্যধন।

এবং ভিক্ষুগণ, শ্রুতধন কি?

৭। হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক বহুশ্রুত[১৭] হয়, শ্রুতধর, শ্রুত বিষয়ের সঞ্চয় এবং যে ধর্মের আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ, অন্তে কল্যাণ, সার্থক সব্যঞ্জন, পুরোপুরি পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য বলতে পারে, তাদৃশ ধর্মে বহুশ্রুত হয়, মনে ধারণকারী, বাক্যদ্বারা পরিচিত, মন দ্বারা সতর্কভাবে দৃষ্ট, সম্যকদৃষ্টি দ্বারা প্রতিবিদ্ধ। ভিক্ষুগণ, একেই বলা হয় শ্রুতধন।

হে ভিক্ষুগণ, ত্যাগধন কি?

৮। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক বিগত মাৎসর্য্যমল চেতনাযুক্ত হয়ে বিহার করে, মুক্ত দানশীল, মুক্ত হস্ত, আনন্দিত মনে (প্রফুল্লভাবে) দানকারী, যাচ্নাকারীর অনুনয়ে দান করতে প্রস্তুত, প্রফুল্ল দাতা। ভিক্ষুগণ, একে বলা হয় ত্যাগধন।

Visit: http://www.buddhistdownload.com

এবং প্রজ্ঞাধন কি ভিক্ষুগণ?

৯। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ আর্যশ্রাবক প্রজ্ঞাবান হয়, উদয়-বিলয় জ্ঞান সম্পন্ন হয়, সম্যক দুঃখ ক্ষয়গামিনী আর্যোচিত নির্বেদ (তীক্ষ্ণ) জ্ঞান সম্পন্ন হয়। ভিক্ষুগণ একে বলা হয় প্রজ্ঞাধন।

হে ভিক্ষুগণ, এ হল সপ্তধন।

শ্রদ্ধাধন, শীলধন, হিরি, ওত্তপ্যধন,
শ্রুত, ত্যাগসহ প্রজ্ঞা হয় সপ্তম।
স্ত্রী কিংবা পুরুষ এ ধন আছে যার,
অদরিদ্র বলে তাকে জীবন হয় অমোঘ তার।
তাইতো শ্রদ্ধা, শীল ও প্রসাদ ধর্ম দর্শন,
করেন অনুসরণ মেধাবীজন স্মরিয়া বুদ্ধের অনুশাসন।'

৭. উগ্গ সুত্তং- উগ্র সূত্র

৭.১। অতঃপর রাজার মহামাত্য উগ্গ[১৮] ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট রাজ মহামাত্য উগ্গ ভগবানকে এরূপ বললেনঃ- 'ভন্তে, আশ্চর্য! ভন্তে, অদ্ভুত! ভন্তে। মিগার রোহণেয়্য[১৯] কত আঢ্য সম্পন্ন, মহাধনী, মহা ভোগশালী!' 'উগ্গ, মিগার রোহণেয়্য কিরূপ মহা ধনাঢ্য, কিরূপ মহা ভোগশালী? 'ভন্তে, শত শত, সহস্র স্বর্ণের অধিকারী এবং রৌপ্যের পরিমাণ কে বলতে পারে?' 'কিন্তু উগ্গ, তা সত্যিই কি ধন? না, একথা আমি বলি না। কিন্তু উগ্গ, সে ধন অগ্নি, জল, রাজা, চোর, শত্রু, উত্তরাধিকারীদের অধীন। উগ্গ, এই সপ্তবিধ ধন অগ্নি, জল, রাজা, চোর, শত্রু, উত্তরাধিকারীদের অধীন নহে। সপ্ত কি কি? শ্রদ্ধাধন, শীলধন, হিরিধন, ওত্তপ্যধন, শ্রুতধন, ত্যাগধন, প্রজ্ঞাধন। উগ্গ, এই সপ্তবিধ ধন অগ্নি, জল, রাজা, চোর, শত্রু, উত্তরাধিকারীদের অধীন নহে।

শ্রদ্ধাধন, শীলধন, হিরি, ওত্তপ্যধন,
শ্রুত, ত্যাগসহ প্রজ্ঞা হয় সপ্তম।
স্ত্রী কিংবা পুরুষ যার এ ধন আছে,
সে হয় মহাধনী, অজেয় দেব মনুষ্যলোকে।

Visit: http://www.buddhistdownload.com

তাইতো শ্রদ্ধা, শীল ও প্রসাদ ধর্মদর্শন,
করেন অনুসরণ মেধাবীজন স্মরিয়া বুদ্ধের বচন।

৮. সংযোজন[২০] সুত্তং- সংযোজন সূত্র

৮.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্তবিধ সংযোজন (বন্ধন)। সপ্ত কি কি?

২। অনুনয় সংযোজন (সম্মতি সংযোজন), প্রতীঘ (ক্রোধ) সংযোজন, দৃষ্টি সংযোজন, বিচিকিৎসা (সন্দেহ, অনিশ্চয়তা) সংযোজন, মান (অহমিকা) সংযোজন, ভবরাগ (পার্থিব কামনা বাসনার সংযোজন), অবিদ্যা সংযোজন।

'হে ভিক্ষুগণ, এই সপ্ত সংযোজন।'

৯. সংযোজন পহান সুত্তং- সংযোজন প্রহীন সূত্র

৯.১। 'হে ভিক্ষুগণ, সপ্ত সংযোজন মুক্ত হয়ে, উচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়। সপ্ত কি কি?

২। অনুনয় সংযোজন মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; প্রতিঘ সংযোজন সমুচ্ছেদ করে, মুক্ত হয়ে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; দৃষ্টি সংযোজন মুক্ত হয়ে, প্রতিঘ সংযোজন সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; বিচিকিৎসা সংযোজন মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; মান সংযোজন মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; ভবরাগ সংযোজন মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; অবিদ্যা সংযোজন মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত সংযোজন (বন্ধন) মুক্ত হয়ে, সমুচ্ছেদ করেই ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়। যখন হে ভিক্ষুগণ, ভিক্ষু অনুনয় সংযোজন মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ[২১] সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; প্রতিঘ সংযোজন মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; দৃষ্টি সংযোজন মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ-সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির

Visit: http://www.buddhistdownload.com

হেতুতে পরিণত হয়েছে; বিচিকিৎসা (সন্দেহ) সংযোজন মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; মান (অভিমান) সংযোজন মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; ভবরাগ (পার্থিব কামনা-বাসনা) সংযোজন মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; অবিদ্যা (অজ্ঞানতা) সংযোজন প্রহীন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; তখন হে ভিক্ষুগণ! সে ভিক্ষু তৃষ্ণা ছিন্ন করেছে, সংযোজন ছিন্ন করেছে বলে কথিত এবং পুরোপুরি মান উপলব্ধি করে দুঃখের অন্তসাধন করেছে'[২২]।

১০. মচ্ছরিয সুত্তং- মাৎসর্য্য সূত্র

১০.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত সংযোজন। সপ্ত কি কি?

২। অনুনয় সংযোজন, প্রতীঘ সংযোজন, দৃষ্টি সংযোজন, বিচিকিৎসা সংযোজন, মান সংযোজন, ঈর্ষা সংযোজন, মাৎসর্য (লোভ) সংযোজন।

ভিক্ষুগণ, এই সপ্ত সংযোজন।'

[ধনবর্গ প্রথম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

দ্বিবিধ প্রিয়, দ্বি বল, ধন (সংক্ষিপ্ত ও বিস্তৃত)
উগ্ন সংযোজন এবং সংযোজন প্রহীন, মাৎসর্য্য।

২. অনুসয (ঝোঁক) বগ্গো- অনুশয় বর্গ

১. পঠম অনুসয সুত্তং- প্রথম অনুশয় সূত্র

১১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত অনুশয়[১] (ঝোঁক)। সপ্ত কি কি?

কামরাগানুশয় (কাম পরিভোগের প্রবৃত্তি), প্রতীঘ অনুশয় (ক্রোধ প্রবৃত্তি), দৃষ্টি অনুশয়, বিচিকিৎসানুশয়, মানানুশয় (অহমিকা প্রবৃত্তি), ভবরাগানুশয় (কামনা-বাসনা প্রবৃত্তি), অবিদ্যানুশয় (অজ্ঞানতামূলক প্রবৃত্তি)।

হে ভিক্ষুগণ, এই সপ্ত অনুশয়।'

Visit: http://www.buddhistdownload.com

২. দুতিয় অনুসয় সুত্তং- দ্বিতীয় অনুশয় সূত্র

১২। হে ভিক্ষুগণ, সপ্ত অনুশয় মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়। সপ্ত কি কি?

কামরাগানুশয় প্রহীন করে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; প্রতিঘানুশয় প্রহীন করে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; দৃষ্টানুশয় প্রহীন করে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; বিচিকিৎসানুশয় প্রহীন করে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; মানানুশয় প্রহীন করে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়। ভবরাগানুশয় (জন্ম লাভের অনুরাগানুশয়) প্রহীন করে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়; অবিদ্যানুশয় মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত অনুশয় মুক্ত হয়ে, সমুচ্ছেদ করে ব্রহ্মচর্য জীবন যাপন করতে হয়। হে ভিক্ষুগণ, যখন ভিক্ষু কামরাগানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, তা পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; প্রতিঘানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, তা পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; দৃষ্টানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, তা পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; বিচিকিৎসানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; মানানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, তা পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; ভবরাগানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, তা পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে; অবিদ্যানুশয় মুক্ত হয়, সমূলে ছিন্ন হয়, ছিন্নমূল তালবৃক্ষ সদৃশ হয়, তা পুনঃ উৎপত্তিতে অসমর্থ, ভবিষ্যতে অনুৎপত্তির হেতুতে পরিণত হয়েছে। তখন হে ভিক্ষুগণ, সেই ভিক্ষু তৃষ্ণা ছিন্ন করেছে, সংযোজন (বন্ধন) ছিন্ন করেছে বলে কথিত এবং

Visit: http://www.buddhistdownload.com

পুরোপুরি মান উপলব্ধি করে' দুঃখের অন্তসাধন করেছে।'

৩. কুল[২] সুত্তং- কুল সূত্র

১৩.১। 'হে ভিক্ষুগণ, সপ্ত আচরণ সম্পন্ন কোন পরিবারে (পূর্বে) পরিভ্রমিত না হয়ে পরিভ্রমণ করা কিংবা পরিভ্রমিত না হয়ে উপবেশন করা অনুপযুক্ত। সপ্ত কি কি?

২। আনন্দ চিত্তে যারা আসন হতে উঠে না, প্রফুল্ল মনে যারা অভিবাদন করে না কিংবা আনন্দ মনে আসন প্রদান করে না, তা গোপন করে, অনেক থেকে অল্পই দেয়, প্রণীত (উৎকৃষ্ট) হতে মোটা অন্ন প্রদান করে, অসম্মান করে প্রদান করে, সম্মানের সাথে নহে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত আচরণ সম্পন্ন কোন পরিবারে (পূর্বে) পরিভ্রমিত না হয়ে পরিভ্রমণ করা কিংবা পরিভ্রমিত না হয়ে উপবেশন করা অনুপযুক্ত।

৩। হে ভিক্ষুগণ, সপ্ত আচরণ সম্পন্ন কোন পরিবারে (পূর্বে) পরিভ্রমিত হয়ে পরিভ্রমণ করা কিংবা পরিভ্রমিত হয়ে উপবেশন করা উপযুক্ত। সপ্ত কি কি?

৪। যারা আনন্দ চিত্তে আসন থেকে উঠে সম্মান করে, প্রফুল্ল মনে অভিবাদন করে কিংবা প্রীতিযুক্ত মনে আসন প্রদান করে, তা গোপন করে না, বহু হতে বহু দেয়, উৎকৃষ্ট হতে উৎকৃষ্টই প্রদান করে, সম্মান পূর্বক প্রদান করে, অসম্মানের সাথে নহে।

হে ভিক্ষুগণ! এই সপ্ত আচরণ সম্পন্ন কোন পরিবারে (পূর্বে) পরিভ্রমিত হয়ে পরিভ্রমণ করা কিংবা পরিভ্রমিত হয়ে উপবেশন করা সমীচীন।'

৪. পুদ্গল সুত্তং- পুদ্গল সূত্র

১৪.১। 'হে ভিক্ষুগণ এই সপ্ত পুদ্গল (ব্যক্তি) আহ্বানের যোগ্য, আতিথেয়তার যোগ্য, দ্রব্যসামগ্রী দানের যোগ্য, অঞ্জলিকরণীয় ও জগতে অনুত্তর (শ্রেষ্ঠ) পুণ্যক্ষেত্র। সপ্ত কি কি?

২। উভয়ভাগ[৩] বিমুক্ত, প্রজ্ঞাবিমুক্ত, কায়সাক্ষী (কায়দর্শনকারী), দৃষ্টিপ্রাপ্ত (সম্যকদৃষ্টি লাভী), শ্রদ্ধাবিমুক্ত, ধর্মানুসারী, শ্রদ্ধানুসারী।

হে ভিক্ষুগণ! এই সপ্তবিধ পুদ্গল (ব্যক্তি) আহ্বানের যোগ্য, আতিথেয়তার যোগ্য, দ্রব্য সামগ্রী দানের যোগ্য, অঞ্জলিকরণীয় ও

Visit: http://www.buddhistdownload.com

জগতে অনুত্তর (শ্রেষ্ঠ) পুণ্যক্ষেত্র।'

৫. উদকোপম[৪] সুত্তং- উদকোপম সূত্র

১৫.১। 'হে ভিক্ষুগণ, জগতে এই সপ্ত উদকোপম পুদ্গল বিদ্যমান। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, কোন ব্যক্তি একবার জলে নিমগ্ন হয়ে নিমজ্জিত হয়, কেউ জল হতে উত্থিত হয়ে পুনঃ জলে নিমজ্জিত হয়, কেউ জলোত্থিত হয়ে স্থিত হয়, কেউ জল হতে উঠে দর্শন করে বিলোকন করে, কেউ জল হতে উঠে পার হয়ে যায়, কেউ উঠে কঠিন মাটিতে পৌঁছে যায়, কেউ উত্তীর্ণ হয়, উত্তীর্ণ হয়ে পারগত হয় এবং ব্রাহ্মণ উচ্চ মাটিতে স্থিত হয়[৫]। হে ভিক্ষুগণ, একবার নিমজ্জিত হয়ে নিমজ্জিত হয় পুদ্গল কিরূপ?

৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, কেউ কেউ পুরোপুরি কাল অকুশল ধর্ম সম্পন্ন হয়। এরূপে হে ভিক্ষুগণ, কোন ব্যক্তি একবার নিমজ্জিত হয়ে নিমজ্জিত হয়। ভিক্ষুগণ, কোন কোন ব্যক্তি উত্থিত হয়ে পুনঃ নিমজ্জিত, তা কিরূপ?

৪। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, কোন ব্যক্তি জল হতে উত্থিত হয়ে এরূপ চিন্তা করেঃ কুশলধর্মে সাধু শ্রদ্ধা, সাধু হিরি (পাপে লজ্জা), সাধু ওত্তপ্য, সাধু বীর্য, সাধু প্রজ্ঞা কুশল ধর্মে। তার সে শ্রদ্ধা স্থায়ী থাকে না কিংবা বর্দ্ধিত হয় না, ক্ষয় হয়ে থাকে। তার সে হিরি (পাপে লজ্জা) স্থায়ী থাকে না কিংবা বর্দ্ধিত হয় না, ক্ষয় হয়ে থাকে; তার সে ওত্তপ্য (পাপে ভয়) স্থায়ী থাকে না কিংবা বর্দ্ধিত হয় না, ক্ষয় হয়ে থাকে; তার বীর্য স্থায়ী থাকে না কিংবা বর্দ্ধিত হয় না, ক্ষয় হয়ে থাকে; সে প্রজ্ঞা স্থায়ী হয় না কিংবা বর্দ্ধিত হয় না কিন্তু হ্রাস প্রাপ্ত হয়। এরূপে, হে ভিক্ষুগণ, পুদ্গল উত্থিত হয়ে নিমজ্জিত হয়।

হে ভিক্ষুগণ, পুদ্গল উত্থিত হয়ে স্থিত হয় কিরূপ?

৫। হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, কোন কোন ব্যক্তি জল হতে উত্থিত হয়ে চিন্তা করেঃ কুশল বীর্যে সাধু শ্রদ্ধা, সাধু হিরি, সাধু ওত্তপ্য, সাধু বীর্য, সাধু প্রজ্ঞা কুশল ধর্মে। তার সে শ্রদ্ধা ক্ষয় প্রাপ্ত হয় না কিংবা বর্দ্ধিত হয় না কিন্তু স্থিত থাকে। এরূপ হে ভিক্ষুগণ, পুদ্গল উত্থিত হয়ে স্থিত হয়। এবং হে ভিক্ষুগণ, পুদ্গল উত্থিত হয়ে দর্শন করে, বিলোকন করে

Visit: http://www.buddhistdownload.com

তা কিরূপ?

৬। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, কোন কোন পুদ্গল উত্থিত হয়ে চিন্তা করেঃ কুশল ধর্মে সাধু শ্রদ্ধা, ... সাধু হিরি, ... সাধু, ওত্তপ্য, ... সাধু বীর্য, ... সাধু প্রজ্ঞা কুশল ধর্মে। সে ত্রি-সংযোজন[৬] (বন্ধন) ক্ষয় করে স্রোতাপন্ন হয়, পতনশীল হয় না, নিশ্চিত সম্বোধিপরায়ণ[৭] (সর্বোচ্চ প্রজ্ঞার লক্ষ্য স্থলে) হয়। হে ভিক্ষুগণ, এরূপ ব্যক্তি উত্থিত হয়ে দর্শন করে, বিলোকন করে। এবং হে ভিক্ষুগণ, ব্যক্তি উত্থিত হয়ে পার হয় তা কিরূপ?

৭। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, কোন কোন ব্যক্তি উত্থিত হয়ে চিন্তা করেঃ কুশল ধর্মে সাধু শ্রদ্ধা, কুশলধর্মে সাধু হিরি, কুশলধর্মে সাধু ওত্তপ্য, কুশলধর্মে সাধু বীর্য, কুশলধর্মে সাধু প্রজ্ঞা। সে ত্রি-সংযোজন ক্ষয় করে রাগ-দ্বেষ-মোহ ক্ষয় করে সকৃদাগামী হয় যে একবার মাত্র জগতে প্রত্যাবর্তন করে দুঃখের পরিসমাপ্তি করে[৮]। ভিক্ষুগণ, এরূপ পুদ্গল উত্থিত হয়ে পার হয়। এবং হে ভিক্ষুগণ, কোন কোন ব্যক্তি উত্থিত হয়ে কঠিন মাটিতে পৌঁছে যায় তা কিরূপ?

৮। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, কোন ব্যক্তি উত্থিত হয়ে চিন্তা করেঃ কুশল ধর্মে সাধু শ্রদ্ধা, কুশলধর্মে সাধু হ্রী, কুশলধর্মে সাধু ওত্তপ্য, কুশলধর্মে সাধু বীর্য, কুশলধর্মে সাধু প্রজ্ঞা। সে পঞ্চ নিম্নতর জগতের বন্ধন[৯] ছিন্ন করে ঔপপাতিক[১০] (আপনা হতেই জন্ম নেয়) হয়, সেখান থেকে এ জগতে আর আগমন করে না, সেখান থেকে পরিনির্বাণ লাভ করে। এরূপ হে ভিক্ষুগণ, কোন পুদ্গল উত্থিত হয়ে কঠিন মাটিতে পৌঁছে জয় লাভ করে। এবং হে ভিক্ষুগণ, উত্থিত হয়ে উত্তীর্ণ, পারগত, স্থলে স্থিত হয় ব্রাহ্মণ কিরূপ?

৯। এক্ষেত্রে, ভিক্ষুগণ, কোন পুদ্গল উত্থিত হয়ে চিন্তা করেঃ কুশল ধর্মে সাধু শ্রদ্ধা, কুশলধর্মে সাধু হিরি, কুশলধর্মে সাধু ওত্তপ্য, কুশলধর্মে সাধু বীর্য, কুশলধর্মে, সাধু প্রজ্ঞা। সে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্তভাবে চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি দৃষ্টধর্মে (এ জীবনে) স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে। ভিক্ষুগণ, এরূপ ব্যক্তি উত্থিত হয়ে উত্তীর্ণ, পারগত, স্থলে স্থিত হয় ব্রাহ্মণ।

হে ভিক্ষুগণ, এই সপ্ত উদকোপম ব্যক্তি জগতে বিদ্যমান।'

Visit: http://www.buddhistdownload.com

৬. অনিচ্চানুপস্সী সুত্তং- অনিত্যানুদর্শী সূত্র

১৬.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত পুদ্গল জগতে আহ্বানের যোগ্য, আতিথেয়তার যোগ্য, দান লাভের যোগ্য, অঞ্জলিকরণীয়, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, কোন কোন পুদ্গল সর্ব সংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে, অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী (উপলব্ধিকারী), সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি দৃষ্টধর্মে (ইহ জীবনে) স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে। হে ভিক্ষুগণ, এই প্রথম ব্যক্তি যে আহ্বানের যোগ্য, আতিথেয়তার যোগ্য, দক্ষিণালাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৩। পুনঃ হে ভিক্ষুগণ, এক্ষেত্রে কোন পুদ্গল সর্ব সংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী, সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। তার একই সময়ে আসক্তি ক্ষয় এবং জীবন অবসান ঘটে, একটা পূর্বে এবং অপরটা পরে নহে। হে ভিক্ষুগণ, এই দ্বিতীয় ব্যক্তি যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৪। পুনঃ হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, কোন পুদ্গল সর্ব সংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে, অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী (উপলব্ধিকারী), সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন (যেগুলো নীচলোকে পুনর্জন্ম লাভে বাধ্য করে) ক্ষয় করে অন্তরা পরিনির্বাণ (মধ্য পথে পরিনির্বাণ) লাভ করে। এইটা তৃতীয় ব্যক্তি যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।

৫। পুনঃ হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, কোন পুদ্গল সর্বসংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে, অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী, সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

উপলব্ধি করে। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন ক্ষয় করে উপহত পরিনির্বাণ (সময় হ্রাসে পরিনির্বাণ) লাভ করে। হে ভিক্ষুগণ, এইটা চতুর্থ ব্যক্তি যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৬। পুনঃ হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, কোন পুদ্গল সর্বসংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে, অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী, সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন ক্ষয় করে অসংস্কার (বিনা কষ্টে) পরিনির্বাণ লাভ করে। হে ভিক্ষুগণ, এটা পঞ্চম ব্যক্তি যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৭। পুনঃ হে ভিক্ষুগণ, এক্ষেত্রে কোন পুদ্গল সর্বসংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে, অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী, সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন ক্ষয় করে সসংস্কার পরিনির্বাণ[১১] (সামান্য কষ্ট বিদ্যমান থাকা অবস্থায়) লাভ করে। ভিক্ষুগণ, এটা ষষ্ঠ ব্যক্তি যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৮। পুনঃ হে ভিক্ষুগণ, এক্ষেত্রে কোন পুদ্গল সর্বসংস্কারে অনিত্যদর্শী হয়ে বিহার করে, অনিত্য সংজ্ঞাযুক্ত, অনিত্য প্রতিসংবেদী (উপলব্ধিকারী), সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন (যেগুলো নীচ লোকে পুনর্জন্ম লাভে বাধ্য করে) ক্ষয় করে ঊর্দ্ধগামী হয়, অকনিষ্ঠগামী[১২] হয় (সর্বোচ্চ স্থানে গমন করে)। হে ভিক্ষুগণ, এটা সপ্তম ব্যক্তি যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দান লাভের যোগ্য, অঞ্জলিকরণীয়, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।

হে ভিক্ষুগণ, এই সপ্ত পুদ্গল আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দান লাভের যোগ্য, অঞ্জলিকরণীয়, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

৭-৯. দুক্খ, অনত্তা, নিব্বান সুত্তং- দুঃখ, অনাত্মা, নির্বাণ সূত্র

১৭-১৯.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত পুদ্গল আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর

Visit: http://www.buddhistdownload.com

পুণ্যক্ষেত্র। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, কোন পুদ্গল সর্ব সংস্কারে দুঃখানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল সর্বধর্মে অনাত্মানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল নির্বাণে সুখানুদর্শী হয়ে বিহার করে, সুখসংজ্ঞী (সুখ সংজ্ঞাযুক্ত), সুখ প্রতিসংবেদী (সুখ উপলব্ধিকারী), সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে (ইহ জীবনে) স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে। হে ভিক্ষুগণ, এই প্রথম পুদ্গল যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দান লাভের যোগ্য, অঞ্জলিকরণীয়, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৩। পুনঃ হে ভিক্ষুগণ, কোন পুদ্গল নির্বাণে সুখানুদর্শী হয়ে বিহার করে, সুখসংজ্ঞী, সুখ প্রতিসংবেদী, সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। তার একই সময়ে আসক্তি ক্ষয় হয় এবং জীবন অবসান ঘটে। সে দ্বিতীয় পুদ্গল যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দান লাভের যোগ্য, অঞ্জলিকরণীয়, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

৪। পুনঃ হে ভিক্ষুগণ, কোন পুদ্গল নির্বাণে সুখানুদর্শী হয়ে বিহার করে, সুখসংজ্ঞী, সুখ প্রতিসংবেদী, সতত, অনবরত, নিরবচ্ছিন্ন চেতনাযুক্ত, সংকল্পবদ্ধ, প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করে। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন (যেগুলি নীচলোকে পুনর্জন্ম লাভে বাধা করে) ক্ষয় করে অন্তরা পরিনির্বাণ (মধ্যপথে পরিনির্বাণ) লাভ করে। এটা তৃতীয় পুদ্গল যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দান লাভের যোগ্য, জগতে শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন (যেগুলি নীচলোকে পুনর্জন্ম লাভে বাধা করে) ক্ষয় করে উপহত (সময় হাসে) পরিনির্বাণ লাভ করে। এটা চতুর্থ পুদ্গল, যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের পঞ্চ সংযোজন (যেগুলি নীচলোকে পুনর্জন্ম লাভে বাধা করে) ক্ষয় করে অসংস্কার পরিনির্বাণ (বিনা কষ্টে, অতি কষ্ট ব্যতীত) লাভ করে। এটা ভিক্ষুগণ, পঞ্চম পুদ্গল যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। সে নিম্নতর

Visit: http://www.buddhistdownload.com

জগতের পঞ্চ সংযোজন (যেগুলি নীচলোকে পুনর্জন্ম লাভে বাধ্য করে) ক্ষয় করে সসংস্কার পরিনির্বাণ (সামান্য কষ্টে পরিনির্বাণ) লাভ করে। ভিক্ষুগণ, এটা ষষ্ঠ পুদ্গল যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। সে নিম্নতর জগতের পঞ্চ সংযোজন (যেগুলি নীচলোকে পুনর্জন্ম লাভে বাধ্য করে) ক্ষয় করে ঊর্দ্ধগামী হয়, অকনিষ্ঠগামী (সর্বোচ্চ স্থানে) হয়। হে ভিক্ষুগণ, এটা সপ্তম পুদ্গল যে আহ্বানের যোগ্য, প্রহ্বানের যোগ্য, দান লাভের যোগ্য, অঞ্জলিকরণীয়, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

১০. নিদ্দসবত্থু সুত্তং- প্রশংসা বস্তু সূত্র

২০.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত প্রশংসা ক্ষেত্র। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, ভিক্ষু শিক্ষা গ্রহণে তীব্র উৎসুক ও শিক্ষা গ্রহণ কালে তার উৎসাহ ভাটা পড়ে না, সে ধর্ম প্রতিপালনে তীব্র উৎসুক এবং ধর্ম প্রতিপালন কালে তার উৎসাহ ক্ষয় প্রাপ্ত হয় না, সে ইচ্ছা বিনয়ে অতি উৎসুক এবং ইচ্ছা বিনয়, প্রতিপালন কালে তার ছন্দ হ্রাস প্রাপ্ত হয় না, সে নির্জনবাসে তীব্র উৎসুক এবং নির্জনবাস কালে তার উৎসাহ প্রহীন হয় না, সে বীর্য্যারম্ভে তীব্র উৎসুক এবং বীর্য্যারম্ভ কালে তার উৎসাহ ভাটা পড়ে না, সে স্মৃতিশীলতা আয়ত্তে তীব্র উৎসুক এবং স্মৃতিশীলতা আয়ত্তকালে তার উৎসাহ ক্ষয় প্রাপ্ত হয় না, সে দৃষ্টি প্রতিবিদ্ধিকরণে প্রগাঢ় উৎসুক এবং দৃষ্টি প্রতিবিদ্ধকরণ কালে তার উৎসাহ ক্ষয় প্রাপ্ত হয় না।[১৩]

ভিক্ষুগণ, এই হল সপ্ত প্রশংসার ক্ষেত্র।'

[অনুশয়-বর্গ দ্বিতীয় সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

দ্বিবিধ অনুশয়, কুশল, উদকোপম পুদ্গল,
অনিত্য, দুঃখ, অনাত্ম ও নির্বাণ, প্রশংসার ক্ষেত্র।

Visit: http://www.buddhistdownload.com

৩. বজ্জী[1] বগ্গো- বজ্জী বর্গ

১. সারন্দদ সুত্তং- সারন্দদ সূত্র

২১.১। আমা কর্তৃক এরূপ শ্রুত- এক সময় ভগবান বৈশালীর[2] সারন্দদ[3] চৈত্যে অবস্থান করছিলেন। অতঃপর বহু সংখ্যক লিচ্ছবী ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সেই লিচ্ছবীগণ ভগবানকে এরূপ বললেনঃ- 'ওহে লিচ্ছবীগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম, দেশনা করব, তা মনোনিবেশ পূর্বক শ্রবণ কর, আমি বলতেছি। সেই লিচ্ছবীগণ 'সাধু ভন্তে' বলে শুনতে মনোযোগী হলে ভগবান এরূপ বললেনঃ-

২। 'হে লিচ্ছবীগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম কি কি? যতদিন লিচ্ছবী ও বজ্জিগণ সর্বদা সম্মিলিত হবে, সর্বদা সম্মিলিত হতে সংকোচ বোধ না করবে ততদিন লিচ্ছবি ও বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। লিচ্ছবি ও বজ্জিগণ যতদিন একতাবদ্ধ হয়ে নিয়ত সম্মিলিত হবে ও একমত হয়ে এক সঙ্গে আসন হতে উঠবে, সব বজ্জী তাদের কর্তব্য কাজ একমত হয়ে সম্পাদন করবে ততদিন লিচ্ছবির বজ্জিদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। যতদিন লিচ্ছবির বজ্জিরা তথাগত কর্তৃক অপ্রজ্ঞাপ্ত শিক্ষাপদ প্রজ্ঞাপিত করবে না, প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ সমুচ্ছেদ করবে না, যথা প্রজ্ঞাপ্ত পৌরাণিক বজ্জী রাজধর্মের অনুবর্তী হয়ে চলবে ততদিন লিচ্ছবীর বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। যতদিন পর্যন্ত লিচ্ছবীর বজ্জিরা বজ্জিদের মধ্যে যাঁরা বয়োজ্যেষ্ঠ, বজ্জিগণ তাঁদের প্রতি সৎকার সমাদর করবে, গৌরব করবে, সম্মান ও পূজা করবে এবং তাঁদের হিতোপদেশ মেনে চলা উচিত মনে করবে ততদিন লিচ্ছবীর বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। লিচ্ছবীর বজ্জিরা ততদিন যারা কুলবধু কুলকুমারী তাদিগকে বলপূর্বক ধরে এনে স্বীয় গৃহে বাস করাবে না ততদিন লিচ্ছবির বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। যতদিন বজ্জিগণ তাদের স্বীয় নগরে ও বহির্নগরে বজ্জী রাজাদের যে সকল চৈত্য আছে তৎসমুদয়ের সৎকার করবে, গৌরব করবে, সম্মান ও পূজা করবে এবং দেব সেবার্থে প্রদত্ত রাজস্ব ফিরিয়ে নেবে না ও পূর্বকৃত

Visit: http://www.buddhistdownload.com

ধর্মতঃ পূজার পরিহানি করবে না ততদিন লিচ্ছবীর বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। যতদিন লিচ্ছবীর বজ্জিগণ অর্হৎগণের প্রতি ধর্মতঃ রক্ষাবরণ গুপ্তির সুব্যবস্থা করবে যাতে অনাগত অর্হৎগণ রাজ্যে আগমন করে ও আগত অর্হৎগণ রাজ্যে বাস করতে পারে ততদিন তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। যতদিন লিচ্ছবীর বজ্জিগণের মধ্যে এই সপ্ত অপরিহানিয় ধর্ম প্রচলিত থাকবে এবং বজ্জিগণ এই সপ্ত ধর্মের অনুবর্তী হয়ে চলবে ততদিন বজ্জিদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।

২. বস্সকার[৪] সুত্তং- বর্ষকার সূত্র

২২.১। আমা কর্তৃক এরূপ শ্রুত- এক সময় ভগবান রাজগৃহস্থ গৃধ্রকুট পর্বতে বিহার করিতেছিলেন। সে সময়ে মগধরাজ বৈদেহীপুত্র[৫] অজাতশত্রু বজ্জী রাজদিগকে পরাভূত করতে গমনোদ্যত হন। তিনি এরূপ বলেন- আমি নিশ্চয়ই এরূপ মহতী রাজঋদ্ধি সম্পন্ন মহা প্রভাবশালী বজ্জিগণের উচ্ছেদ সাধন করব[৬]। বজ্জিগণের বিনাশ ঘটাব। তাদের উন্নতির ব্যসন সম্পাত করব। অতঃপর মগধরাজ বৈদেহীপুত্র অজাতশত্রু মগধের মহামাত্য বর্ষকার ব্রাহ্মণকে আহ্বান করলেন- 'হে ব্রাহ্মণ, আপনি ভগবৎ সমীপে গমন করুন এবং তদীয় শ্রীপাদ পদ্মে আমার কথামত শির দ্বারা বন্দনা করতঃ তাঁর নীরোগতা, রোগাতঙ্কহীনতা ও সুখ স্বাচ্ছন্দ্য সবল শরীরে, নিরাপদে বিহারের বিষয় জিজ্ঞাসা করুন এবং এটাও বলুন, "ভন্তে, মগধের রাজা বৈদেহীপুত্র অজাতশত্রু ভগবানের শ্রীপাদ পদ্মে মস্তক স্থাপন পূর্বক বন্দনা করতেছেন। ভগবান নীরোগ, রোগাতঙ্কহীন হয়ে সুখ স্বচ্ছন্দে, সবল শরীরে নিরাপদে বিহার করতেছেন কিনা জিজ্ঞাসা করতেছেন" এবং এও নিবেদন করুন, "ভন্তে, মগধরাজ বৈদেহীপুত্র অজাতশত্রু বজ্জিগণকে পরাভূত করতে গমনেচ্ছু। তিনি এরূপ ঘোষণা করেছেন- আমি নিশ্চয়ই এরূপ মহতী রাজঋদ্ধি সম্পন্ন মহা প্রভাবশালী বজ্জিগণের উচ্ছেদ সাধন করব! বজ্জিগণের বিনাশ ঘটাব! তাদের উন্নতির ব্যসন (ধ্বংস) ঘটাব!" ভগবান আপনার নিকট যেরূপ প্রকাশ করেন তা ভালভাবে শিক্ষা করে আমাকে প্রকাশ করবেন। তথাগতগণ কখনও মিথ্যা বলেন না।'

Visit: http://www.buddhistdownload.com

'এরূপ হোক' বলে মগধ মহামাত্য বর্ষকার ব্রাহ্মণ মগধরাজ বৈদেহীপুত্র অজাতশত্রুর আদেশে সম্মত হয়ে ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানের সাথে প্রীত্যালাপ করলেন, সাদর সম্ভাষণ ও সদালাপ শেষ করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক পার্শ্বে উপবেশন করতঃ মগধের মহামাত্য বর্ষকার ব্রাহ্মণ ভগবানকে এরূপ নিবেদন করলেন- "ভো গৌতম! মগধরাজ বৈদেহীপুত্র অজাতশত্রু ভগবান গৌতমের শ্রীপাদ পদ্মে মস্তক স্থাপন পূর্বক বন্দনা করতেছেন এবং ভবদীয় নীরোগ ও রোগাতঙ্কহীন হয়ে সুখ স্বচ্ছন্দে সবল শরীরে নিরাপদ বিহার জিজ্ঞাসা করছেন। ভো গৌতম, মগধরাজ বৈদেহীপুত্র অজাতশত্রু বজ্জিদিগকে পরাভূত করতে গমনোদ্যত। তিনি এরূপ ঘোষণা করেছেন- 'আমি নিশ্চয়ই এরূপ মহতী রাজঋদ্ধি সম্পন্ন, মহাপ্রভাবশালী বজ্জিগণের উচ্ছেদ সাধন করব। বজ্জিগণের বিনাশ ঘটাব! তাদের উন্নতির মূল আমি ধ্বংস সাধন করব।'

২। সে সময় আয়ুষ্মান (শ্রদ্ধেয়) আনন্দ ভগবানের পশ্চাতে দাঁড়িয়ে ভগবানকে ব্যজন করতেছিলেন। অতঃপর ভগবান আয়ুষ্মান আনন্দকে সম্বোধন করলেন- 'হে আনন্দ, তুমি কি শুনেছ যে, বজ্জিগণ সর্বদা সম্মিলিত হয়, তারা একত্রবহুল?' 'হাঁ ভন্তে, আমি শুনেছি যে, বজ্জিগণ সর্বদা সম্মিলিত হয়, সর্বদা সম্মিলিত বহুল।' 'আনন্দ, বজ্জিগণ যতদিন সর্বদা সম্মিলিত হবে, সম্মিলিতবহুল থাকবে ততদিন হে আনন্দ, বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে আনন্দ, তুমি কি শ্রবণ করেছ যে, বজ্জিগণ একতাবদ্ধভাবে সম্মিলিত হয়, সকলে একমত হয়ে একই সঙ্গে বৈঠক হতে উত্থান করে, একতাবদ্ধ হয়ে বজ্জিদের স্বীয় কর্তব্য সম্পাদন করে?' 'ভন্তে, আমি শুনেছি যে, বজ্জিগণ একতাবদ্ধভাবে সম্মিলিত হয়, সকলে একমত হয়ে একই সঙ্গে বৈঠক হতে উত্থান করে, একতাবদ্ধভাবে বজ্জিদের করণীয় কাজ সম্পাদন করে।' 'হে আনন্দ, যতদিন বজ্জিগণ একতাবদ্ধভাবে সম্মিলিত হবে, একমত হয়ে এক সঙ্গে বৈঠক হতে উঠবে, একতাবদ্ধ হয়ে বজ্জিদের কর্তব্য সমূহ সম্পাদন করবে ততদিন বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে আনন্দ, তুমি কি শ্রবণ করেছ যে,

Visit: http://www.buddhistdownload.com

বজ্জিগণ পূর্বে যে বিধি প্রজ্ঞাপিত হয়নি এরূপ কোন বিধি প্রজ্ঞাপ্ত করে না, পূর্বে প্রজ্ঞাপিত সুনীতিগুলি সমুচ্ছেদ করে না, যথা ব্যবস্থাপিত পৌরাণিক বজ্জী রাজধর্মের অনুবর্তী হয়ে চলে?' 'ভন্তে, আমি শ্রবণ করেছি যে, বজ্জিগণ পূর্বে যে বিধি প্রজ্ঞাপিত হয়নি এমন কোন বিধি বর্তমানে প্রজ্ঞাপিত করে না, পূর্ব ব্যবস্থাকৃত সুনীতিগুলি উচ্ছেদ করে না, যথা ব্যবস্থাকৃত পৌরাণিক বজ্জীরাজধর্মের অনুবর্তী হয়ে চলে।' 'আনন্দ, যতদিন বজ্জিগণ অপ্রজ্ঞাপ্ত বিধি প্রজ্ঞাপিত করবে না, প্রজ্ঞাপ্ত বিধি সমূহ উচ্ছেদ করবে না, পৌরাণিক বজ্জী রাজধর্মানুযায়ী যথা প্রজ্ঞাপ্ত নিয়মে রাজ্য শাসন করবে ততদিন বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে আনন্দ, তুমি কি শ্রবণ করেছ যে, বজ্জিদের মধ্যে যাঁরা বয়োজ্যেষ্ঠ, বজ্জিগণ তাঁদের প্রতি সৎকার সমাদর করে, গৌরব করে, সম্মান ও পূজা করে এবং তাঁদের উপদেশ মেনে চলা উচিত মনে করে?' 'হাঁ ভন্তে, আমি শুনেছি যে, বজ্জিগণ তাঁদের মধ্যে যাঁরা বৃদ্ধ তাঁদের প্রতি সৎকার, গৌরব, সম্মান ও পূজা করে এবং তাঁদের উপদেশ মেনে চলা উচিত মনে করে'। 'আনন্দ, যতদিন বজ্জিগণ বৃদ্ধ বজ্জিদের প্রতি সৎকার, গৌরব, সম্মান ও পূজা করবে এবং তাঁদের উপদেশ মেনে চলা উচিত মনে করবে ততদিন তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না। হে আনন্দ, তুমি কি শ্রবণ করেছ যে, যারা কুলবধু কুলকুমারী বজ্জিগণ তাদিগকে বলপূর্বক ধরে এনে স্বীয় গৃহে বাস করায় না?' 'হাঁ ভন্তে' আমি শুনেছি যে, বজ্জিগণ কুলস্ত্রী কুলকুমারীদিগকে বলপূর্বক ধরে এনে গৃহে বাস করায় না।' 'আনন্দ, যতদিন বজ্জিগণ কুলকুমারীদিগকে বলপূর্বক ধরে এনে স্বীয় গৃহে বাস করাবে না ততদিন বজ্জিদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, কখনও পরিহানি হবে না। হে আনন্দ, তুমি কি শ্রবণ করেছ যে, বজ্জিগণ তাদের স্বীয় নগরে ও বহির্নগরে বজ্জী রাজাদের যে সকল চৈত্য আছে তৎসমুদয়ের সৎকার করে, গৌরব করে, সম্মান করে এবং দেবসেবার্থে যেসব রাজস্ব প্রদত্ত হয়েছিল তা ফিরিয়ে নেয় না ও পূর্বকৃত ধর্মতঃ পূজার পরিহানি করে না?' 'হাঁ ভন্তে, আমি শুনেছি যে, বজ্জিরাজগণ তাদের স্বীয় নগরে বহির্নগরে বজ্জিদের যেসব চৈত্য আছে তৎসমুদয়ের সৎকার, গৌরব, সম্মান ও পূজা করে এবং দেবসেবার্থে যেসব রাজস্ব

Visit: http://www.buddhistdownload.com

প্রদত্ত হয়েছিল তা ফিরিয়ে নেয় না ও পূর্বকৃত ধর্মতঃ পূজার পরিহানি করে না।' 'আনন্দ, যতদিন বজ্জিগণ তাদের স্বীয় নগরে ও বহির্নগরে যে সমস্ত চৈত্য আছে তৎসমুদয়ের সৎকার, গৌরব, সম্মান ও পূজা করবে এবং দেবসেবার্থে প্রদত্ত রাজস্ব ফিরিয়ে নেবে না এবং পূর্বকৃত ধর্মতঃ পূজার পরিহানি না করবে ততদিন তাদের শ্রীবৃদ্ধিই অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না। হে আনন্দ, তুমি কি শ্রবণ করেছ যে, বজ্জিরাজগণ অর্হৎগণের প্রতি ধর্মতঃ রক্ষাবরণ গুপ্তির সুব্যস্থা করেছে, যাতে অনাগত অর্হৎগণ রাজ্যে আগমন করে ও আগত অর্হৎগণ রাজ্যে সুখে বাস করতে পারে?' 'হাঁ ভন্তে, শুনেছি যে, বজ্জিরাজগণ অর্হৎগণের প্রতি ধর্মতঃ রক্ষাবরণ গুপ্তির সুব্যবস্থা করেছেন যাতে অনাগত অর্হৎগণ রাজ্যে আগমন করেন এবং আগত অর্হৎগণ রাজ্যে সুখে বাস করতে পারেন।' 'আনন্দ যতদিন বজ্জিরাজগণ অর্হৎগণের প্রতি ধর্মতঃ রক্ষাবরণ গুপ্তির সুব্যবস্থা করবে যাতে অনাগত অর্হৎগণ স্বীয় রাজ্যে আগমন করে এবং আগত অর্হৎগণ সুখে বাস করতে পারে ততদিন বজ্জিরাজাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, কখনও পরিহানি ঘটবে না।'

৩। অতঃপর ভগবান মগধ মহামাত্য বর্ষকার ব্রাহ্মণকে সম্বোধন করে বললেনঃ 'হে ব্রাহ্মণ, একদা বৈশালীস্থ সারন্দদ চৈত্যে অবস্থান কালে আমি বজ্জিরাজগণকে পরিহানি নিবারক শ্রীবৃদ্ধিজনক এই সপ্ত ধর্মের উপদেশ প্রদান করেছিলাম। হে ব্রাহ্মণ, যতদিন এই সপ্ত অপরিহানিয় ধর্ম বজ্জিরাজাদের মধ্যে প্রচলিত থাকবে এবং বজ্জিরাজগণ এই সপ্ত ধর্মের অনুবর্তী হয়ে চলবে ততদিন বজ্জী রাজাদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।'

৪। এরূপ উক্ত হলে মগধ মহামাত্য বর্ষকার ব্রাহ্মণ ভগবানকে এরূপ বললেন, 'ভো গৌতম, অপরিহানিয় ধর্মের এক একটি ধর্ম সমন্বিত থাকলেও বজ্জিরাজাদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হতে পারবে না, আর অপরিহানিয় সপ্ত ধর্ম সমন্বিত হলে তার কথাই বা কি? ভো গৌতম, বজ্জিরাজগণের সহিত প্ররোচনা ব্যতীত অথবা বজ্জিদের মধ্যে পরস্পর বিচ্ছেদ ঘটান ব্যতীত মগধরাজ বৈদেহীপুত্র অজাতশত্রু বজ্জিরাজগণকে সম্মুখ যুদ্ধে পরাস্ত করতে পারবেন না[৭]।' 'ভো গৌতম, আমরা প্রস্থান করতেছি আমাদের বহু কার্য বহু করণীয় রয়েছে।'

Visit: http://www.buddhistdownload.com

ভগবান বললেনঃ- 'ব্রাহ্মণ, যা তোমার অভিরুচি তা করতে পার।' অতঃপর মগধ মহামাত্য ব্রাহ্মণ বর্ষকার তথাগতের ভাষিত বিষয় অভিনন্দন ও অনুমোদন করে আসন হতে উঠে প্রস্থান করলেন।

৩. পঠম সত্তক সুত্তং- প্রথম সপ্তক সূত্র

২৩.১। আমি এরূপ শ্রবণ করেছি- এক সময় ভগবান রাজগৃহের গৃধ্রকূট পর্বতে অবস্থান করছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে সম্বোধন করলেনঃ 'ওহে ভিক্ষুগণ, আমি তোমাদিগকে সপ্ত অপরিহানিয় ধর্ম বিষয়ে উপদেশ প্রদান করব, তোমরা তা অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করছি।' "সাধু ভন্তে" বলে সেই ভিক্ষুগণ ভগবানের ভাষণ শ্রবণে আগ্রহী হলে ভগবান আরম্ভ করলেনঃ-

২। 'হে ভিক্ষুগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম কি?

হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা সর্বদা সম্মিলিত হবে, সর্বদা সম্মিলিত হতে সঙ্কোচবোধ করবে না ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি (ক্ষতি) হবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুরা যতদিন একতাবদ্ধ হয়ে নিয়ত সম্মিলিত হবে ও একমত হয়ে এক সঙ্গে আসন হতে উঠবে এবং সঙ্ঘ কর্তব্য সমূহ একমত হয়ে সম্পাদন করবে ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা তথাগত কর্তৃক অপ্রজ্ঞাপ্ত শিক্ষাপদ প্রজ্ঞাপিত করবে না, প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ সমুচ্ছেদ করবে না, যথা প্রজ্ঞাপ্ত শিক্ষাপদসমূহের অনুবর্তী হয়ে চলবে ততদিন ভিক্ষুদের (শীলাদিগুণের) উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুরা যে সকল স্থবির বহু কালের প্রাচীন, বহুদিনের প্রব্রজিত, সঙ্ঘপিতা, সঙ্ঘনেতা তাঁদিগকে যতদিন সৎকার করবে, গৌরব করবে, সম্মান ও পূজা করবে এবং তাঁদের উপদেশ মেনে চলা উচিত মনে করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, কখনও পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুরা যতদিন পুনর্জন্ম দায়িকা উৎপন্ন তৃষ্ণার বশবর্তী না হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুরা যতদিন অরণ্যস্থিত শয়নাসনের প্রতি সাপেক্ষ অর্থাৎ অরণ্যে বাস করবার একান্ত পক্ষপাতী থাকবে ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুবৃন্দ যতদিন প্রত্যেকে নিজ নিজ

Visit: http://www.buddhistdownload.com

অন্তরে এরূপ স্মৃতি জাগ্রত করবে যে, কিরূপে আমার নিকট অনাগত শীলবান সব্রহ্মচারী আগমন করবেন এবং আগত শীলবান ব্রহ্মচারী সুখে স্বচ্ছন্দভাবে বাস করতে পারবেন ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হতে পারবে না। হে ভিক্ষুগণ, যতদিন এই সপ্ত অপরিহানিয় ধর্মের অনুবর্তী হয়ে ভিক্ষুগণকে চলতে দেখা যাবে ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।'

৪. দুতিয় সত্তক সুত্তং- দ্বিতীয় সপ্তক সূত্র

২৪.১। 'হে ভিক্ষুগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম বিষয়ে উপদেশ প্রদান করব, তা তোমরা মনোনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করছি। 'ভন্তে, তা হোক,' বলে ভিক্ষুগণ ভগবানের ভাষণ শুনতে সম্মত হলে ভগবান আরম্ভ করলেন।

২। 'হে ভিক্ষুগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম কি?

হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা কর্মপ্রিয়[৮] (পার্থিব কর্মে প্রীতি লাভ) কর্মরত ও কর্মপ্রিয়তায় অনুযুক্ত না হবে ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুবৃন্দ সারহীন আলাপ-সালাপ প্রিয় না হবে, সারহীন আলাপ-সালাপে রত ও সারহীন আলাপ-সালাপারামে অনুযুক্ত না হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুবৃন্দ নিদ্রারাম, নিদ্রালু, নিদ্রারামতায় অনুযুক্ত না হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা জনসঙ্গারাম, জনসঙ্গরত, জনসঙ্গরামতায় অনুযুক্ত না হবে ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা পাপ-মিত্র, পাপ-সহায়, পাপ-প্রবণ, পাপ-কুটিল না হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুবৃন্দ সামান্য মাত্র ফল বা স্রোতাপত্তি প্রভৃতি ফল প্রাপ্ত হয়ে অর্হত্ব ফল প্রাপ্তির পূর্বে 'আমার কর্তব্য শেষ হল' বলে উৎসাহ ত্যাগ না করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।

হে ভিক্ষুগণ, যতদিন এই সপ্ত অপরিহানিয় ধর্ম ভিক্ষুসঙ্ঘে বিদ্যমান থাকবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।'

Visit: http://www.buddhistdownload.com

৫. ততিয সত্তক সুত্তং- তৃতীয় সপ্তক সূত্র

২৫.১। 'হে ভিক্ষুগণ, আমি তোমাদিগকে সপ্ত অপরিহানিয় ধর্ম পরিবেশন করব, তা অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করছি।' 'সাধু ভন্তে' বলে সেই ভিক্ষুগণ প্রত্যুত্তর প্রদান করলে ভগবান এরূপ বললেন।

২। 'হে ভিক্ষুগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম কি?

হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা শ্রদ্ধাসম্পন্ন হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুবৃন্দ হিরিসম্পন্ন (পাপকর্ম সম্পাদনে লজ্জাশীল) হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা ওত্তপ্পী (পাপে ভয়শীল) হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুরা যতদিন বহুশ্রুত (ত্রিপিটক শাস্ত্রবিদ) হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না। হে ভিক্ষুগণ, ভিক্ষুরা যতদিন কায়িক ও চৈতসিক আরব্ধ বীর্য সম্পন্ন হবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা স্মৃতিশক্তিসম্পন্ন হবে ততদিন তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুবৃন্দ প্রজ্ঞাবান[৯] হবে ততদিন তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।

হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত এই সপ্তবিধ অপরিহানিয় ধর্ম ভিক্ষুসঙ্ঘের মধ্যে বিদ্যমান থাকবে, এই সপ্ত অপরিহানিয় ধর্মের অনুবর্তী হয়ে ভিক্ষুসঙ্ঘকে চলতে দেখা যাবে ততদিন ভিক্ষুদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।'

৬. বোজ্ঝঙ্গ সুত্তং- বোধ্যঙ্গ সূত্র

২৬.১। 'হে ভিক্ষুগণ, আমি সপ্ত অপরিহানিয় ধর্ম দেশনা করব, তোমরা অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করছি।' 'সাধু ভন্তে' বলে সেই ভিক্ষুগণ প্রত্যুত্তর প্রদান করলে ভগবান এরূপ বললেন।

২। হে ভিক্ষুগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম কি?

হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত ভিক্ষুরা স্মৃতিসম্বোধ্যঙ্গ ভাবনা করবে

Visit: http://www.buddhistdownload.com

তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত ভিক্ষুবৃন্দ ছয় প্রকারে ধর্মবিচয় (পরীক্ষণ) সম্বোধ্যঙ্গ উৎপাদন করতঃ বর্দ্ধিত করবে ততদিন তাদের উন্নতি সাধিত হবে, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুবৃন্দ নয় প্রকার বীর্য্য সম্বোধ্যঙ্গ উৎপাদন করতঃ বর্দ্ধিত করবে ততদিন তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা দশ প্রকারে সমাধি সম্বোধ্যঙ্গ উৎপাদন করতঃ বর্দ্ধিত করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা পাঁচ প্রকারে উপেক্ষা[১০] সম্বোধ্যঙ্গ উৎপাদন করতঃ বর্দ্ধিত করবে ততদিন পর্যন্ত সেই ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।

হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত এই সপ্তবিধ অপরিহানিয় ধর্ম ভিক্ষুদের মধ্যে বিদ্যমান থাকবে এবং সপ্তবিধ ধর্মের অনুবর্তী হয়ে ভিক্ষুগণকে চলতে দেখা যাবে ততদিন পর্যন্ত তাদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না।'

৭. সঞ্ঞা সুত্তং- সংজ্ঞা সূত্র

২৭.১। 'হে ভিক্ষুগণ, আমি তোমাদিগকে সপ্ত অপরিহানিয় ধর্ম পরিবেশন করব, তা অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করছি।' 'সাধু ভন্তে' বলে সেই ভিক্ষুগণ প্রত্যুত্তর প্রদান করলে ভগবান এরূপ বললেন।

২। ভিক্ষুগণ, সপ্ত অপরিহানিয় ধর্ম কি?

হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত ভিক্ষুরা অনিত্যানুদর্শনে উৎপন্ন সংজ্ঞা (ভাবনা) বর্দ্ধিত করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা অনাত্মানুদর্শনে উৎপন্ন সংজ্ঞা বর্দ্ধিত করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত ভিক্ষুরা অশুভানুদর্শনে উৎপন্ন সংজ্ঞা বর্দ্ধিত করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না। হে ভিক্ষুগণ, যতদিন ভিক্ষুরা আদীনবানুদর্শনে উৎপন্ন সংজ্ঞা বর্দ্ধিত করবে ততদিন তাদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি ঘটবে না। হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত ভিক্ষুবৃন্দ ত্যাগানুদর্শনে উৎপন্ন সংজ্ঞা বর্দ্ধিত করবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, হ্রাস হবে না। হে ভিক্ষুগণ,

Visit: http://www.buddhistdownload.com

যতদিন পর্যন্ত ভিক্ষুবৃন্দ নিরোধানুদর্শনে উৎপন্ন সংজ্ঞা বর্দ্ধিত করবে[১১] ততদিন পর্যন্ত তাদের উন্নতি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।

হে ভিক্ষুগণ, যতদিন পর্যন্ত এই সপ্তবিধ অপরিহানিয় ধর্ম ভিক্ষুদের মধ্যে বিদ্যমান থাকবে এবং যতদিন এই সপ্তধর্মের অনুবর্তী হয়ে ভিক্ষুগণকে চলতে দেখা যাবে ততদিন ভিক্ষুদের শ্রীবৃদ্ধি অবশ্যম্ভাবী, পরিহানি হবে না।'

৮. পঠম পরিহানি সুত্তং- প্রথম পরিহানি সূত্র

২৮.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় শিক্ষার্থী ভিক্ষুর পরিহানি ঘটায়। সপ্ত কি কি?

২। কর্মারামতা (পার্থিব বিষয়ে আনন্দ গ্রহণ), ভস্সারামতা (আলাপ প্রিয়তা), নিদ্রারামতা, জনসঙ্গারামতা, ইন্দ্রিয়সমূহে অগুপ্তদ্বার (অসংযমতা), ভোজনে মাত্রাহীনতা। সঙ্ঘের সঙ্ঘকরণীয় যেসব বিষয় রয়েছে সেগুলো শিক্ষার্থী ভিক্ষুর মধ্যে প্রতিফলিত হয় না- 'সঙ্ঘের মধ্যে স্থবির, বহুকালের (প্রাচীন) চির প্রব্রজিত, ভারবাহী[১২] থাকে, তারা সেজন্য পরিচিত।' কিন্তু সে নিজ দায়িত্বে উদ্যোগ (যোগ)[১৩] গ্রহণ করে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় শিক্ষার্থী ভিক্ষুর পরিহানি ঘটায়।

৩। কিন্তু হে ভিক্ষুগণ, শিক্ষার্থী ভিক্ষুর এই সপ্তধর্ম পরিহানি ঘটায় না। সপ্ত কি কি?

৪। কর্মারামতা নহে (পার্থিব বিষয়ে আনন্দ গ্রহণ না করা), আলাপ-সালাপ প্রিয়তা নহে, নিদ্রারামতা নহে (অনিদ্রালু), জনসঙ্গারামতা নহে, ইন্দ্রিয়ে গুপ্তদ্বার পরায়ণ (সংযত), ভোজনে মাত্রাজ্ঞতা। সঙ্ঘের সঙ্ঘকরণীয় বিদ্যমান, সেগুলো শিক্ষার্থী ভিক্ষুর মধ্যে প্রতিফলিত হয়- 'সঙ্ঘের মধ্যে স্থবির চিরপ্রব্রজিত ও ভারবাহী (দায়িত্ব বহনকারী) থাকে, তারা সেজন্য পরিচিত।' কিন্তু সে নিজ দায়িত্বে উদ্যোগ গ্রহণ করে না।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় শিক্ষার্থী ভিক্ষুর পরিহানি ঘটায় না।'

Visit: http://www.buddhistdownload.com

৯. দুতিয় পরিহানি সুত্তং- দ্বিতীয় পরিহানি সূত্র

২৯.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় উপাসককে পরিহানির পথে নিয়ে যায়। সপ্ত কি কি?

২। সে ভিক্ষুদর্শনে ব্যর্থ হয়; সদ্ধর্ম শ্রবণে অবহেলা করে; অধিশীল (উচ্চতর শীল) শিক্ষা করে না; স্থবির, নব কিংবা মধ্য স্তরের ভিক্ষুদের প্রতি অপ্রসাদবহুল হয়; দোষদর্শী চিত্তে ধর্ম শ্রবণ করে, ছিদ্রান্বেষী; শাসন বহির্ভূত দান পাত্র অন্বেষণ করে এবং সেখানে প্রথম পরিবেশন করে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় উপাসককে পরিহানির পথে নিয়ে যায়।

৩। কিন্তু ভিক্ষুগণ, এই সপ্ত ধর্ম উপাসককে অপরিহানির দিকে নিয়ে যায়। সপ্ত কি কি?

৪। সে ভিক্ষুসঙ্ঘ দর্শনে অব্যর্থ, সদ্ধর্ম শ্রবণে অপ্রমাদ, উচ্চতর শীল শিক্ষা করে; স্থবির ভিক্ষু, নবীন কিংবা মধ্য স্তরের ভিক্ষুদের প্রতি প্রসাদবহুল; দোষবিহীন চিত্তে ধর্ম শ্রবণ করে, ছিদ্রান্বেষী নহে; শাসন বহির্ভূত দানপাত্র অনুসন্ধান করে না; এখানে প্রথম পরিবেশন করে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় উপাসককে পরিহানির দিকে নেয় না।

যে উপাসক ভাবিতাত্ম[১৪] ভিক্ষুদের দর্শনে হয় উদাসীন,
আর্যধর্ম শ্রবণ ও করে না অধিশীল[১৫] শিক্ষা গ্রহণ।
অপ্রসন্নতা করে বৃদ্ধি পুনঃ ভিক্ষুদের প্রতি,
আক্রোশ বা গরহিত মনে সদ্ধর্ম শুনিতে বাসনা অতি।
এ শাসন বহির্ভূত অন্য দানপাত্র করে যে অনুসন্ধান,
সে উপাসক বাহির তীর্থে সৎকারাদি করে সম্পাদন।
এরূপেতে হানিকর সপ্তধর্ম হয়েছে সুদেশিত,
এসবে লিপ্ত উপাসক হয় সদ্ধর্মচ্যুত।
যে উপাসক ভাবিতাত্ম ভিক্ষুদের দর্শনে না হয় উদাসীন,
আর্যধর্ম করে শ্রবণ, করে অধিশীল শিক্ষা গ্রহণ।
প্রসন্নতা করে বর্ধন পুনশ্চুনঃ ভিক্ষুদের প্রতি,
অনাক্রোশ অগরহিত মনে শুনিতে সদ্ধর্ম বাসনা অতি।
এ শাসন বহির্ভূত অন্য দানপাত্র না করে অনুসন্ধান,
সে উপাসক বুদ্ধ শ্রাবকগণে করে পূজা সৎকারাদি সম্পাদন।

Visit: http://www.buddhistdownload.com

এরূপেতে শ্রীবৃদ্ধিকর সপ্তধর্ম হয়েছে সুদেশিত,
এসবের ভজনাকারী উপাসক না হয় সদ্ধর্মচ্যুত।'

১০. বিপত্তি সুত্তং- বিপত্তি সূত্র

৩০. 'হে ভিক্ষুগণ! উপাসকের এই সপ্ত বিপত্তি- সে ভিক্ষুদর্শনে ব্যর্থ হয়; সদ্ধর্ম শ্রবণে অবহেলা করে; অধিশীল (উচ্চতর শীল) শিক্ষা করে না; স্থবির, নব কিংবা মধ্য স্তরের ভিক্ষুদের প্রতি অপ্রসাদবহুল হয়; দোষদর্শী চিত্তে ধর্ম শ্রবণ করে, ছিদ্রান্বেষী; শাসন বহির্ভূত দান পাত্র অন্বেষণ করে এবং সেখানে প্রথম পরিবেশন করে। উপাসকের এই সপ্ত সম্পদ- সে ভিক্ষুসঙ্ঘ দর্শনে অব্যর্থ, সদ্ধর্ম শ্রবণে অপ্রমাদ, উচ্চতর শীল শিক্ষা করে; স্থবির ভিক্ষু, নবীন কিংবা মধ্য স্তরের ভিক্ষুদের প্রতি প্রসাদবহুল; দোষবিহীন চিত্তে ধর্ম শ্রবণ করে, ছিদ্রান্বেষী নহে; শাসন বহির্ভূত দানপাত্র অনুসন্ধান করে না; এখানে প্রথম পরিবেশন করে।'

১১. পরাভব সুত্তং- পরাভব সূত্র

৩১.১। 'হে ভিক্ষুগণ উপাসকের এই সপ্তবিধ পরাভব (অপমান, পরাজয়) সে ভিক্ষুদর্শনে ব্যর্থ হয়; সদ্ধর্ম শ্রবণে অবহেলা করে; অধিশীল (উচ্চতর শীল) শিক্ষা করে না; স্থবির, নব কিংবা মধ্য স্তরের ভিক্ষুদের প্রতি অপ্রসাদবহুল হয়; দোষদর্শী চিত্তে ধর্ম শ্রবণ করে, ছিদ্রান্বেষী; শাসন বহির্ভূত দান পাত্র অন্বেষণ করে এবং সেখানে প্রথম পরিবেশন করে। হে ভিক্ষুগণ! উপাসকের এই সপ্ত সম্ভবা (শ্রীবৃদ্ধি)। সপ্ত কি কি?

২। ভিক্ষুদর্শনে সে ব্যর্থ হয় না; সদ্ধর্ম শ্রবণে অপ্রমাদ পরায়ণ; উচ্চতর শীল শিক্ষা করে; স্থবির ভিক্ষু, নবীন কিংবা মধ্যম মানের ভিক্ষুদের প্রতি প্রসাদবহুল; দোষ অদর্শী চিত্তে ধর্ম শ্রবণ করে; ছিদ্রান্বেষী হয় না; শাসন বহির্ভূত দানপাত্র অনুসন্ধান করে না এবং এখানে প্রথম পরিবেশন করে।

হে ভিক্ষুগণ, এইগুলি উপাসকের সপ্ত শ্রীবৃদ্ধি।'

'যে উপাসক ভাবিতাত্ম ভিক্ষুদের দর্শনে হয় উদাসীন,
আর্যধর্ম শ্রবণ ও করে না অধিশীল শিক্ষা গ্রহণ।
অপ্রসন্নতা করে বৃদ্ধি পুনপ্পুনঃ ভিক্ষুদের প্রতি,

Visit: http://www.buddhistdownload.com

আক্রোশ বা গরহিত মনে সদ্ধর্ম শ্রবণে বাসনা অতি।
এ শাসন বহির্ভূত অন্য দানপাত্র করে যে অনুসন্ধান,
সে উপাসক বাহির তীর্থে সৎকারাদি করে সম্পাদন।
এরূপেতে হানিকর সপ্তধর্ম হয়েছে সুদেশিত,
এসবের ভজনাকারী উপাসক হয় সদ্ধর্মচ্যুত।
যে উপাসক ভাবিতাত্ম ভিক্ষুদের দর্শনে না হয় উদাসীন,
আর্যধর্ম শ্রবণ ও করে অধিশীল শিক্ষা গ্রহণ।
প্রসন্নতা করে বৃদ্ধি পুনপ্পুনঃ ভিক্ষুদের প্রতি,
অনাক্রোশ বা অগরহিত মনে সদ্ধর্ম শ্রবণে বাসনা অতি।
এ শাসন বহির্ভূত অন্য দানপাত্র না করে অনুসন্ধান,
সে উপাসক বুদ্ধ শ্রাবকগণে করে পূজা সৎকারাদি সম্পাদন।
এরূপেতে শ্রীবৃদ্ধিকর সপ্তধর্ম হয়েছে সুদেশিত,
এসবের ভজনাকারী উপাসক না হয় সদ্ধর্মচ্যুত।'

[বজ্জী-বর্গ তৃতীয় সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

সারন্দদ, বর্ষকার, ভিক্ষু, কর্ম এবং শ্রদ্ধা
বোধিসংজ্ঞা, শেখ এবং হানি ও পরাভব ইত্যাদি।

৪. দেবতা বগ্গো- দেবতা বর্গ

১. অপ্পমাদগারব[১] সুত্তং- অপ্রমাদ গারব সূত্র

৩২.১। অতঃপর দিব্য আভরণে সজ্জিত এক দেবতা দিব্য জ্যোতিতে সমগ্র জেতবন আলোকিত করে রাত্রিতে ভগবান বুদ্ধের নিকট উপনীত হয়ে ভগবানকে অভিবাদন পূর্ব্বক এক প্রান্তে দাঁড়িয়ে সেই দেবতা ভগবানকে এরূপ বলেন- 'ভন্তে, এই সপ্ত বিষয় ভিক্ষুকে অপরিহানির পথে নিয়ে যায়। সপ্ত কি কি? শাস্তার প্রতি গৌরব, ধর্মের প্রতি গৌরব, সঙ্ঘের প্রতি গৌরব, শিক্ষার প্রতি গৌরব, সমাধির প্রতি গৌরব, অপ্রমাদের প্রতি গৌরব, বন্ধুত্বপূর্ণ সম্ভাষণের প্রতি গৌরব। ভন্তে, এই সপ্ত বিষয় ভিক্ষুকে অপরিহানির পথে নিয়ে যায়।' সেই দেবতা এরূপ বললেন। ভগবান তা অনুমোদন করেন। অতঃপর সেই দেবতা 'শাস্তা আমার কথা অনুমোদন করেছেন' বলে ভগবানকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে সেখান থেকে চলে গেলেন।

Visit: http://www.buddhistdownload.com

২। অতঃপর ভগবান সেই রাত্রির অবসানে ভিক্ষুদিগকে আহ্বান করলেন- 'হে ভিক্ষুগণ, এই রাত্রিতে দিব্য আভরণে সজ্জিত এক দেবতা দিব্য জ্যোতিতে সমগ্র জেতবন আলোকিত করে আমি যেখানে আছি সেখানে উপস্থিত হন, উপস্থিত হয়ে আমাকে অভিবাদন করতঃ এক প্রান্তে দাঁড়িয়ে, হে ভিক্ষুগণ, সেই দেবতা আমাকে এরূপ বলেন- 'ভন্তে, এই সপ্ত বিষয় ভিক্ষুকে অপরিহানির দিকে নিয়ে যায়। সপ্ত কি কি? শাস্তার প্রতি গৌরব, ধর্মের প্রতি গৌরব, সঙ্ঘের প্রতি গৌরব, শিক্ষার প্রতি গৌরব, সমাধির প্রতি গৌরব, অপ্রমাদের প্রতি গৌরব, বন্ধুত্বপূর্ণ সম্ভাষণের প্রতি গৌরব। ভন্তে, এই সপ্তধর্ম ভিক্ষুকে অপরিহানির পথে নিয়ে যায়।' 'হে ভিক্ষুগণ, সেই দেবতা এরূপ বলেন, এরূপ বলে আমাকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে সেখান থেকে চলে গেলেন।

বুদ্ধ, ধর্ম ও সঙ্ঘের প্রতি তীব্র গৌবর,
সমাধি ও শিক্ষার প্রতি একান্ত গৌরব,
অপ্রমাদ ও অনুগ্রহের গৌরবকারী[২] ভিক্ষু
হয় পরিহানির অযোগ্য নির্বাণের[৩] সমীপ।'

২. হিরিগারব সুত্তং- হিরিগারব সূত্র

৩৩.১। 'হে ভিক্ষুগণ, এই রাত্রিতে অন্যতর এক দেবতা দিব্য জ্যোতিতে সমগ্র জেতবন আলোকিত করে শেষ রাত্রিতে আমার নিকট উপনীত হয়ে অভিবাদন পূর্বক এক প্রান্তে দাঁড়ালেন। এক প্রান্তে দাঁড়িয়ে, হে ভিক্ষুগণ, সেই দেবতা আমাকে এরূপ বললেন- "ভন্তে, এই সপ্ত ধর্ম ভিক্ষুকে অপরিহানির পথে নিয়ে যায়। সপ্ত কি কি? বুদ্ধের প্রতি গৌরব, ধর্মের প্রতি গৌরব, সঙ্ঘের প্রতি গৌরব, শিক্ষার প্রতি গৌরব, সমাধির প্রতি গৌরব, হিরি (পাপের প্রতি লজ্জা)র প্রতি গৌরব, ওত্তপ্য (পাপের প্রতি ভয়)র প্রতি গৌরব। ভন্তে, এই সপ্ত ধর্ম ভিক্ষুকে অপরিহানির দিকে উপনীত করে।" ভিক্ষুগণ, সেই দেবতা এরূপ বলেন। একথা বলে আমাকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে সেখান থেকে অন্তর্ধান করেন।

বুদ্ধ, ধর্ম ও সঙ্ঘের প্রতি তীব্র গৌরব,
উদ্যমী, সমাধি ও শিক্ষার প্রতি গৌরব,

Visit: http://www.buddhistdownload.com

হিরি, ওত্তপ্যসম্পন্ন ও বয়োজ্যেষ্ঠের প্রতি গৌরব
আছে যার সে হয় পরিহানির অযোগ্য নির্বাণের সমীপ।'

৩. পঠম সোবচস্সতা সুত্তং- প্রথম প্রিয়ভাষিতা সূত্র

৩৪.১। 'হে ভিক্ষুগণ, এ রাত্রে অন্যতর এক দেবতা দিব্য জ্যোতিতে সমগ্র জেতবন আলোকিত করে শেষ রাত্রে আমার নিকট উপনীত হয়ে অভিবাদনপূর্বক এক প্রান্তে দাঁড়ান। এক প্রান্তে দাঁড়িয়ে, হে ভিক্ষুগণ, সে দেবতা আমাকে এরূপ বললেন- "ভন্তে, এই সপ্তধর্ম ভিক্ষুকে অপরিহানির পথে উপনীত করে। সপ্ত কি কি? বুদ্ধের প্রতি গৌরব, ধর্মের প্রতি গৌরব, সঙ্ঘের প্রতি গৌরব, শিক্ষার প্রতি গৌরব, সমাধির প্রতি গৌরব, সুবাধ্যতা, কল্যাণমিত্রতা। ভন্তে, এই সপ্তধর্ম ভিক্ষুকে অপরিহানির পথে উপনীত করে।" হে ভিক্ষুগণ, সেই দেবতা একথা বলে আমাকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে সেখান থেকে অন্তর্ধান করেন।

বুদ্ধ, ধর্ম ও সঙ্ঘের প্রতি তীব্র গৌরব,
উদ্যমশীল, সমাধি ও শিক্ষার প্রতি গৌরব,
কল্যাণমিত্র, সুবাধ্য, গৌরব পরায়ণ
ভিক্ষু হয় পরিহানির অযোগ্য, নির্বাণের সমীপ।'

৪. দুতিয সোবচস্সতা সুত্তং- দ্বিতীয় প্রিয়ভাষিতা সূত্র

৩৫.১। 'হে ভিক্ষুগণ, এই রাত্রে অন্যতর এক দেবতা দিব্য জ্যোতিতে সমগ্র জেতবন উদ্ভাসিত করে রাত্রি শেষে আমার নিকট উপনীত হয়ে অভিবাদনপূর্বক এক প্রান্তে দাঁড়ান। এক প্রান্তে দাঁড়িয়ে হে ভিক্ষুগণ, সে দেবতা আমাকে এরূপ বললেন, "ভন্তে, এই সপ্তধর্ম ভিক্ষুকে অপরিহানির পথে নিয়ে যায়। সপ্ত কি কি? বুদ্ধের প্রতি গৌরব, ধর্মের প্রতি গৌরব, সঙ্ঘের প্রতি গৌরব, শিক্ষার প্রতি গৌরব, সমাধির প্রতি গৌরব, হিরি (পাপের প্রতি লজ্জা) এর প্রতি গৌরব, ওত্তপ্য (পাপের প্রতি ভয়) এর প্রতি গৌরব। ভন্তে, এই সপ্তধর্ম ভিক্ষুকে অপরিহানির দিকে উপনীত করে।" হে ভিক্ষুগণ! সেই দেবতা এরূপ বলেন। একথা বলে আমাকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে সেখান থেকে অন্তর্ধান করেন।'

Visit: http://www.buddhistdownload.com

২। এরূপ কথিত হলে আয়ুষ্মান শারীপুত্র[৪] ভগবানকে এরূপ বলেন-

৩। 'ভন্তে, ভগবানের এই সংক্ষিপ্তভাবে ভাষিত বিষয়ের অর্থ আমি বিস্তৃতভাবে জানি। ভন্তে, কোন ভিক্ষু নিজে শাস্তার প্রতি গৌরবশীল এবং শাস্তার এই গৌরবকে শ্রদ্ধা করেন। অন্য যেসব ভিক্ষুর শাস্তার প্রতি গৌরব নেই সেসব ভিক্ষুকে শাস্তার গুণের প্রতি উৎসাহিত করেন। যাঁদের এ-গুণ আছে তিনি তাঁদেরকে সত্য সত্যই প্রশংসা করেন, যথাযথ প্রশংসা করেন এবং সময়োচিত প্রশংসা করেন। নিজে ধর্মের প্রতি গৌরবশীল এবং ধর্মের এই গৌরবকে শ্রদ্ধা[৫] করেন। অন্য যেসব ভিক্ষুর ধর্মের প্রতি কোন গৌরব নেই সেসব ভিক্ষুকে ধর্মের প্রতি উদ্বুদ্ধ করেন। যাঁদের এ গুণ আছে তিনি তাঁহাদের সত্য সত্যই প্রশংসা করেন, যথাযথ প্রশংসা করেন এবং সময়োচিত প্রশংসাই করেন। নিজে সঙ্ঘের প্রতি গৌরবশীল এবং সঙ্ঘের এই গৌরবকে শ্রদ্ধা করেন। অন্য যেসব ভিক্ষুর সঙ্ঘের প্রতি গৌরব নেই তিনি তাদেরকে সঙ্ঘের গুণের প্রতি প্রবুদ্ধ করেন। যাঁদের এ গুণ আছে তিনি তাঁদের সত্য সত্যই প্রশংসা করেন, যথাযথ প্রশংসা করেন এবং সময়োচিত প্রশংসাই করেন। নিজে শিক্ষার প্রতি গৌরব পরায়ণ এবং শিক্ষার এই গৌরবকে শ্রদ্ধা করেন। অন্য যেসব ভিক্ষু শিক্ষার প্রতি গৌরবশীল নহে তিনি তাদেরকে সেই শিক্ষার প্রতি উৎসাহিত করেন। যাঁদের এ গুণ আছে তিনি তাঁদের সত্য সত্যই প্রশংসা করেন, যথাযথ প্রশংসা করেন এবং সময়োচিত প্রশংসাই করে থাকেন। কোন ভিক্ষু নিজে সমাধির প্রতি গৌরব পরায়ণ এবং সমাধিকে শ্রদ্ধা করেন। অন্য যেসব ভিক্ষুর সমাধির প্রতি গৌরব নেই তিনি তাদেরকে সমাধির প্রতি অনুপ্রাণিত করেন। যাঁদের মধ্যে এ গুণ আছে তিনি তাঁদেরকে সত্য সত্যই প্রশংসা করেন, যথাযথ প্রশংসা করেন এবং সময়োচিত প্রশংসাই করে থাকেন। নিজে সুবাধ্য এবং সুবাধ্যতাকে গৌরব করেন। অন্য যেসব ভিক্ষু বাধ্যশীল নহে তিনি তাদেরকে বাধ্যশীল হতে অনুপ্রাণিত করেন। যাঁদের সুবাধ্যতা গুণ আছে তিনি তাঁদেরকে সত্য সত্যই প্রশংসা করেন, যথার্থ প্রশংসা করেন এবং সময়োচিত প্রশংসাই করেন। নিজে কল্যাণমিত্র[৬] এবং কল্যাণমিত্রতার প্রশংসা করেন। অন্য যেসব ভিক্ষু কল্যাণমিত্র নহেন তিনি তাদেরকে কল্যাণমিত্রতার পথে অনুপ্রাণিত

Visit: http://www.buddhistdownload.com

করেন। যাঁরা এরূপ কল্যাণমিত্র তিনি তাঁদেরকে সত্য সত্যই, যথার্থ ও সময়োচিত প্রশংসা করেন। ভন্তে, ভগবানের এই সংক্ষিপ্ত ভাষিত বিষয়ের বিস্তৃত অর্থ জানি।'

৪। 'সাধু, সাধু শারীপুত্র, সাধু, আমা কর্তৃক এই সংক্ষিপ্ত ভাষণের তুমি বিস্তৃত অর্থ জান। শারীপুত্র, ভিক্ষু নিজে শাস্তার প্রতি গৌরব পরায়ণ এবং শাস্তার এই গৌরবকে শ্রদ্ধা করে। যেসব ভিক্ষু শাস্তার প্রতি গৌরবশীল নহে সে তাদেরকে শাস্তার প্রতি গৌরব পরায়ণ হতে উৎসাহিত করে। যাঁদের এ শ্রদ্ধা আছে সে তাঁদেরকে সত্য সত্যই প্রশংসা করে, যথার্থ ও সময়োচিত প্রশংসাই করে থাকে। ভিক্ষু নিজে ধর্মের প্রতি শ্রদ্ধাশীল এবং ধর্মের এই গৌরবকে শ্রদ্ধা করে। যেসব ভিক্ষুর ধর্মের প্রতি গৌরব নেই সে তাদেরকে ধর্মের প্রতি উৎসাহিত করে। যাদের মধ্যে এ গুণটুকু আছে সে তাদেরকে সত্য সত্যই প্রশংসা করে, যথার্থ ও সময়োচিত প্রশংসা করে থাকে। ভিক্ষু নিজে সঙ্ঘের প্রতি গৌরবশীল এবং সঙ্ঘের এই গৌরবকে সম্মান করে। যেসব ভিক্ষুর সঙ্ঘের প্রতি গৌরব নেই সে তাদেরকে সেই গৌরবের প্রতি শ্রদ্ধাশীল করে তোলে। যাদের মধ্যে এ গুণটুকু আছে সে তাদেরকে সত্য সত্যই প্রশংসা, যথার্থ ও সময়োচিত প্রশংসাই করে। ভিক্ষু নিজে শিক্ষার প্রতি গৌরবশীল এবং শিক্ষার এই গৌরবকে শ্রদ্ধা করে। অন্য যেসব ভিক্ষু শিক্ষার প্রতি গৌরবশীল নহে সে তাদেরকে সেই শিক্ষার প্রতি উৎসাহিত করে। যাদের মধ্যে এ গুণটুকু আছে সে তাদেরকে প্রশংসা করে, যথার্থ ও সময়োচিত প্রশংসাই করে। ভিক্ষু নিজে সমাধির প্রতি গৌরবশীল এবং সমাধিকে শ্রদ্ধা করে। অন্য যেসব ভিক্ষুর সমাধির প্রতি গৌরব নেই সে তাদেরকে সমাধির প্রতি অনুপ্রাণিত করে। যাদের এ গুণ আছে সে তাদের সত্য সত্যই প্রশংসা করে, যথার্থ ও সময়োচিত প্রশংসাই করে। ভিক্ষু নিজে সুবাধ্য এবং সুবাধ্যতাকে গৌরব করে। অন্য যেসব ভিক্ষু বাধ্যগত নহে সে তাদেরকে বাধ্যগত হতে উৎসাহিত করে। যাদের বাধ্যতা গুণটুকু আছে সে তাদের সত্য সত্যই প্রশংসা করে, যথার্থ ও সময়োচিত প্রশংসাই করে। ভিক্ষু নিজে কল্যাণমিত্র এবং সেই কল্যাণমিত্র প্রশংসা করে। যেসব ভিক্ষু কল্যাণমিত্র নহে সে তাদেরকে কল্যাণমিত্রতা বিষয়ে

Visit: http://www.buddhistdownload.com

উৎসাহিত করে। যাদের কল্যাণমিত্রতা গুণটুকু অছে সে তাদের সত্য সত্যই প্রশংসা করে, যথার্থ প্রশংসা করে এবং সময়োচিত প্রশংসাই করে। শারীপুত্র, আমার সংক্ষিপ্ত ভাষিত বিষয়ের এরূপ বিস্তৃত অর্থ দ্রষ্টব্য।'

৫. পঠম মিত্ত সুত্তং- প্রথম মিত্র সূত্র

৩৬.১। 'হে ভিক্ষুগণ, ভিক্ষু সপ্ত বিষয়ে গুণ সম্পন্ন মিত্র সংসর্গ করার যোগ্য। সপ্ত কি কি?

২। যা দেওয়া কঠিন সে[৭] তা দেয়, দুষ্কর কার্য করে, দুঃক্ষম (যা ক্ষমা করা কঠিন) ক্ষমা করে, সে তার নিজের দোষ স্বীকার করে, পরের দোষ গোপন করে, আপদকালে পরিত্যাগ করে না, ধ্বংসের মুখোমুখি কাকেও ঘৃণা করে না।

হে ভিক্ষুগণ, ভিক্ষু এই সপ্ত বিষয়ে গুণ সম্পন্ন মিত্র সংসর্গ করার যোগ্য।

সৎমিত্র দুর্দদ দেন দুষ্কর কর্ম করেন সম্পাদন,
দুঃক্ষম করেন ক্ষমা, ক্ষমা করেন দুর্ভাষণ।
গুহ্য বিষয় বলেন মিত্রকে, বন্ধুর গোপনীয় না করেন প্রকাশ,
আপদে বিপদে না করেন পরিত্যাগ, ধনক্ষয়েও না হয় হতাশ।
যে ব্যক্তির এরূপ মিত্র গুণাবলী থাকে বিদ্যমান,
তাদৃশ মিত্রকে মিত্রকামীর করা উচিত ভজন-পূজন।'

৬. দুতিয মিত্ত সুত্তং- দ্বিতীয় মিত্র সূত্র

৩৭.১। 'হে ভিক্ষুগণ, সপ্ত বিষয়ে[৮] গুণযুক্ত ভিক্ষুর মিত্র সেবন, ভজন ও সম্মান করা উচিত যদিও সে (ভিক্ষু) বিতাড়িত[৯] হয়ে থাকে। সপ্ত কি কি?

২। প্রিয় হয়, মনোজ্ঞ হয়, গম্ভীর, সভ্য, বক্তা, অপরের নির্দেশে করতে ইচ্ছুক, গম্ভীর কথা বা ধ্যান মার্গ সম্বন্ধে কথনশীলী, অস্থানে বা অবিষয়ে নিজেকে নিয়োজিত করে না।

হে ভিক্ষুগণ, ভিক্ষুর এই সপ্ত বিষয়ে গুণযুক্ত ভিক্ষুর মিত্র সেবন, ভজন ও সম্মান করা উচিত যদিও সে (ভিক্ষু) বিতাড়িত হয়ে থাকে।

যিনি হন প্রিয়শীলী, গুরুপূজক, বক্তা বা বচন ক্ষম,
গম্ভীর মার্গের কথনশীলী অস্থানে না করেন নিয়োজন।

Visit: http://www.buddhistdownload.com

যে পুদ্গলের এতাদৃশ গুণাবলী থাকে বিদ্যমান।
তিনি হন অর্থকামী দয়ালু মিত্র,
তাদৃশ মিত্র হলেও অনিষ্ট[১০], তবুও ভজিত মিত্রকামীর।'

৭. পঠম পটিসম্ভিদা[১১] সুত্তং- প্রথম প্রতিসম্ভিদা সূত্র

৩৮.১। 'হে ভিক্ষুগণ, সপ্তধর্মে গুণসম্পন্ন ভিক্ষু অল্প দিনের মধ্যে চার প্রতিসম্ভিদা স্বয়ং অভিজ্ঞা[১২] দ্বারা উপলব্ধি করতঃ লাভ করে অবস্থান করে। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, ভিক্ষু যথার্থভাবে জানে "এটা আমার চিত্তের অলসতা"। আধ্যাত্মিক সংক্ষিপ্ত চিত্তকে "আমার আধ্যাত্মিক সংক্ষিপ্ত চিত্ত[১৩] বলে যথাযথভাবে জানে। বহির্দ্বারে বিক্ষিপ্ত চিত্তকে "বহির্দ্বারে আমার বিক্ষিপ্ত চিত্ত" বলে যথাযথভাবে জানে। তার জ্ঞাত বেদনা[১৪] উৎপন্ন হয়, জ্ঞাত বেদনা অপেক্ষা করে, জ্ঞাত বেদনা অন্তর্হিত হয়, জ্ঞাত সংজ্ঞা উৎপন্ন হয়, জ্ঞাত সংজ্ঞা উপস্থিত হয়, জ্ঞাত সংজ্ঞা অন্তর্হিত হয়। জ্ঞাত বিতর্ক (চিন্তা) উৎপন্ন হয়, জ্ঞাত বিতর্ক স্থিত হয়, জ্ঞাত বিতর্ক অন্তর্হিত হয়। উপকারী বা অনুপকারী যেসব ধর্ম আছে, হীন-প্রণীত, কৃষ্ণ, শুক্ল বা মিশ্রিত তদ্বিষয়ে প্রজ্ঞা দ্বারা ভালভাবে নিমিত্ত গ্রহণ করে, আনন্দিত মনে বিবেচনা করে।

হে ভিক্ষুগণ, এই সপ্তধর্মে গুণসম্পন্ন ভিক্ষু অল্প দিনের মধ্যে চার প্রতিসম্ভিদা স্বয়ং অভিজ্ঞা দ্বারা উপলব্ধি করতঃ লাভ করে অবস্থান করে।'

৮. দুতিয পটিসম্ভিদা সুত্তং- দ্বিতীয় প্রতিসম্ভিদা সূত্র

৩৯.১। ভিক্ষুগণ, সপ্তধর্মে গুণযুক্ত শারীপুত্র চার প্রতিসম্ভিদা স্বয়ং অভিজ্ঞা দ্বারা উপলব্ধি করতঃ লাভ করে অবস্থান করে। সপ্ত কি কি?

২। 'হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, শারীপুত্র যথাযথভাবে জানে, "এটা আমার চিত্তের অলসতা।" আধ্যাত্মিক সংক্ষিপ্ত চিত্তকে "এটা আমার অন্তরের সংক্ষিপ্ত" বলে যথাযথভাবে জানে। তার জ্ঞাত বেদনা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়; জ্ঞাত সংজ্ঞা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়; জ্ঞাত বিতর্ক উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়; উপকারী বা অনুপকারী, হীন-প্রণীত, কৃষ্ণ, শুক্ল বা মিশ্রিত যেসব বিষয়

Visit: http://www.buddhistdownload.com

আছে সেগুলি প্রজ্ঞা[১৫] দ্বারা ভালভাবে নিমিত্ত গ্রহণ করে, আনন্দিত মনে বিবেচনা করে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয়ে গুণযুক্ত শারীপুত্র চার প্রতিসম্ভিদা স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।'

৯. পঠম বস সুত্তং- প্রথম বশ সূত্র

৪০.১। 'হে ভিক্ষুগণ, সপ্ত বিষয়ে গুণান্বিত ভিক্ষু চিত্তকে আপন বশে পরিচালিত করে, ভিক্ষু চিত্তের বশে পরিচালিত হয় না। সপ্ত কি কি?

২। এক্ষেত্রে, ভিক্ষুগণ, ভিক্ষু সমাধিকুশল (সমাধিতে দক্ষ) হয়, সমাধির সমাপত্তিকুশল সম্পন্ন (সমাধি লাভে দক্ষ) হয়, সমাধির স্থিতিকুশল (স্থায়িত্ব রক্ষায় দক্ষ) হয়, সমাধির উত্থানকুশল (উত্থানে দক্ষ) সম্পন্ন হয়, সমাধির কল্পিত কুশল সম্পন্ন হয় (সমাধির কল্যাণ দক্ষ) সমাধির গোচর কুশল (সমাধির ক্ষেত্রে দক্ষ) সম্পন্ন হয়, সমাধির অভিনিহার কুশল (সমাধির প্রয়োগে দক্ষ) সম্পন্ন হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত ধর্মে গুণান্বিত ভিক্ষু চিত্তকে আপন বশে রাখে, চিত্তের বশীভূত হয় না।'

১০. দুতিয বস সুত্তং- দ্বিতীয় বশ সূত্র

৪১.১। 'হে ভিক্ষুগণ, সপ্তধর্মে গুণান্বিত শারীপুত্র চিত্তকে নিজের বশে পরিচালিত করে, শারীপুত্র চিত্তের বশে পরিচালিত হয় না।

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, শারীপুত্র সমাধিকুশল, সমাধি লাভে দক্ষ, সমাধির স্থিতি কুশল, সমাধির উত্থানকুশল, সমাধির কল্যাণ দক্ষ, সমাধির গোচর কুশল, সমাধির অভিনিহার[১৬] (সমাধির প্রয়োগে দক্ষ) সম্পন্ন।

হে ভিক্ষুগণ, এই সপ্তধর্মে গুণান্বিত শারীপুত্র চিত্তের বশে পরিচালিত হয় না।'

১১. পঠম নিদ্দেস সুত্তং- প্রথম প্রশংসা সূত্র

৪২.১। এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিক নির্মিত বিহারে অবস্থান করতেছিলেন। তখন আয়ুষ্মান শারীপুত্র পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করে পাত্রচীবর নিয়ে শ্রাবস্তীতে পিণ্ডাচরণে প্রবেশ

Visit: http://www.buddhistdownload.com

করেন। সে সময় আয়ুষ্মান শারীপুত্রের মনে এ চিন্তার উদ্রেক হল- 'শ্রাবস্তীতে পিণ্ডাচরণের অনেক সময় আছে (অর্থাৎ পিণ্ডাচরণের সঠিক সময় এখনও হয়নি)। এখন আমার অন্য তীর্থিয়[৭] পরিব্রাজকারামে উপস্থিত হওয়া উচিত।' এ চিন্তা করে শ্রদ্ধেয় শারীপুত্র অন্য তীর্থিয় পরিব্রাজকারামে উপস্থিত হন, উপস্থিত হয়ে সেই অন্য তীর্থিয় পরিব্রাজকদের সাথে কুশল বিনিময় করেন, কুশল বিনিময় কার্য পরিসমাপ্তির পর এক প্রান্তে উপবেশন করেন।

২। সে সময়ে সেই সমবেত উপবিষ্ট অন্য তীর্থিয় পরিব্রাজকদের মধ্যে হঠাৎ এ কথা (মন্তব্য) উঠল- "আবুসো (শ্রদ্ধেয় বন্ধুগণ), যদি কেউ দ্বাদশ বৎসর যাবত পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য জীবন যাপন করেন তাহলে তাঁর জন্য একথাটা বলা যথার্থ- "সেই ভিক্ষু প্রশংসার্হ"। অতঃপর আয়ুষ্মান শারীপুত্র সেই অন্য তীর্থিয় পরিব্রাজকদের ভাষিত বিষয়কে অভিনন্দনও করলেন না কিংবা নিন্দাও প্রকাশ করলেন না; অভিনন্দন কিংবা নিন্দা কোনটা না করেই আসন হতে উঠে প্রস্থান করলেন এ ভেবে 'ভগবানের সমীপে এ ভাষিত বিষয়ের অর্থ শিক্ষা করব (জানব)'।

৩। অতঃপর আয়ুষ্মান শারীপুত্র শ্রাবস্তীতে পিণ্ডাচরণ সমাপ্ত করে পিণ্ড গ্রহণের পর ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় শারীপুত্র ভগবানকে বলেন- "ভন্তে, আজ পূর্বাহ্নে চীবর পরিধান করে পাত্রচীবর নিয়ে আমি পিণ্ডাচরণে বের হই। তখন ভন্তে, আমার মনে এ চিন্তার উদ্রেক হয়- 'শ্রাবস্তীতে পিণ্ডাচরণের অনেক সময় আছে। ইতিমধ্যে আমার অন্য তীর্থিয় পরিব্রাজকারামে উপস্থিত হওয়া উচিত।' অতঃপর ভন্তে, সেই আমি অন্য তীর্থিয় পরিব্রাজকারামে উপস্থিত হই, উপস্থিত হয়ে সেই অন্য তীর্থিয় পরিব্রাজকদের সাথে কুশল বিনিময় করি, পরস্পর কুশল বিনিময় কার্য সমাপ্ত করে এক প্রান্তে উপবেশন করি। ভন্তে, সে সময়ে সেই সমবেত উপবিষ্ট অন্য তীর্থিয় পরিব্রাজকদের মধ্যে হঠাৎ এ মন্তব্য উঠল- আবুসো, যদি কেউ দ্বাদশ বৎসর যাবত পরিপূর্ণ পরিশুদ্ধ জীবন যাপন করেন তাহলে তাঁর জন্য এ কথাটা বলা যথার্থ- 'সেই ভিক্ষু প্রশংসার্হ।'

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর ভন্তে, আমি সেই অন্য তীর্থিয় পরিব্রাজকদের ভাষিত বিষয়কে অভিনন্দনও করলাম না কিংবা নিন্দাও করলাম না। অভিনন্দন কিংবা নিন্দা কোনটা না করেই আসন হতে উঠে প্রস্থান করলাম এ ভেবে যে, ভগবানের সমীপে এ ভাষিত বিষয়ের অর্থ জানব। ভন্তে, এই ধর্ম বিনয়ে কেবল মাত্র বর্ষ গণনায় কোন ভিক্ষুকে প্রশংসার্হ বলে প্রজ্ঞাপন (ঘোষণা) করা যায় কি?" "না শারীপুত্র, এই ধর্ম বিনয়ে কেবল মাত্র বর্ষ গণনায় কোন ভিক্ষু প্রশংসার যোগ্য বলে ঘোষণা করা যায় না। শারীপুত্র, এই সপ্ত প্রশংসার ক্ষেত্র আমার স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষকৃত। সপ্ত কি কি?"

৪। "এক্ষেত্রে, হে শারীপুত্র, ভিক্ষু শিক্ষা গ্রহণের প্রতি তীব্র ছন্দ (ইচ্ছা) সম্পন্ন এবং শিক্ষা গ্রহণ কালে তার উৎসাহ হ্রাস পায় না। সে ধর্ম প্রতিপালনে খুব উৎসুক হয় এবং ধর্ম প্রতিপালন কালে তার উৎসাহ হ্রাস পায় না। সে ইচ্ছা বিনয়ে তীব্র ছন্দসম্পন্ন এবং ইচ্ছা বিনয় শিক্ষা কালে তার উৎসাহ হ্রাস প্রাপ্ত হয় না। সে নির্জনতায় (প্রবিবেকে) তীব্র ইচ্ছা সম্পন্ন এবং নির্জনতা পালনে তার উৎসাহ হ্রাস পায় না। সে বীর্যারম্ভে তীব্র ইচ্ছা সম্পন্ন হয় এবং বীর্যারম্ভকালে তার উৎসাহ হ্রাস প্রাপ্ত হয় না। সে স্মৃতি আয়ত্বকরণে তীব্র ছন্দ সম্পন্ন হয় এবং তার স্মৃতি আয়ত্ব কালে উৎসাহ হ্রাস প্রাপ্ত হয় না। সে দৃষ্টি প্রতিবিদ্ধ করণে তীব্র ছন্দ সম্পন্ন এবং দৃষ্টি প্রতিবিদ্ধকরণ কালে তার উৎসাহের হ্রাস ঘটে না।

হে শারীপুত্র, এই সপ্ত প্রশংসার ক্ষেত্র আমার স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষকৃত।

৫। হে শারীপুত্র, এই সপ্ত প্রশংসার ক্ষেত্র সম্পন্ন কোন ভিক্ষু যদি দ্বাদশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য জীবন যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থ বলতে হয়- "ভিক্ষুটি প্রশংসার্হ", যদি চতুর্বিংশতি বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য জীবন যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থ বলতে হয়- 'ভিক্ষুটি প্রশংসার্হ', যদি ছত্রিশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য আচরণ করে তাহলে যথার্থ বলতে হয়- 'ভিক্ষুটি প্রশংসার্হ', যদি আটচল্লিশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থ বলতে হয়- 'ভিক্ষুটি প্রশংসার্হ'[১৮]।"

Visit: http://www.buddhistdownload.com

১২ দুতিয নিদ্দেস সুত্তং- দ্বিতীয় প্রশংসা সূত্র

৪৩.১। আমার এরূপ শ্রুত হয়েছে। এক সময় ভগবান কৌশাম্বীর ঘোষিতারামে[১৯] অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান আনন্দ পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করতঃ পাত্রচীবর নিয়ে কৌশাম্বীতে পিণ্ডাচরণে প্রবেশ করেন। অতঃপর আয়ুষ্মান আনন্দের মনে এরূপ চিন্তার উদয় হল- 'কৌশাম্বীতে পিণ্ডাচরণের এখন অনেক সময় আছে। এখন আমার অন্য তীর্থিয় পরিব্রাজক আরামে উপস্থিত হওয়া উচিত।' অতঃপর শ্রদ্ধেয় আনন্দ অন্য তীর্থিয় পরিব্রাজক আরামে উপস্থিত হয়ে তাঁদের সাথে কুশল বিনিময় করেন, কুশল বিনিময় কর্ম সমাপ্ত করে এক প্রান্তে উপবেশন করেন।

২। সে সময়ে সেই সমবেত অন্য তীর্থিয় পরিব্রাজকদের মধ্যে হঠাৎ এ কথার উদ্রেক হল- 'আবুসো, যদি কেউ দ্বাদশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য জীবন যাপন করেন তাহলে তাঁর জন্য এ কথাটা বলা যথার্থ- 'সেই ভিক্ষু প্রশংসার্হ।' অতঃপর শ্রদ্ধেয় আনন্দ সেই অন্য তীর্থিয় পরিব্রাজকদের ভাষিত বিষয়কে অভিনন্দন কিংবা নিন্দা কোনটাই করলেন না, অভিনন্দন কিংবা নিন্দা কোনটা না করেই আসন হতে উঠে প্রস্থান করেন এ ভেবে- ভগবানের সমীপে এ ভাষিত বিষয়ের অর্থ জানব।'

৩। তৎপর আয়ুষ্মান আনন্দ কৌশাম্বীতে পিণ্ডাচরণ করতঃ পিণ্ডপাত গ্রহণ শেষে ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান আনন্দ ভগবানকে এরূপ বলেন- 'ভন্তে, আজ পূর্বাহ্নে চীবর পরিধান করতঃ পাত্র চীবর নিয়ে আমি পিণ্ডাচরণে বের হই। তখন ভন্তে, আমার মনে এ চিন্তা উৎপন্ন হল- 'কৌশাম্বীতে পিণ্ডাচরণের অনেক সময় আছে। এ সময়টুকুতে আমার অন্য তীর্থিয় পরিব্রাজক আরামে উপনীত হওয়া উচিত।' "অতঃপর ভন্তে, সেই আমি অন্য তীর্থিয় পরিব্রাজক আরামে উপনীত হই। উপনীত হয়ে তাঁদের সাথে প্রাথমিক কুশল বিনিময় সম্পন্ন করি। তৎপর আমি এক প্রান্তে উপবেশন করি। ভন্তে, সে সময় সেই সমবেত উপবিষ্ট অন্য তীর্থিয় পরিব্রাজকদের মধ্যে হঠাৎ এ মন্তব্য উঠল- 'আবুসো, যদি কেউ দ্বাদশ

Visit: http://www.buddhistdownload.com

বৎসর যাবত পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য উদ্‌যাপন করেন তাহলে তাঁর জন্য এ কথাটা বলা যথার্থঃ 'সেই ভিক্ষু প্রশংসার যোগ্য'। অতঃপর ভন্তে, সেই আমি সেই অন্য তীর্থিয় পরিব্রাজকদের ভাষিত বিষয়ের অভিনন্দনও করলাম না কিংবা নিন্দাও করলাম না। অভিনন্দন কিংবা নিন্দা কোনটা না করেই আসন হতে উঠে প্রস্থান করি এ ভেবে- ভগবানের সমীপে এ ভাষিত বিষয়ের অর্থ জানব'। ভন্তে এই ধর্ম বিনয়ে কেবল মাত্র বর্ষ গণনায় কোন ভিক্ষু প্রশংসার যোগ্য বলে ঘোষণা করা যায় কি? আনন্দ, এই ধর্ম বিনয়ে কেবল মাত্র বর্ষ গণনায় কোন ভিক্ষু প্রশংসার যোগ্য বলে ঘোষণা করা যায় না। হে আনন্দ, এই সপ্ত প্রশংসার ক্ষেত্র আমার স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষকৃত (উপলব্ধ)। সপ্ত কি কি?

৪। হে আনন্দ, এক্ষেত্রে, ভিক্ষু শ্রদ্ধাবান, হিরি সম্পন্ন (পাপে লজ্জাশীলী), ওত্তপ্পী (পাপে ভয়শীল), বহুশ্রুত, আরব্ধবীর্য, স্মৃতিমান, প্রজ্ঞাবান হয়।

হে আনন্দ, এই সপ্ত প্রশংসার ক্ষেত্র আমা কর্তৃক স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষকৃত, প্রবেদিত।

৫। হে আনন্দ, এই সপ্ত প্রশংসার ক্ষেত্র সম্পন্ন কোন ভিক্ষু যদি দ্বাদশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থই বলতে হয়ঃ "ভিক্ষুটি প্রশংসার যোগ্য; যদি চতুর্বিংশতি বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থ বলতে হয়ঃ "ভিক্ষুটি প্রশংসার যোগ্য, যদি ছত্রিশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থই বলতে হয়ঃ ভিক্ষুটি প্রশংসার যোগ্য, যদি আটচল্লিশ বৎসর পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য যাপন করে তাহলে তার সম্পর্কে যথার্থই বলতে হয়- 'ভিক্ষুটি প্রশংসার যোগ্য।"

[দেবতা-বর্গ চতুর্থ সমাপ্ত]

তস্‌সুদ্দানং- স্মারক গাথা

অপ্রমাদ, হিরিমা এবং দ্বি সুবচ, দ্বি সখা
দ্বি প্রতিসম্ভিদা, দ্বিবিধ বশ, প্রশংসার যোগ্য পরে দ্বিবিধ।

Visit: http://www.buddhistdownload.com

৫. মহাযঞ্ঞ বগ্গো- মহাযজ্ঞ-বর্গ

১. সত্ত বিঞ্ঞাণট্ঠিতি সুত্তং- সপ্ত বিজ্ঞান স্থিতি সূত্র

৪৪.১। "হে ভিক্ষুগণ, এই সপ্ত বিজ্ঞান স্থিতি[১] (জীব স্থিতি)। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, সত্ত্বগণ (নানাত্ত্বকায়) বিবিধ কায়া সম্পন্ন, বিবিধ সংজ্ঞা সম্পন্ন, যেমন মনুষ্য[২], কোন কোন দেবতা[৩], কেউ বিনিপাতিক[৪] (যে প্রেত দুঃখ ভোগ করে)। এটা প্রথম বিজ্ঞান স্থিতি।

৩। হে ভিক্ষুগণ, কোন কোন সত্ত্ব আছে যেগুলি নানা কায়িক কিন্তু এক সংজ্ঞা বিশিষ্ট যেমন ব্রহ্মকায়িক দেবতা যারা প্রথম ধ্যান[৫] বশতঃ জন্ম গ্রহণ করে। এটা দ্বিতীয় বিজ্ঞান স্থিতি।

৪। হে ভিক্ষুগণ, কোন কোন সত্ত্ব আছে যারা এক কায় বিশিষ্ট কিন্তু বিভিন্ন সংজ্ঞা সম্পন্ন, যেমন আভস্বর[৬] দেবতা। এটা তৃতীয় বিজ্ঞান স্থিতি।

৫। হে ভিক্ষুগণ, কোন কোন সত্ত্ব আছে যারা এক কায়িক ও এক সংজ্ঞা বিশিষ্ট। যেমন সুভকিন্ন দেবতা[৭]। এটা চতুর্থ বিজ্ঞান স্থিতি।

৬। হে ভিক্ষুগণ, এমন সত্ত্ব আছে যারা সম্পূর্ণরূপে রূপ সংজ্ঞা[৮] অতিক্রম করতঃ প্রতিঘ (প্রতিক্রিয়া) সংজ্ঞা অস্তমিত করে নানাত্ব-সংজ্ঞাকে উপেক্ষা করতঃ 'অনন্ত আকাশ' অর্থাৎ আকাশ অনন্ত আয়তনে উপনীত। এটা পঞ্চম বিজ্ঞান[৯] স্থিতি।

৭। হে ভিক্ষুগণ, এমন সত্ত্বা আছে যারা সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন সমতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' বা বিজ্ঞান অনন্ত আয়তনে উপনীত। এটা ষষ্ঠ বিজ্ঞান স্থিতি।

৮। হে ভিক্ষুগণ, এমন সত্ত্ব আছে যারা সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' অর্থাৎ অকিঞ্চনায়তনে উপনীত। এটা সপ্তম বিজ্ঞান স্থিতি।

হে ভিক্ষুগণ, এগুলি সপ্ত বিজ্ঞান স্থিতি।"

২. সমাধি পরিক্খার সুত্তং[১০]- সমাধি পরিষ্কার সূত্র

৪৫.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয় সমাধির আবশ্যক (অলংকার)। সপ্ত কি কি?

Visit: http://www.buddhistdownload.com

২। সম্যক দৃষ্টি, সম্যক সংকল্প, সম্যক বাক্য, সম্যক কর্ম, সম্যক আজীব, সম্যক প্রচেষ্টা, সম্যক স্মৃতি। হে ভিক্ষুগণ, চিত্তের একাগ্রতা যা এই সপ্ত বিষয় দ্বারা অলংকৃত তাকে উপায় সহ আর্য সম্যক সমাধি বলে যা এরূপই, এর পরিষ্কার (ভূষণ) এরূপই।'

৩. পঠম অগ্গি সুত্তং- প্রথম অগ্নি[১১] সূত্র

৪৬.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্তবিধ অগ্নি। সপ্ত কি কি?

২। রাগাগ্নি, দোষাগ্নি, মোহাগ্নি, আহুনেয়্যাগ্নি, গৃহপতি অগ্নি, দক্ষিণেয়্যাগ্নি, কাষ্ঠাগ্নি।

হে ভিক্ষুগণ, এই সপ্তবিধ অগ্নি।'

৪. দুতিয অগ্গি সুত্তং- দ্বিতীয় অগ্নি সূত্র

৪৭.১। এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিকের বিহারে অবস্থান করতেছিলেন। সে সময় উগ্গতসরীর ব্রাহ্মণের উদ্দেশ্যে এক মহাযজ্ঞ প্রস্তুত হচ্ছিল। যজ্ঞের জন্য পঞ্চশত ষাঁড়, পঞ্চশত এঁড়ে বাছুর, পঞ্চশত বাক্না বাছুর, পঞ্চশত ছাগল, পঞ্চশত মেষ যজ্ঞ[১২] স্তম্ভের নিকট আনিত হল। অতঃপর উগ্গতসরীর ব্রাহ্মণ ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানের সাথে প্রাথমিক কুশল বিনিময় করেন, বন্ধুত্বপূর্ণ সম্ভাষণ সমাপ্ত করে তিনি এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট উগ্গতসরীর ব্রাহ্মণ ভগবানকে এরূপ বললেনঃ 'ভবৎ গৌতম, আমি এরূপ শুনেছিঃ অগ্নি স্থাপন এবং যজ্ঞস্তম্ভ উত্তোলন মহাফল মহাপুণ্য প্রদায়ক।' 'হে ব্রাহ্মণ, আমা কর্তৃকও এরূপ শ্রুত হয়েছেঃ অগ্নি স্থাপন এবং যজ্ঞস্তম্ভ উত্তোলন মহাফল ও মহাপুণ্য দায়ক।' দ্বিতীয়বার ও তৃতীয়বারও উগ্গতসরীর ব্রাহ্মণ ভগবানকে বললেনঃ ভবৎ গৌতম, আমা দ্বারা শ্রুত হয়েছেঃ অগ্নি স্থাপন ও যজ্ঞস্তম্ভ উত্তোলন মহাফল, মহাপুণ্য প্রদায়ক।' 'ব্রাহ্মণ, আমা দ্বারাও এরূপ শ্রুতঃ অগ্নি স্থাপন ও যজ্ঞস্তম্ভ উত্তোলন মহাফল, মহাপুণ্য দায়ক।' 'ভবৎ গৌতম, এটা আমাদিগকে একত্রিত করেছে, এমনকি ভবৎ গৌতম ও আমাদিগকেও; হাঁ, সবার সাথে সবাইকে।'

২। এরূপ উক্ত হলে শ্রদ্ধেয় আনন্দ উগ্গতসরীর ব্রাহ্মণকে এরূপ বললেনঃ 'বাস্তবিকই হে ব্রাহ্মণ, ভগবানকে এরূপ জিজ্ঞাসা করা

Visit: http://www.buddhistdownload.com

অনুচিতঃ ভবৎ গৌতম, আমা কর্তৃক এরূপ শ্রুতঃ "অগ্নি স্থাপন ও যজ্ঞস্তম্ভ উত্তোলন মহাফল, মহাপুণ্যদায়ক।" হে ব্রাহ্মণ, তথাগতগণ এরূপ জিজ্ঞাসিতব্যঃ "ভন্তে, আমি অগ্নি স্থাপনে উৎসুক, যজ্ঞস্তম্ভ উত্তোলনে উৎসুক, ভন্তে ভগবন, আমাকে উপদেশ প্রদান করুন, ভন্তে ভগবন, আমাকে অনুশাসন করুন যদ্বারা আমার দীর্ঘকালের হিত ও সুখের কারণ হয়!"

৩। তৎপর উন্নতসরীর ব্রাহ্মণ ভগবানকে বলেনঃ 'ভবৎ গৌতম, আমি অগ্নি স্থাপনে, যজ্ঞস্তম্ভ উত্তোলনে উৎসুক, ভবৎ গৌতম, অনুগ্রহপূর্বক আমাকে উপদেশ প্রদান করুন, ভবৎ গৌতম, আমাকে অনুশাসন করুন যদ্বারা আমার দীর্ঘকাল হিত ও সুখের কারণ হয়।' 'হে ব্রাহ্মণ, অগ্নি স্থাপনের পূর্বেই অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারী তিনটি অস্ত্র[১৩] স্থাপন করে যা অকুশল, দুঃখ উদ্রেককারী, দুঃখবিপাকী। তিন কি কি?

৪। কায়-অস্ত্র, বাক্-অস্ত্র, মন-অস্ত্র। হে ব্রাহ্মণ, যজ্ঞের পূর্বেও অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারীর এরূপ চিত্ত উৎপন্ন হয়ঃ "যজ্ঞে এত সংখ্যক ষাঁড়, এত সংখ্যক এঁড়ে বাছুর, এত সংখ্যক বাক্না বাছুর, এত সংখ্যক ছাগল, এত সংখ্যক মেষ হত্যা করা হোক।" সে 'পুণ্য করছি' ভেবে অপুণ্যই করে, 'কুশল করছি' এ ভেবে অকুশলই সম্পাদন করে, 'সুগতি মার্গ পর্য্যবেক্ষণ (অনুসন্ধান) করছি' ভেবে দুর্গতি মার্গেরই পর্য্যবেক্ষণ করে। হে ব্রাহ্মণ, যজ্ঞের পূর্বেই অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারী এই প্রথম মনো অস্ত্র স্থাপন করে যা অকুশল, দুঃখ উদ্রেককর, দুঃখ বিপাকী।

৫। পুনঃ হে ব্রাহ্মণ, যজ্ঞের পূর্বেই অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারী এরূপ বাক্য ভাষণ করেঃ "যজ্ঞে এত সংখ্যক ষাঁড়, এত সংখ্যক এঁড়ে বাছুর, এত সংখ্যক বাক্না বাছুর, এত সংখ্যক ছাগল, এত সংখ্যক মেষ হত্যা করুন।" সে 'পুণ্য করছি' ভেবে অপুণ্যই করে, 'কুশল করছি' ভেবে অকুশলই সম্পাদন করে, 'সুগতি মার্গ অনুসন্ধান করছি' ভেবে দুর্গতি মার্গেরই অনুসন্ধান করে। হে ব্রাহ্মণ, যজ্ঞের পূর্বেই অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারী এই দ্বিতীয় বাক্ অস্ত্র স্থাপন করে যা অকুশল, দুঃখ সৃষ্টিকারী, দুঃখ বিপাকী।

Visit: http://www.buddhistdownload.com

৬। পুনঃ হে ব্রাহ্মণ, অগ্নি স্থাপন, যজ্ঞস্তম্ভ স্থাপনের মাধ্যমে যজ্ঞ সম্পাদনের পূর্বে যজ্ঞকারী নিজে প্রথমে এ বলে কাজটি আরম্ভ করেঃ "যজ্ঞের জন্য এত সংখ্যক ষাঁড়, এত সংখ্যক এঁড়ে বাছুর, এত সংখ্যক বাক্না বাছুর, এত সংখ্যক ছাগল, এত সংখ্যক মেষ হত্যা করুন।" সে 'পুণ্য করছি' ভেবে অপুণ্যই করে, 'কুশল করছি' ভেবে অকুশলই সম্পাদন করে' 'সুগতিমার্গ অনুসন্ধান করছি' ভেবে দুর্গতি মার্গই অনুসন্ধান করে। হে ব্রাহ্মণ, যজ্ঞ সম্পাদনের পূর্বেই অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারী এই তৃতীয় কায়-অস্ত্র স্থাপন করে যা অকুশল, দুঃখ উদ্রেককারী, দুঃখ বিপাকী।

হে ব্রাহ্মণ, যজ্ঞ সম্পাদনের পূর্বে অগ্নি স্থাপনকারী, যজ্ঞস্তম্ভ উত্তোলনকারী এই তিনটি অস্ত্র স্থাপন করে যা অকুশল, দুঃখ সৃষ্টিকারী, দুঃখ বিপাকী।

৭। হে ব্রাহ্মণ, এই ত্রি-অগ্নি পরিত্যাগ যোগ্য, বর্জনযোগ্য, সেবন অনুচিত। ত্রি কি কি?

৮। রাগাগ্নি, দ্বেষাগ্নি, মোহাগ্নি। হে ব্রাহ্মণ, রাগাগ্নি, দ্বেষাগ্নি, মোহাগ্নি কেন পরিত্যাগ যোগ্য, বর্জনযোগ্য, সেবন অনুচিত?

৯। হে ব্রাহ্মণ, মোহিত, কামাসক্ত, কামাবিষ্ট চিত্ত কায়ে দুরাচরণ করে, বাক্য দ্বারে দুরাচরণ করে, মনোদ্বারে দুরাচরণ করে। সে কায়িক দুরাচরণ, বাচনিক দুরাচরণ, মনোদ্বারে দুরাচরণ করে' কায়ভেদে মৃত্যুর পর অপায় দুর্গতি বিনিপাত নরকে[১৪] পুনর্জন্ম লাভ করে। সে কারণে রাগাগ্নি (কামাগ্নি) পরিত্যাগ, বর্জন করা, সেবন না করা উচিত। হে ব্রাহ্মণ, দোষাগ্নি কেন ত্যাগ করা, বর্জন করা, সেবন না করা উচিত?

১০। হে ব্রাহ্মণ, দুষ্ট, দোষাভিভূত, দোষাবিষ্ট চিত্ত কায়ে দুরাচরণ করে, বাক্য দ্বারে দুরাচরণ করে, মনোদ্বারে দুরাচরণ করে। সে কায়িক, বাচনিক, মনো দ্বারে দুরাচরণ করার পর কায়ভেদে মৃত্যুর পর অপায় দুর্গতি বিনিপাত নরকে পুনর্জন্ম লাভ করে। সে কারণে দোষাগ্নি পরিত্যাগ, বর্জন, সেবন না করা উচিত। হে ব্রাহ্মণ, মোহাগ্নি কেন পরিত্যাগ, বর্জন করা, সেবন না করা উচিত?

১১। মূঢ়, হে ব্রাহ্মণ, মোহাভিভূত, মোহাবিষ্ট চিত্ত কায়িক, বাচনিক, মানসিক দুরাচরণ করে। সে কায়িক, বাচনিক, মানসিক দুরাচরণ করে

Visit: http://www.buddhistdownload.com

অপায় দুর্গতি বিনিপাত নিরয়ে পুনর্জন্ম লাভ করে। সে কারণে মোহাগ্নি বর্জন, পরিহার, সেবন না করা উচিত।

হে ব্রাহ্মণ, এই ত্রি-অগ্নি পরিহার, বর্জন, সেবন না করা উচিত।

১২। হে ব্রাহ্মণ, এই ত্রি-অগ্নি সৎকার, গৌরবকৃত, মানিত, পূজিত হলে সম্যক সুখ আনয়ন করে। ত্রি কি কি?

১৩। আহুনেয়্য (আহ্বানযোগ্য) অগ্নি, গৃহপতি অগ্নি, দক্ষিণাযোগ্য অগ্নি।

হে ব্রাহ্মণ, আহুনেয়্য (আহ্বানযোগ্য শ্রদ্ধেয়) অগ্নি কিরূপ?

এক্ষেত্রে, হে ব্রাহ্মণ, একজন লোকের কথা ভাবুন যে তার মাতা বা পিতাকে সম্মান করে। হে ব্রাহ্মণ, এটাকে বলা হয় শ্রদ্ধাযোগ্য অগ্নি। তার কারণ কি? এটা হতে এই শ্রদ্ধা এসেছে। সে কারণে হে ব্রাহ্মণ, আহ্বান যোগ্য অগ্নি সৎকার, গৌরব, মানিত, পূজিত হলে সম্যক সুখ আনয়ন করে। এবং গৃহপতি অগ্নি কি হে ব্রাহ্মণ?

১৫। এক্ষেত্রে, হে ব্রাহ্মণ, একজন লোক তার পুত্র, দার, দাস, দূত কর্মকার (কাজের লোক) কে মান্য করে। এটাকে বলা হয় গৃহপতি অগ্নি। সে কারণে গৃহপতি অগ্নি সৎকার, গৌরব, মানিত, পূজিত হলে যথার্থ সুখ আনয়ন করে। হে ব্রাহ্মণ, দক্ষিণা যোগ্য অগ্নি কি?

১৬। এক্ষেত্রে, হে ব্রাহ্মণ, যে সমস্ত শ্রমণ-ব্রাহ্মণ মান, প্রমাদ-বিরত, যারা ক্ষান্তি[১৫] পরায়ণ, বিনীত, যারা নিজকে দমন করে, শান্ত করে, নিবৃত্ত করে- একেই বলা হয় দক্ষিণাযোগ্য অগ্নি। সে কারণে দান যোগ্য অগ্নি সৎকার, গৌরব, মানিত, পূজিত হলে নিশ্চিত সুখ আনয়ন করে।

হে ব্রাহ্মণ, এই ত্রিবিধ অগ্নি সৎকার, গৌরব, মানিত, পূজিত হলে সম্যক সুখ আনয়ন করে।

হে ব্রাহ্মণ, এই কাষ্ঠাগ্নি মাঝে মাঝে প্রজ্জ্বলিত করা উচিত। মাঝে মাঝে যত্ন নেওয়া উচিত, মাঝে মাঝে নির্বাপন করা উচিত, মাঝে মাঝে নিক্ষেপ করা উচিত।'

১৭। এরূপ উক্ত হলে ব্রাহ্মণ উগ্গতশরীর ভগবানকে এরূপ বলেন- "আশ্চর্য, ভবৎ গৌতম অদ্ভুত! ভবৎ গৌতম, আজ হতে আমাকে আপনার শরণাগত উপাসক হিসাবে গ্রহণ করুন। আমি এই পঞ্চশত

Visit: http://www.buddhistdownload.com

ষাঁড় মুক্ত করে দিচ্ছি। ভবৎ গৌতম, আমি তাদিগকে জীবন দান দিচ্ছি। আমি এসব এঁড়ে বাছুর, বাক্না বাছুর, ছাগ, মেষকে মুক্ত করে দিচ্ছি। আমি তাদেরকে জীবন দান করছি। তারা সবুজ ঘাস গ্রহণ করুক, তারা শীতল জল পান করুক, তাদের উপর মুক্ত বাতাস বয়ে যাক!"

৫. পঠম সঞ্ঞা[১৬] সুত্তং- প্রথম সংজ্ঞা সূত্র

৪৮.১। 'হে ভিক্ষুগণ, এই সপ্ত[১৭] সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত (বৃদ্ধি করা) হলে মহাফল মহা আনিশংস লাভ হয় যদ্বারা চরম লক্ষ্য প্রদায়ক অমরতার গভীরতা মাপা যায়। সপ্ত কি কি?

২। অশুভসংজ্ঞা, মৃত্যুসংজ্ঞা, আহারে পরিতৃপ্তি সংজ্ঞা, সর্বলোকে অনভিরতি (অসন্তোষ) সংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা।

হে ভিক্ষুগণ, এই সপ্ত সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে মহাফল, মহা আনিশংস লাভ হয় যা অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী।'

৬. দুতিয সঞ্ঞা সুত্তং- দ্বিতীয় সংজ্ঞা সূত্র

৪৯.১. 'হে ভিক্ষুগণ! এই সপ্ত সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত (বৃদ্ধি করা) হলে মহাফল মহা আনিশংস লাভ হয় যদ্বারা চরম লক্ষ্য প্রদায়ক অমরতার গভীরতা মাপা যায়। সপ্ত কি কি?

২। অশুভসংজ্ঞা, মৃত্যুসংজ্ঞা, আহারে পরিতৃপ্তি সংজ্ঞা, সর্বলোকে অনভিরতি (অসন্তোষ) সংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্ম সংজ্ঞা।

৩। 'হে ভিক্ষুগণ, অশুভসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত (বৃদ্ধি করা) হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী মহাফল, মহা আনিশংস লাভ হয়, এটা এরূপ কথিত এবং এটা কোন্ বিষয়ে কথিত হয়েছে?

৪। হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন অশুভসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত (চেতনাবহুল) হয়ে বিহার করে তখন চিত্ত পশ্চাৎদিকে আকর্ষণ করে, পশ্চাৎদিকে গতি ফিরায়, মৈথুনধর্মে প্রবর্তিত করে, সম্প্রসারিত করে না এবং উপেক্ষা বা ঘৃণা প্রতিষ্ঠিত হয়। একটা মোরগের পালক বা কোমলাস্থি যেমন আগুনে নিক্ষিপ্ত হলে পশ্চাৎদিকে আকর্ষণ করে। পশ্চাৎদিকে গতি ফিরায়, পশ্চাৎদিকে ঘুরে এবং স্ফীত হয় না, তদ্রূপ

Visit: http://www.buddhistdownload.com

হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন অশুভসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার করে তখন চিত্ত পশ্চাৎদিকে ধাবিত হয়, পশ্চাৎদিকে গতি ফিরায়, মৈথুনধর্মে নিপতিত হয়, সম্প্রসারিত করে না এবং উপেক্ষা বা ঘৃণার উদ্রেক করে। হে ভিক্ষুগণ, অশুভসংজ্ঞা পরিবৃত চেতনাবহুল হয়ে বিহার কালে যদি ভিক্ষু মৈথুন বিষয় অনুসন্ধান করে, আমোদিত হয় তাহলে, হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা ভাবা উচিত, 'আমা কর্তৃক অশুভ সংজ্ঞা অভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার অভাবিত, ভাবনাফল আমার অপ্রাপ্ত।' তখন সত্য সত্যই সে অভিনিবিষ্ট (মনোযোগী) হয়। কিন্তু হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন অশুভসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার করে তখন চিত্ত পশ্চাৎদিকে আকর্ষণ করে, গতি ফিরায়, মৈথুন বিষয়াসক্ত চিত্ত প্রবর্তিত করে, সম্প্রসারিত করে না এবং উপেক্ষা বা ঘৃণা জন্মে। তখন হে ভিক্ষুগণ, তার এটা উপলব্ধি করা উচিতঃ "অশুভসংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত, ভাবনাফল আমার প্রাপ্ত।" তখন সে নিশ্চয়ই মনোযোগী হয়। হে ভিক্ষুগণ, অশুভসংজ্ঞা ভাবা হলে, বৃদ্ধি করা হলে মহাফল, মহা আনিশংস লাভ হয় যা অমৃত রূপ চরম লক্ষ্য প্রদায়ী। এটা এরূপ কথিত এবং এ কারণেই এটা কথিত।

৫। হে ভিক্ষুগণ, মৃত্যুসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত এবং কোন্ কারণে এটা উক্ত হয়েছে?

৬। হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন মরণসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার করে তখন চিত্ত জীবনের আশায় পশ্চাৎদিকে আকর্ষণ করে, গতি ফিরায়, পরিবর্তন হয়, স্ফীত হয় না এবং উপেক্ষা বা ঘৃণা স্থাপিত হয়। একটা মোরগের পালক বা কোমলাস্থি যেমন আগুনে প্রক্ষিপ্ত হলে পশ্চাৎদিকে আকর্ষণ করে, গতি ফিরায়, আবর্তিত হয় এবং স্ফীত হয় না, তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন মরণসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার করে তখন জীবনের আশায় পশ্চাৎদিকে আকর্ষণ করে, গতি ফিরায়, আবর্তিত হয়, স্ফীত হয় না এবং উপেক্ষা বা ঘৃণার (প্রতিকূলতা) উদ্রেক করে। হে ভিক্ষুগণ, মরণসংজ্ঞা পরিবৃত চেতনাহুল হয়ে বিহার কালে যদি চিত্ত জীবনের আশা অনুসন্ধান করে,

Visit: http://www.buddhistdownload.com

আমোদিত হয় তাহলে, ভিক্ষুগণ, ভিক্ষুর এটা ভাবা উচিতঃ "আমা দ্বারা মৃত্যুসংজ্ঞা অভাবিত, ভাবনাফল আমার অপ্রাপ্ত।" তখন সত্য সত্যই সে অভিনিবিষ্ট হয়। কিন্তু হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন মৃত্যুসংজ্ঞা পুঞ্জীভূত চিত্ত হয়ে বিহার করে তখন চিত্ত পশ্চাৎদিকে আকর্ষণ করে, গতি ফিরায়, আবর্তিত হয়, স্ফীত হয় না এবং উপেক্ষা বা ঘৃণা জন্মে। তখন হে ভিক্ষুগণ, তার এটা উপলব্ধি করা উচিতঃ "মৃত্যুসংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত।" তখন সে নিশ্চয়ই মনোযোগী হয়। হে ভিক্ষুগণ, মৃত্যুসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে এটা কথিত এবং এটা একারণেই কথিত।

৭। হে ভিক্ষুগণ, আহারে প্রতিকূল সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে মহাফল, মহা আনিশংস লাভ হয় যা অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক বলে কথিত এবং এটা কোন্ কারণে কথিত হয়েছে?

৮। হে ভিক্ষুগণ, ভিক্ষু আহারে প্রতিকূল সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার কালে রস তৃষ্ণায় চিত্ত পশ্চাদ্দিকে আকর্ষণ করে, গতি ফিরায়, পরিবর্তিত হয়, স্ফীত হয় না এবং উপেক্ষা বা ঘৃণা স্থাপিত হয়। যেমন, হে ভিক্ষুগণ, একটা মোরগের পালক বা কোমলাস্থি আগুনে প্রক্ষিপ্ত হলে তা পশ্চাদ্দিকে আকর্ষণ করে, গতি ফিরায়, আবর্তিত হয়, তদ্বারা স্ফীত হয় না, তদ্রূপ হে ভিক্ষুগণ, ভিক্ষু আহারে প্রতিকূল সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার কালে রস তৃষ্ণায় চিত্ত পশ্চাৎদিকে আকর্ষণ করে, গতি ফিরায়, পরিবর্তিত হয়, স্ফীত হয় না এবং উপেক্ষা বা ঘৃণা স্থাপিত হয়। হে ভিক্ষুগণ, যখন ভিক্ষু আহারে প্রতিকূল সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে রস তৃষ্ণায় চিত্ত অনুসন্ধান করে, আমোদিত হয়, তখন হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা ভাবা উচিত- "আহারে প্রতিকূল সংজ্ঞা আমার অভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার অভাবিত, ভাবনাফল আমার অপ্রাপ্ত।", তখন হে ভিক্ষুগণ, সত্য সত্যই সে অভিনিবিষ্ট হয়। কিন্তু হে ভিক্ষুগণ, ভিক্ষু আহারে প্রতিকূল সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার কালে রস তৃষ্ণায় চিত্ত পশ্চাদ্দিকে আকর্ষণ করে, গতি ফিরায়, আবর্তিত হয় এবং স্ফীত হয় না, উপেক্ষা বা ঘৃণা স্থাপিত হয়। তখন হে ভিক্ষুগণ, তার

Visit: http://www.buddhistdownload.com

এটা উপলব্ধি করা উচিতঃ "আহারে প্রতিকূল সংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত, ভাবনাফল আমার প্রাপ্ত হয়েছে।" তখন সে নিশ্চয়ই মনোযোগী হয়। হে ভিক্ষুগণ, আহারে প্রতিকূল সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত এবং এটা এ কারণেই কথিত।

৯। হে ভিক্ষুগণ, সর্বলোকে অনভিরতি (অসন্তোষ) সংজ্ঞা ভাবিত, বর্দ্ধিত করা হলে অমৃত তুল্য চরম লক্ষ্য প্রদায়ী মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত এবং এটা কোন্ কারণে কথিত?

১০। হে ভিক্ষুগণ, ভিক্ষু সর্বলোকে (জগতে) অনভিরতি (অসন্তোষ) সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বাস কালে লোকচিত্তে চিত্ত পশ্চাদ্দিকে আকৃষ্ট হয়, পশ্চাদ্দিকে গতি ফিরায়, প্রবর্তিত করে, সম্প্রসারিত করে না এবং উপেক্ষা বা ঘৃণার উদ্রেক করে। যেমন- হে ভিক্ষুগণ, একটা মোরগের পালক বা কোমলাস্থি আগুনে নিক্ষিপ্তি হলে পশ্চাৎদিকে আকর্ষণ করে, পশ্চাৎদিকে গতি ফিরায়, পশ্চাৎদিকে আকর্ষণ করে, পশ্চাৎদিকে গতি ফিরায়, পশ্চাৎদিকে ঘুরে এবং স্ফীত হয় না, তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু সর্বলোকে অনভিরতি সংজ্ঞা চেতনাযুক্ত হয়ে বিহার কালে লোকচিত্তে চিত্ত পশ্চাদ্দিকে আকৃষ্ট হয়, পশ্চাৎদিকে গতি ফিরায়, প্রবর্তিত করে, সম্প্রসারিত করে না এবং ঘৃণার উদ্রেক করে। হে ভিক্ষুগণ, ভিক্ষু সর্বলোকে অনভিরতি সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বাস কালে লোকচিত্তে চিত্ত অনুসন্ধান করে, আমোদিত হয়। তখন হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা ভাবা উচিতঃ "সর্বলোকে অনভিরতি সংজ্ঞা আমার অভাবিত, পূর্ব অবস্থা হতে উন্নততর অবস্থা আমার অভাবিত, ভাবনা ফল আমার অপ্রাপ্ত।" তখন সত্য সত্যই সে মনোযোগী হয়। কিন্তু হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন সর্বলোকে অনভিরতি সংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার করে তখন লোকচিত্তে চিত্ত আকৃষ্ট হয়, পশ্চাৎদিকে গতি ফিরায়, প্রবর্তিত করে, সম্প্রসারিত করে না এবং ঘৃণা জন্মায়। তখন হে ভিক্ষুগণ, তার এটা উপলব্ধি করা উচিতঃ "সর্বলোকে অনভিরতি সংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত, ভাবনা ফল আমার প্রাপ্ত।" তখন সে নিশ্চয়ই

Visit: http://www.buddhistdownload.com

মনোযোগী হয়। হে ভিক্ষুগণ, সর্বলোকে অনভিরতি সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে এটা কথিত এবং এটা এ কারণেই কথিত হয়েছে।

১১। হে ভিক্ষুগণ, অনিত্যসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত এবং এটা কোন্ কারণে কথিত হয়েছে?

১২। হে ভিক্ষুগণ, ভিক্ষু অনিত্যসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার কালে সৎকারে চিত্ত পশ্চাদ্দিকে আকর্ষণ করে, গতি ফিরায়, আবর্তিত হয়, সম্প্রসারিত হয় না, উপেক্ষা বা ঘৃণা প্রতিষ্ঠিত হয়। যেমন, হে ভিক্ষুগণ, একটা মোরগের পালক বা কোমলাস্থি আগুনে নিক্ষিপ্ত হলে পশ্চাৎদিকে আকর্ষণ করে, পশ্চাৎদিকে গতি ফিরায়, পশ্চাৎদিকে ঘুরে কিন্তু সম্প্রসারিত হয় না, তদ্রূপ, হে ভিক্ষুগণ, অনিত্যসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার কালে লাভ সৎকারে চিত্ত পশ্চাৎদিকে আকৃষ্ট হয়, পশ্চাৎদিকে গতি ফিরায়, প্রবর্তিত করে এবং সম্প্রসারিত করে না এবং ঘৃণা প্রতিষ্ঠিত হয়। যখন হে ভিক্ষুগণ, ভিক্ষু অনিত্যসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বাস করে তখন লাভ সৎকারে চিত্ত অনুসন্ধান করে, অপ্রতিকূলতা প্রতিষ্ঠিত হয়। তখন হে ভিক্ষুগণ, তার এটা ভাবা উচিতঃ "অনিত্যসংজ্ঞা আমার অভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার অভাবিত, ভাবনাফল আমার অপ্রাপ্ত।" তখন সে সত্য সত্যই মনোযোগী হয়। হে ভিক্ষুগণ, যদি ভিক্ষু অনিত্যসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাযুক্ত হয়ে বিহার করে তখন চিত্ত লাভ সৎকারে পশ্চাৎদিকে আকৃষ্ট হয়, গতি ফিরায়, আবর্তিত হয়, সম্প্রসারিত হয় না, উপেক্ষা বা প্রতিকূলতা প্রতিষ্ঠিত হয় তখন হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা উপলব্ধি করা উচিতঃ "অনিত্যসংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত, ভাবনাফল আমার প্রাপ্ত।" তখন সে সত্য সত্যই মনোযোগী হয়। হে ভিক্ষুগণ, অনিত্যসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত, এটা একারণেই কথিত হয়েছে।

১৩। হে ভিক্ষুগণ, অনিত্যে দুঃখসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ী মহাফল মহা আনিশংস লাভ হয় বলে

Visit: http://www.buddhistdownload.com

কথিত এবং কোন্ কারণে তা কথিত হয়েছে?

১৪। হে ভিক্ষুগণ, অনিত্যে দুঃখসংজ্ঞা পুঞ্জীভূত হয়ে বিহার কালে ভিক্ষুর আলস্য, জড়তা, অবসন্নতা, প্রমাদ (অসতর্কতা), অননুযোগে (অশ্রদ্ধা), অপ্রত্যবেক্ষণে তীব্র ভয় সংজ্ঞা উৎপন্ন হয় একজন বধকের উৎক্ষিপ্ত অসি সদৃশ। হে ভিক্ষুগণ, যখন ভিক্ষু, অনিত্যে দুঃখসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার করে তখন চিত্তে আলস্য, জড়তা, অবসন্নতা, প্রমাদ অননুযোগ আসে, একজন বধকের উৎক্ষিপ্ত অসি সদৃশ অপ্রত্যবেক্ষণ জনিত তীব্র ভয়সংজ্ঞা উৎপন্ন না হয় তাহলে হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা ভাবা উচিতঃ "অনিত্যে দুঃখসংজ্ঞা আমার অভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার অভাবিত, ভাবনাফল আমার অপ্রাপ্ত।" তখন সত্য সত্যই সে মনোযোগী হয়। যদি হে ভিক্ষুগণ, ভিক্ষু অনিত্যে দুঃখসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার কালে চিত্তে আলস্য, জড়তা, অবসন্নতা, প্রমাদ, অননুযোগ আসে, একজন বধকের উৎক্ষিপ্ত অসি সদৃশ অপ্রত্যবেক্ষণ জনিত তীব্র ভয়সংজ্ঞা উৎপন্ন হয় তাহলে হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা উপলব্ধি করা উচিতঃ "অনিত্যে দুঃখসংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত, ভাবনাফল আমার প্রাপ্ত।" তখন সে একান্তভাবে অভিনিবিষ্ট হয়। হে ভিক্ষুগণ, অনিত্যে দুঃখসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত, এটা একারণেই কথিত হয়েছে।

১৫। হে ভিক্ষুগণ, দুঃখে অনাত্মসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত এবং কোন্ কারণে এরূপ কথিত হয়েছে?

১৬। হে ভিক্ষুগণ, ভিক্ষু দুঃখে অনাত্মসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার কালে এই সবিজ্ঞান কায়ে ও বহির্দ্বারে সর্ব নিমিত্তে "অহংকার" "মমকার" (আমি-আমার) মান অপগত চিত্ত অহংকারমুক্ত হয়। হে ভিক্ষুগণ, ভিক্ষু যখন দুঃখে অনাত্মসংজ্ঞা পুঞ্জীভূত চেতনা বহুল হয়ে বিহার কালে এই সবিজ্ঞান কায়ে ও বহির্দ্বারে সর্ব নিমিত্তে "অহংকার" "মমকার " মান অপগত, চিত্ত অহংকারমুক্ত না হয় তখন হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা ভাবা উচিতঃ "দুঃখে অনাত্মসংজ্ঞা আমার

Visit: http://www.buddhistdownload.com

অভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার অভাবিত, ভাবনাফল আমার অপ্রাপ্ত", তখন ভিক্ষু সত্য সত্যই মনোযোগী হয়। কিন্তু হে ভিক্ষুগণ, যদি ভিক্ষু দুঃখে অনাত্মসংজ্ঞা পুঞ্জীভূত চেতনাবহুল হয়ে বিহার কালে এই সবিজ্ঞান কায়ে ও বহির্দ্বারে সর্ব নিমিত্তে "অহংকার" "মমকার" মান অপগত, চিত্ত অহংকার মুক্ত হয় তাহলে হে ভিক্ষুগণ, ভিক্ষুর এটা উপলব্ধি করা উচিতঃ "দুঃখে অনাত্মসংজ্ঞা আমার ভাবিত, পূর্বাবস্থা হতে উন্নততর অবস্থা আমার ভাবিত, ভাবনাফল আমার প্রাপ্ত।" এভাবে সত্য সত্যই সে অভিনিবিষ্ট হয়। হে ভিক্ষুগণ, দুঃখে অনাত্মসংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক মহাফল, মহা আনিশংস লাভ হয় বলে কথিত, এটা এ কারণে কথিত।

হে ভিক্ষুগণ, এই সপ্ত সংজ্ঞা ভাবিত, বহুলীকৃত হলে অমৃতরূপ চরম লক্ষ্য প্রদায়ক মহাফল, মহা আনিশংস লাভ হয়।'

৭. মেথুন সুত্তং- মৈথুন সূত্র

৫০.১। অতঃপর ব্রাহ্মণ জানুস্সোণী ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানের সাথে প্রাথমিক কুশল বিনিময় করেন, বন্ধুত্বপূর্ণ সম্ভাষণ সমাপ্ত করে তিনি এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট জানুস্সোণী ব্রাহ্মণ ভগবানকে এরূপ বলেনঃ "ভবৎ গৌতম কি ব্রহ্মচর্য জীবন স্বীকার করেন?" 'হে ব্রাহ্মণ, যাকে একথা বলা হোক না কেন, সে সম্যকভাবে বলতে পারে "সে অখণ্ড, অচ্ছিদ্র, নিদাগ, নিখুঁত, পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য আচরণ করে"- হে ভিক্ষুগণ, আমার সম্পর্কেও সে সম্যকভাবে বলতে পারে; যেহেতু আমি প্রকৃতপক্ষে অখণ্ড, অচ্ছিদ্র, নিদাগ, অকলঙ্কিত, পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য আচরণ করি।' 'কিন্তু ভবৎ গৌতম, ব্রহ্মচর্যের খণ্ড, ছিদ্র, খুঁত, কলঙ্ক কি?'

২। 'মনে করুন ব্রাহ্মণ, কোন কোন শ্রমণ বা ব্রাহ্মণ যথার্থভাবে ব্রহ্মচর্য জীবনের প্রতিজ্ঞা করে, কিন্তু প্রকৃত পক্ষে মাতৃ জাতির সাথে সম্মিলিত হয় না, তথাপি মাতৃজাতি দ্বারা শরীর ঘর্ষিত, মর্দিত, স্নাত হয়ে উপভোগ করে, পরিতৃপ্ত হয়, আশা করে, সুখ উপভোগ করে। হে ব্রাহ্মণ, এটাই ব্রহ্মচর্যের খণ্ড, ছিদ্র, দাগ, কলঙ্ক। হে ব্রাহ্মণ, এই ব্যক্তি মৈথুন সংযোগে অপরিশুদ্ধ ব্রহ্মচর্য যাপন করে বলে কথিত। সে জন্ম,

Visit: http://www.buddhistdownload.com

জরা, মরণ, শোক, পরিদেবন, দুঃখ, দৌর্মনস্য, উপায়াস (দুর্দশা) হতে পরিমুক্ত হয় না, দুঃখ হতে মুক্ত হয় না আমি বলি।

৩। পুনশ্চ হে ব্রাহ্মণ, কোন কোন শ্রমণ বা ব্রাহ্মণ যথার্থভাবে ব্রহ্মচর্য জীবনের প্রতিজ্ঞা করে কিন্তু প্রকৃত পক্ষে মাতৃজাতির দ্বারা শরীর ঘর্ষিত, মর্দিত, স্নাত, অঙ্গ মর্দিত না হলেও মাতৃজাতি কর্তৃক তামাশাকৃত, কৌতুককৃত, উল্লাসকৃত হয়ে থাকে। যদিও সে এসব বিষয়ের কোনটি করে না তথাপি তাদের জন্য চক্ষু দ্বারা চক্ষু দগ্ধ হয়, তাদেরকে এক দৃষ্টিতে তাকায়....., যদিও সে এসব বিষয়ের কোনটি করে না তথাপি তারা (মাতৃজাতি) যেরূপ ভঙ্গিতে হাসে দেওয়ালের অদূরে, বেড়ার অদূরে তা শ্রবণ করে, কথা বলে, গান করে বা রোদন করে.....যদিও সে এগুলোর কোনটি করে না তথাপি সে তাদের সাথে পূর্বেকার হাসি, কথাবার্তা, তামাশা অনুসরণ করে। যদিও সে এসব বিষয়ের কোনটি করে না তথাপি গৃহপতি বা গৃহপতিপুত্রকে পঞ্চকামগুণে[১৮] সমর্পিত, সমঙ্গীভূত, আমোদিত-প্রমোদিত দর্শন করে। যদিও সে কোন গৃহপতি বা গৃহপতিপুত্রকে পঞ্চকামগুণে সমর্পিত, সমঙ্গীভূত, আমোদিত-প্রমোদিত দেখা যায় না তথাপি অন্যতর দেব নিকায়ের (কায়ে) আশায় ব্রহ্মচর্য আচরণ করে এই ভেবেঃ "এই শীল, ব্রত, তপস্যা, ব্রহ্মচর্য্যা দ্বারা আমি দেব বা অন্যতর দেব হব।" সে তা পরিভোগ করে, আকাঙ্ক্ষা করে, তদ্বারা মোহিত হয়। হে ব্রাহ্মণ, প্রকৃত পক্ষে এটাই ব্রহ্মচর্যের খণ্ড, ছিদ্র, খুঁত, কলঙ্ক। হে ব্রাহ্মণ, এই ব্যক্তি মৈথুন সংযুক্ত অপরিশুদ্ধ ব্রহ্মচর্য জীবন যাপন করে বলে কথিত, সে জন্ম, জরা, মরণ, শোক, পরিদেবন, দুঃখ, দৌর্মনস্য, উপায়াস হতে মুক্ত হয় না, দুঃখ হতে মুক্ত হয় না আমি বলি। এবং যাবৎ হে ব্রাহ্মণ, এই সপ্ত মৈথুন সংযোগের যে কোনটি আমার মধ্যে অপ্রহীন (অমুক্ত) দেখি তাবৎ হে ব্রাহ্মণ, কি দেবলোকে, কি মারলোকে, কি ব্রহ্মলোকে, কি শ্রমণ, ব্রাহ্মণ, দেবতা ও মনুষ্যের মধ্যে অনুত্তর সম্যক সম্বোধি লাভ করেছি বলে আমি প্রকাশ করিনি। কিন্তু যখন হে ব্রাহ্মণ, এই সপ্ত মৈথুন সংযোগের যে কোন সংযোগ আমাতে অপ্রহীন দৃষ্ট হয়নি তখনই হে ব্রাহ্মণ, আমি দেবলোকে, মারলোকে, শ্রমণ, ব্রাহ্মণ, দেবতা ও মনুষ্যের মধ্যে অনুত্তর (শ্রেষ্ঠ) সম্যক সম্বোধি লাভ করেছি বলে আমি

Visit: http://www.buddhistdownload.com

প্রকাশ করি। তখন আমার এরূপ জ্ঞান-দর্শন উৎপন্ন হয়ঃ আমার বিমুক্তি অচলা, এ আমার শেষ জন্ম, আমার আর পুনর্জন্মের সম্ভাবনা নেই[১৯]।

এরূপ বলা হলে জানুস্‌সোণী ব্রাহ্মণ ভগবানকে এরূপ বলেনঃ ভবৎ গৌতম ..... (পূর্ববৎ) .... ভবৎ গৌতম, আজ হতে জীবনের শেষ দিন পর্যন্ত আমাকে আপনার শরণাগত উপাসক হিসাবে গ্রহণ করুন।'

৮. সংযোগ সুত্তং- সংযোগ সূত্র

৫১.১। 'হে ভিক্ষুগণ, আমি তোমাদিগকে সংযোগবিসংযোগ (বন্ধন ও বন্ধনমুক্তি) বিষয়ে ধর্ম পর্য্যায় ভাষণ করব, তা অভিনিবেশ সহকারে শ্রবণ কর। ..... হে ভিক্ষুগণ, সংযোগ-বিসংযোগ ধর্ম পর্য্যায় কি?

২। হে ভিক্ষুগণ, স্ত্রীলোক নিজে স্ত্রী চরিত্র মনস্কার করে (চিন্তা করে), স্ত্রী সুলভ আচরণ, পোশাক, কুসংস্কার, আবেগ, স্বর, আকর্ষণ চিন্তা করে। সে (স্ত্রী) তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয়। তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয়ে সে বহির্দ্বারে পুরুষ চরিত্রের মানসিকতা, পুরুষ পোষাক, পুরুষ সংস্কার, পুরুষ আবেগ, পুরুষ স্বর, পুরুষালঙ্কার পরিগ্রহ করে। সে (স্ত্রী) তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয়, তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয়ে সে বহির্দ্বারে ওগুলোর সাথে সংযোগে যে সুখ, কল্যাণ উৎপন্ন হয় তা সে আকাঙ্ক্ষা করে। হে ভিক্ষুগণ, সে তার আপন স্ত্রীত্বে অভিরত, অনুরক্ত হয়ে পুরুষ সংযোগে গত এবং এরূপে সে তার স্ত্রীত্ব হতে রক্ষা পায় না।

৩। হে ভিক্ষুগণ, পুরুষ পুরুষ চরিত্র মনস্কার করে (চিন্তা করে), পুরুষ সুলভ আচরণ, পুরুষ পোষাক, পুরুষ সংস্কার, পুরুষ আবেগ, পুরুষ স্বর, পুরুষাকর্ষণ চিন্তা করে। সে (পুঃ) তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয়। সে তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয়ে বহির্দ্বারে স্ত্রী ইন্দ্রিয় চিন্তা করে, ওগুলোর সাথে সংযোগ আকাঙ্ক্ষা করে। হে ভিক্ষুগণ, সে তার আপন পুরুষত্বে অভিরমিত, অনুরক্ত হয়ে স্ত্রী সংযোগে গত এবং এরূপে সে তার পুরুষত্ব হতে রক্ষা পায় না। হে ভিক্ষুগণ, এরূপই সংযোগ।

৪। হে ভিক্ষুগণ, স্ত্রী নিজে স্ত্রী ইন্দ্রিয় (স্ত্রী চরিত্র) চিন্তা করে না। সে স্ত্রী সুলভ আচরণ, স্ত্রী পোষাক, স্ত্রী সংস্কার, স্ত্রী আবেগ, স্ত্রী স্বর, স্ত্রী

Visit: http://www.buddhistdownload.com

আকর্ষণ চিন্তা করে না। সে তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয় না। সে তদ্বারা অনুরক্ত, অভিরমিত না হয়ে বহির্দ্বারে পুরুষ চরিত্রের চিন্তা করে না, পুরুষ পোষাক, পুরুষ সংস্কার, পুরুষ আবেগ, পুরুষ স্বর, পুরুষাকর্ষণ চিন্তা করে না। সে তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয় না। সে তদ্বারা অনুরক্ত, অভিরমিত না হয়ে বহির্দ্বারে ওগুলোর সাথে সংযোগ আকাঙ্ক্ষা করে না এবং ওগুলোর সাথে সংযোগে যে সুখ, কল্যাণ উৎপন্ন হয় তা সে আকাঙ্ক্ষা করে না। হে ভিক্ষুগণ, সে তার আপন স্ত্রীত্বে অভিরত, অনুরক্ত না হয়ে পুরুষ বিসংযোগে গত এবং এরূপে সে তার স্ত্রীত্ব হতে রক্ষা পায়।

৫। হে ভিক্ষুগণ, পুরুষ নিজে পুরুষ ইন্দ্রিয়ের বিষয় চিন্তা করে না, পুরুষ সুলভ আচরণ, পুরুষ পোষাক, পুরুষ সংস্কার, পুরুষ আবেগ, পুরুষ স্বর, পুরুষাকর্ষণ চিন্তা করে না। সে তদ্বারা অনুরক্ত, অভিরমিত হয় না, তদ্বারা অনুরক্ত, অভিরমিত না হয়ে সে বহির্দ্বারে স্ত্রী ইন্দ্রিয় চিন্তা করে না, ওগুলোর সাথে সংযোগ আকাঙ্ক্ষা করে না এবং ওগুলোর সাথে সংযোগে যে সুখ, কল্যাণ উৎপন্ন হয় তা সে আকাঙ্ক্ষা করে না। হে ভিক্ষুগণ, সে তার আপন পুরুষত্বে অনুরক্ত, অভিরমিত না হয়ে স্ত্রী সংযোগে অবিগত এবং সে তার পুরুষত্ব হতে রক্ষা পায়।

হে ভিক্ষুগণ, সংযোগ এবং বিসংযোগ ধর্ম পর্য্যায় এরূপই।'

৯. দান মহাপ্ফল সুত্তং- দান মহাফল সূত্র

৫২.১। এক সময় ভগবান চম্পার[২০] নিকটস্থ গগ্গরা পুষ্করিণীর তীরে অবস্থান করছিলেন। তখন বহু সংখ্যক চম্পেয়ক উপাসক শ্রদ্ধেয় শারীপুত্র সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট চম্পেয়ক উপাসকগণ আয়ুষ্মান শারীপুত্রকে এরূপ বলেনঃ 'ভন্তে, আমরা ভগবান তথাগতের মুখনিঃসৃত ধর্ম-ভাষণ শ্রবণ করেছি বহুদিন পূর্বে। ভন্তে, ভগবানেরই মুখ-নিঃসৃত ধর্মকথা শ্রবণের সুযোগ লাভ আমাদের জন্য শুভকর।' 'তাহলে বন্ধুগণ, আগামী উপোসথ[২১] দিবসে ভগবানের মুখে ধর্মবাণী শ্রবণের উদ্দেশ্যে আসতে পারেন।' 'হাঁ ভন্তে, তবে তাই হোক' বলে চম্পেয়ক উপাসকগণ শ্রদ্ধেয় শারীপুত্র কর্তৃক আশ্বস্ত হয়ে আসন হতে উঠে শ্রদ্ধেয় শারীপুত্রকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে চলে গেলেন।

Visit: http://www.buddhistdownload.com

তৎপর সেই চম্পেয়ক উপাসকগণ পরবর্তী উপোসথ দিবসে মহামান্য শারীপুত্র সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে অভিবাদন করতঃ এক প্রান্তে স্থিত হন। তৎপর শ্রদ্ধেয় শারীপুত্র সেই চম্পেয়ক উপাসকদের সঙ্গে নিয়ে ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় শারীপুত্র ভগবানকে এরূপ বলেনঃ-

২। 'ভন্তে, তাদৃশ এমন কোন দান কি আছে যাদৃশ দান দিলে মহৎ ফল, মহা লাভ হয় না; ভন্তে তাদৃশ এমন কোন দান কি আছে যেরূপ দান দিলে মহৎ ফল, মহালাভ হতে পারে?'

'হাঁ শারীপুত্র, এমন কোন কোন দান আছে যাদৃশ দান প্রদত্ত হলে মহৎ ফল, মহা আনিংশস লাভ হয় না কিন্তু শারীপুত্র, এমন কোন কোন দানও আছে যেরূপ দান দিলে মহৎ ফল, মহা আনিশংস লাভ হতে পারে।'

৩। 'ভন্তে, কোন হেতু, কোন প্রত্যয়ে, কোন কোন দানে মহৎ ফল, মহা আনিশংস লাভ হয় না; ভন্তে, কোন্ হেতু, কোন প্রত্যয়ে কোন কোন দান দিলে মহৎ ফল, মহা লাভ হয়?'

'এক্ষেত্রে, হে শারীপুত্র, কোন কোন ব্যক্তি সাপেক্ষ (নিজে অন্বেষণ করে) দান দেয়, প্রতিবদ্ধ চিত্তে (মোহিত হয়ে) দান দেয়, পুরস্কার চেয়ে দান দেয়, কেউ কেউ এরূপ চিন্তা করে দান দেয়ঃ "আমি এর ফল পরবর্তীতে ভোগ করব।" সে শ্রমণ বা ব্রাহ্মণকে অন্ন, পানীয়, বস্ত্র, যান, মালা, গন্ধ, বিলেপন দ্রব্য, শয্যা, আবাস, প্রদীপ দান দেয়। শারীপুত্র, তুমি কি মনে করঃ "কোন কোন ব্যক্তি এরূপ দান দেয় কি?"

'হাঁ ভন্তে, দেয়।'

'শারীপুত্র, যে সাপেক্ষ দান দেয়, প্রতিবদ্ধচিত্তে দান দেয়, পুরস্কার চেয়ে দান দেয়, "আমি এর ফল পরবর্তীতে ভোগ করব" এ চিন্তা করে দান দেয়, সে এই দান দিয়ে কায় ভেদে মৃত্যুর পর চতুর্মহারাজিক দেবগণের সহব্যতায় (সাহচর্য্যে) উৎপন্ন হয়। সে সেই কর্ম, শক্তি, যশ, আধিপত্য ক্ষয়ের পর এই স্থানে আগমন করে[২২]।

৪। এক্ষেত্রে, হে শারীপুত্র, কেউ কেউ সাপেক্ষ দান দেয় না। প্রতিবদ্ধচিত্তে দান দেয় না, পুরস্কার চেয়ে দান দেয় না, "আমি এর

Visit: http://www.buddhistdownload.com

[illegible] পরবর্তীতে ভোগ করব" এই ভেবে দান দেয় না; কিন্তু "দান দেওয়া ভাল" এ চিন্তা করে দান দেয়।.....অথবা কেউ কেউ "দান দেওয়া ভাল" এরূপ চিন্তা না করে দান দেয়, কিন্তু "পূর্বে এ দান প্রদত্ত হয়েছে, অতীতে আমার পিতা এবং পিতার পিতা কর্তৃক এ দান প্রদত্ত হয়েছে; পরিবারের এ রীতি বাতিল করা আমার উচিত নহে" এরূপ চিন্তা করে দান দেয়। অথবা কেউ কেউ তদ্রূপ চিন্তা করে না, কিন্তু "আমি যোগ্য, এঁরা যোগ্য নন; আমি যোগ্য হয়ে অযোগ্যকে দান দেওয়া অনুচিত" এরূপ চিন্তা করে দান দেয়। কেউ কেউ দান দেওয়ার সময় তদ্রূপ চিন্তা করে না, কিন্তু সেসব প্রাচীন কালের ঋষিগণের যেমন অট্‌ঠক, বামক, বামদেব, বেস্‌সামিত্ত, যমতগ্গি, অঙ্গীরস, ভারদ্বাজ, বাসেট্‌ঠ, কস্‌সপ, ভগুর মহাযজ্ঞ ছিল, তদ্রূপ আমি এ দান দেব" এরূপ চিন্তা করে দান দেয়। কেউ কেউ দান দেওয়ার সময় তদ্রূপ চিন্তা করে না, কিন্তু "আমার এ দান চিত্তকে প্রসন্ন করে, চিত্তে আনন্দ, প্রফুল্লতা উৎপন্ন করে" ভেবে দান দেয়। কেউ কেউ দান দেওয়ার সময় "আমার এ দান চিত্তকে প্রসন্ন করে, চিত্তে আনন্দ, প্রফুল্লতা উৎপন্ন করে" এরূপ ভাবে না, কিন্তু চিত্তালঙ্কারের (চিত্তকে উন্নত করার জন্য, চিত্তের উৎকর্ষতা সাধনের জন্য) জন্য, চিত্ত পরিষ্কারের (সংশোধনের) জন্য দান দেয়। সে অন্ন, পানীয়, বস্ত্র, যান, মালা, গন্ধ, বিলেপন দ্রব্য, শয্যা, বাসস্থান প্রদীপাদি শ্রমণ বা ব্রাহ্মণকে দান করে। তোমার কি মনে হয় শারীপুত্র, এখানে কেউ এরূপ দান দেয় কি?'

'হাঁ ভন্তে, দেয়।'

'এখন শারীপুত্র, যে এরূপ সাপেক্ষ দান দেয় না, প্রতিবদ্ধ চিত্তে দান দেয় না, পুরস্কার চেয়ে দান দেয় না, "আমি এর ফল পরবর্তীতে ভোগ করব" এই ভেবে দান দেয় না; কিন্তু "দান দেওয়া ভাল", এ চিন্তা করে দান দেয়; অথবা কেউ কেউ "দান দেওয়া ভাল" এরূপ চিন্তা না করে দান দেয়, কিন্তু "পূর্বে এ দান প্রদত্ত হয়েছে, অতীতে আমার পিতা এবং পিতার পিতা কর্তৃক এ দান প্রদত্ত হয়েছে; পরিবারের এ রীতি বাতিল করা আমার উচিত নহে" এরূপ চিন্তা করে দান দেয়। অথবা কেউ কেউ তদ্রূপ চিন্তা করে না, কিন্তু "আমি যোগ্য,

Visit: http://www.buddhistdownload.com

এঁরা যোগ্য নন; আমি যোগ্য হয়ে অযোগ্যকে দান দেওয়া অনুচিত", এরূপ চিন্তা করে দান দেয়। কেউ কেউ দেওয়ার সময় তদ্রূপ চিন্তা করে না, কিন্তু সেসব প্রাচীন কালের ঋষিগণের যেমন অট্‌ঠক, বামক, বামদেব, বেস্‌সামিত্ত, যমতগ্নি, অঙ্গীরস, ভারদ্বাজ, বাসেট্‌ঠ, কস্‌সপ, ভগুর মহাযজ্ঞ ছিল, তদ্রূপ আমি এ দান দেব" এরূপ চিন্তা করে দান দেয়। কেউ কেউ দান দেওযার সময় তদ্রূপ চিন্তা করে না, কিন্তু "আমার এ দান চিত্তকে প্রসন্ন করে, চিত্তে আনন্দ, প্রফুল্লতা উৎপন্ন করে" ভেবে দান দেয়, কেউ কেউ দান দেওয়ার সময় "আমার এ দান চিত্তকে প্রসন্ন করে; চিত্তে আনন্দ, প্রফুল্লতা উৎপন্ন করে" এরূপ চিন্তা করে না, কিন্তু চিত্তালঙ্কারের (চিত্তকে উন্নত করার জন্য চিত্তের উৎকর্ষতা সাধনের জন্য) জন্য চিত্ত পরিস্কারের জন্য দান দেয়, সেই দান দিয়ে সে কায়ভেদে মৃত্যুর পর ব্রহ্মকায়িক দেবগণের সহাব্যতায় (সাহচর্য্যে) উৎপন্ন হয়। সেই কর্ম করতঃ ঋদ্ধি[২৩] (শক্তি), যশ, আধিপত্য ক্ষয়ে সে অনাগামী হয়, এখানে আর আগমন করে না।

হে শারীপুত্র, এটাই হেতু, এটাই প্রত্যয় যেজন্য কেউ কেউ দান দিয়ে মহাফল, মহা আনিশংস লাভ করে না। হে শারীপুত্র, এ কারণে, এই প্রত্যয়ে দান দিয়ে কেউ কেউ মহাফল, মহা উপকার লাভ করে থাকে।'

১০. নন্দ মাতা[২৪] সুত্তং- নন্দ মাতা সূত্র

৫৩.১। আমি এরূপ শুনেছি। এক সময় শ্রদ্ধেয় শারীপুত্র ও শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়ন মহতী ভিক্ষুসঙ্ঘের সাথে দক্ষিণাগিরিতে পর্য্যটন করতেছিলেন। সে সময় বেলুকণ্টকীর উপাসিকা নন্দমাতা রাত্রির প্রত্যুষে প্রত্যুত্থান করতঃ শব্দ সহকারে পারায়ন (অজ্ঞাতের পথে) ভাষণ করছিলেন। তখন বৈশ্রবণের মহারাজা দক্ষিণ হতে উত্তর দিকে কোন কার্যোপলক্ষে গমন করতেছিলেন। তিনি উপাসিকা নন্দমাতার পারায়ন ভাষণ শ্রবণ করেন এবং শেষ না হওয়া পর্যন্ত অপেক্ষা করেন। পারায়ন ভাষণ সমাপ্ত হলে উপাসিকা নন্দমাতা নীরবতা অবলম্বন করেন। বৈশ্রবণের মহারাজা উপাসিকা নন্দমাতা তাঁর ভাষণ সমাপ্ত হয়েছে জেনে তাঁর অত্যধিক প্রশংসা করেনঃ 'সাধু ভগিনী, সাধু ভগিনী!' 'কিন্তু ভদ্রমুখ, আপনার পরিচয়?' 'ভগিনী, আমি আপনার ভ্রাতা বৈশ্রবণ মহারাজ!' 'সাধু হে ভদ্রমুখ, আমা ভাষিত ধর্মপর্য্যায়

Visit: http://www.buddhistdownload.com

আপনার অভ্যর্থনার উপহার হোক!' 'সাধু ভগিনী! হাঁ, সত্যিই এটা আমার অভ্যর্থনার উপহার হোক! আগামীকল্য শারীপুত্র ও মোদ্গল্যায়ন প্রমুখ ভিক্ষুসঙ্ঘ প্রাতরাশ গ্রহণ না করে বেলুকণ্টকে আগমন করবেন। আপনি ভিক্ষুসঙ্ঘকে ভোজন দ্বারা পরিতৃপ্তি করে দানটা আমার বলে ব্যক্ত করবেন এবং তাতেই আমার আতিথেয়তা অক্ষুণ্ন থাকবে।'

২। অতঃপর উপাসিকা নন্দমাতা রাত্রির অবসানে তাঁর আবাসে উত্তম খাদ্য ভোজ্য প্রস্তুত করেন। তৎপর শারীপুত্র ও মোদ্গল্যায়ন প্রমুখ ভিক্ষুসঙ্ঘ প্রাতরাশ গ্রহণ না করে বেলুকণ্টকে গিয়ে পৌঁছেন। এদিকে উপাসিকা নন্দমাতা জনৈক ব্যক্তিকে ডেকে পাঠিয়ে বললেনঃ 'ওহে সুপুরুষ, আপনি বিহারে গিয়ে ভিক্ষুসঙ্ঘকে সময়টা অবহিত করুনঃ "ভদন্ত, এখন সময় হয়েছে, আর্যা নন্দমাতার আবাসে আহার্য প্রস্তুত।" 'হাঁ আর্য্যে', সেই লোকটি উত্তর দেন এবং উপাসিকা নন্দমাতা কর্তৃক প্রতিশ্রুত হয়ে বিহারে গিয়ে ভিক্ষুসঙ্ঘকে সময়টা অবহিত করলেনঃ 'ভদন্তগণ, এখন যথার্থ সময়, আর্যা নন্দমাতার গৃহে আহার্য প্রস্তুত।' অতঃপর শারীপুত্র ও মোদ্গল্যায়ন প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে পূর্বাহ্ন সময়ে চীবর পরিহিত হয়ে পাত্রচীবর সঙ্গে নিয়ে উপাসিকা নন্দমাতার আলয়ে উপস্থিত হন, উপস্থিত হয়ে প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। তৎপর উপাসিকা নন্দমাতা স্বহস্তে শারীপুত্র মোদ্গল্যায়ন প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে উত্তম খাদ্যভোজ্য পরিবেশন ও সন্তৃপ্ত করেন। এরপর শ্রদ্ধেয় শারীপুত্র ভোজন সমাপ্তিতে পাত্র হতে হস্ত তুলে নিলে উপাসিকা নন্দমাতা এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট উপাসিকা নন্দমাতাকে শ্রদ্ধেয় শারীপুত্র এরূপ বললেনঃ 'ওহে নন্দমাতা, কে আপনাকে ভিক্ষুসঙ্ঘের অভ্যাগমনের সংবাদ জানিয়েছিলেন?' 'ভন্তে, রাত্রির অবসানে প্রত্যুষে প্রত্যুত্থান করতঃ আমি পারায়ন আবৃত্তি করে নীরবতা অবলম্বন করি। ভন্তে, তখন বৈশ্রবণ[২৫] মহারাজ আমার ভাষণ সমাপ্ত হয়েছে জ্ঞাত হয়ে অত্যন্ত প্রশংসা করে বলেন- "সাধু ভগিনী, সাধু!" "কিন্তু ভদ্রমুখ আপনার পরিচয়?" "ভগিনী, আমি আপনার ভ্রাতা বৈশ্রবণ মহারাজ!" "সাধু হে ভদ্রমুখ, আমা ভাষিত ধর্মপর্য্যায় আপনার অভ্যর্থনার উপহার হোক! "সাধু ভগিনী! হাঁ, সত্যিই তা আমার অভ্যর্থনার উপহার হোক! আগামীকল্য

Visit: http://www.buddhistdownload.com

শারীপুত্র ও মোদ্গল্যায়ন প্রমুখ ভিক্ষুসঙ্ঘ প্রাতরাশ গ্রহণ না করে বেলুকণ্টকে আগমন করবেন। আপনি ভিক্ষুসঙ্ঘকে ভোজন দ্বারা পরিতৃপ্ত করে দানটা আমার বলে ব্যক্ত করবেন এবং এতেই আমার আতিথেয়তা অক্ষুণ্ন থাকবে।" ভন্তে, এই দানের পুণ্য, হিত প্রভাবে বৈশ্রবণ মহারাজার সুখ সাধিত হোক!"

৩। 'আশ্চর্য নন্দমাতা, অদ্ভুত নন্দমাতা, আপনি এরূপ মহা ঋদ্ধিমান মহা ক্ষমতাশালী বৈশ্রবণ মহারাজ দেবপুত্রের সাথে সম্মুখালাপ করলেন!' 'ভন্তে, এটাই আমার একমাত্র আশ্চর্য, অদ্ভুত ধর্ম নহে, আমার অন্য আশ্চর্য ও অদ্ভুত ধর্মও আছে! রাজারা শক্তি বলে আমার একমাত্র প্রিয় ও মনোজ্ঞ পুত্র নন্দকে ধরে নিয়ে যায় এবং হত্যা করে। তবুও ভন্তে, পুত্র যখন গ্রেপ্তার হয়েছিল বা হচ্ছিল, বাঁধা পড়েছিল বা পড়তেছিল, হত হয়েছিল বা হচ্ছিল তখন আমার চিত্তের ব্যাকুলতার বিষয় আমি জানতাম না।'

৪। 'আশ্চর্য নন্দমাতা, অদ্ভুত নন্দমাতা, আপনি এভাবে চিত্তে ব্যাকুলতা উৎপন্ন না করে চিত্তকে পরিশুদ্ধ করলেন।' 'ভন্তে, এটাও আমার একমাত্র আশ্চর্য ও অদ্ভুত ধর্ম নহে, আমার অন্যতর আশ্চর্য ও অদ্ভুত ধর্মও আছে। ভন্তে, আমার স্বামী মৃত্যুর পর যক্ষকুলে উৎপন্ন হন এবং তিনি পূর্বের মতই আমার কাছে আত্ম প্রকাশ করেন। কিন্তু ভন্তে, সে কারণে আমার চিত্তের ব্যাকুলতার বিষয় আমি জানতাম না।'

৫। 'আশ্চর্য! অদ্ভুত! নন্দমাতা, আপনি চিত্তে সেরূপ ব্যকুলতা উৎপন্ন না করে চিত্তকে পরিশুদ্ধই করেছেন।' 'ভন্তে, এটাও আমার জীবনের একমাত্র আশ্চর্য ও অদ্ভুত ঘটনা নহে, আমার আরও আশ্চর্য অদ্ভুত ঘটনাও আছে। ভন্তে, যেদিন হতে আমি অল্প বয়স্কা হিসাবে যুবক স্বামীর নিকট আনিত হই সেদিন হতে স্বামীর বিপক্ষে এমন কি মানসিকভাবেও কখনো অনধিকার প্রবেশের বিষয় আমি জানি না, কায়দ্বারে কিভাবেই তা সম্ভব?'

৬। 'আশ্চর্য! অদ্ভুত! নন্দমাতা, আপনি চিত্তে এরূপ অশুভ চিন্তা উৎপন্ন না করে চিত্তকে মুক্ত করেছেন।' 'ভন্তে, এটাও আমার একমাত্র আশ্চর্য, অদ্ভুত ঘটনাও নহে, আমার অন্যতর আশ্চর্য, অদ্ভুত ঘটনা আছে। ভন্তে, যেদিন হতে আমি একজন উপাসিকা হিসাবে স্বীকৃতি

Visit: http://www.buddhistdownload.com

লাভ করি সেদিন হতে স্বেচ্ছায় কোন শিক্ষাপদের লঙ্ঘন হয়েছে বলে আমার জানা নেই।'

৭। 'আশ্চর্য, অদ্ভুত নন্দমাতা!' 'ভন্তে, এটাও আমার একমাত্র আশ্চর্য ও অদ্ভুতধর্ম নহে, আমার আরও আশ্চর্য, অদ্ভুতধর্ম আছে। ভন্তে, এখন যাবৎ আমি ইচ্ছা করি তাবৎ কামনা ও অকুশল (পাপ) বিষয় হতে বিরত হয়ে সবিতর্ক ও সবিচার বিবেক (নির্জনতা) জনিত প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করি। আমি বিতর্ক ও বিচার প্রশমিত আধ্যাত্মিক (স্বীয় চিত্তের) সম্প্রসাদ ও একাগ্রতাযুক্ত অবিতর্ক, বিচার বিহীন সমাধি জনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করি। প্রীতিতে বিরাগ উৎপন্ন হওয়ায় আমি উপেক্ষাশীল (না-দুঃখ না-সুখ) হয়ে অবস্থান করি এবং স্মৃতি ও সম্প্রজ্ঞাত হয়ে কায়িক সুখ অনুভব করি। এ অবস্থাকে আর্যগণ "উপেক্ষক স্মৃতিমান সুখবিহারী" বলে অভিহিত করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে অবস্থান করি। যাতে শারীরিক সুখ-দুঃখ প্রহীন পূর্বেই সৌমনস্য (মানসিক) দৌর্মনস্য সুখ-দুঃখ অস্তগত হয়, সেই না-দুঃখ না-সুখ উপেক্ষা স্মৃতি পরিশুদ্ধি নামক চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করি।'

৮। 'আশ্চর্য, অদ্ভুত, নন্দমাতা!' 'ভন্তে, এটাও আমার একমাত্র আশ্চর্য, অদ্ভুত ব্যাপার নহে, আমার জীবনে আরও আশ্চর্য, অদ্ভুত ঘটনাও আছে। ভন্তে, ভগবৎ দেশিত সেই পঞ্চ অধোভাগীয় সংযোজনের[২৬] কোনটিই আমাতে অপরিত্যক্ত বলে আমি জ্ঞানতঃ প্রত্যক্ষ করি না।'

'আশ্চর্য, অদ্ভুত, নন্দমাতা!' শারীপুত্র ব্যক্ত করেন। অতঃপর শ্রদ্ধেয় শারীপুত্র উপাসিকা নন্দমাতাকে ধর্ম বিষয়ে উপদেশ দিয়ে, অনুপ্রাণিত, উৎফুল্ল করে আসন হতে উঠে চলে গেলেন।

[মহাযজ্ঞ-বর্গ পঞ্চম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

স্থিতি, পরিষ্কার, দ্বি-অগ্নি, সংজ্ঞা দুই
মৈথুন, সংযোগ, দান, নন্দমাতাসহ সেগুলো হয় দশ।

Visit: http://www.buddhistdownload.com

৬. অব্যাকত বগ্গো- অব্যাকৃত বর্গ

১. অব্যাকত[১] সুত্তং- অব্যাকৃত সূত্র

৫৪.১। অতঃপর জনৈক ভিক্ষু ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সেই ভিক্ষু ভগবানকে এরূপ বলেনঃ 'ভন্তে, কোন্ হেতু, কোন্ প্রত্যয়ে শ্রুতবান (শিক্ষিত) আর্য শ্রাবকের অব্যাকৃত (অব্যাখ্যাত) বিষয়ে বিচিকিৎসা (সন্দেহ) উৎপন্ন হয় না?'

২। 'হে ভিক্ষু, দৃষ্টি নিরোধ বশতঃ অব্যাকৃত বিষয়ে সন্দেহ উৎপন্ন হয় না। "মৃত্যুর পর তথাগত থাকেন?", "মৃত্যুর পর তথাগত থাকেন না?", "মৃত্যুর পর তথাগত থাকেন নাও থাকেন?" "মৃত্যুর পর তথাগত থাকেনও না, না থাকেনও না?" হে ভিক্ষু এসব দৃষ্টিগত প্রশ্ন। হে ভিক্ষু, অশ্রুতবান (অশিক্ষিত) পৃথগ্জন (সাধারণ লোক, আর্যশ্রাবক ব্যতীত) দৃষ্টি সম্পর্কে বোঝে না, দৃষ্টি সমুদয় (দৃষ্টি উৎপত্তি), দৃষ্টি নিরোধ, দৃষ্টি নিরোধগামিনী প্রতিপদা (যে উপায় অবলম্বনে দৃষ্টি নিরোধ হয়) বোঝে না। তাই তার দৃষ্টি প্রবর্দ্ধিত হয়। সে জন্ম-জরা-মরণ, শোক-পরিদেবন-দুঃখ-দুর্মনতা-উপায়াস (দুর্দশা) হতে মুক্তি লাভ করে না, দুঃখ হতে মুক্ত হয় না, আমি বলি। কিন্তু হে ভিক্ষু, শ্রুতবান[২] আর্যশ্রাবক দৃষ্টি, এর উৎপত্তি, এর নিরোধ, নিরোধের উপায় বিশেষভাবে জানে। তাই তার দৃষ্টি নিরুদ্ধ হয়; সে জন্ম-জরা-মরণ-শোক-পরিদেবন-দুঃখ-দুর্মনতা-উপায়াস হতে মুক্তি লাভ করে, দুঃখ হতে মুক্ত হয়, আমি বলি। হে ভিক্ষু, এরূপ জ্ঞাত হয়ে, দর্শন করে শ্রুতবান আর্যশ্রাবক সত্য সত্যই "তথাগত মৃত্যুর পর থাকেন নাও থাকেন?", "মৃত্যুর পর তথাগত থাকেন না?", "মৃত্যুর পর তথাগত থাকেন নাও থাকেন?", মৃত্যুর পর তথাগত থাকেনও না, নাও থাকেন না" ইত্যাদি ব্যাখ্যা করে না। হে ভিক্ষু, এরূপ জ্ঞাত হয়ে, দর্শন করে শ্রুতবান আর্যশ্রাবক অব্যাকৃত বিষয়ে অব্যাখ্যাত (ব্যাখ্যাতীত) ধর্মের শিকার হয়। হে ভিক্ষু, এরূপ জ্ঞাত হয়ে, এরূপ দর্শন করে শ্রুতবান আর্যশ্রাবক অব্যাকৃত বিষয়ে ভীত হয় না, কম্পিত হয় না, ইতস্ততঃ করে না, বিচলিত হয় না। হে ভিক্ষু, "তথাগত মৃত্যুর পর থাকেন?",

Visit: http://www.buddhistdownload.com

প্রশ্নটা কিন্তু তৃষ্ণাগত, সংজ্ঞাগত (প্রত্যক্ষ জ্ঞানমূলক), মোহমূলক, কল্পনামূলক, উপাদানগত, বিপ্রতিসারী (মনস্তাপের বিষয়)। তদ্রূপ হে ভিক্ষু, "তথাগত মৃত্যুর পর থাকেন না?", "তথাগত মৃত্যুর পর থাকেন, নাও থাকেন?", "মৃত্যুর পর তথাগত থাকেনও না, নাও থাকেন না?" ইত্যাদি প্রশ্নও কিন্তু তৃষ্ণাগত, সংজ্ঞাগত, মোহমূলক, কল্পনামূলক, উপাদানগত, বিপ্রতিসারী। হে ভিক্ষু, অশ্রুতবান সাধারণ লোক মনস্তাপ, মনস্তাপের উৎপত্তি, মনস্তাপের নিরোধ, মনস্তাপ নিরোধগামিনী প্রতিপদা (নিরোধের উপায়) যথার্থ জানে না। তার মনস্তাপ প্রবর্দ্ধিতই হয়। তাই সে জন্ম-জরা-মরণ-শোক-পরিদেবন-দুঃখ-দৌর্মনস্য-উপায়াস হতে মুক্তি লাভ করে না, দুঃখ হতে মুক্ত হয় না, আমি বলি। কিন্তু হে ভিক্ষু, শ্রুতবান (শিক্ষিত) আর্যশ্রাবক মনস্তাপ, মনস্তাপের উৎপত্তি, মনস্তাপের নিরোধ, মনস্তাপ নিরোধের যথার্থ উপায় জানে। তার মনস্তাপ নিরুদ্ধ হয়। জন্ম-জরা-মৃত্যু-শোক-পরিদেবন-দুঃখ-দুর্মনতা, উপায়াস হতে সে মুক্তি লাভ করে, দুঃখ হতে মুক্ত হয়, আমি বলি। হে ভিক্ষু, এরূপ জ্ঞাত হয়ে, দর্শন করে শ্রুতবান (দক্ষ) আর্যশ্রাবক "মৃত্যুর পর তথাগত থাকেন?", "মৃত্যুর পর তথাগত থাকেন না?", "মৃত্যুর পর তথাগত থাকেন, নাও থাকেন?" "মৃত্যুর পর তথাগত থাকেনও না, না থাকেনও না?" এসব প্রশ্ন ব্যাখ্যা করে না। হে ভিক্ষু, এরূপ জ্ঞাত হয়ে, দর্শন করে শ্রুতবান আর্যশ্রাবক অব্যাকৃত বিষয়ে ব্যাখ্যাতীত ধর্মের শিকার হয়। হে ভিক্ষু, এরূপ জ্ঞাত হয়ে, এরূপ দর্শন করে শ্রুতবান আর্যশ্রাবক অব্যাকৃত বিষয়ে ভীত হয় না, কম্পিত হয় না, ইতস্ততঃ করে না, বিচলিত হয় না। হে ভিক্ষু, এটাই হেতু, এটাই প্রত্যয় যেজন্য শ্রুতবান আর্যশ্রাবকের অব্যাখ্যাত বিষয়ে সন্দেহ উৎপন্ন হয় না।'

২. পুরিস গতি সুত্তং- পুরুষগতি সূত্র

৫৫.১। 'হে ভিক্ষুগণ, আমি তোমাদিগকে সপ্ত পুরুষগতি ও অনুপাদা পরিনির্বাণ[৩] (পুরোপুরি উপাদানবিহীন পরিনির্বাণ) দেশনা করব, তা অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করব।' 'হাঁ ভন্তে' বলে ভিক্ষুগণ ভগবানের কথায় সম্মত হন। ভগবান বললেনঃ 'হে ভিক্ষুগণ, সপ্ত পুরুষগতি কি?'

Visit: http://www.buddhistdownload.com

২। 'হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করে- "যদি অতীতে এটা না থাকে, আমার তা হবে না, এটা হবে না, আমার এটা হবে না; যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে (উপেক্ষাশীল হয়)। সে ভাবে (অস্তিত্বে, জন্ম লাভে)) উৎসুক হয় না, সম্ভবে (জীবন ধারণে) উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তর পদ (পরবর্তী গন্তব্যস্থল) দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত (অনুপলব্ধ), তার মানানুশয় (অহমিকা প্রবণতা) সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয় (পার্থিব কামনা-বাসনার ঝোঁক), অবিদ্যানুশয় (অজ্ঞানমূলক প্রবণতা) সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন[৪] (যেগুলি নিম্নতর জীবন লাভে বাধ্য করে) ক্ষয় করতঃ অন্তরা পরিনিব্বায়ী (মধ্য পথে পরিনির্বাণ) হয়। হে ভিক্ষুগণ, একটা লৌহ খণ্ড সারাদিন উত্তপ্ত ও আঘাত করলে যেমন এক টুকরো লৌহ বের হয়, শীতল হয় তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়ঃ "যদি অতীতে এটা না থাকত আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষাশীল হয়। সে ভবে (অস্তিত্বে) উৎসুক হয় না, সম্ভবে (জীবন লাভে) উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তর পদ দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ মধ্যপথে পরিনির্বাণ লাভ করে।

৩। পুনঃ হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করেঃ "যদি অতীতে এটা না থাকে, আমার তা হবে না, আমার এটা হবে না; যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে। কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত (অনুপলব্ধ)। তার মানানুশয় (অহমিকা প্রবণতা) সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ মধ্যপথে পরিনির্বাণ লাভ করে। যেমন হে ভিক্ষুগণ, একটা লৌহখণ্ড সারাদিন উত্তপ্ত ও আঘাত করা হলে তা হতে এক টুকরো লৌহ বের হয়, তা উড়ে গিয়ে মাটি

Visit: http://www.buddhistdownload.com

স্পর্শ করে এবং শীতল হয়ে যায়, তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়- "যদি অতীতে এটা না থাকত, আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত," সে উপেক্ষাশীল হয়। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ মধ্যপথে পরিনির্বাণ লাভ করে।

৪। হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করেঃ "যদি অতীতে এটা না থাকে, আমার তা হবে না, আমার এটা হবে না; যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে। কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, তার মানানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ অন্তরা পরিনিব্বায়ী হয়। হে ভিক্ষুগণ, যেমন একটা লৌহখণ্ড সারাদিন উত্তপ্ত ও পিটানো হলে তা হতে এক টুকরো লৌহ বের হয়ে আসে, তা ছিটকে গিয়ে ভূমি স্পর্শ করার পূর্বেই শীতল হয়ে যায়, তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়- "যদি অতীতে এটা না থাকত, আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষাশীল হয়। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ মধ্যপথে পরিনির্বাণ লাভ করে।

৫। হে ভিক্ষুগণ ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করে; "যদি অতীতে এটা না থাকে, আমার তা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে। কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, তার

Visit: http://www.buddhistdownload.com

মানানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ উপহচ্চ পরিনিব্বায়ী (পুনর্জন্মের সময় হ্রাসে পরিনির্বাণ লাভ করে) হয়। যেমন, হে ভিক্ষুগণ, একটা লৌহখণ্ড সারাদিন উত্তপ্ত ও হাতুড়ি দ্বারা পিটানো হলে তা হতে এক টুকরো লৌহ বের হয়ে আসে, তা ছিট্‌কে পড়ে ভূমি স্পর্শ করার পর ঠাণ্ডা হয়ে যায়, তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়, যদি অতীতে এটা না থাকত, আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষাশীল হয়। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ সময় হ্রাসে পরিনির্বাণ লাভ করে।

৬। হে ভিক্ষুগণ, ভিক্ষু পদক্ষেপ করেঃ "যদি অতীতে এটা না থাকে তা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয়, তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে। কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, তার মানানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ অসংস্কার পরিনির্বাণ (কর্মের হেতু অবশিষ্ট নেই এমতাবস্থায় পরিনির্বাণ) লাভ করে। যেমন, হে ভিক্ষুগণ, একটা লৌহখণ্ড সারাদিন উত্তপ্ত ও হাতুড়ি দ্বারা পিটানো হলে তা হতে এক টুকরো লৌহ বের হয়ে আসে, তা ছিট্‌কে সামান্য তৃণপুঞ্জে বা কাষ্ঠপুঞ্জে পতিত হয়, অগ্নি প্রজ্জ্বলিত করে, ধুম উৎপন্ন করে, অগ্নি প্রজ্জ্বলিত করে, ধুম উৎপন্ন করে, সেই সামান্য তৃণপুঞ্জ বা কাষ্ঠপুঞ্জকে পরিদাহ করতঃ কাষ্ঠাভাবে শীতল হয়ে যায়; তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়- "যদি অতীতে এটা না থাকত, আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষাশীল হয়। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন

Visit: http://www.buddhistdownload.com

করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে অসংস্কার পরিনির্বাণ লাভ করে।

৭। হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করে; "যদি অতীতে এটা না থাকে, আমার তা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয়, তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে। কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, তার মানানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ সসংস্কার পরিনির্বাণ (কর্মের সামান্য হেতু বিদ্যমান) লাভ করে। যেমন, হে ভিক্ষুগণ, সারাদিন একটা লৌহখণ্ড উত্তপ্ত ও পিটানো হলে তা হতে এক টুকরো লৌহ বের হয়ে আসে, তা ছিটকে বিশাল তৃণপুঞ্জ বা কাষ্ঠপুঞ্জে নিপতিত হয়, অগ্নি প্রজ্জ্বলিত করে, ধুম উৎপন্ন করে, অগ্নি জ্বালিয়ে ধুম উৎপন্ন করে সেই বিপুল তৃণপুঞ্জকে বা কাষ্ঠপুঞ্জকে নিঃশেষ করে অনাহারে (কাষ্ঠাভাবে) শীতল হয়ে যায়; তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়- "যদি অতীতে এটা না থাকত, আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষাশীল হয়। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ সসংস্কার পরিনির্বাণ লাভ করে।

৮। পুনঃ হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করেঃ "যদি অতীতে এটা না থাকে, আমার তা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষা লাভ করে। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না; কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে। কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, তার মানানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ

Visit: http://www.buddhistdownload.com

ঊর্ধস্রোতা, অকনিষ্ঠগামী হয়। যেমন, হে ভিক্ষুগণ, সারাদিন একটা লৌহখণ্ড উত্তপ্ত ও হাতুড়ি দ্বারা পিটানো হলে তা হতে একটা ছোট টুক্‌রো বের হয়ে আসে, তা ছিট্‌কে গিয়ে বিশাল তৃণপুঞ্জে বা কাষ্ঠপুঞ্জে নিপতিত হয়, অগ্নি প্রজ্জ্বলিত করে, ধুম উৎপন্ন করে, অগ্নি জ্বালিয়ে ধুম উৎপন্ন করে সেই বিপুল তৃণপুঞ্জ বা কাষ্ঠপুঞ্জকে নিঃশেষ করে গুল্মকে দাহ করে, কাষ্ঠভূমিকে দাহ করে, তথায় দাহ করে সবুজ শস্য ক্ষেত্রের ধারে, উচ্চ পাহাড়, জল বা রমণীয় ভূমিভাগে এসে তথায় কাষ্ঠাভাবে নির্বাপিত হয়ে যায়; তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ প্রতিপন্ন হয়- "যদি অতীতে এটা না থাকত, আমার এটা হত না, এটা হবে না, আমার এটা হবে না, যা আছে, যা হয় তা আমার পরিত্যক্ত।" সে উপেক্ষাশীল হয়। সে ভবে উৎসুক হয় না, সম্ভবে উৎসুক হয় না, কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ দর্শন করে; কিন্তু তার পদ সর্বতোভাবে অপ্রত্যক্ষকৃত, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে অপরিত্যক্ত। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করতঃ ঊর্ধস্রোতা (ঊর্ধ অভিমুখী), অকনিষ্ঠগামী হয়।

হে ভিক্ষুগণ, এগুলিই সপ্ত পুরুষগতি। এবং হে ভিক্ষুগণ, অনুপাদা (সম্পূর্ণ অনাসক্ত, উপাদানবিহীন=তৃষ্ণাবিহীন) পরিনির্বাণ কি?

৯। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু এরূপ চিন্তা করে পদক্ষেপ করে, "যদি এটা না থেকে থাকে, এটা আমার হবে না, এটা হবে না, ভবিষ্যতে আমার হবে না; যা আছে, যা হওয়ার তা আমার পরিত্যক্ত"!- সে উপেক্ষাশীল হয়। সে ভবে (জন্মে, অস্তিত্ব), সম্ভবে (জন্ম লাভে) উৎসুক হয় না, কিন্তু সম্যক প্রজ্ঞা দ্বারা শান্ত উত্তরপদ সম্যক প্রজ্ঞা দ্বারা দর্শন করে, সত্য সত্যই তার সে পদ সর্বতোভাবে উপলব্ধ হয়, মানানুশয় (অহমিকা), ভবরাগানুশয়, অবিদ্যানুশয় সর্বতোভাবে পরিত্যক্ত হয়। সে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি ও দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ (উপলব্ধি) করতঃ অবস্থান করে। হে ভিক্ষুগণ, একে অনুপাদা পরিনির্বাণ বলে। হে ভিক্ষুগণ, এগুলিই সপ্ত পুরুষগতি এবং অনুপাদা পরিনির্বাণ।'

Visit: http://www.buddhistdownload.com

৩. তিস্সব্রহ্মা সুত্তং- তিষ্য ব্রহ্মা সূত্র

৫৬.১। আমি এরূপ শুনেছি। এক সময় ভগবান বুদ্ধ রাজগৃহের গৃধ্রকূট পর্বতে অবস্থান করছিলেন। অতঃপর দু'টি দেবতা রাত্রির মধ্যযামে স্বকীয় দেহ-প্রভায় প্রভাবান্বিত হয়ে সমগ্র গৃধ্রকূট আলোকিত করে ভগবান বুদ্ধের সমীপে উপনীত হয়ে ভগবানকে অভিবাদন পূর্বক এক পার্শ্বে দণ্ডায়মান হন। এক প্রান্তে দণ্ডায়মান এক দেবতা ভগবানকে নিবেদন করলেনঃ 'ভন্তে, এসব ভিক্ষুণী বিমুক্ত হয়েছেন।' অপর দেবতা ভগবানকে বললেনঃ 'ভন্তে, এসব ভিক্ষুণী[৫] সম্পূর্ণরূপে বিমুক্ত, সুবিমুক্ত (অবশিষ্ট আসক্তিহীন, বিমুক্ত)'। দেবতাদ্বয় এরূপ অভিমত ব্যক্ত করলেন। ভগবান তা অনুমোদন করলেন। 'শাস্তা অনুমোদন করেছেন' দেখে দেবতাদ্বয় তৎপর ভগবানকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে সেস্থান থেকে চলে গেলেন। এরপর রাত্রির অবসানে ভগবান ভিক্ষুগণকে আহ্বান করে বললেনঃ 'হে ভিক্ষুগণ, এই রাত্রে দু'জন দেবতা দেহ-প্রভায় উদ্ভাসিত করে গৃধ্রকূট আলোকিত করে আমার নিকট উপনীত হয়ে আমাকে অভিবাদন করতঃ এক প্রান্তে দণ্ডায়মান হন। এক পার্শ্বে দণ্ডায়মান এক দেবতা আমাকে এরূপ বলেনঃ "ভন্তে, এসব ভিক্ষুণী বিমুক্ত।" অপর দেবতাও এরূপ নিবেদন করেন, "ভন্তে, এসব ভিক্ষুণী অনুপাদিশেষ বিমুক্ত।" হে ভিক্ষুগণ, দেবতাদ্বয় এরূপ বলে আমাকে অভিবাদন ও প্রদক্ষিণ করতঃ সেখান হতে চলে যান।'

২। সে সময়[৬] শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়ন ভগবানের নিকটে উপবিষ্ট ছিলেন। তিনি চিন্তা করলেনঃ 'কোন্ দেবতাগণ স-উপাদিশেষ (এখনও উপাদি বা জন্মের আংশিক হেতু বিদ্যমান) কে স-উপাদিশেষ, অনুপাদিশেষ (সম্পূর্ণরূপে হেতুমুক্ত, বিমুক্ত) কে অনুপাদিশেষ বলে জানেন?' সে সময় তিষ্য নামক জনৈক ভিক্ষু অতি সম্প্রতি কালগত হয়েছেন এবং তিনি কোন এক ব্রহ্মলোকে উৎপন্ন হয়েছেন। তখন থেকে তাঁকে 'মহাঋদ্ধিমান ও মহানুভব সম্পন্ন তিষ্য ব্রহ্মা' হিসাবে জানেন। অতঃপর আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন একজন বলবান পুরুষ যেমন সঙ্কুচিত বাহুকে প্রসারিত, প্রসারিত বাহুকে সঙ্কুচিত করে, তদ্রূপ গৃধ্রকূট পর্বত হতে অন্তর্হিত হয়ে সেই ব্রহ্মলোকে প্রাদুর্ভূত হন। তিষ্য

Visit: http://www.buddhistdownload.com

ব্রহ্মা শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়নকে দূর হতে আগমন করতে দেখলেন, দেখে তাঁকে বললেন! 'আসুন, মারিস মোদ্গল্যায়ন, স্বাগতম মারিস মোদ্গল্যায়ন! মারিস! বহুদিন পরেই আপনার এখানে আগমন। মারিস মোদ্গল্যায়ন, প্রজ্ঞাপিত আসনে উপবেশন করুন।' আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। তিষ্য ব্রহ্মা শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়নকে অভিবাদন করতঃ উপবেশন করেন। এক পার্শ্বে উপবিষ্ট ব্রহ্মা তিষ্যকে আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন বললেনঃ 'ওহে তিষ্য, কোন্ দেবগণের স-উপাদিশেষে স-উপাদিশেষ, অনুপাদিশেষে অনুপাদিশেষ জ্ঞান আছে?' 'মারিস মোদ্গল্যায়ন, ব্রহ্মকায়িক দেবগণের স-উপাদিশেষে স-উপাদিশেষ, অনুপাদিশেষে অনুপাদিশেষ জ্ঞান আছে।' 'হে তিষ্য, সকল ব্রহ্মাকায়িক দেবতার কি "স-উপাদিশেষে স-উপাদিশেষ, অনুপাদিশেষে অনুপাদিশেষ" এরূপ জ্ঞান আছে?'

৩। 'শ্রদ্ধেয় মোদ্গল্যায়ন, সকল ব্রহ্মকায়িক দেবতার "স-উপাদিশেষে স-উপাদিশেষ, অনুপাদিশেষে অনুপাদিশেষ" এরূপ জ্ঞান থাকে না। মারিস মোদ্গল্যায়ন! যেসব দেবতা ব্রহ্মের আয়ু, ব্রহ্মের সৌন্দর্য, ব্রহ্মের যশ, ব্রহ্মের আধিপত্যে সন্তুষ্ট এবং উচ্চতর বিষয়ে যথার্থ নিষ্কৃতি জ্ঞান নেই তাঁদের "স-উপাদিশেষে স-উপাদিশেষ, অনুপাদিশেষে অনুপাদিশেষ" এরূপ জ্ঞান থাকে না; কিন্তু মারিস মোদ্গল্যায়ন, যেসব ব্রহ্মকায়িক দেবতা ব্রহ্মের আয়ু, ব্রহ্মের বর্ণ, ব্রহ্মের সুখ, ব্রহ্মের যশ, ব্রহ্মের আধিপত্যে অসন্তুষ্ট এবং উচ্চতর বিষয়ে যথার্থ নিষ্কৃতি জ্ঞানসম্পন্ন তাঁদের "স-উপাদিশেষে স-উপাদিশেষ, অনুপাদিশেষে অনুপাদিশেষ" এরূপ জ্ঞান আছে।

৪। এক্ষেত্রে, মোদ্গল্যায়ন, যে ভিক্ষু উভয়ভাগবিমুক্ত তাঁকে সেসব দেবতা এরূপ জানেনঃ "এই আয়ুষ্মান উভয় ভাগ বিমুক্ত এবং যাবৎ তাঁর দেহ স্থায়ী হয় তাবৎ দেবমনুষ্যগণ তাঁকে দেখেন কিন্তু কায়ভেদের পর দেবমনুষ্যেরা তাঁকে দেখেন না।" শ্রদ্ধেয় মোদ্গল্যায়ন, এরূপ দেবগণের অনুপাদিশেষে অনুপাদিশেষ জ্ঞান আছে।

৫। মারিস মোদ্গল্যায়ন, যে ভিক্ষু প্রজ্ঞাবিমুক্ত তাঁকে সেই দেবগণ এরূপ জানেনঃ এই আয়ুষ্মান প্রজ্ঞাবিমুক্ত এবং যাবৎ দেহ স্থায়ী হয় তাবৎ দেবমনুষ্যেরা তাঁকে দেখেন না। মারিস মোদ্গল্যায়ন, এরূপ

Visit: http://www.buddhistdownload.com

দেবগণের অনুপাদিশেষে অনুপাদিশেষ জ্ঞান আছে।

৬। শ্রদ্ধেয় মোদ্গল্যায়ন! যে ভিক্ষু কায়সাক্ষী (কায়-দর্শক) হন তাঁকে সেই দেবগণ এরূপ জানেনঃ এই আয়ুষ্মান কায়সাক্ষী, সম্ভবতঃ শয্যাসন উপযুক্ত বিষয় অনুশীলন করেন, কল্যাণমিত্রের ভজনা করেন,' ইন্দ্রিয়সমূহ সংযত করে তিনি যেজন্য কুলপুত্রগণ আগার ত্যাগ করে অনাগারিক জীবনে প্রব্রজিত হন, সেই অনুত্তর (শ্রেষ্ঠ) ব্রহ্মচর্য্যপর্যাবসানে দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ (উপলব্ধি) করতঃ লাভ করে অবস্থান করেন। মারিস মোদ্গল্যায়ন, সেসব দেবতার "স-উপাদিশেষে স-উপাদিশেষ" এরূপ জ্ঞান আছে।

৭। মারিস মোদ্গল্যায়ন, যে ভিক্ষু দৃষ্টিপ্রাপ্ত ..... শ্রদ্ধাবিমুক্ত ..... ধর্মানুসারী তাঁকে সেই দেবগণ এরূপ জানেনঃ এই আয়ুষ্মান দৃষ্টিপ্রাপ্ত শ্রদ্ধাবিমুক্ত, ধর্মানুসারী, সম্ভবতঃ শয্যাসনের উপযুক্ত বিষয় অনুসরণ, কল্যাণমিত্রের ভজনা ও ইন্দ্রিয়সমূহ দমন করতঃ যেজন্য কুলপুত্রগণ আগার পরিত্যাগ করে অনাগারিক জীবনে প্রব্রজিত হন, তিনি সেই অনুত্তর ব্রহ্মচর্য্যপর্যাবসানে দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করেন। মারিস মোদ্গল্যায়ন! এরূপে সেই দেবগণ স-উপাদিশেষকে স-উপাদিশেষ হিসাবে জানেন না।'

৮। তৎপর আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন ব্রহ্মা তিষ্যের ভাষণে আনন্দিত, সন্তুষ্ট হয়ে যেমন বলবান পুরুষ সঙ্কুচিত বাহুকে প্রসারিত, প্রসারিত বাহুকে সঙ্কুচিত করে, তদ্রূপ, ব্রহ্মলোক হতে অন্তর্হিত হয়ে গৃধ্রকূট পর্বতে প্রাদুর্ভূত হন। তৎপর আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন ভগবান যেখানে ছিলেন তথায় উপনীত হন, উপনীত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়ন ব্রহ্মা তিষ্যের সাথে যেসব কথোপকোথন হয়েছিল সেসব ভগবানকে বিবৃত করেন। 'কিন্তু মোদ্গল্যায়ন, ব্রহ্মা তিষ্য সপ্তম অনিমিত্তবিহারী পুদ্গলের বর্ণনা দেননি।' 'ভগবান এটাই সময়, সুগত, এখনই সময়! ভগবান যদি সপ্তম অনিমিত্তবিহারী ব্যক্তির বিষয় ভাষণ করতেন ভিক্ষুগণ তা শ্রবণ করতঃ ধারণ (স্মরণ) করতেন।' 'তাহলে মোদ্গল্যায়ন, শ্রবণ কর, মনসংযোগ কর, আমি তা ভাষণ করব।' 'হাঁ ভন্তে' বলে আয়ুষ্মান মোদ্গল্যায়ন ভগবানকে প্রত্যুত্তরে বলেন। ভগবান বললেনঃ

Visit: http://www.buddhistdownload.com

৯। 'হে মোদ্গল্যায়ন, সর্ব নিমিত্তে অমনোযোগ দ্বারা যে ভিক্ষু চিত্তসমাধি লাভ করে অবস্থান করে সেই দেবগণ তাকে এরূপ জানেঃ এই আয়ুষ্মান সর্ব নিমিত্তে অমনোযোগ দ্বারা চিত্তসমাধি লাভ করতঃ অবস্থান করে; সম্ভবতঃ এই আয়ুষ্মান শয্যাসনের উপযুক্ত বিষয় অনুশীলন, কল্যাণমিত্রের ভজনা ও ইন্দ্রিয়সমূহ সংযত করতঃ যেজন্য কুলপুত্রগণ আগার পরিত্যাগ করে অনাগারিক জীবনে প্রব্রজিত হয়, সে সেই অনুত্তর ব্রহ্মচর্য্যপর্যাবসানে দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা উপলব্ধি করতঃ লাভ করে অবস্থান করে। এরূপে হে মোদ্গল্যায়ন, সেই দেবগণ স-উপাদিশেষকে স-উপাদিশেষ হিসাবে জানে।'

৪. সীহ[৭] সেনাপতি সুত্তং- সিংহ সেনাপতি সূত্র

৫৭.১। আমি এরূপ শুনেছি। এক সময় ভগবান বুদ্ধ বৈশালীর মহাবনে কুটাগারশালায় অবস্থান করছিলেন। তখন সেনাপতি সিংহ শাস্তার নিকট উপনীত হন, উপনীত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক পার্শ্বে উপবেশন করেন। এক পার্শ্বে উপবিষ্ট সেনাপতি সিংহ ভগবানকে বললেনঃ 'ভন্তে, সান্দৃষ্টিক দানফল প্রত্যাপিত করা সম্ভবপর কি?'

২। 'এক্ষেত্রে, সিংহ, আমি আপনাকে প্রতিপ্রশ্ন করব, আপনি যা ভাল মনে করেন তা ব্যাখ্যা করবেন। সিংহ আপনার কি মনে হয়? এমন হতে পারে যে দু'জন লোক, একজন অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, হীন, দুর্ভাষক; অপরজন শ্রদ্ধাবান, দানপতি, নিত্য দানে সন্তুষ্ট। সিংহ, আপনি কি মনে করেন? অনুকম্পাশীল অর্হৎগণ প্রথমে কার প্রতি অনুকম্পা প্রদর্শন করবেন- যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, হীন, দুর্ভাষক তাকে, না যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে সন্তুষ্ট তাকে?' 'ভন্তে, যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, হীন, দানের দুর্ভাষক তার প্রতি অনুকম্পাশীল অর্হৎগণ কেন প্রথমে অনুকম্পা প্রদর্শন করবেন? ভন্তে, যে পুরুষ শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে সন্তুষ্ট তাঁর প্রতিই ত অনুকম্পাশীল অর্হৎগণ প্রথমে অনুকম্পা প্রদর্শন করবেন।'

৩। 'সিংহ, আপনার কি মনে হয়- অর্হৎগণ প্রথমে কার নিকট উপনীত হবেন; যে ব্যক্তি অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, হীন, দুর্ভাষক তার নিকট, না যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে সন্তুষ্ট তার নিকট?'

Visit: http://www.buddhistdownload.com

'ভন্তে, যে ব্যক্তি অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, হীন, দানের দুর্ভাষক তার নিকট অর্হৎগণ কেন প্রথমে উপনীত হবেন? ভন্তে, যে ব্যক্তি শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তাঁর নিকটেই ত অর্হৎগণ প্রথম উপনীত হবেন।'

৪। 'সিংহ, আপনার কি মনে হয়- কার নিকট হতে অর্হৎগণ প্রথম দান প্রতিগ্রহণ করবেন; যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দুর্ভাষক তার থেকে না যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তার থেকে?' 'ভন্তে, যে ব্যক্তি অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দুর্ভাষক তার থেকে অর্হৎগণ কেন প্রথমে দান প্রতিগ্রহণ করবেন? ভন্তে, যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তাঁর থেকেই ত অর্হৎগণ প্রথম দান প্রতিগ্রহণ করবেন।'

৫। 'আপনার কি মনে হয় সিংহ- অর্হৎগণ ধর্ম দেশনা করলে কাকে প্রথম ধর্ম দেশনা করবেন: যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দুর্ভাষক তাকে, না যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তাকে?' 'ভন্তে, যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক অর্হৎগণ ধর্ম দেশনা করার ইচ্ছা করলে কেন তাকে প্রথম ধর্মদেশনা করবেন? ভন্তে, অর্হৎগণ ধর্ম পরিবেশন করার ইচ্ছা করলে যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তাঁকেই ত প্রথম ধর্ম ভাষণ করবেন।'

৬। 'আপনার কি মনে হয় সিংহ,- কার কল্যাণ কীর্তিশব্দ বিঘোষিত হয়; যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক তার, না যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তার?' 'ভন্তে, যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক কেনই বা তার কল্যাণ কীর্তিশব্দ বিঘোষিত হবে? ভন্তে, যে শ্রদ্ধাবান, দানপতি, সদা দানে রত তাঁর কল্যাণ কীর্তিশব্দই ত বিঘোষিত হবে।'

৭। 'সিংহ, আপনার কি মনে হয়,- যদি কোন পরিষদ যেমন ক্ষত্রিয় পরিষদ, ব্রাহ্মণ পরিষদ, গৃহপতি পরিষদ, শ্রমণ পরিষদে উপনীত হতে হলে বিশারদ (পারদর্শী), নিঃসঙ্কোচভাবে কে উপনীত হবেঃ অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক না যে শ্রদ্ধাবান, দানপতি, সতত দানে রত সে?' 'ভন্তে, যদি কোন পরিষদ যেমন ক্ষত্রিয়, ব্রাহ্মণ, গৃহপতি, শ্রমণ ইত্যাদি পরিষদে বিশারদ,

Visit: http://www.buddhistdownload.com

নিঃসঙ্কোচভাবে উপনীত হতে হয় তাহলে কেনই বা অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক উপনীত হবে? ভন্তে, যদি কোন পরিষদ যেমন ক্ষত্রিয়, ব্রাহ্মণ, গৃহপতি, শ্রমণ পরিষদে উপনীত হতে হয় তাহলে যে ব্যক্তি শ্রদ্ধাবান, দানপতি, সতত দানে নিরত তিনিই ত বিশারদ হয়ে নিঃসঙ্কোচভাবে উপনীত হবেন।'

৮। 'সিংহ, আপনি কি মনে করেন- কায়ভেদে মৃত্যুর পর কে সুগতি স্বর্গলোকে উৎপন্ন হয়; যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক, না যে শ্রদ্ধাবান, দানপপতি, সতত দানে নিরত সে?' 'ভন্তে, যে অশ্রদ্ধাবান, মাৎসর্যপরায়ণ, কৃপণ, দানের দুর্ভাষক কায়ভেদে মৃত্যুর পর কেন সে সুগতি স্বর্গলোকে উৎপন্ন হবে?' 'ভন্তে, যে ব্যক্তি শ্রদ্ধাবান, দানপতি, সতত দানে নিরত তিনিই কায়ভেদে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে উৎপন্ন হবেন।'

৯। 'ভন্তে ভগবান কর্তৃক এই ছয় সান্দৃষ্টিক দানফল ব্যাখ্যাত, তজ্জন্য আমি কিন্তু শ্রদ্ধায় ভগবান সমীপে গমন করি না, আমি শুধু মাত্র এসব জানি। ভন্তে, আমি দায়ক, দানপতি। ভন্তে, অনুকম্পাশীল অর্হৎগণ আমাকে প্রথম অনুকম্পা করেন। ভন্তে, আমি দাতা, দানপতি। অর্হৎগণ প্রথমে আমার নিকট উপনীত হন। ভন্তে, আমি দায়ক, দানপতি; অর্হৎগণ দান প্রতিগ্রহণ করলে প্রথমে আমার দান প্রতিগ্রহণ করেন। ভন্তে, আমি দাতা, দানপতি। অর্হৎগণ ধর্ম দেশনা করলে প্রথমে আমাকে ধর্ম দেশনা করেন। ভন্তে, আমি দায়ক, দানপতি; আমার কল্যাণ কীর্তিশব্দ চারদিকে বিঘোষিত', "সেনাপতি সিংহ একজন দাতা, কর্মকর্তা, সঙ্ঘ উপস্থাপক।" 'ভন্তে, আমি দাতা, দানপতি; যদি কোন পরিষদ যেমন ক্ষত্রিয়, ব্রাহ্মণ, গৃহপতি, শ্রমণ পরিষদে উপস্থিত হতে হয় আমি বিশারদ হয়ে নিঃসঙ্কোচে উপস্থিত হই। ভন্তে, ভগবান কর্তৃক এই ছয় সান্দৃষ্টিক দানফল ব্যাখ্যাত তজ্জন্য আমি শ্রদ্ধায় ভগবৎ সমীপে গমন করি না, শুধু মাত্র আমি এসব জানি। কিন্তু ভন্তে ভগবান যখন আমাকে এরূপ বললেনঃ "দাতা, দানপতি সিংহ কায়ভেদে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে উৎপন্ন হয়"- তা আমি জানি না এবং এজন্য শ্রদ্ধায় আমি ভগবৎ সমীপে গমন করি।'

Visit: http://www.buddhistdownload.com

'এটা এরূপ সিংহ, এটা এরূপ; দায়ক সিংহ দানপতি কায়ভেদে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে উৎপন্ন হয়।'

৫. অরক্খেয্য সুত্তং- অরক্ষণীয় সূত্র

৫৮.১। 'হে ভিক্ষুগণ, তথাগতের এই চার[৮] বিষয় আবৃত নহে এবং তিন বিষয়ে তিনি নির্দোষ। তথাগতের চার অনাবৃত কি কি?

২। হে ভিক্ষুগণ, তথাগত কায়িক কর্মে সম্পূর্ণ পরিশুদ্ধ। কায় দুশ্চরিত তথাগতের নেই যা তিনি গোপন করতেন এই ভেবেঃ "আমার এ বিষয় কেউ না জানুক।" হে ভিক্ষুগণ, বাক্‌কর্মে তথাগত সম্পূর্ণরূপে পরিশুদ্ধ, বাক্‌দুশ্চরিত তথাগতের নেই যা তিনি গোপন করতেন এই ভেবেঃ "আমার এ বিষয় কেউ না জানুক।" হে ভিক্ষুগণ, তথাগত মনোকর্মে সম্পূর্ণ পরিশুদ্ধ। তথাগতের কোন মনো দুশ্চরিত নেই যা তিনি রক্ষা করতেন এই ভেবেঃ "আমার এ বিষয় অপরে না জানুক।" হে ভিক্ষুগণ, তথাগত সম্পূর্ণরূপে আজীব (জীবিকা) পরিশুদ্ধ। তথাগতের কোন মিথ্যা জীবিকা নেই যা তথাগত রক্ষা করতেন এই ভেবেঃ "আমার এ বিষয় অপরে না জানুক।"

তথাগতের এই চারি বিষয় আবৃত নহে। কোন্ তিন বিষয়ে তিনি নির্দোষ?

৩। 'হে ভিক্ষুগণ, তথাগতের ধর্ম সু-ব্যাখ্যাত। একে সত্য সত্যই জগতে যে কোন শ্রমণ, ব্রাহ্মণ, দেব, মার বা অন্য যে কেউ আমাকে ধর্মতঃ (ন্যায়তঃ) দোষারোপ করতে পারেন এই বলেঃ "এভাবে আপনার দ্বারা ধর্ম সু-বিঘোষিত হয়নি।" হে ভিক্ষুগণ, আমি এরূপ কোন নিমিত্ত (লক্ষণ) দেখি না এবং কোন নিমিত্ত দর্শন না করে আমি ক্ষেম প্রাপ্ত (প্রশান্তি লাভ), অভয়প্রাপ্ত, বৈশারদ্য প্রাপ্ত (আত্ম বিশ্বাস লাভ) হয়ে অবস্থান করি। হে ভিক্ষুগণ, আমা কর্তৃক আমার শ্রাবকদের জন্য নির্বাণগামিনী মার্গ সু-প্রজ্ঞাপিত যাতে প্রতিপন্ন (আরূঢ়) হয়ে আমার শ্রাবকগণ আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি দর্শন করে, ধর্মে স্বয়ং অভিজ্ঞা উপলব্ধি করতঃ তা লাভ করে অবস্থান করে। এতে সত্য সত্যই জগতের যে কোন শ্রমণ, ব্রাহ্মণ, দেব, মার বা অন্য যে কেউ ধর্মতঃ আমাকে দোষারোপ করতে পারেন এই বলেঃ "এভাবে আপনার দ্বারা আপনার শ্রাবকদের জন্য নিব্বাণগামিনী মার্গ

Visit: http://www.buddhistdownload.com

সু-প্রজ্ঞাপিত হয়নি, যে মার্গ অনুসরণ করে আপনার শ্রাবকগণ আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি দর্শন করতঃ ধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ তা লাভ করে অবস্থান করতে পারেন।" কিন্তু হে ভিক্ষুগণ, আমি এরকম কোন লক্ষণ দেখি না। হে ভিক্ষুগণ, এরূপ কোন নিমিত্ত দর্শন না করে আমি ক্ষেমপ্রাপ্ত, অভয়প্রাপ্ত, বৈশারদ্য প্রাপ্ত হয়ে বিহার করি। হে ভিক্ষুগণ, আমার অনেক শত শ্রাবক পরিষদ আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি ও দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ তা লাভ করে অবস্থান করে। এতে সত্য সত্যই জগতের যে কোন শ্রমণ, ব্রাহ্মণ, দেব, মার বা অন্য কেউ ধর্মতঃ আমাকে দোষারোপ করতে পারেন এই বলেঃ "আপনার অনেক শত শ্রাবক পরিষদ আসক্তি ক্ষয় পূর্বক অনাসক্ত চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি দর্শন করতঃ ধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ তা লাভ করে অবস্থান করেন না।" কিন্তু হে ভিক্ষুগণ, আমি এরূপ কোন নিমিত্ত দর্শন করি না। হে ভিক্ষুগণ, এরূপ কোন নিমিত্ত দর্শন না করে আমি ক্ষেমপ্রাপ্ত, অভয়প্রাপ্ত, বৈশারদ্য প্রাপ্ত হয়ে বিহার করি। এই ত্রি নির্দোষ।

হে ভিক্ষুগণ, তথাগতের এই চার অরক্ষণীয় (অগোপনীয়) এবং ত্রি-নির্দোষ বিষয়।'

৬. কিম্বিল সুত্তং- কিম্বিল সূত্র

৫৯.১। আমি এরূপ শ্রবণ করেছি। এক সময় ভগবান বুদ্ধ কিম্বিলার নিকট বেণুবনে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান কিম্বিল ভগবানের নিকট উপনীত হয়ে তাঁকে অভিবাদন করতঃ এক পার্শ্বে উপবেশন করেন। এরূপে উপবিষ্ট কিম্বিল বললেনঃ 'ভন্তে, কোন্ হেতু, কোন্ প্রত্যয়ে তথাগতের পরিনির্বাণ লাভে সদ্ধর্ম চিরস্থায়ী হয় না?' 'হে কিম্বিল, তথাগতের পরিনির্বাণ লাভে ভিক্ষু, ভিক্ষুণী, উপাসক, উপাসিকা শাস্তার প্রতি অগৌরব প্রদর্শন করে, বাধ্য হয় না; ধর্মের প্রতি অগৌরব, অবাধ্য হয়ে বাস করে; সঙ্ঘের প্রতি অসম্মান প্রদর্শন; অবাধ্য হয়ে বাস করে; শিক্ষার প্রতি অগৌরব প্রদর্শন, অবাধ্য হয়ে বাস করে; সমাধির প্রতি অশ্রদ্ধাশীল, অবাধ্য হয়ে বাস করে; অপ্রমাদের প্রতি অশ্রদ্ধাশীল, অবাধ্য হয়ে বাস করে; শুভেচ্ছার প্রতি অশ্রদ্ধাশীল, অবাধ্য হয়ে বাস করে। হে কিম্বিল, এই হেতু-প্রত্যয়ে

Visit: http://www.buddhistdownload.com

তথাগতের পরিনিবৃত্তি লাভে সদ্ধর্ম চিরস্থায়ী হয় না।'

২। 'ভন্তে, কোন্ হেতু-প্রত্যয়ে তথাগত পরিনিবৃত্ত হলে সদ্ধর্ম চিরস্থায়ী হয়?' 'হে কিম্বিল, তথাগত পরিনির্বাপিত হলে ভিক্ষু, ভিক্ষুণী, উপাসক, উপাসিকা শাস্তার প্রতি গৌরবান্বিত, বাধ্যগত হয়; ধর্মের প্রতি শ্রদ্ধাশীল, বাধ্যগত হয়ে বাস করে; সঙ্ঘের প্রতি শ্রদ্ধাশীল, বাধ্যগত হয়ে বাস করে; শিক্ষার প্রতি শ্রদ্ধাশীল, বাধ্যগত হয়ে বাস করে; সমাধির প্রতি শ্রদ্ধাশীল, বাধ্যগত হয়ে বাস করে; অপ্রমাদের প্রতি শ্রদ্ধাশীল, বাধ্যগত হয়ে বাস করে; শুভেচ্ছার প্রতি শ্রদ্ধাশীল, বাধ্যগত হয়ে বাস করে। হে কিম্বিল, এই হেতু-প্রত্যয়ে তথাগত পরিনির্বাপিত হলেও সদ্ধর্ম চিরস্থায়ী হয়।'

৭. সত্তধম্ম সুত্তং- সপ্তধর্ম সূত্র

৬০.১। 'হে ভিক্ষুগণ, সপ্তধর্মে সমর্পিত ভিক্ষু অতি অল্প সময়ের মধ্যেই আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি ও দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে। সপ্ত কি কি?

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু শ্রদ্ধাশীল হয়, শীলবান হয়, বহুশ্রুত, নির্জনবাসী, আরব্ধবীর্য, স্মৃতিবান, প্রজ্ঞাবান হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্তধর্মে সমন্বিত ভিক্ষু অতি অল্প সময়ের মধ্যেই আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি ও দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।'

৮. পচলাযমান সুত্তং- পচলায়মান সূত্র

৬১.১। আমি এরূপ শুনেছি- এক সময় ভগবান বুদ্ধ ভগ্গদের[৯] সুংসুমার পর্বতে ভেসকলা মৃগদাবে অবস্থান করছিলেন। সে সময়ে আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন মাগধদের মধ্যে কল্লবালমুত্ত গ্রামে তন্দ্রাচ্ছন্ন উপবিষ্ট ছিলেন। ভগবান মনুষ্যাতীত দিব্য চক্ষু দ্বারা আয়ুষ্মান মহামোদ্গল্যায়নকে কল্লবালমুক্ত গ্রামে মাগধগণের মধ্যে তন্দ্রাচ্ছন্ন উপবিষ্ট দেখলেন, দেখে যেমন কোন বলবান পুরুষ সঙ্কুচিত বাহুকে প্রসারিত, প্রসারিত বাহুকে সঙ্কুচিত করে, তদ্রূপ (সময়ের মধ্যে) ভগবান ভগ্গদের সুংসুমার পর্বতের ভেসকলাবনের মৃগদাব হতে

Visit: http://www.buddhistdownload.com

অন্তর্হিত হয়ে মাগধদের কল্লবালমুত্ত গ্রামে আয়ুষ্মান মহামোদ্গল্যায়নের সম্মুখে প্রাদুর্ভূত হন। তথায় প্রজ্ঞাপিত আসনে ভগবান উপবেশন করেন। উপবিষ্ট হয়ে ভগবান শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়নকে বললেনঃ 'মোদ্গল্যায়ন, তুমি তন্দ্রাচ্ছন্ন, মোদ্গল্যায়ন, তুমি তন্দ্রাচ্ছন্ন?' 'হাঁ ভন্তে।'

২। 'মোদ্গল্যায়ন, তুমি যেভাবে সংজ্ঞাশীল আছ তদাবস্থায় তন্দ্রা আসে, সংজ্ঞা মননশীলতা আসে, সংজ্ঞাবহুল হয় এবং সম্ভবতঃ যেহেতু তুমি এরূপ (সংজ্ঞাবহুল) অবস্থান করতেছ, সেই তন্দ্রা ছেড়ে যাবে।

৩। যদি এভাবে অবস্থানকালে সেই তন্দ্রা ছেড়ে না যায় তখন মোদ্গল্যায়ন! তোমার যথাশ্রুত, যথা আয়ত্ত (অর্জিত) ধর্ম অন্তরে অনুধ্যান করা, বিচার করা, মন দ্বারা পর্য্যবেক্ষণ করা উচিতঃ সম্ভবতঃ যেহেতু তুমি এভাবে অবস্থান করতেছ (সংজ্ঞাশীল হয়ে), সেই তন্দ্রা ছেড়ে যাবে।

৪। যদি এভাবে অবস্থানকালে সেই তন্দ্রা ছেড়ে না যায় মোদ্গল্যায়ন, তখন তোমার যথাশ্রুত, যথা আয়ত্ত ধর্ম বিস্তৃতভাবে পুনরাবৃত্তি করা উচিতঃ সম্ভবতঃ যেহেতু তুমি এভাবে সংজ্ঞাশীল হয়ে অবস্থান করতেছ, সেই তন্দ্রা ছেড়ে যাবে।

৫। যদি এভাবে অবস্থানকালে সেই তন্দ্রা ছেড়ে না যায় তখন, মোদ্গল্যায়ন, তোমার উভয় কর্ণ শ্রোত্র এবং হস্ত দ্বারা অঙ্গ প্রত্যঙ্গ ঠাসা করে নেয়া উচিতঃ সম্ভবতঃ যেহেতু তুমি এভাবে সংজ্ঞাশীল হয়ে অবস্থান করতেছ, সেই তন্দ্রা ছেড়ে যাবে।

৬। যদি এভাবে অবস্থানকালে সেই তন্দ্রা ছেড়ে না যায় তখন মোদ্গল্যায়ন! তোমার আসন হতে উঠে জল দ্বারা চক্ষু পরিষ্কার করা, চক্রবাল অবলোকন করা, নক্ষত্রপুঞ্জের দিকে তাকানো উচিতঃ সম্ভবতঃ যেহেতু তুমি এভাবে সংজ্ঞাশীল হয়ে অবস্থান করছ তাই সেই তন্দ্রা ছেড়ে যেতে পারে।

৭। যদি এভাবে অবস্থানকালে সেই তন্দ্রা ছেড়ে না যায় তখন মোদ্গল্যায়ন! আলোক সংজ্ঞা মনস্কার করবে, দিবা সংজ্ঞা অধিষ্ঠান করবে- যথা দিবা তথা রাত্রি, যথা রাত্রি তথা দিবা। এভাবে চিত্তের বাধা-বিঘ্ন না ঘটিয়ে উচিত চিত্তকে প্রভাস্বর করার জন্য ভাবনা করাঃ

Visit: http://www.buddhistdownload.com

যেহেতু তুমি এভাবে সংজ্ঞাশীল হয়ে অবস্থান করছ, তাই সেই তন্দ্রা ছেড়ে যেতে পারে।

৮। যদি এভাবে অবস্থানকালে সেই তন্দ্রা ছেড়ে না যায় মোদ্গল্যায়ন! তখন সংজ্ঞা-পূর্ব (সংজ্ঞা তুলে নিয়ে) অন্তোগত ইন্দ্রিয়ে, অন্তর্গত মনস্কার (চিত্তে) চংক্রমণ অধিষ্ঠান করা (মনোযোগ নিবদ্ধ করা) উচিতঃ যেহেতু তুমি এভাবে (নিবদ্ধ চিত্তে) অবস্থান করছ, তোমার সেই তন্দ্রা ছেড়ে যেতে পারে।

৯। যদি সেই তন্দ্রা ছেড়ে না যায়, তখন মোদ্গল্যায়ন! দক্ষিণ-পার্শ্ব হয়ে সিংহ-শয্যায় শায়িত হবে, পায়ের উপর পা রেখে, স্মৃতিযুক্ত উত্থান মনস্কার করতঃ, জাগ্রত হয়ে শ্রুত প্রত্যুত্থান করা উচিত এই ভেবেঃ "আমি শয্যাসুখ, পার্শ্ব-(অর্ধ-শয়ান) সুখ কিংবা তন্দ্রা-সুখ অনুযুক্ত (অভিলাষযুক্ত) হয়ে অবস্থান করব না।" মোদ্গল্যায়ন! তোমার এরূপ শিক্ষা করা কর্তব্য।

১০। অধিকন্তু মোদ্গল্যায়ন! তোমার শিক্ষণীয় হবে এরূপঃ "উচ্চ শুঁড় (উচ্চ অহংকার) পরিগ্রহ করে কুল (পরিবার) সমূহে উপনীত হব না।" মোদ্গল্যায়ন! এরূপই হবে তোমার শিক্ষা। মোদ্গল্যায়ন! যদি ভিক্ষু উচ্চ শুঁড় পরিগ্রহ করে কুলগমন করে তাহলে পরিবারের বহু করণীয় কর্মের মধ্যে লোকেরা ভিক্ষুর আগমন প্রত্যক্ষ না করে থাকতে পারে। তাই ভিক্ষু যদি উচ্চ অহংকার যুক্ত হয়ে কুলগমন করে সে এরূপ মনে করতে পারেঃ "ইদানিং এই পরিবারে কে আমায় বিব্রত করছে? এ লোকদের এখন আমাতে কোন অভিরুচি নেই।" সুতরাং কোন কিছু লাভ না করায় সে দুঃখিত হওয়ায় সে উদ্ধত (উত্তেজিত), উদ্ধত হওয়ায় সে অসংযত, অসংযত হলে চিত্ত সমাধি হতে বহু দূরেই থাকে। সে কারণে মোদ্গল্যায়ন! তোমার এরূপ শিক্ষা করা উচিতঃ "আমি কোন ক্রোধোদ্দীপক কথা বলবই না।" মোদ্গল্যায়ন! তোমার এরূপই শিক্ষা করা উচিত। মোদ্গল্যায়ন! ক্রোধোদ্দীপক কথায় কথা-বাহুল্য প্রত্যাশিত। কথা-বাহুল্য হলে স্মৃতি উদ্ধত হয়, উদ্ধত হলে অসংযত হয়, অসংযত হলে চিত্ত সমাধি হতে বহু দূরেই থাকে। মোদ্গল্যায়ন! আমি সবার সাথে সংসর্গ মাত্র প্রশংসা করি না, কিংবা এরূপ সংসর্গ আমি অপ্রশংসা করি না, সত্য সত্যই মোদ্গল্যায়ন! আমি

Visit: http://www.buddhistdownload.com

গৃহস্থদের সাথে পরিব্রাজকদের সাথে সংসর্গ প্রশংসা করি না; কিন্তু যেসব শয্যাসন শব্দ-রহিত, ঘোষ (চীৎকার) রহিত, জন-বাত-বিরল, মানুষের গুপ্ত-মন্ত্রণার যোগ্য, সাধনাকূল তদ্রূপ শয্যাসন সংসর্গ আমি প্রশংসা করি।'

১১। ভগবান বুদ্ধ এরূপ ব্যাখ্যা করলে আয়ুষ্মান মোদ্গল্যায়ন ভগবানকে বলেনঃ 'ভন্তে! কিরূপে ভিক্ষু সংক্ষিপ্তভাবে তৃষ্ণা-ক্ষয় বিমুক্ত হয়, স্থায়ী সমাপ্তি, স্থায়ী যোগক্ষেম (উদ্যম হতে প্রশান্তি), স্থায়ী ব্রহ্মচর্য্য, স্থায়ী পর্য্যাবসান (পূর্ণতা) লাভ করেন এবং দেব-মনুষ্যদের মধ্যে শীর্ষস্থানীয় হন?' 'মোদ্গল্যায়ন! ভিক্ষু শিক্ষা করেছিলঃ পৃথিবীর সব বিষয়ে অভিনিবেশ (মনোযোগ) করা ঠিক নয়। মোদ্গল্যায়ন! যদি ভিক্ষু এরূপ শিক্ষা করে থাকেঃ জগতের সব বিষয়ে অভিনিবেশ নিয়োগ ঠিক নয়- সে প্রত্যেক বিষয়ে অভিজ্ঞান (বিশেষ জ্ঞান) লাভ করে; প্রত্যেক বিষয়ে অভিজ্ঞান লাভ করতঃ প্রত্যেক বিষয়ে পরিজ্ঞান (যথার্থ জ্ঞান) লাভ করে; প্রত্যেক বিষয়ে পরিজ্ঞান লাভ করতঃ সে যা কিছু সুখ, দুঃখ বা না-দুঃখ না-সুখ বেদনা (সুখ-দুঃখাদির অনুভূতি) অনুভব করে। সেসব বেদনায় সে অনিত্যানুর্শী, বিরাগানুদর্শী (অনুরাগহীনতায় অনুদর্শী), নিরোধানুদর্শী (নিরোধ বা নিবৃত্তি অনুদর্শী), প্রতিনিসর্গানুদর্শী (যেসব পরিত্যাগের বিষয় সেগুলোর অনুদর্শী) হয়ে অবস্থান করে। সে সেই বেদনাসমূহে অনিত্যানুদর্শী, বিরাগানুদর্শী, নিরোধানুদর্শী, প্রতিনিসর্গানুদর্শী হয়ে অবস্থানকালে জগতের কোন কিছুতে সংলগ্ন (আসক্ত) হয় না, কোন কিছুতে সংলগ্ন না হয়ে সে কোন কিছুই আকাঙ্ক্ষা করে না, কোন কিছু আকাঙ্ক্ষা না করে সে স্বয়ং পরিনির্বাণ লাভ করে এবং তখন সে প্রকৃষ্টরূপে জানেঃ জন্ম ক্ষীণ (ক্ষয় প্রাপ্ত), ব্রহ্মচর্য্য উদ্‌যাপিত, করণীয় (যা করার ছিল) কৃত হয়েছে, তার এ অবস্থা আর হবে না।

মোদ্গল্যায়ন! এ উপায়ে সংক্ষিপ্তভাবে ভিক্ষু তৃষ্ণা-ক্ষয় বিমুক্ত, শাশ্বত সমাপ্তিতে উপনীত, শাশ্বত, যোগক্ষেমী, শাশ্বত পূর্ণতায় উপনীত হয় এবং দেব-মনুষ্যদের মধ্যে শীর্ষস্থানীয় হয়।'

Visit: http://www.buddhistdownload.com

৯. মেত্ত সুত্তং- মৈত্রী সূত্র

৬২. ভিক্ষুগণ! পুণ্য-কর্মে ভীত হয়ো না। এটা সুখের একটা নাম যেমন, পুণ্য কাজ। ভিক্ষুগণ! আমি ভালই জানি যে, দীর্ঘদিন যাবৎ কৃত কর্ম দীর্ঘকাল প্রীতিকর, আনন্দজনক, মনোজ্ঞ বিপাক (ফল) দেয়। অনুক্রমে সাত বৎসর অবধি আমি মৈত্রীচিত্ত পোষণ করেছি। সাত বৎসর মৈত্রীচিত্ত পোষণ করতঃ সাত সংবর্ত-বিবর্ত (সম্মুখে ঘুর্ণায়মান ও পেছনে ঘুর্ণায়মান) কল্প আমি এ জগতে পুনরাগমন করিনি। তৎপর ভিক্ষুগণ! যখন জগৎ সম্মুখের দিকে ঘুর্ণায়মান হল তখন আমি শূন্য ব্রহ্মবিমানে উৎপন্ন হই। অতঃপর ভিক্ষুগণ! আমি ব্রহ্মা, মহাব্রহ্মা, অভিভূ (প্রভু), অনভিভূত (অজেয়), সর্বদর্শী, সর্ব শক্তিমান হই। ছত্রিশবার আমি সক্ক, দেবগণের রাজা হই। অনেক সময় আমি সাতবার চক্রবর্তী ধার্মিক রাজা হই এবং জগতের চার অন্ত ভাগ জয় করে দেশের স্থায়ীত্ব বিধান করতঃ সপ্তরত্ন লাভ করি। ভিক্ষুগণ! আমার সপ্তরত্ন ছিলঃ চক্ররত্ন, হস্তী-রত্ন, অশ্ব-রত্ন, মণি-রত্ন, স্ত্রী-রত্ন, গৃহপতি-রত্ন, পরিনায়ক-রত্ন (মন্ত্রী-রত্ন) এর মত সপ্ত রত্ন এবং আমার সহস্র পুত্র ছিল সাহসী, তেজস্বী, সেবক-শত্রু দমনকারী। আমি এ পৃথিবী জয় করতঃ সাগর পর্যন্ত বিনাদণ্ডে, বিনা অস্ত্রে ন্যায়তঃ শাসন করে বাস করেছিলাম।

[সুখকামী সত্ত্বগণ! দর্শন কর হে কুশল-বিপাক ফল
ওহে ভিক্ষুগণ! মৈত্রী ভাবনা আমি ভেবেছি, সপ্ত বর্ষ কাল
সপ্ত সংবর্ত-বিবর্ত কল্পে করিনি ইহলোকে পুনরাগমন;
সংবর্তকালে আভস্সর ব্রহ্মলোকে করি আমি জন্ম ধারণ
পৃথিবীর বিবর্তনকালে ছিলাম আমি শূন্য ব্রহ্মলোকে
সপ্তবার ছিলাম তখন বশবর্তী মহাব্রহ্মা হয়ে;
করেছি রাজত্ব দেবেন্দ্র হয়ে ছয়ত্রিংশবার,
চক্রবর্তী রাজাও হয়েছি আমি জম্বুদ্বীপের;
মুর্দ্ধাভিষিক্ত ক্ষত্রিয় মনুষ্যাধিপতি ছিলাম আমি,
বিনা দণ্ডে, বিনা অস্ত্রে করেছি এই পৃথিবী শাসন,
দুঃসাহসিক কার্য বিনা ধর্মানুসারে করেছি অনুশাসন,
এই পৃথিবী মণ্ডলে যথাধর্ম রাজত্ব করে সম্পাদন

Visit: http://www.buddhistdownload.com

মহাধন, মহাভোগ, আঢ্যকুলে অতঃপর করি জন্ম ধারণ,
সর্বকাম্য, সপ্তরত্ন সম্পন্ন পূজ্য কুলে;
মহা কারুণিক বুদ্ধগণ দ্বারা এ যে হয়েছে সুদেশিত-
সে মহৎ গুণের হেতুই লোকেশ্বর বলে হয়েছেন কথিত;
প্রভূত বিত্ত উপকরণসহ হয়েছি রাজা, প্রতাপবান;
হলেও হয়েছি জম্বুদ্বীপেশ্বর, ঋদ্ধিমান ও যশবান!
শুনে' এবম্বিধ গুণাবলীর বিষয়
এমনকি হীনজাতিও হবে না কি সুপ্রসন্ন?
সেই হেতু মহত্ত্বকামী, স্বার্থ-পরার্থকামী, বুদ্ধের অনুশাসন
স্মরণকারীর করণীয়, সদ্ধর্মের সম্মান-গৌরব প্রদর্শন।]

১০. ভরিযা সুত্তং- ভার্য্যা সূত্র

৬৩.১। এক সময় ভগবান বুদ্ধ শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিক এর বিহারে অবস্থান করছিলেন। সে সময়ে ভগবান পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করতঃ পাত্র-চীবর সঙ্গে নিয়ে অনাথপিণ্ডিক গৃহপতির আবাসে উপনীত হন, উপনীত হয়ে প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। সে সময়ে গৃহপতি অনাথপিণ্ডিক এর আবাসে লোকেরা উচ্চশব্দ মহাশব্দ করছিল। তৎপর গৃহপতি অনাথপিণ্ডিক ভগবানের নিকট গমন করেন, ভগবানকে অভিবাদন করতঃ তিনি এক পার্শ্বে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট অনাথপিণ্ডিককে ভগবান বললেনঃ 'গৃহপতি! আপনার গৃহের লোকেরা কেন উচ্চশব্দ মহাশব্দ করছে? এ যেন মনে হয় জেলের মৎস্য-আকর্ষণ।' 'ভন্তে, এ যে সুজাতা, আমার পুত্রবধু আমাদের সাথে বসবাস করছে। সে ধনী এবং তাকে ধনাঢ্য-কুল হতে এ ঘরে আনা হয়েছে। সে তার শাশুড়ী, শ্বশুর কিংবা স্বামী কাউকে গ্রাহ্য করে না; ভগবানকেও সে সৎকার, গৌরব, সম্মান করে না কিংবা শ্রদ্ধা করে না।'

২। তৎপর ভগবান বুদ্ধ সুজাতাকে আহ্বান করলেনঃ 'এস সুজাতা!' 'হাঁ ভন্তে!' বলে প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করেন সুজাতা। ভগবান কর্তৃক প্রতিশ্রুতা হয়ে তিনি ভগবৎ সমীপে উপনীত হন, উপনীত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক পার্শ্বে উপবিষ্ট হন। এক পার্শ্বে উপবিষ্ট সুজাতাকে ভগবান বললেনঃ 'সুজাতা! একজন

Visit: http://www.buddhistdownload.com

পুরুষের সাত প্রকার ভার্য্যা থাকতে পারে। সাত কি কি? বধকসমা, চোরীসমা, আর্যসমা, মাতৃসমা, ভগিনীসমা, সখীসমা, দাসীসমা[১০] (বধকসদৃশা, চোর-সদৃশা, আর্যা-সদৃশা, মাতৃ-সদৃশা, ভগিনী-সদৃশা, দাসী-সদৃশা)। হে সুজাতা! এই হল পুরুষের সাত প্রকার ভার্য্যা। তন্মধ্যে আপনি কোন্ প্রকার?' 'ভদন্ত! ভগবানের এই সংক্ষিপ্ত ভাষিত বিষয়ের বিস্তৃতার্থ আমার বোধগম্য নয়। সাধু ভদন্ত! ভগবান যদি তাদৃশ ধর্ম শিক্ষা দিতেন যদ্বারা ভগবৎ ভাষিত সংক্ষিপ্ত বিষয়ের বিস্তৃতার্থ উপলব্ধি করতে সক্ষম হতাম।' 'তাহলে সুজাতা! শ্রবণ কর, উত্তমরূপে মনোনিবেশ কর, আমি তা বিবৃত করছি।' 'যথা আজ্ঞা, প্রভু!' বলে সুজাতা প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করলেন। ভগবান বললেনঃ-

যেই ভার্য্যা হয় প্রদুষ্টচিত্তা, অহিতানুকম্পিনী,
অন্য পুরুষের আসক্তা, স্বামীর অশুভ চিন্তাকারিনী,
যে স্ত্রী পতিকে করে অবজ্ঞা ও অবমাননা,
ধন-দ্বারা ক্রীতাও স্বামী বধে হয় উৎসাহিত,
সেই হেতু স্ত্রী বধকা নামে হয় কথিত।
যে স্ত্রী স্বামীর শিল্প, বাণিজ্য, কৃষি দ্বারা করে ধনোপার্জন,
যে স্ত্রী অল্পও করে নষ্ট স্বামীর কষ্টার্জিত ধন,
সেই স্ত্রী 'চোরী ও ভার্য্যা' নামে কথিত যে হয়।
পুরুষের যেই ভার্য্যা হয় নিষ্কর্মা, আলস্যপরায়ণা,
বহু ভোজী, প্রখরা, প্রচণ্ডা, দুর্মুখ পরায়ণা,
স্বামীর বীর্য্য-উৎসাহ মর্দনে হয় প্রবৃত্তা,
স্বামী যদি করে কোন উক্তি ভার্য্যা হয় ক্ষিপ্তা,
ইদৃশ ভার্য্যা 'আর্যা ও ভার্য্যা' নামে হয় যে কথিত।
সে স্ত্রী হয় সদা স্বামীর মঙ্গলকামিনী
পতিকে করে রক্ষা মাতা পুত্রকে যেমন করে,
স্বামীর সঞ্চিত ধন সতত রক্ষা করে,
সেই স্ত্রী 'মাতা ও ভার্য্যা' নামে হয় যে কথিত।
কনিষ্ঠা ভগিনী জ্যেষ্ঠ সহোদরে যেমনি হয় অনুগতা,
সেরূপ স্বীয় স্বামীর প্রতি যে স্ত্রী হয় লজ্জাশীলা ও বশীভূতা,

Visit: http://www.buddhistdownload.com

স্বামীর ইচ্ছানুরূপ করে সর্ব কাজ সম্পাদন,
পুরুষের এরূপ ভার্য্যা 'ভগিনী ও ভার্য্যা' নামে হয় কথিত।
যে স্ত্রী পতি দর্শনে হয় তথৈব আনন্দিত
দীর্ঘ পরে সখী সখাকে দর্শনে হয় যেমন,
সেরূপ কুলসম্পন্না, শীলবতী, পতিব্রতা
যে স্ত্রী হয়, 'সখী ও ভার্য্যা' বলে হয় সে কথিত।
স্বামীর বধ দণ্ডেতেও অভীতা অবিচলিতা
যে স্ত্রী হয়, স্বামীর প্রতি করে না ক্রোধ প্রকাশ,
করে সহ্য পতির বাক্য নির্দোষ চিত্তে,
পুরুষের যে ভার্য্যা হয় অক্রোধী, স্বামী-অনুগতা,
সেই স্ত্রী 'দাসী' বলে হয় পরিচিতা।
ইহলোকে যারা হয় কথিত বধকা, চোরী ও
আর্যা ভার্য্যা বলে, তারা হয় দুঃশীলা, প্রখরা
ও নির্দয়িনী, কায়ভেদে মৃত্যুর পর করে তারা নিরয় গমন।
ইহলোকে যারা হয় কথিত-মাতা, ভগিনী, সখী এবং
দাসী ভার্য্যা বলে, তারা হয় শীলে স্থিত, চির সংযত,
সেহেতু দেহ ভেদে মৃত্যুর পর তাদের হয় সুগতি গমন।

হে সুজাতা! এই হল পুরুষের সপ্ত ভার্য্যা। এগুলোর মধ্যে আপনি কোন্‌টি?'

ভন্তে ভগবান! আজ হতে আমাকে স্বামীর দাসী-সমা ভার্য্যা হিসাবে ধারণা করুন।'

১১. কোধন সুত্তং- ক্রোধযুক্ত সূত্র

৬৪.১। 'হে ভিক্ষুগণ! এই সপ্ত বিষয়ের বিদ্যমানতায় ক্রুদ্ধ প্রতিযোগী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিযোগিতা হয়। সপ্ত কি কি?

২। ভিক্ষুগণ! প্রতিযোগী প্রতিযোগিতার বিষয়ে এরূপ ইচ্ছা করেঃ "যদি সে কুৎসিৎ হত!" তার হেতু কি? এক প্রতিযোগী সুন্দর প্রতিযোগীকে পছন্দ করে না। হে ভিক্ষুগণ! এরূপ ব্যক্তি ক্রোধাভিভূত, ক্রোধ পরাভূত এবং যত উত্তমরূপে তাকে স্নান, বিলেপন, কেশ-শ্মশ্রু কল্পিত, শুভ্র বস্ত্র পরিধান করানো হোক না কেন, সে ক্রোধাভিভূত হয়ে কুৎসিতই বটে। ভিক্ষুগণ! এটা প্রথম শর্ত যার বিদ্যমানতায় ক্রুদ্ধ প্রতিযোগী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিযোগিতা হয়।

Visit: http://www.buddhistdownload.com

৩। পুনঃ হে ভিক্ষুগণ! একজন প্রতিযোগী তার প্রতিপক্ষ সম্পর্কে এরূপ ইচ্ছা পোষণ করেঃ "ওহে সে যদি কষ্টে শয়ন করত!" তার কারণ কি? হে ভিক্ষুগণ! একজন প্রতিযোগী তার প্রতিপক্ষ উত্তমরূপে নিদ্রা যাক তা চায় না। ভিক্ষুগণ! এরূপ ব্যক্তি ক্রোধাভিভূত, ক্রোধ-পরাভূত এবং যদিও সে পশমী আবরণ আচ্ছাদিত সাদা কম্বলে, বিছানার কোমল চাদরে, পুষ্প সুচিকর্মযুক্ত কৃষ্ণসার মৃগ চামড়ার তৈরী বিছানো কম্বলে, চাঁদোয়ার নীচে শয়ন করে অথবা উভয় পাড়[১] গাঢ় লাল রঙের গদিযুক্ত সোফায় শয়ন করে, তৎসত্ত্বেও সে ক্রোধাভিভূত হেতু দুঃখে শয়ন করে। হে ভিক্ষুগণ! এটা দ্বিতীয় কারণ যে জন্য ক্রুদ্ধ প্রতিযোগী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিযোগিতা হয়।

৪। পুনশ্চ হে ভিক্ষুগণ! একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষ সম্পর্কে এরূপ ইচ্ছা পোষণ করেঃ "অহো, সে উন্নতি লাভ না করুক!" এর কারণ কি? হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী চায় না যে, তার প্রতিপক্ষ উন্নতি লাভ করুক। ভিক্ষুগণ, এরূপ ব্যক্তি ক্রোধাভিভূত, ক্রোধ-পরাভূত, ক্ষতির শিকার হয়ে সে মনে করেঃ "আমি লাভবান হয়েছি", লাভবান হয়ে সে মনে করেঃ "আমি ক্ষতিগ্রস্ত হয়েছি।" ক্রোধাভিভূত হয়ে এসব বিষয়ে অপরের শত্রুতা ঘটায়, তার দীর্ঘকালের অহিত ও দুঃখ সৃষ্টি করে। হে ভিক্ষুগণ, এটা তৃতীয় কারণ যে জন্য ক্রুদ্ধ প্রতিযোগী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিযোগিতা ঘটে।

৫। পুনঃ হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষ সম্পর্কে এরূপ ইচ্ছা পোষণ করেঃ "অহো, সে যদি ভোগশালী না হত!" এর কারণ কি? হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী চায় না যে, তার প্রতিপক্ষ ভোগশালী হোক। হে ভিক্ষুগণ, ক্রোধপরায়ণ এই ব্যক্তি ক্রোধাভিভূত, ক্রোধ-পরাভূত হয়ে তার যে কিছু সম্পদ তা কঠোর পরিশ্রমার্জিত, বাহুবল দ্বারা মাথার ঘাম পায়ে ফেলে ন্যায়তঃ ধর্মতঃ লব্ধ রাজাগণ এগুলি রাজ কোষে প্রেরণের জন্য নির্দেশ দেন যেহেতু সে ক্রোধাভিভূত। হে ভিক্ষুগণ, এটা চতুর্থ কারণ যেজন্য ক্রুদ্ধ প্রতিদ্বন্দ্বী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা ঘটে।

৬। পুনঃ হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষ সম্পর্কে এরূপ ইচ্ছা পোষণ করেঃ "হায়, সে যদি যশস্বী না হত!" তার হেতু

Visit: http://www.buddhistdownload.com

কি? হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষ যশস্বী হোক তা চায় না। হে ভিক্ষুগণ, ক্রুদ্ধ হয়ে এরূপ ব্যক্তি ক্রোধাভিভূত, ক্রোধ-পরাভূত, অপ্রমাদ দ্বারা অর্জিত যশ ক্রোধ-হেতু তার থেকে বিদূরীত হয়ে যায়। হে ভিক্ষুগণ, এটা পঞ্চম কারণ যেজন্য ক্রুদ্ধ প্রতিদ্বন্দ্বী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হয়।

৭। পুনঃ হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষ সম্পর্কে এরূপ ইচ্ছা পোষণ করেঃ "হায়, সে যদি মিত্রবিহীন হত!" তার হেতু কি? হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষের বন্ধুত্ব থাকুক তা চায় না। হে ভিক্ষুগণ, ক্রুদ্ধ হয়ে এরূপ ব্যক্তি ক্রোধাভিভূত, ক্রোধ-পরাভূত, তার বন্ধু-সহচর-আত্মীয়-স্বজন যা-ই থাকুক না কেন, তারা তাকে উপেক্ষা করে এবং বর্জন করে যেহেতু সে ক্রোধাভিভূত। হে ভিক্ষুগণ, এটা ষষ্ঠ কারণ যে জন্য ক্রুদ্ধ প্রতিদ্বন্দ্বী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা ঘটে।

৮। পুনঃ হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষ সম্পর্কে এরূপ ইচ্ছা পোষণ করেঃ "অহো, সে যদি কায়ভেদে মৃত্যুর পর অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হত!" তার হেতু কি? হে ভিক্ষুগণ, একজন প্রতিদ্বন্দ্বী তার প্রতিপক্ষের সুগতি গমন আকাঙ্ক্ষা করে না। হে ভিক্ষুগণ, এরূপ ব্যক্তি ক্রুদ্ধ হয়ে ক্রোধাভিভূত, ক্রোধ-পরাভূত, কায়-বাক্য-মনে দুশ্চরিত আচরণ করে। সে কায়-বাক্য-মনে দুশ্চরিত আচরণ করতঃ কায় ভেদে মৃত্যুর পর অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হয়, যেহেতু সে ক্রোধাভিভূত। হে ভিক্ষুগণ, এটা সপ্তম কারণ যেজন্য ক্রুদ্ধ প্রতিদ্বন্দ্বী স্ত্রী বা পুরুষের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা ঘটে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত বিষয়ের বিদ্যমানতায় ক্রুদ্ধ প্রতিযোগী স্ত্রী বা পুরুষের মধ্যে ক্রোধ উৎপন্ন হয়।

ক্রোধী হয় দুর্বর্ণ শয়ন করে দুঃখে
অর্থপূর্ণ কার্য করলেও গ্রহণ প্রাপ্ত হয় অবৃদ্ধিকে,
সেহেতু কায়-বাক্য দ্বারা প্রাণী ইত্যাদি
দ্বারা ক্রোধশালী হয় ধনহানির শিকার।
ক্রোধমদমত্ত জন প্রাপ্ত হয় অযশ অখ্যাতি
জ্ঞাতিমিত্র সুহৃদগণও করে তাকে পরিত্যাগ।

Visit: http://www.buddhistdownload.com

ক্রোধ করে অনর্থ উৎপাদন ক্রোধ করে চিত্ত প্রকোপিত
অন্তরে উপজে ভয়, ক্রোধীকে বুঝতে সক্ষম
কোন জন, বুঝলেও সে যে বুঝতে অক্ষম।
ক্রুদ্ধ জানে না অর্থ, দেখে না শমথ-বিদর্শন ধর্ম
অন্ধতমে হয় নিমজ্জিত নর যবে হয় মর্দিত ক্রোধ-দ্বারা।
ক্রুদ্ধ ব্যক্তি দুষ্করকে সুকর কার্য্যসম ভাবে
পরে ক্রোধমুক্ত হলে সে অগ্নিদগ্ধসম প্রাপ্ত হয় তাপ।
ক্রোধ যবে উপজে ধুমযুক্ত অগ্নিতুল্য নিস্তেজাবস্থাকে
করায় প্রাপ্ত, মুখশ্রীও হয় বিবর্ণ তাতে,
করলে ক্রোধ উৎপাদন লজ্জা কিংবা ভয় তার নাহি থাকে,
ক্রোধাভিভূত ব্যক্তির কোন বিষয়েই নেই প্রতিষ্ঠা।
শমথ-বিদর্শন হতে দূরে সেসব পাপজনক ধর্ম আছে
সেসব কর্ম প্রকাশ করব, তা শ্রবণ কর যথাযথভাবে।
ক্রুদ্ধ ব্যক্তি করে হত্যা পিতাকে, ক্রুদ্ধ ব্যক্তি করে হত্যা মাতাকেও
ক্রুদ্ধ ব্যক্তি হত্যা করে ব্রাহ্মণকে, ক্রুদ্ধ করে হত্যা পৃথগ্‌জনকেও।
যে মাতা দ্বারা ভূত বা পোষিত হয়ে মানব এ জগৎ দেখে থাকে,
তাদৃশ জীবনদাহ মাতাকেও ক্রোধী ব্যক্তি করে থাকে হত্যা
পৃথগ্‌জনকেও ক্রোধী ব্যক্তি করে হত্যা
আত্মতুল্য ও আত্মা হতে পরম প্রিয় ব্যক্তির প্রতি
হওত মুর্ছিত নানারূপ নিমিত্তে বহু কারণে
ক্রোধী ব্যক্তি করে নিজেকে হত্যা।
অসি দ্বারা নিজেকে করে হত্যা মুর্ছিত হয়ে করে বিষ পান
রজ্জু দ্বারা মরে ফাঁস দিয়ে, পর্বত কন্দরে পড়েও করে মৃত্যুবরণ।
ক্রোধান্ধগণ হত-বুদ্ধিজনক আত্মধ্বংসকর কর্মাদি করে
ক্রোধজাত হেতু হয় যে পরাজিত তা বুঝতে নারে।
এরূপে ক্রোধী ব্যক্তি শয়ন করে মৃত্যুপাশ তাড়িত গুহায়
প্রজ্ঞা, বীর্য্য ও সম্যকদৃষ্টি দ্বারা সেই ক্রোধকে করবে সমুচ্ছেদ, দমন।
পণ্ডিত ব্যক্তি এই ক্রোধকুশলকে করেন সমুচ্ছেদ
তিনি তাদৃশ শমথ বিদর্শন ধর্মই শিক্ষা গ্রহণ করেন এবং ভাবেন
নিস্তেজভাব উৎপন্ন না হওয়ার কথা।

Visit: http://www.buddhistdownload.com

ক্রোধত্যাগী, আয়াসবিহীন, লোভত্যাগী যে কোন বিষয়ে
নিরুৎসাহী দান্ত ব্যক্তি মোহত্যাগে হন পরিনির্বাপিত।'

[অব্যাকৃত-বর্গ ষষ্ঠ সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

অব্যাকৃত, পুরুষগতি, তিষ্য, সিংহ, রক্ষিত পঞ্চম,
কিম্বিল, সপ্ত, পচলা, সপ্ত ভার্য্যা, ক্রোধ।

৭. মহাবগ্গো- মহাবর্গ

১. হিরিওত্তপ্প সুত্তং- হিরি-ওত্তপ্প সূত্র

৬৫.১। হে ভিক্ষুগণ, হিরি ও ওত্তপ্প (পাপে লজ্জা ও ভয়) বিহীন হলে হিরি-ওত্তপ্পবিপন্নের ইন্দ্রিয় দমন বাধ্য হয়েই বিনষ্ট হয়ে যায়। ইন্দ্রিয় দমন না হলে ইন্দ্রিয় সংযম বিপন্নের বাধ্য হয়েই শীল (নৈতিক বিধি অনুশীলন) বিনষ্ট হয়ে যায়। শীল না থাকলে শীল বিপন্নের বাধ্য হয়ে সম্যক সমাধি বিনষ্ট হয়ে যায়। সম্যক সমাধি বিহীন হলে সম্যক সমাধি বিপন্নের বাধ্য হয়েই যথাযথ জ্ঞান দর্শন বিনষ্ট হয়ে যায়। যথাভূত জ্ঞান দর্শন না হলে যথাভূত জ্ঞান-দর্শন বিপন্নের বাধ্য হয়েই নির্বেদ (অসন্তোষ) ও বিরাগ বিনষ্ট হয়ে যায়। নির্বেদ ও বিরাগের অভাব হলে নির্বেদ বিরাগ বিপন্নের বাধ্য হয়েই বিমুক্তি জ্ঞান দর্শন বিনষ্ট হয়ে যায়। যেমন, হে ভিক্ষুগণ, বৃক্ষ শাখা এবং পল্লববিহীন হলে শাখা-পল্লব পরিপক্ব হয় না, ছালও না, বৃক্ষের সারও না কিংবা ফলের শাঁসও না, তদ্রূপ, হে ভিক্ষুগণ, হিরি ও ওত্তপ্পবিহীন হলে হিরি ও ওত্তপ্পবিপন্নের ইন্দ্রিয় সংবর (সংযম)-শীল-সম্যক সমাধি-যথাভূত জ্ঞান দর্শন-নির্বেদ ও বিরাগ-বিমুক্তি জ্ঞান-দর্শন বিনষ্ট হয়।

২। ভিক্ষুগণ, হিরি (ন্যায় পরায়ণতা) এবং ওত্তপ্প বিদ্যমান থাকলে ইন্দ্রিয় সংযমই হিরি ও ওত্তপ্প সম্পন্নের উপযুক্ত কারণ; ইন্দ্রিয় সংবর বিদ্যমান থাকলে শীলই ইন্দ্রিয় সংবর সম্পন্নের যথার্থ কারণ, শীল বিদ্যমান থাকলে সম্যক সমাধি শীল সম্পন্নের যথার্থ কারণ; সম্যক সমাধি বিদ্যমান থাকলে যথাভূত জ্ঞানদর্শন সম্যকসমাধি সম্পন্নের যথার্থ কারণ; যথাভূত জ্ঞান দর্শন বিদ্যমান থাকলে বিতৃষ্ণা ও বিরাগই যথাভূত জ্ঞান দর্শন সম্পন্নের উপযুক্ত কারণ; বিতৃষ্ণা ও বিরাগ

Visit: http://www.buddhistdownload.com

বিদ্যমান থাকলে বিমুক্তিজ্ঞান দর্শন বিতৃষ্ণা ও বিরাগ সম্পন্নের উপযুক্ত কারণ। যেমন ভিক্ষুগণ, বৃক্ষ শাখা এবং পল্লবসম্পন্ন হলে তা হতে বিকশিত পত্র-পল্লব পরিপক্ব হয়, ছাল, বৃক্ষের সার, ফলের শাঁসও পরিপক্ব হয়; তদ্রূপ হে ভিক্ষুগণ, হিরি এবং ওত্তপ্প বিদ্যমান থাকলে ইন্দ্রিয় সংযমই হিরি ও ওত্তপ্পসম্পন্নের উপযুক্ত কারণ; ..... বিতৃষ্ণা বিরাগ সম্পন্নের উপযুক্ত কারণ।'

২. সত্ত সুরিয সুত্তং- সপ্ত সূর্য্য সূত্র

৬৬.১। আমি এরূপ শ্রবণ করেছি। এক সময় ভগবান বৈশালীতে অম্বপালির[১] বনে অবস্থান করতেছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'ভিক্ষুগণ! সেই ভিক্ষুগণ 'ভদন্ত' বলে উত্তর প্রদান করেন। ভগবান বললেন-

২। 'হে ভিক্ষুগণ, সংস্কার অনিত্য। ভিক্ষুগণ, সংস্কার অধ্রুব (অস্থায়ী)। ভিক্ষুগণ, সংস্কার নিরাপদ নয়। সুতরাং, ভিক্ষুগণ, পার্থিব সর্ব সংস্কারে (সর্ব বস্তুতে) বীতস্পৃহ হও, বিরাগ (অনাসক্ত) ভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। হে ভিক্ষুগণ, পবর্তরাজ সিনেরু দৈর্ঘ্যে চুরাশি হাজার যোজন, প্রস্থে চুরাশি হাজার যোজন, চুরাশি হাজার যোজন মহাসমুদ্রে নিমগ্ন। ভিক্ষুগণ, কোন সময় এমন হতে পারে যে, বহু বৎসর, বহু শত বৎসর, বহু সহস্র বৎসর, বহু শত সহস্র বৎসর বৃষ্টি বর্ষিত হয় না। এবং যখন কোন বারি বর্ষিত হয় না তখন সব বীজ জীবন এবং গাছগাছরা সব বৃক্ষ যেগুলো হতে ঔষধ তৈরী হয়, জঙ্গলের তাল জাতীয় বৃক্ষ, দৈত্য দগ্ধ বিদগ্ধ হয়ে যায়, অস্তিত্ব থাকে না। হে ভিক্ষুগণ, সংস্কার তদ্রূপ অনিত্য। ভিক্ষুগণ, সংস্কার তদ্রূপ অধ্রুব। ভিক্ষুগণ, সংস্কার তদ্রূপ নিরাপদ নয়। তাই হে ভিক্ষুগণ, সংস্কার হতে বীতস্পৃহ হও, অনাসক্তভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। ভিক্ষুগণ, এমন সময়ও আসে যখন দীর্ঘকাল পর দ্বিতীয় সূর্যের আবির্ভাব দেখা যায়।

৩। হে ভিক্ষুগণ, যখন দ্বিতীয় সূর্য আবির্ভূত হয় সকল ছোট নদী, শাখা নদী শুষ্ক বিশুষ্ক হয়ে যায়, অস্তিত্ব থাকে না। হে ভিক্ষুগণ, সংস্কার তদ্রূপ অনিত্য। ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ অধ্রুব, ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ নিরাপদ নয়। তাই, হে ভিক্ষুগণ! সংস্কার হতে বীতস্পৃহ হও, অনাসক্তভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। হে ভিক্ষুগণ, এমন এক সময়

Visit: http://www.buddhistdownload.com

আসে যখন দীর্ঘকাল পর তৃতীয় সূর্যের আবির্ভাব ঘটে।

৪। ভিক্ষুগণ, তৃতীয় সূর্যের আবির্ভাবকালে যে সকল মহানদী আছে যেমন গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী ইত্যাদি সেসব শুষ্ক বিশুষ্ক হয়ে যায়, অস্তিত্ব থাকে না। হে ভিক্ষুগণ, তদ্রূপ সংস্কার অনিত্য। ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ অধ্রুব, ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ নিরাপদ নয়। তাই, হে ভিক্ষুগণ! সংস্কার হতে বীতস্পৃহ হও, অনাসক্তভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। হে ভিক্ষুগণ, এমন এক সময় আসে যখন দীর্ঘকাল পর চতুর্থ সূর্যের আবির্ভাব ঘটে।

৫। হে ভিক্ষুগণ, চতুর্থ সূর্যের আবির্ভাবে যেসব মহাহ্রদ আছে সেগুলো হতে যেসব মহানদী প্রবাহিত হয় সেসব শুষ্ক বিশুষ্ক হয়ে যায়, অস্তিত্ব থাকে না যেমন, অনোতত্তা, সীহপপাত, রথকারা, কণ্নমুণ্ডা, কুণালা, ছদ্দন্তা, মন্দাকিনি। তদ্রূপ, হে ভিক্ষুগণ, সংস্কার অনিত্য। ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ অধ্রুব, ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ নিরাপদ নয়। তাই, হে ভিক্ষুগণ! সংস্কার হতে বীতস্পৃহ হও, অনাসক্তভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। ভিক্ষুগণ, এমন এক সময় আসে যখন দীর্ঘকাল পর পঞ্চম সূর্য প্রাদুর্ভূত হয়।

৬। হে ভিক্ষুগণ, পঞ্চম সূর্যের প্রাদুর্ভাবে মহাসমুদ্রে শত যোজন জলে ডুবে যায়, মহাসমুদ্রে দ্বি-শত যোজন, ত্রি-শত যোজন, চতুর্শত যোজন, পঞ্চ-শত যোজন, ষষ্ঠ-শত যোজন, সপ্ত শত যোজন মহাসমুদ্রে জলে ডুবে যায়; মহাসমুদ্রের সপ্ত তালবৃক্ষবৎ দীর্ঘ গভীরে জল থাকে, ষষ্ঠ, পঞ্চ; চতু, ত্রি, দ্বি এমন কি এক তালবৃক্ষ গভীরে মহাসমুদ্রে জল আছে; সপ্ত পুরুষের দৈহিক উচ্চতায়ও মহাসমুদ্রে জল থাকে, ষষ্ঠ, পঞ্চ, চতু, ত্রি, দ্বি এমন কি এক পুরুষের দৈহিক উচ্চতায়ও মহাসমুদ্রে জল থাকে; অর্ধপুরুষ মাত্র, পুরুষের কটিমাত্র, হাঁটু মাত্র, পায়ের গাঁট মাত্র মহাসমুদ্রে জল থাকে। যেমন, হে ভিক্ষুগণ, শরৎকালে যখন বৃষ্টি দেয় বৃহৎ ফোঁটায় বারিপাত করে এখানে সেখানে গোপদে জল স্থিত হয়, তদ্রূপ, হে ভিক্ষুগণ, তত্র তত্র গোপদে সঞ্চিত মাত্র জল মহাসমুদ্রে স্থিত হয়। ভিক্ষুগণ, পঞ্চম সূর্যের আবির্ভাব কালে মহাসমুদ্রে অঙ্গুলি পরিমাণ জলও থাকে না। তদ্রূপই হে ভিক্ষুগণ, সংস্কার অনিত্য। ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ অধ্রুব, ভিক্ষুগণ! সংস্কার

Visit: http://www.buddhistdownload.com

তদ্রূপ নিরাপদ নয়। তাই, হে ভিক্ষুগণ! সংস্কার হতে বীতস্পৃহ হও, অনাসক্তভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। হে ভিক্ষুগণ, এমন এক সময় আসে যখন দীর্ঘকাল পর ষষ্ঠ সূর্যের আবির্ভাব ঘটে।

৭। হে ভিক্ষুগণ, ষষ্ঠ সূর্যের আবির্ভাবে এই পৃথিবী এবং পর্বতরাজ সিনেরু[২] উভয়ই ধুম্র নির্গত করে, ধুম্র বহির্গত করে, ধুম্র উদ্গিরণ করে। যেমন হে ভিক্ষুগণ, কুম্ভকারের চুল্লী প্রজ্জ্বলিত করলে প্রথমে ধোঁয়া নির্গত হয়, ধোঁয়া বহির্গত হয়, ধোঁয়া উদ্গিরণ করে, তদ্রূপ হে ভিক্ষুগণ, যখন ষষ্ঠ সূর্যের আবির্ভাব ঘটে এই পৃথিবী ও পর্বতরাজ সিনেরু ধোঁয়া নির্গত করে, বহির্গত করে, ধোঁয়া উদ্গিরণ করে। তদ্রূপ হে ভিক্ষুগণ, সংস্কার অনিত্য। ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ অধ্রুব, ভিক্ষুগণ! সংস্কার তদ্রূপ নিরাপদ নয়। তাই, হে ভিক্ষুগণ! সংস্কার হতে বীতস্পৃহ হও, অনাসক্তভাব প্রাপ্ত হও, বিমুক্ত হও। ভিক্ষুগণ, এমন এক সময় আসে যখন সপ্তম সূর্যের আবির্ভাব হয়।

৮। হে ভিক্ষুগণ, সপ্তম সূর্যের আবির্ভাবে এই মহা পৃথিবী ও পর্বতরাজ সিনেরু জ্বলে উঠে, প্রজ্জ্বলিত হয়, একটি অগ্নিশিখার থালার মত হয়। ভিক্ষুগণ, এই মহা পৃথিবী ও পর্বতরাজ সিনেরু প্রজ্জ্বলিত শিখা বায়ু দ্বারা বিক্ষিপ্ত হয়ে ব্রহ্মলোক পর্যন্ত পৌঁছে যায়। হে ভিক্ষুগণ, পর্বতরাজ সিনেরুর প্রজ্জ্বলিত, দাহ্যমান, ধ্বংসশীল বৃহৎ তেজ স্কন্ধ প্রভাবে শত যোজন, দ্বি-শত যোজন, ত্রি-শত যোজন, চতুর্শত যোজন, পঞ্চশত যোজন বিস্তৃত চূড়াও খণ্ড-বিখণ্ড হয়ে যায়। হে ভিক্ষুগণ, প্রজ্জ্বলিত, দাহ্যমান মহাপৃথিবী ও পর্বতরাজ সিনেরুর আধাপোড়া কয়লা বা কাঠ কিংবা ছাই তৈলের আধপোড়া কাঠ কিংবা ছাই দৃষ্ট হয় না, তদ্রূপ হে ভিক্ষুগণ, সংস্কার অনিত্য, ভিক্ষুগণ, এরূপই সংস্কার অধ্রুব, হে ভিক্ষুগণ, সংস্কার নিরাপদ নয়। সুতরাং, হে ভিক্ষুগণ, পার্থিব সর্ব সংস্কারে বীতস্পৃহ হও, অনাসক্ত হও, বিমুক্ত হও! হে ভিক্ষুগণ, কোথায় সেই ঋষি, সেই শ্রদ্ধাবান যিনি চিন্তা করেনঃ "এই মহা পৃথিবী ও পর্বতরাজ সিনেরু প্রজ্জ্বলিত হবে, নিঃশেষ হয়ে যাবে এবং থাকবে না"- একমাত্র যাঁরা দৃষ্টপদ (যাঁদের নির্বাণ দর্শন হয়েছে) তাঁরা ব্যতীত!

Visit: http://www.buddhistdownload.com

৯। ভিক্ষুগণ, পূর্বে সুনেত্ত নামে এক শিক্ষক ছিলেন যিনি তিত্থক (গতিপথ তৈরীকারক), কাম বীতরাগ। হে ভিক্ষুগণ, শিক্ষক সুনেত্তর বহু শত শিষ্য ছিল। তাদেরকে তিনি ব্রহ্মলোকের সহব্যতা (বন্ধুত্ব) ধর্ম শিক্ষা দিতেন। যে সকল শিষ্য সুনেত্ত দ্বারা দেশিত ব্রহ্মলোক সহব্যতা ধর্ম পুরোপুরি শিক্ষা করেছিল তারা কায়ভেদে মৃত্যুর পর সুগতি ব্রহ্মলোকে জন্ম গ্রহণ করল। পক্ষান্তরে যেসব শিষ্য ব্রহ্মলোকের সহব্যতা ধর্ম পুরোপুরি শিক্ষা করেনি তাদের কেউ কেউ পরনির্মিতবশবর্তী দেবগণের সহব্যতায় জন্ম গ্রহণ করে, কেউ তুষিত দেবতাদের সহব্যতায়, কেউ যাম দেবগণের সহব্যতায়, কেউ তাবতিংস দেবতাদের সহব্যতায়, কেউ কেউ চতুর্মহারাজিক দেবতাদের সহব্যতায় কেউ কেউ ক্ষত্রিয় ধনশালীদের সহব্যতায়, কেউ কেউ ধনবান গৃহপতিদের সহব্যতায় জন্ম গ্রহণ করে।

১০। অতঃপর হে ভিক্ষুগণ, শিক্ষক সুনেত্ত এরূপ চিন্তা করেনঃ "মৃত্যুর পর আমি আমার শিষ্যসম গতি প্রাপ্ত হব তা বেমানান, এখন হতে আমার উত্তরোত্তর মৈত্রীভাব পোষণ করা উচিত।" তৎপর হে ভিক্ষুগণ, শিক্ষক সুনেত্ত সাত বৎসর যাবৎ মৈত্রীভাব পোষণ করেন। সপ্ত বর্ষ মৈত্রী চিত্ত পোষণ করতঃ সপ্ত সংবর্ত-বিবর্ত কল্পে এ জগতে পুনরায় জন্ম ধারণ করেননি। হে ভিক্ষুগণ, সংবর্তমান লোকে, আভাস্বর লোকে, বিবর্তমান লোকে, শূন্য ব্রহ্ম বিমানে উৎপন্ন হন। হে ভিক্ষুগণ, সেখানে ব্রহ্মা মহাব্রহ্মা অভিভূ অনভিভূত অপরপক্ষে বশীভূত হন। ছত্রিশবার শক্র দেবতাদের ইন্দ্র অনেকবার চক্রবর্তী ধার্মিক ধর্মরাজা হন, চতুর্প্রান্ত জয়ী সপ্তরত্ন সম্পন্ন রাজ্যে জন নিরাপত্তা বিধান করেন। অধিকন্তু তাঁর ছিল সহস্র পুত্র, বীর পর প্রমর্দনকারী। তিনি এ পৃথিবী সাগর পর্যন্ত বিনাদণ্ডে বিনা অস্ত্রে ধর্মতঃ শাসন করতঃ বাস করেন। তথাপি হে ভিক্ষুগণ, সেই সুনেত্ত আচার্য এরূপ দীর্ঘায়ু এবং স্থায়ী হয়েও জন্ম, জরা, মরণ, শোক, পরিদেবন, দুঃখ, দৌর্মনস্য হতে অপরিমুক্ত, দুঃখ হতে পরিমুক্ত নয় বলে আমি ঘোষণা করছি। এর কারণ কি? চার ধর্মের অনুপলব্ধি ও অজ্ঞতাই এর কারণ।

চার কি কি?

Visit: http://www.buddhistdownload.com

১১। হে ভিক্ষুগণ, আর্যশীলের অনুপলব্ধি, অজ্ঞতা, আর্য সমাধির অনুপলব্ধি, অজ্ঞতা, আর্য প্রজ্ঞার অনুপলব্ধি, অজ্ঞতা-আর্য বিমুক্তির অনুপলব্ধি, অজ্ঞতা। হে ভিক্ষুগণ, এই আর্যশীলের উপলব্ধি, প্রতিবিদ্ধকরণ, আর্য সমাধির উপলব্ধি, প্রতিবিদ্ধকরণ, আর্য প্রজ্ঞার উপলব্ধি, প্রতিবিদ্ধকরণ, আর্যবিমুক্তির উপলব্ধি, প্রতিবিদ্ধকরণ সম্ভব। ভবতৃষ্ণা ছিন্ন হলে ভবের বন্ধন ক্ষীণ হলে পুনঃ সংসারে আগমন করতে হয় না।'

ভগবান এরূপ বললেন। এরূপ বলে সুগত অতঃপর বললেনঃ

'শীল, সমাধি, প্রজ্ঞা এবং অনুত্তর বিমুক্তি
জেনেছেন এসব ধর্ম গৌতম যশস্বী।
এরূপে হয়ে অভিজ্ঞাত ধর্ম বুদ্ধ বলেন ভিক্ষুগণে
দুঃখান্তকারী শাস্তা, চক্ষুষ্মান পরিনিবৃত।'

৩. নগরোপম সুত্তং- নগরোপম সূত্র

৬৭.১। 'হে ভিক্ষুগণ, যখন কোন রাজার নগর সীমানায় দুর্গের সপ্ত আবশ্যক দ্রব্য দ্বারা কোন দুর্গ সুপরিক্ষিপ্ত (পরিপূর্ণ) থাকে এবং ইচ্ছাক্রমে, সহজে ও বিনা কষ্টে চার প্রকার সরবরাহ লাভ করে থাকে তখন এটা উক্ত হয় যে, কোন বহিঃ শত্রু বা বিশ্বাসঘাতক সহযোগী দ্বারা রাজদুর্গ ক্ষতিগ্রস্ত হতে পারে না।

কোন্ সপ্ত আবশ্যক দ্রব্য দ্বারা দুর্গ সু-পরিপূর্ণ থাকে?

২। হে ভিক্ষুগণ, রাজার সীমানায় দুর্গ গভীরে সুন্দরভাবে খনিত অচল অটল স্তম্ভ[৩] প্রোথিত থাকে। এই প্রথম আবশ্যক দ্রব্য দ্বারা রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে অভ্যন্তর নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য।

৩। পুনঃ হে ভিক্ষুগণ, রাজদুর্গে থাকে গভীর ও বিস্তৃত পরিখা। এই দ্বিতীয় আবশ্যক দ্রব্য দ্বারা রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে অভ্যন্তর নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য।

৪। পুনঃ হে ভিক্ষুগণ, দুর্গের চতুর্দিকে উচ্চ এবং বিস্তৃত রাস্তা থাকে। এই তৃতীয় আবশ্যক দ্রব্য দ্বারা রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে অভ্যন্তর নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য।

Visit: http://www.buddhistdownload.com

৫। পুনঃ হে ভিক্ষুগণ, রাজার দুর্গে বহু বল্লম তরবারি[৪] থাকে। এই চতুর্থ আবশ্যক দ্রব্য দ্বারা রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে অভ্যন্তর নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য।

৬। পুনঃ হে ভিক্ষুগণ, দুর্গে বহু সৈন্য থাকে, যেমন মাহুত, অশ্বারোহী, রথারোহী, ধনুর্ধারী, উন্নতমানের বাহক, সৈন্যদের বাসস্থান নির্দেশ দানের অফিসার, পিণ্ড সরবরাহকারী, খ্যাতিবান রাজপুত্র, অত্যন্ত বিপজ্জনক যুদ্ধে লিপ্ত হওয়ার জন্য নির্বাচিত সৈন্যদল, নাগসদৃশ[৫] সাহসী শক্তিবান পুরুষ, সাহসী যোদ্ধা এবং দাস[৬]-পুত্র ইত্যাদি। এই পঞ্চম আবশ্যক দ্রব্য দ্বারা রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে অভ্যন্তর নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য।

৭। পুনঃ হে ভিক্ষুগণ, সেখানে থাকে চালাক, বুদ্ধিমান, বিবেচক দ্বার রক্ষক যে অপরিচিতকে প্রবেশ করতে দেয় না এবং পরিচিতদেরকে প্রবেশ দান করে। এই ষষ্ঠ আবশ্যক দ্রব্য দ্বারা রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে অভ্যন্তর নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য।

৮। পুনঃ হে ভিক্ষুগণ, রাজদুর্গে আচ্ছাদনীযুক্ত উচ্চ ও প্রশস্থ দুর্গ প্রাচীরও থাকে। এই সপ্তম আবশ্যক দ্রব্য দ্বারা অভ্যন্তরভাগস্থ নিবাসীদের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজ সীমানায় দুর্গ সুরক্ষিত থাকে। এই সপ্ত আবশ্যক বিষয়ে দুর্গ ভালভাবে রক্ষিত থাকে। যে চার প্রকার আবশ্যক দ্রব্য ইচ্ছাক্রমে, সহজে, বিনা কষ্টে দুর্গে লাভ করে থাকে সেগুলি কি কি?

৯। হে ভিক্ষুগণ, রাজ সীমানায় দুর্গে অভ্যন্তর ভাগের জনগণের সুবিধা, আরাম-আয়েশ, মঙ্গলের জন্য এবং বাহ্যিক উপদ্রব হতে রক্ষা পাওয়ার জন্য বহু তৃণ-কাষ্ঠ-জল সঞ্চিত থাকে।

১০। পুনঃ হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ, মঙ্গল এবং বাহ্যিক উপদ্রব হতে রক্ষা পাওয়ার জন্য দুর্গে শালি-যব সঞ্চিত থাকে।

১১। পুনঃ হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ, মঙ্গল এবং বাহ্যিক উপদ্রব হতে রক্ষা পাওয়ার জন্য দুর্গে তিল-মুগ-মাস-শস্য সঞ্চিত থাকে।

Visit: http://www.buddhistdownload.com

১২। পুনঃ হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ, মঙ্গল এবং বাহ্যিক উপদ্রব হতে রক্ষা পাওয়ার জন্য দুর্গে বহু ভৈষজ্য সঞ্চিত থাকে যেমন- সর্পি, নবনীত, তৈল, মধু, চিনি, লবণ[৭]।

এই চার প্রকার আবশ্যক দ্রব্য ইচ্ছাক্রমে, অতি সহজে, বিনা কষ্টে লাভ করে থাকে।

যখন হে ভিক্ষুগণ, এই সপ্তবিধ আবশ্যক দ্রব্য দ্বারা রাজদুর্গ সুরক্ষিত থাকে এবং ইচ্ছাক্রমে, অতি সহজে, বিনা কষ্টে চার প্রকার দ্রব্য লাভ করা যায় এটা উক্ত হয় যে, কোন বহিঃ শত্রু বা বিশ্বাসঘাতক সহযোগী দ্বারা রাজদুর্গ ক্ষতিগ্রস্ত হতে পারে না, তদ্রূপ হে ভিক্ষুগণ, যখন আর্যশ্রাবক সপ্ত ধর্ম সমন্বিত[৮] হয় এবং চার ধ্যান অভি চৈতসিক (উচ্চতর মানসিক) যা ইহ জীবনে সুখ আনয়ন করে তা ইচ্ছাক্রমে, অতি সহজে, বিনা কষ্টে লাভ করেঃ হে ভিক্ষুগণ, এই আর্যশ্রাবক মার কর্তৃক নষ্ট হতে পারে না, পাপমতি দ্বারা নষ্ট হতে পারে না। কোন্ সপ্ত ধর্ম সমন্বিত হয়?

১৩। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজ দুর্গের গভীর তলদেশ উত্তমভাবে খনিত অচল অটল স্তম্ভ প্রোথিত থাকে, তদ্রূপ, আর্যশ্রাবক শ্রদ্ধাশীল হয়, তথাগতের বোধিকে শ্রদ্ধা করেঃ সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণ সম্পন্ন, সুগত, লোকবিদ, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা (শিক্ষক), বুদ্ধ ভগবান। হে ভিক্ষুগণ, স্তম্ভ সদৃশ শ্রদ্ধা দ্বারা আর্যশ্রাবক অকুশল পরিত্যাগ করে, কুশল বৃদ্ধি করে, সাবদ্য (নিন্দনীয় বিষয়) পরিহার করে, অনবদ্য (অনিন্দনীয়) ভাবে, সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। সে এই প্রথম সদ্ধর্ম সমন্বিত হয়।

১৪। যেমন হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণকে বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজদুর্গে গভীর ও বিস্তৃত পরিখা থাকে, তদ্রূপ, হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবক হিরিসম্পন্ন[৯] (ধর্মভীরু) হয়, কায় দুশ্চরিত বিষয়ে লজ্জাশীল হয়, বাক দুশ্চরিত্রে ও মনো দুশ্চরিত্রে লজ্জাশীল হয়, পাপ-অকুশল ধর্মাধীন হতে লজ্জা করে। হে ভিক্ষুগণ, পরিখা সদৃশ হিরি দ্বারা আর্যশ্রাবক অকুশল পরিত্যাগ করে, কুশল বৃদ্ধি করে, সাবদ্য

Visit: http://www.buddhistdownload.com

(নিন্দনীয় বিষয়) পরিহার করে, অনবদ্য (অনিন্দনীয়) ভাবে সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। সে এই দ্বিতীয় সদ্ধর্ম দ্বারা বিভূষিত হয়।

১৫। যেমন হে ভিক্ষুগণ, অভ্যন্তরে বসবাসকারী জনগণকে বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজদুর্গের চতুর্দিকে উচ্চ ও বিস্তৃত রাস্তা থাকে, তদ্রূপ, হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের দোষে ভয় আছে, কায়-বাক্য-মনো দুশ্চরিত দ্বারা দোষযুক্ত হতে ভয় করে, সে পাপ ও অকুশল ধর্মাধীন হতে ভয় করে। হে ভিক্ষুগণ, চতুর্দিক বেষ্টিত উচ্চ ও বিস্তৃত রাস্তা সদৃশ দোষ ভয় দ্বারা আর্যশ্রাবক অকুশল পরিহার করে, কুশল বৃদ্ধি করে, সাবদ্য (নিন্দনীয় বিষয়) পরিহার করে অনবদ্য (অনিন্দনীয়) ভাবে, সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। সে এই তৃতীয় সদ্ধর্ম দ্বারা বিভূষিত হয়।

১৬। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরে বসবাসকারী জনগণকে বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজদুর্গে বহু বল্লম ও অস্ত্র থাকে, তদ্রূপ হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবক বহুশ্রুত, শ্রুতধর, শ্রুত বিষয়ের সঞ্চয়াগার হয় যে ধর্মের আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ, পর্য্যাবসান কল্যাণ, সার্থক সব্যঞ্জন [অর্থযুক্ত-ব্যঞ্জনযুক্ত], সমগ্র পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য্য ঘোষণা করে, তদ্রূপ ধর্মে বহুশ্রুত হয়, প্রতিজ্ঞাবদ্ধ হয়, উক্তি দ্বারা পরিচিত, অন্তরে অনুধ্যানকৃত, দৃষ্টি দ্বারা সুপ্রতিবিদ্ধ। হে ভিক্ষুগণ, জ্ঞানরূপ অস্ত্র দ্বারা আর্যশ্রাবক অকুশল পরিত্যাগ করে, কুশল বৃদ্ধি করে, সাবদ্য (নিন্দনীয় বিষয়) পরিহার করে, অনবদ্য (অনিন্দনীয়) ভাবে, সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। সে এই চতুর্থ সদ্ধর্ম দ্বারা বিভূষিত হয়।

১৭। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরে বসবাসকারী জনগণকে বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজদুর্গে বহু সৈন্য থাকে, যেমন- মাহুত, গজারোহী, অশ্বারোহী, রথারোহী, ধনুর্ধারী, উন্নত মানের বাহক, সৈন্যদের বাসস্থান নির্দ্দেশক অফিসার, পিণ্ড সরবরাহকারী, যশস্বী রাজপুত্র, অত্যন্ত বিপজ্জনক যুদ্ধে লিপ্ত হওয়ার জন্য নির্বাচিত সৈন্যদল, নাগসম সাহসী শক্তিবান পুরুষ, সাহসী যোদ্ধা, দাসপুত্র। তদ্রূপ, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক অকুশল ধর্ম ক্ষয় করার জন্য আরব্ধবীর্য হয়ে বিহার করে, কুশলধর্ম অনুসরণ করে, শক্তিশালী, দৃঢ় পরাক্রমী হয়,

Visit: http://www.buddhistdownload.com

কুশল ধর্মে অপতনশীল হয়। হে ভিক্ষুগণ, বীর্যরূপ সশস্ত্র শক্তি দ্বারা আর্যশ্রাবক অকুশল পরিত্যাগ করে, কুশল বৃদ্ধি করে, নিন্দনীয় বিষয় পরিত্যাগ করে, অনবদ্য বিষয় অনুশীলন করে, সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। এই পঞ্চম সদ্ধর্ম দ্বারা সে বিভূষিত হয়।

১৮। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরে বসবাসকারী জনগণকে বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজদুর্গে থাকে চালাক, বুদ্ধিমান, বিবেচক দৌবারিক যে অপরিচিত ব্যক্তিকে প্রবেশ করতে দেয় না এবং পরিচিত ব্যক্তিকে স্বচ্ছন্দে প্রবেশ দান করে, তদ্রূপ, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক পরম স্মৃতিমান হয়, এরূপ সর্বোত্তম স্মৃতিসম্পন্ন হয় যে, দীর্ঘকাল পূর্বেকৃত, ভাষিত বিষয়ও স্মরণ-অনুস্মরণ করতে সক্ষম হয়। হে ভিক্ষুগণ, স্মৃতিরূপ দ্বার রক্ষক আর্যশ্রাবক অকুশল পরিত্যাগ করে, কুশল বৃদ্ধি করে, নিন্দনীয় বিষয় পরিত্যাগ করে, অনবদ্য বিষয় অনুশীলন করে, সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। এই ষষ্ঠ সদ্ধর্ম দ্বারা সে বিভূষিত হয়।

১৯। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরে বসবাসকারী জনগণকে বাহ্যিক প্রতিঘাত হতে সুরক্ষার জন্য রাজদুর্গে আচ্ছাদনীযুক্ত উচ্চ ও প্রশস্ত দুর্গ-প্রাচীর থাকে। তদ্রূপ হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক প্রজ্ঞাবান হয়, উদয়-অস্ত [বৃদ্ধি ও ক্ষয়] গামিনী প্রজ্ঞায় বিভূষিত হয়, সম্যকভাবে দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধক প্রজ্ঞা [যে প্রজ্ঞা দ্বারা আর্যগণ প্রতিবিদ্ধ করতে সক্ষম] দ্বারা বিভূষিত। হে ভিক্ষুগণ, প্রজ্ঞারূপ আচ্ছাদনী সম্পন্ন আর্যশ্রাবক অকুশল পরিত্যাগ করে, কুশল বৃদ্ধি করে, নিন্দনীয় বিষয় পরিত্যাগ করে, অনবদ্য বিষয় অনুশীলন করে, সে আত্মশুদ্ধিতা রক্ষা করে। এই সপ্ত সদ্ধর্ম দ্বারা সে বিভূষিত হয়।

সে এই সপ্ত সদ্ধর্ম দ্বারা বিভূষিত হয়। কোন্ চার ধ্যান, অভিচৈতসিক যা ইহ জীবনে সুখ আনয়ন করে তা ইচ্ছাক্রমে, অতি সহজে, বিনা কষ্টে সে লাভ করে?

২০। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ ও মঙ্গলের জন্য, বাহ্যিক প্রতিঘাত হতে রক্ষা পাওয়ার জন্য রাজদুর্গে বহু তৃণ-কাষ্ঠ-জল সঞ্চিত থাকে, তদ্রূপ হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক কামনা ও অকুশল (পাপ) ধর্ম হতে বিরত হয়ে বিতর্ক ও

Visit: http://www.buddhistdownload.com

বিচার (চিন্তন ও অনুসন্ধান) সহিত নির্জনতা জনিত প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে- তার নিজ সুবিধার জন্য, আরামের জন্য, মঙ্গলের জন্য, নির্বাণে প্রবেশের জন্য।

২১। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ ও মঙ্গলের জন্য, বাহ্যিক প্রতিঘাত হতে রক্ষা পাওয়ার জন্য রাজদুর্গে বহু শালিযব সঞ্চিত থাকে, তদ্রূপ, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক বিতর্ক ও বিচার প্রশমিত আধ্যাত্মিক [স্বীয় চিত্তের] সম্প্রসাদ ও একাগ্রতাযুক্ত অবিতর্ক বিচার বিহীন সমাধি জনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করে- তার নিজ সুবিধা, আরাম ও মঙ্গলের জন্য, নির্বাণে[১৭] প্রবেশের জন্য।

২২। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ ও মঙ্গলের জন্য, বাহ্যিক প্রতিঘাত হতে রক্ষা পাওয়ার জন্য রাজদুর্গে তিল-মুগ-মাস শস্য সঞ্চিত থাকে, তদ্রূপ, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক প্রীতিতে বিরাগ উৎপন্ন হওয়ায় উপেক্ষাশীল হয়ে বিহার করে এবং স্মৃতি ও সম্প্রজ্ঞাত হয়ে কায়িক সুখ অনুভব করে, আর্যগণ যাকে উপেক্ষক, স্মৃতিমান, সুখবিহারী বলে অভিহিত করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে অবস্থান করে, তার নিজ সুবিধা, আরাম ও মঙ্গলের জন্য, নির্বাণে প্রবেশের জন্য।

২৩। যেমন, হে ভিক্ষুগণ, অভ্যন্তরস্থ জনগণের সুযোগ-সুবিধা, আরাম-আয়েশ ও মঙ্গলের জন্য, বাহ্যিক প্রতিঘাত হতে রক্ষা পাওয়ার জন্য রাজদুর্গে বহু ভৈষজ্য সঞ্চিত থাকে, যেমন, সর্পি, নবনীত, তৈল, মধু, চিনি এবং লবন, তদ্রূপ, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক শারীরিক সুখ-দুঃখ প্রহীন পূর্বেই মানসিক সৌমনস্য-দৌর্মনস্য-সুখ-দুঃখ অস্তগত হয়, সেই না-দুঃখ না-সুখ উপেক্ষা স্মৃতি পরিশুদ্ধি নামক চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে- তার নিজ সুবিধা, আরাম ও মঙ্গলের জন্য, নির্বাণে প্রবেশের জন্য।

এই চার ধ্যান অভিচৈতসিক দৃষ্টধর্ম সুখবিহারী ইচ্ছাক্রমে, অতি সহজে, বিনা কষ্টে লাভ করে।

হে ভিক্ষুগণ, যখন আর্যশ্রাবক এই সপ্ত সদ্ধর্মে বিভূষিত হয় এবং এই চার ধ্যান, অভিচৈতসিক, দৃষ্টধর্ম সুখবিহারী সে ইচ্ছাক্রমে, অতি

Visit: http://www.buddhistdownload.com

সহজে, বিনা কষ্টে লাভ করে, এই আর্যশ্রাবক মারকর্তৃক, পাপমতি কর্তৃক বিনষ্ট হওয়ার নয় বলে কথিত।'

৪. ধম্মঞ্ঞু সুত্তং- ধর্মজ্ঞ সূত্র

৬৮.১। হে ভিক্ষুগণ, সপ্ত ধর্মে গুণান্বিত ভিক্ষু দান দেয়ার যোগ্য, আনন্দ চিত্তে দানের যোগ্য, শ্রদ্ধাদান লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। সপ্ত কি কি?

২। হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, একজন ভিক্ষু ধর্মজ্ঞ, অর্থজ্ঞ, আত্মজ্ঞ, মাত্রাজ্ঞ, কালজ্ঞ, পরিষদজ্ঞ, মহৎ বা নিকৃষ্ট পুরুষজ্ঞ[১১] হয়। ভিক্ষুগণ, কিরূপে একজন ভিক্ষু ধর্মজ্ঞ হয়?

৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, একজন ভিক্ষু ধর্ম জানেঃ সূত্র, গেয়্য, ব্যাকরণ, গাথা, উদান, ইতিবুত্তক, জাতক, অদ্ভুত ধর্ম, বেদল্ল ইত্যাদি। হে ভিক্ষুগণ, ভিক্ষু যদি ধর্মঃ সূত্র, গেয়্য, ব্যাকরণ, গাথা, উদান, ইতিবুত্তক, জাতক, অদ্ভুতধর্ম, বেদল্ল না জানত তাহলে ধর্মজ্ঞ বলে অভিহিত হত না। যেহেতু, হে ভিক্ষুগণ, ভিক্ষু ধর্ম জানেঃ সূত্র, গেয়্য, ব্যাকরণ, গাথা, উদান, ইতিবুত্তক, জাতক, অদ্ভুতধর্ম, বেদল্ল জানে সেহেতু ধর্মজ্ঞ বলে অভিহিত। ধর্মজ্ঞ এরূপ। এবং কিরূপে সে অর্থজ্ঞ হয়?

৪। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, একজন ভিক্ষু সেই সেই ভাষিত বিষয়ের অর্থ জানেঃ এটা এই ভাষিত বিষয়ের অর্থ, ওটা ঐ ভাষিত বিষয়ের অর্থ। হে ভিক্ষুগণ, ভিক্ষু যদি সেই সেই ভাষিত বিষয়ের অর্থ না জানতঃ 'এটা এই ভাষিত বিষয়ের অর্থ, ওটা ঐ ভাষিত বিষয়ের অর্থ' তাহলে সে অর্থজ্ঞ বলে অভিহিত হত না। হে ভিক্ষুগণ, যেহেতু ভিক্ষু সেই সেই ভাষিত বিষয়ের অর্থ জানেঃ 'এটা এই ভাষিত বিষয়ের অর্থ, ওটা ঐ ভাষিত বিষয়ের অর্থ' সে কারণে সে অর্থজ্ঞ বলে অভিহিত। ধর্মজ্ঞ, অর্থজ্ঞ এরূপ। এবং আত্মজ্ঞ কিরূপ?

৫। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু নিজকে জানেঃ 'শ্রদ্ধা, শীল, বিদ্যা, ত্যাগ, প্রজ্ঞা, প্রত্যুৎপন্নমতিতায় আমি এতটুকু! হে ভিক্ষুগণ, ভিক্ষু যদি নিজকে এরূপ না জানতঃ 'শ্রদ্ধা, শীল, বিদ্যা, প্রজ্ঞা প্রত্যুৎপন্নমতিতায় আমি এতটুকু' তাহলে আত্মজ্ঞ বলে অভিহিত হত না। হে ভিক্ষুগণ, যেহেতু ভিক্ষু নিজকে জানেঃ 'শ্রদ্ধা, শীল, বিদ্যা, ত্যাগ, প্রজ্ঞা,

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যুৎপন্নমতিতায় আমি এতটুকু, সেকারণে সে আত্মজ্ঞ বলে অভিহিত। ধর্মজ্ঞ, অর্থজ্ঞ, আত্মজ্ঞ এরূপ। এবং মাত্রাজ্ঞ কিরূপ?

৬। হে ভিক্ষুগণ, এক্ষেত্রে, ভিক্ষু আবশ্যক দ্রব্যাদি যেমন- চীবর, পিণ্ডপাত, শয্যাসন, গিলান প্রত্যয়, ভৈষজ্য ইত্যাদি প্রতিগ্রহণে মাত্রা জানে। হে ভিক্ষুগণ, ভিক্ষু যদি আবশ্যক দ্রব্যাদি যেমন- চীবর, পিণ্ডপাত, শয্যাসন, গিলান প্রত্যয়, ভৈষজ্য ইত্যাদি প্রতিগ্রহণে মাত্রা না জানত তাহলে মাত্রাজ্ঞ বলে অভিহিত হত না। হে ভিক্ষুগণ, যেহেতু ভিক্ষু আবশ্যক দ্রব্যাদি যেমন চীবর, পিণ্ডপাত, শয্যাসন, গিলান প্রত্যয়, ভৈষজ্য ইত্যাদি প্রতিগ্রহণে মাত্রা সম্পর্কে অবহিত সেহেতু মাত্রাজ্ঞ বলে অভিহিত। ধর্মজ্ঞ, অর্থজ্ঞ, আত্মজ্ঞ, মাত্রাজ্ঞ এরূপ। এবং কালজ্ঞ কিরূপ?

৭। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু সময় জানেঃ 'এটা আবৃত্তির কাল, এটা প্রশ্ন জিজ্ঞাসা করার কাল, এটা উদ্যোগ[১২] করার কাল, এটা নির্জনতার[১৩] উপযুক্ত কাল।' হে ভিক্ষুগণ, ভিক্ষু যদি সময় না জানতঃ 'এটা আবৃত্তির কাল, এটা প্রশ্ন জিজ্ঞাসা করার কাল, এটা উদ্যোগ করার কাল, এটা নির্জনতার উপযুক্ত কাল তাহলে কালজ্ঞ বলে অভিহিত হত না। যেহেতু ভিক্ষু কাল সম্পর্কে অবহিতঃ এটা আবৃত্তির কাল, এটা প্রশ্ন জিজ্ঞাসা করার কাল, এটা উদ্যোগ করার কাল, এটা নির্জনতার উপযুক্ত কাল, সে কারণে ভিক্ষু মাত্রাজ্ঞ, কালজ্ঞ বলে অভিহিত। ধর্মজ্ঞ, অর্থজ্ঞ, আত্মজ্ঞ, কালজ্ঞ এরূপ। এবং পরিষদজ্ঞ কিরূপ?

৮। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষু পরিষদকে জানেঃ 'এটা ক্ষত্রিয়-পরিষদ, এটা ব্রাহ্মণ-পরিষদ, এটা গৃহপতি-পরিষদ, এটা শ্রমণ-পরিষদ[১৪], সেখানে এভাবে উপস্থিত হওয়া উচিত, এভাবে দাঁড়ানো উচিত, এভাবে উপবেশন করা উচিত, এভাবে কথা বলা উচিত, এভাবে তুষ্ণীভাব ধারণ করা উচিত।' হে ভিক্ষুগণ, ভিক্ষু যদি এরূপ না জানতঃ 'এটা ক্ষত্রিয়-পরিষদ, এটা ব্রাহ্মণ-পরিষদ, এটা গৃহপতি-পরিষদ, এটা শ্রমণ-পরিষদ, সেখানে এভাবে উপস্থিত হওয়া উচিত, এভাবে দাঁড়ানো উচিত, এভাবে উপবেশন করা উচিত, এভাবে কথা বলা উচিত, এভাবে তুষ্ণীভাব ধারণ করা উচিত, তাহলে পরিষদজ্ঞ

Visit: http://www.buddhistdownload.com

বলে অভিহিত হত না। যেহেতু হে ভিক্ষুগণ, ভিক্ষু পরিষদজ্ঞকে জানেঃ 'এটা ক্ষত্রিয়-পরিষদ, এটা ব্রাহ্মণ-পরিষদ, এটা গৃহপতি-পরিষদ, এটা শ্রমণ-পরিষদ, সেখানে এভাবে উপস্থিত হওয়া উচিত, এভাবে দাঁড়ানো উচিত, এভাবে উপবেশন করা উচিত, এভাবে কথা বলা উচিত, এভাবে তুষ্ণীভাব ধারণ করা উচিত, সে কারণে ভিক্ষু পরিষদজ্ঞ বলে অভিহিত। ধর্মজ্ঞ, অর্থজ্ঞ, মাত্রাজ্ঞ, কালজ্ঞ, পরিষদজ্ঞ এরূপ। মহৎ বা নিকৃষ্ট পুরুষজ্ঞ[১৫] কিরূপ?

৯। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ, ভিক্ষুর নিকট জনগণ দ্বিবিধ উপায়ে জ্ঞাত হয়ঃ দু'জন লোকের মধ্যে একজন আর্যদের দর্শনেচ্ছুক, অপরজন দর্শনেচ্ছুক নয়। যে ব্যক্তি আর্যদের দর্শনেচ্ছুক নয় সে সেজন্য নিন্দার্হ। কিন্তু অপর পক্ষে যে ব্যক্তি আর্যদের দর্শনেচ্ছুক সে তজ্জন্য প্রশংসার্হ। আর্য দর্শনে দু'জন ব্যক্তির মধ্যে একজন সদ্ধর্ম শ্রবণেচ্ছুক, অপরজন নয়। যে ব্যক্তি সদ্ধর্ম শ্রবণে অনিচ্ছুক সে সেকারণে নিন্দার্হ, যে ব্যক্তি সদ্ধর্ম শ্রবণে ইচ্ছুক সে তজ্জন্য প্রশংসার্হ। সদ্ধর্ম শ্রবণে দু' ব্যক্তির মধ্যে একজন শ্রোত্র তৎপর, অপর জন শ্রোত্র তৎপর নয়। একজন শ্রোত্র তৎপর হয়ে ধর্ম শ্রবণ করে, অপরজন তদ্রূপ শ্রবণ করে না। যে ব্যক্তি শ্রোত্র বিহীন হয়ে ধর্ম শ্রবণ করে সে সেজন্য নিন্দার্হ, অপর পক্ষে শ্রোত্র তৎপর হয়ে ধর্ম শ্রবণ করে সে তজ্জন্য প্রশংসার্হ। দু'ব্যক্তি শ্রোত্রযুক্ত হয়ে ধর্ম শ্রবণ করেঃ তাদের মধ্যে একজন শ্রবণ করে ধর্ম ধারণ করে, অপরজন ধারণ করে না। যে ব্যক্তি শ্রবণ করে ধর্ম ধারণ করে না সে তজ্জন্য নিন্দার্হ। যে ব্যক্তি শ্রবণ করে ধর্ম ধারণ করে তজ্জন্য সে প্রশংসার্হ। দু'ব্যক্তি ধর্ম শ্রবণ করতঃ ধারণ করে তাদের মধ্যে একজন অন্তরে ধারণকৃত ধর্মের অর্থ পরীক্ষা করে, অপরজন তা করে না। যে ব্যক্তি অন্তরে ধারণকৃত ধর্মের অর্থ পরীক্ষা করে না সে তজ্জন্য নিন্দার্হ, অপরপক্ষে যে ব্যক্তি তা পরীক্ষা করে সে সেজন্য প্রশংসার্হ। দু'ব্যক্তি ধারণকৃত ধর্মের পরীক্ষা করে, তাদের মধ্যে একজন অর্থ জেনে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন (ধর্মানুরূপ চলে) হয়। অপর ব্যক্তি অর্থ জেনে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুরূপ চলে না। যে ব্যক্তি অর্থ জেনে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুরূপ চলে না সে সেজন্য নিন্দার্হ। যে ব্যক্তি অর্থ জেনে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুরূপ

Visit: http://www.buddhistdownload.com

চলে সে সেজন্য প্রশংসার্হ। অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জেনে ধর্মানুধর্ম প্রতিপন্ন দু'ব্যক্তির মধ্যে একজন আত্মহিতে প্রতিপন্ন, পরহিতে নহে; অপরজন আত্মহিত ও পরহিতে প্রতিপন্ন। যে ব্যক্তি আত্মহিতে প্রতিপন্ন, পরহিতে নহে সে তজ্জন্য নিন্দার্হ; যে ব্যক্তি আত্মহিত ও পরহিতে প্রতিপন্ন সে সেকারণে প্রশংসার্হ। এভাবে, হে ভিক্ষুগণ, একজন ভিক্ষুর নিকট ব্যক্তি দ্বিবিধ উপায়ে জ্ঞাত হয়। হে ভিক্ষুগণ, এরূপে ভিক্ষু মহৎ বা নিকৃষ্ট পুরুষজ্ঞ হয়।

হে ভিক্ষুগণ, এই সপ্ত ধর্মে গুণান্বিত ভিক্ষু আহ্বানযোগ্য, দান দেয়ার যোগ্য, আনন্দ চিত্তে দানের যোগ্য, শ্রদ্ধাদান লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য। জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।'

৫. পারিচ্ছত্তক সুত্তং- পারিচ্ছত্তক সূত্র

৬৯.১। 'হে ভিক্ষুগণ, যে সময় তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক[১৬] কোবিলার (বৃক্ষ) পত্রহীন, শুষ্ক হয়ে যায় তখন হে ভিক্ষুগণ, তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়; "পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষ এখন পত্র বিশুষ্ক! অনতিবিলম্বে পত্র ঝড়ে পড়বে।" হে ভিক্ষুগণ, যে সময়ে তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পত্র ঝড়ে পড়তে শুরু করল তখন হে ভিক্ষুগণ, তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়ঃ "এখন পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পত্রসমূহ ঝড়ে পড়ছে! অনতিবিলম্বে, এখন প্রতিটি কুঁড়ি মুকুলিত[১৭] হবে।" যে সময়ে হে ভিক্ষুগণ, তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের কুঁড়ি গজায় সেসময় তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়ঃ "এখন পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের কুঁড়ি গজিয়েছে! শীঘ্র নবপল্লব জন্মাবে!" যে সময়ে হে ভিক্ষুগণ, নবপল্লব মেলে তখন তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়ঃ "এখন পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের নবপল্লব মেলেছে! অনতিবিলম্বে, এখন বৃক্ষের পুষ্প জন্মাবে!" হে ভিক্ষুগণ, যে সময়ে পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পুষ্প আকার ধারণ করেছে তখন তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়ঃ "এখন কোবিলার বৃক্ষের পুষ্প আকার ধারণ করেছে! অনতিবিলম্বে, এখন রক্তপদ্ম সদৃশ পুষ্প আকার ধারণ করবে!" হে ভিক্ষুগণ, যে সময়ে তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের রক্তপদ্ম সদৃশ পুষ্প আকার ধারণ করে

Visit: http://www.buddhistdownload.com

তখন তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়ঃ "এখন পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের রক্তপদ্ম সদৃশ পুষ্প আকার ধারণ করেছে! অনতিবিলম্বে তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক বৃক্ষের পুষ্প সম্পূর্ণ প্রস্ফুটিত হবে!" হে ভিক্ষুগণ, যে সময়ে পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পুষ্প সম্পূর্ণ প্রস্ফুটিত হয় তখন হে ভিক্ষুগণ, তাবতিংস দেবগণ অত্যন্ত আনন্দিত হয়ে চার মাস দিব্য পঞ্চ কামগুণে সমর্পিত সমঙ্গীভূত হয়ে পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষমূলে আমোদ-প্রমোদ করে[১৮]। 'হে ভিক্ষুগণ, যখন পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পুষ্প সম্পূর্ণ প্রস্ফুটিত হয় তখন এর চতুর্দিকে পঞ্চাশ যোজন পর্যন্ত উজ্জ্বলতা ছড়িয়ে পড়ে। পুষ্পের সুগন্ধি শত যোজন বিস্তার লাভ করে। এটা পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের প্রভাব।

২। তদ্রূপ, হে ভিক্ষুগণ, যে সময়ে আর্যশ্রাবক আগার হতে অনাগারিক জীবনে প্রব্রজ্যা লাভের চিন্তা করে তখন হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পত্র সদৃশ শীর্ণ হয়ে যায়[১৯]। হে ভিক্ষুগণ, যে সময়ে আর্যশ্রাবক কেশ-শ্মশ্রু ছেদন করতঃ কাষায় বস্ত্রে আচ্ছাদিত হয়ে আগার হতে অনাগারিক প্রব্রজিত[২০] হয় তখন হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক তাবতিংস দেবতাদের পারিচ্ছত্তক কোবিলার বৃক্ষের পতিত পত্র সদৃশ। যখন, হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক কামনা ও অকুশল (পাপ) ধর্ম হতে বিরত হয়ে বিতর্ক ও বিচার সহিত নির্জনতা জনিত প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করতঃ অবস্থান করে তখন হে ভিক্ষুগণ, তাবতিংস দেবতাদের পারিচ্ছত্তক কোবিলা বৃক্ষ সদৃশ তার কুঁড়ি জন্মায়। হে ভিক্ষুগণ, যে সময়ে আর্যশ্রাবক বিতর্ক ও বিচার প্রশমিত আধ্যাত্মিক (স্বীয় চিত্তের) সম্প্রসাদ ও একাগ্রতাযুক্ত অবিতর্ক বিচার বিহীন সমাধি জনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করতঃ অবস্থান করে তখন হে ভিক্ষুগণ, আর্যশ্রাবকের তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলা বৃক্ষ সদৃশ পত্র পল্লব বের হয়। হে ভিক্ষুগণ, যে সময়ে আর্যশ্রাবক প্রীতিতে বিরাগ উৎপন্ন হওয়ায় উপেক্ষাশীল (না-সুখ না-দুঃখ) হয়ে অবস্থান করে এবং স্মৃতি ও সম্প্রজ্ঞাত হয়ে কায়িক সুখ অনুভব করে, আর্যগণ যাকে "উপেক্ষক স্মৃতি সুখ বিহারী" বলে অভিহিত করেন সেই তৃতীয়

Visit: http://www.buddhistdownload.com

ধ্যান লাভ করে অবস্থান করে তখন হে ভিক্ষুগণ, আর্যশ্রাবকের তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলা বৃক্ষের পুষ্পদলের ন্যায় আকার নেয়। যখন হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক কায়িক সুখ-দুঃখ প্রহীন পূর্বেই মানসিক সৌমনস্য-দৌর্মনস্য (সুখ-দুঃখ) অস্তগত হয় সেই না-দুঃখ না-সুখ উপেক্ষা স্মৃতি পরিশুদ্ধি নামক চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে, তখন হে ভিক্ষুগণ, তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলা বৃক্ষের ন্যায় আর্যশ্রাবকের রক্ত পদ্মবৎ পুষ্পাকার লাভ করে। হে ভিক্ষুগণ, যে সময়ে আর্যশ্রাবক আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চেতোবিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টিবিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রাপ্ত হয়ে অবস্থান করে তখন হে ভিক্ষুগণ, তাবতিংস দেবগণের পারিচ্ছত্তক কোবিলা বৃক্ষের ন্যায় আর্যশ্রাবকের পুষ্প সম্পূর্ণ প্রস্ফুটিত হয়। সে সময়ে হে ভিক্ষুগণ, পৃথিবীবাসী দেবগণ চীৎকার করে উঠে[২১]ঃ "অমুক অমুক নামের এই আয়ুষ্মান (পূজ্য) অমুক আয়ুষ্মানের শ্রদ্ধাজীবি অমুক গ্রাম বা নিগম হতে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজিত, সে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চেতোবিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ অবস্থান করতেছে।" পৃথিবীবাসী দেবগণের এই শব্দ চাতুর্মহারাজিক, তাবতিংস, যাম, তুষিত, নির্মাণরতি, পরনির্মিতবশবর্তী, ব্রহ্মকায়িক দেবগণ দ্বারা ধ্বনিত প্রতিধ্বনিত হয়ঃ "ওহে, অমুক আয়ুষ্মানের শ্রদ্ধাজীবি অমুক আয়ুষ্মান অমুক গ্রাম বা নিগম হতে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ অবস্থান করতেছে[২২]।" এভাবে সেক্ষণে সেই মুহূর্তেই ব্রহ্মলোক পর্যন্ত এই শব্দ পৌঁছে যায়। এটা ক্ষীণাসব ভিক্ষুর প্রভাব[২৩]।'

৬. সক্কচ্চ সুত্তং- সৎকার-সম্মান সূত্র

৭০.১। অতঃপর নির্জনবাস কালে আয়ুষ্মান শারিপুত্রের মনে এই পরিবিতর্ক উৎপন্ন হলঃ 'যদি একজন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে কাকে তার সম্মান করা, গৌরব করা এবং উপনিশ্রয়ে থাকা উচিত?' তখন তিনি এরূপ চিন্তা করলেনঃ 'যদি একজন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে

Visit: http://www.buddhistdownload.com

শাস্তাকে সম্মান, গৌরব করুক এবং তাঁকে উপনিশ্রয় করুক, ভিক্ষু যদি ধর্মকে বৃদ্ধি করতে চায় তাহলে শাস্তাকে সম্মান-গৌরব করুক এবং তাঁকে উপনিশ্রয় করুক; ভিক্ষু যদি ধর্মকে বৃদ্ধি করতে চায় তাহলে শাস্তাকে সম্মান, গৌরব করুক এবং তাঁকে উপনিশ্রয় করুক, শিক্ষাকে বৃদ্ধি করতে চায় তাহলে শাস্তাকে সম্মান, গৌরব করুক এবং তাঁকে উপনিশ্রয় করুক; সমাধিকে বৃদ্ধি করতে চায় তাহলে শাস্তাকে সম্মান, গৌরব করুক এবং তাঁকে উপনিশ্রয় করুক; অপ্রমাদকে বৃদ্ধি করতে চায় তাহলে শাস্তাকে সম্মান, গৌরব করুক এবং তাঁকে উপনিশ্রয় করুক। যদি ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে সমাদরকে সম্মান, গৌরব করুক, সমাদরকে উপনিশ্রয় (নির্ভর) করুক।' আয়ুষ্মান শারিপুত্র এরূপ চিন্তা করলেনঃ 'আমি এসব বিষয়ে অত্যন্ত পরিষ্কার, পরিশুদ্ধ। এখন এসব বিষয় ভগবানের সমীপে গিয়ে নিবেদন করব। এসব বিষয় আমাতে পরিশুদ্ধ ও অধিকতর পরিশুদ্ধ বিবেচিত হবে[২৪]। যেমন কোন পুরুষ পরিষ্কার পরিশুদ্ধ স্বর্ণের আংটি লাভ করলে যেমনটি হয় এবং চিন্তা করেঃ "আমার এই স্বর্ণের আংটি পরিশুদ্ধ, সর্বোৎকৃষ্ট, কিন্তু এটা যদি আমি স্বর্ণকারের নিকট গিয়ে প্রদর্শন করি! স্বর্ণকারগত আমার এ স্বর্ণের আংটি অত্যন্ত পরিষ্কার এবং অধিকতর উৎকৃষ্ট বিবেচিত হবে!" তদ্রূপই আমার এ ধর্ম পরিশুদ্ধ, উৎকৃষ্ট। এখন এসব বিষয় ভগবান সমীপে গিয়ে নিবেদন করব, এসব বিষয় আমাতে পরিশুদ্ধ ও অধিকতর পরিশুদ্ধ বিবেচিত হবে।' তৎপর আয়ুষ্মান শারিপুত্র সায়াহ্ন সময়ে ধ্যান হতে উঠে ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান শারিপুত্র ভগবানকে বলেনঃ

২। 'ভন্তে, নির্জনে ধ্যানাবিষ্ট থাকাকালে আমার চিত্তে এরূপ পরিবিতর্ক উৎপন্ন হলঃ "যদি ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে কাঁকে তার সম্মান করা, গৌরব করা এবং কাঁর উপনিশ্রয়ে থাকা উচিত?" তখন ভন্তে, আমার মনে এরূপ চিন্তা উৎপন্ন হলঃ "যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার শাস্তাকে সম্মান, গৌরব করা ও তাঁর উপনিশ্রয়ে থাকা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায়

Visit: http://www.buddhistdownload.com

তাহলে তার ধর্মকে সম্মান, গৌরব করা ও ধর্মের উপনিশ্রয়ে থাকা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার সঙ্ঘকে সম্মান, গৌরব করা ও সঙ্ঘের উপনিশ্রয়ে থাকা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার শিক্ষাকে সম্মান, গৌরব করা ও শিক্ষাকে উপনিশ্রয় করে থাকা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার সমাধিকে সম্মান, গৌরব করা ও সমাধিকে উপনিশ্রয় করে থাকা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার অপ্রমাদকে সম্মান, গৌরব করা ও অপ্রমাদকে উপনিশ্রয় করে থাকা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার আন্তরিকতা ও শুভেচ্ছাকে সম্মান, গৌরব করা ও এগুলোকে উপনিশ্রয় করে থাকা উচিত।" 'ভন্তে, এসব ধর্ম আমাতে অত্যন্ত পরিষ্কার, পরিশুদ্ধ। এখন এসব বিষয় ভগবান সমীপে গিয়ে নিবেদন করা উচিত। এসব বিষয় আমাতে পরিশুদ্ধ ও অধিকতর পরিশুদ্ধ বিবেচিত হবে। যেমন কোন ব্যক্তি পরিষ্কার স্বর্ণের পরিশুদ্ধ আংটি লাভ করলে যেমনটি হয় এবং চিন্তা করেঃ 'আমার এই স্বর্ণের আংটিটি পরিশুদ্ধ, সর্বোৎকৃষ্ট, কিন্তু এটা যদি আমি স্বর্ণকারের নিকট গিয়ে প্রদর্শন করি! স্বর্ণকারগত আমার এ আংটিটা অত্যন্ত পরিষ্কার এবং অধিকতর উৎকৃষ্ট বিবেচিত হবে। তদ্রূপই আমার এধর্ম পরিশুদ্ধ, উৎকৃষ্ট। এখন আমার উচিত এসব বিষয় ভগবান সমীপে গিয়ে নিবেদন করা। এসব বিষয় আমাতে পরিশুদ্ধ ও অধিকতর পরিশুদ্ধ বিবেচিত হবে।' 'সাধু! সাধু! শারিপুত্র, শারিপুত্র, যদি কোন ব্যক্তি অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার শাস্তাকে সম্মান, গৌরব করা ও শাস্তার উপর নির্ভর করা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার ধর্মকে সম্মান, গৌরব করা ও শাস্তার উপর নির্ভর করা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার সঙ্ঘকে সম্মান, গৌরব করা ও শাস্তার উপর নির্ভর করা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ করতে চায় তাহলে তার সমাধিকে সম্মান, গৌরব করা ও শাস্তার উপর নির্ভর করা উচিত; যদি কোন ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

অকুশল পরিত্যাগ, কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার অপ্রমাদকে সম্মান, গৌরব করা ও শাস্তার উপর নির্ভর করা উচিত; যদি কোন ভিক্ষু অকুশল পরিত্যাগ ও কুশল বৃদ্ধি করতে চায় তাহলে তার আন্তরিকতা ও শুভেচ্ছাকে সম্মান, গৌরব করা ও শাস্তার উপর নির্ভর করা উচিত।' এরূপ বলা হলে আয়ুষ্মান শারিপুত্র ভগবানকে বলেনঃ

৩। 'ভন্তে, আমি ভগবানের এই সংক্ষিপ্ত ভাষিত বিষয়ের অর্থ বিস্তৃত অবহিত। একজন ভিক্ষু শাস্তার প্রতি গৌরব বিহীন কিন্তু ধর্মের প্রতি সগৌরব হবেন তা অসম্ভব। শাস্তার প্রতি যে ভিক্ষুর গৌরব নেই, ধর্মের প্রতিও তাঁর গৌরব নেই। একজন ভিক্ষু শাস্তা ও ধর্মের প্রতি গৌরব বিহীন কিন্তু সঙ্ঘের প্রতি সগৌরব হবেন তা অসম্ভব। শাস্তা ও ধর্মের প্রতি যে ভিক্ষুর গৌরব নেই, সঙ্ঘের প্রতিও তাঁর গৌরব নেই। একজন ভিক্ষু শাস্তা, ধর্ম ও সঙ্ঘের প্রতি গৌরববিহীন কিন্তু শিক্ষার প্রতি সগৌরব হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম ও সঙ্ঘের প্রতি যে ভিক্ষুর গৌরব নেই শিক্ষার প্রতিও তাঁর গৌরব নেই। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা, ধর্ম, সঙ্ঘ ও শিক্ষার প্রতি গৌরবহীন, কিন্তু সমাধির প্রতি সগৌরব হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম, সঙ্ঘ ও শিক্ষার প্রতি যে ভিক্ষুর গৌরব নেই সমাধির প্রতিও তাঁর গৌরব নেই। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা ও সমাধির প্রতি গৌরববিহীন কিন্তু অপ্রমাদের প্রতি সগৌরব হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা ও সমাধির প্রতি যে ভিক্ষুর গৌরব নেই, অপ্রমাদের প্রতিও তাঁর গৌরব নেই। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা, সমাধি ও অপ্রমাদের প্রতি গৌরবহীন কিন্তু আন্তরিকতা ও শুভেচ্ছার প্রতি সগৌরব হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা, সমাধি ও অপ্রমাদের প্রতি যে ভিক্ষুর গৌরব নেই আন্তরিকতা ও শুভেচ্ছার প্রতিও তাঁর গৌরব নেই।

ভন্তে, একজন ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব কিন্তু ধর্মের প্রতি গৌরববিহীন, তা অসম্ভব। ভন্তে শাস্তার প্রতি সগৌরব ভিক্ষু ধর্মের প্রতিও সগৌরব হবেন। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা ও ধর্মের প্রতি সগৌরব কিন্তু সঙ্ঘের প্রতি অগৌরব হবেন, তা অসম্ভব। ভন্তে, শাস্তা ও ধর্মের প্রতি সগৌরব ভিক্ষু সঙ্ঘের প্রতিও সগৌরব হবেন। ভন্তে,

Visit: http://www.buddhistdownload.com

একজন ভিক্ষু শাস্তা, ধর্ম ও সঙ্ঘের প্রতি সগৌরব কিন্তু শিক্ষার প্রতি গৌরববিহীন হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম ও সঙ্ঘের প্রতি সগৌরব ভিক্ষু শিক্ষার প্রতিও সগৌরব হবেন। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা, ধর্ম, সঙ্ঘ ও শিক্ষার প্রতি সগৌরব কিন্তু সমাধির প্রতি গৌরববিহীন হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম, সঙ্ঘ ও শিক্ষার প্রতি সগৌরব ভিক্ষু সমাধির প্রতিও সগৌরব হবেন। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা ও সমাধির প্রতি সগৌরব কিন্তু অপ্রমাদের প্রতি গৌরববিহীন হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা ও সমাধির প্রতি সগৌরব ভিক্ষু অপ্রমাদের প্রতিও সগৌরব হবেন। ভন্তে, একজন ভিক্ষু শাস্তা, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা, সমাধি ও অপ্রমাদের প্রতি সগৌরব কিন্তু আন্তরিকতা ও শুভেচ্ছার প্রতি গৌরব বিহীন হবেন তা অসম্ভব। ভন্তে, শাস্তা, ধর্ম সঙ্ঘ, শিক্ষা, সমাধি ও অপ্রমাদের প্রতি সগৌরব ভিক্ষু আন্তরিকতা ও শুভেচ্ছার প্রতিও সগৌরব হবেন। ভন্তে, ভগবানের সংক্ষিপ্ত ভাষিত বিষয়ের আমি এরূপ বিস্তৃত অর্থ উপলব্ধি করি।'

৪। 'সাধু! সাধু! শারিপুত্র, শারিপুত্র, সাধু আমা ভাষিত এই সংক্ষিপ্ত বিষয়ে তুমি এরূপ বিস্তৃত অর্থ উপলব্ধি করতে পেরেছ! শারিপুত্র! একজন ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন কিন্তু ধর্মের প্রতি সগৌরব হবে তা অসম্ভব। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি অগৌরব সে ধর্মের প্রতিও অগৌরব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন, সে সঙ্ঘের প্রতি সগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন সে সঙ্ঘের প্রতিও গৌরববিহীন। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন সে শিক্ষার প্রতি সগৌরব হবে তা অসম্ভব, শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন সে শিক্ষার প্রতিও গৌরববিহীন। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন সে সমাধির প্রতিও সগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন, সে সমাধির প্রতি সগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি গৌরববিহীন, সে সমাধির প্রতিও গৌরববিহীন। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি অগৌরব সে সমাধির প্রতি সগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি

Visit: http://www.buddhistdownload.com

অগৌরব, ধর্মে অগৌরব, সঙ্ঘের প্রতি অগৌরব, শিক্ষার প্রতি অগৌরব, সমাধির প্রতি অগৌরব, অপ্রমাদের প্রতি অগৌরব, আন্তরিকতা ও শুভেচ্ছার প্রতিও অগৌরব। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, সে ধর্মের প্রতি অগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, সে ধর্মের প্রতিও সগৌরব হবে; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, সঙ্ঘের প্রতি অগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, সে সঙ্ঘের প্রতিও সগৌরব। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, সে শিক্ষার প্রতি অগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, সে শিক্ষার প্রতিও সগৌরব হবে। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব সে সমাধির প্রতি অগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে শাস্তার প্রতি সগৌরব সে সমাধির প্রতিও সগৌরব। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব সে অপ্রমাদের প্রতি অগৌরব হবে তা অসম্ভব; শারিপুত্র! যে শাস্তার প্রতি সগৌরব সে অপ্রমাদের প্রতিও সগৌরব হবে। শারিপুত্র! যে ভিক্ষু অপ্রমাদে সগৌরব সে আন্তরিকতায় গৌরববিহীন হবে তা অসম্ভব; শারিপুত্র! যে ভিক্ষু অপ্রমাদে সগৌরব সে আন্তরিকতায়ও সগৌরব হবে। শারিপুত্র! যে ভিক্ষু শাস্তার প্রতি সগৌরব, ধর্ম, সঙ্ঘ, শিক্ষা, সমাধি, অপ্রমাদে সগৌরব সে আন্তরিকতায়ও সগৌরব। শারিপুত্র! আমার সংক্ষিপ্ত ভাষিত বিস্তৃত অর্থ এরূপ।'

৭. ভাবনা[২৫] সুত্তং- ভাবনা সূত্র

৭১.১। 'হে ভিক্ষুগণ, যদিও কোন ভিক্ষু ভাবনা বিহীন হয়ে অবস্থানকালে এরূপ কোন ইচ্ছা তদন্তরে উৎপন্ন হতে পারেঃ "অহো! আমার চিত্ত যদি আসক্তি শূন্য এবং বিমুক্ত হত!"- তথাপি তার অন্তর আসক্তিশূন্য ও বিমুক্ত হয় না। তার কারণ কি? এটা বলা যেতে পারেঃ "ধ্যানহীনতা।" কিসের ধ্যানহীনতা? চারি স্মৃতিপ্রস্থান, চারি সম্যক প্রধান (সম্যক প্রচেষ্টা), চারি ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চ বল, সপ্ত বোধ্যঙ্গ, অষ্টাঙ্গিকমার্গ[২৬]। যেমন- হে ভিক্ষুগণ, কুক্কুটি আট বা দশ বা বারটি অণ্ড যথাযথভাবে স্থাপিত হয়নি কিংবা সম্পূর্ণরূপে উত্তপ্ত করা হয়নি কিংবা যথার্থভাবে বর্ধিত হয়নি, তৎসত্ত্বেও সে কুক্কুটির এরূপ

Visit: http://www.buddhistdownload.com

ইচ্ছা উৎপন্ন হতে পারেঃ "অহো! আমার ছানাগুলো তাদের পায়ের থাবা বা ঠোঁট এবং চঞ্চু দ্বারা অণ্ডকোষ বিদীর্ণ করতঃ স্বস্তিতে জন্ম লাভ করুক"। তবুও ওসব মুরগীর ছানার পক্ষে তাদের থাবা এবং ঠোঁট দ্বারা খোলক বিদীর্ণ করা এবং নিরাপদে কুক্কুটির শাবক জন্ম দান সম্ভব হয় না। তার কারণ কি? যেহেতু ভিক্ষুগণ, কুক্কুটির ওই ডিমগুলো যথার্থভাবে স্থাপিত হয়নি কিংবা সম্পূর্ণরূপে উত্তপ্ত করা হয়নি কিংবা যথার্থভাবে ভাবিত হয়নি। তদ্রূপ, হে ভিক্ষুগণ, ভাবনায় নিযুক্ত না হয়ে অবস্থান কালে ভিক্ষুর অন্তরে এরূপ ইচ্ছা উৎপন্ন হতে পারেঃ "ওহে! আমার চিত্ত যদি আসক্তি শূন্য ও বিমুক্ত হত!" তথাপি তার চিত্ত আসক্তিশূন্য ও বিমুক্ত হয় না। এবং এর কারণ কি? এটা বলা যেতে পারেঃ "ধ্যানহীনতা।" কোন্ ধ্যানহীনতা? চারি স্মৃতিপ্রস্থান, চার সম্যক প্রধান (সম্যক প্রচেষ্টা), চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ।

২। হে ভিক্ষুগণ, ভাবনায় অনুযুক্ত (নিযুক্ত) হয়ে অবস্থান কালে ভিক্ষুর অন্তরে এরূপ ইচ্ছা উৎপন্ন হতে পারে না- "ওহো! আমার চিত্ত যদি আসক্তিশূন্য ও বিমুক্ত হত[২৭]!" তথাপি তার চিত্ত আসক্তিশূন্য ও বিমুক্ত হয়। কেন? "ধ্যান বশতঃ।" কোন্ ধ্যান? চারি স্মৃতি প্রস্থান, চার সম্যক প্রধান (সম্যক প্রচেষ্টা), চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ। যেমন- হে ভিক্ষুগণ, কুক্কুটির আট বা দশ বা বারটি অণ্ড যথাযথভাবে স্থাপিত বা সম্পূর্ণরূপে উত্তপ্ত করা হয়েছে বা যথার্থরূপে ভাবিত হয়েছে। তথাপি কুক্কুটির এরূপ কোন ইচ্ছা উৎপন্ন হতে পারে না- "অহো! আমার ছানাগুলো তাদের পায়ের থাবা বা ঠোঁট এবং চঞ্চু দ্বারা অণ্ডকোষ বিদীর্ণ করতঃ স্বস্তিতে জন্ম লাভ করুক!"-তথাপি ওসব মুরগীর ছানার পক্ষে এদের থাবা এবং ঠোঁট দ্বারা খোলক বিদীর্ণ করা এবং নিরাপদ কুক্কুটির শাবক জন্ম দান সম্ভব হয়। এর হেতু কি? যেহেতু হে ভিক্ষুগণ! কুক্কুটির ওই ডিমগুলো যথার্থভাবে স্থাপিত হয়েছে, উত্তপ্ত করা হয়েছে এবং যথার্থভাবে ভাবিত হয়েছে। তদ্রূপ হে ভিক্ষুগণ! ভাবনায় অনুযুক্ত (মনোযোগী) হয়ে অবস্থানকালে ভিক্ষুর অন্তরে এরূপ ইচ্ছা উৎপন্ন হতে পারে নাঃ "ওহে, আমার চিত্ত যদি আসক্তিশূন্য এবং বিমুক্ত

Visit: http://www.buddhistdownload.com

তত।"-তথাপি তার চিত্ত আসক্তিশূন্য এবং বিমুক্ত হয়। এর হেতু কি? তা বলা যেতে পারেঃ "ধ্যান হেতু।" কোন ধ্যান? চারি স্মৃতিপ্রস্থান, চার সম্যক প্রধান (সম্যক প্রচেষ্টা), চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ।

৩। যেমন- হে ভিক্ষুগণ! একজন কার্পেন্টার বা কর্পেন্টারের শিক্ষা নবিশ তার কুড়ালির হাতল পরিদর্শন করতে গিয়ে তাতে তার আঙ্গুলের এবং বুড়ো আঙ্গুলের চিহ্নই দেখে কিন্তু কুড়ালির হাতলের কতটুকু আজ বা কতটুকু গতকল্য বা কতটুকু অন্য সময়ে ক্ষয় হয়েছে তা জানে না। তবে এতটুকু মাত্র জানে ক্ষয় হয়ে গেলে ক্ষয় হয়ে গেছে। তদ্রূপ হে ভিক্ষুগণ! একজন ভিক্ষু ভাবনায় মনোযোগী হয়ে অবস্থান কালে জানে না: "আজ আমার এতটুকু আসক্তি ক্ষয় হয়েছে বা গতকল্য এতটুকু বা অন্যদিন এতটুকু ক্ষয় প্রাপ্ত হয়েছে।" তবে সে এতটুকু মাত্র জানে যে, ক্ষয় হয়ে গেলে ক্ষয় হয়ে গেছে। যেমন- হে ভিক্ষুগণ! মাস্তুলবাহী কোন সমুদ্রগামী জাহাজ সমুদ্র পাড়ি দিয়ে ছয়মাস সমুদ্রে অবস্থানের পর বাত্যাবিধ্বস্ত, উত্তাপে উত্তপ্ত, বারি বর্ষিত হয়ে সমুদ্র সৈকতে অবস্থান এবং সহজে ক্ষয় প্রাপ্ত হয় ও পচে যায়, তদ্রূপ হে ভিক্ষুগণ! ভাবনায় অনুযুক্ত হয়ে অবস্থান কালে ভিক্ষুর সংযোজন সমূহ সহজে ধ্বংস হয়ে যায়, ক্ষয় প্রাপ্ত হয়।'

৮. অগ্নিক্খন্ধোপম[২৮] সুত্তং- অগ্নিস্কন্ধোপম সূত্র

৭২.১। আমা কর্তৃক এরূপ শ্রুত- এক সময় ভগবান বহু সংখ্যক ভিক্ষুসঙ্ঘ সহ কোশলে বিচরণ করতেছিলেন। বড় রাস্তায় পৌঁছে ভগবান এক জায়গায় বৃহৎ অগ্নিরাশি, হুতাশন প্রজ্জ্বলিত, দগ্ধীভূত হতে দেখেন। তা দেখে রাস্তা হতে নেমে কোন এক বৃক্ষের নীচে প্রজ্ঞাপিত একটা আসনে তিনি উপবেশন করেন। উপবিষ্ট হয়ে ভগবান ভিক্ষুদিগকে আহ্বান করলেনঃ 'ওহে ভিক্ষুগণ, তোমরা কি বৃহৎ অগ্নি রাশি, হুতাশন প্রজ্জ্বলিত, দগ্ধীভূত হতে দেখতে পাচ্ছ?" 'হাঁ ভন্তে!' 'ভিক্ষুগণ! এ দু'টোর মধ্যে তোমরা কোনটা শ্রেষ্ঠতর মনে করঃ কোন জ্বলন্ত, প্রজ্জ্বলিত, দগ্ধকারী বৃহৎ অগ্নিরাশিকে আলিঙ্গন করতঃ পাশে উপবেশন করা বা শায়িত হওয়া; বা কোন ক্ষত্রিয় কন্যা বা ব্রাহ্মণ-কন্যা বা গৃহপতি-কন্যা যার হস্ত-পাদ কোমল ও সুন্দর[২৯] তাকে

Visit: http://www.buddhistdownload.com

আলিঙ্গন করতঃ তার পাশে উপবেশন করা বা শায়িত হওয়া?' 'ভন্তে, এটাই শ্রেয়তরঃ "ক্ষত্রিয় কন্যা বা ব্রাহ্মণ-কন্যা বা গৃহপতি-কন্যা যার হস্ত-পাদ কোমল ও সুন্দর তাকে আলিঙ্গন করতঃ তার পাশে উপবেশন করা বা শায়িত হওয়া। ভন্তে, জ্বলন্ত, প্রজ্বলিত, দগ্ধকারী বৃহৎ অগ্নি রাশিকে আলিঙ্গন করতঃ এর পাশে উপবেশন করা বা শায়িত হওয়া সত্যই দুঃখকর।"

'হে ভিক্ষুগণ! আমি তোমাদের ঘোষণা করছি, আমি তোমাদের এ কথার প্রতিবাদ করছি। একজন দুঃশীল[৩০] পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচার সম্পন্ন, গোপনে কর্ম সম্পাদনকারী,[৩১] অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির ব্যক্তির পক্ষে জ্বলন্ত প্রজ্জ্বলিত, দগ্ধকারী বৃহৎ অগ্নি রাশিকে আলিঙ্গন করতঃ এর পাশে উপবেশন করা বা শায়িত হওয়া শ্রেয়তর। এর হেতু কি? হে ভিক্ষুগণ! একারণে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্বারা মৃত্যুও ঘটতে পারে; কিন্তু সে কারণে কায়ভেদে মৃত্যুর পর তাকে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ! যখন একজন দুঃশীল, পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচার সম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির ব্যক্তি কোন ক্ষত্রিয় কন্যা বা ব্রাহ্মণ-কন্যা বা গৃহপতি-কন্যা যার হস্ত-পাদ কোমল ও সুন্দর তাকে আলিঙ্গন করতঃ পাশে উপবেশন করে বা শায়িত হয়, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অহিত ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হয়।

২। হে ভিক্ষুগণ! এ দু'এর মধ্যে তোমরা কোন্‌টা শ্রেয়তর মনে করঃ একজন বলবান লোক অশ্বের দৃঢ় চুলের দ্বারা কারও উভয় পা বেঁধে দমন করে যার ফলে উপরের চামড়া ছিন্ন হয়, উপরের চামড়া ছেদ করতঃ আভ্যন্তরীণ চামড়া ছেদ করে, আভ্যন্তরীণ চামড়া ছেদ করতঃ মাংস ছেদ করে, মাংস ছেদ করতঃ মাংস পেশী ছেদ করে, মাংস পেশী ছেদ করতঃ অস্থি ছেদ করে, অস্থি ছেদ করতঃ অস্থি

Visit: http://www.buddhistdownload.com

মজ্জায় গিয়ে পৌঁছে; অথবা, ধনবান উচ্চপদস্থ ব্যক্তি বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির অভিবাদন গ্রহণ?' 'ভন্তে, এটাই শ্রেয়তরঃ ধনবান উচ্চপদস্থ ব্যক্তি বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির অভিবাদন গ্রহণ। ভন্তে, এটা সত্যিই দুঃখকর যে, একজন বলবান লোক অশ্বের দৃঢ় চুলের রজ্জু দ্বারা কারো উভয় পা বেঁধে দমন করবে যার ফলে উপরের চামড়া ছিন্ন হয়, উপরের চামড়া ছিন্ন হয়ে আভ্যন্তরীণ চামড়া ছিন্ন হয়, আভ্যন্তরীণ চামড়া ছিন্ন হয়ে মাংস ছিন্ন হয়, মাংস ছিন্ন হয়ে মাংস পেশী ছিন্ন হয়, মাংস পেশী ছিন্ন হয়ে অস্থি ছিন্ন হয়, অস্থি ছিন্ন হয়ে অস্থি মজ্জায় গিয়ে পৌঁছে।'

'হে ভিক্ষুগণ! আমি তোমাদের এ কথা ঘোষণা করছি, আমি তোমাদের জানাচ্ছি। একজন দুঃশীল, পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচার সম্পন্ন, গোপনে পাপধর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোককে একজন বলবান লোক অশ্বের দৃঢ় চুলের রজ্জু দ্বারা উভয় পা বেঁধে দমন করলে তার ফলে তার উপরের চামড়া ছিন্ন হয়, উপরের চামড়া ছিন্ন হয়ে নীচের চামড়া ছিন্ন হয়, নীচের চামড়া ছিন্ন হয়ে মাংস ছিন্ন হয়, মাংস ছিন্ন হয়ে মাংসপেশী ছিন্ন হয়, মাংস পেশী ছিন্ন হয়ে অস্থি ছিন্ন হয়, অস্থি ছিন্ন হয়ে অস্থি মজ্জায় গিয়ে পৌঁছে, তবুও হে ভিক্ষুগণ! এটা শ্রেয়তর। এর কারণ কি? হে ভিক্ষুগণ! এ কারণে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্দ্বারা তার মৃত্যু ঘটতে পারে! কিন্তু সে কারণে কায় ভেদে মৃত্যুর পর তাকে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ, যখন একজন দুঃশীল, পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোক কোন ধনবান উচ্চপদস্থ ব্যক্তি বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির অভিবাদন গ্রহণ করে, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অহিত ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

৩। হে ভিক্ষুগণ! এ দু'এর মধ্যে তোমরা কোনটা শ্রেয়তর মনে করঃ একজন শক্তিমান পুরুষের তৈল বিধৌত তীক্ষ্ণ অস্ত্র দ্বারা কারো নিতম্বে প্রহার করা উচিত অথবা, কোন ধনবান ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির অভিবাদন গ্রহণ করা উচিত? 'ভন্তে, ধনবান ক্ষত্রিয় বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির অভিবাদন গ্রহণই শ্রেয়তর। কিন্তু ভন্তে, একজন শক্তিশালী পুরুষ তৈল বিধৌত তীক্ষ্ণ অস্ত্র দ্বারা কারো নিতম্বে আঘাত করবে তা সত্যিই দুঃখকর।'

'হে ভিক্ষুগণ! আমি তোমাদের এ বিষয়ে ঘোষণা করছি, আমি তোমাদিগকে বিশেষভাবে জানাচ্ছি। একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোককে একজন শক্তিমান পুরুষ তৈল বিধৌত তীক্ষ্ণ অস্ত্র দ্বারা নিতম্বে আঘাত করলেও তা শ্রেয়তর। এর কারণ কি? এর ফলে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে, যদ্বারা তার মৃত্যুও ঘটতে পারে; কিন্তু সে কারণে কায়ভেদে মৃত্যুর পর তাকে অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ! যখন একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোক ধনবান ক্ষত্রিয় বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির অভিবাদন গ্রহণ করে, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অহিত ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হয়।

৪। হে ভিক্ষুগণ! এ দু'এর মধ্যে তোমরা কোন্‌টা শ্রেয়তর মনে করঃ একজন বলবান লোকের লাল উত্তপ্ত, আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ থালা দ্বারা কারো দেহকে আবৃত করা উচিত; অথবা কোন ধনবান ক্ষত্রিয় বা ধনবান ব্রাহ্মণ বা বলবান গৃহপতির শ্রদ্ধায় প্রদত্ত চীবর কারো পরিভোগ করা উচিত?' 'ভন্তে, এটা শ্রেয়তরঃ কোন ধনবান ক্ষত্রিয় বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির শ্রদ্ধা প্রদত্ত চীবর পরিভোগ করা। ভন্তে, একজন বলবান লোকের লাল উত্তপ্ত,

Visit: http://www.buddhistdownload.com

আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ থালা দ্বারা কারো দেহ আবৃত হবে তা সত্যিই দুঃখকর।'

'হে ভিক্ষুগণ! আমি তোমাদিগকে এ বিষয় ঘোষণা করছি, আমি তোমাদিগকে বিশেষভাবে জানাচ্ছি। একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোককে একজন শক্তিশালী ব্যক্তি লাল উত্তপ্ত, আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ থালা দ্বারা আবৃত করতে পারে, তবুও তা শ্রেয়তর। এর হেতু কি? একারণে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্বারা তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্বারা তার মৃত্যু ঘটতে পারে। কিন্তু সে কারণে কায়ভেদে মৃত্যুর পর তাকে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ! যখন একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোক ধনবান ক্ষত্রিয় বা ধনবান ব্রাহ্মণ বা ধনবান গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত চীবর পরিভোগ করে, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অহিত ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হয়।

৫। হে ভিক্ষুগণ! এ দু'এর মধ্যে তোমরা কোন্‌টা শ্রেয়তর মনে করঃ একজন বলবান লোক লাল উত্তপ্ত, আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ পেরেক দ্বারা কারো মুখ খুলে তাতে আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ গোলক নিক্ষেপ করে যার ফলে ওষ্ঠ দাহ করে, জিহ্বা দাহ করে, উদর দাহ করে এবং অন্ত্র ও নাড়ীভূঁড়ি সহ অধোভাগে বের হয়ে যায়; অথবা, ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত পিণ্ডপাত (আহার) পরিভোগ? ভন্তে, ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত পিণ্ডপাত পরিভোগই শ্রেয়তর। ভন্তে! এটা সত্যিই দুঃখকর যে, একজন বলবান লোক লাল উত্তপ্ত, আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ পেরেক দ্বারা কারো মুখ খুলে তাতে আলোকিত, জ্বলন্ত, অগ্নিময়, লৌহময় লৌহগোলক নিক্ষেপ করবে যার ফলে ওষ্ঠ, জিহ্বা, উদর দাহ

Visit: http://www.buddhistdownload.com

করবে এবং অন্ত্র ও নাড়ীভূঁড়ি সহ অধোভাগে বের হয়ে যাবে!' 'হে ভিক্ষুগণ! আমি তোমাদিগকে এ বিষয় ঘোষণা করছি, তোমাদিগকে বিশেষভাবে জানাচ্ছি। একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোককে একজন বলবান লোক লাল উত্তপ্ত, আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহ পেরেক দ্বারা তার মুখ খুলে তাতে আলোকিত, জ্বলন্ত, অগ্নিময় লৌহগোলক নিক্ষেপ করে যার ফলে ওষ্ঠ, জিহ্বা, উদর দাহ করে এবং অন্ত্র ও নাড়ীভূঁড়ি সহ অধোভাগে বের হয়ে যায়, তবুও এটা শ্রেয়তর। এর কারণ কি? হে ভিক্ষুগণ! এ কারণে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্বারা তার মৃত্যু ঘটতে পারে। কিন্তু সেকারণে কায়ভেদে মৃত্যুর পর তাকে অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ! যখন একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোক ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত পিণ্ডপাত পরিভোগ করে, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অহিত ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হয়।

৬। হে ভিক্ষুগণ! এ দু'এর মধ্যে তোমরা কোন্‌টা শ্রেয়তর মনে করঃ একজন বলবান পুরুষ কারো মস্তক বা স্কন্ধ ধরে তাকে জ্বলন্ত, আলোকিত, অগ্নিময়, লাল, উত্তপ্ত লৌহমঞ্চে বা লৌহ বিছানায় উপেবেশন বা শায়িত হতে বাধ্য করা উচিত; অথবা ধ্যনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত মঞ্চপীট (বিছানা) কারো পরিভোগ করা উচিত'? 'ভন্তে! ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত শয্যা উপভোগই শ্রেয়তর। ভন্তে! এটা সত্যিই দুঃখকর যে, একজন শক্তিশালী ব্যক্তি কারো মস্তক বা স্কন্ধ ধরে তাকে জ্বলন্ত, আলোকিত, অগ্নিময়, লাল, উত্তপ্ত, লৌহমঞ্চে বা লৌহশয্যায় উপবেশন বা শায়িত হতে বাধ্য করবে।'

Visit: http://www.buddhistdownload.com

'হে ভিক্ষুগণ! আমি তোমাদিগকে এ বিষয় ঘোষণা করছি, তোমাদিগকে এ বিষয় জানাচ্ছি। একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোককে একজন শক্তিশালী পুরুষ মস্তক বা স্কন্ধ ধরে জ্বলন্ত, আলোকিত, অগ্নিময়, লাল, উত্তপ্ত লৌহমঞ্চে বা লৌহ শয্যায় শায়িত করালেও তা শ্রেয়তর। এর কারণ কি? হে ভিক্ষুগণ! এ কারণে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্দারা তার মৃত্যু ঘটতে পারে। কিন্তু সে কারণে কায়ভেদে মৃত্যুর পর তাকে অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ! যখন একজন দুঃশীল পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোক ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত শয্যা উপভোগ করে, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অমঙ্গল ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে পুনর্জন্ম লাভ করে।

৭। হে ভিক্ষুগণ! এ দু'এর মধ্যে তোমরা কোন্‌টা শ্রেয়তর মনে করঃ কোন শক্তিশালী লোকের কাকেও ঊর্ধপাদ এবং অধোশির করে ধরে জ্বলন্ত, প্রজ্জ্বলিত, অগ্নিময় উত্তপ্ত লৌহকুম্ভে নিক্ষেপ করা উচিত যেখানে সে একবার ঊর্ধদিকে, একবার অধোদিকে, একবার তির্য্যকভাবে বুদ্‌বুদ্ সদৃশ ঘুরপাক খেতে থাকে; অথবা. ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত বিহার কারো পরিভোগ করা উচিত?' 'ভন্তে! ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত বিহার পরিভোগ করাই শ্রেয়তর। ভন্তে! এটা সত্যিই দুঃখকর যে, কোন শক্তিশালী ব্যক্তি কাকেও ঊর্ধপাদ এবং অধোশির করে ধরে জ্বলন্ত, প্রজ্বলিত, অগ্নিময় উত্তপ্ত লৌহকুম্ভে নিক্ষেপ করবে যেখানে সে একবার ঊর্ধদিকে, একবার অধোদিকে, একবার তির্য্যকভাবে বুদ্‌বুদ্ সদৃশ ঘুরপাক খেতে থাকবে।'

'হে ভিক্ষুগণ! আমি তোমাদিগকে এ বিষয় ঘোষণা করছি,

Visit: http://www.buddhistdownload.com

তোমাদিগকে বিশেষভাবে জানাচ্ছি- একজন দুঃশীল, পাপধর্মী, অশুচি ও সন্দেহপূর্ণ আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোককে কোন শক্তিশালী ব্যক্তি উর্ধপাদ এবং অধোশির করতঃ ধরে জ্বলন্ত, প্রজ্জ্বলিত, অগ্নিময়, উত্তপ্ত লৌহকুম্ভে নিক্ষেপ করতে পারে যেখানে সে একবার উর্ধদিকে, একবার অধোদিকে, একবার তির্য্যকভাবে বুদ্‌বুদ্ সদৃশ ঘুরপাক খেতে থাকে, তবুও তা শ্রেয়তর। এর কারণ কি? হে ভিক্ষুগণ! এ কারণে তার মৃত্যু ঘটতে পারে বা দুঃখ উৎপন্ন হতে পারে যদ্বারা তার মৃত্যুও ঘটতে পারে। কিন্তু সেকারণে কায়ভেদে মৃত্যুর পর তার অপায় দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হতে হয় না। কিন্তু হে ভিক্ষুগণ! যখন একজন দুঃশীল, পাপধর্মী, অশুচি ও সন্দেহযুক্ত আচারসম্পন্ন, গোপনে পাপকর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন প্রকৃতির লোক ধনাঢ্য ক্ষত্রিয় বা ব্রাহ্মণ বা গৃহপতির শ্রদ্ধাপ্রদত্ত বিহার পরিভোগ করে, হে ভিক্ষুগণ! এটা তার দীর্ঘকালের অহিত ও দুঃখের কারণ হয়। যেহেতু কায়ভেদে মৃত্যুর পর সে অপায় দুর্গতিতে বিনিপাত নরকে উৎপন্ন হয়। সেকারণে হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিতঃ আমরা যাদের চীবর, পিন্ডপাত, শয্যাসন, রুগ্ন ব্যক্তির দ্রব্য, ভৈষজ্য ইত্যাদি পরিভোগ করি তাদের এ কাজের মহাফল, মহা হিতকর হবে, আমাদের এ প্রব্রজিত জীবনও নিষ্ফল হবে না, সফল হবে, স-উৎপাদ হবে।

হে ভিক্ষুগণ! তোমরা নিজেরা এরূপ শিক্ষা করবে।

৮। হে ভিক্ষুগণ! যে ব্যক্তি নিজের মঙ্গল দেখে তার উচিত অপ্রমাদের সাথে কার্য সম্পাদন করা; যে ব্যক্তি অপরের মঙ্গল দেখে তার উচিত অপ্রমাদের[৩২] সাথে কার্য সম্পাদন করা, হে ভিক্ষুগণ! যে ব্যক্তি নিজের ও অপরের উভয়ের মঙ্গল দেখে তার উচিত অপ্রমাদের সাথে কার্য সম্পাদন করা।' এরূপ বলেছেন ভগবান। ভগবানের এই ব্যাখ্যা প্রদান কালে ষাটজন ভিক্ষুর মুখ হতে উষ্ণ রক্ত নির্গত হয়েছিল[৩৩], ষাটজন ভিক্ষুজীবন পরিত্যাগ করে গৃহী জীবনে প্রত্যাবর্তন

Visit: http://www.buddhistdownload.com

করেছিল এ' বলেঃ ভগবানের কাজ দুষ্কর! কিন্তু অপর ষাটজন ভিক্ষুর চিত্ত তৃষ্ণাতীত[৩৪] এবং বিমুক্ত হয়েছিল।

৯. সুনেত্ত সুত্তং- সুনেত্র সূত্র

৭৩.১। 'অতীতে হে ভিক্ষুগণ! সুনেত্র নামক শাস্তার জন্ম হয়েছিল, তিনি ছিলেন তীর্থঙ্কর, কামে বীতরাগ (কামমুক্ত)। হে ভিক্ষুগণ! সুনেত্র শিক্ষকের অনেক শত শ্রাবক ছিল। তিনি শ্রাবকদিগকে ব্রহ্মলোকের সহব্যতার ধর্মশিক্ষা দিতেন। এবং হে ভিক্ষুগণ! যেসব শ্রাবক তাঁর দেশনানুসারে চিত্তকে পবিত্র করতে পারেন নি তারা কায়ভেদে মৃত্যুর পর অপায় দুর্গতিতে বিনিপাত নরকে পুনর্জন্ম লাভ করেছিল। কিন্তু যারা শাস্তা সুনেত্তের ব্রহ্মলোকের সহব্যতার শিক্ষানুসারে চিত্তকে প্রসাদিত করেছিল তারা কায়ভেদে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে পুনর্জন্ম লাভ করে।

২। হে ভিক্ষুগণ! পূর্বে মূগপক্খ নামক শাস্তা ছিলেন.....অরনেমি নামক শাস্তা ছিলেন.....কুদ্দাল নামক শাস্তা ছিলেন.....হস্তীপাল নামক শাস্তা ছিলেন.....জ্যোতিপাল নামক শাস্তা ছিলেন.....অরকো নামক শাস্তা ছিলেন তীর্থঙ্কর, কামে বীতরাগ [বিন্দু চিহ্নিত স্থানে প্রত্যেক শাস্তার ১নং বর্ণনানুসারে অনুরূপ ধর্ম অনুসরণ করতঃ শ্রাবকেরা এবং মৃত্যুর পর যথাচিত্ত গতি প্রাপ্ত হয়েছিল] হে ভিক্ষুগণ! অরকো শাস্তার শিক্ষানুসারে যেসব শ্রাবক চিত্তকে সেভাবে প্রসন্ন করেছিল তারা কায়ভেদে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে পুনর্জন্ম লাভ করেছিল কিন্তু যারা তদনুরূপ চিত্তকে প্রসন্ন করতে পারেনি তারা কায়ভেদে মৃত্যুর পর অপায় দুর্গতিতে বিনিপাত নরকে পুনর্জন্ম লাভ করেছিল।

৩। হে ভিক্ষুগণ! যে প্রদুষ্টচিত্ত ব্যক্তি সশ্রাবক এ সপ্ত তীর্থঙ্কর শাস্তা যারা কামে বীতরাগ তাঁদেরকে আক্রোশ করে, দুর্নাম করে সে কি বহু অপুণ্য অর্জন করে নয়কি?' 'হাঁ ভন্তে! তাই।'

৪। হে ভিক্ষুগণ! যে প্রদুষ্টচিত্ত ব্যক্তি বহুশত শ্রাবকসঙ্ঘ পরিবেষ্টিত কামে বীতরাগ এই সপ্ত তীর্থঙ্কর শাস্তাকে আক্রোশ করে, দুর্নাম করে সে বহু অপুণ্য প্রসব করে। যে এক দৃষ্টিসম্পন্ন[৩৫] (দৃষ্টিপ্রাপ্ত) পুদ্গলকে আক্রোশ করে, দুর্নাম করে সে অনেক অনেক অপুণ্যই প্রাপ্ত হয়। এর

Visit: http://www.buddhistdownload.com

হেতু কি? হে ভিক্ষুগণ! আমি ঘোষণা করছি- আক্রোশ করে সে নিজে বাইরের কারো জন্য তত বৃহৎ কূপ[৩৬] খনন করে না যতটুকু করে সব্রহ্মচারীর জন্য। সে কারণে, হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিতঃ-

সব্রহ্মচারীর প্রতি আমরা প্রদুষ্ট চিত্ত হব না। হে ভিক্ষুগণ! তোমাদের এরূপই শিক্ষা করা উচিত।'

১০. অরক সুত্তং- অরক সূত্র

৭৪.১। 'হে ভিক্ষুগণ! অতীতে অরকো (চক্র নির্মতা) নামক এক তীর্থঙ্কর কামে বীতরাগ শাস্তা ছিলেন। তাঁর বহু শত শ্রাবক ছিল। তিনি শ্রাবকদিগকে এরূপ ধর্ম শিক্ষা দিতেনঃ-

২। "ওহে ব্রাহ্মণ! মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ, বহু কষ্টে ভরা। মন্ত্র[৩৭] (প্রজ্ঞা দ্বারা বুঝতে হবে) দ্বারা জনগণকে জাগ্রত কর! কুশল সম্পাদন কর! ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর! জাতদের অমরণ[৩৮] নেই। হে ব্রাহ্মণ! যেমন তৃণাগ্রে স্থিত শিশির বিন্দু সূর্যোদয়ের সাথে সাথে তাড়াতাড়ি শুকিয়ে যায় এবং স্থায়ী থাকে না; তদ্রূপ, হে ব্রাহ্মণ! শিশির[৩৯] বিন্দু সদৃশ মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ, বহু কষ্টে পরিপূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর! কুশল সম্পাদন কর! ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর! যেহেতু জাতগণ মরণাধীন। যেমন, হে ব্রাহ্মণ! আকাশ-দেবের বড় ফোঁটা বর্ষণের ফলে জলের মধ্যে যে বুদ্‌বুদ্[৪০] সৃষ্টি হয় তা দীর্ঘস্থায়ী হয় না, বিলীন হয়ে যায়; তদ্রূপ হে ব্রাহ্মণ! বুদ্‌বুদ্ বিন্দু সদৃশ মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ, বহু কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর। কুশল সম্পাদন কর। ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর। যেহেতু জাতগণ মরণাধীন। যেমন, হে ব্রাহ্মণ! জলের উপরে কোন দণ্ড সঙ্গে সঙ্গে অন্তর্হিত হয়ে যায়, স্থায়ী হয় না; তদ্রূপ, হে ব্রাহ্মণ! জলে দণ্ড সদৃশ, মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ, বহু কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর। কুশল সম্পাদন কর। ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর। যেহেতু জাতগণ মরণাধীন। যেমন, হে ব্রাহ্মণ! পর্বতে উৎপন্ন কোন নদী[৪১] দূরঙ্গমা, ক্ষিপ্র গতিতে সবকিছু সাথে নিয়ে[৪২] নিম্নদিকে প্রবাহিত হয়, সামান্য ক্ষণের জন্য বা মুহূর্তের[৪৩] জন্য,

Visit: http://www.buddhistdownload.com

পর্বতের জন্য বিরত হয় না কিন্তু সবেগে ধাবিত হয়, আবর্তিত হয়, সবেগে সম্মুখে অগ্রসর হয়; তদ্রূপ, হে ব্রাহ্মণ! পর্বতোৎপন্ন নদী সদৃশ মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ, বহু কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর। কুশল সম্পাদন কর। ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর। যেহেতু জাতগণ মৃত্যুবিহীন নয়। যেমন হে ব্রাহ্মণ! কোন শক্তিশালী লোক থুথুপিণ্ড গঠন করতঃ অল্প শ্রমে থুথু ফেলে; তদ্রূপ, হে ব্রাহ্মণ! থুথুপিণ্ড সদৃশ মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ-কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর। কুশল সম্পাদন কর। ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর। যেহেতু জাতগণ মৃত্যুবিহীন নয়। যেমন হে ব্রাহ্মণ! একটা মাংসপিণ্ড[৪৪] কোন লৌহ পাত্রে নিক্ষিপ্ত হলে তাড়াতাড়ি বিদীর্ণ হয়ে যায়, বেশীক্ষণ স্থায়ী হয় না, তদ্রূপ, হে ব্রাহ্মণ! মাংসপিণ্ড সদৃশ মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ-কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর। কুশল সম্পাদন কর। ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর। যেহেতু জাতগণ মৃত্যুহীন নয়। যেমন, হে ব্রাহ্মণ! হত্যা করার উদ্দেশ্যে কসাই খানায়[৪৫] কোন গাভী নীত হওয়ার সময় পা উত্তোলন করে প্রত্যেক বারই ধ্বংসের নিকটে মৃত্যুর সমীপে নীত হয়; তদ্রূপ হে ব্রাহ্মণ! গাভী সদৃশ নির্ধারিত ভাগ্য মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ-কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর! কুশল সম্পাদন কর! ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর। যেহেতু জাতব্যক্তি মরণাধীন।"

৩। হে ভিক্ষুগণ! সে সময়ে পুরুষের আয়ুর পরিমাণ ছিল ষাট[৪৬] হাজার বৎসর। পাঁচ শত বৎসর বয়ক্রম কালে কুমারীগণ বিবাহ যোগ্য, পাত্র হত। তখন মানুষের ছিল ছয়টি যন্ত্রণা, যেমনঃ শীত এবং উষ্ণ, ক্ষুধা এবং তৃষ্ণা এবং দ্বিবিধ বিষ্ঠা। যদিও এরূপ ছিল দীর্ঘায়ু, এরূপ ছিল স্থায়ীত্ব এবং যন্ত্রণামুক্ত ছিল জনতা, শ্রাবকগণকে শাস্তা অরকো এরূপ শিক্ষা দিতেনঃ "ওহে ব্রাহ্মণ! মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর, তুচ্ছ, বহু দুঃখ-কষ্টে পূর্ণ। মন্ত্র দ্বারা জনগণকে জাগ্রত কর। কুশল সম্পাদন কর! ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর! যেহেতু জাতগণ মৃত্যুবিহীন নহে।" এবং এখন হে ভিক্ষুগণ! যদি একজন লোক যথার্থই বলতে চায় তার বলা উচিতঃ "মনুষ্য জীবন সংক্ষিপ্ত, অকিঞ্চিৎকর,

Visit: http://www.buddhistdownload.com

তুচ্ছ, বহু দুঃখ-কষ্টে পূর্ণ। মন্ত্র (প্রজ্ঞা) দ্বারা জনগণকে জাগ্রত কর! কুশল সম্পাদন কর! ব্রহ্মচর্য্য উদ্‌যাপন কর! যেহেতু জাতগণের জন্য অমরণ নেই।" যেহেতু হে ভিক্ষুগণ! যে দীর্ঘ জীবন বেঁচে থাকে সে কিন্তু শত বৎসর বা সামান্য অধিক বাঁচে। এবং হে ভিক্ষুগণ! যদি একজন লোক শত বৎসর বাঁচে, তবে সে তিনশত ঋতু বাঁচে- একশত ঋতু শীত, একশত ঋতু গ্রীষ্ম এবং একশত ঋতু বর্ষা[৪৭]। এবং হে ভিক্ষুগণ! যদি সে তিনশত ঋতু বাঁচে, সে কিন্তু দ্বাদশ শত মাস বাঁচে- শীতের চারশত মাস, গ্রীষ্মের চারশত মাস এবং বর্ষার চারশত মাস। এবং যদি সে দ্বাদশ শত মাস বাঁচে সে কিন্তু চব্বিশ শত অর্ধ মাস বাঁচে-শীত ঋতুর আটশত অর্ধমাস, গ্রীষ্মের আটশত অর্ধমাস এবং বর্ষার আটশত অর্ধমাস। এবং যদি সে চব্বিশ শত অর্ধমাস বাঁচে সে কিন্তু ছত্রিশ হাজার দিবস বাঁচে- শীত ঋতুর বার হাজার দিবস, গ্রীষ্মের বার হাজার দিবস এবং বর্ষার বার হাজার দিবস। এবং যদি সে ছত্রিশ হাজার দিবস[৪৮] বাঁচে সে কিন্তু বায়াত্তর হাজারটি ভোজন গ্রহণ করে- শীত ঋতুতে চব্বিশ হাজারটি ভোজন, গ্রীষ্মে চব্বিশ হাজার ভোজন, বর্ষায় চব্বিশ হাজার ভোজন গ্রহণ করে। এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে মাতৃদুগ্ধ এবং আহার বিহীন[৪৯] সময়। এখানে আহার বিহীন সময় দ্বারা বুঝানো হয়েছেঃ 'কুপিত হলে সে আহার গ্রহণ করে না; দুঃখিত হলে সে আহার গ্রহণ করে না; ব্যাধিগ্রস্ত হলে সে আহার গ্রহণ করে না; উপবাস করলে সে আহার গ্রহণ করে না; না পেলে সে আহার গ্রহণ করে না। এরূপ হে ভিক্ষুগণ! আমি বিবেচনা করি সে মানুষটির জীবন, তার আয়ু প্রমাণ, ঋতু, বর্ষ,[৫০] মাস, পক্ষ, দিবস, দিবা-রাত্রি, আহার ও আহারবিহীন সময় ইত্যাদি।

৪। হে ভিক্ষুগণ! শাস্তা কর্তৃক তাঁর শ্রাবকদের জন্য তাদের হিতের জন্য, দয়া দ্বারা অনুকম্পা বশতঃ যা করণীয় তা'ই আমা কর্তৃক তোমাদের জন্য করা হল। হে ভিক্ষুগণ! এসব বৃক্ষমূলে, এসব শূন্য স্থানে! হে ভিক্ষুগণ! ধ্যান কর। প্রমোদিত হয়ো না! পরে যেন তোমাদেরকে নিন্দিত হতে না হয়! তোমাদের প্রতি এটাই আমার অনুশাসন।[৫১]

[মহাবর্গ সপ্তম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৮. বিনয়-বগ্গো[১]- বিনয়-বর্গ

১. পঠম বিনযধর সুত্তং- প্রথম বিনয়ধর সূত্র

৭৫.১। 'হে ভিক্ষুগণ! সপ্তগুণযুক্ত একজন ভিক্ষু বিনয়ধর হয়। সপ্ত কি কি?

১। সে আপত্তি[২] কি তা জানে, অনাপত্তি কি তা জানে, সে লঘু আপত্তি (দোষ) কি তা জানে, মারাত্মক আপত্তি কি তা জানে, সে শীলবান হয়, সে প্রাতিমোক্ষের (নৈতিক দায়িত্বে) সংযম দ্বারা সংযত হয়ে অবস্থান করে, আচার-আচরণে দোষমুক্ত, সামান্যতম দোষযুক্ত বিষয়ে ভয়দর্শী হয়, শিক্ষাপদ সমূহ শিক্ষা করে, সে চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে চৈতসিক, যেগুলি এখানে ইহ জীবনে সুখ আনয়ন করে, যেগুলি বিনা কষ্টে, সহজে, বিনা শ্রমে লাভ করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে[৩]।

হে ভিক্ষুগণ! এই সপ্ত গুণে গুণযুক্ত হয়ে একজন বিনয়ধর ভিক্ষু হয়।'

২. দুতিয বিনয়ধর সুত্তং- দ্বিতীয় বিনয়ধর সূত্র

৭৬.১। 'হে ভিক্ষুগণ! সপ্ত গুণে বিভূষিত ভিক্ষু বিনয়ধর হয়। সপ্ত কি কি?

১। সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি তা জানে, ক্ষুদ্র আপত্তি কি তা জানে, গুরুতর আপত্তি কি তা জানে; উভয়[৪] প্রকার প্রাতিমোক্ষ যথাযথভাবে, সম্পূর্ণরূপে তার নিকট ন্যস্ত হয়েছে, সুবিভক্ত, সুবিনয়স্থিত, সূত্রে নিশ্চিত এবং বিস্তৃত করা হয়েছে; সে চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে চৈতসিক, যেগুলি এখানে ইহ জীবনে সুখ আনয়ন করে, যেগুলি বিনাকষ্টে, সহজে বিনা শ্রমে লাভ করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্ত ধর্মে বিভূষিত ভিক্ষু বিনয়ধর হয়।'

Visit: http://www.buddhistdownload.com

৩. ততিয বিনয়ধর সুত্তং- তৃতীয় বিনয়ধর সূত্র

৭৭.১। 'হে ভিক্ষুগণ! সপ্ত ধর্মে বিভূষিত ভিক্ষু বিনয়ধর হয়। সপ্ত কি?

২। সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি তা জানে, ক্ষুদ্র আপত্তি কি তা জানে, গুরুতর আপত্তি কি তা জানে; সে বিনয়ে দৃঢ়ভাবে স্থিত হয় এবং তা অখণ্ডনীয়[৫]; সে চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে চৈতসিক, যেগুলি এখানে ইহ জীবনে সুখ আনয়ন করে সেগুলি বিনাকষ্টে, সহজে, বিনা শ্রমে লাভ করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্ত ধর্মে বিভূষিত ভিক্ষু বিনয়ধর হয়।'

৪. চতুত্থ বিনয়ধর সুত্তং- চতুর্থ বিনয়ধর সূত্র

৭৮.১। 'হে ভিক্ষুগণ! সপ্ত ধর্মে বিভূষিত ভিক্ষু বিনয়ধর হয়। সপ্ত কি?

২। সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি তা জানে, লঘু আপত্তি কি তা জানে, গুরুতর আপত্তি কি তা জানে; সে নানা প্রকার পূর্ব নিবাস অনুস্মরণ করে। যেমনঃ এক জন্ম, দু'জন্ম .....এরূপ বৈশিষ্ট্য এবং প্রত্যেকটির[৬] বিস্তৃতি, নানা প্রকার পূর্বনিবাস অনুস্মরণ করে মনুষ্যাতীত দিব্য চক্ষু দ্বারা.....সে জীবগণকে তাদের কর্মানুযায়ী (ভাল বা মন্দ অবস্থায়) দেখে, সে আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ, এই সপ্ত ধর্মে বিভূষিত ভিক্ষু বিনয়ধর হয়।'

৫. পঠম বিনয়ধর সোভন সুত্তং- প্রথম বিনয়ধর শোভন সূত্র

৭৯.১। 'হে ভিক্ষুগণ! সপ্ত ধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু প্রসিদ্ধ[৭] হয়। সপ্ত কি?

২। সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি তা জানে, লঘু আপত্তি কি জানে, গুরুতর আপত্তি কি জানে, সে শীলবান হয়, সে প্রাতিমোক্ষের সংযম দ্বারা সংযত হয়ে অবস্থান করে, সে আচার-আচরণে দোষমুক্ত, সামান্যতম দোষযুক্ত বিষয়ে ভয়দর্শী, শিক্ষাপদসমূহ শিক্ষা করে, চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে[৮] অভিচৈতসিক,

Visit: http://www.buddhistdownload.com

যেগুলি এখানে ইহ জীবনে সুখ আনয়ন করে সেগুলি বিনা কষ্টে, সহজে, বিনা শ্রমে লাভ করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্ত ধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু প্রসিদ্ধ হয়।'

৬. দুতিয বিনয়ধর সোভন সুত্তং- দ্বিতীয় বিনয়ধর শোভন সূত্র

৮০.১। 'হে ভিক্ষুগণ! এই সপ্তধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু বিখ্যাত হয়। সপ্ত কি কি?

২। সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি জানে, সে লঘু আপত্তি (দোষ) কি তা জানে, মারাত্মক আপত্তি কি তা জানে, সে শীলবান হয়, সে প্রাতিমোক্ষের (নৈতিক দায়িত্বের) সংযম দ্বারা সংযত হয়ে অবস্থান করে। আচার আচরণে দোষমুক্ত, সামান্যতম দোষযুক্ত বিষয়ে ভয়দর্শী, শিক্ষাপদসমূহ শিক্ষা করে, সে চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে চৈতসিক, যেগুলি এখানে ইহজীবনে সুখ আনয়ন করে সেগুলি বিনা কষ্টে, সহজে, বিনা শ্রমে লাভ করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্তগুণে বিভূষিত বিনয়ধর ভিক্ষু বিখ্যাত হয়, সপ্ত গুণে গুণান্বিত ভিক্ষু বিনয়ধর হয়। সপ্ত কি কি?

সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি তা জানে, ক্ষুদ্র আপত্তি কি তা জানে, গুরুতর আপত্তি কি তা জানে; উভয় প্রকার প্রাতিমোক্ষ যথাযথভাবে সম্পূর্ণরূপে তার নিকট ন্যস্ত হয়েছে, সুবিভক্ত, সুনিয়ন্ত্রিত, সূত্রে নিশ্চিত এবং বিস্তৃত করা হয়েছে; সে চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে চৈতসিক, সেগুলি এখানে ইহ জীবনে সুখ আনয়ন করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্তধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু বিখ্যাত হয়।'

৭. ততিয বিনযধর সোভন সুত্তং- তৃতীয় বিনয়ধর শোভন সূত্র

৮১.১। হে ভিক্ষুগণ! সপ্ত ধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু বিখ্যাত হয়। সপ্ত কি কি?

Visit: http://www.buddhistdownload.com

২। সে আপত্তি কি তা জানে, অনাপত্তি কি তা জানে, ক্ষুদ্র আপত্তি কি তা জানে, গুরুতর আপত্তি কি তা জানে; সে বিনয়ে দৃঢ়ভাবে স্থিত হয় এবং তা অখণ্ডনীয়; সে চতুর্ধ্যান যেগুলি সম্পূর্ণরূপে চৈতসিক, যেগুলি এখানে ইহজীবনে সুখ আনয়ন করে, সেগুলো বিনা কষ্টে, সহজে, বিনাশ্রমে লাভ করে, আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত-বিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্তধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু বিখ্যাত হয়।'

৮. চতুথ বিনযধর সোভন সুত্তং- চতুর্থ বিনয়ধর শোভন সূত্র

৮২.১। 'হে ভিক্ষুগণ! সপ্তধর্মে সমন্বিত বিনয়ধর ভিক্ষু প্রসিদ্ধ হয়। সপ্ত কি কি?

২। সে আপত্তি কি জানে, অনাপত্তি কি তা জানে, লঘু আপত্তি কি তা জানে, গুরুতর আপত্তি কি তা জানে; সে অনেক প্রকার পূর্বনিবাস অনুস্মরণ করে যেমনঃ একজন্ম, দু'জন্ম, তিনজন্ম,.....এরূপ বৈশিষ্ট্য এবং প্রত্যেকটির বিস্তৃতি, নানা প্রকার পূর্বনিবাস অনুস্মরণ করে, মনুষ্যাতীত দিব্য চক্ষু দ্বারা সে জীবগণকে তাদের কর্মানুযায়ী দেখে, সে আপত্তি ক্ষয় করতঃ অনাসক্ত চিত্ত বিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই সপ্তধর্মে বিভূষিত বিনয়ধর ভিক্ষু প্রসিদ্ধ হয়।'

৯. সত্থুসাসন সুত্তং- শাস্তা শাসন সূত্র

৮৩.১। অতঃপর আয়ুষ্মান উপালি[৯] ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান উপালি ভগবানকে এরূপ বলেনঃ 'ভন্তে, ভগবান যদি সংক্ষিপ্তভাবে আমাকে ধর্ম ব্যাখ্যা করতেন তাতে আমার মঙ্গল সাধিত হত, যার ফলে আমি ধর্ম শ্রবণ করতঃ বিবেক প্রিয়, দৃঢ় প্রতিজ্ঞ, অপ্রমত্ত, উৎসাহী হয়ে অবস্থান করতে পারতাম।'

২। 'উপালি, যে ধর্ম তুমি জান "এই ধর্ম সম্পূর্ণ শ্রান্তি[১০] (জগতের), বিরাগ, নিরোধ, উপশম, অভিজ্ঞা (জ্ঞান), সম্বোধি (সর্বোচ্চ জ্ঞান), নির্বাণের দিকে নিয়ে যায় না"- উপালি, নিশ্চিতভাবে এগুলোকে

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম হিসাবে, বিনয় হিসাবে, শাস্তার শাসন হিসাবে মনে করবে না। কিন্তু উপালি! যে সব ধর্ম সম্পর্কে তোমার জানা থাকতে পারেঃ "এসব ধর্ম সম্পূর্ণ নির্বেদ, বিরাগ, নিরোধ, উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও নির্বাণের[১১] পথে উপনীত করে" উপালি, এগুলোকে অকপটে ধর্ম বিনয় হিসাবে শাস্তার শাসন বলে মনে করবে।'

১০. অধিকরণ সমথ সুত্তং- বিবাদ উপশম সূত্র

৮৪.১। 'হে ভিক্ষুগণ! বিবাদ উপশমের এই সপ্ত উপায়, যেগুলি মাঝে মাঝে উৎপন্ন হয় সেগুলির উপশম ও প্রশান্তির জন্য। সপ্ত কি কি?

২। সম্মুখ বিনয় বা প্রত্যক্ষভাবে, সামনাসামনি নিষ্পত্তি করার উদ্যোগ ব্যবহৃত হতে পারে; স্মৃতির[১২] বিনয়, স্মৃতির মাধ্যমে নিষ্পত্তি করার উদ্যোগ ব্যবহৃত হতে পারে; অমূল্হ বিনয়, বুদ্ধি প্রয়োগ করে নিষ্পত্তি করার উদ্যোগ ব্যবহৃত হতে পারে, পটিঞ্ঞাতকরণ বা স্বীকারোক্তি, বিবাদের বিষয় স্বীকারের মাধ্যমে নিষ্পত্তি, যেভুয়্যসিক বা সংখ্যাধিক্যের ভোটের ভিত্তিতে, নির্দিষ্ট দোষ স্থির করার মাধ্যমে, তিণ-বত্থারক বা তৃণ দ্বারা আচ্ছাদন করার মত কোন বিবাদ নিষ্পন্ন করা যেতে পারে।

হে ভিক্ষুগণ মাঝে মাঝে উৎপন্ন বিবাদের উপশম ও প্রশান্তির জন্য এই সপ্ত ব্যবস্থা[১৩] ব্যবহার করা যেতে পারে।'

[বিনয়-বর্গ অষ্টম সমাপ্ত]

৯. বগ্গ সংগহিতা সুত্তন্তা/সমণ* বগ্গো-
বর্গ সংগৃহীত সূত্র/শ্রমণ বর্গ

১. ভিক্খু সুত্তং- ভিক্ষু সূত্র

৮৫.১। 'হে ভিক্ষুগণ! সপ্ত ধর্ম (অবস্থা) ভেঙ্গে কোন লোক ভিক্ষু হয়। সপ্ত কি?

২। সৎকায় দৃষ্টি[১] (আত্ম সম্পর্কে বিরূপ ধারণা) ভগ্ন হয়, বিচিকিৎসা ভগ্ন হয়, শীলব্রত পরামর্শ (শীল, ব্রত ইত্যাদি যথেষ্ট এরূপ ধারণা) ভগ্ন হয়, রাগ (লালসা) ভগ্ন হয়, দ্বেষ ভগ্ন হয়, মোহ ভগ্ন হয়, মান (অহংকার) ভগ্ন হয়।

---

* দেবনাগরী মতে সমণ বগ্গো।

Visit: http://www.buddhistdownload.com

হে ভিক্ষুগণ! এই সপ্ত বিষয় দূরীভূত করে কোন লোক ভিক্ষু হয়।'

২. সমণ সুত্তং- শ্রমণ সূত্র

৮৬. 'হে ভিক্ষুগণ! সপ্ত বিষয়ের প্রশমনে কোন লোক শ্রামণ হয়- সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা (সন্দেহ), শীলব্রত পরামর্শ, রাগ, দ্বেষ, মোহ, মান এসব দূরীভূত করে শ্রমণ হয়।'

৩. ব্রাহ্মণ সুত্তং- ব্রাহ্মণ সূত্র

৮৭. 'সপ্ত বিষয়ে প্রত্যাখ্যানে কোন লোক ব্রাহ্মণ[২] হয়। সপ্ত বিষয়- সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা (সন্দেহ), শীলব্রত পরামর্শ, রাগ, দ্বেষ, মোহ, মান এসব দূরীভূত করে ব্রাহ্মণ হয়।'

৪. সোত্তিয সুত্তং- শ্রোত্রিয় সূত্র

৮৮. 'সপ্ত বিষয় পরিষ্কার করতঃ কোন লোক পবিত্র হয়। সপ্ত বিষয়- সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা (সন্দেহ), শীলব্রত পরামর্শ, রাগ, দ্বেষ, মোহ, মান এসব দূরীভূত করে পবিত্র হয়।'

৫. নহাতক সুত্তং- স্নাতক সূত্র

৮৯. 'সপ্ত বিষয় ধৌত করতঃ কোন লোক পবিত্র হয়। সপ্ত বিষয়- সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা (সন্দেহ), শীলব্রত পরামর্শ, রাগ, দ্বেষ, মোহ, মান এসব দূরীভূত করে পবিত্র হয়।'

৬. বেদগু সুত্তং- বেদজ্ঞ সূত্র

৯০. 'সপ্ত বিষয় জেনে একজন লোক বেদজ্ঞ[৩] হয়। সপ্ত বিষয়- সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা (সন্দেহ), শীলব্রত পরামর্শ, রাগ, দ্বেষ, মোহ, মান এসব দূরীভূত করে বেদজ্ঞ হয়।'

৭. অরিয সুত্তং- আর্য সূত্র

৯১. 'সপ্ত অরিকে (শত্রুকে) হত্যা করতঃ কোন ব্যক্তি আর্য[৪] হয়। সপ্ত বিষয়- সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা (সন্দেহ), শীলব্রত পরামর্শ, রাগ, দ্বেষ, মোহ, মান এসব দূরীভূত করে আর্য হয়।'

৮. অরহা সুত্তং- অর্হৎ সূত্র

৯২. 'সপ্ত বিষয় অবসান করতঃ কোন লোক অর্হৎ[৫] হয়। সপ্ত বিষয় কি কি?

সৎকায়দৃষ্টি (আত্ম সম্পর্কে বিরূপ ধারণা), বিচিকিৎসা (সন্দেহ,), শীলব্রত পরামর্শ (শীল, ব্রত ইত্যাদি যথেষ্ট এরূপ ধারণা), রাগ

Visit: http://www.buddhistdownload.com

(লালসা), দ্বেষ, মোহ, মান (অহংকার) দূরীভূত হয়। হে ভিক্ষুগণ! এই সপ্ত বিষয় দূরীভূত করে লোক অর্হৎ হয়।'

৯. অসদ্ধম্ম সুত্তং- অসদ্ধর্ম সূত্র

৯৩.১। 'হে ভিক্ষুগণ! অসদ্ধর্ম (মন্দগুণ) এই সপ্তবিধ। কি কি?

২। শ্রদ্ধাহীনতা, হিরিহীনতা (পাপে লজ্জাহীনতা), পাপে ভয়হীনতা, বিদ্যাহীনতা, অলসতা, স্মৃতিবিহ্বলতা (স্মৃতিহীনতা, অসতর্কতা), প্রজ্ঞাহীনতা।

হে ভিক্ষুগণ! এগুলিই হল সপ্ত অসদ্ধর্ম।'

১০. সদ্ধম্ম সুত্তং- সদ্ধর্ম সূত্র

৯৪.১। 'হে ভিক্ষুগণ! এগুলিই সপ্তবিধ সদ্ধর্ম। সপ্ত কি কি?

২। শ্রদ্ধা, হিরি (পাপে লজ্জা), ওত্তপ্প (পাপে ভয়), বহুশ্রুততা, বীর্যশীলতা, স্মৃতিশীলতা, প্রজ্ঞা[৬]।

হে ভিক্ষুগণ! এগুলিই সপ্ত সদ্ধর্ম।'

১০. আহুনেয্য[৭] বগ্গো- আহুনেয় বর্গ

৯৫.১। 'হে ভিক্ষুগণ! এই সপ্তবিধ পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র। সপ্ত কে কে?

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! কোন কোন পুদ্গল চক্ষু দ্বারা অনিত্যতা দর্শন করতঃ অবস্থান করে, অনিত্যসংজ্ঞাযুক্ত, অনিত্য উপলব্ধিকারী, সতত, অবিরত, অব্যাহত চেতনা, নিবিষ্টমনা, প্রজ্ঞা দ্বারা ভেদ করণে ইচ্ছুক। সে আস্রব ক্ষয় করতঃ অনাস্রব চিত্তবিমুক্তি, প্রজ্ঞা বিমুক্তি, ইহ জীবনে স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে। হে ভিক্ষুগণ! এই প্রথম পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।

৩। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন পুদ্গল চক্ষু দ্বারা অনিত্যতা দর্শন করতঃ অবস্থান করে, অনিত্যসংজ্ঞাযুক্ত, অনিত্য উপলব্ধিকারী, সতত, অবিরত, অব্যাহত চেতনা সম্পন্ন, নিবিষ্টমনা, প্রজ্ঞা দ্বারা ভেদ করণে ইচ্ছুক। তার পূর্বে বা পরে নহে অর্থাৎ তখনিই তার আস্রব ও জীবন ক্ষয় হয়। হে ভিক্ষুগণ! এই দ্বিতীয় পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।

Visit: http://www.buddhistdownload.com

৪। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন পুদ্গল চক্ষু দ্বারা অনিত্যতা দর্শন করতঃ অবস্থান করে, অনিত্যসংজ্ঞাযুক্ত, অনিত্য উপলব্ধিকারী, সতত, অবিরত, অব্যাহত চেতনা সম্পন্ন, নিবিষ্টমনা, প্রজ্ঞা দ্বারা ভেদ করণে ইচ্ছুক। সে পঞ্চবিধ অধোভাগীয় সংযোজন সম্পূর্ণ ক্ষয় সাধন করতঃ অন্তরা পরিনির্বাণ (মধ্যবর্তী সময়ে) লাভ করে। সে পঞ্চবিধ অধোভাগীয় সংযোজন সম্পূর্ণ ক্ষয় সাধন করতঃ উপহচ্চ (সময় হ্রাসে) পরিনির্বাণ লাভ করে। সে পঞ্চবিধ অধোভাগীয় সংযোজন সম্পূর্ণ ক্ষয় সাধন করতঃ অসংস্কার (কর্মজ হেতু বিহীন) পরিনির্বাণ লাভ করে। সে পঞ্চবিধ অধোভাগীয় সংযোজন সম্পূর্ণ ক্ষয় সাধন করতঃ ঊর্ধস্রোতা অকনিষ্ঠগামী হয়। হে ভিক্ষুগণ! এই সপ্ত পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতে অনুত্তর পুণ্যক্ষেত্র।

হে ভিক্ষুগণ! এই সপ্ত পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

অন্যান্য আহ্বানযোগ্য পুদ্গল

৯৬-৬২২.১। 'হে ভিক্ষুগণ! এই সপ্তবিধ পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র। সপ্তবিধ কি কি?

২। হে ভিক্ষুগণ! কোন কোন পুদ্গল চক্ষুতে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষে বিরাগানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল চক্ষে নিরোধানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল চক্ষে প্রতিনিঃসারণানুদর্শী হয়ে বিহার করে; কোন পুদ্গল শ্রোত্রে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রে অনাত্মানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল শ্রোত্রে ক্ষয়ানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল শ্রোত্রে ব্যয়ানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল শ্রোত্রে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রে প্রতিনিঃসারণানুদর্শী হয়ে বিহার করে; কোন পুদ্গল ঘ্রাণে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণে

Visit: http://www.buddhistdownload.com

ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণে নিরোধানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল ঘ্রাণে প্রতিনিঃসারণানুদর্শী হয়ে বিহার করে; কোন পুদ্গল জিহ্বায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল কায়ে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল মনে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপে দুঃখানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল রূপে অনাত্মানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল রূপে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শব্দে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দে নিঃসারানানুদর্শী হয়ে অবস্থান করে;

Visit: http://www.buddhistdownload.com

কোন পুদ্গল গন্ধে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়ে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রসে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় বিষয়ে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ধর্মে দুঃখানদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষু বিজ্ঞানে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন

Visit: http://www.buddhistdownload.com

পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র বিজ্ঞানে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ বিজ্ঞানে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা বিজ্ঞানে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল কায় বিজ্ঞানে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় বিজ্ঞানে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় বিজ্ঞানে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় বিজ্ঞানে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় বিজ্ঞানে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় বিজ্ঞানে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় বিজ্ঞানে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল মনো বিজ্ঞানে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো বিজ্ঞানে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো বিজ্ঞানে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো বিজ্ঞানে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো বিজ্ঞানে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো বিজ্ঞানে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো বিজ্ঞানে

Visit: http://www.buddhistdownload.com

নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল চক্ষুস্পর্শে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্রস্পর্শে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণস্পর্শে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল জিহ্বাস্পর্শে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বাস্পর্শে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বাস্পর্শে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বাস্পর্শে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বাস্পর্শে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বাস্পর্শে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বাস্পর্শে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল কায় স্পর্শে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় স্পর্শে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় স্পর্শে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় স্পর্শে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় স্পর্শে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় স্পর্শে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায়

Visit: http://www.buddhistdownload.com

স্পর্শে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল মনোস্পর্শে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনোস্পর্শে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনোস্পর্শে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনোস্পর্শে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনোস্পর্শে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনোস্পর্শে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনোস্পর্শে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় অনাত্মানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল চক্ষুস্পর্শজ বেদনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শ্রোত্র সংস্পর্শজ বেদনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ঘ্রাণ সংস্পর্শজ বেদনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় অনাত্মানুদর্শী হয়ে

Visit: http://www.buddhistdownload.com

অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল জিহ্বা সংস্পর্শজ বেদনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল কায় সংস্পর্শজ বেদনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল মনো সংস্পর্শজ বেদনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপ সংজ্ঞায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ সংজ্ঞায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ সংজ্ঞায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ সংজ্ঞায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ সংজ্ঞায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ সংজ্ঞায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ সংজ্ঞায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় বিরাগানুদর্শী

Visit: http://www.buddhistdownload.com

হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ সংজ্ঞায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সংজ্ঞায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রস সংজ্ঞায় স্পর্শনীয় সংজ্ঞায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস সংজ্ঞায় স্পর্শনীয় সংজ্ঞায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় সংজ্ঞায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শনীয় সংজ্ঞায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস সংজ্ঞায় স্পর্শনীয় সংজ্ঞায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস সংজ্ঞায় স্পর্শনীয় সংজ্ঞায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস সংজ্ঞায় স্পর্শনীয় সংজ্ঞায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সংজ্ঞায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপসঞ্চেতনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপসঞ্চেতনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপসঞ্চেতনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপসঞ্চেতনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপসঞ্চেতনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপসঞ্চেতনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপসঞ্চেতনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শব্দসঞ্চেতনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল

Visit: http://www.buddhistdownload.com

শব্দসঞ্চেতনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দসঞ্চেতনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দসঞ্চেতনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দসঞ্চেতনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দসঞ্চেতনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দসঞ্চেতনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ সঞ্চেতনায় রস সঞ্চেতনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য সঞ্চেতনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম সঞ্চেতনায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপ তৃষ্ণায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ তৃষ্ণায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ তৃষ্ণায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান

Visit: http://www.buddhistdownload.com

করে, কোন পুদ্গল রূপ তৃষ্ণায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ তৃষ্ণায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ তৃষ্ণায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ তৃষ্ণায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ তৃষ্ণায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ তৃষ্ণায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রস তৃষ্ণায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস তৃষ্ণায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস তৃষ্ণায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস তৃষ্ণায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস তৃষ্ণায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস তৃষ্ণায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস তৃষ্ণায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য তৃষ্ণায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় অনাত্মানুদর্শী হয়ে অবস্থান

Visit: http://www.buddhistdownload.com

করে, কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্মতৃষ্ণায় নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপবিতর্কে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপবিতর্কে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপবিতর্কে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপবিতর্কে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপবিতর্কে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপবিতর্কে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপবিতর্কে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শব্দবিতর্কে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দবিতর্কে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দবিতর্কে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দবিতর্কে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দবিতর্কে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দবিতর্কে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিতর্কে নিঃসারাণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল গন্ধবিতর্কে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধবিতর্কে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধবিতর্কে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধবিতর্কে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধবিতর্কে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধবিতর্কে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধবিতর্কে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রসবিতর্কে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসবিতর্কে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসবিতর্কে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসবিতর্কে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসবিতর্কে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসবিতর্কে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রসবিতর্কে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে

Visit: http://www.buddhistdownload.com

অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল স্পর্শযোগ্য বিতর্কে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ধর্ম বিতর্কে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিতর্কে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিতর্কে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিতর্কে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিতর্কে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিতর্কে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিতর্কে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপ বিচারে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ বিচারে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ বিচারে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ বিচারে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ বিচারে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ বিচারে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপ বিচারে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল শব্দ বিচারে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিচারে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিচারে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিচারে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিচারে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিচারে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল শব্দ বিচারে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল গন্ধ বিচারে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ বিচারে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ বিচারে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ বিচারে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ বিচারে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ বিচারে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল গন্ধ বিচারে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রস বিচারে

Visit: http://www.buddhistdownload.com

দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস বিচারে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস বিচারে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস বিচারে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস বিচারে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস বিচারে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রস বিচারে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে অনাত্মানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্পর্শযোগ্য বিচারে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল ধর্ম বিচারে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিচারে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিচারে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিচারে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিচারে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিচারে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল ধর্ম বিচারে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল রূপস্কন্ধে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপস্কন্ধে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপস্কন্ধে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপস্কন্ধে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপস্কন্ধে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপস্কন্ধে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল রূপস্কন্ধে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল বেদনাস্কন্ধে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বেদনাস্কন্ধে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বেদনাস্কন্ধে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বেদনাস্কন্ধে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বেদনাস্কন্ধে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বেদনাস্কন্ধে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বেদনাস্কন্ধে

Visit: http://www.buddhistdownload.com

নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংজ্ঞাস্কন্ধে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল সংস্কার স্কন্ধে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্কার স্কন্ধে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্কার স্কন্ধে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্কার স্কন্ধে ব্যয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্কার স্কন্ধে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্কার স্কন্ধে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল সংস্কার স্কন্ধে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে; কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে দুঃখানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে অনাত্মানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে ক্ষয়ানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে ব্যয়ানুদর্শী হয়ে বিহার করে, কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে বিরাগানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে নিরোধানুদর্শী হয়ে অবস্থান করে, কোন পুদ্গল বিজ্ঞান স্কন্ধে নিঃসারণানুদর্শী হয়ে অবস্থান করে।'

[ছ দ্বারারম্মণেস্ব এত্থ বিঞ্ঞাণেসু চ যস্সেসূ।
বেদনাসু চ দ্বারস্স সুত্তা হোন্তি বিসুং অট্ঠ॥
সঞ্ঞা সঞ্চেতনা তণ্হা বিতক্কেসু বিচরে চ।
গোচরস্স বিসুং অট্ঠ পঞ্চক্খন্ধে চ পচ্চেকো॥
সোলসেস্ব অট্ঠমূলেসু অনিচ্চাদুক্খা-অনত্তা।
খযা বযা বিরাগা চ নিরোধা পটিনিস্সগ্গা॥
কমং অট্ঠানুপস্সীতি সম্ভিন্দিতেসু সব্বেসু
হোন্তি পঞ্চ সতানি চ অট্ঠবীসতি সুত্তানি।
আহুনেয্যে চ বগ্গিতে আহুনেয্যবগ্গো দসমো॥]

Visit: http://www.buddhistdownload.com

১১. রাগপেয্যালং- রাগ ইত্যাদি

রাগের[৮] উপলব্ধি (১)

৬২৩-১১৩২.১। 'হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য সপ্ত ধর্ম ভাবা উচিত। সপ্ত কি কি?

২। স্মৃতি সম্বোধ্যঙ্গ, ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, বীর্য সম্বোধ্যঙ্গ, প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ, সমাধি সম্বোধ্যঙ্গ, উপেক্ষা সম্বোধ্যঙ্গ[৯]। হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য এই সপ্তধর্ম ভাবা উচিত।'

রাগের উপলব্ধি (২)

১। 'হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য সপ্ত ধর্ম ভাবা উচিত। সপ্ত কি কি?

২। অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা (দুঃখসংজ্ঞা), প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা। হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য এই সপ্ত সংজ্ঞা ভাবনা করা উচিত।'

রাগের উপলব্ধি (৩)

১। 'হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য সপ্ত ধর্ম ভাবা উচিত। সপ্ত কি কি?

২। অশুভসংজ্ঞা, মৃত্যুসংজ্ঞা, আহারে প্রতিকূলসংজ্ঞা, সর্বলোকে অনভিরতিসংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা। হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য এই সপ্ত ধর্ম ভাবনা করা উচিত।'

(ক) 'হে ভিক্ষুগণ! রাগের পরিজ্ঞানের জন্য, রাগের পরিক্ষয়ের জন্য, রাগের পরিত্যাগের জন্য, রাগের ক্ষয়ের জন্য, রাগের ব্যয়ের জন্য, রাগের বিরাগের জন্য, রাগের নিরোধের জন্য, রাগ ত্যাগের জন্য, রাগের প্রতিনিঃসারণের জন্য স্মৃতি সম্বোধ্যঙ্গ, ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, প্রীতি সম্বোধ্যঙ্গ, সমাধি সম্বোধ্যঙ্গ, উপেক্ষা সম্বোধ্যঙ্গ এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।'

হে ভিক্ষুগণ! রাগের পরিজ্ঞানের জন্য, রাগের পরিক্ষয়ের জন্য, রাগের পরিত্যাগের জন্য, রাগের ক্ষয়ের জন্য, রাগের ব্যয়ের জন্য, রাগের বিরাগের জন্য, রাগের নিরোধের জন্য, রাগের ত্যাগের জন্য,

Visit: http://www.buddhistdownload.com

রাগের প্রতিনিঃসারণের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা, এই সপ্ত ধর্ম ভাবনা করা উচিত।

হে ভিক্ষুগণ! রাগের পরিজ্ঞানের জন্য, রাগের পরিক্ষয়ের জন্য, রাগের পরিত্যাগের জন্য, রাগের ক্ষয়ের জন্য, রাগের ব্যয়ের জন্য, রাগের বিরাগের জন্য, রাগের নিরোধের জন্য, রাগের ত্যাগের জন্য, রাগের প্রতিনিঃসারণের জন্য অশুভসংজ্ঞা, মৃত্যুসংজ্ঞা, আহারে প্রতিকূলসংজ্ঞা, সর্বলোকে অনভিরতিসংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা এই সপ্তবিধ ধর্ম ভাবনা করা উচিত।

(খ) দোষের পরিজ্ঞানের জন্য, পরিক্ষয়ের জন্য, প্রহানের জন্য, ক্ষয়ের জন্য, ব্যয়ের জন্য, বিরাগের জন্য, নিরোধের জন্য, ত্যাগের জন্য, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি সম্বোধ্যঙ্গ, ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, বীর্যসম্বোধ্যঙ্গ, প্রীতি সম্বোধ্যঙ্গ, প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ, সমাধি সম্বোধ্যঙ্গ, উপেক্ষা সম্বোধ্যঙ্গ এই সপ্ত ধর্ম ভাবনা করা উচিত।

মোহের পরিজ্ঞানের জন্য, পরিক্ষয়ের জন্য, পরিত্যাগের জন্য, ক্ষয়ের জন্য, ব্যয়ের জন্য, বিরাগের জন্য, নিরোধের জন্য, ত্যাগের জন্য, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি ও উপেক্ষা সম্বোধ্যঙ্গ এই সপ্ত ধর্ম ভাবনা করা উচিত।

ক্রোধের পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ ও প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি ও উপেক্ষা এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

উপনাহের (কপটতার) যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ ও প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি ও উপেক্ষা এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

ম্রক্ষের (বিদ্বেষের) পরিজ্ঞান, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ ও প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি ও উপেক্ষা- এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

বিদ্বেষের পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ ও প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি,

Visit: http://www.buddhistdownload.com

সমাধি ও উপেক্ষা- এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

ঈর্ষার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ ও প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি ও উপেক্ষা- এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

মাৎসর্য্যের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ ও প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি ও উপেক্ষা- এই সপ্ত বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

প্রবঞ্চনার পরিজ্ঞান, পরিক্ষয়, প্রহান (পরিত্যাগ), ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

শঠতার পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

একগুঁয়েমিতার পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

মানের পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত। অতিমানের পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

ঔদ্ধত্যের পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

মাতলামির পরিজ্ঞান, পরিক্ষয়, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা- এই সপ্ত সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

প্রমাদের পরিজ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য স্মৃতি, ধর্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রদ্ধি, সমাধি, উপেক্ষা- এই সপ্ত সম্বোধ্যঙ্গ ভাবনা করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

রাগের পরিপূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্ত ধর্ম ভাবা উচিত।

দোষের পরিপূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্ত সংজ্ঞা ভাবা উচিত।

মোহের পরিপূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্ত সংজ্ঞা ভাবনা করা উচিত।

ক্রোধের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, প্রতিনিঃসারণের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্ত সংজ্ঞা ভাবনা করা উচিত।

শত্রুতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- ভাবনা করা উচিত।

ম্রক্ষের (ভণ্ডামি) যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

দয়াহীনতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

ঈর্ষার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা,

Visit: http://www.buddhistdownload.com

আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

মাৎসর্যের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

প্রবঞ্চনার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

শঠতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

একগুঁয়েমিতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

মানের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

অতিমানের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

মাতলামির যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

প্রমাদের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

রাগের যথার্থ জ্ঞানের জন্য, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

দোষের পরিজ্ঞান পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

মোহের যথার্থ জ্ঞানের, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

ক্রোধের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

শত্রুতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

ম্রক্ষের (ভণ্ডামি) যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

দয়াহীনতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা,

Visit: http://www.buddhistdownload.com

অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

ঈর্ষার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

মাৎসর্য্যের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

প্রবঞ্চনার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

শঠতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

একগুঁয়েমিতার যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

মানের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

অতিমানের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অনাত্মসংজ্ঞা, অশুভসংজ্ঞা, আদীনবসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা, নিরোধসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

মাতলামির যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অশুভসংজ্ঞা, মরণসংজ্ঞা, আহারে প্রতিকূলসংজ্ঞা, সর্বলোকে অনভিরতিসংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।

প্রমাদের যথার্থ জ্ঞান, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, ত্যাগ, পরিহারের জন্য অনিত্যসংজ্ঞা, অশুভসংজ্ঞা, মরণসংজ্ঞা, আহারে প্রতিকূলসংজ্ঞা, সর্বলোকে অনভিরতিসংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা- এই সপ্তসংজ্ঞা ভাবনা করা উচিত।'

ভগবান এরূপ বললেন। প্রীতিফুল্ল মনে সেসব ভিক্ষু ভগবানের ভাষণের অভিনন্দন জ্ঞাপন করেন।

[বর্গ সংগৃহীত সূত্র/শ্রমণ বর্গ নবম সমাপ্ত]

সপ্তম নিপাত সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

খ. অট্‌ঠক-নিপাত- অষ্টম-নিপাত

সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা।

পঠম পণ্ণাসকং- প্রথম পঞ্চাশক

১. মেত্তা-বগ্গো- মৈত্রী-বর্গ

১. মেত্তা সুত্তং- মৈত্রী সূত্র

১.১। আমা কর্তৃক এরূপ শ্রুত হয়েছে- এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিক নির্মিত বিহারে অবস্থান করছিলেন। ভগবান ভিক্ষুদিগকে আহ্বান করলেন, "হে ভিক্ষুগণ!" "হাঁ ভদন্ত" বলে ভিক্ষুগণ প্রত্যুত্তরে তাঁদের সম্মতি জানালেন।

ভগবান বললেনঃ-

২। "হে ভিক্ষুগণ! মৈত্রী দ্বারা, চিত্ত বিমুক্তি দ্বারা, আগ্রহ বশে সেবন দ্বারা, ভাবনা ও পুনঃ পুনঃ কুশল বৃদ্ধি দ্বারা, রপ্ত হওয়া দ্বারা, জাগরণশীলতা ও প্রতিষ্ঠা দ্বারা, পুনঃ পুনঃ চয়নের দ্বারা, সম্যক প্রচেষ্টা দ্বারা আট প্রকার ফল প্রত্যাশা করা যায়। আট কি কি?

৩। সুখে নিদ্রা যায়, সুখে জাগ্রত হয়, পাপ স্বপ্ন দেখে না, মনুষ্যগণের প্রিয় হয়, অমনুষ্যগণের[১] প্রিয়, দেবগণ রক্ষা করেন, অগ্নি, বিষ বা অস্ত্র দ্বারা দুঃখ প্রাপ্ত হয় না। মৈত্রী ভাবনা দ্বারা সে অর্হত্ব প্রাপ্ত না হলেও মনুষ্য লোক হতে চ্যুত হয়ে সুপ্ত বুদ্ধের ন্যায় ব্রহ্মলোকে[২] উৎপন্ন হয়।

হে ভিক্ষুগণ! মৈত্রী দ্বারা, চিত্ত বিমুক্তি দ্বারা, আগ্রহবশে সেবন দ্বারা, ভাবনা ও পুনঃ পুনঃ কুশল বৃদ্ধি দ্বারা, রপ্ত হওয়া দ্বারা, প্রতিষ্ঠা দ্বারা, জাগরশীলতা ও পুনঃ পুনঃ চয়নের দ্বারা এই আট প্রকার ফল প্রত্যাশা করা যায়।

স্মৃতিযুক্ত হয়ে যিনি[৩] অপ্রমাণে মৈত্রী ভাবনা করেন
তিনি উপধিক্ষয়ে প্রাপ্ত হন অরহত্ব ফল,
ধ্বংস করে দশ সংযোজন,
তাঁর প্রতিঘসম্প্রযুক্ত সংযোজন হয়ে যায় তনু বা হাল্কা।

Visit: http://www.buddhistdownload.com

যিনি একটি প্রাণীর প্রতিও দোষ চিত্ত আনয়ন
না করে মৈত্রী ভাবনা করেন তদ্বারা তিনি লভেন
কুশল, হন কুশলী, আর্য সজ্জন হয়ে দয়াচিত্ত
সমস্ত জীবের প্রতি করেন পুণ্য সঞ্চয় প্রভূত।
যাঁরা সত্ত্বপূর্ণ পৃথিবীকে জয় করে রাজর্ষিকে
দিয়েছিলেন দান[৪]- অশ্বমেধ, পুরুষমেধ সম্মপাশ,
বাজপেয়, নিরর্গল প্রভৃতি, সেসব মহাযজ্ঞে
সুভাবিত মৈত্রীচিত্ত লোকের ষোল কলার এক কলা
তুল্য হয় না, চন্দ্র প্রভা[৫] ও তারাগণও হয় না তুলনা তাঁর সাথে।
যিনি কামনা করেন মৈত্রী সমস্ত ভূতের,
হত্যা, ঘাত-প্রতিঘাত করেন না প্রাণীকে,
পরাজয় বা বিনাশ করেন না অর্থাদির,
তিনি হন মৈত্রীকামী সর্ব ভূতের,
নেই কোন শত্রু ইদৃশ মৈত্রী কামীর।"

২. পঞ্ঞা সুত্তং- প্রজ্ঞা সূত্র

২.১। 'হে ভিক্ষুগণ! আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞা[৬] লাভের জন্য, লব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা[৭] দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য এই আট প্রকার হেতু, আট প্রকার শর্ত রয়েছে। আট কি কি?

২। হে ভিক্ষুগণ! ভিক্ষু শাস্তা কিংবা গুরুস্থানীয় সব্রহ্মচারীর উপনিশ্রয়ে বাস করে যার ফলে তার পাপে লজ্জা, ভয়, প্রেম ও শ্রদ্ধা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়। হে ভিক্ষুগণ! এটাই আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞা লাভের, লব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য প্রথম হেতু, প্রথম শর্ত।

৩। শাস্তা কিংবা অন্য কোন গুরুস্থানীয় সতীর্থের উপনিশ্রয়ে বাস করার সময় সে মাঝে মাঝে শাস্তাগণের নিকট উপস্থিত হয়ে তাঁদেরকে এরূপ প্রশ্ন করে ও জানতে চায়ঃ "মহাশয়গণ! এটা কেমন? এর অর্থ কি?" সেই আয়ুষ্মানগণ তাকে নিহিত অর্থ প্রকাশ করে, অস্পষ্ট বিষয় ব্যাখ্যা করে, সন্দেহজনক বিভিন্ন বিষয়ে সন্দেহ[৮] দূরীভূত করে। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি,

Visit: http://www.buddhistdownload.com

বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য দ্বিতীয় হেতু, দ্বিতীয় শর্ত।

৪। যখন সে সেই ধর্ম শ্রবণ করে সে দ্বিবিধ নির্জনতার জন্য বিশেষভাবে চেষ্টা করেঃ দেহ ও মনের। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য তৃতীয় হেতু, তৃতীয় শর্ত।

৫। সে শীলবান হয়, প্রাতিমোক্ষের[৯] বিধান দ্বারা সংযত হয়ে বাস করে, আচার-গোচর সম্পন্ন, সামান্যতম দোষে ভয়দর্শী হয়, শিক্ষণীয় বিষয়সমূহ শিক্ষা করে। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য চতুর্থ হেতু, চতুর্থ শর্ত।

৬। সে সেসব বিষয়ে বহুশ্রুত হয়, শ্রুতধর, শ্রুত বিষয়ের সঞ্চয়াগার হয় যে ধর্মের আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ, পর্য্যবসানে কল্যাণ, অর্থযুক্ত, সমগ্র পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্য্য প্রকাশিত করে, সেরূপ ধর্মে বহুশ্রুত হয়, ধারণকারী, বাক্য দ্বারা পরিচিত, মন[১০] দ্বারা, দৃষ্টি দ্বারা সুপ্রতিবিদ্ধ। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য পঞ্চম হেতু, পঞ্চম শর্ত।

৭। সে বীর্যবান হয়ে অবস্থান করে অকুশলধর্মসমূহ ক্ষয়ের জন্য, কুশল ধর্মসমূহ বৃদ্ধির জন্য দৃঢ় পরাক্রমী হয়, কুশল ধর্মসমূহে অনিক্ষিপ্তধুর (অপরিত্যাগী) সম্পন্ন হয়। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য ষষ্ঠ হেতু, ষষ্ঠ শর্ত।

৮। অধিকন্তু সে সংঘের[১১] নিকট পুনঃ পুনঃ গমন করে, অকথন ভাষণ করে না, কিংবা ছেলেমিতা প্রকাশক কোন ভাষণ করে না, সে নিজে ধর্ম বিষয়ে ভাষণ করে কিংবা অপরকে ধর্ম বিষয়ে প্রশ্ন করে কিংবা সে আর্য নীরবতার[১২] অবমাননা করে না। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য সপ্তম হেতু, সপ্তম শর্ত।

৯। অধিকন্তু সে পঞ্চ উপাদানস্কন্ধ সমূহের প্রতি উদয়ব্যয়ানুদর্শী

Visit: http://www.buddhistdownload.com

হয়ে এভাবে বাস করেঃ এরকমই রূপ, এরকম রূপের উৎপত্তি, এরকম রূপের অস্তগমন; তদ্রূপ এরূপ বেদনা, এরূপ বেদনার উৎপত্তি, এরূপ বেদনার অস্তগমন; তদ্রূপ এরূপ সংজ্ঞা, এরূপ সংজ্ঞার উৎপত্তি, এরূপ সংজ্ঞার অস্তগমন; তদ্রূপ এরূপ সংস্কার, এরূপ সংস্কারের উৎপত্তি, এরূপ সংস্কারের অস্তগমন; তদ্রূপ এরূপ বিজ্ঞান, এরূপ বিজ্ঞানের উৎপত্তি, এরূপ বিজ্ঞানের[১৩] অস্তগমন। হে ভিক্ষুগণ! এটা আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য অষ্টম হেতু, অষ্টম শর্ত।

১০। অতঃপর তার সতীর্থগণ তাকে এভাবে সম্মান করেঃ এই আয়ুষ্মান শাস্তার উপনিশ্রয়ে কিংবা অন্যতর গুরুস্থানীয় সতীর্থের উপনিশ্রয়ে বাস করেন যার ফলে তাঁর পাপে লজ্জা, ভয়, প্রেম ও শ্রদ্ধা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়; নিশ্চিতরূপে এই সেই আয়ুষ্মান যিনি জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন[১৪]। সত্য সত্যই এই অবস্থা প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও মনের একাগ্রভাব[১৫] সৃষ্টিতে সহায়ক।

১১। সেই আয়ুষ্মান শাস্তা কিংবা অন্য কোন গুরুস্থানীয় সতীর্থের উপনিশ্রয়ে বাস করার সময় তীব্র লজ্জা, ভয়, ভালবাসা ও শ্রদ্ধা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়। তিনি মাঝে মাঝে তাঁদের নিকট উপস্থিত হয়ে তাঁদেরকে এরূপ প্রশ্ন করেন ও জানতে চানঃ "মহাশয়গণ, এটা কেমন? এর অর্থ কি?" সেই আয়ুষ্মানগণ তাঁকে এর অন্তর্নিহিত অর্থ প্রকাশ করেন, অস্পষ্ট বিষয় প্রকটিত করেন, সন্দেহপূর্ণ বিভিন্ন বিষয়ে সন্দেহ দূর করেন; নিশ্চিতরূপে এই সেই আয়ুষ্মান যিনি জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন। এই অবস্থা সত্য সত্যই প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও মনের একাগ্রভাব সৃষ্টিতে সহায়ক।

১২। এই আয়ুষ্মান সেই ধর্ম শ্রবণ করতঃ দ্বিবিধ নির্জনতার জন্য চেষ্টা করেঃ দেহ ও মনের। নিশ্চিতরূপে এই আয়ুষ্মান জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন। এই অবস্থা সত্য সত্যই প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও মনের একাগ্রভাব সৃষ্টিতে সহায়ক।

১৩। শীলবান এই আয়ুষ্মান প্রাতিমোক্ষের বিধান দ্বারা সংযত, আচার-গোচরসম্পন্ন, সামান্যতম দোষজনক বিষয়ে দোষদর্শী হয়, শিক্ষণীয় বিষয়সমূহ শিক্ষা করে; এই আয়ুষ্মান নিশ্চিতরূপে জ্ঞাত হয়ে

Visit: http://www.buddhistdownload.com

জানেন, দর্শন করতঃ দেখেন। এই অবস্থা সত্য সত্যই প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও মনের একাগ্রভাব সৃষ্টিতে সহায়ক।

১৪। এই আয়ুষ্মান সেসব বিষয়ে বহুশ্রুত, শ্রুতধর, শ্রুতধর্মের সঞ্চয়াগার এই আয়ুষ্মান যে ধর্মের আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ, অন্তে কল্যাণ, অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র, পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য্য প্রকাশিত করে, তাদৃশ ধর্মে বহুশ্রুত, ধারণকারী, বাক্য দ্বারা পরিচিত, মন দ্বারা চিন্তিত, মতবাদে সম্পূর্ণরূপে উপলব্ধ; নিশ্চিতরূপে এই আয়ুষ্মান জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন। এই অবস্থা সত্য সত্যই প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও মনের একাগ্রভাব আনতে সহায়ক।

১৫। বীর্যবান এই আয়ুষ্মান অকুশল ধর্মসমূহ ক্ষয় ও কুশল ধর্মসমূহ বৃদ্ধির জন্য দৃঢ় পরাক্রমী, কুশল ধর্ম অপরিত্যাগী হয়ে অবস্থান করে; নিশ্চিতরূপে এই আয়ুষ্মান জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন। সত্যসত্যই এই অবস্থা প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও মনের একাগ্রভাব সৃষ্টিতে সহায়ক।

১৬। সঙ্ঘগত এই আয়ুষ্মান অকথন ভাষণ করেন না কিংবা ছেলেমিতা প্রকাশক কোন বাক্য ভাষণ করেন না। তিনি নিজে ধর্ম ভাষণ করেন কিংবা অপরকে ধর্ম বিষয়ে জিজ্ঞাসা করেন, কিংবা আর্য নীরবতার অবমাননা করেন না; এই আয়ুষ্মান নিশ্চিতরূপে জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন। এই অবস্থা প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও একাগ্রভাব সৃষ্টিতে সহায়ক।

১৭। এই আয়ুষ্মান পঞ্চ উপাদান স্কন্ধে উদয়ব্যয়ানুদর্শী হয়ে বিহার করেঃ এরকম রূপ, এরকম রূপের উৎপত্তি, এরকম রূপের অস্তগমন; এরকম বেদনা, এরকম বেদনার উৎপত্তি, এরকম বেদনার অস্তগমন; এরকম সংজ্ঞা, এরকম সংজ্ঞার উৎপত্তি, এরকম সংজ্ঞার অস্তগমন; এরকম সংস্কার, এরকম সংস্কারের উৎপত্তি, এরকম সংস্কারের অস্তগমন; এরকম বিজ্ঞান, এরকম বিজ্ঞানের উৎপত্তি, এরকম বিজ্ঞানের অস্তগমন এই আয়ুষ্মান নিশ্চিতরূপে জ্ঞাত হয়ে জানেন, দর্শন করতঃ দেখেন। সত্য সত্যই, এই বিষয় প্রিয়ভাব, সম্মান, ভাবনা, শ্রামণ্য ও একাগ্রভাব সৃষ্টিতে সহায়ক।

Visit: http://www.buddhistdownload.com

হে ভিক্ষুগণ! আদি ব্রহ্মচর্যের সহায়ক অলব্ধ প্রজ্ঞা লাভের জন্য, লব্ধ প্রজ্ঞার সংবর্ধন, শ্রীবৃদ্ধি, বৈপুল্য প্রাপ্তির জন্য, ভাবনা দ্বারা পূর্ণতা প্রাপ্তির জন্য এই আটটি হেতু, আটটি প্রত্যয়।'

৩. পঠম অপ্পিয সুত্তং- প্রথম অপ্রিয় সূত্র

৩.১। 'হে ভিক্ষুগণ! অষ্টদোষযুক্ত ভিক্ষু সতীর্থের প্রিয়, মনোজ্ঞ, সম্মানিত কিংবা ভাবনীয় হয় না। অষ্ট কি কি?

২। হে ভিক্ষুগণ! এক্ষেত্রে, একজন ভিক্ষু অপ্রিয় ব্যক্তিকে প্রশংসা করে, প্রিয়জনকে নিন্দা করে, লাভের আকাঙ্ক্ষা করে, সম্মান আকাঙ্ক্ষা করে, পাপে লজ্জাহীন ও ভয়হীন হয়, পাপিচ্ছু এবং মিথ্যাদৃষ্টিযুক্ত হয়।

হে ভিক্ষুগণ! এই অষ্টগুণযুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের অপ্রিয়, অমনোজ্ঞ, অসম্মানিত এবং অভাবনীয় হয়।

৩। হে ভিক্ষুগণ! অষ্টগুণযুক্ত ভিক্ষু সতীর্থের প্রিয়, মনোজ্ঞ হয়, সম্মানিত ও ভাবনীয় হয়। অষ্ট কি কি?

৪। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু অপ্রিয় ব্যক্তিদের প্রশংসা করে না, প্রিয়জনের নিন্দা করে না, লাভ আকাঙ্ক্ষা করে না, সম্মান আকাঙ্ক্ষা করে না, পাপে লজ্জা ও ভয় করে, অল্পেচ্ছুক ও সম্যকদৃষ্টি সম্পন্ন হয়।

হে ভিক্ষুগণ! এই অষ্টগুণযুক্ত ভিক্ষু সতীর্থের প্রিয়, মনোজ্ঞ হয়, সম্মানিত ও ভাবনীয় হয়।'

৪. দুতিয অপ্পিয সুত্তং- দ্বিতীয় অপ্রিয় সূত্র

৪.১। 'হে ভিক্ষুগণ! অষ্টদোষযুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের অপ্রিয়, অমনোজ্ঞ, অসম্মানিত এবং অভাবনীয় হয়। অষ্ট কি কি?

২। হে ভিক্ষুগণ! এক্ষেত্রে, ভিক্ষু লাভ, সম্মান, খ্যাতি[১৬] আকাঙ্ক্ষা করে, অকালজ্ঞ, অমাত্রাজ্ঞ, অশুচি, বাচাল হয় এবং সে সতীর্থদের নিন্দা ও গালাগাল করে।

হে ভিক্ষুগণ! এই অষ্টগুণযুক্ত ভিক্ষু সব্রহ্মচারীদের অপ্রিয়, অমনোজ্ঞ, অসম্মানিত এবং অভাবনীয় হয়।

৩। হে ভিক্ষুগণ! এই আটটি গুণ সমৃদ্ধ ভিক্ষু সতীর্থদের প্রিয়, মনোজ্ঞ, মানিত ও ভাবনীয় হয়। আট কি কি?

৪। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু লাভ, সৎকার ও খ্যাতি কামনা

Visit: http://www.buddhistdownload.com

করে না, কালজ্ঞ, মাত্রাজ্ঞ, শুচি সম্পন্ন হয়, বাচাল ও সতীর্থদের নিন্দা ও গালাগাল করে না।

হে ভিক্ষুগণ! এই আট গুণ সমৃদ্ধ ভিক্ষু সতীর্থদের প্রিয়, মনোজ্ঞ, মানিত ও ভাবনীয় হয়।'

৫. পঠম লোকধম্ম সুত্তং- প্রথম লোকধর্ম সূত্র

৫.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্ট লোকধর্ম মনকে আবিষ্ট[১৭] করে, এই অষ্ট লোকধর্মে জগৎ আবর্তিত হয়। অষ্ট কি কি?

২। লাভ, অলাভ, যশ, অযশ, নিন্দা, প্রশংসা, সুখ ও দুঃখ।

হে ভিক্ষুগণ! এই অষ্ট লোকধর্ম মনকে আবিষ্ট করে, এই অষ্ট লোকধর্মে জগৎ আবর্তিত হয়।

লাভ, অলাভ, যশ অযশ,
নিন্দা, প্রশংসা, সুখ ও দুঃখ-
এ অষ্ট লোকধর্ম মনুষ্যেতে অনিত্য,
নহে শাশ্বত, নহে ধ্রুব, নিয়ত এরা পরিবর্তনধর্মী।
স্মৃতিমান সুমেধ জ্ঞাত হয়ে এসব,
করেন লক্ষ্য পরিবর্তনশীল ধর্ম,
সে কারণে ইষ্টধর্ম তাঁর চিত্তকে করে না মন্থন,
অনিষ্ট ধর্ম অবিদ্যমানে তাঁর চিত্তে আসে না প্রতিঘাত[১৮]।
সে আর্যশ্রাবকের চিত্ত হয় না অস্তগত
অনুকূলে বা প্রতিকূলে,
সে ভবপারগূ আর্যশ্রাবক বিরজ, অশোক-
জ্ঞাত হয়ে নির্বাণপদ[১৯] সম্যকরূপে
সক্ষম হন সব বিষয় জানতে।'

৬. দুতিয লোকধম্ম সুত্তং- দ্বিতীয় লোকধর্ম সূত্র

৬.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্ট লোকধর্ম মনকে আবিষ্ট করে, এই অষ্ট লোকধর্মে জগৎ আবর্তিত হয়। অষ্ট কি কি?

২। লাভ, অলাভ, যশ, অযশ, নিন্দা, প্রশংসা, সুখ, দুঃখ।

হে ভিক্ষুগণ! এই অষ্ট লোকধর্ম মনোজ্ঞ আবিষ্ট করে, এই আট লোকধর্মে জগৎ আবর্তিত হয়।

৩। হে ভিক্ষুগণ! অশ্রুতবান পৃথগ্‌জন (সাধারণ লোক) এর লাভ,

Visit: http://www.buddhistdownload.com

অলাভ, যশ, অযশ, নিন্দা, প্রশংসা, সুখ, দুঃখ উৎপন্ন হয়। শ্রুতবান পৃথগ্‌জনেরও লাভ, অলাভ, যশ, অযশ, নিন্দা, প্রশংসা, সুখ, দুঃখ উৎপন্ন হয়। হে ভিক্ষুগণ! তাহলে আর্যশ্রাবক ও পৃথগ্‌জনের মধ্যে কি বিশেষত্ব, বৈশিষ্ট্য[২০] ও পার্থক্য?' 'ভন্তে, আমাদের ধর্মের ভিত্তি মূলে ভগবান, ধর্ম ভগবৎ কর্তৃক পরিচালিত, ধর্ম ভগবানের প্রতিশরণ! সাধু, ভন্তে! ভগবান যদি এর অর্থ প্রতিভাত করতেন। ভিক্ষুগণ ভগবানের ভাষণ শ্রবণ করে অন্তরে ধারণ করতেন[২১]।' 'তাহলে হে ভিক্ষুগণ! তোমরা শ্রবণ কর, উত্তমরূপে মনোনিবেশ কর, আমি ভাষণ করছি।' 'হাঁ ভদন্ত' বলে ভিক্ষুগণ সম্মতি জ্ঞাপন করেন। ভগবান বলেনঃ

৪। 'হে ভিক্ষুগণ! অশ্রুতবান পৃথগ্‌জনের লাভ উৎপন্ন হয়। সে এরূপ চিন্তা করে নাঃ "আমার এ লাভ অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী (ক্ষয়শীল)", তা যথার্থভাবে জানে না। সে এরূপ চিন্তা করে নাঃ "আমার এ অলাভ অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী", তা যথার্থভাবে জানে না। সে এরূপ চিন্তা করে নাঃ "আমার এ যশ অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী", তা যথার্থভাবে জানে না। সে এরূপ চিন্তা করে নাঃ "আমার এ অযশ অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী।" "তা সে যথার্থভাবে জানে না। সে এরূপ চিন্তা করে নাঃ, "আমার এ নিন্দা অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী।" তা সে যথার্থভাবে জানে না। সে এরূপ চিন্তা করে নাঃ "আমার এ প্রশংসা অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী।" সে এরূপ চিন্তা করে নাঃ "আমার এ সুখ অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী", তা সে যথার্থভাবে জানে না। সে এরূপ চিন্তা করে নাঃ আমার এ দুঃখ অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী।" তা সে যথার্থভাবে জানে না। তারা যথার্থভাবে চিন্তা করে না যে, এরা অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী কিংবা তারা যথার্থভাবে এসব বিষয় জানে না। লাভ, অলাভ, যশ, অযশ, নিন্দা, প্রশংসা, সুখ, দুঃখ ইত্যাদি বিষয় দ্বারা তার চিত্ত অধিকার করে থাকে। সে উৎপন্ন লাভকে অভিনন্দন জানায়, অলাভের বিরুদ্ধে বিদ্রোহ করে; সে উৎপন্ন যশকে অভিনন্দন জানায়, অযশের বিরুদ্ধে বিদ্রোহ করে; সে উৎপন্ন প্রশংসাকে অভিনন্দন জানায়, নিন্দার বিরুদ্ধে বিদ্রোহ করে; সে উৎপন্ন সুখকে অভিনন্দন জানায়, দুঃখের বিরুদ্ধে বিদ্রোহ করে। সে এভাবে অনুকূল

Visit: http://www.buddhistdownload.com

ও প্রতিকূল হয়ে জন্ম, জরা, মরণ, শোক, পরিদেবন, দুঃখ, দৌর্মনস্য, উপায়াস হতে মুক্ত হয় না। আমি বলি এরকম লোক দুঃখ হতে মুক্ত হয় না।

৫। হে ভিক্ষুগণ! শ্রুতবান আর্যশ্রাবকেরও লাভ উৎপন্ন হয়। সে এরূপ চিন্তা করেঃ "আমার উৎপন্ন এ লাভ, অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী।" তা সে যথার্থভাবে জানে। উৎপন্ন অলাভ, যশ, অযশ, নিন্দা, প্রশংসা, সুখ, দুঃখ, অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী। সে চিন্তা করেঃ "উৎপন্ন আমার এ দুঃখও অনিত্য, দুঃখ ও বিপরিণামধর্মী", তা যথাযথভাবে জানে। তাই লাভ কিংবা অলাভ কোনটাই তার চিত্তকে বশীভূত করতে পারে না; যশ কিংবা অযশ কোনটাই তার চিত্তকে পরাভূত করতে পারে না; নিন্দা বা প্রশংসা কোনটাই তার চিত্তকে বশীভূত করতে পারে না; সুখ বা দুঃখ কোনটাই তার চিত্তকে অভিভূত করতে পারে না। সে উৎপন্ন লাভকে অভিনন্দন করে না কিংবা অলাভের বিরুদ্ধে বিদ্রোহ করে না; উৎপন্ন যশকে অভিনন্দন করে না কিংবা অযশের বিরুদ্ধে বিদ্রোহ করে না; উৎপন্ন নিন্দার বিরুদ্ধে বিদ্রোহ করে না কিংবা প্রশংসাকে অভিনন্দন করে না; উৎপন্ন সুখকে অভিনন্দন করে না কিংবা দুঃখের বিরুদ্ধে বিদ্রোহ করে না। সে এভাবে অপরের সম্মতি বা অসম্মতিতে জন্ম, জরা, মরণ, শোক, পরিদেবন, দুঃখ দৌর্মনস্য, উপায়াস হতে মুক্ত হয়। আমি বলি সে দুঃখ হতে মুক্ত হয়।

হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক এবং অশ্রুতবান পৃথগ্‌জনের মধ্যে এটাই বিশেষত্ব, বৈশিষ্ট্য ও পার্থক্য।

লাভ, অলাভ, যশ, অযশ,
নিন্দা, প্রশংসা, সুখ, দুঃখ-
এ অষ্ট লোকধর্ম মনুষ্যেতে অনিত্য,
নহে শাশ্বত, নহে ধ্রুব, নিয়ত এরা পরিবর্তনধর্মী।
স্মৃতিমান সুমেধ জ্ঞাত হয়ে এসব
করেন লক্ষ্য পরিবর্তনশীল ধর্ম,
সে কারণে ইষ্টধর্ম তাঁর চিত্তকে করে না মন্থন।
অনিষ্ট ধর্ম অবিদ্যমানে তাঁর চিত্তে আসে না প্রতিঘাত।
সে আর্যশ্রাবকের চিত্ত হয় না অস্তগত

Visit: http://www.buddhistdownload.com

অনুকূলে বা প্রতিকূলে,
সে ভবপারগূ আর্যশ্রাবক বিরজ, অশোক-
জ্ঞাত হয়ে নির্বাণপদ সম্যকরূপে
সক্ষম হন সব বিষয় জানতে।'

৭. দেবদত্ত বিপত্তি সুত্তং- দেবদত্ত বিপত্তি সূত্র

৭.১। এক সময় রাজগৃহের গৃধ্রকূট পর্বত হতে দেবদত্তের[২২] চলে যাওয়ার অনতিবিলম্ব পরে ভগবান তথায় অবস্থান করতেছিলেন। ভগবান তখন ভিক্ষুগণকে দেবদত্ত সম্পর্কে এরূপ বলতেছিলেনঃ-

২। 'হে ভিক্ষুগণ! সাধু, ভিক্ষুর উচিত মাঝে মাঝে আত্ম সমালোচনা করা; ভিক্ষুর পক্ষে এটা উত্তম মাঝে মাঝে অপরের দোষ পর্যবেক্ষণ করা; সাধু, ভিক্ষুর উচিত মাঝে মাঝে আত্ম সম্পত্তি পর্যবেক্ষণ করা; সাধু, মাঝে মাঝে ভিক্ষুর উচিত পর সম্পত্তি পর্যবেক্ষণ করা। হে ভিক্ষুগণ! অষ্ট অসদ্ধর্মে[২৩] অভিভূত, বশীভূত চিত্ত দেবদত্ত কল্পকাল পর্যন্ত অপায়িক[২৪] নৈরয়িক দুঃখ ভোগের দণ্ডযোগ্য কারণ প্রাপ্ত হল। অষ্ট কি কি?

৩। হে ভিক্ষুগণ! লাভাভিভূত, সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত ..... অলাভে অভিভূত, সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, যশে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, অযশে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, সম্মানে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, অসম্মানে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, মন্দেচ্ছায় অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, পাপমিত্রতায় অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত দেবদত্ত কল্পকাল পর্যন্ত অপায়িক, নৈরয়িক দুঃখ দণ্ড ভোগের অবস্থা প্রাপ্ত হল।

হে ভিক্ষুগণ! এই অষ্ট অসদ্ধর্মে অভিভূত, বশীভূত চিত্ত দেবদত্ত কল্পকাল পর্যন্ত দণ্ডযোগ্য অবস্থা প্রাপ্ত হল।

৪। সাধু হে ভিক্ষুগণ! ভিক্ষুর উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন ..... যশ, উৎপন্ন ..... অযশ, উৎপন্ন ..... সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন.....পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করতঃ অবস্থান করা উচিত। এবং হে ভিক্ষুগণ! কেন এবং কি জন্য একজন ভিক্ষুর উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ.....উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন...পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করতঃ

Visit: http://www.buddhistdownload.com

অবস্থান করা উচিত? যখন হে ভিক্ষুগণ! ভিক্ষু উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন.....যশ, উৎপন্ন....অযশ, উৎপন্ন....সম্মান, উৎপন্ন.....অসম্মান, উৎপন্ন.....পাপেচ্ছা, উৎপন্ন.....পাপমিত্রতা জয় না করতঃ অবস্থান করে তখন দুঃখপূর্ণ, দুঃসহ যাতনাপূর্ণ আসক্তি উৎপন্ন হয়; কিন্তু এগুলো জয় করা হলে দুঃখপূর্ণ, দুঃসহ যাতনাপূর্ণ আসক্তি উৎপন্ন হয় না। এ কারণে হে ভিক্ষুগণ! ভিক্ষুর উচিত উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন....পাপেচ্ছা, উৎপন্ন.....পাপমিত্রতা জয় করে অবস্থান করা উচিত।'

অতএব, হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিতঃ

৫। 'আমরা উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করতঃ অবস্থান করব। হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিত।'

৮. উত্তর বিপত্তি সুত্তং- উত্তর বিপত্তি সূত্র

৮.১। এক সময় আয়ুষ্মান উত্তর[২৫] মহিষবথুস্থিত সাঙ্কেয় পর্বতের ধবজালিকায় অবস্থান করছিলেন। তথায় আয়ুষ্মান উত্তর ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর আত্ম সমালোচনা করা উত্তম, শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর অপরের দোষ পর্যবেক্ষণ করা উত্তম, শ্রদ্ধেয়, বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর আত্ম সম্পত্তি পর্যবেক্ষণ করা উত্তম, শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর পরসম্পত্তি পর্যবেক্ষণ করা উচিত।'

২। সে সময়ে বৈশ্রবণ মহারাজ উত্তর দিক হতে দক্ষিণ দিকে কোন কার্যোপলক্ষে গমন করছিলেন এবং তিনি মহিষবথুস্থিত সাঙ্কেয় পর্বতের ধবজালিকায় আয়ুষ্মান উত্তরের ভিক্ষুগণকে এরূপ ধর্ম পরিবেশন করতে শুনলেনঃ 'শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর আত্ম সমালোচনা করা উত্তম। শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর অপরের দোষ পর্যবেক্ষণ করা উত্তম। শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর আত্ম সম্পত্তি পর্যবেক্ষণ করা উত্তম, শ্রদ্ধেয় বন্ধুগণ! মাঝে মাঝে ভিক্ষুর পর সম্পত্তি পর্যবেক্ষণ করা উচিত।'

Visit: http://www.buddhistdownload.com

৩। অতঃপর বৈশ্রবণ মহারাজ যেমন কোন বলবান পুরুষ সঙ্কুচিত বাহু প্রসারিত করে এবং প্রসারিত বাহু সঙ্কুচিত করে তদ্রূপ মহিষবথুস্থিত সাঙ্কেয় পর্বতের ধবজালিকা হতে অন্তর্হিত হয়ে তাবতিংস দেবলোকে উপস্থিত হন। অতঃপর বৈশ্রবণ মহারাজ দেবরাজ ইন্দ্র শক্রের নিকট উপনীত হন, উপনীত হয়ে দেবরাজ ইন্দ্র শক্রকে এরূপ বলেনঃ 'মারিষ,[২৬] কৃপা করুন, এটা অবহিত হোন যে, এই আয়ুষ্মান উত্তর মহিষবথুস্থিত সাঙ্কেয় পর্বতের ধবজালিকায় ভিক্ষুগণকে এরূপ ধর্ম শিক্ষা দেনঃ "ভিক্ষুর মাঝে মাঝে আত্ম সমালোচনা করা উত্তম, মাঝে মাঝে পরদোষ পর্যবেক্ষণ করা উত্তম, মাঝে মাঝে আত্ম সম্পত্তি পর্যবেক্ষণ করা উত্তম, মাঝে মাঝে পর সম্পত্তি পর্যবেক্ষণ করা উত্তম।"

৪। অতঃপর দেবরাজ ইন্দ্র শক্র যেমন কোন বলবান পুরুষ সঙ্কুচিত বাহু প্রসারিত করে বা প্রসারিত বাহু সঙ্কুচিত করে তদ্রূপ তাবতিংস দেবলোক হতে অন্তর্হিত হয়ে মহিষবথুস্থিত সাঙ্কেয় পর্বতের ধবজালিকায় আয়ুষ্মান উত্তরের সম্মুখে প্রাদুর্ভূত হন। তৎপর দেবরাজ ইন্দ্র শক্র আয়ুষ্মান উত্তরের সম্মুখে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে অভিবাদন করতঃ এক প্রান্তে স্থিত হন। এক প্রান্তে স্থিত দেবরাজ শক্র আয়ুষ্মান উত্তরকে এরূপ বলেনঃ ভন্তে! এটা কি সত্য যে, আয়ুষ্মান উত্তর ভিক্ষুণকে এরূপ ধর্ম শিক্ষা দেনঃ "মাঝে মাঝে ভিক্ষুর আত্ম সমালোচনা করা উত্তম, মাঝে মাঝে ভিক্ষুর পরদোষ পর্যবেক্ষণ করা উত্তম, মাঝে মাঝে ভিক্ষুর আত্ম সম্পত্তি পর্যবেক্ষণ করা উত্তম, মাঝে মাঝে ভিক্ষুর পর সম্পত্তি পর্যবেক্ষণ করা উত্তম।" 'হাঁ, নিশ্চয়ই দেবরাজ।' 'কিন্তু ভন্তে, আমার প্রার্থনা, এটা কি আয়ুষ্মান উত্তরের নিজস্ব উক্তি না সেই ভগবান অর্হৎ সম্যক সম্বুদ্ধের?'

৫। 'দেবরাজ! এখন আমি আপনাকে একটা সাদৃশ্য দেখাব, যেহেতু সাদৃশ্য দ্বারাই বিজ্ঞ পুরুষ ভাষিত বিষয়ের অর্থ উপলব্ধি করেন[২৭]। কল্পনা করুন দেবরাজ ইন্দ্র, কোন গ্রাম বা নিগম হতে মহা জনতা খাঁচি বা ঝুড়ি[২৮] বা কোল বা হাতের[২৯] সাহায্যে মহা শস্যরাশি বহন করে নিয়ে যায়। যদি কেউ মহা জনতার নিকট উপস্থিত হয়ে এরূপ জিজ্ঞাসা করেঃ "আপনারা কোথা হতে এ শস্য আনতেছেন?"

Visit: http://www.buddhistdownload.com

'দেবরাজ ইন্দ্র, সেই মহা জনতা সম্যকভাবে যা ব্যাখ্যা করার তা কিরূপে ব্যাখ্যা করবে?' 'হে সম্মানাস্পদ, তারা বিষয়টি সর্বোত্তম উপায়ে এ বলে ব্যাখ্যা করবেঃ "আমরা মহা শস্যরাশি হতে এসব আনতেছি।" তদ্রূপ দেবরাজ, যা[৩০] কিছু সুভাষিত তার সবটুকুই সেই ভগবান অর্হৎ সম্যক সম্বুদ্ধেরই, আমরা এবং অন্যেরা যা ভাষণ করি তার ভিত্তি সম্পূর্ণরূপে তিনিই।'

৬। "ভন্তে! আশ্চর্য, ভন্তে! অদ্ভুত! আয়ুষ্মান উত্তর কর্তৃক এই বিষয়টি সুভাষিতঃ যা কিছু সুভাষিত তার সবটুকুই সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধেরই, আমরা এবং অন্যেরা যা ভাষণ করি তার ভিত্তি সম্পূর্ণরূপে তিনিই"। এক সময় রাজগৃহের গৃধ্রকূট পর্বত হতে দেবদত্তের চলে যাওয়ার অনতিবিলম্ব পরে ভগবান তথায় অবস্থান করছিলেন। ভগবান তখন ভিক্ষুগণকে দেবদত্ত সম্পর্কে এরূপ বলতেছিলেনঃ- 'হে ভিক্ষুগণ! সাধু, ভিক্ষুর উচিত মাঝে মাঝে আত্ম সমালোচনা করা; ভিক্ষুর পক্ষে এটা উত্তম মাঝে মাঝে অপরের দোষ পর্যবেক্ষণ করা; সাধু, ভিক্ষুর উচিত মাঝে মাঝে আত্ম সম্পত্তি পর্যবেক্ষণ করা; সাধু, মাঝে মাঝে ভিক্ষুর উচিত পর সম্পত্তি পর্যবেক্ষণ করা। হে ভিক্ষুগণ! অষ্ট অসদ্ধর্মে অভিভূত বশীভূত চিত্ত দেবদত্ত কল্পকাল পর্যন্ত অপায়িক নৈরয়িক দুঃখ ভোগের দণ্ডযোগ্য কারণ প্রাপ্ত হল। অষ্ট কি কি? হে ভিক্ষুগণ! লাভাভিভূত, সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, অলাভে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, যশে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, অযশে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, সম্মানে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, অসম্মানে অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, মন্দেচ্ছায় অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত, পাপমিত্রতায় অভিভূত সম্পূর্ণরূপে বশীভূত চিত্ত দেবদত্ত কল্পকাল পর্যন্ত অপায়িক, নৈরয়িক দুঃখ দণ্ড ভোগের অবস্থা প্রাপ্ত হল।

হে ভিক্ষুগণ! এই অষ্ট অসদ্ধর্মে অভিভূত বশীভূত চিত্ত দেবদত্ত কল্পকাল দণ্ডভোগ্য অবস্থা প্রাপ্ত হল। সাধু, হে ভিক্ষুগণ! ভিক্ষুর উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করতঃ অবস্থান করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

৭। এবং হে ভিক্ষুগণ! কেন এবং কি জন্য একজন ভিক্ষুর উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করতঃ অবস্থান করা উচিত? যখন হে ভিক্ষুগণ! ভিক্ষু উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় না করতঃ অবস্থান করে তখন দুঃখপূর্ণ, দুঃসহ যাতনাপূর্ণ আসক্তি উৎপন্ন হয়; কিন্তু এগুলো জয় করা হলে দুঃখপূর্ণ, দুঃসহ যাতনাপূর্ণ আসক্তি উৎপন্ন হয় না। এ কারণে, হে ভিক্ষুগণ! ভিক্ষুর উচিত উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করে অবস্থান করা উচিত। অতএব, হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিত।'

৮। 'আমরা উৎপন্ন লাভ, উৎপন্ন অলাভ, উৎপন্ন যশ, উৎপন্ন অযশ, উৎপন্ন সম্মান, উৎপন্ন অসম্মান, উৎপন্ন পাপেচ্ছা, উৎপন্ন পাপমিত্রতা জয় করে অবস্থান করব। হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিত।'

৯। 'ভন্তে উত্তর, এ ধর্ম মনুষ্যদের মধ্যে চার পরিষদ যেমন ভিক্ষু, ভিক্ষুণী, উপাসক, উপাসিকা ভিন্ন অন্য কোথাও সম্মানিত[৩১] হয় না। ভন্তে, আয়ুষ্মান উত্তর, এই ধর্ম পর্য্যায় শিক্ষা করুন, আয়ুষ্মান উত্তর, এই ধর্ম পর্য্যায় আয়ত্ত করুন, আয়ুষ্মান উত্তর, এই ধর্ম পর্য্যায় মনে ধারণ করুন। ভন্তে, এই ধর্ম উপদেশ অর্থযুক্ত। এটা আদি ব্রহ্মচর্যের প্রথম নীতি।'

৯. নন্দ সুত্তং- নন্দ সূত্র

৯.১। 'হে ভিক্ষুগণ! যে কেউ নন্দ[৩২] সম্পর্কে যথার্থভাবে বলতে পারেঃ "সে কুলপুত্র," যে কেউ বলতে পারেঃ "সে বলবান", যে কেউ বলতে পারেঃ "সে প্রাসাদিক", তার সম্পর্কে বলতে গিয়ে যে কেউ বলতে পারেঃ "সে খুবই অনুরাগী।"

হে ভিক্ষুগণ! সে ইন্দ্রিয়সমূহ পাহারা[৩৩] দেয়, ভোজনে মাত্রাজ্ঞ, জাগ্রতশীল, স্মৃতি সম্প্রজ্ঞানযুক্ত, নন্দ কিভাবে পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য আচরণে সক্ষম?

Visit: http://www.buddhistdownload.com

২। হে ভিক্ষুগণ! এ উপায়ে নন্দ ইন্দ্রিয়সমূহ পাহারা দেয়ঃ

হে ভিক্ষুগণ! নন্দকে যদি পূর্বদিক আলোকিত করতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করে এরূপেঃ "এভাবে যখন আমি পূর্বদিক দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এরূপে সে সম্প্রজ্ঞাত। হে ভিক্ষুগণ, নন্দকে যদি পশ্চিম দিক তাকাতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করে এরূপেঃ "এভাবে যখন আমি পশ্চিম দিক দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ, অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এরূপে সে সম্প্রজ্ঞাত। নন্দকে যদি উত্তর দিক তাকাতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করতে হয় এরূপেঃ "এভাবে যখন আমি উত্তর দিকে দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ, অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এরূপে সে সম্প্রজ্ঞাত। নন্দকে যদি দক্ষিণ দিক তাকাতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করে এরূপেঃ "এভাবে যখন আমি দক্ষিণ দিক দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ, অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এভাবে সে সম্প্রজ্ঞাত। নন্দকে যদি ঊর্দ্ধদিক তাকাতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করে এরূপেঃ "এভাবে যখন আমি ঊর্দ্ধদিকে দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এভাবে সে সম্প্রজ্ঞাত। নন্দকে যদি অধোদিক তাকাতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করে এরূপেঃ এভাবে যখন আমি অধোদিক দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ, অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এরূপে সে সম্প্রজ্ঞাত। নন্দকে যদি অনুদিক তাকাতে হয় তাহলে তার সমগ্র মনোযোগ নিবদ্ধ করতঃ তাকায় এরূপেঃ "যখন আমি অনুদিক দর্শন করি তখন আমাতে কোন দৌর্মনস্য, পাপ, অকুশল ধর্ম প্রবাহিত হবে না।" এরূপে সে সম্প্রজ্ঞাত[৩৪]।

হে ভিক্ষুগণ! নন্দের ইন্দ্রিয়সমূহ এভাবে সংযতভাব প্রাপ্ত হয়।

৩। হে ভিক্ষুগণ! এভাবে নন্দ ভোজনে মাত্রাজ্ঞ হয়ঃ হে ভিক্ষুগণ! নন্দ সম্প্রযুক্ত জ্ঞানে স্মরণ করতে করতে ভিক্ষান্ন প্রতিসেবন করে, 'এ আহার ক্রীড়ার জন্য নহে, মত্ততার জন্য নহে, মণ্ডনের জন্য নহে, বিভূষণের জন্য নহে, যাবৎ এ দেহের স্থিতির জন্য, যাপনের জন্য,

Visit: http://www.buddhistdownload.com

অনবদ্য সুখ বিহরণের জন্য, ব্রহ্মচর্য্যের অনুগ্রহের জন্য, এ সমস্ত পুরাতন বেদনা প্রতিহনন করব, নূতন বেদনা উৎপাদন করব না, আমার জীবন যাত্রা হবে অনবদ্য, সুখ স্বাচ্ছন্দময়, এ ভেবে সে আহার প্রতিসেবন করে।

হে ভিক্ষুগণ! এভাবে নন্দ ভোজনে মাত্রাজ্ঞ[৩৫] হয়।

৪। হে ভিক্ষুগণ! এইভাবে নন্দ জাগ্রতশীল হয়ঃ

এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! নন্দ দিবাভাগে চংক্রমণ দ্বারা, উপবেশন করতঃ চিত্তকে আবরণীয় (কলুষপূর্ণ) বিষয় হতে মুক্ত করে, রাত্রির মধ্যম যামে দক্ষিণ পার্শ্ব হয়ে পায়ের উপর পা স্থাপন করে উত্থান সংজ্ঞায় সম্প্রজ্ঞান চিত্তে সিংহ শয্যা গ্রহণ করে, রাত্রির শেষ যামে প্রত্যুত্থান করতঃ চংক্রমণ করে উপবেশন করতঃ চিত্তকে আবরণীয় বিষয়সমূহ হতে মুক্ত করে।

হে ভিক্ষুগণ! এভাবেই নন্দ জাগ্রতশীল[৩৬] হয়।

৫। হে ভিক্ষুগণ! এভাবে নন্দ স্মৃতি সম্প্রজ্ঞান যুক্ত হয়ঃ

এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! নন্দের জ্ঞাতসারে[৩৭] বেদনা উৎপন্ন হয়, জ্ঞাত হয়ে স্থিত থাকে, জ্ঞাতসারেই অস্তগত হয়; জ্ঞাতসারেই সংজ্ঞা উৎপন্ন হয়, জ্ঞাত হয়ে স্থিত হয়, জ্ঞাতসারেই অস্তগত হয়; জ্ঞাতসারেই বিতর্ক উৎপন্ন হয়, জ্ঞাতসারে স্থিত হয়, জ্ঞাতসারে অস্তগত হয়।

হে ভিক্ষুগণ! এভাবেই নন্দ স্মৃতি সম্প্রজ্ঞানযুক্ত হয়।

হে ভিক্ষুগণ! এভাবেই নন্দ ইন্দ্রিয়সমূহ রক্ষা করে, ভোজনে মাত্রাজ্ঞ, জাগ্রতশীল, স্মৃতি সম্প্রজ্ঞানযুক্ত হয় যার ফলে সে পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য আচরণে সক্ষম।'

১০. কারণ্ডব সুত্তং- কারণ্ডব সূত্র

১০.১। এক সময় ভগবান চম্পার[৩৮] গর্গরা পুষ্করিণী তীরে অবস্থান করছিলেন। সে সময় ভিক্ষুগণ জনৈক ভিক্ষুকে তার দোষের জন্য নিন্দা করছিলেন। সেই ভিক্ষু তার দোষের জন্য ভিক্ষুগণ দ্বারা নিন্দিত হয়ে অন্যের দ্বারা জিজ্ঞাসিত প্রশ্ন এড়িয়ে গেল, মূল বিষয় পাশ কাটিয়ে[৩৯] গেল এবং ক্রোধ, বিদ্বেষ ও গোমড়া ভাব প্রকাশ করল। ভগবান তখন ভিক্ষুগণকে বললেনঃ

Visit: http://www.buddhistdownload.com

২। 'হে ভিক্ষুগণ! এ ব্যক্তিকে দূর কর, হে ভিক্ষুগণ! এ ব্যক্তিকে বিতাড়িত কর[৪০]। হে ভিক্ষুগণ! সেই ভিক্ষুকে বহিষ্কার করা উচিত। অন্য লোকেরা[৪১] কেন তোমাদেরকে হয়রানি করবে? হে ভিক্ষুগণ! এ ব্যক্তির অভিগমন, পশ্চাৎ আগমন, আলোকন, বিলোকন, সঙ্কোচন, প্রসারণ, সঙ্ঘাটি-পাত্র-চীবর[৪২] ধারণ প্রভৃতি যোগ্য ভিক্ষুগণের সদৃশ যাবৎ তারা তার দোষ প্রত্যক্ষ করে না। কিন্তু যে মাত্র তারা তার দোষ প্রত্যক্ষ করে তৎক্ষণাৎ তারা জানেঃ "এ যে শ্রমণ দূষণ[৪৩], শ্রমণ প্রলাপ, শ্রমণ জঞ্জাল।" এটা উপলব্ধি করা মাত্রই তারা তাদের মধ্য থেকে তাকে বহিষ্কার করে দেয়। এর হেতু কি? এজন্য তারা বলেঃ "সে অন্য যোগ্য ভিক্ষুগণকে কলুষিত না করুক।"

৩। যেমন হে ভিক্ষুগণ, একটা ক্ষুদ্র ভূ-খণ্ড যখন বার্লির[৪৪] জন্য প্রস্তুত বার্লির দূষণ, বার্লির তুঁষ, বার্লির জঞ্জাল যোগ্য বার্লির মূল, ডাঁটা, পত্র সদৃশ মনে হতে পারে যে পর্যন্ত না বার্লির অগ্রভাগ বের হয়। কিন্তু যখন বার্লির অগ্রভাগ বের হয় তৎক্ষণাৎ তারা (কৃষক) জানতে পারেঃ "এ যে বার্লির দূষণ, বার্লির তুঁষ, বার্লির জঞ্জাল।" এটা বুঝতে পেরে তারা এসব সমূলে তুলে ফেলে, বার্লি ভূ-খণ্ডের বাইরে নিক্ষেপ করে ফেলে। এবং এর হেতু কি? তারা বলেঃ "এরা উত্তম বার্লিকে নষ্ট না করুক!" তদ্রূপ হে ভিক্ষুগণ! কোন কোন ব্যক্তির অভিগমন, পশ্চাৎ আগমন, আলোকন, বিলোকন, সঙ্কোচন, প্রসারণ, সঙ্ঘাটি-পাত্র-চীবর ধারণ যোগ্য ভিক্ষুগণের মত মনে হতে পারে যে পর্যন্ত না তারা তার দোষ প্রত্যক্ষ করে। কিন্তু যে মাত্র তারা তার দোষ প্রত্যক্ষ করে অমনিই তারা জানেঃ "এ যে শ্রমণ দূষণ, শ্রমণ প্রলাপ, শ্রমণ-জঞ্জাল।" এটা উপলব্ধি করা মাত্রই তারা তাদের মধ্য থেকে তাকে বহিষ্কার করে দেয়। এর হেতু কি? এজন্য যে, সে যেন অন্যান্য যোগ্য ভিক্ষুকে নষ্ট করতে না পারে।

৪। যেমন হে ভিক্ষুগণ! যখন মহা শস্যরাশি তুঁষ ছাড়ায়ে নেয়া হয় তখন সারবান[৪৫] শস্য এক স্থানে পুঞ্জীভূত করা হয়। কিন্তু নিকৃষ্ট মানের তুঁষকে প্রবল বায়ু এক প্রান্তে নিয়ে[৪৬] যায়। তৎক্ষণাৎ কৃষকেরা ঝাড়ু দ্বারা তা আরও দূরে নিয়ে যায়। এবং এর কারণ কি? তারা বলেঃ "এরা উত্তম শস্যকে নষ্ট না করুক।" তদ্রূপ হে ভিক্ষুগণ! কোন কোন

Visit: http://www.buddhistdownload.com

ব্যক্তির অভিগমন, পশ্চাৎ আগমন, আলোকন, বিলোকন, সঙ্কোচন, প্রসারণ, সঙ্ঘাটি-পাত্র-চীবর ধারণ যোগ্য ভিক্ষুগণের মত মনে হতে পারে যে পর্যন্ত না তারা তার দোষ প্রত্যক্ষ করে। কিন্তু যে মাত্র তারা তার দোষ প্রত্যক্ষ করে অমনিই তারা জানেঃ "এ যে শ্রমণ দূষণ, শ্রমণ প্রলাপ, শ্রমণ জঞ্জাল"। এটা উপলব্ধি করা মাত্রই তারা তাদের মধ্য থেকে তাকে বহিষ্কার করে দেয়। এর হেতু কি? এজন্য যে, সে যেন অন্যান্য যোগ্য ভিক্ষুকে নষ্ট করতে না পারে।

৫। মনে কর হে ভিক্ষুগণ! কোন এক লোকের জলের নল প্রয়োজন। সে তীক্ষ্ণ কুঠার নিয়ে বনে প্রবেশ করে এবং কুঠার হাতল[৪৭] দ্বারা এ বৃক্ষে সে বৃক্ষে আঘাত করে। তখন যেসব বৃক্ষ দৃঢ় এবং সারযুক্ত সেসব বৃক্ষ যখন কুঠারের হাতল দ্বারা আঘাত করা হল তখন তীক্ষ্ণ[৪৮] প্রতিধ্বনি বের হল। অপর পক্ষে যেসব বৃক্ষের আঁশ পচা, নরম সেসব বৃক্ষে আঘাত করা হলে ফাঁকা[৪৯] শব্দ বের হয়। এরূপে সে তৎক্ষণাৎ বৃক্ষের মূল কাটে, মূল কাটার পর অগ্রভাগ কাটে, অগ্রভাগ কাটার পর ভিতরের অংশ পরিষ্কার না হওয়া পর্যন্ত পরিষ্কার করে। ভিতরের অংশ পরিষ্কার করতঃ জল-নল যুক্ত করে। তদ্রূপ হে ভিক্ষুগণ! কোন কোন ব্যক্তির অভিগমন, পশ্চাৎ আগমন, আলোকন, বিলোকন, সঙ্কোচন, প্রসারণ, সঙ্ঘাটি-পাত্র-চীবর ধারণ যোগ্য ভিক্ষুগণের মত মনে হতে পারে যে পর্যন্ত না তারা তার দোষ প্রত্যক্ষ করে। কিন্তু যে মাত্র তারা দোষ প্রত্যক্ষ করে অমনিই তারা জানেঃ "এ যে শ্রমণ-দূষণ, শ্রমণ-প্রলাপ, শ্রমণ-জঞ্জাল।" এটা উপলব্ধি করা মাত্রই তারা তাদের মধ্য হতে তাকে বহিষ্কার করে দেয়। এর হেতু কি? একারণে যে, সে যেন অন্যান্য যোগ্য ভিক্ষুকে নষ্ট করতে না পারে।

যে ব্যক্তি হয় পাপিচ্ছু, ক্রোধী, ম্রক্ষী বা গুণ মর্দনকারী,
অহঙ্কারী, পলাশী বা দীর্ঘকাল হিংসাচরণকারী,
ঈর্ষুকী, মৎসরী বা কৃপণ, শঠ, জনমধ্যে মৃদুভাষী
শ্রমণ তুল্য করে থাকে ভাষণ, পাপদৃষ্টিযুক্ত, নির্দয়,
গোপনে পাপানুষ্ঠানকারী সাথে করে বাস ভালমন্দ হও জ্ঞাত।
যে ব্যক্তি হয় মিথ্যাবাদী ও চঞ্চল,
মিথ্যা বলার সময় প্রকাশ করে চঞ্চলতা

Visit: http://www.buddhistdownload.com

তাহলে তার ওকারণ যথাযথ জান সবে
একত্র হওত সবে বিচার তার করবে,
নয়ত অসিহস্তে ধ্বংসকারী তুল্য দুঃশীলকে
কর প্রতিবন্ধক, পাপ ময়লাপূর্ণ ব্যক্তিকে
কর আকর্ষণ বা পরিত্যাগ,
অশ্রমণ হয়ে যে হয় শ্রমণ, মানী, তুচ্ছ প্রলাপ তুল্য
তাদৃশ্য অশ্রমণকে কর অতিক্রম বা বাহন।
পাপাচার গোচর, পাপেচ্ছার বশীভূত জনে
দূরীকৃত করে স্মৃতিমান পুরুষগণ পবিত্র পুরুষ
সাথে করতঃ বাস সুখে স্বচ্ছন্দে রহেন কল্পকাল,
এভাবে জ্ঞানবান একতাপরায়ণ ব্যক্তি করেন দুঃখের অবসান।'

[মৈত্রী-বর্গ প্রথম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

মৈত্রী, প্রজ্ঞা, দ্বিবিধ প্রিয়, দ্বিবিধ লোক বিপত্তি
দেবদত্ত, উত্তর, নন্দ এবং জঞ্জাল।

২. মহা-বগ্গো- মহা-বর্গ

১. বেরঞ্জ সুত্তং- বেরঞ্জ সূত্র

১১.১। আমা কর্তৃক এরূপ শ্রুত। এক সময় ভগবান বেরঞ্জার[১] নিকট নলেরুপুচিনন্দ[২] মূলে অবস্থান করছিলেন। অতঃপর বেরঞ্জ-ব্রাহ্মণ ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানের সাথে স্বাভাবিক সম্মানসূচক সম্ভাষণ বিনিময়ের পর এক প্রান্তে উপবেশন করেন। এভাবে উপবিষ্ট ব্রাহ্মণ ভগবানকে এরূপ বললেনঃ 'ভবৎ গৌতম! আমি শুনেছি যে, ভগবান জীর্ণ, বৃদ্ধ, মহল্লক, প্রাচীন শ্রদ্ধেয়[৩] ব্রাহ্মণকে অভিবাদন বা প্রত্যুত্থান বা আসন প্রদান করেন না। ভবৎ গৌতম, এটাই সঠিক বিষয়। ভবৎ গৌতম জীর্ণ, বৃদ্ধ, মহল্লক, প্রাচীন শ্রদ্ধেয় ব্রাহ্মণকে অভিবাদন, প্রত্যুত্থান বা আসন প্রদান করেন না।' 'ব্রাহ্মণ, মার, ব্রহ্মা সহ দেবলোকে, সশ্রমণ ব্রাহ্মণ প্রজাদের মধ্যে আমি কাকেও দেখি না যাকে আমার অভিবাদন করা উচিত, যার আগমনে আমার গাত্রোত্থান করা উচিত বা যাকে আমার

Visit: http://www.buddhistdownload.com

আসন প্রদান করা উচিত। অধিকন্তু, হে ব্রাহ্মণ, তথাগত যাকে অভিবাদন করবেন, যাকে গাত্রোত্থান করে সম্মান দেখাবেন বা যাকে আসন প্রদান করবেন তাতে সত্য সত্যই তার মস্তক দ্বিধা বিভক্ত হয়ে যাবে[৪]।

২। 'ভবৎ গৌতম রুচি বিবর্জিত।' 'হে ব্রাহ্মণ, এটাই যুক্তি[৫] যদ্বারা যে কেউ যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম রুচি বিবর্জিত[৬]।" হে ব্রাহ্মণ, তথাগতের যে রূপ-রস, শব্দ-রস, গন্ধ-রস, স্বাদ-রস, স্পর্শযোগ্য-রস সেসব প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ[৭], সমূল-উৎপাটিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্বভাব-প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তি-রহিত। হে ব্রাহ্মণ! প্রকৃত পক্ষে এটাই কারণ যদ্বারা যে কেউ যথার্থই বলতে পারেঃ "শ্রমণ গৌতম স্বাদ বিবর্জিত," কিন্তু বাস্তবিকই যে উপায়ে আপনি মনে করতেছেন সে উপায়ে নহে।'

৩। 'ভবৎ গৌতম সম্পত্তি বিবর্জিত[৮]।' 'হে ব্রাহ্মণ, এটাই যুক্তি যদ্বারা যে কেউ যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম সম্পত্তি বিবর্জিত।" হে ব্রাহ্মণ, তথাগতের যে রূপ-সম্পত্তি, শব্দ-সম্পত্তি, গন্ধ-সম্পত্তি, স্বাদ-সম্পত্তি, স্পর্শযোগ্য-সম্পত্তি সেসব প্রহীন, মূলেচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল-উৎপাটিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্বভাব-প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তি-রহিত। প্রকৃত পক্ষে হে ব্রাহ্মণ, এটাই যুক্তি যদ্বারা যে কেউ যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম সম্পত্তি বিবর্জিত।" কিন্তু বস্তুতঃ যে উপায়ে আপনি মনে করতেছেন সে উপায়ে নহে।'

৪। 'ভবৎ গৌতম অ-ক্রিয়াবাদী।' 'হে ব্রাহ্মণ! এটাই যুক্তি যদ্বারা যে কেউ যথার্থ উক্তি করেঃ "শ্রমণ গৌতম অ-ক্রিয়াবাদী[৯]।" 'হে ব্রাহ্মণ! কায়-দুশ্চরিত, বাক্-দুশ্চরিত ও মনো-দুশ্চরিতকে আমি অ-ক্রিয়া বলে অভিহিত করি; সব ধরণের পাপ, অকুশল বিষয়কে আমি অ-ক্রিয়া বলে ঘোষণা করি। প্রকৃত পক্ষে এটাই যথার্থ যুক্তি যা যে কেউ আমার সম্পর্কে উত্থাপন করতে পারেঃ "শ্রমণ গৌতম অ-ক্রিয়াবাদী।" কিন্তু বস্তুতঃ পক্ষে যে উপায়ে আপনি মনে করতেছেন সে উপায়ে নহে।'

৫। 'ভবৎ গৌতম উচ্ছেদবাদী।' 'হে ব্রাহ্মণ! এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম উচ্ছেদবাদী।" 'হে

Visit: http://www.buddhistdownload.com

ব্রাহ্মণ! রাগ (লালসা, কামনা), দোষ, মোহকে আমি উচ্ছেদের কথা বলি; আমি সব ধরণের পাপ, অকুশল বিষয়ের উচ্ছেদের ঘোষণা করি। প্রকৃত পক্ষে এটা যথার্থ যুক্তি যে কেউ আমার সম্পর্কে উত্থাপন করতে পারেঃ "শ্রমণ গৌতম উচ্ছেদবাদী।" কিন্তু বস্তুতঃ পক্ষে যে উপায়ে আপনি মনে করতেছেন সে উপায়ে নহে।'

৬। 'ভবৎ গৌতম ঘৃণাবোধ করেন।' 'হে ব্রাহ্মণ! এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম ঘৃণাবোধ[১০] করেন।" 'হে ব্রাহ্মণ! কায়, বাক্য ও মনো দুষ্কর্মকে আমি ঘৃণা করি, সব ধরণের অকুশল, পাপ বিষয়কে হৃদয়ে পোষণের আমি তীব্র নিন্দা ঘোষণা করি। প্রকৃত পক্ষে এটা যথার্থ যুক্তি যে কেউ আমার সম্পর্কে উত্থাপন করতে পারেঃ "শ্রমণ গৌতম ঘৃণাবোধ করেন।" কিন্তু বস্তুতঃ পক্ষে যে উপায়ে আপনি মনে করতেছেন সে উপায়ে নহে।'

৭। 'ভবৎ গৌতম বিলোপ সাধনের সমর্থক।' 'হে ব্রাহ্মণ! এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম বিলোপ সাধনের সমর্থক[১১]।" 'হে ব্রাহ্মণ! আমি রাগ, দোষ এবং মোহের বিলোপ সাধনের ধর্ম প্রচার করি; আমি সব ধরণের পাপ, অকুশল ধর্মের বিলোপের বিষয় শিক্ষা দেই। প্রকৃত পক্ষে এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম বিলোপ সাধনের সমর্থক।" কিন্তু প্রকৃত পক্ষে যে উপায়ে আপনি মনে করতেছেন সে উপায়ে নহে।'

৮। 'ভবৎ গৌতম তপস্বী[১২]।' 'হে ব্রাহ্মণ! এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম তপস্বী।" 'হে ব্রাহ্মণ, আমি কায়-দুশ্চরিত, বাক্-দুশ্চরিত, মনো-দুশ্চরিত বিষয় দমনের কথা ঘোষণা করি। প্রকৃত পক্ষে যে লোকের পাপ, অকুশল বিষয় প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল-উৎপাটিত তালবৃক্ষে পরিণত ও অনস্তিত্বভাব প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তি রহিত তাকে আমি তপস্বী বলে অভিহিত করি। হে ব্রাহ্মণ! তথাগতের তপনীয় পাপ, অকুশল বিষয় প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল উৎপাটিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্বভাব প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তি-রহিত। হে ব্রাহ্মণ! এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম

Visit: http://www.buddhistdownload.com

তপস্বী। কিন্তু যে উপায়ে আপনি মনে করতেছেন বস্তুতঃ পক্ষে সে উপায়ে নহে।'

৯। "ভবৎ গৌতম পুনর্জন্মের[১৩] পরিপন্থী।" 'হে ব্রাহ্মণ! এ যুক্তি দ্বারা যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম পুনর্জন্মের বিরোধী।" প্রকৃত পক্ষে যে ব্যক্তি গর্ভাশয়ে ভবিষ্যতে পুনর্জন্মের হেতু প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল-উৎপাটিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্বভাব প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তি-রহিত আমি তাকে পুনর্জন্ম-বিরোধী বলে আখ্যায়িত করি। হে ব্রাহ্মণ! তথাগতের গর্ভাশয়ে পুনরুৎপত্তি প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল-উৎপাটিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্বভাব প্রাপ্ত। হে ব্রাহ্মণ! এ যুক্তির পরিপ্রেক্ষিতে যে কেউ আমার সম্পর্কে যথার্থ উক্তিই করেঃ "শ্রমণ গৌতম পুনর্জন্ম-বিরোধী," কিন্তু আপনি যে উপায়ে মনে করতেছেন সে উপায়ে নহে।' 'যেমন হে ব্রাহ্মণ! কুক্কুটির আট বা দশ বা ডজন খানেক ডিম পুরোপুরি (তা দেয়ার জন্য) বসান[১৪] হল, পুরোপুরি উত্তপ্ত করা হল এবং পুরোপুরি বৃদ্ধি পেল; মুরগীর ছানাগুলো থেকে যে ছানাটা অবশিষ্ট সবগুলোর আগে পাদ-নখ বা ঠোঁট দ্বারা ডিমের খোলক বিদীর্ণ করল এবং নিরাপদে বের হয়ে এল, আপনি বের হয়ে আসা ছানাটাকে কি হিসাবে আখ্যায়িত করবেন? জ্যেষ্ঠতম বা কনিষ্ঠতম?' 'ভবৎ গৌতম! যে কেউ নিশ্চিতরূপে বলতে পারে এটা জ্যেষ্ঠতম।'

১০। 'তদ্রূপ হে ব্রাহ্মণ! আমিই মানব জাতির জন্য অবিদ্যাগত[১৫], (যেন) অণ্ড-জাত[১৬], অবিদ্যারূপ অণ্ড-খোলক ভেদ করছিলাম এবং আমি জগতে অনুত্তর অভিসম্বুদ্ধত্ব লাভ করেছি। প্রকৃত পক্ষে হে ব্রাহ্মণ! জগতে আমিই জ্যেষ্ঠ, আমিই শ্রেষ্ঠ[১৭]। অধিকন্তু ব্রাহ্মণ, আমি ছিলাম দৃঢ় প্রতিজ্ঞ, বীর্যবান, নিবিষ্টমনা, উপস্থিত স্মৃতি সম্পন্ন, শান্ত কায়, সমাহিত চিত্ত, একাগ্র[১৮]।

১১। হে ব্রাহ্মণ[১৯] সে-ই আমিই কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সব অকুশল পরিহার করতঃ সবিতর্ক, সবিচার এবং বিবেজ, প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে বিচরণ করি। বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম-সম্প্রসাদী চিত্তের একীভাব আনয়নকারী, বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ

Visit: http://www.buddhistdownload.com

করে তাতে বিচরণ করি। প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করি, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি-নিরপেক্ষ) সুখ অনুভব করি, আর্যগণ যে ধ্যান-স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান্ হয়ে (প্রীতি-নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান-স্তরে উন্নীত হয়ে তাতে বিচরণ করি। সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেছি।

১২। এরূপে সমাহিত চিত্তের[২০] সেই পরিশুদ্ধ, পর্য্যবদাত (পরিষ্কৃত), অনঞ্জন (নিরঞ্জন), উপক্লেশ-বিগত, মৃদুভূত, কমনীয়, স্থিত (স্থির) ও আনেঞ্জ প্রাপ্ত (অনেজ, নিষ্কম্প) অবস্থায় জাতিস্মর-জ্ঞানাভিমুখে চিত্ত নমিত করি। সে অবস্থায় আমি নানা প্রকারে বহু পূর্বজন্ম অনুস্মরণ করিঃ এক জন্ম, দুই জন্ম, তিন জন্ম, চার জন্ম, পাঁচ জন্ম, দশ জন্ম, বিশ জন্ম, ত্রিশ জন্ম, চল্লিশ জন্ম, পঞ্চাশ জন্ম, শত জন্ম, সহস্র জন্ম, এমন কি শতসহস্র জন্ম; বহু সংবর্ত কল্পে (প্রলয় দশা না আসা পর্যন্ত বিশ্বের স্থিতিকাল), বহু বিবর্তকল্পে (প্রলয় দশা হতে পুনরাবর্তন না হওয়া পর্যন্ত বিশ্বের অন্তর্ধান কাল), এমন কি বহু সংবর্ত-কল্পে আমি সে স্থানে ছিলাম, এ ছিল আমার নাম, এ আমার গোত্র, এ আমার জাতিবর্ণ, এ আমার আহার, এরূপ আমার সুখ-দুঃখ অনুভব, এ আমার পরমায়ু, তথা হতে চ্যুত হয়ে আমি এখানে উৎপন্ন হয়েছি। এভাবে আকার, উদ্দেশ, স্বরূপ ও গতিসহ নানা প্রকারে বহু পূর্ব জন্ম অনুস্মরণ করি। হে ব্রাহ্মণ! অপ্রমত্ত, আতাপী (বীর্যবান্) ও সাধনা তৎপর হলে যেমন যেমন হয়, রাত্রির প্রথম যামে তেমন ভাবেই আমার এই প্রথম বিদ্যা[২১] (জাতিস্মর জ্ঞান) অধিগত (আয়ত্ত) হয়, অবিদ্যা বিনষ্ট, বিদ্যা উৎপন্ন হয়, তম (অন্ধকার) বিহত, আলোক উৎপন্ন হয়। ব্রাহ্মণ, এটাই ছিল আমার প্রথম অণ্ডকোষ হতে মুরগীর ছানার ন্যায় অভিনির্বিদা[২২] (জন্ম লাভ)।

১৩। এরূপে সমাহিত চিত্তের সেই পরিশুদ্ধ, পর্য্যবদাত, অনঞ্জন, উপক্লেশ বিগত, মৃদুভূত, কমনীয়, স্থিত ও অনেজ অবস্থায় সত্ত্বগণের

Visit: http://www.buddhistdownload.com

(অপরাপর জীবের) চ্যুতি-উৎপত্তি (গতি-পরম্পরা) জ্ঞানাভিমুখে চিত্ত নমিত করি। সে অবস্থায় দিব্যচক্ষে, বিশুদ্ধ, লোকাতীত, অতীন্দ্রিয় দৃষ্টিতে দেখতে পাই- জীবগণ এক যোনি হতে চ্যুত হয়ে অপর যোনিতে উৎপন্ন হচ্ছে, প্রকৃষ্টরূপে জানতে পারি- হীনোৎকৃষ্ট-জাতীয় উত্তম-অধম বর্ণের জীবগণ স্ব স্ব কর্মানুসারে সুগতি-দুর্গতি প্রাপ্ত হচ্ছেঃ এ সকল মহানুভব জীব কায়-দুশ্চরিত্র সমন্বিত, বাক্-দুশ্চরিত্র সমন্বিত, মন-দুশ্চরিত্র সমন্বিত, আর্যগণের নিন্দুক, মিথ্যাদৃষ্টি-সম্পন্ন এবং মিথ্যাদৃষ্টি-প্রণোদিত কর্ম-পরিগ্রাহী হবার ফলে দেহাবসানে, মৃত্যুর পর, অপায়-দুর্গতিতে, বিনিপাত-নিরয়ে উৎপন্ন হচ্ছে; অথবা এসকল মহানুভব জীব কায়-সুচরিত্র সমন্বিত, বাক্-সুচরিত্র সমন্বিত, মন-সুচরিত্র সমন্বিত, আর্যগণের অনিন্দুক, সম্যক-দৃষ্টিসম্পন্ন এবং সম্যক-দৃষ্টি প্রণোদিত কর্ম-পরিগ্রাহী হবার ফলে দেহাবসানে, মৃত্যুর পর, সুগতি-স্বর্গলোকে উৎপন্ন হচ্ছে। এভাবে দিব্যনেত্রে, বিশুদ্ধ লোকাতীত দৃষ্টিতে দেখতে পাই-সত্ত্বগণ এক যোনি হতে চ্যুত হয়ে অন্য যোনিতে উৎপন্ন হচ্ছে, প্রকৃষ্টরূপে জানতে পারি- হীনোৎকৃষ্ট জাতীয়, উত্তম-অধম বর্ণের জীবগণ আপনাপন কর্মানুসারে সুগতি-দুর্গতি প্রাপ্ত হচ্ছে। ব্রাহ্মণ! অপ্রমত্ত, আতাপী ও সাধনা-তৎপর হলে যেমন যেমন হয়, তেমন ভাবেই রাত্রির মধ্যম যামে আমার দ্বিতীয় বিদ্যা (জীবের গতি-পরম্পরা-জ্ঞান, কর্ম-ফল-জ্ঞান) অধিগত হয়, অবিদ্যা দূর, বিদ্যা উৎপন্ন, তম দূর, আলোক উৎপন্ন হয়। ব্রাহ্মণ! এটা ছিল আমার কুক্কুট ছানার ন্যায় অণ্ডকোষ হতে দ্বিতীয় অভিনির্বিদা (জন্ম)।

১৪। এরূপে সমাহিত চিত্তের সেই পরিশুদ্ধ, পর্য্যবদাত, অনঞ্জন, উপক্লেশ বিগত, মৃদুভূত, কমনীয়, স্মৃতি ও অনেজ অবস্থায় আসবক্ষয়-জ্ঞানাভিমুখে আমার চিত্ত নমিত করি। তদবস্থায় উন্নত জ্ঞানে যথার্থই জানতে পারি- এটা 'দুঃখ' আর্যসত্য, এটা দুঃখ-সমুদয়' আর্যসত্য, এটা 'দুঃখ-নিরোধ' আর্যসত্য, 'এটা দুঃখ-নিরোধগামিনী প্রতিপদা' আর্যসত্য; এ সকল আসব, এটা আসব-সমুদয়, এটা আসব-নিরোধ, এটা আসব-নিরোধগামী প্রতিপদা। তদবস্থায় এরূপে আর্যসত্য জানবার এবং দেখবার ফলে কর্মাসব হতে আমার চিত্ত বিমুক্ত হয়, ভবাসব হতে আমার চিত্ত বিমুক্ত হয়, অবিদ্যাসব হতেও আমার চিত্ত

Visit: http://www.buddhistdownload.com

বিমুক্ত হয়, বিমুক্ত চিত্তে[২৩] 'বিমুক্ত হয়েছি' এ জ্ঞান উদিত হয়, উন্নত জ্ঞানে জানতে পারি- চিরতরে জন্মবীজ ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য-ব্রত উদ্‌যাপিত হয়েছে, যা কিছু করবার ছিল করা হয়েছে, অতঃপর এখানে আর আসতে হবে না। ব্রাহ্মণ! রাত্রির অন্তিম যামে আমার এই তৃতীয় বিদ্যা (আসবক্ষয়-জ্ঞান) অধিগত হয়, অবিদ্যা দূর, বিদ্যা উৎপন্ন, তম বিদূরীত, আলোক উৎপন্ন হয়। ব্রাহ্মণ! এটা ছিল আমার কুক্কুট ছানার ন্যায় অণ্ডকোষ হতে তৃতীয় অভিনির্বিদা (জন্ম)।'

১৫। এরূপ ভাষিত হলে বেরঞ্জ ব্রাহ্মণ ভগবানকে এরূপ বলেনঃ 'ভবৎ গৌতম জ্যেষ্ঠ, ভবৎ গৌতম শ্রেষ্ঠ। অতি সুন্দর হে গৌতম! অতি মনোহর হে গৌতম! যেমন কেহ উল্টানকে সোজা, আবৃতকে অনাবৃত, বিমূঢ়কে পথ নির্দেশ অথবা অন্ধকারে তৈল প্রদীপ ধারণ করে যাতে চক্ষুষ্মান্ ব্যক্তি রূপ (দৃশ্য বস্তু) দেখতে পায়, এরূপে মহানুভব গৌতম কর্তৃক বহু পর্য্যায়ে, বিবিধ যুক্তিতে ধর্ম প্রকাশিত হয়েছে। আমি মহানুভব গৌতমের, তৎপ্রবর্তিত ধর্মের এবং প্রতিষ্ঠিত ভিক্ষুসঙ্ঘের শরণাগত হচ্ছি, আজ হতে আমরণ মহানুভব গৌতম আমাকে উপাসক রূপে অবধারণ করুন।'

২. সীহ সুত্তং- সিংহ সূত্র

১২.১। এক সময় ভগবান বৈশালীর নিকটে মহাবনের কুঠাগারশালায় অবস্থান করছিলেন। তখন বহু সংখ্যক খ্যাতিমান লিচ্ছবী সন্থাগারে (পরিষদে) সমবেত হয়ে বিভিন্ন প্রকারে বুদ্ধের প্রশংসা, ধর্মের প্রশংসা, সঙ্ঘের প্রশংসা করছিলেন।

২। সে সময়ে নির্গ্রন্থ[২৪]-শ্রাবক সিংহ সেনাপতি সে পরিষদে উপস্থিত ছিলেন। তৎপর সিংহ সেনাপতি এরূপ চিন্তা করলেনঃ 'ভগবান নিশ্চয়ই অর্হৎ সম্যকসম্বুদ্ধ হবেন, যেজন্য বহু সংখ্যক খ্যাতিমান লিচ্ছবী সন্থাগারে সমবেত হয়েছেন এবং উপবেশন করে বিভিন্নভাবে বুদ্ধের প্রশংসা করতেছেন, ধর্মের প্রশংসা, সঙ্ঘের প্রশংসা করতেছেন। এখন ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে দর্শনের জন্য উপস্থিত হওয়া আমার উচিত।'

৩। অতঃপর সিংহ সেনাপতি নির্গ্রন্থ নাতপুত্র যেখানে ছিলেন সেখানে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে বললেনঃ 'মহাশয়! আমি

Visit: http://www.buddhistdownload.com

শ্রমণ গৌতমকে দর্শনে গমন করতে ইচ্ছুক।' 'হে ক্রিয়াবাদী সিংহ, আপনি কিরূপে অক্রিয়াবাদী শ্রমণ গৌতমকে দর্শনে উপস্থিত হবেন? শ্রমণ গৌতম অক্রিয়াবাদ দেশনা করেন এবং শিষ্যগণকে তা শিক্ষা দেন।' তখন সিংহ সেনাপতির ভগবানকে দর্শনের যে প্রবৃত্তি উৎপন্ন হয়েছিল তা হ্রাস পায়।

৪। দ্বিতীয়বারও বহু সংখ্যক খ্যাতিমান লিচ্ছবী সন্থাগারে (পরিষদে) সমবেত হয়ে বিভিন্ন প্রকারে বুদ্ধের প্রশংসা, ধর্মের প্রশংসা, সঙ্ঘের প্রশংসা করছিলেন।

সে সময়ে নির্গ্রন্থ-শ্রাবক সিংহ সেনাপতি সে পরিষদে উপস্থিত ছিলেন। তৎপর সিংহ সেনাপতি এরূপ চিন্তা করলেনঃ "ভগবান নিশ্চয়ই অর্হৎ সম্যকসম্বুদ্ধ হবেন, যেজন্য বহু সংখ্যক খ্যাতিমান লিচ্ছবী সন্থাগারে সমবেত হয়েছেন এবং উপবেশন করে বিভিন্নভাবে বুদ্ধের প্রশংসা করতেছেন, ধর্মের প্রশংসা, সঙ্ঘের প্রশংসা করতেছেন। এখন ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে দর্শনের জন্য উপস্থিত হওয়া আমার উচিত।'

অতঃপর সিংহ সেনাপতি নির্গ্রন্থ নাতপুত্র যেখানে ছিলেন সেখানে উপস্থিত হয়ে তাঁকে বললেনঃ 'মহাশয়! আমি শ্রমণ গৌতমকে দর্শনে গমন করতে ইচ্ছুক।' 'হে ক্রিয়াবাদী সিংহ, আপনি কিরূপে অক্রিয়াবাদী শ্রমণ গৌতমকে দর্শনে উপস্থিত হবেন? শ্রমণ গৌতম অক্রিয়াবাদ দেশনা করেন এবং শিষ্যগণকে তা শিক্ষা দেন।' তখন সিংহ সেনাপতির ভগবানকে দর্শনের যে প্রবৃত্তি উৎপন্ন হয়েছিল তা হ্রাস পায়।

৫। তৃতীয়বারও বহু সংখ্যক খ্যাতিমান লিচ্ছবী সন্থাগারে সমবেত হয়ে উপবেশন করতঃ বিভিন্নভাবে বুদ্ধের প্রশংসা, ধর্মের প্রশংসা, সঙ্ঘের প্রশংসা করছেন। তৃতীয়বারও সিংহ সেনাপতি এরূপ চিন্তা করলেনঃ 'ভগবান নিশ্চয়ই অর্হৎ সম্যকসম্বুদ্ধ হবেন যেজন্য বহুসংখ্যক খ্যাতিমান লিচ্ছবী সন্থাগারে একত্রিত হয়ে উপবেশন করতঃ বুদ্ধের প্রশংসা করছেন, ধর্মের প্রশংসা করছেন, সঙ্ঘের প্রশংসা করছেন। নির্গ্রন্থগণের সাথে পরামর্শ করা হোক বা না হোক, নির্গ্রন্থগণ আমাকে কি বা করতে পারেন? নির্গ্রন্থগণের বিনানুমতিতে যদি আমি ভগবান

Visit: http://www.buddhistdownload.com

অর্হৎ সম্যকসম্বুদ্ধকে দর্শনে গমন করি তাহলে কেমন হয়'? অতঃপর সিংহ সেনাপতি পঞ্চশত রথসহ ভগবানকে দর্শনের নিমিত্ত বৈশালী হতে যাত্রা করলেন। যতটুকু পথ যানে গমন করা যায় ততটুকু যানে গিয়ে যান হতে অবতরণ করতঃ অবশিষ্ট পথ পায়ে[২৫] হেঁটে আরামে প্রবেশ করেন। অতঃপর সিংহ সেনাপতি ভগবানের নিকট গিয়ে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সিংহ সেনাপতি ভগবানকে এরূপ বললেনঃ 'প্রভো! আমি এরূপ শুনেছিঃ "অক্রিয়াবাদী শ্রমণ গৌতম অক্রিয়া ধর্ম দেশনা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" প্রভো যাঁরা এরূপ বলছিলেনঃ অক্রিয়াবাদী শ্রমণ গৌতম অক্রিয়া ধর্ম দেশনা করেন এবং তাঁর শ্রাবকগণকে তা শিক্ষা দেন, আমি অনুমান করছি ভগবান যা বলেছিলেন তাঁরা তা-ই বিবৃত করেছেন এবং ভগবানকে মিথ্যা (সংবাদ দ্বারা) প্রতিপাদন করেন না। আমি অনুমান করছি তাঁরা অদ্ভুত বিষয় চালু করেছেন যা ধর্মের মতই এবং যাঁরা তাঁর ধর্মানুসারী তাঁরা কেউ এটি বলার জন্য দোষগ্রস্ত হবেন না। প্রভো! ভগবানকে অভিযুক্ত করার কোন ইচ্ছা আমার নেই[২৬]।'

৬। 'সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "অক্রিয়াবাদী শ্রমণ গৌতম অক্রিয়াবাদ দেশনা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "ক্রিয়াবাদী শ্রমণ গৌতম ক্রিয়াবাদ ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "উচ্ছেদবাদী শ্রমণ গৌতম উচ্ছেদের জন্য ধর্ম ভাষণ করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "জুগুপ্সী (নিন্দাকারী) শ্রমণ গৌতম জুগুপ্সার ধর্ম ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ বিলোপবাদী শ্রমণ গৌতম বিলোপের ধর্ম ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "আত্ম নিগ্রহকারী

Visit: http://www.buddhistdownload.com

শ্রমণ গৌতম আত্ম নিগ্রহের ধর্ম ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ পুনর্জন্ম বিরোধী শ্রমণ গৌতম পুনর্জন্ম নিরোধের ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।" সিংহ, যদি কেউ আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "শ্রমণ গৌতম সান্ত্বনা পেয়েছেন, তিনি সান্ত্বনার জন্য ধর্ম দেশনা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"

৭। সিংহ, কিরূপে কেউ-যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "অক্রিয়াবাদী শ্রমণ গৌতম অক্রিয়াবাদ ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন?" সিংহ, আমি কায়-দুশ্চরিত্র, বাক্-দুশ্চরিত্র, মনদুশ্চরিত্র, বিবিধ পাপ-অকুশল বিষয়কে অক্রিয়া বলে ঘোষণা করি। সিংহ, এটাই পর্য্যায় (পথ, কারণ) যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থ বলবে! "অক্রিয়াবাদী শ্রমণ গৌতম অক্রিয়াবাদ ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"

কিরূপে হে সিংহ, কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "ক্রিয়াবাদী শ্রমণ গৌতম ক্রিয়াবাদ ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন"? সিংহ, কায়-সুচরিত্র, বাক্-সুচরিত্র, মন-সুচরিত্র, বিবিধ প্রকার কুশল ধর্মকে আমি ক্রিয়া বলে ঘোষণা করি। সিংহ, এটাই পর্য্যায় যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "ক্রিয়াবাদী শ্রমণ গৌতম ক্রিয়াবাদ ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"

হে সিংহ, কিরূপে কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "উচ্ছেদবাদী শ্রমণ গৌতম উচ্ছেদের বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন"? সিংহ, রাগ-দোষ-মোহ, বিবিধ প্রকার পাপ-অকুশল বিষয়ে উচ্ছেদের কথা আমি ঘোষণা করি। সিংহ, এটাই কারণ যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "উচ্ছেদবাদী শ্রমণ গৌতম উচ্ছেদের বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন"।

সিংহ, কিরূপে কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে

Visit: http://www.buddhistdownload.com

সে যথার্থই বলবেঃ "জগুপ্সী শ্রমণ গৌতম জুগুপ্সার বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন? সিংহ! কায়-দুশ্চরিত্র, বাক্-দুশ্চরিত্র, মন-দুশ্চরিত্র, বিবিধ প্রকার পাপ-অকুশল বিষয়ের পোষণকে আমি নিন্দা করি। সিংহ, এটাই কারণ যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "জুগুপ্সী (নিন্দাকারী) শ্রমণ গৌতম জুগুপ্সার বিষয়ে ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"

সিংহ, কোন কারণে কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "শ্রমণ গৌতম বিলোপ সাধনের সমর্থক, তিনি বিলোপ সাধনের বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন"? সিংহ, রাগ-দোষ-মোহ, বিবিধ প্রকার পাপ-অকুশল বিষয়ের ধ্বংসের বিষয় আমি ঘোষণা করি। সিংহ এটাই কারণ যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "শ্রমণ গৌতম বিলোপ সাধনের সমর্থক, তিনি বিলোপ সাধনের বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"।

সিংহ, কোন কারণে কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "আত্ম নিগ্রহী শ্রমণ গৌতম আত্ম নিগ্রহের ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন"? সিংহ, পাপ অকুশল ধর্মকে আমি তপনীয় (দমনযোগ্য) বলে ঘোষণা করিঃ কায়-দুশ্চরিত্র, বাক্-দুশ্চরিত্রকে আমি তপনীয় বলে ঘোষণা করি। সিংহ, তপনীয় পাপ-অকুশল বিষয় যার প্রহীন (ক্ষয় প্রাপ্ত), মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল-উৎপাটিত তালবৃক্ষে পরিণত ও অনস্তিত্বভাব প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তির হেতু রহিত তাকে আমি তপস্বী বলে অভিহিত করি। সিংহ, তথাগতের তপনীয় পাপ-অকুশল ধর্ম প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল উৎপাটিত তালবৃক্ষে পরিণত ও অনস্তিত্বভাব প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তির হেতু রহিত। সিংহ, এটাই কারণ যেজন্য, কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "তপস্বী (আত্ম নিগ্রহী) শ্রমণ গৌতম তপনের (দমনের) বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে গৌতম তা শিক্ষা দেন।"

সিংহ, কিভাবে কেউ যদি আমাকে লক্ষ্য করে একথা বলে তাহলে

Visit: http://www.buddhistdownload.com

সে যথার্থই বলবেঃ "শ্রমণ গৌতম পুনর্জন্ম বিরোধী, তিনি পুনর্জন্ম বিরোধের বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন?" সিংহ, যার গর্ভাশয়ে ভবিষ্যতে পুনর্জন্মের হেতু প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল উৎপাতিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্বভাব প্রাপ্ত ও অনাগতে পুনরুৎপত্তি-রহিত আমি তাকে পুনর্জন্ম বিরোধী বলে অভিহিত করি। হে সিংহ, তথাগতের গর্ভাশয়ে পুনরুৎপত্তি প্রহীন, মূলোচ্ছিন্ন, ছিন্ন শীর্ষ, সমূল উৎপাতিত তালবৃক্ষে পরিণত, অনস্তিত্ব ভাব প্রাপ্ত। সিংহ, এটাই কারণ যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "পুনর্জন্ম বিরোধী শ্রমণ গৌতম পুনর্জন্ম রোধের বিষয় ঘোষণা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"

এবং সিংহ, কিরূপে কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "শ্রমণ গৌতম সান্ত্বনা খুঁজে পেয়েছেন, তিনি সান্ত্বনার জন্য ধর্ম ব্যাখ্যা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন"? সিংহ, আশ্বস্ত আমি পরম আশ্বাসের বিষয় ঘোষণা করি, আমি আশ্বাসের জন্য ধর্ম ভাষণ করি এবং শ্রাবকগণকে তা শিক্ষা দিয়ে থাকি। সিংহ, এটাই কারণ যেজন্য কেউ যদি আমাকে লক্ষ্য করেই একথা বলে তাহলে সে যথার্থই বলবেঃ "শ্রমণ গৌতম আশ্বাস প্রদানকারী, তিনি আশ্বাসের বিষয় ব্যাখ্যা করেন এবং শ্রাবকগণকে তা শিক্ষা দেন।"

৮। এরূপ উক্ত হলে[২৭] সিংহ সেনাপতি ভগবানকে এরূপ বলেনঃ 'ভন্তে, অতি সুন্দর। ভন্তে, অতি মনোহর। যেমন কেউ উল্টানকে সোজা, আবৃতকে অনাবৃত, বিমূঢ়কে পথ নির্দেশ অথবা অন্ধকারে তৈল-প্রদীপ ধারণ করে যাতে চক্ষুষ্মান্ ব্যক্তি রূপ দেখতে পায়, এরূপে মহানুভব গৌতম কর্তৃক বহু পর্য্যায়ে বিবিধ যুক্তিতে ধর্ম প্রকাশিত হয়েছে। আমি মহানুভব গৌতমের, তৎপ্রবর্তিত ধর্মের এবং তৎপ্রতিষ্ঠিত ভিক্ষুসঙ্ঘের শরণাগত হচ্ছি। আজ হতে আমরণ মহানুভব গৌতম আমাকে উপাসকরূপে অবধারণ করুন।' 'সিংহ, বিষয়টি পুরোপুরি পরীক্ষা করুন। আপনা সদৃশ জ্ঞাত ব্যক্তির নিকট পর্য্যবেক্ষণ হিতকর।' 'প্রভু আমি ভগবানের এহেন মন্তব্যে অধিকতর আনন্দিত,

Visit: http://www.buddhistdownload.com

অধিকতর সন্তুষ্ট। আমি যদি অন্য কোন সম্প্রদায়ের শিষ্য হবার অনুগ্রহ লাভ করতাম তাহলে তাঁরা সমগ্র বৈশালীকে পতাকা দ্বারা সজ্জিত করত জয়ধ্বনি করতঃ আমাকে আশ্রয় দিতেন- "সেনাপতি সিংহ আমাদের শিষ্যত্ব বরণ করেছেন।" কিন্তু তথাগত আমাকে এরূপ মাত্র উপদেশ দিলেনঃ "সিংহ বিষয়টি পরীক্ষা করুন, যেহেতু আপনা সদৃশ জ্ঞাত ব্যক্তির নিকট পর্য্যবেক্ষণ[২৮] হিতকর।" 'প্রভু, দ্বিতীয়বারও আমি ভগবান, ধর্ম এবং ভিক্ষুসঙ্ঘের শরণ গ্রহণ করছি। ভগবান আজ হতে আজীবন আমাকে শরণাগত উপাসক হিসাবে গ্রহণ করুন!' 'সিংহ আপনার পরিবার দীর্ঘকাল যাবত নির্গ্রন্থগণের নিকট সু-উৎস যেজন্য যথার্থই মনে হয় যাঁরা ভিক্ষার জন্য আগমন করবেন তাঁদেরকে ভিক্ষা দেওয়া উচিত।' 'প্রভু আমি এখনও সর্বশেষ মন্তব্যে অত্যধিক আনন্দিত, অত্যধিক সন্তুষ্ট। প্রভু, আমি এরূপ শুনেছিঃ শ্রমণ গৌতম এরূপ দাবী করেনঃ "আমাকেই একমাত্র দান দেয়া উচিত, অন্যদের নহে; একমাত্র আমার শ্রাবকগণকে দান দেয়া উচিত, অন্যের শ্রাবকদের নহে। যেহেতু আমাকে প্রদত্ত দানের ফল মহৎ, অন্যদের প্রদত্ত দানের মহাফল হয় না। একমাত্র আমার শ্রাবকগণকে প্রদত্ত দান মহা ফলদায়ক কিন্তু অন্যের শ্রাবকগণকে প্রদত্ত দান মহা ফলদায়ক নহে।" কিন্তু ভগবান এখন আমাকে নির্গ্রন্থদিগকে দান দেয়ার জন্য প্রবুদ্ধ করতেছেন; যখন সময় আসে তখন আমরা কি করব তা জানব। তৃতীয়বারও ভন্তে, আমি তথাগতের শরণ গ্রহণ করছি, ধর্মের ও ভিক্ষুসঙ্ঘেরও। ভন্তে ভগবান, আজ হতে জীবনের শেষ দিন পর্যন্ত আমাকে আপনার শরণাগত উপাসকরূপে ধারণা করুন।'

৯। তৎপর ভগবান সিংহ সেনাপতিকে আনুপূর্বিক[২৯] (ক্রমানুসারে) ধর্ম ভাষণ করেন, যেমনঃ 'দানকথা, শীল-কথা, স্বর্গ-কথা। ভগবান কামের আদীনব (দুঃখ), অবকার, সংক্লেশ, এবং নৈষ্ক্রম্যের আনিশংস প্রকাশ করলেন। যখন ভগবান জানতে পারলেন যে, সিংহ সেনাপতির চিত্ত স্বচ্ছ, মৃদু, নীবরণমুক্ত, উদগ্র ও প্রসন্ন হয়েছে তখন তিনি বুদ্ধগণের সমুৎকৃষ্ট ধর্মদেশনা অভিব্যক্ত করলেন-যথাঃ- দুঃখ, দুঃখ-সমুদয়, দুঃখ-নিরোধ, দুঃখ-নিরোধের উপায়। যেমন শুদ্ধ ও কালীমারহিত বস্ত্র যথাযথভাবে রং প্রতিগ্রহণ করে, তেমনই সেনাপতি

Visit: http://www.buddhistdownload.com

সিংহের সেই আসনে বিরজ, বিমল ধর্ম-চক্ষু উৎপন্ন হল- যা কিছু সমুদয়ধর্মী তৎসমস্তই নিরোধধর্মী।'

১০। অতঃপর সিংহ সেনাপতি ধর্ম প্রত্যক্ষ করতঃ ধর্মতত্ত্ব লাভ করতঃ ধর্ম বিদিত হয়ে, ধর্মে প্রবিষ্ট হয়ে, সংশয়মুক্ত হয়ে, ধর্মে বৈশারদ্য প্রাপ্ত হয়ে এবং শাস্তার শাসনে আত্ম প্রত্যয় লাভ করতঃ ভগবানকে বললেনঃ 'ভন্তে! ভিক্ষুসঙ্ঘ সহ আগামী কল্য আমার আহার গ্রহণ করুন।' ভগবান নীরবে[৩০] তা গ্রহণ করলেন। তৎপর সিংহ সেনাপতি ভগবানের সম্মতি জ্ঞাত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদন করতঃ প্রদক্ষিণ করে চলে গেলেন। তৎপর সিংহ সেনাপতি জনৈক ব্যক্তিকে আহ্বান করলেন এবং বললেনঃ 'ওহে পুরুষ, যাও এবং কিছু সদ্য মাংস[৩১] নিয়ে আস।' অতঃপর সেই রাত্রির অবসানে সিংহ সেনাপতি আপন নিবাসে প্রণীত (উত্তম) খাদ্যভোজ্য তৈরী করতঃ ভগবানকে জ্ঞাপন করালেনঃ 'ভন্তে, সময় হয়েছে, সিংহ সেনাপতির নিবাসে আহার্য প্রস্তুত।'

১১। অতঃপর ভগবান পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করতঃ পাত্রচীবর সঙ্গে নিয়ে সিংহ সেনাপতির নিবাসে উপস্থিত হন, উপস্থিত হয়ে প্রজ্ঞাপিত আসনে ভিক্ষুসঙ্ঘসহ উপবেশন করেন। সে সময়ে বহু সংখ্যক নির্গ্রন্থ বাহু নাড়তে নাড়তে কেঁদে কেঁদে উচ্চপথ, নিভৃত অস্পষ্ট পথ ধরে চৌরাস্তা হতে চৌরাস্তায় বৈশালী গেলেনঃ 'অদ্য এক বিশাল পশু সেনাপতি সিংহ কর্তৃক হত্যাকৃত হয়েছে এবং শ্রমণ গৌতমের জন্য আহার্য প্রস্তুত করা হয়েছে। শ্রমণ গৌতম সে মাংস ভক্ষণ করতে যাচ্ছেন, এটা জেনে যে, এটা তাঁর জন্য হত্যা করা হয়েছে, কাজটি তাঁর উদ্দেশ্যে করা হয়েছে।' তখন জনৈক ব্যক্তি সিংহ সেনাপতির সন্নিধানে গিয়ে তাঁর কানে কানে বললঃ 'প্রভু, আমি বলি, আপনি কি অবগত আছেন যে, বহু সংখ্যক নির্গ্রন্থ বৈশালীর রাস্তায়, চৌরাস্তায় নেমে পড়েছে তাদের বাহু নেড়ে এভাবে কেঁদে?' 'যথেষ্ট আর্য, সেই আয়ুষ্মানগণ দীর্ঘকাল যাবত বুদ্ধের অবমাননা, ধর্মের অবমাননা, সঙ্ঘের অবমাননা করার জন্য কামনা করে আসছে। কিন্তু তারা দুষ্ট, ব্যর্থ, মিথ্যা দ্বারা, মিথ্যা অপবাদ দ্বারা ভগবানের কোন অনিষ্ট করে না। জীবন থাকতে আমরা ইচ্ছাকৃতভাবে কোন জীবের জীবনকে বঞ্চিত করব না।'

Visit: http://www.buddhistdownload.com

১২। 'অতঃপর সিংহ সেনাপতি বুদ্ধ প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে স্বহস্তে প্রণীত খাদ্যভোজ্য পরিবেশন করে সন্তৃপ্ত করলেন এবং যখন ভগবান ভোজন[৩২] গ্রহণ সমাপ্ত করলেন এবং পাত্র হতে হস্ত তুলে নেন, সিংহ সেনাপতি এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সিংহ সেনাপতিকে ভগবান ধর্মকথা ভাষণ করেন, প্রবুদ্ধ, সমুত্তেজিত, সম্প্রহর্ষিত করে আসন হতে উঠে চলে গেলেন।'

৩. অস্সাজানীয় সুত্তং- অশ্বাজানেয় সূত্র

১৩. ১। 'হে ভিক্ষুগণ! রাজার সুন্দর উৎকৃষ্ট বংশজাত অশ্ব[৩৩] আটটি বিষয়ে সমৃদ্ধ হলে রাজার যোগ্য হয়, রাজার একটি প্রাপ্তি, রাজার সম্পদ হিসাবে বিবেচিত হয়। আট কি কি?

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! রাজার সুন্দর উৎকৃষ্ট বংশজাত অশ্ব উভয় পক্ষে সুজাত, মাতৃপক্ষ-পিতৃপক্ষ; অন্যান্য ভদ্র অশ্ব যে ক্ষেত্রে জাত হয় সে সেই ক্ষেত্রে জাত। তাকে সবুজ বা শুক্ল[৩৪] যে প্রকারের খাদ্য প্রদান করা হয় সে তা সযত্নে সেই খাদ্য বিক্ষিপ্ত না করেই পরিভোগ করে। সে গোবর বা প্রস্রাবের উপর শয়ন বা উপবেশনকে ঘৃণা বোধ করে। সে সুখ সংবাসে রত হয়, অন্য অশ্বকে ভীতি প্রদর্শন করতে চায় না। তার যেসব পাপ, কৌশল, দোষ বা ছল[৩৫] যথার্থ সে সেগুলো তার চালককে প্রদর্শন করে এবং তার চালক এগুলো সংশোধন করতে চেষ্টা করে। অশ্ব যখন বের হয় সে চিন্তা করেঃ "বেশ ভাল, অন্যান্য অশ্ব তাদের ইচ্ছামত টানুক, আমি এভাবেই টানব।" গমনকালে সে সোজা পথে গমন করে। সে দৃঢ়, জীবনে মৃত্যু না আসা পর্যন্ত তার দৃঢ়তা অটুট থাকে।

হে ভিক্ষুগণ! এই আটগুণে গুণান্বিত সুন্দর উৎকৃষ্ট বংশজাত অশ্ব রাজার যোগ্য, রাজার প্রাপ্তি, রাজসম্পদ হিসাবে বিবেচিত।

৩। তদ্রূপ হে ভিক্ষুগণ! অষ্টধর্মে গুণযুক্ত ভিক্ষু আহ্বানযোগ্য-প্রহ্বানযোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র। আট কি কি?

৪। হে ভিক্ষুগণ! এক্ষেত্রে, ভিক্ষু শীলবান হয়, প্রাতিমোক্ষের বিধান দ্বারা সংযত হয়ে অবস্থান করে, আচার-গোচর সম্পন্ন হয়, সামান্য দোষেও ভয়দর্শী হয়, শিক্ষাপদ সমূহ শিক্ষা করে, তারা তাকে নিকৃষ্ট

Visit: http://www.buddhistdownload.com

বা প্রণীত যে ভোজন দান করে তা নিঃশব্দে সতর্কতার সাথে পরিভোগ করে। সে ঘৃণা বোধ করে; সে কায় দুশ্চরিত্র, বাক্-দুশ্চরিত্র, মন-দুশ্চরিত্রকে নিন্দা করে; সে পাপ- অকুশল বিষয় সম্প্রাপ্তিকে নিন্দা করে। সে সুখ সংবাসে রত হয়, সে অন্য ভিক্ষুগণকে কষ্ট প্রদান করে না। তার যেসব পাপ, কৌশল, দোষ বা ছল যেগুলো যথার্থ সেগুলো সে শাস্তা বা অভিজ্ঞ সতীর্থ ভিক্ষুকে প্রদর্শন করে। সেক্ষেত্রে শাস্তা বা অভিজ্ঞ সব্রহ্মচারী তাকে সংশোধন করতে চেষ্টা করেন। একজন শিক্ষার্থী হিসাবে সে চিন্তা করেঃ "অন্য ভিক্ষুগণ তাদের ইচ্ছানুরূপ শিক্ষা করুক, আমি এভাবেই শিক্ষা করব।" গমনকালে সোজা[৩৬] পথে গমন করে এবং সেই সোজাপথ হল সম্যকদৃষ্টি, সম্যকসংকল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকজীবিকা, সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি, সম্যকসমাধি (আর্য অষ্টাঙ্গিক মার্গ)। বীর্যবান হয়ে সে অবস্থান করে এরূপ চিন্তা করেঃ চামড়া, অস্থি, অস্থিমজ্জাটুকু অবশিষ্ট থাকুক, আমার শরীরের মাংস ও রক্ত শুকিয়ে[৩৭] যাক, যে পর্যন্ত না পুরুষ দৃঢ়তা, পুরুষ-বীর্য, পুরুষ-পরাক্রম দ্বারা প্রাপ্তব্য বিষয় প্রাপ্ত হওয়া যায় সে পর্যন্ত বীর্যের বিশ্রাম থাকবে না।

হে ভিক্ষুগণ! এই অষ্টধর্ম প্রাপ্ত হয়ে ভিক্ষু আহ্বানযোগ্য-প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

৪. অস্সখলুঙ্ক সুত্তং- অশ্ব খলুঙ্ক সূত্র

১৪.১। "হে ভিক্ষুগণ! আমি অষ্টবিধ উদ্দীপক[৩৮] অশ্ব, তাদের আট প্রকার দোষ, অষ্টবিধ উদ্দীপক পুরুষ এবং অষ্টবিধ পুরুষ-দোষ সম্পর্কে ভাষণ করব, তা শ্রবণ কর, উত্তমরূপে মনোনিবেশ কর, আমি তা বিবৃত করছি।" 'যথা আজ্ঞা, প্রভু' বলে ভিক্ষুগণ প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করেন। ভগবান বললেন-

২। 'হে ভিক্ষুগণ! অষ্টবিধ উদ্দীপক অশ্ব এবং তাদের অষ্ট দোষ কি?

হে ভিক্ষুগণ! একটা উদ্দীপক অশ্ব সারথি দ্বারা প্রহৃত এবং উদ্দীপিত হয়ে যেতে দেয়া হয়, সারথি তাকে পশ্চাৎ থেকে ফিরায়, রথকে পাক দেয়। হে ভিক্ষুগণ! এরূপই উদ্দীপক অশ্ব। হে ভিক্ষুগণ! এটাই প্রথম অশ্বদোষ।

Visit: http://www.buddhistdownload.com

৩। পুনশ্চ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত এবং উদ্দীপিত হয়ে যেতে বলা হলে সে পেছন দিকে লাফ দেয়, পুনঃ পুনঃ সজোরে গাড়ীর লোহার বেড়ায় আঘাত করে এবং ত্রিদণ্ড ভেঙ্গে ফেলে। হে ভিক্ষুগণ! এরূপই কোন কোন অশ্ব উদ্দীপিত। এটা দ্বিতীয় অশ্বদোষ।

৪। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত ও উত্তেজিত হয়ে যেতে বলা হলে সে তার পেছনের অংশ দীর্ঘ কাষ্ঠদণ্ড হতে বন্ধন মুক্ত করে এবং তা পদদলিত করে। হে ভিক্ষুগণ! এরূপই উত্তেজিত অশ্ব। এটা তার তৃতীয় দোষ।

৫। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত ও উত্তেজিত হয়ে যেতে বলা হলে সে উন্মার্গ (ভুল পথ) গ্রহণ করে এবং তির্য্যক্‌ভাবে[৩৯] রথকে বিপথে নিয়ে যায়। এরূপই হে ভিক্ষুগণ! উত্তেজিত অশ্ব। এটা তার চতুর্থ দোষ।

৬। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত ও উত্তেজিত হয়ে যেতে বলা হলে সে শরীরের সামনের অংশ নিক্ষেপ করে, সামনের পা তুলে ফেলে। এরূপই হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা উত্তেজিত। এটা তার পঞ্চম দোষ।

৭। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব প্রহৃত ও উত্তেজিত হয়ে যেতে বলা হলে সারথির অসতর্কতায় সে লাগামের লৌহময় অংশ দাঁত দ্বারা চিবায়[৪০] এবং এলোমেলোভাবে ঘুরে বেড়ায়। হে ভিক্ষুগণ! এটা তার ষষ্ট দোষ।

৮। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত, উত্তেজিত হয়ে যেতে বলা হলে সে সামনে কিংবা পশ্চাতে না গিয়ে থেমে থাকে এবং স্তম্ভ সদৃশ দাঁড়িয়ে থাকে। হে ভিক্ষুগণ! এটা তার সপ্তম দোষ।

৯। পুনঃ হে ভিক্ষুগণ! কোন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত, উত্তেজিত হয়ে যেতে বলা হলে সে সামনের ও পেছনের পা একত্র করে সেই চার পায়ের উপরই বসে পড়ে। এরূপই উত্তেজিত অশ্ব এবং এটা তার অষ্টম দোষ।

হে ভিক্ষুগণ! এগুলিই হল অষ্টবিধ উত্তেজিত অশ্ব ও অশ্বদোষ।

Visit: http://www.buddhistdownload.com

১০। এবং হে ভিক্ষুগণ! অষ্টবিধ উত্তেজিত পুরুষ এবং তাদের অষ্ট দোষ কি কি?

এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষুগণ কোন ভিক্ষুকে আপত্তির (দোষের) জন্য তিরস্কার করে এবং সে এভাবে তিরস্কৃত হয়ে বিষয়টি বিস্মৃতিশীলতার অজুহাত এড়িয়ে যায় এ বলেঃ "আমার স্মরণ নেই। আমার স্মরণ নেই!" যেমন হে ভিক্ষুগণ! উত্তেজিত অশ্বকে যেতে বলা হলে সারথি দ্বারা প্রহৃত এবং উত্তেজিত হয়ে পেছনে ফিরে, রথকে ঘুরায়; হে ভিক্ষু, এই ব্যক্তিকে আমি তাদৃশ বলে অভিহিত করি। হে ভিক্ষুগণ! কোন কোন উত্তেজিত পুরুষ এরূপ এবং এটা তার প্রথম দোষ।

১১। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুগণ কোন ব্যক্তিকে আপত্তির জন্য তিরস্কার করে এবং সে এভাবে তিরস্কৃত হয়ে তিরস্কারকারীকে চিন্তা না করেই হঠাৎ বলে ফেলেঃ "অজ্ঞ, বোকা, আপনার কথা বলার কি অধিকার আছে? আপনি কেন মনে করেন যে, আপনার কথা বলা উচিত?" হে ভিক্ষুগণ! যেমন কোন উত্তেজিত অশ্ব পেছনে লাফ দেয় এবং পুনঃ পুনঃ সজোরে রথের লোহার বেড়ায় আঘাত করে, ত্রিদণ্ড ভেঙ্গে ফেলে, হে ভিক্ষুগণ! এই পুদ্গলও তাদৃশ, আমি বলি। হে ভিক্ষুগণ! কোন কোন উত্তেজিত পুরুষ এরূপ এবং এটা তার দ্বিতীয় দোষ।

১২। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুগণ কোন ভিক্ষুকে দোষের জন্য তিরস্কার করে এবং সে এভাবে তিরস্কৃত হয়ে তিরস্কারকারীকে প্রতিবাদ করেঃ "বেশ ভাল, আপনিও এরূপ এরূপ দোষ করেছেন। আপনাকেই প্রথম সংশোধন করা উচিত।" হে ভিক্ষুগণ! যেমন কোন অশ্ব সারথি দ্বারা প্রহৃত ও উত্তেজিত হয়ে যেতে বলা হলে সে তার পেছনের অংশ দীর্ঘ কাষ্ঠদণ্ড হতে বন্ধন মুক্ত করে, হে ভিক্ষুগণ! আমি বলি এই ব্যক্তিও তাদৃশ। হে ভিক্ষুগণ! কোন কোন পুরুষ যে উত্তেজিত তা এরূপ এবং এটা তার তৃতীয় দোষ।

১৩। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুগণ কোন কোন ভিক্ষুকে দোষের জন্য তিরস্কার করে এবং সে এভাবে তিরস্কৃত হয়ে অন্য প্রশ্ন দ্বারা প্রশ্নটি এড়িয়ে যায়, বিষয়টি একদিকে ঘুরিয়ে দেয় এবং ক্রোধ, বিদ্বেষ ও

Visit: http://www.buddhistdownload.com

মুখভারিতা[৪১] প্রকাশ করে। যেমন, হে ভিক্ষুগণ! কোন উত্তেজিত অশ্ব সারথি কর্তৃক প্রহৃত হয়ে যেতে বলা হলে সে ভুল পথ গ্রহণ করে চলে এবং রথকে বিপথে নিয়ে যায়, আমি বলি এই ব্যক্তিও তাদৃশ। হে ভিক্ষুগণ! কোন কোন পুরুষ যে উত্তেজিত তা এরূপ। হে ভিক্ষুগণ! এটা তার চতুর্থ দোষ।

১৪। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুরা ভিক্ষুকে দোষের জন্য তিরস্কার করে। সেই ভিক্ষু ভিক্ষুগণ দ্বারা আপত্তির জন্য তিরস্কৃত হয়ে সঙ্ঘমধ্যে ব্যাপক অঙ্গভঙ্গী দ্বারা কথাবার্তা উত্থাপন করে। যেমন, হে ভিক্ষুগণ! কোন উত্তেজিত অশ্বকে সারথি কর্তৃক প্রহৃত হয়ে যেতে বলা হলে সে শরীরের সামনের অংশ সামনের পা তুলে ফেলে। হে ভিক্ষুগণ! আমি বলি, এই ব্যক্তিও তাদৃশ। হে ভিক্ষুগণ! কোন কোন পুরুষ যে উত্তেজিত তা এরূপ। হে ভিক্ষুগণ! এটা তার পঞ্চম দোষ।

১৫। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুরা ভিক্ষুকে আপত্তির জন্য তিরস্কার করে। ভিক্ষুগণ দ্বারা দোষের জন্য তিরস্কৃত হয়ে সে ভিক্ষু সঙ্ঘকে ভ্রূক্ষেপ করে না কিংবা তার তিরস্কারকারীকে লক্ষ্য করে না, কিন্তু অপরাধীর[৪২] ন্যায় এলোমেলোভাবে ইতস্ততঃ ঘুরে বেড়ায়। যেমন হে ভিক্ষুগণ! উত্তেজিত অশ্ব সারথির অসতর্কতায় লাগামের লৌহময় অংশ দাঁত দ্বারা চিবায় এবং এলোমেলোভাবে ঘুরে বেড়ায়, হে ভিক্ষুগণ! আমি বলি, এই ব্যক্তিও তাদৃশ। হে ভিক্ষুগণ! কোন কোন পুরুষ যে উত্তেজিত তা এরূপ। হে ভিক্ষুগণ! এটা তার ষষ্ঠ দোষ।

১৬। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুরা ভিক্ষুকে দোষের জন্য তিরস্কার করে। সেই ভিক্ষু ভিক্ষুগণ দ্বারা আপত্তির জন্য তিরস্কৃত হয়ে বলেঃ "কিন্তু আমি কোন দোষ করিনি, না, না, আমি দোষী নই।" সে তুষ্ণীভাব দ্বারা সঙ্ঘকে বিরক্তি প্রদান করে। যেমন হে ভিক্ষুগণ! কোন উত্তেজিত অশ্বকে প্রহৃত হয়ে যেতে বলা হলে সে সামনের দিকেও গমন করে না কিংবা পেছনের দিকেও গমন করে না কিন্তু থেমে যায় এবং স্তম্ভ সদৃশ দাঁড়িয়ে থাকে, হে ভিক্ষুগণ! আমি বলি, এই ব্যক্তিও তাদৃশ। হে ভিক্ষুগণ! কোন কোন পুরুষ যে উত্তেজিত তা এরূপ। হে ভিক্ষুগণ! এটা তার সপ্তম দোষ।

১৭। পুনঃ হে ভিক্ষুগণ! ভিক্ষুরা ভিক্ষুকে আপত্তির জন্য তিরস্কার

Visit: http://www.buddhistdownload.com

করে। ভিক্ষুগণ দ্বারা দোষের জন্য তিরস্কৃত হয়ে সে বলেঃ "শ্রদ্ধেয় আয়ুষ্মানগণ! আপনারা আমার জন্য এত চিন্তিত কেন? এখন থেকে আমি শিক্ষাপদ সমূহ অস্বীকার করব এবং হীনলোকে প্রত্যাবর্তন করব।" এবং যখন সে হীনলোকে প্রত্যাবর্তন করল সে বলল, "শ্রদ্ধেয় আয়ুষ্মানগণ! এখন আপনারা সন্তুষ্ট হোন!" হে ভিক্ষুগণ! যেমন, সারথি দ্বারা প্রহৃত, উত্তেজিত হয়ে কোন অশ্বকে যেতে বলা হলে সে সামনের পেছনের পা একত্র করে চার পায়ের উপর বসে পড়ে, হে ভিক্ষুগণ! আমি বলি, এই পুদ্গলটি তাদৃশ। হে ভিক্ষুগণ! কোন কোন পুরুষ যে উত্তেজিত তা এরূপ। হে ভিক্ষুগণ! এটা তার অষ্টম দোষ।

হে ভিক্ষুগণ! এই হল অষ্টবিধ পুরুষ ও অষ্টবিধ পুরুষদোষ।"

৫. মল সুত্তং- মল সূত্র

১৫.১। 'হে ভিক্ষুগণ! এই আট প্রকার মল। আট কি কি?

২। হে ভিক্ষুগণ! পুনঃ পুনঃ আবৃত্তি না করা মন্ত্রের মল; অনুত্থান গৃহমল; অলসতা সৌন্দর্য্যমল; প্রমাদ (অসতর্কতা) পাহারাদারের মল; দুরাচরণ স্ত্রীমল; মাৎসর্য্য দানমল; হে ভিক্ষুগণ! পাপ এবং অকুশল ধর্ম ইহ ও পরলোকের মল; কিন্তু এগুলো থেকেও অধিকতর মল আছে, অবিদ্যা পরম মল।

হে ভিক্ষুগণ! এগুলিই অষ্ট মল।

পুনঃপুনঃ অনধ্যয়ন হয় মন্ত্রমল, গৃহমল অনুত্থান,
শরীর মল আলস্য, রক্ষণমল হয় যে প্রমাদ,
স্ত্রীমল দুশ্চরিত্র, দানমল কৃপণতা,
ইহ ও পরলোকের মল পাপাচরণ,
এসব মল হতে অধিক মল অবিদ্যা,
সর্বাপেক্ষা পরমমল[৪৩] হয় যে অবিদ্যা।'

৬. দূতেয্য সুত্তং- দূত্য সূত্র

১৬.১। হে ভিক্ষুগণ! অষ্ট গুণে গুণান্বিত ভিক্ষু দূত হিসাবে প্রেরণ যোগ্য। আট কি কি?

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! একজন ভিক্ষু শ্রোতা ও অপরকে শ্রবণে নিযুক্তকারী উভয়ই; একজন শিক্ষার্থী এবং শিক্ষক; একজন জ্ঞাতা ও

Visit: http://www.buddhistdownload.com

ব্যাখ্যাকারক; মিল হতে অমিল উপলব্ধিতে দক্ষ এবং কলহকারী নহে।

হে ভিক্ষুগণ! এই অষ্টগুণে গুণান্বিত ভিক্ষু দূত হিসাবে প্রেরণযোগ্য।

৩। হে ভিক্ষুগণ! অষ্টগুণে গুণান্বিত শারীপুত্র তদ্রূপ দূত হিসাবে প্রেরণযোগ্য। অষ্ট গুণ কি কি?

৪। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! শারীপুত্র একজন শ্রোতা ও অপরকে শ্রবণে নিয়োগকারী; একজন শিক্ষার্থী ও শিক্ষক; একজন জ্ঞাতা ও ব্যাখ্যাকারক; মিল হতে অমিল উপলব্ধিতে দক্ষ এবং কলহকারী নহে।

হে ভিক্ষুগণ! শারীপুত্র এই অষ্টগুণে গুণান্বিত দূত হিসাবে প্রেরণযোগ্য।

যিনি না হন কম্পিত[৪৪] প্রাপ্ত হয়ে উগ্রবাদী পরিষদ,
না হন ব্যর্থ উপদেশ দানে কিংবা করেন না আচ্ছাদন
সুগতের শাসন; অসন্দিগ্ধভাবে[৪৫] করেন ভাষণ,
হলেও জিজ্ঞাসিত না হন কোপিত,
সেই ভিক্ষুই হন যোগ্য গমনে দূতকার্য্যে।'

৭. পঠম বন্ধন সুত্তং- প্রথম বন্ধন সূত্র

১৭.১। 'হে ভিক্ষুগণ! অষ্টবিধ উপায়ে একজন স্ত্রীলোক পুরুষকে অভিভূত করে। আট কি কি?

২। একজন স্ত্রীলোক পুরুষকে রূপ দ্বারা, হাসি দ্বারা, কথা দ্বারা, গান দ্বারা, অশ্রু দ্বারা, পোষাক দ্বারা, বন হতে সংগৃহীত পুষ্প-ফলাদি[৪৬] দ্বারা, স্পর্শ দ্বারা অভিভূত করে।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ উপায়ে স্ত্রীলোক পুরুষকে অভিভূত করে। এগুলো দ্বারা আবদ্ধ জীব ফাঁদে পড়ে।'

৮. দুতিয বন্ধন সুত্তং- দ্বিতীয় বন্ধন সূত্র

১৮.১। 'হে ভিক্ষুগণ, অষ্টবিধ উপায়ে পুরুষ স্ত্রীলোককে অভিভূত করে। আট কি কি?

২। হে ভিক্ষুগণ! রূপ দ্বারা, হাসি দ্বারা, কথার দ্বারা, গান দ্বারা, অশ্রু দ্বারা, পোষাক দ্বারা, বন হতে সংগৃহীত পুষ্প-ফলাদি দ্বারা, স্পর্শ দ্বারা পুরুষ স্ত্রীলোককে অভিভূত করে।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ উপায়ে পুরুষ স্ত্রীলোককে অভিভূত করে। এগুলো দ্বারা আবদ্ধ জীব পাশাবদ্ধ হয়।'

Visit: http://www.buddhistdownload.com

৯. পহারাদ সুত্তং- পহারাদ সূত্র

১৯.১। এক সময় ভগবান বৈরঞ্জায় নলেরু নিম্ব বৃক্ষ[৪৭] মূলে অবস্থান করছিলেন। তখন রাজ পহারাদ[৪৮] ভগবানের সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে স্থিত হন। এক প্রান্তে স্থিত অসুর রাজ পহারাদকে ভগবান বলেনঃ 'পহারাদ, আমি মনে করি যে, অসুরগণ মহাসমুদ্রে অভিরমিত হয়?' 'হাঁ ভন্তে, তারা মহাসমুদ্রে অভিরমিত হয়।' 'কিন্তু পহারাদ কি পরিমাণ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় মহাসমুদ্রে আছে যেগুলো দেখে তারা অভিরমিত হয়?, 'ভন্তে, মহাসমুদ্রে আটটি আশ্চর্যজনক বিষয় আছে যেগুলো দর্শন করে করে অসুরগণ অভিরমিত হয়। আটটি কি কি?

২। প্রভু, মহাসমুদ্র ক্রমশঃ ঢালু হয়ে যায়, ক্রমশঃ নেমে যায়, ক্রমশঃ এক পার্শ্বে ফেলে রাখে পাহাড়াদির খাড়া দিক সদৃশ কোন খাড়াইভাব ছাড়া। প্রভু, মহাসমুদ্র যে ক্রমশঃ ঢালু হয়ে যায়, ক্রমশঃ নেমে যায়, পাহাড়াদির খাড়া দিক সদৃশ কোন খাড়াইভাব না থাকা- এটাই প্রথম আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৩। পুনশ্চ ভন্তে! মহাসমুদ্র স্থির। এটা এর সীমা পদদলিত করে না। ভন্তে! মহাসমুদ্র যে স্থিতধর্মী, বেলাভূমি অতিক্রম করে নাঃ ভন্তে, এটা দ্বিতীয় আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৪। পুনঃ ভন্তে! মহাসমুদ্রে মৃত দেহ মিলিত হয় না। যে কোন ধরণের মৃতদেহ মহাসমুদ্রে পতিত হোক না কেন, তা অতি শীঘ্র তীরে এবং স্থলভাগে স্তূপীকৃত হয়। ভন্তে! মহাসমুদ্রে যে মৃতদেহ মিলিত হয় না, যে কোন ধরণের মৃতদেহ মহাসমুদ্রে পতিত হোক তা অতি শীঘ্র তীরে স্থলভাগে[৪৯] স্তূপীকৃত হয় তা তৃতীয় আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৫। পুনঃ ভন্তে! যে সকল মহানদী যেমন গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী মহাসমুদ্রে পতিত হয়ে তাদের পূর্ব নাম, গোত্র হারিয়ে যায় এবং শুধু মাত্র মহাসমুদ্র হিসাবে বিবেচিত হয়। ভন্তে! গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহীর[৫০] ন্যায় মহানদীসমূহ যে মহাসমুদ্রে পতিত

Visit: http://www.buddhistdownload.com

হয়ে তাদের পূর্ব নাম, গোত্র[৫১] হারিয়ে যায় এবং শুধুমাত্র মহাসমুদ্র হিসাবে বিবেচিত হয় তা চতুর্থ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৬। প্রভু, যদিও জগতের সকল ক্ষুদ্র নদী মহাসমুদ্রে প্রবাহিত হয় এবং আকাশ হতে যে বৃষ্টির ধারা বর্ষিত হয়, তদ্বারা মহাসমুদ্রের শূন্যতা বা পূর্ণতার কোন ব্যাঘাত ঘটে না। প্রভু, যদিও জগতের সকল ক্ষুদ্র নদী মহাসমুদ্রে প্রবাহিত এবং অন্তরীক্ষে যে বারিধারা বর্ষিত হয় তদ্বারা মহাসমুদ্রের শূন্যতা বা পূর্ণতার যে কোন ব্যাঘাত ঘটে না তা মহাসমুদ্রের পঞ্চম আশ্চর্য ও অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৭। পুনঃ ভন্তে! মহাসমুদ্রের একটি মাত্র রস, লবণ রস। ভন্তে! মহাসমুদ্রের যে একটি মাত্র রস[৫২] লবণ রস, এটা মহাসমুদ্রের ষষ্ঠ আশ্চর্য ও অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৮। পুনঃ প্রভু! মহাসমুদ্র নানাবিধ সম্পদের সঞ্চয়াগার[৫৩] তথায় এসব সম্পদ বিদ্যমান; মুক্তা[৫৪], মণি[৫৫], উজ্জ্বল নীল বর্ণের প্রস্তর[৫৬] শঙ্খ[৫৭], স্ফটিক মণি, প্রবাল[৫৮], রৌপ্য, স্বর্ণ, লোহিতঙ্ক ও বিভিন্ন রঙের মণি। প্রভু, মহাসমুদ্র যে নানাবিধ সম্পদের সঞ্চয়াগার, তথায় এসব সম্পদ বিদ্যমানঃ মুক্তা, মণি উজ্জ্বল নীল বর্ণের প্রস্তর, শঙ্খ, স্ফটিক, মণি, প্রবাল, রৌপ্য, স্বর্ণ, লোহিতঙ্ক ও বিভিন্ন রঙের মণি, এটা মহাসমুদ্রের সপ্তম আশ্চর্য ও অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

৯। পুনঃ ভন্তে! মহাসমুদ্র বিশাল আকার প্রাণিদের আবাস। তথায় তিমি তিমিঙ্গল এবং তিমিতিমিঙ্গল[৫৯] রয়েছে; তথায় আছে অসুর, নাগ[৬০] এবং গন্ধর্ব[৬১]। মহাসমুদ্রে আছে শত যোজন দীর্ঘ জীব, দ্বিশত যোজন, ত্রিশত, চতুর্শত, পঞ্চশত যোজন দীর্ঘ জীব। ভন্তে! মহাসমুদ্র যে বিশাল আকার প্রাণিদের আবাস, তথায় তিমি, তিমিঙ্গল, তিমিতিমিঙ্গল রয়েছে; রয়েছে অসুর, নাগ, গন্ধর্ব; মহাসমুদ্রে আছে শত যোজন দীর্ঘ জীব, দ্বি-শত, ত্রিশত, চতুর্শত, পঞ্চশত যোজন দীর্ঘ জীব, এটা মহাসমুদ্রের অষ্টম আশ্চর্য, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে

Visit: http://www.buddhistdownload.com

মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

ভন্তে! এই অষ্টবিধ আশ্চর্য অদ্ভুত বিষয় দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়। আমি মনে করি ভন্তে! এই ধর্ম বিনয়ে ভিক্ষুগণ অভিরমিত।' 'হাঁ পহারাদ, এই ধর্মবিনয়ে ভিক্ষুগণ অভিরমিত।' 'কিন্তু ভন্তে! এই ধর্মবিনয়ে কিরূপ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় আছে যেগুলি প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা অভিরমিত হন?'

১০। 'পহারাদ, এই ধর্মবিনয়ে আটটি আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় আছে যেগুলি প্রত্যক্ষ করে করে ভিক্ষু এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়। আট কি কি?

১১। যেমন পহারাদ, মহাসমুদ্র ক্রমশঃ ঢালু হয়ে যায়, ক্রমশঃ দূরে চলে যায়, পাহাড়াদির খাড়া দিক সদৃশ কোন খাড়াইভাব ছাড়া ক্রমশঃ এক পার্শ্বে পড়ে থাকে, ঠিক তদ্রূপ, এই ধর্ম বিনয়ে আকস্মিকতা বিহীন আনুপূর্বিক শিক্ষা,[৬২] আনুপূর্বিক ক্রিয়া (অনুশীলন), আনুপূর্বিক প্রতিপদা (উন্নতি) আছে যেমন অন্তর্দৃষ্টির উপলব্ধি। পহারাদ এই ধর্ম বিনয়ে যে আনুপূর্বিক শিক্ষা, আনুপূর্বিক অনুশীলন, আনুপূর্বিক প্রতিপদা আছে, এটা এই ধর্ম বিনয়ের প্রথম আশ্চর্য, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করেই ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

১২। পহারাদ, মহাসমুদ্র যেমন স্থির, এর সীমানা অতিক্রম করে না, ঠিক তদ্রূপ পহারাদ, আমা কর্তৃক প্রজ্ঞাপিত শিক্ষাপদ আমার শ্রাবকগণ[৬৩] জীবনের বিনিময়েও লঙ্ঘন করে না। পহারাদ, আমা দ্বারা প্রজ্ঞাপিত শিক্ষাপদ যে আমার শ্রাবকগণ জীবনের বিনিময়েও লঙ্ঘন করে না-এটা এই ধর্ম-বিনয়ের দ্বিতীয় আশ্চর্যজনক অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করেই ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

১৩। যেমন, পহারাদ! মহাসমুদ্রে কোন মৃতদেহ থাকতে পারে না, কোন ধরণের মৃতদেহ পতিত হলে তা শীঘ্রই তীরে স্থলভাগে স্তূপীকৃত হয়; তদ্রূপ পহারাদ! দুঃশীল, পাপধর্মী, অশুচি, সন্দিগ্ধ আচারসম্পন্ন, গোপনে কর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের প্রতিজ্ঞাকারী, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের প্রতিজ্ঞাকারী, হাড়ে হাড়ে পচা, কামুক এবং অধম,[৬৪] সঙ্ঘমধ্যে এধরণের পুদ্গল মিলিত হয় না, কিন্তু অতি শীঘ্র একত্রিত হয়ে তাকে বহিষ্কার[৬৫] করে দেয়। যদিও সে একত্রিত সঙ্ঘের

Visit: http://www.buddhistdownload.com

মধ্যে উপবিষ্ট থাকে তথাপি সে সঙ্ঘ হতে বহু দূরে এবং সঙ্ঘ তা হতে বহু দূরে।.....এটা ধর্ম বিনয়ের তৃতীয় আশ্চর্যজনক অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

১৪। যেমন পহারাদ, যে সকল মহানদী আছে, যেমন- গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী তৎসমুদয় মহাসমুদ্রে পতিত হয়ে তাদের পূর্ব নাম, গোত্র হারিয়ে ফেলে এবং শুধু মাত্র মহাসমুদ্র হিসাবেই বিবেচিত হয়; তদ্রূপ, পহারাদ, এ চার বর্ণঃ ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র[৬৬] তথাগত প্রবেদিত ধর্ম-বিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভ করতঃ তাদের পূর্ব নাম, গোত্র পরিহার করে শুধু মাত্র শাক্য[৬৭] পুত্রীয় শ্রমণ হিসাবে বিবেচিত হয়। পহারাদ, এ চার বর্ণ যেমন ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র যে তথাগত প্রবেদিত ধর্ম-বিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভ করতঃ তাদের পূর্বনাম, গোত্র পরিহার করে শুধুমাত্র শাক্যপুত্রীয় শ্রমণ হিসাবে বিবেচিত হয়- এটা এই ধর্ম বিনয়ের চতুর্থ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম-বিনয়ে অভিরমিত হয়।

১৫। যেমন পহারাদ, যদিও জগতের সকল ক্ষুদ্র নদী মহাসমুদ্রে পতিত হয় এবং অন্তরীক্ষে যে বারিধারা বর্ষিত হয় তদ্বারা মহাসমুদ্রের শূন্যতা বা পূর্ণতার কোন প্রতিক্রিয়া সৃষ্টি করে না; তদ্রূপ পহারাদ, বহু সংখ্যক ভিক্ষু অনুপাদিশেষ নির্বাণধাতুতে পরিনির্বাপিত হয়, নির্বাণধাতুর শূন্যতা বা পূর্ণতার উপর কোন প্রতিক্রিয়া সৃষ্টি করে না। পহারাদ, বহু সংখ্যক ভিক্ষু অনুপাদিশেষ নির্বাণধাতুতে পরিনির্বাপিত হলে নির্বাণ ধাতুর শূন্যতা বা পূর্ণতার উপর যে কোন প্রকার প্রতিক্রিয়া সৃষ্টি করে না- পহারাদ! এটা এই ধর্ম বিনয়ের পঞ্চম আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

১৬। যেমন পহারাদ! মহাসমুদ্রের এক রস লবণ রস; তদ্রূপ পহারাদ! এই ধর্ম বিনয়ে এক রস বিমুক্তি রস। পহারাদ! এই ধর্ম বিনয়ে যে একরস বিমুক্তিরস, পহারাদ! তা এই ধর্ম বিনয়ের ষষ্ঠ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

১৭। যেমন পহারাদ! মহাসমুদ্র নানাবিধ মূল্যবান সম্পদের সঞ্চয়াগার, তথায় এসব সম্পদ বিদ্যমানঃ মুক্তা, মণি উজ্জ্বল নীল বর্ণের প্রস্তর, শঙ্খ, স্ফটিক, মণি, প্রবাল, রৌপ্য, স্বর্ণ, লোহিতঙ্ক ও বিভিন্ন রঙের মণি; তদ্রূপ পহারাদ! এই ধর্ম-বিনয়ে আছে অনেক, নানাবিধ রত্নঃ চার স্মৃতি প্রস্থান, চার সম্যক প্রধান, চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চ বল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ। পহারাদ! এই ধর্ম-বিনয়ে যে অনেক, নানাবিধ রত্ন যেমন চার স্মৃতি প্রস্থান, চার সম্যক প্রধান, চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ[৬৮] আছেঃ পহারাদ, এটা এই ধর্ম-বিনয়ের সপ্তম আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

১৮। যেমন পহারাদ, মহাসমুদ্র বিশাল বিশাল প্রাণিদের আবাসস্থল। তথায় বাস করে তিমি, তিমিঙ্গল, অসুর, নাগ, গন্ধর্ব; মহাসমুদ্রে আছে শত যোজন, দ্বি-শত যোজন, ত্রিশত, চতুর্শত, পঞ্চশত যোজন দীর্ঘ জীব; তদ্রূপ পহারাদ! এই ধর্ম বিনয় মহৎ সত্ত্বদের আবাস, তথায় আছে এসব ভূতঃ স্রোতাপন্ন এবং স্রোতাপত্তিফল প্রত্যক্ষক্রিয়ায় প্রতিপন্ন, সকৃদাগামী এবং সকৃদাগামীফল প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, অনাগামী এবং অনাগামীফল প্রত্যক্ষক্রিয়া, প্রতিপন্ন, অর্হৎ এবং অর্হত্বে প্রতিপন্ন; পহারাদ এটাই এই ধর্ম বিনয়ের অষ্টম আশ্চর্যজনক অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করেই ভিক্ষুগণ এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

পহারাদ, এগুলিই এই ধর্ম বিনয়ের অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুগণ এই ধর্ম-বিনয়ে অভিরমিত হয়।'

১০. উপোসথ সুত্তং- উপোসথ সূত্র

২০.১। আমার এরূপ[৬৯] শ্রুত হয়েছে- এক সময় ভগবান শ্রাবস্তীর পূর্বারামে মিগার মাতা[৭০] নির্মিত প্রাসাদে অবস্থান করছিলেন। সে সময়ে ভগবান উপোসথ[৭১] দিবসে ভিক্ষুসঙ্ঘ পরিবৃত হয়ে উপবিষ্ট হন। তখন শ্রদ্ধেয় আনন্দ রাত্রি যখন অধিক অতিবাহিত হল এবং রাত্রির প্রথম ভাগ অতিক্রান্ত হয়ে গেল তিনি নিজ আসন হতে উঠলেন এবং উত্তরাসঙ্ঘ একাংশ করতঃ ভগবানের প্রতি অঞ্জলি নিবেদন করতঃ

Visit: http://www.buddhistdownload.com

ভগবানকে এরূপ বললেনঃ 'ভন্তে, রাত্রি অনেক অতিবাহিত হয়েছে; রাত্রির প্রথমযাম অতিক্রান্ত, ভিক্ষুসঙ্ঘ চির উপবিষ্ট। ভন্তে ভগবান! ভিক্ষুগণের উদ্দেশ্যে প্রাতিমোক্ষ আবৃত্তি করুন।' শ্রদ্ধেয় আনন্দ এরূপ বললেন। কিন্তু ভগবান নীরব রইলেন।

২। দ্বিতীয়বারও আয়ুষ্মান আনন্দ রাত্রি যখন অনেক অতিবাহিত হল এবং রাত্রির মধ্যম যাম অতিক্রান্ত হয়ে গেল, তিনি আসন হতে উঠলেন এবং উত্তরাসঙ্ঘ একাংশ করতঃ ভগবানের প্রতি অঞ্জলিবদ্ধ হয়ে বন্দনা নিবেদন করতঃ ভগবানকে এরূপ বললেনঃ 'ভন্তে রাত অনেক দূর অতিবাহিত হয়েছে, রাত্রির মধ্যমযাম অতিক্রান্ত; ভিক্ষুসঙ্ঘ চির উপবিষ্ট। ভন্তে ভগবান! ভিক্ষুগণকে প্রাতিমোক্ষ নির্দেশ করুন।' দ্বিতীয়বারও ভগবান তুষ্ণীভূত রইলেন।

৩। তৃতীয়বারও শ্রদ্ধেয় আনন্দ রাত্রি যখন অনেক দূর অতিবাহিত হল এবং রাত্রির শেষ যাম অতিক্রান্ত হয়ে গেল, তখন তিনি আসন হতে উঠলেন উত্তরাসঙ্ঘ একাংশ করতঃ ভগবানের উদ্দেশ্যে এরূপ নিবেদন করলেনঃ 'ভন্তে! রাত অনেক দূর অতিবাহিত হয়েছে, রাত্রির শেষযাম অতিক্রান্ত; ভিক্ষুসঙ্ঘ চির উপবিষ্ট। ভন্তে ভগবান! ভিক্ষুসঙ্ঘকে প্রাতিমোক্ষ নির্দেশ করুন।' 'হে আনন্দ! পরিষদ অপরিশুদ্ধ।'

৪। তখন শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়নের মনে এ প্রশ্নটির উদ্রেক হলঃ 'কোন্ ব্যক্তির প্রসঙ্গে ভগবান বললেনঃ "আনন্দ! পরিষদ অপরিশুদ্ধ?" অতঃপর আয়ুষ্মান মহামোদ্গল্যায়ন চিত্ত দ্বারা সেই ভিক্ষুদের সবার চিত্ত মনস্কার করলেন (উপলব্ধি করলেন)। শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়ন[৭২] ভিক্ষুসঙ্ঘের মধ্যে দুঃশীল, পাপী, অশুচি, সন্দিগ্ধ আচারযুক্ত, প্রতিচ্ছন্নে কর্ম সম্পাদনকারী অশ্রমণ হয়ে শ্রমণত্বের দাবীদার, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের দাবীদার, হাড়ে হাড়ে পচা, কামুক, হীন ব্যক্তিকে উপবিষ্ট দেখতে পেলেন। আয়ুষ্মান মোদ্গল্যায়ন আসন হতে উঠে সেই পুদ্গলের নিকট গেলেন। উপস্থিত হয়ে সেই ব্যক্তিকে বললেনঃ 'বন্ধু, উঠুন, আপনাকে ভগবান দেখে ফেলেছেন, ভিক্ষুসঙ্ঘের সাথে আপনার সঙ্গ হবে না।' যখন তিনি একথা বলেন সেই ব্যক্তি নীরব রইল। দ্বিতীয়বারও শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়ন তাকে একই কথা বলেন এবং

Visit: http://www.buddhistdownload.com

দ্বিতীয়বারও সেই ব্যক্তি নীরব রইল। তৃতীয়বারও শ্রদ্ধেয় মহামোদ্গল্যায়ন তাকে একই কথাই বললেন এবং তৃতীয়বারও সেই ব্যক্তি নীরব রইল।

৫। তৎপর আয়ুষ্মান মহামোদ্গ্যায়ন এই ব্যক্তিকে বাহুতে ধরে দরজার বাইরে বের করে দিয়ে দরজায় খিল দিয়ে ভগবানের নিকট উপস্থিত হয়ে ভগবানকে বললেনঃ 'ভন্তে, সেই ব্যক্তি আমা কর্তৃক বহিষ্কৃত হয়েছে। পরিষদ এখন পরিশুদ্ধ। ভন্তে ভগবান! আপনি প্রাতিমোক্ষ আবৃত্তি করুন।' 'আশ্চর্য, মোদ্গল্যায়ন! সেই মূর্খ ব্যক্তি বাহুতে ধরে বের করে না দেয়া পর্যন্ত অপেক্ষা করল! অতঃপর ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ-

৬। 'হে ভিক্ষুগণ! তোমরা উপোসথ প্রতিপালন করবে, প্রাতিমোক্ষ আবৃত্তি করবে। এখন থেকে এবং অদ্য আমি প্রাতিমোক্ষ আবৃত্তি করব না। যেহেতু ভিক্ষুগণ! এটা অসম্ভব, এটা হতে পারে না যে, তথাগতের অপরিশুদ্ধ পরিষদে প্রাতিমোক্ষ আবৃত্তির অবকাশ রয়েছে।

৭। হে ভিক্ষুগণ! মহাসমুদ্রে এই অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় রয়েছে যেগুলো দেখে দেখে অসুরগণ মহাসমুদ্রে অভিরমিত হয়। আট কি কি?

হে ভিক্ষুগণ! মহাসমুদ্র ক্রমশঃ ঢালু, ক্রমশঃ নেমে যায়, পাহাড়াদির কোন খাড়া দিক সদৃশ কোন খাড়াইভাব ছাড়া ক্রমশঃ এক পার্শ্বে পড়ে থাকে। হে ভিক্ষুগণ! মহাসমুদ্র যে ক্রমশঃ ঢালু, ক্রমশঃ নেমে যায়, পাহাড়াদির খাড়া দিক সদৃশ কোন খাড়াইভাব থাকে না- এটাই হে ভিক্ষুগণ! মহাসমুদ্রের প্রথম আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দেখে দেখে অসুরগণ মহাসমুদ্রে অভিরমিত হয়। পুনশ্চ, হে ভিক্ষুগণ! মহাসমুদ্র স্থির। এটা এর সীমা পদদলিত করে না। ভিক্ষুগণ! মহাসমুদ্র যে স্থিতধর্মী, বেলাভূমি অতিক্রম করে নাঃ হে ভিক্ষুগণ! এটা দ্বিতীয় আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে অসুরগণ মহাসমুদ্রে অভিরমিত হয়। পুনঃ হে ভিক্ষুগণ! মহাসমুদ্রে মৃতদেহ মিলিত হয় না। যে কোন ধরণের মৃতদেহ মহাসমুদ্রে পতিত হোক না কেন, তা অতি শীঘ্র তীরে এবং স্থলভাগে স্তূপীকৃত হয়। ভিক্ষুগণ! মহাসমুদ্রে যে মৃতদেহ মিলিত হয় না, যে কোন ধরণের মৃতদেহ পতিত হোক, তা

Visit: http://www.buddhistdownload.com

অতি শীঘ্র তীরে স্থলভাগে স্তূপীকৃত হয় তা তৃতীয় আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

পুনঃ হে ভিক্ষুগণ! যে সকল মহানদী যেমন গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী মহাসমুদ্রে পতিত হয়ে তাদের পূর্বনাম, গোত্র হারিয়ে যায় এবং শুধুমাত্র মহাসমুদ্র হিসাবে বিবেচিত হয়। ভিক্ষুগণ! গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহীর ন্যায় মহানদীসমূহ যে মহাসমুদ্রে পতিত হয়ে হারিয়ে যায় এবং তাদের পূর্বনাম, গোত্র হারিয়ে যায় এবং শুধুমাত্র মহাসমুদ্র হিসাবে বিবেচিত হয় তা চতুর্থ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

পুনঃ, হে ভিক্ষুগণ! যদিও জগতের সকল ক্ষুদ্র নদী মহাসমুদ্রে প্রবাহিত হয় এবং আকাশ হতে যে বৃষ্টির ধারা বর্ষিত হয়, তদ্বারা মহাসমুদ্রের শূন্যতা বা পূর্ণতার কোন ব্যাঘাত ঘটে না। ভিক্ষুগণ! যদিও জগতের সকল ক্ষুদ্র নদী মহাসমুদ্রে প্রবাহিত হয় এবং অন্তরীক্ষে যে বারিধারা বর্ষিত হয় তদ্বারা মহাসমুদ্রের শূন্যতা বা পূর্ণতার যে কোন ব্যাঘাত ঘটে না তা মহাসমুদ্রের পঞ্চম আশ্চর্য ও অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

পুনঃ হে ভিক্ষুগণ! মহাসমুদ্রের একটি মাত্র রস লবণ রস, এটা মহাসমুদ্রের ষষ্ঠ আশ্চর্য ও অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রের অসুরগণ অভিরমিত হয়।

পুনঃ, হে ভিক্ষুগণ! মহাসমুদ্র নানাবিধ সম্পদের সঞ্চয়াগার, তথায় এসব সম্পদ বিদ্যমানঃ মুক্তা, মণি, উজ্জ্বল নীল বর্ণের প্রস্তর, শঙ্খ, স্ফটিক মণি, প্রবাল, রৌপ্য, স্বর্ণ, লোহিতঙ্ক ও বিভিন্ন রঙের মণি। এটা মহাসমুদ্রের সপ্তম আশ্চর্য ও অদ্ভুত বিষয় যা দর্শন করে করে মহাসমুদ্রে অসুরগণ অভিরমিত হয়।

পুনঃ হে ভিক্ষুগণ! মহাসমুদ্র বিশালকায় প্রাণিদের আবাস। তথায় রয়েছে তিমি, তিমিঙ্গল, তিমিতিঙ্গল; তথায় আছে অসুর, নাগ এবং গন্ধর্ব। মহাসমুদ্রে আছে শত যোজন, দ্বিশত, ত্রি-শত, চতুর্শত, পঞ্চশত যোজন দীর্ঘ জীব। হে ভিক্ষুগণ, "মহাসমুদ্র যে বিশালকায় প্রাণিদের আবাস, তথায় রয়েছে তিমিতিমিঙ্গল, তিমিরমিঙ্গল; রয়েছে অসুর, নাগ, গন্ধর্ব; মহাসমুদ্রে আছে শত যোজন, দ্বি-শত, ত্রি-শত, চতুর্শত,

Visit: http://www.buddhistdownload.com

পঞ্চশত যোজন দীর্ঘ জীব। এটা মহাসমুদ্রের অষ্টম আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দেখে দেখে অসুরগণ মহাসমুদ্রে অভিরমিত হয়।

হে ভিক্ষুগণ! মহাসমুদ্রের এই অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা দেখে দেখে অসুরগণ মহাসমুদ্রে অভিরমিত হয়।

৮। তদ্রূপ হে ভিক্ষুগণ! এই ধর্ম-বিনয়ে অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম আছে, যেগুলি প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম-বিনয়ে অভিরমিত হয়। আট কি কি?

যেমন, হে ভিক্ষুগণ! মহাসমুদ্র ক্রমশঃ ঢালু, ক্রমশঃ দূরে চলে যায়, পাহাড়াদির খাড়া দিক সদৃশ কোন খাড়াইভাব ছাড়া ক্রমশঃ এক পার্শ্বে থাকে, ঠিক তদ্রূপ, এই ধর্ম বিনয়ে আছে আনুপূর্বিক শিক্ষা, আনুপূর্বিক অনুশীলন, আনুপূর্বিক প্রতিপদা (উন্নতি), পরিজ্ঞান (সর্বোচ্চ জ্ঞান) উপলব্ধি ব্যতীত কোন আকস্মিকতা থাকে না। এটা ভিক্ষুগণ! এই ধর্ম বিনয়ের প্রথম আশ্চর্যজনক অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

হে ভিক্ষুগণ! মহাসমুদ্র যেমন স্থির, এর সীমানা অতিক্রম করে না। ঠিক তদ্রূপ ভিক্ষুগণ! আমা কর্তৃক প্রজ্ঞাপিত শিক্ষাপদ আমার শ্রাবকগণ জীবনের বিনিময়েও লংঘন করে না। ভিক্ষুগণ! আমা দ্বারা প্রজ্ঞাপিত শিক্ষাপদ যে আমার শ্রাবকগণ জীবনের বিনিময়েও লংঘন করে না, এটা এই ধর্ম বিনয়ের আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করেই ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

যেমন, হে ভিক্ষুগণ! মহাসমুদ্রে কোন মৃতদেহ থাকতে পারে না, কোন ধরণের মৃতদেহ পতিত হলে তা শীঘ্রই তীরে স্থলভাগে স্তূপীকৃত হয়; তদ্রূপ হে ভিক্ষুগণ! দুঃশীল, পাপধর্মী, অশুচি, সন্দিগ্ধ আচারসম্পন্ন, গোপনে কর্ম সম্পাদনকারী, অশ্রমণ হয়ে শ্রমণত্বের প্রতিজ্ঞাকারী, অব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণত্বের প্রতিজ্ঞাকারী, হাড়ে হাড়ে পচা কামুক এবং অধম, সঙ্ঘ মধ্যে এধরণের পুদ্গল মিলিত হয় না, কিন্তু অতি শীঘ্র একত্রিত হয়ে তাকে বহিষ্কার করে দেয়। যদিও সে একত্রিত হয় সঙ্ঘের মধ্যে, উপবিষ্ট থাকে তথাপি সে সঙ্ঘ হতে বহু দূরে এবং সঙ্ঘ তা হতে বহু দূরে। এটা এই ধর্ম-বিনয়ের তৃতীয় আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

যেমন, হে ভিক্ষুগণ! যে সকল মহানদী আছে, যেমন- গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী, তৎসমুদয় মহাসমুদ্রে পতিত হয়ে তাদের পূর্বনাম, গোত্র হারিয়ে ফেলে এবং শুধুমাত্র মহাসমুদ্র হিসাবেই বিবেচিত হয়, তদ্রূপ হে ভিক্ষুগণ! এ চারবর্ণ ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র তথাগত প্রবেদিত ধর্ম বিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভ করতঃ তাদের পূর্বনাম, গোত্র পরিহার করে শুধুমাত্র শাক্যপুত্রীয় শ্রমণ হিসাবে বিবেচিত হয়। হে ভিক্ষুগণ! এ চারবর্ণ যেমন, ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য, শুদ্র যে তথাগত প্রবেদিত ধর্ম-বিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভ করতঃ তাদের পূর্বনাম, গোত্র, পরিহার করে শুধু মাত্র শাক্যপুত্রীয় শ্রমণ হিসাবে বিবেচিত হয়- এটা এই ধর্ম বিনয়ের চতুর্থ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই বিনয়ে অভিরমিত হয়।

যেমন, হে ভিক্ষুগণ! যদিও জগতের সকল ক্ষুদ্র নদী মহাসমুদ্রে পতিত হয় এবং অন্তরীক্ষে যে বারিধারা বর্ষিত হয় তদ্বারা মহাসমুদ্রের শূন্যতা বা পূর্ণতার কোন প্রতিক্রিয়া সৃষ্টি করে না; তদ্রূপ ভিক্ষুগণ, বহু সংখ্যক ভিক্ষু অনুপাদিসেস নির্বাণধাতুতে পরিনির্বাপিত হয়, নির্বাণ ধাতুর শূন্যতা বা পূর্ণতার উপর কোন প্রতিক্রিয়া সৃষ্টি করে না। ভিক্ষুগণ! বহু সংখ্যক ভিক্ষু অনুপাদিসেস নির্বাণধাতুতে পরিনির্বাপিত হলে নির্বাণ ধাতুর শূন্যতা বা পূর্ণতার উপর যে কোন প্রকার প্রতিক্রিয়া সৃষ্টি করে না, হে ভিক্ষুগণ! এটা এই ধর্মবিনয়ের পঞ্চম আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

যেমন, হে ভিক্ষুগণ! মহাসমুদ্রের এক রস লবণ রস, তদ্রূপ ভিক্ষুগণ! এই ধর্ম বিনয়ের একরস বিমুক্তি রস, ভিক্ষুগণ! তা এই ধর্ম-বিনয়ের ষষ্ঠ আশ্চর্যজনক, অদ্ভুত বিষয় যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

যেমন, হে ভিক্ষুগণ! মহাসমুদ্র নানাবিধ মূল্যবান সম্পদের সঞ্চয়াগার, তথায় এসব সম্পদ বিদ্যমানঃ মুক্তা, মণি, উজ্জ্বল নানা বর্ণের প্রস্তর, শঙ্খ, স্ফটিক মণি, প্রবাল, রৌপ্য, স্বর্ণ, লোহিতঙ্ক ও বিভিন্ন রঙের মণি; তদ্রূপ হে ভিক্ষুগণ! এই ধর্ম বিনয়ে আছে অনেক,

Visit: http://www.buddhistdownload.com

নানাবিধ রত্নঃ চার স্মৃতি প্রস্থান, চার সম্যক প্রধান, চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ। হে ভিক্ষুগণ! এই ধর্ম বিনয়ে যে অনেক, নানাবিধ রত্ন যেমন, চার স্মৃতি প্রস্থান, চার সম্যক প্রধান, চার ঋদ্ধিপাদ, পঞ্চ ইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ আছে, হে ভিক্ষুগণ! এটা এই ধর্ম-বিনয়ের সপ্তম আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম বিনয়ে অভিরমিত হয়।

যেমন, হে ভিক্ষুগণ! মহাসমুদ্র বিশাল বিশাল প্রাণিদের আবাস, তথায় বাস করে তিমিতিমিঙ্গল, তিমিরমিঙ্গল, অসুর, নাগ, গন্ধর্ব; মহাসমুদ্রে আছে শত যোজন, দ্বি-শত, ত্রি-শত, চতুর্শত, পঞ্চশত যোজন দীর্ঘ জীব; তদ্রূপ, হে ভিক্ষুগণ! এই ধর্ম-বিনয় মহৎ সত্ত্বদের আবাস, তথায় আছে এসব সত্ত্বঃ স্রোতাপন্ন এবং স্রোতাপত্তিফল প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, সকৃদাগামী এবং সকৃদাগামীফল প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, অনাগামী এবং অনাগামীফল প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, অর্হৎ এবং অর্হত্বে প্রতিপন্ন। হে ভিক্ষুগণ! এই ধর্ম-বিনয় যে মহৎ সত্ত্বদের আবাস, তথায় আছে এসব সত্ত্বঃ স্রোতাপন্ন এবং স্রোতাপত্তিফল প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, সকৃদাগামী এবং সকৃদাগামীফল প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, অনাগামী এবং অনাগামী প্রত্যক্ষ ক্রিয়ায় প্রতিপন্ন, অর্হৎ এবং অর্হত্বে প্রতিপন্ন এটা এই ধর্ম-বিনয়ের অষ্টম আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম-বিনয়ে অভিরমিত হয়।

হে ভিক্ষুগণ! এগুলিই এই ধর্ম-বিনয়ের অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম যা প্রত্যক্ষ করে করে ভিক্ষুরা এই ধর্ম-বিনয়ে অভিরমিত হয়।'

[মহাবর্গ দ্বিতীয় সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

বেরঞ্জ, সিংহ, উৎকৃষ্ট অশ্ব, উত্তেজক, মল
দূতযোগ্য, দ্বিবিধ বন্ধন, পহারাদ, উপোসথ।

Visit: http://www.buddhistdownload.com

৩. গহপতি বগ্গো- গৃহপতি বর্গ

১. পঠম উগ্গ সুত্তং- প্রথম উগ্র সূত্র

২১.১। এক সময় ভগবান বৈশালীর মহাবনে কুটাগারশালায় অবস্থান করছিলেন। সেখানে ভগবান ভিক্ষুদিগকে আহ্বান করলেন- 'হে ভিক্ষুগণ!' 'হাঁ ভদন্ত' বলে ভিক্ষুগণ প্রত্যুত্তরে সম্মতি জানালেন। ভগবান বললেনঃ

২। 'হে ভিক্ষুগণ! এটা সত্য বলে ধারণ কর যে, বৈশালীর গৃহপতি উগ্র[১] অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণযুক্ত।' ভগবান এরূপ বললেন, এটা বলে সুগত আসন হতে উঠে বিহারে প্রবেশ করলেন।

৩। তৎপর জনৈক ভিক্ষু পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করতঃ পাত্র-চীবর সঙ্গে নিয়ে বৈশালীর উগ্র গৃহপতির আলয়ে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁর জন্য প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। তৎপর বৈশালীর উগ্র গৃহপতি ভিক্ষুর সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে সেই ভিক্ষুকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট বৈশালীর উগ্র গৃহপতিকে সেই ভিক্ষু বলেনঃ-

৪। 'হে গৃহপতি! ভগবান কর্তৃক এটা ব্যাখ্যাত হয়েছে যে, আপনি অষ্টবিধ গুণে গুণান্বিত যেগুলি আশ্চর্যজনক, অদ্ভুত। ভগবৎ কর্তৃক ব্যাখ্যাত আপনি যে অষ্টবিধ গুণে গুণান্বিত সেগুলো কি কি?'

'না, প্রভু, ভগবৎ কর্তৃক ব্যাখ্যাত অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ সম্পর্কে আমি অবগত নই, তবে ভন্তে, অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম যে বিদ্যমান সে বিষয়ে শ্রবণ করুন, উত্তমরূপে মনোনিবেশ করুন, আমি তদ্বিষয়ে ভাষণ করছি।' 'যথা আজ্ঞা, গৃহপতি' বলে সেই ভিক্ষু প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করলেন। বৈশালীর গৃহপতি বললেনঃ

৫। 'ভন্তে! যখন আমি ভগবানকে প্রথম দর্শন করি, এমনকি অনেক দূর হতে, আমার অন্তর, ভন্তে! একমাত্র তাঁর দর্শনে প্রশান্ত হল। এটাই ভন্তে! প্রথম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হল। তখন ভন্তে! প্রসন্নচিত্তে আমি তৎ সন্নিকট গমন করি এবং ভগবানকে শ্রদ্ধা জ্ঞাপন করি। ভগবান আমাকে আনুপূর্বিক ধর্মোপদেশ প্রদান করলেন, যেমনঃ দান-কথা, শীল-কথা, স্বর্গ-কথা, কাম-পরিভোগে দুঃখের কথা, অবকার (জঞ্জাল) ও সংক্লেশ (মালিন্য) এবং নৈষ্ক্রম্য প্রত্যাশিত সুখদায়ক ফল প্রকাশ করলেন[২]।

Visit: http://www.buddhistdownload.com

৬। যখন ভগবান জানলেন যে, আমার চিত্ত সুস্থ, মৃদু, নীবরণ মুক্ত, উদগ্র (প্রফুল্ল), প্রসন্ন হয়েছে, তখন তিনি বুদ্ধগণের সংক্ষিপ্ত সমুৎকৃষ্ট ধর্মদেশনা অভিব্যক্ত করলেন- যথা- দুঃখ, দুঃখ-সমুদয়, দুঃখ নিরোধ, দুঃখ-নিরোধের উপায়। যেমন শুদ্ধ ও কালিমারহিত বস্ত্র যথাযথভাবে রং প্রতিগ্রহণ করে। তেমনই সেই আসনেই আমার বিরজ, বিমল ধর্মচক্ষু উৎপন্ন হল- 'যা কিছু সমুদয়ধর্মী তৎসমস্তই নিরোধধর্মী।' ভন্তে! সেই আমি ধর্ম প্রত্যক্ষ করে, ধর্মতত্ত্ব লাভ করে, ধর্ম বিদিত হয়ে, ধর্মে প্রবিষ্ট হয়ে এবং সংশয় মুক্ত হয়ে, ধর্মে বৈশারদ্য প্রাপ্ত হয়ে, শাস্তার শাসনে আত্ম-প্রত্যয় লাভ করে তখনই বুদ্ধ, ধর্ম ও সঙ্ঘের শরণ ও পঞ্চ ব্রাহ্মণের শিক্ষাপদ গ্রহণ করলাম। ভন্তে! এটা দ্বিতীয় আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হল।

৭। ভন্তে! তখন আমার চার সহধর্মিনী যুবতী বালিকারা ছিল। আমি তাদের নিকট গেলাম এবং তাদেরকে এরূপ বললামঃ "ভগিনীগণ, আমি পঞ্চ ব্রাহ্মণের শিক্ষাপদ গ্রহণ করেছি। যে ইচ্ছা করে সে এস্থানে ভোগ সম্পদ উপভোগ করতে পারে, অথবা পুণ্যকর্ম সম্পাদন করতে পারে অথবা আপন জ্ঞাতিকুলে চলে যেতে পারে; অথবা এমন কোন লোক কি আছে যাকে তোমরা ইচ্ছা কর আমি অর্পন করে দিতে পারি?" এবং যখন আমি কথা বলা বন্ধ করলাম, জ্যেষ্ঠা স্ত্রী আমাকে বললঃ "আর্য্যে, আমাকে অমুক ব্যক্তিকে দিয়ে ফেলুন।" তখন আমি সে ব্যক্তিকে ডেকে পাঠালাম এবং আমার স্ত্রীকে হস্ত দ্বারা গ্রহণ করে, দক্ষিণ হস্তে জল পাত্র ধারণ করে আমি সেই লোকটিকে ধৌত[৩] করে দিলাম (উৎসর্গ কর্ম সম্পাদন দ্বারা)। তথাপি আমার স্ত্রী হতে বিচ্ছিন্ন হতে বিন্দু মাত্র আমি ব্যর্থ হইনি। ভন্তে, এটা তৃতীয় আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হয়েছিল।

৮। অধিকন্তু ভন্তে! আমার পরিবারে ধন-সম্পদ আছে, কিন্তু শীলবান এবং কল্যাণধর্ম পরায়ণদের মধ্যে পক্ষপাতবিহীনভাবে[৪] ভাগ করে দেয়া হয়েছে। ভন্তে! এটা চতুর্থ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

৯। ভন্তে! যখন আমি একজন ভিক্ষুকে সম্মান করি, আমি তাঁকে বিনীতভাবে সেবা করি, শ্রদ্ধাবিহীন[৫] হয়ে নহে। ভন্তে! এটা পঞ্চম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

Visit: http://www.buddhistdownload.com

১০। ভন্তে! যদি শ্রদ্ধেয় ভিক্ষু আমাকে ধর্ম ভাষণ করেন আমি তা মনোযোগ সহকারে শ্রবণ করি, অমনোযোগ সহকারে নহে। যদি তিনি আমাকে ধর্ম ভাষণ না করেন তাহলে আমিই তাঁকে ধর্ম ভাষণ করি। ভন্তে, এটা ষষ্ঠ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হয়েছিল।

১১। অধিকন্তু ভন্তে! দেবতাদের পক্ষে এটা অসাধারণ নহে আমার নিকট এসে ঘোষণা করাঃ "হে গৃহপতি! ভগবান কর্তৃক ধর্ম সু-ব্যাখ্যাত হয়েছে।" যখন তাঁরা এরূপ বলেন আমি উত্তর দিইঃ "ওহে দেবগণ! আপনারা বলুন বা না বলুন, ভগবান কর্তৃক ধর্ম সু-ব্যাখ্যাত!" তথাপি ভন্তে, এ ধরণের চিত্তের জন্য আমি উল্লাস[৬] অনুভব করি না যেমনঃ "এসব দেবতা আমার নিকট আসেন বা আমি দেবগণের সাথে কথা বলি।" ভন্তে! এটা সপ্তম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

১২। ভন্তে! ভগবৎ কর্তৃক বিঘোষিত পঞ্চ অধোভাগীয় সংযোজনের[৭] মধ্যে আমি কিঞ্চিৎ মাত্র আমার মধ্যে অপরিত্যক্ত দেখতে পাই না। ভন্তে! এটা অষ্টম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হল।

ভন্তে! এই অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত ধর্ম আমাতে বিদ্যমান দেখি। কিন্তু, ভগবৎ কর্তৃক ব্যাখ্যাত অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণের মধ্যে কয়টি গুণে আমি গুণান্বিত?'

১৩। তৎপর সেই ভিক্ষু বৈশালীর উগ্ন গৃহপতির আবাস হতে পিণ্ডপাত (ভোজন) গ্রহণ করে আসন হতে উঠে চলে গেলেন। তখন সেই ভিক্ষু ভিক্ষাচরণ হতে প্রত্যাবর্তন করে পিণ্ডপাত পরিভোগের পর ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সেই ভিক্ষু বৈশালীর উগ্ন গৃহপতির সাথে যেসব আলাপ-সালাপ হয়েছিল সেসব ভগবানের নিকট ব্যক্ত করেন।

১৪। (ভগবান বললেনঃ) "সাধু, সাধু, বৈশালীর উগ্ন গৃহপতি বিষয়টি ব্যাখ্যা করতে গিয়ে যথার্থই ব্যাখ্যা করেছে; তথাপি হে ভিক্ষু! তিনি আমা কর্তৃক অষ্টবিধ অদ্ভুত গুণে গুণান্বিত হওয়ার জন্য ব্যাখ্যাত হয়েছেন। অধিকন্তু, হে ভিক্ষুগণ! এটা সত্য বলে ধারণা কর যে, বৈশালীর উগ্ন গৃহপতি এরূপ আশ্চর্যজনক অদ্ভুত গুণে গুণান্বিত।'

Visit: http://www.buddhistdownload.com

২. দুতিয উগ্গ সুত্তং- দ্বিতীয় উগ্র সূত্র

২২.১। এক সময় ভগবান বজ্জিদের হত্থীগ্রামে অবস্থান করছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'হে ভিক্ষুগণ!' 'হাঁ ভদন্ত' বলে ভিক্ষুগণ প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করলেন। ভগবান বললেনঃ-

২। 'হে ভিক্ষুগণ! এটা সত্য বলে ধারণ কর যে, হত্থীগামের উগ্গ[৮] গৃহপতি অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণসম্পন্ন!' ভগবান এরূপ বললেন, এটা বলে সুগত আসন হতে উঠে বিহারে প্রবেশ করেন।

৩। তৎপর জনৈক ভিক্ষু পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করতঃ পাত্র-চীবর সঙ্গে নিয়ে হত্থীগামের উগ্গ গৃহপতির গৃহে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁর জন্য প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। অতঃপর হত্থীগামের গৃহপতি সেই ভিক্ষু সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট হত্থীগামের উগ্গ গৃহপতিকে সেই ভিক্ষু বললেনঃ-

৪। 'হে গৃহপতি! ভগবান কর্তৃক এটা ব্যাখ্যাত হয়েছে যে, আপনি অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত। ভগবৎ কর্তৃক ব্যাখ্যাত আপনি যে আটটি গুণে গুণযুক্ত সেগুলি কি কি?'

'না প্রভু! ভগবৎ কর্তৃক ব্যাখ্যাত অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ সম্পর্কে আমি অবহিত নই, তবে ভন্তে, অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যে বিদ্যমান তা শ্রবণ করুন, উত্তমরূপে মনোনিবেশ করুন, আমি তদ্বিষয়ে ভাষণ করছি।' 'যথা আজ্ঞা, গৃহপতি,' বলে সেই ভিক্ষু প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করলেন। হত্থীগামের উগ্গ গৃহপতি বললেনঃ

৫। 'ভন্তে! নাগবনে[৯] পর্যটনকালে ভগবানকে আমি যখন প্রথম দূর হতে দর্শন করি, ভন্তে, আমার অন্তর তাঁর দর্শনে প্রশান্ত হল এবং আমার মাতলামিভাব দূরীভূত হল। ভন্তে, এটাই প্রথম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হল। তখন ভন্তে, আমি প্রসন্ন চিত্তে তাঁর নিকটে গমন করি এবং ভগবানকে শ্রদ্ধা নিবেদন করি। ভগবান আমাকে আনুপূর্বিক ধর্মোপদেশ প্রদান করেন, যেমন- দান-কথা, শীল-কথা, স্বর্গ-কথা, কাম-পরিভোগে দুঃখের কথা, অবকার (জঞ্জাল) ও সংক্লেশ (মালিন্য) এবং নৈষ্ক্রম্যের সুখদায়ক ফল প্রকাশ করেন।

৬। যখন ভগবান জানলেন যে, আমার চিত্ত সুস্থ, মৃদু, নীবরণমুক্ত,

Visit: http://www.buddhistdownload.com

উদগ্র (প্রফুল্ল), প্রসন্ন হয়েছে তখন তিনি বুদ্ধগণের সংক্ষিপ্ত সমুৎকৃষ্ট ধর্মদেশনা অভিব্যক্ত করেন যথা- দুঃখ, দুঃখ-সমুদয়, দুঃখ-নিরোধ, দুঃখ নিরোধের উপায়। যেমন শুদ্ধ ও কালিমারহিত বস্ত্র যথাযথভাবে রং প্রতিগ্রহণ করে, তেমনভাবেই সেই আসনেই আমার বিরজ, বিমল ধর্মচক্ষু উৎপন্ন হল- 'যা কিছু সমুদয়ধর্মী তৎসমুদয় নিরোধধর্মী।' ভন্তে, সেই আমি ধর্ম প্রত্যক্ষ করে, ধর্মতত্ত্ব লাভ করে, ধর্ম বিদিত হয়ে, শাস্তার শাসনে আত্ম প্রত্যয় লাভ করে তখনই বুদ্ধ-ধর্ম-সঙ্ঘের শরণ গ্রহণ করি এবং পঞ্চ ব্রাহ্মণের শিক্ষাপদ গ্রহণ করি। ভন্তে এটা দ্বিতীয় আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হয়েছে।

৭। ভন্তে! আমার চারজন যুবতী স্ত্রী ছিল। আমি তাদের নিকট গেলাম এবং তাদেরকে এরূপ বললামঃ "ভগিনীগণ! আমি পঞ্চ ব্রাহ্মণের শিক্ষাপদ গ্রহণ করেছি। তোমরা যে ইচ্ছা কর সে এস্থানে ভোগসম্পদ উপভোগ করতে পার অথবা পুণ্যকর্ম সম্পাদন করতে পার অথবা আপন জ্ঞাতিকুলে চলে যেতে পার; অথবা এমন কোন লোক কি আছে যাদেরকে তোমরা গ্রহণ করতে ইচ্ছা কর এবং আমি অর্পণ করে দিতে পারি?" যখন আমি কথা বলা বন্ধ করলাম জ্যেষ্ঠা স্ত্রী আমাকে বললঃ "আর্য্যে, আমাকে অমুক ব্যক্তির হস্তে অর্পণ করুন।" তখন আমি সে ব্যক্তিকে ডেকে পাঠাই। আমার স্ত্রীকে বাম হস্ত দ্বারা গ্রহণ করে, দক্ষিণ হস্তে জলপাত্র ধারণ করে আমি সেই লোকটিকে পরিষ্কার করে দিই (উৎসর্গ কর্ম সম্পাদন দ্বারা)। তথাপি স্ত্রী হতে বিচ্ছিন্ন হতে আমি বিন্দু মাত্র ব্যর্থ হইনি। ভন্তে! এটা তৃতীয় আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হয়েছিল।

৮। ভন্তে! অধিকন্তু আমার পরিবারে ধন-সম্পদ আছে, কিন্তু শীলবান এবং কল্যাণধর্ম পরায়ণদের মধ্যে পক্ষপাত বিহীনভাবে ভাগ করে দেয়া হয়েছে। ভন্তে! এটা চতুর্থ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

৯। ভন্তে! যখন আমি একজন ভিক্ষুকে সম্মান করি, আমি তাঁকে বিনীতভাবে সেবা করি, শ্রদ্ধাবিহীন হয়ে নহে। ভন্তে! এটা পঞ্চম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

১০। ভন্তে! দেবতাদের পক্ষে এটা কোন আশ্চর্যজনক ব্যাপার নহে, যখন আমি সঙ্ঘকে আহ্বান করি দেবগণ তখন আমার নিকট এসে

Visit: http://www.buddhistdownload.com

বলেন যে, অমুক ভিক্ষু উভয়ভাগ[১০] বিমুক্ত, অমুক প্রজ্ঞা-বিমুক্ত, অমুক কায়সাক্ষী, অমুক দৃষ্টি প্রাপ্ত, অমুক শ্রদ্ধাবিমুক্ত, অমুক ধর্মানুসারী, অমুক শ্রদ্ধানুসারী, অমুক শীলবান, কল্যাণধর্মপরায়ণ, অমুক দুঃশীল পাপধর্ম পরায়ণ। কিন্তু ভন্তে, যখন আমি সঙ্ঘকে পরিবেশন করি আমার জানা নেই আমার চিত্তে এরূপ ভাব উৎপন্ন[১১] হয়েছে বলেঃ "আমি অমুককে কম দেব, অমুককে বেশী দেব।" বরং ভন্তে, আমি সমচিত্তে (পক্ষপাতযুক্ত না হয়ে) দিই। ভন্তে, এটা ষষ্ঠ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

১১। ভন্তে, দেবতাদের পক্ষে এটা অসম্ভব নহে আমার নিকট এসে ঘোষণা করাঃ "হে গৃহপতি! ভগবান কর্তৃক ধর্ম সু-ব্যাখ্যাত।" যখন তাঁরা এরূপ বলেন আমি উত্তর প্রদান করিঃ "ওহে দেবগণ! আপনারা বলুন বা না বলুন, ভগবান কর্তৃক ধর্ম সু-ব্যাখ্যাত।" তথাপি ভন্তে! এ ধরণের চিত্তের জন্য আমি উল্লাস অনুভব করি না, যেমনঃ "এসব দেবতা আমার নিকট আসেন বা আমি দেবগণের সাথে কথা বলি।" ভন্তে, এটা সপ্তম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ।

১২। ভন্তে, যদি আমি মৃত্যুবরণ করি ভগবানের সম্মুখে তা তত বেশী আশ্চর্যজনক হবে না। কিন্তু ভগবান যে আমার ব্যাপারে ঘোষণা করবেনঃ "হত্থীগামের উগ্ন গৃহপতির এমন কোন সংযোজন নেই যে সংযোজনের (বন্ধনের) দরুণ পুনঃ এই জগতে আগমন করবে[১২]।" (তা-ই হবে আশ্চর্যজনক)। ভন্তে! এটা অষ্টম আশ্চর্যজনক, অদ্ভুত গুণ যা আমাতে প্রতিভাত হয়েছিল।

ভন্তে! এগুলোই অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ। কিন্তু ভগবৎ কর্তৃক ব্যাখ্যাত অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণ আমাতে যে নিহিত সে সম্পর্কে আমি অবহিত নই।'

১৩। তৎপর সেই ভিক্ষু হত্থীগামের উগ্ন গৃহপতির আবাস হতে পিণ্ডপাত গ্রহণ করে আসন হতে উঠে চলে গেলেন। অতঃপর সেই ভিক্ষু ভিক্ষাচরণ হতে প্রত্যাবর্তন করে পিণ্ডপাত পরিভোগের পর ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সেই ভিক্ষু হত্থীগামের উগ্ন গৃহপতির সাথে যে আলাপ-আলোচনা সংঘটিত

Visit: http://www.buddhistdownload.com

হয়েছিল তা ভগবানের নিকট ব্যক্ত করেন।

১৪। ভগবান বললেনঃ- উত্তম ভিক্ষু, উত্তম, হত্থীগামের উগ্গ গৃহপতি যথার্থই ব্যাখ্যা করেছেন; তথাপি হে ভিক্ষু! তিনি অষ্টবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত বলে আমা কর্তৃক ব্যাখ্যাত। অধিকন্তু হে ভিক্ষু! এটা সত্য বলে ধারণ কর যে, হত্থীগামের উগ্গ গৃহপতি অষ্টবিধ আশ্চর্যজনক অদ্ভুত গুণে গুণান্বিত।'

৩. পঠম হত্থক[১৩] সুত্তং- প্রথম হত্থক সূত্র

২৩.১। এক সময় ভগবান আলবীর অগ্গালবচৈত্যে অবস্থান করছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ- .....

২। 'হে ভিক্ষুগণ! তোমরা ধারণ কর যে, আলবীর হত্থক সপ্তবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত। সপ্ত কি কি?

৩। ভিক্ষুগণ! আলবীর হত্থক শ্রদ্ধাবান, শীলবান, পাপে লজ্জাশীল, পাপে ভয়শীল, বহুশ্রুত, ত্যাগশীল, প্রজ্ঞাবান[১৪]।

হে ভিক্ষুগণ! এই সপ্তবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে আলবীর হত্থক যে গুণান্বিত তা ধারণা কর।' ভগবান এরূপ বলেন। এটা ব্যক্ত করে আসন হতে উঠে বিহারে প্রবেশ করলেন।

৪। অতঃপর জনৈক ভিক্ষু পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করে পাত্র-চীবর সঙ্গে নিয়ে আলবীর হত্থকের আবাসে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁর জন্য প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। তৎপর আলবীর হত্থক সেই ভিক্ষুর নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে সেই ভিক্ষুকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট আলবীর হত্থককে সেই ভিক্ষু বললেনঃ- 'আবুসো[১৫] (বন্ধু)' ভগবান কর্তৃক ব্যাখ্যাত হয়েছে- আপনি সপ্তবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত। সপ্ত কি কি? হে ভিক্ষুগণ! আলবীর হত্থক শ্রদ্ধাবান, শীলবান, হ্রী সম্পন্ন, ওত্তাপী, বহুশ্রুত, ত্যাগশীল, প্রজ্ঞাবান। হে বন্ধু! আপনি ভগবান কর্তৃক ব্যাখ্যাত এই সপ্তবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত।' 'আমি বিশ্বাস করি ভন্তে কোন সাদাবস্ত্র পরিহিত গৃহী তখন উপস্থিত ছিলেন না।' 'না বন্ধু, প্রকৃতপক্ষে এরূপ কেউ বর্তমান ছিলেন না।' 'সাধু ভন্তে, এতে কোন গৃহী বর্তমান ছিলেন না।'

৫। অতঃপর সেই ভিক্ষু আলবীর হত্থকের গৃহে পিণ্ডপাত গ্রহণ

Visit: http://www.buddhistdownload.com

করতঃ আসন হতে উঠে চলে গেলেন। তৎপর পিণ্ডাচরণ প্রত্যাবৃত হয়ে পিণ্ডপাত পরিভোগ করার পর ভগবৎ সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট সেই ভিক্ষু ভগবানকে এরূপ বলেনঃ 'ভন্তে আজ আমি পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করতঃ পাত্র-চীবর সঙ্গে নিয়ে আলবীর হত্থকের গৃহে উপস্থিত হই, উপস্থিত হয়ে প্রজ্ঞাপিত আসনে উপবেশন করি। অতঃপর ভন্তে, আলবীর হত্থক আমার সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে আমাকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। ভন্তে, এক প্রান্তে উপবিষ্ট আলবীর হত্থককে আমি বললামঃ "আবুসো, আপনি সপ্তবিধ আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত বলে ভগবান কর্তৃক ব্যাখ্যাত। সপ্ত কি কি? "হে ভিক্ষুগণ! আলবীর হত্থক শ্রদ্ধাবান, শীলবান, পাপে লজ্জাশীল, পাপে ভয়শীল, বহুশ্রুত, ত্যাগী, প্রজ্ঞাবান। বন্ধু, আপনি যে এই সপ্তবিধ গুণে গুণান্বিত তা ভগবান কর্তৃক ব্যাখ্যাত।" এরূপ উক্ত হলে ভন্তে, আলবীর হত্থক আমাকে বলেনঃ 'আমি বিশ্বাস করি ভন্তে, কোন সাদাবস্ত্র পরিহিত গৃহী তখন বর্তমান ছিলেন না। না বন্ধু, প্রকৃতপক্ষে এরূপ কেউ বর্তমান ছিলেন না। সাধু ভন্তে, এতে কোন সাদা বস্ত্র পরিহিত গৃহী উপস্থিত ছিলেন না।'

৬। (ভগবান বললেন) 'সাধু, সাধু, ভিক্ষু! কুলপুত্র অল্পে[১৬] সন্তুষ্ট। সে তার আপন গুণাবলী অপরে জানুক তা কামনা করে না। হে ভিক্ষুগণ! এটা ধারণ কর যে, আলবীর হত্থক এই অষ্টম আশ্চর্যজনক, অদ্ভুত গুণে গুণান্বিত, যেমন অল্পেচ্ছতা।'

৪. দুতিয হত্থক সুত্তং- দ্বিতীয় হত্থক সূত্র

২৪.১। এক সময় ভগবান আলবীর অগ্গালবচৈত্যে অবস্থান করছিলেন। অতঃপর আলবীর হত্থক পঞ্চশত উপাসক[১৭] পরিবৃত হয়ে ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট আলবীর হত্থককে ভগবান এরূপ বলেনঃ-

২। 'হত্থক, আপনার পরিষদ বৃহৎ। আপনি কিভাবে এই মহতী পরিষদ গঠন করলেন?'

ভন্তে! ভগবৎ দেশিত চার সংগ্রহ[১৮] বিষয় অনুসারে আমি এই

Visit: http://www.buddhistdownload.com

পরিষদ সংগ্রহ করি। প্রভু, যখন অনুভব করি যে, এই ব্যক্তি দানের দ্বারা সংগ্রহযোগ্য তাকে আমি দানের দ্বারা সংগ্রহ করি; যখন দয়াপূর্ণ বাক্য দ্বারা সংগ্রহযোগ্য তখন সে উপায়ে; যখন উপকারী আচরণ দ্বারা সংগ্রহযোগ্য তখন উপকারী আচরণ দ্বারা অথবা যখন আমি জানি যে, যদি তাকে সংগ্রহ করতে হয় তাহলে সম আচরণ করতে হবে, তখন তাকে সম আচরণ দ্বারা সংগ্রহ করি। অধিকন্তু ভন্তে, আমার পরিবারে সম্পদ আছে এবং তারা জানে যে, এরূপ আচরণ একজন দরিদ্র লোকের গুজব[১৯] নহে।'

৩। 'সাধু, সাধু হত্থক! হত্থক, এটাই মহতী পরিষদ সংগ্রহের উপায়। অতীতে যাঁরা মহা পরিষদ গঠন করেছিলেন তাঁরা সবাই এই চার সংগ্রহ বিষয় দ্বারা তা করেছিলেন; ভবিষ্যতেও যে সকল মহতী পরিষদ গঠিত হবে তাঁরা সবাই এই চার সংগ্রহ বিষয়ের ভিত্তিতে গঠন করবেন। হত্থক, এখন যাঁরা মহা পরিষদ সংগ্রহ করছেন তাঁরা সবাই এই চার সংগ্রহ বিষয়ের ভিত্তিতে তা করছেন।'

৪। অতঃপর আলবীর হত্থককে ভগবান ধর্মোপদেশ দিয়ে, ধর্মে প্রবৃত্ত করে, সমুত্তেজিত করে, আনন্দ সৃষ্টি করার পর হত্থক ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করতঃ আসন হতে উঠে প্রস্থান করেন। তৎপর আলবীর হত্থকের চলে যাওয়ার পর অনতিবিলম্বে ভগবান ভিক্ষুগণকে আহ্বান করেনঃ-

৫। 'হে ভিক্ষুগণ! এটা সত্য বলে গ্রহণ করে যে, আলবীর হত্থক অষ্টবিধ গুণে গুণান্বিত। আটটি কি কি?

৬। হে ভিক্ষুগণ! আলবীর হত্থকের শ্রদ্ধা আছে, আলবীর হত্থক শীলবান, আলবীর হত্থকের পাপে লজ্জাবোধ আছে, আলবীর হত্থক পাপকে ভয় করে, আলবীর হত্থক বহুশ্রুত, আলবীর হত্থক দাতা, আলবীর হত্থক প্রজ্ঞাবান, আলবীর হত্থক অল্পেচ্ছুক।

হে ভিক্ষুগণ! এটা সত্য বলে গ্রহণ করে যে, আলবীর হত্থক এই অষ্টবিধ গুণে গুণযুক্ত।'

Visit: http://www.buddhistdownload.com

৫. মহানাম সুত্তং- মহানাম সূত্র

২৫.১। এক সময় ভগবান কপিলবাস্তুর শাক্যদের নিগ্রোধারামে অবস্থান করছিলেন। সেখানে মহানাম শাক্য[২০] ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট মহানাম শাক্য ভগবানকে বললেনঃ 'ভন্তে কিরূপে একজন লোক উপাসক হন?' 'মহানাম! যখন সে বুদ্ধের শরণাগত, ধর্মের শরণাগত, সঙ্ঘের শরণাগত হয় তখনই সে উপাসক হিসাবে পরিগণিত হয়, মহানাম।'

২। 'প্রভু, কিরূপে উপাসক শীলবান হয়?'

'মহানাম যখন উপাসক প্রাণিহত্যা হতে বিরত হয়, অদত্ত বস্তু গ্রহণ হতে প্রতিবিরত হয়, মিথ্যা কামাচার হতে বিরত হয়, মিথ্যা কথন হতে বিরত হয়, সুরাদি মাদক দ্রব্য হতে প্রতিবিরত হয়- এভাবেই মহানাম! উপাসক শীলবান হয়।'

৩। প্রভু! কিরূপে উপাসক আত্মহিতে সহায়তা করে কিন্তু পরহিতে নহে?' 'যখন মহানাম! নিজে শ্রদ্ধাসম্পন্ন হয় কিন্তু অপরকে শ্রদ্ধাসম্পদে প্রবুদ্ধ করে না, নিজে শীলসম্পন্ন হয় কিন্তু অপরকে শীলসম্পদে উদ্বুদ্ধ করে না, নিজে ত্যাগী হয় কিন্তু অপরকে ত্যাগসম্পন্ন হতে উদ্বুদ্ধ করে না, নিজে ভিক্ষুগণকে দর্শনেচ্ছুক হয় কিন্তু অপরকে ভিক্ষুগণকে দর্শনে প্রবৃত্ত করে না, নিজে সদ্ধর্ম শ্রবণেচ্ছুক হয় কিন্তু অপরকে সদ্ধর্ম শ্রবণে উদ্বুদ্ধ করে না, নিজে শ্রুত ধর্মের ধারক (মনোযোগী) হয় কিন্তু অপরকে ধর্ম ধারণে প্রবুদ্ধ করে না, নিজে ধারণকারী ধর্মের অর্থ চিন্তা করে কিন্তু অপরকে ধর্মের অর্থ চিন্তনে উদ্বুদ্ধ করে না, নিজে অর্থ ও ধর্ম উভয় জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় কিন্তু অপরকে ধর্মানুধর্মে প্রতিপন্ন হতে উদ্বুদ্ধ করে না- তখন মহানাম! উপাসক আত্মহিতে প্রতিপন্ন হয়, পরহিতে নহে।'

৪। 'ভন্তে! কিরূপে উপাসক আত্মহিত ও পরহিত উভয় হিতে প্রতিপন্ন হয়?'

'প্রকৃতপক্ষে মহানাম! যখন উপাসক নিজে শ্রদ্ধাসম্পন্ন হয় এবং অপরকেও শ্রদ্ধাসম্পদে উদ্বুদ্ধ করে, নিজে শীলসম্পন্ন হয় এবং অপরকেও শীলসম্পদে প্রবুদ্ধ করে, নিজে ত্যাগী হয় এবং অপরকে

Visit: http://www.buddhistdownload.com

ত্যাগসম্পদে উদ্বুদ্ধ করে, নিজে ভিক্ষুগণকে দর্শনে ইচ্ছুক হয় এবং অপরকেও ভিক্ষুগণকে দর্শনে উদ্দীপিত করে, নিজে সদ্ধর্ম শ্রবণে ইচ্ছুক হয় এবং অপরকেও সদ্ধর্ম শ্রবণে প্রবুদ্ধ করে, নিজে শ্রুত ধর্মের ধারক হয় এবং অপরকেও শ্রুত ধর্ম ধারণে উদ্দীপিত করে, নিজে ধারণকারী ধর্মের অর্থ চিন্তা করে এবং অপরকেও ধর্মের অর্থ চিন্তনে উদ্বুদ্ধ করে, নিজে অর্থ ও ধর্ম উভয়ই জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় এবং অপরকেও ধর্মানুধর্মে প্রতিপন্ন হতে উদ্বুদ্ধ করে- তখনই মহানাম! উপাসক আত্মহিত ও পরহিত উভয় হিতে প্রতিপন্ন হয়।'

৬. জীবক সুত্তং- জীবক সূত্র

২৬.১। এক সময় ভগবান রাজগৃহের জীবকাম্রবনে অবস্থান করছিলেন। তথায় জীবক কুমারভচ্চ ভগবান সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট জীবক কুমারভচ্চ ভগবানকে বলেনঃ 'ভন্তেঃ কিরূপে একজন লোক উপাসক হয়?'

'জীবক! যখন সে বুদ্ধের শরণাগত, ধর্মের শরণাগত, সঙ্ঘের শরণাগত হয় তখনই সে উপাসক হিসাবে পরিগণিত হয়, জীবক'।

২। 'প্রভু, কিরূপে উপাসক শীলবান হয়?'

'জীবক! যখন উপাসক প্রাণিহত্যা হতে বিরত হয়, অদত্তবস্তু গ্রহণ বিরত হয়, মিথ্যাকামাচার হতে বিরত হয়, মিথ্যা কথন হতে বিরত হয়, সুরাদি মাদকদ্রব্য সেবন হতে প্রতিবিরত হয় এভাবেই জীবক, উপাসক শীলবান হয়।'

৩। 'প্রভু! কিরূপে উপাসক আত্মহিতে সহায়তা করে কিন্তু পরহিতে নহে?' 'যখন জীবক! নিজে শ্রদ্ধাসম্পন্ন হয় কিন্তু অপরকে শ্রদ্ধাসম্পদে প্রবুদ্ধ করে না, নিজে শীলসম্পন্ন হয় কিন্তু অপরকে শীলসম্পদে উদ্বুদ্ধ করে না, নিজে ত্যাগী হয় কিন্তু অপরকে ত্যাগসম্পন্ন হতে উদ্বুদ্ধ করে না, নিজে ভিক্ষুগণকে দর্শনেচ্ছুক হয়, কিন্তু অপরকে ভিক্ষুগণকে দর্শনে প্রবৃত্ত করে না, নিজে সদ্ধর্ম শ্রবণেচ্ছুক হয় কিন্তু অপরকে সদ্ধর্ম শ্রবণে উদ্বুদ্ধ করে না, নিজে শ্রুত ধর্মের ধারক (মনোযোগী) হয় কিন্তু অপরকে ধর্ম ধারণে প্রবুদ্ধ করে না, নিজে ধারণকারী ধর্মের অর্থ চিন্তা করে কিন্তু অপরকে ধর্মের অর্থ চিন্তনে উদ্বুদ্ধ করে না, নিজে অর্থ ও ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

উভয় জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় কিন্তু অপরকে ধর্মানুধর্মে প্রতিপন্ন হতে উদ্বুদ্ধ করে না, তখন জীবক! উপাসক আত্মহিতে প্রতিপন্ন হয়, পরহিতে নহে।'

৪। 'ভন্তে! কিরূপে উপাসক আত্মহিত ও পরহিত উভয় হিতে প্রতিপন্ন হয়?'

'প্রকৃতপক্ষে জীবক! যখন উপাসক নিজে শ্রদ্ধাসম্পন্ন হয় এবং অপরকেও শ্রদ্ধাসম্পদে উদ্বুদ্ধ করে, নিজে শীলসম্পন্ন হয় এবং অপরকে শীলসম্পদে প্রবুদ্ধ করে, নিজে ত্যাগী হয় এবং অপরকেও ত্যাগসম্পদে উদ্বুদ্ধ করে, নিজে ভিক্ষুগণকে দর্শনে ইচ্ছুক এবং অপরকেও ভিক্ষুগণকে দর্শনে উদ্দীপিত করে, নিজে সদ্ধর্ম শ্রবণে ইচ্ছুক হয় এবং অপরকেও সদ্ধর্ম শ্রবণে প্রবুদ্ধ করে, নিজে শ্রুত ধর্মের ধারক হয় এবং অপরকেও ধর্ম ধারণে উদ্বুদ্ধ করে, নিজে ধারণকারী ধর্মের অর্থ চিন্তা করে এবং অপরকেও ধর্মের অর্থ চিন্তনে উদ্বুদ্ধ করে, নিজে অর্থও ধর্ম উভয় জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় এবং অপরকেও ধর্মানুধর্মে প্রতিপন্ন হতে উদ্বুদ্ধ করে- তখন জীবক, উপাসক আত্মহিত ও পরহিত উভয় হিতে প্রতিপন্ন হয়।'

৭. বল সুত্তং- বল সূত্র

২৭.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ বল। আট কি কি?'

২। 'হে ভিক্ষুগণ! শিশুদের বল (ধর্ম) ক্রন্দন, মাতৃজাতির ধর্ম ক্রোধ, চোরের ধর্ম যুদ্ধ করা, রাজার ধর্ম শাসন, নির্বোধের ধর্ম অসন্তোষ, পণ্ডিতের ধর্ম সন্তোষ, বহুশ্রুতের (অভিজ্ঞ ব্যক্তির) ধর্ম সূক্ষ্ম অনুসন্ধান, শ্রমণ ব্রাহ্মণদের ধর্ম ক্ষান্তি।

হে ভিক্ষুগণ! এগুলিই অষ্টবল।'

৮. দুতিয বল সুত্তং- দ্বিতীয় বল সূত্র

২৮.১। অতঃপর আয়ুষ্মান শারীপুত্র ভগবৎ সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান শারীপুত্রকে ভগবান বললেনঃ 'শারীপুত্র! ক্ষীণাসব ভিক্ষুর কয়টি বল (গুণ) যে গুণে গুণান্বিত হয়ে ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং স্বীকার করেঃ "আমার আসক্তিসমূহ ধ্বংস হয়েছে?"

Visit: http://www.buddhistdownload.com

২। 'ভন্তে, ক্ষীণাসব ভিক্ষুর আটটি বল যে বলে গুণান্বিত হয়ে ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তিসমূহ ক্ষয় হয়েছে।" আট কি কি?

৩। 'এক্ষেত্রে, প্রভু! ক্ষীণাসব ভিক্ষুর নিকট যথার্থ প্রজ্ঞা দ্বারা সকল সংস্কার সম্পূর্ণরূপে অনিত্য বলে মনে হয়। যখন ক্ষীণাসব ভিক্ষুর নিকট যথার্থ প্রজ্ঞা দ্বারা সকল সংস্কার সম্পূর্ণরূপে অনিত্য বলে প্রতীয়মান হয় ভন্তে! এটা ক্ষীণাসব ভিক্ষুর গুণ যে গুণে গুণান্বিত হয়ে ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তিসমূহ ক্ষয় হয়েছে।"

৪। পুনঃ ভন্তে! ক্ষীণাসব ব্যক্তির নিকট যথার্থ প্রজ্ঞা দ্বারা কাম লালসা সম্পূর্ণরূপে অগ্নি-গর্ত সদৃশ প্রতীয়মান হয়। ভন্তে, যখন ক্ষীণাসব ব্যক্তির নিকট যথার্থ প্রজ্ঞা দ্বারা কাম লালসা সম্পূর্ণরূপে অগ্নি গর্ত বলে প্রতীয়মান হয়, ভন্তে! এটা ক্ষীণাসব ভিক্ষুর গুণ যে গুণে গুণান্বিত হয়ে ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তিসমূহ ক্ষয় হয়েছে।"

৫। পুনঃ ভন্তে! ক্ষীণাসব ভিক্ষুর চিত্ত বিবেক নিম্ন, বিবেক প্রবণ, বিবেক অবনত, বিবেক রত হয়, বিবেকে আনন্দ লাভ করে এবং আসক্তি সংক্রান্ত সর্ববিধ বিষয় হতে মুক্ত হয়। ভন্তে! যখন ক্ষীণাসব ভিক্ষুর চিত্ত বিবেক নিম্ন বিবেক প্রবণ, বিবেক অবনত, বিবেকরত, বিবেকানন্দ লাভ করে এবং আসক্তি সংক্রান্ত সর্ববিধ বিষয় হতে মুক্ত হয় ভন্তে! এটা ক্ষীণাসব ভিক্ষুর গুণ যে গুণে গুণান্বিত হয়ে ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তি ক্ষীণ হয়েছে।"

৬। পুনশ্চ ভন্তে! ক্ষীণাসব ভিক্ষুর চার স্মৃতিপ্রস্থান ভাবিত, সুভাবিত। প্রভু! যখন ক্ষীণাসব ভিক্ষুর চার স্মৃতিপ্রস্থান ভাবিত, সুভাবিত হয় ভন্তে! এটা ক্ষীণাসব ভিক্ষুর গুণ যার ফলে ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে, বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তি ক্ষীণ হয়েছে।"

৭। পুনরায় ভন্তে! ক্ষীণাসব ভিক্ষুর চার ঋদ্ধিপাদ (মানসিক শক্তি) ভাবিত হয়, সুভাবিত হয়, ক্ষীণাসব ভিক্ষুর পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়,

Visit: http://www.buddhistdownload.com

সুভাবিত হয়, ক্ষীণাসব ভিক্ষুর সপ্ত বোধ্যঙ্গ ভাবিত হয়, সুভাবিত হয়, ক্ষীণাসব ভিক্ষুর আর্য অষ্টাঙ্গিক মার্গ ভাবিত হয়, সুভাবিত (সুচিন্তিত) হয়। ভন্তে! যখন ক্ষীণাসব ভিক্ষুর আর্য অষ্টাঙ্গিক মার্গ ভাবিত হয়, সুভাবিত হয়, ভন্তে! এটা ক্ষীণাসব ভিক্ষুর বল যে বলের দ্বারা ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তি ক্ষয় হয়েছে।"

ভন্তে! এগুলিই ভিক্ষুর অষ্টবল যে বলে বলসম্পন্ন ক্ষীণাসব ভিক্ষু আসক্তি ক্ষয় উপলব্ধি করে এবং বিশেষভাবে জ্ঞাত হয়ঃ "আমার আসক্তি ক্ষীণ হয়েছে।"

৯. অক্খণ সুত্তং- অক্ষণ সূত্র

২৯.১। "হে ভিক্ষুগণ! জগৎ ক্ষণকৃত্য, জগৎ ক্ষণকৃত্য" অশ্রুতবান (অনভিজ্ঞ, ধর্মে অনভিজ্ঞ) পৃথকজন[২১] এরূপ বলে থাকে কিন্তু ক্ষণ বা অক্ষণ সম্পর্কে তারা জানে না। হে ভিক্ষুগণ! ব্রহ্মচর্যবাসের এই অষ্ট অক্ষণ, অসময়। আট কি কি?

২। হে ভিক্ষুগণ! জগতে তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যদের শাস্তা (শিক্ষক), বুদ্ধ, ভগবানের উৎপত্তি এবং সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা (শিক্ষা) এবং নিরয়ে উৎপন্ন ব্যক্তি। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের প্রথম অক্ষণ, অসময়।

৩। পুনশ্চ হে ভিক্ষুগণ! জগতে তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবানের উৎপত্তি এবং সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা এবং তির্য্যক যোনিতে (কুলে) উৎপন্ন ব্যক্তি। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের দ্বিতীয় অক্ষণ, অসময়।

পুনঃ, হে ভিক্ষুগণ! জগতে তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবানের উৎপত্তি এবং সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা

Visit: http://www.buddhistdownload.com

এবং প্রেতলোকে উৎপন্ন ব্যক্তি। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের তৃতীয় অক্ষণ, অসময়।

পুনঃ, হে ভিক্ষুগণ! জগতে তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবানের উৎপত্তি এবং সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা এবং দীর্ঘায়ুসম্পন্ন দেবলোকে উৎপন্ন ব্যক্তি। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের চতুর্থ অক্ষণ, অসময়।

পুনঃ, হে ভিক্ষুগণ! জগতে তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবানের উৎপত্তি এবং সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা এবং প্রত্যন্ত জনপদে বুদ্ধিহীন অসভ্য জনতার মধ্যে উৎপন্ন ব্যক্তি যেখানে ভিক্ষু-ভিক্ষুণী, উপাসক-উপাসিকাদের কোন সুযোগই নেই। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের পঞ্চম অক্ষণ, অসময়।

যে ব্যক্তি মধ্যম জনপদে জন্মগ্রহণ করে কিন্তু মিথ্যাদৃষ্টি পরায়ণ এবং বিপরীত মতবাদ পোষণ করে যে চিন্তা করেঃ দান, বলি, হোম বলে কিছু নেই; সুকৃত, দুষ্কৃত কর্মের ফল বা বিপাক বলে কিছু নেই; ইহলোক বা পরলোক বলে কিছু নেই; মাতা নেই, পিতা নেই, কোন ঔপপাতিক (আপনা হতে জাত) সত্ত্বা নেই, জগতে সর্বোচ্চ প্রাপ্তব্য বিষয় পেয়েছে, সর্বোচ্চ বিষয় লাভ করেছে এমন কোন শ্রমণ বা ব্রাহ্মণ নেই যারা ইহলোক, পরলোক স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ ঘোষণা করতে পারে। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের ষষ্ঠ অক্ষণ, অসময়।

যে ব্যক্তি মধ্যম জনপদে জন্ম গ্রহণ করেছে কিন্তু বোকা এবং নির্বোধ, জড়বুদ্ধিসম্পন্ন নির্বোধ, যে সুভাষিত বা দুর্ভাষিত বিষয়ের অর্থ বুঝতে অক্ষম। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের সপ্তম অক্ষণ, অসময়।

৪। পুনঃ, হে ভিক্ষুগণ! জগতে যখন তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবান উৎপন্ন হন এবং

Visit: http://www.buddhistdownload.com

সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা হয় না এবং যে ব্যক্তি মধ্যপ্রদেশের জনপদে জন্ম গ্রহণ করে এবং প্রজ্ঞাবান হয়, নির্বোধ নহে কিংবা জড়বুদ্ধিসম্পন্ন নির্বোধ হয় না কিন্তু সুভাষিত কিংবা দুর্ভাষিত বিষয় সম্পর্কে বলতে সক্ষম। হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের অষ্টম অক্ষণ, অসময়।

হে ভিক্ষুগণ! এগুলিই ব্রহ্মচর্যবাসের অষ্টবিধ অক্ষণ, অসময়।

৫। হে ভিক্ষুগণ! ব্রহ্মচর্যবাসের একমাত্র একটি ক্ষণ, সময় রয়েছে। সেটা কি?

৬। হে ভিক্ষুগণ! জগতে যখন তথাগত অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষ দমনকারী সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবান উৎপন্ন হন এবং সুগত প্রবেদিত উপশমকারী, পরিনির্বাণদায়ক, সম্বোধির পথ প্রদর্শনকারী ধর্মের দেশনা হয় এবং যে ব্যক্তি মধ্য জনপদে জন্ম গ্রহণ করে, বুদ্ধিমান হয়, নির্বোধ বা জড়বুদ্ধিসম্পন্ন হয় না কিন্তু সুভাষিত বা দুর্ভাষিত বিষয়ের অর্থ নির্ধারণে সক্ষম।

হে ভিক্ষুগণ! এটা ব্রহ্মচর্যবাসের একটা ক্ষণ এবং সময়।

যেজন মনুষ্যজন্ম লভে সুপ্রবেদিত সদ্ধর্মে
লভে না কোনও সুফল, সেজন করে অতিক্রম শুধু সুক্ষণ
সত্ত্বগণের অন্তরায়কর বহু অক্ষণ হয়েছে বর্ণিত,
ক্বচিৎ জগতে জন্ম লভেন অক্ষণ বুদ্ধ তথাগতগণ।
সুদুর্লভ ক্ষণ, বুদ্ধের সম্মুখীভূত মনুষ্যজীবন লাভ
ও সদ্ধর্ম দেশনা শ্রবণ হয় বড়ই দুর্লভ,
তদ্ধেতু অর্থকামী সাধু সজ্জন মাত্রেরই করে লাভ
সেসব, কুশল লাভে চেষ্টাশীল হওয়াই উত্তম।
সুক্ষণ অতিক্রম করা নহে উচিত, কারণ সুক্ষণ অতিক্রমকারীই
পতিত হয়ে নিরয়ে করে যে শোক।
সদ্ধর্মকে বিশেষরূপে জানার জন্য তৎপ্রতি হতে হবে যত্নবান
ইহলোকে সদ্ধর্মের নিয়মিত আর্য মার্গ অলব্ধ
ব্যক্তিকে অতীর্থে বণিকের অনুতাপ তুল্য
চিরকাল ভোগ করতে হবে অনুতাপ।

Visit: http://www.buddhistdownload.com

[অর্থাৎ যদি কোন বণিক অমুক স্থানে মহার্ঘ দ্রব্যাদি বিক্রিত হয় শুনেও গমন না করে, কিন্তু অপর বণিক তথায় গিয়ে আটগুণ দশগুণ লাভ করেছে এরূপ ঐ বণিক শুনে ঐ বণিক যেমন অনুতাপানলে দগ্ধ হয়, তদ্রূপ সুক্ষণ লাভ করে যারা অবহেলা করে আর যারা মার্গ ফলাদি লাভ করে, সেই মার্গলাভী ব্যক্তির কথা শুনে ঐ ব্যক্তিও অনুতাপানলে জ্বলতে থাকে।]

অবিদ্যাজড়িত ও সদ্ধর্মে অননুরক্ত মানব জাতি
মরণশীল সংসারে হয় চিরকাল জন্ম মৃত্যুর অধীন
ও ভোগ করে থাকে দুঃখ।
যে সত্ত্বগণ সুকথিত সদ্ধর্মে মনুষ্য জন্ম লাভ করেছেন,
করবেন, করছেন শাস্তাবচন প্রতিপালন,
এ জগতে যাঁরা তথাগত বুদ্ধদেশিত অনুত্তর ব্রহ্মচর্য-মার্গ
করেছেন লাভ, তাঁরাই অবগত হয়েছেন ক্ষণ সম্পত্তির মূল্য।
চক্ষুষ্মান আদিত্য বন্ধু বুদ্ধ কর্তৃক যে শীলসম্বর
হয়েছে দেশিত, সে শীলসম্বরে গুপ্ত, সতত স্মৃতিমান
ও কামরাগ দ্বারা অনাদ্রিত হয়ে করবে বাস।
যাঁরা মারধেয়্য ভূত সংসারে অনুগত বা মাররাজ্যে আগত,
শীল, সমস্ত অনুশয় বা কামরাগ ভবরাগাদি করে
ছেদন কামাদি আসব হয়েছেন ক্ষয়প্রাপ্ত, এ জগতে তাঁরাই
নির্বাণ পারগত নামে হন কথিত।'

১০। অনুরুদ্ধমহাবিতক্ক সুত্তং- অনুরুদ্ধ মহাবিতর্ক সূত্র

৩০.১। এক সময় ভগবান সুংসুমার পর্বতস্থিত মৃগদাবের ভেসকলা বনে ভগ্নদের মধ্যে অবস্থান করছিলেন। সে সময়ে শ্রদ্ধেয় অনুরুদ্ধ পূর্ব প্রান্তস্থিত বাঁশ বনে চেতীদের মধ্যে বাস করতেছিলেন। তখন একাকী নির্জন অবস্থায় বাস করার সময় আয়ুষ্মান অনুরুদ্ধের মনে এই চিন্তার উদ্রেক হলঃ 'এই ধর্ম অল্পেচ্ছুদের জন্য, এই ধর্ম যে বেশী চায় তার জন্য নহে। এই ধর্ম অল্পেচ্ছুদের জন্য, এই ধর্ম সন্তুষ্টদের জন্য, অসন্তুষ্টদের জন্য নহে। এই ধর্ম নিভৃতদের জন্য, পরিষদ অনুরাগীর জন্য নহে। বীর্যবানের জন্য এই ধর্ম, অলসের জন্য নহে। স্মৃতিশীলদের জন্য এই ধর্ম, মন্থর স্মৃতিসম্পন্নদের জন্য নহে।

Visit: http://www.buddhistdownload.com

সমাহিতদের জন্য এই ধর্ম, অসমাহিতদের জন্য নহে। প্রজ্ঞাবানদের জন্য এই ধর্ম, প্রজ্ঞাহীনের জন্য নহে।'

২। তৎপর ভগবান আয়ুষ্মান অনুরুদ্ধের চিত্ত পরিবিতর্ক পরিজ্ঞাত হয়ে যেমন কোন বলবান পুরুষ সঙ্কুচিত বাহু প্রসারিত করে, প্রসারিত বাহু সঙ্কোচিত করে তদ্রূপই ভগবান সুংসুমার পর্বতস্থিত মৃগদাবের ভেসকলা বন হতে অন্তর্হিত হয়ে ততটুকু সময়ের মধ্যে পূর্ব প্রান্তে বাঁশ বনে শ্রদ্ধেয় অনুরুদ্ধের সম্মুখে প্রাদুর্ভূত হন। প্রজ্ঞাপিত আসনে ভগবান উপবেশন করেন। শ্রদ্ধেয় অনুরুদ্ধ ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় অনুরুদ্ধকে ভগবান বলেনঃ-

৩। 'সাধু, সাধু অনুরুদ্ধ, অনুরুদ্ধ সাধু, তুমি মহাপুরুষের সপ্ত চিন্তন বিষয়ে চিন্তা করতেছিলে। যেমন- অল্প প্রত্যাশীদের জন্য এ ধর্ম, মহা প্রত্যাশীদের জন্য নহে; সন্তুষ্টদের জন্য ধর্ম, অসন্তুষ্টদের জন্য নহে; নিভৃতদের জন্য ধর্ম, পরিষদ প্রিয়দের জন্য নহে; বীর্যবানদের জন্য ধর্ম, অলসের জন্য নহে; স্মৃতিশীলদের জন্য ধর্ম, মন্থর স্মৃতিসম্পন্নদের জন্য নহে; সমাহিতের জন্য ধর্ম, অসমাহিতের জন্য নহে; প্রজ্ঞাবানদের জন্য ধর্ম, দুষ্প্রাজ্ঞদের জন্য নহে। কিন্তু অনুরুদ্ধ, তুমি মহাপুরুষের এই অষ্ট চিন্তন বিষয়েও চিন্তা করঃ "এই ধর্ম নিশ্চিতদের জন্য এবং যে সত্যতায় আনন্দ পায় তার জন্য; এই ধর্ম বিক্ষিপ্তদের জন্য নহে অথবা যারা বিক্ষিপ্ততায় আনন্দ পায় তাদের জন্য নহে?"

৪। 'অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা করবে তখন অনুরুদ্ধ, তুমি ইচ্ছা করলে কামমুক্ত, অকুশলমুক্ত হয়ে স-বিতর্ক, স-বিচার, বিবেকজ প্রীতিসুখসমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করবে।

৫। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা করবে তখন অনুরুদ্ধ, তুমি ইচ্ছা করলে বিতর্কবিচার প্রশমিত করে আধ্যাত্মিক সম্প্রসাদ চিত্তে একাগ্রভাব আনয়নকারী বিতর্কবিহীন বিচারহীন সমাধিজ প্রীতিসুখসমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করবে।

৬। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে

Visit: http://www.buddhistdownload.com

চিন্তা করবে তখন অনুরুদ্ধ, তুমি ইচ্ছা করলে প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করবে, স্মৃতিমান্ ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি-নিরপেক্ষ) সুখ অনুভব করবে, আর্যগণ যে ধ্যান-স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান্ হয়ে (প্রীতি-নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান-স্তরে উন্নীত হয়ে তাতে বিচরণ করবে।

৭। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা করবে তখন অনুরুদ্ধ, তুমি ইচ্ছা করলে সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করেই পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করবে।

৮। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা কর এবং ইচ্ছাক্রমে, বিনা কষ্টে, সহজে এই চার ধ্যান, সম্পূর্ণরূপে চৈতসিক, দৃষ্টধর্মে সুখ আনয়নকারী বিষয় লাভ কর তখন অনুরুদ্ধ, কোন গৃহপতি বা গৃহপতিপুত্রের নিকট বিভিন্ন বর্ণের বস্ত্র যেরূপ সন্তুষ্টি ও আনন্দের, তোমার নিকট সন্তুষ্টি, আনন্দ, সুখে বিহরণ ও নির্বাণ লাভের জন্য পাংশুকুলীক চীবর পরিধানও তদ্রূপ।

৯। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা কর এবং ইচ্ছাক্রমে, অনায়াসে, সহজে এই চতুর্ধ্যান যা সম্পূর্ণরূপে চৈতসিক, দৃষ্টধর্মে সুখ আনয়নকারী বিষয় লাভ কর তখন অনুরুদ্ধ, কোন গৃহপতি বা গৃহপতি পুত্রের নিকট শালী চাউলের খাদ্য, কালোমুক্ত পরিষ্কৃত, যা অনেক সূপ-ব্যঞ্জন দ্বারা পরিবেশিত খাদ্য যেরূপ, তোমার নিকট সন্তুষ্টি, আনন্দ, সুখে বিহরণ ও নির্বাণ লাভের জন্য পিণ্ডাচরণে জীবিকা নির্বাহকরণও তদ্রূপ।

১০। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা কর এবং ইচ্ছাক্রমে, বিনা কষ্টে, অতি সহজে এই চতুর্ধ্যান যা সম্পূর্ণরূপে চৈতসিক, দৃষ্টধর্মে সুখ আনয়নকারী বিষয় লাভ কর তখন অনুরুদ্ধ, যেমন কোন গৃহপতি বা গৃহপতি পুত্রের নিকট বন্ধ করার দরজা জানালাযুক্ত ত্রিকোণ ধার বিশিষ্ট চূণ, সুড়কি ও পানি দ্বারা জমাট গৃহ যাতে প্রবেশ করে মুক্ত বাতাস, সন্তুষ্টি ও আনন্দ যেরূপ, তোমার

Visit: http://www.buddhistdownload.com

নিকট সুখে বিহরণ ও নির্বাণ লাভের জন্য বৃক্ষমূলে শয্যাসনও ঠিক তদ্রূপ।

১১। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা কর এবং ইচ্ছাক্রমে, বিনা কষ্টে, অতি সহজে এই চতুর্ধ্যান যা সম্পূর্ণরূপে চৈতসিক, ইহ জীবনে সুখ আনয়নকারী বিষয় লাভ কর তখন অনুরুদ্ধ, যেমন কোন গৃহপতি বা গৃহপতি পুত্রের নিকট পশমী আবরণ, পশমী বস্ত্র বা চাদর যা মৃগচর্ম দ্বারা প্রস্তুত যার উপরে আছে চন্দ্রাতপ, উভয় পার্শ্ব গাঢ় লাল গদি সন্তুষ্টি, আনন্দ বিধান করে, তোমার নিকট সুখে বিহরণ ও নির্বাণ লাভের জন্য তৃণ বিস্তৃত শয্যাসনও তদ্রূপ।

১২। অনুরুদ্ধ, যখন তুমি মহাপুরুষের এই অষ্টবিধ চিন্তন বিষয়ে চিন্তা কর এবং ইচ্ছাক্রমে, বিনা কষ্টে, অতি সহজে এই চতুর্ধ্যান যা সম্পূর্ণরূপে চৈতসিক, ইহ জীবনে সুখ আনয়নকারী বিষয় লাভ কর তখন অনুরুদ্ধ, যেমন কোন গৃহপতি বা গৃহপতি পুত্রের কাছে নানাবিধ ভৈষজ্যঃ সর্পি, নবনীত, তৈল, মধু, ইক্ষু রস যেরূপ সন্তুষ্টি ও আনন্দের বিষয়, তোমার নিকট সুখে বিহরণ ও নির্বাণ লাভের জন্য গো-মূত্র সেবনও তদ্রূপ।

১৩। অতএব, অনুরুদ্ধ, পূর্ব প্রান্তস্থিত এই বাঁশ বনে চেতীদের মধ্যে আগত বর্ষাবাস উদ্‌যাপন কর।' শ্রদ্ধেয় অনুরুদ্ধ উত্তর দিলেনঃ 'হাঁ প্রভু, অতঃপর ভগবান আয়ুষ্মান অনুরুদ্ধকে এই উপদেশ দিয়ে যেমন কোন বলবান পুরুষ সঙ্কুচিত বাহু প্রসারিত করে, প্রসারিত বাহু সঙ্কুচিত করে তদ্রূপ পূর্বপ্রান্তস্থিত চেতীদের বাঁশ বন হতে অন্তর্হিত হয়ে সংসুমার পর্বতস্থিত মৃগদাবের ভেসকলাবনে ভগ্নদের মধ্যে প্রাদুর্ভূত হন। প্রজ্ঞাপিত আসনে ভগবান উপবেশন করেন। উপবেশন করে ভগবান ভিক্ষুগণকে আহ্বান করেনঃ-

১৪। 'হে ভিক্ষুগণ! মহাপুরুষের অষ্টবিধ চিন্তন বিষয় ভাষণ করব, তা মনোযোগ সহকারে শ্রবণ কর, মনোনিবেশ কর, আমি দেশনা করব।' ভিক্ষুগণ 'হাঁ ভদন্ত' বলে প্রত্যুত্তরে সম্মতি জানালেন। ভগবান বলেনঃ-

'হে ভিক্ষুগণ! অষ্টবিধ মহাপুরুষের বিতর্ক কিরূপ?

Visit: http://www.buddhistdownload.com

১৫। 'হে ভিক্ষুগণ! অল্পেচ্ছুদের জন্য এই ধর্ম, মহা প্রত্যাশীদের জন্য নহে; সন্তুষ্টদের জন্য এই ধর্ম, অসন্তুষ্টদের জন্য নহে; প্রবিবিক্তদের (নির্জনপ্রিয়দের) জন্য এই ধর্ম, পরিষদপ্রিয়দের জন্য নহে; আরব্ধবীর্যদের (উদ্যমশীলদের) জন্য এই ধর্ম, অলস পরায়ণদের জন্য নহে; স্মৃতিপরায়ণদের জন্য এই ধর্ম, স্মৃতিবিপন্নদের জন্য নহে; সমাহিতদের জন্য এই ধর্ম, অসমাহিতদের জন্য নহে, প্রজ্ঞাবানদের জন্য এই ধর্ম, দুষ্প্রাজ্ঞদের জন্য নহে; এই ধর্ম নিশ্চিতদের জন্য এবং যারা সত্যতায় আনন্দ পায় তাদের জন্য এই ধর্ম, বিক্ষিপ্তচিত্তদের জন্য নহে অথবা বিক্ষিপ্ততায় যারা আনন্দ পায় তাদের জন্য নহে।

১৬। ভিক্ষুগণ! এই ধর্ম অল্পেচ্ছুদের জন্য, এই ধর্ম মহা প্রত্যাশীদের জন্য নহে, এরূপই উক্ত হয়েছে। কিন্তু কেন এরূপ বলা হয়েছে?

১৭। এক্ষেত্রে হে ভিক্ষুগণ! ভিক্ষু অল্পেচ্ছু হয়ে "তারা আমাকে অল্পেচ্ছু জানুক" এরূপ ইচ্ছা করে না; সন্তুষ্ট হয়ে "সন্তুষ্ট আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না; বিবিক্ত (নির্জন) হয়ে "বিবিক্ত আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না; উদ্যমশীল আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না; স্মৃতিশীল হয়ে "স্মৃতিশীল আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না; সমাহিত হয়ে "সমাহিত আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না; প্রজ্ঞাবান হয়ে "প্রজ্ঞাবান আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না; যথার্থতায় আনন্দিত হয়ে "যথার্থ আমাকে তারা জানুক" এরূপ ইচ্ছা করে না। হে ভিক্ষুগণ! অল্পেচ্ছুদের জন্য এই ধর্ম, মহেচ্ছুদের জন্য নহে যে বলা হয়েছে তা এ কারণে বলা হয়েছে।

১৮। এই ধর্ম, হে ভিক্ষুগণ! সন্তুষ্টদের জন্য, অসন্তুষ্টদের জন্য নহে, এরূপ বলা হয়েছে। কিন্তু কেন এরূপ বলা হয়েছে?

১৯। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু চীবর, পিণ্ডপাত (ভিক্ষা), শয্যাসন, গিলানপ্রত্যয় (অসুস্থতায় ঔষধ), ভৈষজ্য, পরিষ্কারে সন্তুষ্ট থাকে। সুতরাং, হে ভিক্ষুগণ! সন্তুষ্টদের জন্য যে ধর্ম বলা হয়েছে, অসন্তুষ্টদের জন্য নহে তা যথার্থই বলা হয়েছে এবং তা একারণেই বলা হয়েছে।

২০। হে ভিক্ষুগণ! প্রবিবিক্তদের জন্য এই ধর্ম, পরিষদ প্রিয়দের

Visit: http://www.buddhistdownload.com

জন্য নহে, এরূপ বলা হয়েছে। কিন্তু কেন এরূপ বলা হয়েছে?

২১। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! যখন একজন ভিক্ষু নির্জনে বাস করে তার নিকট এসব পরিদর্শনকারী আসে, যেমন ভিক্ষু না এবং ভিক্ষুণী, উপাসক এবং উপাসিকা, রাজা এবং রাজমহামাত্য, তিত্থিয় এবং তাদের শ্রাবকগণ। তখন ভিক্ষু বিবেক নিম্ন চিত্তে, বিবেক প্রবণ চিত্তে, বিবেক নমিত চিত্তে, বিবেক অভিরমিত এবং নৈষ্ক্রম্যে অভিরমিত হয় এবং তার কথাবার্তা সম্পূর্ণরূপে বহির্গমনে (পার্থিব কোন বিষয়েই সংলগ্ন নহে) সীমাবদ্ধ থাকে। ভিক্ষুগণ! প্রবিবিক্তদের জন্য ধর্ম, পরিষদ প্রিয়দের জন্য নহে যে বলা হয়েছে তা একারণেই বলা হয়েছে।

২২। ভিক্ষুগণ! আরব্ধবীর্যদের (উদ্যমশীলদের) জন্য এই ধর্ম, অলসদের জন্য নহে, এরূপ বলা হয়েছে। কিন্তু তা কেন বলা হয়েছে?

২৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু উদ্যমশীল হয়ে অবস্থান করে অকুশল বিষয়ের প্রহীনের জন্য এবং কুশল ধর্মের শ্রীবৃদ্ধির জন্য, দৃঢ় এবং স্থির-সংকল্প, কুশলধর্ম অপরিত্যাগী। ভিক্ষুগণ! উদ্যমশীলদের জন্য এই ধর্ম, অলসদের জন্য নহে যে বলা হয়েছে তা একারণেই বলা হয়েছে।

২৪। হে ভিক্ষুগণ! স্মৃতিমানদের জন্য এই ধর্ম, মন্থর স্মৃতিসম্পন্নদের জন্য নহে, এরূপ বলা হয়েছে। কিন্তু এরূপ কেন বলা হয়েছে?

২৫। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু স্মৃতি পরায়ণ হয়, পরম স্মৃতিশীল এবং পরিণামদর্শিতা সম্পন্ন হয়, দীর্ঘকালের কৃত[২২] এবং কথিত বিষয় স্মরণ ও মনে করে। ভিক্ষুগণ! স্মৃতিমানদের জন্য এই ধর্ম, মন্থর স্মৃতিসম্পন্নদের জন্য নহে যে বলা হয়েছে তা একারণে বলা হয়েছে।

২৬। ভিক্ষুগণ! সমাহিতের জন্য এই ধর্ম, অসমাহিতের জন্য নহে, এরূপ বলা হয়েছে। কিন্তু এরূপ কেন বলা হয়েছে?

২৭। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু কামে বিবিক্ত (নির্লিপ্ত) হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু বিতর্ক, বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতিসুখ

Visit: http://www.buddhistdownload.com

মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করে, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে প্রীতি-নিরপেক্ষ সুখ অনুভব করে, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি নিরপেক্ষ সুখে বাস করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। হে ভিক্ষুগণ! সমাহিতের জন্য এই ধর্ম, অসমাহিতের জন্য নহে, এরূপ যে বলা হয়েছে তা একারণে বলা হয়েছে।

২৮। হে ভিক্ষুগণ! প্রজ্ঞাবানদের জন্য এই ধর্ম, প্রজ্ঞাহীনদের জন্য নহে এরূপ যে বলা হয়েছে। কিন্তু কেন তা বলা হয়েছে?

২৯। হে ভিক্ষুগণ! ভিক্ষু উদয়-বিলয়গামিনী বিষয়ে প্রজ্ঞাবান[২৩] হয় যা সম্পূর্ণরূপে দুঃখক্ষয়গামিনী আর্যোচিত নির্বেদ জ্ঞান দ্বারা সমন্বিত। ভিক্ষুগণ! প্রজ্ঞাবানদের জন্য এই ধর্ম, প্রজ্ঞাহীনদের জন্য যে নহে তা একারণেই বলা হয়েছে।

৩০। হে ভিক্ষুগণ! নিষ্প্রপঞ্চদের জন্য এই ধর্ম এবং নিষ্প্রপঞ্চে অভিরমিতদের জন্য প্রপঞ্চদের জন্য, এবং প্রপঞ্চে অভিরমিতদের জন্য এ ধর্ম নয়, এরূপ কেন বলা হয়েছে। কিন্তু এরূপ কেন বলা হয়েছে?

৩১। হে ভিক্ষুগণ! ভিক্ষু প্রপঞ্চ (মায়া) নিরোধে চিত্তকে ধাবিত করে, মনোনিবেশ করে, স্থির এবং বিমুক্ত হয়। হে ভিক্ষুগণ! নিষ্প্রপঞ্চদের জন্য এই ধর্ম এবং যারা সত্যে অভিরমিত হয় তাদের জন্য, এই ধর্ম বিক্ষিপ্তদের জন্য নহে কিংবা যারা তাতে আনন্দ পায় তাদের জন্য নহে যে বলা হয়েছে তা একারণেই বলা হয়েছে।'

৩২। অতঃপর আয়ুষ্মান অনুরুদ্ধ পূর্ব প্রান্তস্থিত বাঁশ বনে চেতীদের মধ্যে আগত বর্ষা যাপন করেন। তৎপর আয়ুষ্মান অনুরুদ্ধ একাকী, নির্জন, অপ্রমত্ত, আগ্রহশীল, দৃঢ়প্রতিজ্ঞ হয়ে অবস্থান কালে অনতিবিলম্বে যে জন্য কুলপুত্রগণ যথার্থই আগার পরিত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করে সেই অনুত্তর ব্রহ্মচর্য্য পর্য্যাবসানে ইহ জীবনেই স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ তাতে অবস্থান করেন।

Visit: http://www.buddhistdownload.com

তিনি উন্নত জ্ঞানে জানতে পারেনঃ 'আমার জন্মবীজ ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য্যব্রত উদ্‌যাপিত হয়েছে, করণীয় কার্য কৃত হয়েছে, অতঃপর আর এখানে আসতে হবে না।' আয়ুষ্মান অনুরুদ্ধ অর্হৎগণের অন্যতম হিসাবে পরিগণিত হয়েছিলেন।[২৪] তাঁর অর্হত্ব প্রাপ্তি কালে শ্রদ্ধেয় অনুরুদ্ধ এ গাথাসমূহ ভাষণ করেনঃ

'এ জগতে অনুত্তর শাস্তা জ্ঞাত হয়ে সংকল্প আমার
বা জ্ঞাত হয়ে বিতর্ক মনোময় ঋদ্ধিকায়ে,
ঋদ্ধিযোগে মম সন্নিকটে হলেন উপনীত।
যবে উপজিল বিতর্ক আমার, তবে উত্তরীতর
ধর্ম দেশিলেন নিষ্প্রপঞ্চ বা তৃষ্ণা-মান-দৃষ্টি বিহীন
বুদ্ধ নিষ্প্রপঞ্চ বা নির্বাণ পদযুক্ত ধর্ম করলেন দেশনা।
জ্ঞাত হয়ে তাঁর ধর্ম শাসনে হয়েছি রত
ত্রিবিধ বিদ্যা হয়েছে অর্জিত, বুদ্ধের শাসনে
নির্বাণ ফল হয়েছে কৃত।'

[গৃহপতি-বর্গ তৃতীয় সমাপ্ত]

তস্‌সুদ্দানং- স্মারক গাথা

দ্বিবিধ উগ্র, দ্বিবিধ হত্থক মহানাম জীবক,
দ্বিবিধ বল অক্ষণ অনুরুদ্ধ, সবে দিলে দশ।

৪. দান বগ্গো- দান বর্গ

১. পঠম দান সুত্তং- প্রথম দান সূত্র

৩১. ১। 'ভিক্ষুগণ! দানের এই অষ্টবিধ উপায়'। অষ্ট কি কি?

২। কেউ স্বেচ্ছায়[২] দান দেয়; কেউ ভয়ে দান দেয়; কেউ এরূপ চিন্তা করে দান দেয়ঃ "তিনি আমাকে দিয়েছিলেন;" "তিনি আমাকে দেবেন" ভেবে দান দেয়; "দান দেয়া ভাল" এরূপ চিন্তা করে দান দেয়; "আমি[৩] আহার প্রস্তুত করি, তারা করে না; যদিও আমি আহার প্রস্তুত করি তবুও যারা আহার প্রস্তুত করে না আমি তাদেরকে দান দিতে বারণ করার অযোগ্য" ভেবে দান দেয়; "আমার এই দান হতে কল্যাণমূলক কীর্তি বিঘোষিত হবে" চিন্তা করে কেউ দান দেয়; কেউ দান দেয় সমৃদ্ধ হতে এবং চিত্ত কোমল করতে।

হে ভিক্ষুগণ! এগুলিই দানের অষ্টবিধ উপায়।'

Visit: http://www.buddhistdownload.com

২. দুতিয় দান সুত্তং- দ্বিতীয় দান সূত্র

৩২. 'শ্রদ্ধা, লজ্জা[৪] ও নিষ্কলুষ দান
এ সব ধর্ম হয় সৎপুরুষ অনুসৃত
এ মার্গ[৫] বিষয়ে বলেন দিব্যলোকবাসীগণ,
এ উপায়ে গমন করে দেবলোকে।'

৩. দানবত্থু সুত্তং- দানবস্তু সূত্র

৩৩.১। 'হে ভিক্ষুগণ! দানের এই অষ্টবিধ ভিত্তি। আট কি কি?

২। 'কেউ ইচ্ছাবশত[৬]ঃ দান দেয়; কেউ ক্রোধ বশতঃ দান দেয়; কেউ মোহ[৭] বশতঃ দান দেয়; কেউ ভয়[৮] হেতু দান দেয়; কেউ এরকম ভেবে দান দেয়; "আমার পূর্ব পুরুষ দ্বারা পূর্বে এই দান দেয়া হয়েছিল এবং কৃত হয়েছিল। আমি আমার পরিবারের প্রাচীন রীতি পরিত্যাগ করতে পারি না।" "আমি এ দান দিয়ে কায় ভেদে মৃত্যুর পর সুগতি স্বর্গলোকে উৎপন্ন হব" এরূপ ভেবে কেউ দান দেয়; "আমার এ দান চিত্তকে প্রশান্ত করে, আনন্দ ও প্রফুল্লতা উৎপন্ন করে", এরূপ চিন্তা করে কেউ দান দেয়; কেউ চিত্তকে অলঙ্করণ ও চিত্ত পরিষ্কারের জন্য দান দেয়।

হে ভিক্ষুগণ! দানের এই অষ্টবিধ ভিত্তি।'

৪. খেত্ত সুত্তং- ক্ষেত্র সূত্র

৩৪.১। 'হে ভিক্ষুগণ অষ্টাঙ্গ সমন্বিত ক্ষেত্রে বীজ উপ্ত হলে মহাফলপ্রদ হয় না, মহা স্বাদযুক্ত হয় না কিংবা এটাকে সমৃদ্ধিশালী ভূমি হিসাবে বিবেচনা করা হয় না। কিরূপে অষ্টবিধ গুণযুক্ত হয়?

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ক্ষেত্রটি উঁচু-নীচু, শিলাময়, নুড়িপূর্ণ, লবণ[৯]যুক্ত হয়, মাটির গভীরতা বিহীন, জল প্রবেশ বা বের হওয়ার পথহীন; গমনাগমনের পথবিহীন, সীমানা[১০]বিহীন। ভিক্ষুগণ! এরূপ অষ্টাঙ্গযুক্ত ক্ষেত্রে বীজ উপ্ত হলে মহাফলপ্রদ, স্বাদযুক্ত হয় না কিংবা এটাকে সমৃদ্ধিশীল ভূমি হিসাবে বিবেচনা করা হয় না। তদ্রূপ, হে ভিক্ষুগণ! অষ্টাঙ্গযুক্ত শ্রমণ-ব্রাহ্মণকে প্রদত্ত দানের ফল মহৎ হয় না, মহা হিতকর, চমৎকার কিংবা মহা রোমাঞ্চকর হয় না। তারা কিরূপ অষ্ট গুণসম্পন্ন হয়?

Visit: http://www.buddhistdownload.com

৩। হে ভিক্ষুগণ! শ্রমণ-ব্রাহ্মণ মিথ্যাদৃষ্টিসম্পন্ন হয়, মিথ্যা-সংকল্পযুক্ত, মিথ্যাবাক্যসম্পন্ন, মিথ্যাকর্মসম্পন্ন, মিথ্যাজীবি, মিথ্যা উদ্যমী, মিথ্যাস্মৃতিযুক্ত, মিথ্যা সমাধিযুক্ত[১১]। ভিক্ষুগণ! এই অষ্টাঙ্গযুক্ত শ্রমণ-ব্রাহ্মণকে প্রদত্ত দানের ফল মহৎ হয় না, মহা হিতকর, চমৎকার কিংবা রোমাঞ্চকর হয় না।

৪। হে ভিক্ষুগণ! অষ্টাঙ্গযুক্ত ক্ষেত্রে বীজ উপ্ত হলে মহাফল লাভ হয়, স্বাদযুক্ত এবং উর্বর ভূমি হিসাবে বিবেচিত হয়। অষ্টাঙ্গ সমন্বিত কিরূপ গুণযুক্ত হয়?

৫। হে ভিক্ষুগণ! ক্ষেত্রটি বন্ধুর হয় না, শিলামুক্ত, নুড়িবিহীন, লবণমুক্ত, মাটি গভীরতাসম্পন্ন, জল প্রবেশ পথ ও বের হওয়ার পথ, জল গমনাগমনের পথযুক্ত ও সীমানাযুক্ত হয়। ভিক্ষুগণ! এরূপ অষ্টাঙ্গযুক্ত ক্ষেত্রে বীজ উপ্ত হলে মহাফল ফলে, ক্ষেত্র হয় স্বাদযুক্ত, উর্বর বলে বিবেচিত হয়। তদ্রূপ, ভিক্ষুগণ! অষ্টাঙ্গসম্পন্ন শ্রমণ-ব্রাহ্মণকে প্রদত্ত দানের ফল মহৎ, মহা হিতকর, চমৎকার, মহা রোমাঞ্চকর হয়। তদ্রূপ, হে ভিক্ষুগণ! অষ্টাঙ্গ সমন্বিত শ্রমণ-ব্রাহ্মণকে প্রদত্ত দানের ফল মহৎ, মহা হিতকর, চমৎকার, রোমাঞ্চকর হয়।

অষ্টাঙ্গ সমন্বিত কিরূপ গুণযুক্ত হয়?

৬। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! শ্রমণ-ব্রাহ্মণ সম্যকদৃষ্টিসম্পন্ন, সম্যকসংকল্পযুক্ত, সম্যক বাক্যযুক্ত, সম্যককর্মসম্পন্ন, সম্যকজীবি, সম্যক উদ্যমী, সম্যক স্মৃতিযুক্ত, সম্যক সমাধিসম্পন্ন হয়। হে ভিক্ষুগণ! এরূপ অষ্টাঙ্গযুক্ত শ্রমণ-ব্রাহ্মণকে প্রদত্ত দানের ফল মহৎ, মহা হিতকর, চমৎকার, রোমাঞ্চকর হয়।

সম্পন্ন ক্ষেত্রে সম্পন্ন বীজ হইলে রোপিত,
যদি তাতে নিয়মিত বারিধারা হয় পতিত,
তাহলে হয়ে থাকে পরিপূর্ণ ধান্যসম্পদ,
কীট, কৃমির না থাকলে উপদ্রব ধান্যের প্রথম সম্পদ,
বিরূঢ় বা অঙ্কুরকালে হয় দ্বিতীয় সম্পদ,
স্কন্ধাদি বিপুলতা কালে হয় তৃতীয় সম্পদ,
ফল ধারণে হয় লাভ চতুর্থ সম্পদ।
এরূপ সম্পন্ন শীলবানে প্রদত্ত ভোজন সম্পদ

Visit: http://www.buddhistdownload.com

আনে ত্রিবিধ কুশলসম্পদ, তাদৃশ কৃতকর্ম
করে তাকে লাভ পরিপূর্ণতা; তদ্ধেতু সম্পদাকাঙ্খী জন!
ইহলোকে পূর্ণার্থ লাভ হেতু সেব প্রজ্ঞাবানে,
এরূপেই কুশলসম্পদ হয়ে থাকে লাভ।
বিদ্যাচারণসম্পন্ন পুরুষ করে লাভ চিত্ত সম্পদ,
পরিপূর্ণ করে থাকে কর্ম সম্পদ,
তদ্ধেতু তিনি লাভ করেন অর্থসম্পদও।
স্কন্ধ-আয়তন-ধাতুভূত লোক, যথাভাবে হয়ে জ্ঞাত,
লাভ করে বিদর্শন দৃষ্টি, স্রোতাপত্তি মার্গসম্পদ,
করে অবলম্বন পরিপূর্ণ চিত্ত, যায় অরহতমার্গে।
রাগাদি সব ময়লা ঝেড়ে প্রাপ্ত হয় নির্বাণসম্পদ,
হয় মুক্ত সর্বদুঃখ হতে, সেই বিমুক্তিই হয় কথিত
সর্বসম্পদা বলে।'

৫. দানূপপত্তি সুত্তং- দানোপপত্তি সূত্র

৩৫.১। 'হে ভিক্ষুগণ! দান হেতু এই অষ্টবিধ পুনর্জন্ম[১২] লাভ ঘটে। আট কি কি?

২। ভিক্ষুগণ! কোন ব্যক্তি শ্রমণ বা ব্রাহ্মণকে অন্ন, পানীয়, বস্ত্র, যান, মালা, গন্ধ, বিলেপন, শয্যা, আবাস এবং প্রদীপ[১৩] দান করে। সে যা দান করে তার বিনিময় প্রত্যাশা করে। সে পঞ্চ কামে সমর্পিত, সমঙ্গীভূত, পরিচর্য্যারত ক্ষত্রিয় ধনবান বা ব্রাহ্মণ ধনবান বা গৃহপতি ধনবানকে দর্শন করে। সে চিন্তা করেঃ "হা! কায় ভেদে মৃত্যুর পর আমি যদি ক্ষত্রিয় ধনবান বা ব্রাহ্মণ ধনবান বা গৃহপতি ধনবানদের মধ্যে পুনর্জন্ম লাভ করতে পারতাম!" সে এ চিন্তায় তার চিত্ত নিবদ্ধ করে, মনোযোগ স্থাপন করে, চিত্তে ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু সে কায় ভেদে মৃত্যুর পর ক্ষত্রিয় ধনবান বা ব্রাহ্মণ ধনবান বা গৃহপতি ধনবানদের মধ্যে পুনর্জন্ম লাভ করে এবং আমি বলি এটা শীলবানের, দুঃশীলের নহে। ভিক্ষুগণ! শীলবানের চিত্ত প্রণিধি (আকাঙ্খা) বিশুদ্ধতা[১৪] হেতু সমৃদ্ধি হেতু সমৃদ্ধি লাভ করে।

৩। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! কোন ব্যক্তি শ্রমণ বা ব্রাহ্মণকে অন্ন,

Visit: http://www.buddhistdownload.com

পানীয়, বস্ত্র, যান, মালা-গন্ধ-বিলেপন, শয্যা, আবাস এবং প্রদীপ দান করে। সে প্রত্যাশা করে দান দেয়। সে শুনতে পায় যে, চাতুর্মহারাজিক দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন এবং অত্যন্ত সুখী। সে চিন্তা করেঃ "হা! কায়ভেদে মৃত্যুর পর আমি যদি চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করতাম!" এ বিষয়ে সে তার চিত্ত স্থির করে, অধিষ্ঠান করে এবং ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু কায়ভেদে মৃত্যুর পর চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। হে ভিক্ষুগণ! বিশুদ্ধতা হেতু শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে।

৪। ভিক্ষুগণ! কোন ব্যক্তি শ্রমণ বা ব্রাহ্মণকে অন্ন, পানীয়, বস্ত্র, যান, মালা-গন্ধ-বিলেপন, শয্যা, আবাস, প্রদীপ দান করে। সে প্রত্যাশা করে দান দেয়। সে শ্রবণ করেঃ "তাবতিংস দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন এবং অত্যন্ত সুখী।" সে চিন্তা করেঃ "কায়ভেদে মৃত্যুর পর আমি যদি তাবতিংস দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করতাম!" এ বিষয়ে সে তার চিত্ত স্থির করে, অধিষ্ঠান করে এবং ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু কায়ভেদে মৃত্যুর পর তাবতিংস দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। হে ভিক্ষুগণ! বিশুদ্ধতা হেতু শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে। সে শ্রবণ করেঃ "যামলোকবাসী দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন এবং অত্যন্ত সুখী।" সে চিন্তা করেঃ "কায়ভেদে মৃত্যুর পর আমি যদি যামলোকবাসী দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করতাম!" এ বিষয়ে সে তার চিত্ত স্থির করে, অধিষ্ঠান করে এবং ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু কায়ভেদে মৃত্যুর পর যামলোকবাসী দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। হে ভিক্ষুগণ! বিশুদ্ধতা হেতু শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে। সে শ্রবণ করেঃ "তুষিত দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন এবং অত্যন্ত সুখী।" সে চিন্তা করেঃ "কায়ভেদে মৃত্যুর পর আমি যদি তুষিত দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করতাম!" এ বিষয়ে সে তার চিত্ত স্থির করে, অধিষ্ঠান করে এবং

Visit: http://www.buddhistdownload.com

ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু কায়ভেদে মৃত্যুর পর তুষিত দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। হে ভিক্ষুগণ! বিশুদ্ধতা হেতু শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে। সে শ্রবণ করেঃ "নির্মাণরতি দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন এবং অত্যন্ত সুখী।" সে চিন্তা করেঃ "কায়ভেদে মৃত্যুর পর আমি যদি নির্মাণরতি দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করতাম!" এ বিষয়ে সে তার চিত্ত স্থির করে, অধিষ্ঠান করে এবং ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু কায়ভেদে মৃত্যুর পর নির্মাণরতি দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। হে ভিক্ষুগণ! বিশুদ্ধতা হেতু শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে। সে শ্রবণ করেঃ "পরনির্মিতবশবর্তী দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন, অত্যন্ত সুখী"। এ বিষয়ে সে তার চিত্ত স্থির করে, মনোযোগ নিবদ্ধ করে, ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু সে কায়ভেদে মৃত্যুর পর পরনির্মিতবশবর্তী দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। হে ভিক্ষুগণ! বিশুদ্ধতা[১৫] বশতঃ শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে।

৫। হে ভিক্ষুগণ! কোন ব্যক্তি শ্রমণ বা ব্রাহ্মণকে অন্ন, পানীয়, বস্ত্র যান, মালা-গন্ধ-বিলেপন, শয্যা, আবাস, প্রদীপ দান করে। সে দানের বিনিময়ে প্রত্যাশা করে। সে শ্রবণ করেঃ "ব্রহ্মকায়িক দেবগণ দীর্ঘায়ুসম্পন্ন, শ্রীসম্পন্ন অত্যন্ত সুখী। সে চিন্তা করেঃ "হা! কায়ভেদে মৃত্যুর পর আমি যদি ব্রহ্মকায়িক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করতাম!" সে এ বিষয়ে চিত্ত স্থির করে, মনোযোগ নিবদ্ধ করে এবং চিত্তে ভাবে। তার চিত্ত হীন বিষয়ে নমিত এবং উন্নততর বিষয় অভাবিত হেতু সে কায়ভেদে মৃত্যুর পর ব্রহ্মকায়িক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে। এবং আমি বলি এটা শীলমূলক, দুঃশীলজনক নহে। বীতরাগের, সরাগের (কামুকের) নহে, হে ভিক্ষুগণ! বিরাগতা (কামাসক্তিহীনতা) বশতঃ শীলবানের চিত্ত প্রণিধি সমৃদ্ধি লাভ করে।

হে ভিক্ষুগণ! এগুলিই হল দানের দ্বারা অষ্টবিধ পুনর্জন্ম।'

Visit: http://www.buddhistdownload.com

৬. পুঞ্ঞকিরিযবত্থু সুত্তং- পুণ্যক্রিয়া বস্তু সূত্র

৩৬.১। 'ভিক্ষুগণ! পুণ্যক্রিয়ার এই ত্রিবিধ ভিত্তি[১৬]। ত্রিবিধ কি কি?

২। দানময় পুণ্যক্রিয়ার ভিত্তি, শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি, ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তি।

৩। ভিক্ষুগণ! কোন ব্যক্তির দানময় পুণ্যক্রিয়ার ভিত্তি সামান্য[১৭] পরিমাণে কৃত, শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি সামান্য পরিমাণে কৃত এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছায় না। সে কায়ভেদে মৃত্যুর পর যারা দুর্ভাগ্যবান[১৮] তাদের মধ্যে পুনর্জন্ম লাভ করে।

৪। ভিক্ষুগণ! কোন ব্যক্তির দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি মধ্যম[১৯] পরিমাণে কৃত এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছায় না। সে কায়ভেদে মৃত্যুর পর সৌভাগ্যবান[২০] ব্যক্তিদের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে।

৫। ভিক্ষুগণ! কোন ব্যক্তির দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছায় না। সে কায়ভেদে মৃত্যুর পর চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে।

ভিক্ষুগণ! তথায় চারি মহারাজা দানময় পুণ্যক্রিয়া এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণ করতঃ চাতুমর্হারাজিক দেবগণকে দশবিধ ক্ষেত্রে অতিক্রম করেঃ দিব্য আয়ু, বর্ণ, সুখ, যশ, আধিপত্য, রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শে[২১]।

৬। ভিক্ষুগণ! কোন লোকের দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণে কৃত এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছায় না। সে কায়ভেদে মৃত্যুর পর তাবতিংস দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে। তথায় ভিক্ষুগণ! দেবগণের রাজা শক্র দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণ করতঃ তাবতিংস দেবগণকে দশবিধ ক্ষেত্রে অতিক্রম করেঃ দিব্য আয়ু, বর্ণ, সুখ, যশ, আধিপত্য, রূপ, শব্দ, গন্ধ, গন্ধ, রস, স্পর্শে।

৭। ভিক্ষুগণ! কোন লোকের দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণে কৃত এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছে না। সে কায়ভেদে মৃত্যুর পর যাম দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। তথায় ভিক্ষুগণ! সুযাম[২২] দেবপুত্র দানময় এবং শীলময়

Visit: http://www.buddhistdownload.com

পুণ্যক্রিয়া অধিক পরিমাণ করতঃ যাম দেবগণকে দশবিধ ক্ষেত্রে অতিক্রম করেঃ দিব্য আয়ু, বর্ণ, সুখ, যশ, আধিপত্য, রূপ, শব্দ, গন্ধ, গন্ধ, রস, স্পর্শে।

৮। ভিক্ষুগণ! কোন ব্যক্তির দানময়, শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণে কৃত এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছে না। সে কায়ভেদে মৃত্যুর পর তুষিত দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। তথায় ভিক্ষুগণ! সন্তুষিত দেবপুত্র দানময় ও শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণ করতঃ তুষিত দেবগণকে দশবিধ ক্ষেত্রে অতিক্রম করেঃ দিব্য আয়ু, বর্ণ, সুখ, যশ, আধিপত্য, রূপ, শব্দ, গন্ধ, গন্ধ, রস, স্পর্শে।

৯। ভিক্ষুগণ! কোন লোকের দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণে কৃত এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছে না। সে কায়ভেদে মৃত্যুর পর নির্মাণরতি দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। তথায় ভিক্ষুগণ! সুনিম্মিত দেবপুত্র দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণ করতঃ নির্মাণরতি দেবগণকে দশবিধ ক্ষেত্রে অতিক্রম করেঃ দিব্য আয়ু, বর্ণ, সুখ, যশ, আধিপত্য, রূপ, শব্দ, গন্ধ, গন্ধ, রস, স্পর্শে।

১০। হে ভিক্ষুগণ! কোন ব্যক্তির দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণ কৃত হয় এবং ভাবনাময় পুণ্যক্রিয়ার ভিত্তিতে পৌঁছে না। সে কায়ভেদে মৃত্যুর পর পরনির্মিতবশবর্ত্তী দেবগণের মধ্যে পুনর্জন্ম গ্রহণ করে। তথায় ভিক্ষুগণ! বশবর্ত্তী দেবপুত্র দানময় এবং শীলময় পুণ্যক্রিয়ার ভিত্তি অধিক পরিমাণ করতঃ পরনিম্মিতবশবর্ত্তী দেবগণকে দশবিধ ক্ষেত্রে অতিক্রম করেঃ দিব্য আয়ু, বর্ণ, সুখ, যশ, আধিপত্য, রূপ, শব্দ, গন্ধ, গন্ধ, রস, স্পর্শে।

ভিক্ষুগণ! এগুলিই ত্রিবিধ পুণ্যক্রিয়ার ভিত্তি।'

৭. সপ্পুরিসদান[২৩] সুত্তং- সৎপুরুষ দান সূত্র

৩৭.১। হে ভিক্ষুগণ! সৎপুরুষের দান এই অষ্ট প্রকার। আট কি কি?

২। ভিক্ষুগণ! সে শুচি বস্তু দান দেয়, প্রণীত বস্তু দান দেয়, যথার্থ দান দেয়, যথাসময়ে দান দেয়, বিবেচনা করে দান দেয়, পুনঃ পুনঃ

Visit: http://www.buddhistdownload.com

দান দেয়, দান দিয়ে চিত্তকে প্রশান্ত করে, দান দিয়ে আত্মপ্রসাদ লাভ করে।

ভিক্ষুগণ! এগুলিই অষ্টবিধ সৎপুরুষ দান।

পান, ভোজন দ্রব্য, পরিশুদ্ধ বর্ণসম্পন্ন করবে দান
প্রণীত বস্তু, যথাসময়ে দেবে দান,
যোগ্যবস্তু করবে দান সুক্ষেত্রে ব্রহ্মচারীগণে,
দেবে দান আমিষ বস্তু করে পরিত্যাগ,
দিয়ে দান কভু করবে না ভোগ অনুতাপ,
ঈদৃশ দান বিষয়ে করেন বর্ণন পণ্ডিতগণ।
এভাবে পূজা করে শ্রদ্ধাবান মেধাবী পণ্ডিত,
মুক্ত চিত্ত দ্বারা জন্ম নেন মৈত্রীপূর্ণ সুখময় লোকে।'

৮. সপ্পুরিস সুত্তং- সৎপুরুষ সূত্র

৩৮.১। 'হে ভিক্ষুগণ[২৪]! যখন কোন পরিবারে কোন সৎপুরুষ জন্ম গ্রহণ করে এটা বহু লোকের মঙ্গল, হিত ও সুখের কারণ হয়, এটা মাতা-পিতা, স্ত্রী-পুত্রের, ক্রীতদাস, কর্মকার, দাস, মিত্র, অমাত্য, পূর্ব প্রেত[২৫], রাজা, দেবতা এবং শ্রমণ-ব্রাহ্মণের মঙ্গল, হিত ও সুখের কারণ হয়।

২। যেমন হে ভিক্ষুগণ! প্রচুর বারিবর্ষণ সকল প্রকার শস্যের পরিপক্বতা আনয়ন করে যদ্বারা অনেক লোকের মঙ্গল, হিত ও সুখ লাভ হয়। তদ্রূপ হে ভিক্ষুগণ! যখন কোন পরিবারে কোন সৎপুরুষ জন্ম গ্রহণ করে তদ্বারা বহু লোকের মঙ্গল, হিত ও সুখ লাভ হয়। মাতা-পিতা, স্ত্রী-পুত্র, ক্রীতদাস, কর্মকার, দাস, মিত্র, অমাত্য, পূর্ব প্রেত, রাজা, দেবতা এবং শ্রমণ-ব্রাহ্মণের মঙ্গল, হিত ও সুখের কারণ হয়।

পণ্ডিত ব্যক্তি গৃহবাসেও হন মঙ্গলকামী বহুজনে,
মাতাপিতাকে রাত্রিদিন পূজা করেন অনলসভাবে,
পূর্বকৃত উপকার করে স্মরণ[২৬] পূজা করে তাঁদের
গৃহ ছেড়ে হলে প্রব্রজিত ভজেন ব্রহ্মচারীদের।
তথাগত শাসনে জ্ঞাত হয়ে ধর্ম শ্রদ্ধাবান জন,
প্রিয়শীল ব্যক্তিগণে পূজেন, হন হিতকামী রাজার,
দেবগণের, জ্ঞাতির, হিতকামী হন সখীদের

Visit: http://www.buddhistdownload.com

সদ্ধর্মে স্থিত সাধু পুরুষ হিত সাধন করেন সবার
কার্পণ্য ময়লা করেন দূর, সেহেতু তিনি
শিবলোকে বা দেবলোকে করেন গমন।'

৯. অভিসন্দ সুত্তং- পুণ্যফল সূত্র

৩৯.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ পুণ্যফল[২৭], কুশলফল, আহারসুখ, স্বর্গীয়, সুখবিপাক, স্বর্গ সংবর্তনিক[২৮] যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী। আট কি কি?

২। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক বুদ্ধের শরণাগত হয়। ভিক্ষুগণ! এটা প্রথম পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোরম, হিতকর, সুখ আনয়নকারী।

৩। পুনশ্চ হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক ধর্মের শরণাগত হয়। ভিক্ষুগণ! এটা দ্বিতীয় পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোরম, হিতকর, সুখ আনয়নকারী।

৪। পুনঃ হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক সংঘের শরণাগত হয়। ভিক্ষুগণ! এটা তৃতীয় পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোরম, হিতকর ও সুখ আনয়নকারী।

৫। হে ভিক্ষুগণ! এই পঞ্চ দান[২৯] মহাদান, অগ্র হিসাবে স্বীকৃত, দীর্ঘ কালের, ঐতিহ্যবাহী, প্রাচীন, অসঙ্কীর্ণ, অসঙ্কীর্ণ পূর্ব, সঙ্কীর্ণ হয়নি, সঙ্কীর্ণ হবে না; সেগুলি বিজ্ঞ শ্রমণ-ব্রাহ্মণ কর্তৃক ঘৃণিত হয় না। পঞ্চ কি কি?

৬। এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক প্রাণিহত্যা পরিত্যাগ করতঃ প্রাণিহত্যা প্রতিবিরত হন। ভিক্ষুগণ! প্রাণিহত্যা প্রতিবিরত আর্যশ্রাবক সংখ্যাহীন প্রাণিগণকে অভয় দেন, মৈত্রী দেন, বিপদহীনতা দেন; অপরিমাণ সত্ত্বগণকে অভয় দিয়ে, অবৈরী দিয়ে, অব্যাপাদ (বিদ্বেষহীনতা) দিয়ে অপরিমাণ অভয়, মৈত্রী ও অব্যাপাদের ভাগী হন। ভিক্ষুগণ! এটাই প্রথম দান, মহাদান, অগ্র হিসাবে স্বীকৃত। দীর্ঘকালের, ঐতিহ্যবাহী, প্রাচীন, অসঙ্কীর্ণপূর্ব, সংকীর্ণ হয়নি, সংকীর্ণ হবে না, বিজ্ঞ শ্রমণ-ব্রাহ্মণ কর্তৃক ঘৃণিত হয় না। ভিক্ষুগণ! এটা চতুর্থ পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী।

Visit: http://www.buddhistdownload.com

৭। পুনঃ হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত হয়। ভিক্ষুগণ! অদত্তবস্তু প্রতিবিরত আর্যশ্রাবক সংখ্যাহীন প্রাণীগণকে অভয় দেন, মৈত্রী দেন, বিপদহীনতা দেন; অপরিমাণ সত্ত্বগণকে অভয় দিয়ে, অবৈরী দিয়ে, অব্যাপাদ (বিদ্বেষহীনতা) দিয়ে অপরিমাণ অভয়, মৈত্রী ও অব্যাপাদের ভাগী হন। ভিক্ষুগণ! এটাই প্রথম দান, মহাদান, অগ্র হিসাবে স্বীকৃত। দীর্ঘকালের, ঐতিহ্যবাহী, প্রাচীন, অসঙ্কীর্ণপূর্ব সংকীর্ণ হয়নি, সংকীর্ণ হবে না, বিজ্ঞ শ্রমণ-ব্রাহ্মণ কর্তৃক ঘৃণিত হয় না। ভিক্ষুগণ! এটা পঞ্চম পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী।

পুনঃ হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক মিথ্যা কামাচার পরিত্যাগ করতঃ মিথ্যা কামাচার প্রতিবিরত হন। ভিক্ষুগণ! মিথ্যাকামাচার প্রতিবিরত আর্যশ্রাবক সংখ্যাহীন প্রাণীগণকে অভয় দেন, মৈত্রী দেন, বিপদহীনতা দেন; অপরিমাণ সত্ত্বগণকে অভয় দিয়ে, অবৈরী দিয়ে, অব্যাপাদ (বিদ্বেষহীনতা) দিয়ে অপরিমাণ অভয়, মৈত্রী ও অব্যাপাদের ভাগী হন। ভিক্ষুগণ! এটাই প্রথম দান, মহাদান, অগ্র হিসাবে স্বীকৃত। দীর্ঘকালের, ঐতিহ্যবাহী, প্রাচীন, অসঙ্কীর্ণপূর্ব, সংকীর্ণ হয়নি, সংকীর্ণ হবে না, বিজ্ঞ শ্রমণ-ব্রাহ্মণ কর্তৃক ঘৃণিত হয় না। ভিক্ষুগণ! এটা ষষ্ঠ পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী।

পুনঃ হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক মিথ্যাভাষণ পরিহার করতঃ মিথ্যাভাষণ প্রতিবিরত হন ভিক্ষুগণ! অদত্তবস্তু প্রতিবিরত আর্যশ্রাবক সংখ্যাহীন প্রাণীগণকে অভয় দেন, মৈত্রী দেন, বিপদহীনতা দেন; অপরিমাণ সত্ত্বগণকে অভয় দিয়ে, অবৈরী দিয়ে, অব্যাপাদ (বিদ্বেষহীনতা) দিয়ে অপরিমাণ অভয়, মৈত্রী ও অব্যাপাদের ভাগী হন। ভিক্ষুগণ! এটাই প্রথম দান, মহাদান, অগ্র হিসাবে স্বীকৃত। দীর্ঘকালের, ঐতিহ্যবাহী, প্রাচীন, অসঙ্কীর্ণপূর্ব, সংকীর্ণ হয়নি, সংকীর্ণ হবে না, বিজ্ঞ শ্রমণ-ব্রাহ্মণ কর্তৃক ঘৃণিত হয় না। ভিক্ষুগণ! এটা সপ্তম পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী।

পুনঃ হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক সুরা, মাদকদ্রব্য সেবন ও প্রমাদবস্তু

Visit: http://www.buddhistdownload.com

পরিহার করতঃ সুরা, মাদকদ্রব্য সেবন ও প্রমাদবস্তু প্রতিবিরত হন। ভিক্ষুগণ! সুরা, মাদকদ্রব্য সেবন ও প্রমাদবস্তু প্রতিবিরত হয়ে আর্যশ্রাবক অসংখ্য সত্ত্বগণের প্রতি অভয় দেন, অবৈরী দান করেন, অব্যাপাদ প্রদান করেন; অপরিমাণ প্রাণিগণকে অভয় দিয়ে, মৈত্রী দিয়ে, অব্যাপাদ দিয়ে অপরিমাণ অভয়, মৈত্রী ও অব্যাপাদের ভাগী হন। ভিক্ষুগণ! এটা পঞ্চম দান, মহাদান, অগ্রদান দীর্ঘকালের, ঐতিহ্যবাহী, প্রাচীন, অসঙ্কীর্ণপূর্ব, সংকীর্ণ হয়নি, সংকীর্ণ হবে না, বিজ্ঞ শ্রমণ-ব্রাহ্মণ কর্তৃক নিন্দিত হয় না। ভিক্ষুগণ! এটা অষ্টম পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখবিপাকী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী।

ভিক্ষুগণ! এগুলিই অষ্ট পুণ্যফল, কুশলফল, সুখাহার, স্বর্গীয়, সুখ আনয়নকারী, স্বর্গ সংবর্ত্তনিক যা ইষ্ট, কান্ত, মনোজ্ঞ, হিতকর, সুখ আনয়নকারী।'

১০. দুচ্চরিত বিপাক সুত্তং- দুশ্চরিত বিপাক সূত্র

৪০.১। 'হে ভিক্ষুগণ! প্রাণিহত্যা সেবিত (অনুসৃত), ভাবিত (অনুশীলিত), বহুলীকৃত (বর্ধিত) হলে তা মানুষদেরকে নরক, তির্য্যক ও প্রেতযোনিতে নিয়ে যায়। প্রাণিহত্যার সর্বনিম্ন (সামান্যতম) ফল হচ্ছে মানবের অল্পায়ু লাভ।

২। ভিক্ষুগণ! অদত্ত গ্রহণ (চুরি) অনুসৃত, অনুশীলিত, বহুলীকৃত হলে তা মানবগণকে নরক, তির্য্যক ও প্রেতযোনিতে (প্রেতকুলে) নিয়ে যায়। চৌর্য্যবৃত্তির সামান্যতম ফল মানবের সম্পদ হানি।

৩। ভিক্ষুগণ! মিথ্যা কামাচারের (ব্যভিচারের) অনুসরণ, অনুশীলন, বর্ধিতকরণ মানবগণকে নরক, তির্য্যক ও প্রেতকুলে নিয়ে যায়। ভিক্ষুগণ! ব্যভিচারের সর্বনিম্ন ফল প্রতিযোগিতা এবং বিদ্বেষ।

৪। ভিক্ষুগণ! মিথ্যা ভাষণ অনুসৃত, পুনঃ পুনঃ কৃত ও বর্ধিত হলে তা মানবগণকে নরক, তির্য্যক ও প্রেতকুলে নিয়ে যায়। ভিক্ষুগণ! মিথ্যাভাষণের ন্যূনতম বিপাক মানবের অপবাদ এবং মিথ্যা কথন।

৫। ভিক্ষুগণ! পিসুণ বাক্য (বিদ্বেষপূর্ণ ভাষণ) অনুসৃত, অনুশীলিত ও বর্ধিত হলে মানবগণকে নরক, তির্য্যক ও প্রেতকুলে নিয়ে যায়। ভিক্ষুগণ! পিসুণ ভাষণের ন্যূনতম ফল মানবের বন্ধুত্ব ছেদকরণ।

Visit: http://www.buddhistdownload.com

৬। ভিক্ষুগণ! কর্কশ বাক্য ভাষিত, পুনঃ পুনঃ কৃত ও বর্ধিত হলে মানবগণকে নরক, তির্য্যক ও প্রেতকুলে নিয়ে যায়। ভিক্ষুগণ! কর্কশ বাক্য প্রয়োগের সর্বনিম্ন ফল মানবের অপ্রীতিকর শব্দ শ্রবণ।

৭। ভিক্ষুগণ! সম্প্রলাপ (বৃথা বাক্য) অনুসৃত, অনুশীলিত ও বর্ধিত হলে তা মানবগণকে নরক, তির্য্যক ও প্রেতকুলে নিয়ে যায়। ভিক্ষুগণ! বৃথাবাক্য ভাষণের ন্যূনতম ফল মানবের অগ্রহণযোগ্য উক্তি।

৮। ভিক্ষুগণ! সুরা, উত্তেজক পানীয় পান অনুসৃত, অনুশীলিত ও বর্ধিত হলে মানবগণকে তা নরক, তির্য্যক ও প্রেতকুলে নিয়ে যায়। ভিক্ষুগণ! উত্তেজক দ্রব্য পানের ন্যূনতম ফল মানবের ক্ষিপ্ততা।'

[দান-বর্গ চতুর্থ সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

দ্বিবিধ দান, বস্তু ও ক্ষেত্র দানোপপত্তি, ক্রিয়া
দ্বিবিধ সৎপুরুষ দান, অভিসন্দ ও বিপাক।

৫. উপোসথ বগ্গো- উপোসথ বর্গ

১. সংখিত্তুপোসথ[১] সুত্তং- সংক্ষিপ্ত উপোসথ সূত্র

৪১.১। আমা কর্তৃক এরূপ শ্রুত- এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিকের বিহারে অবস্থান করতেছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে আহ্বান করেনঃ 'ভিক্ষুগণ!' 'হাঁ, প্রভু!' বলে প্রত্যুত্তরে ভিক্ষুগণ সম্মতি জানালেন। ভগবান বললেনঃ-

২। 'ভিক্ষুগণ! অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে মহাফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। ভিক্ষুগণ মহাফলপ্রদ, মহাহিতকর, অত্যন্ত উজ্জ্বল, মহা রোমাঞ্চকর অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ কিরূপে প্রতিপালন এবং রক্ষা করতে হয়?

৩। ভিক্ষুগণ! আর্যশ্রাবক এরূপ চিন্তা করেনঃ "অর্হৎগণ সমগ্র জীবন প্রাণিহত্যা পরিত্যাগ করেন এবং প্রাণিহত্যা প্রতিবিরত হন; তাঁরা দণ্ড এবং অস্ত্র পরিহার করে সর্বজীবের প্রতি বিনীত এবং দয়ার্দ্র হয়ে অবস্থান করেন। আমিও এখন এই দিবারাত্রি প্রাণিহত্যা পরিহার করে প্রাণিহত্যা প্রতিবিরত হব, দণ্ড ও অস্ত্র পরিত্যাগ করে সর্বপ্রাণীর প্রতি

Visit: http://www.buddhistdownload.com

বিনীত ও দয়ার্দ্র হয়ে বাস করব। সুতরাং এ উপায়ে আমি অর্হতের উদাহরণ অনুকরণ করব এবং উপোসথ রক্ষা করব।" এই প্রথম গুণে উপোসথ রক্ষিত হয়[২]।

৪। "অর্হৎগণ সমগ্র জীবন অদত্ত পরিহার করে অদত্ত প্রতিবিরত হন। তাঁরা যা দেয়া হয়েছে তা নিয়ে তাতে আশান্বিত হয়ে বাস করেন, চুরি করে নয়, নিজেকে পবিত্র রেখে। আমিও অদ্য রাত্রি-দিন অদত্ত পরিহার করতঃ অদত্ত প্রতিবিরত হয়ে যা দেয়া হয়েছে তা নিয়ে তাতে আশান্বিত হয়ে অবস্থান করি। সুতরাং, এ উপায়ে আমি অর্হৎগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ পালিত হবে।" এই দ্বিতীয় গুণ দ্বারা উপোসথ রক্ষিত হয়।

৫। "অর্হৎগণ সমগ্র জীবন অব্রহ্মচর্য্যা পরিহার করে ব্রহ্মচর্য্য রক্ষা করেন, মৈথুন সেবন যা গ্রাম্য তা পরিহার করেন। আমিও অদ্য রাত্রিদিন অব্রহ্মচর্য্য, গ্রাম্য মৈথুন সেবন পরিহার করতঃ ব্রহ্মচর্য পালন করি। এ উপায়ে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ পালিত হবে।" এই তৃতীয় গুণ দ্বারা উপোসথ রক্ষিত হয়।

৬। অরহতগণ যাবজ্জীবন মিথ্যাভাষণ পরিহার করতঃ মিথ্যাভাষণ প্রতিবিরত, সত্যবাদী, বিশ্বস্ত, নির্ভরযোগ্য, তাঁরা জগতে কাকেও বঞ্চনা[৩] করেন না। আমিও অদ্য রাত্রি-দিন মিথ্যা পরিহার করতঃ মিথ্যা ভাষণ প্রতিবিরত, সত্যবাদী, বিশ্বস্ত, নির্ভরযোগ্য, জগতে আমি কাকেও বঞ্চনা করি না। এ উপায়ে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমি উপোসথ পালন করি।" এই চতুর্থ গুণ দ্বারা উপোসথ রক্ষিত হয়।

৭। "অরহতগণ যাবজ্জীবন সুরা ও মদ্যপান পরিহার করতঃ সুরা ও মদ্যপান প্রতিবিরত হন। আমিও অদ্য রাত্রি-দিন সুরা ও মদ্যপান পরিহার করতঃ সুরা ও মদ্যপান প্রতিবিরত। এ উপায়ে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" এই পঞ্চম গুণে উপোসথ রক্ষিত হয়।

৮। "অরহতগণ যাবজ্জীবন একাহারী (দিনে একবার মাত্র ভোজন করে), বিকাল ভোজন প্রতিবিরত হন। আমিও অদ্য রাত্রি-দিন একাহারী, বিকালভোজন প্রতিবিরত। এভাবে আমিও অরহতগণকে

Visit: http://www.buddhistdownload.com

অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ পালিত হবে।" এই ষষ্ঠ গুণে উপোসথ পালিত হয়।

৯। "অরহতগণ যাবজ্জীবন নৃত্য-গীত-বাদ্য-উৎসবদর্শন-মালা-গন্ধ-বিলেপন-ধারণ-মণ্ডন-বিভূষণ ইত্যাদি প্রতিবিরত হন। আমিও আজ রাত্রিদিন নৃত্য-গীত-বাদ্য-উৎসব-দর্শন-মালা-গন্ধ বিলেপন-ধারণ-মণ্ডন-বিভূষণ ইত্যাদি প্রতিবিরত। এভাবে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" এই সপ্তম গুণে উপোসথ রক্ষিত হয়।

১০। "অরহতগণ যাবজ্জীবন উচ্চশয্যা মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা মহাশয্যা প্রতিবিরত হন। তাঁরা নীচ শয্যায় শয়ন করেন, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যা গ্রহণ করেন। আমিও অদ্য রাত্রি-দিন উচ্চশয্যা মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা মহাশয্যা প্রতিবিরত, নীচু শয্যায় শয়ন করি, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যায়। এভাবে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" এই অষ্টম গুণে উপোসথ রক্ষিত হয়।

ভিক্ষুগণ! এই অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে তা মহাফলপ্রদ, মহাহিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়।'

২. বিত্থতুপোসথ সুত্তং- বিস্তৃত উপোসথ সূত্র

৪২.১। 'ভিক্ষুগণ! এই অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে তা মহা ফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। ভিক্ষুগণ! কিরূপে মহাফলপ্রদ, মহাহিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ প্রতিপালন এবং রক্ষা করতে হয়?

২। ভিক্ষুগণ! আর্যশ্রাবক এরূপ চিন্তা করেঃ "অহরতগণ যাবজ্জীবন প্রাণিহত্যা পরিহার করেন এবং প্রাণিহত্যা প্রতিবিরত হন। তাঁরা দণ্ড এবং অস্ত্র পরিত্যাগ করে সর্বজীবের প্রতি বিনীত এবং দয়ার্দ্র হয়ে অবস্থান করেন। আমিও এখন এই দিবারাত্রি প্রাণিহত্যা পরিহার করে প্রাণিহত্যা প্রতিবিরত হব, দণ্ড ও অস্ত্র পরিহার করে সর্ব প্রাণীর প্রতি বিনীত ও দয়ার্দ্র হয়ে অবস্থান করব। এ উপায়ে আমি অরহতের

Visit: http://www.buddhistdownload.com

উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ রক্ষা করব।" এই প্রথম গুণে উপোসথ রক্ষিত হবে। .....

৩। "অরহতগণ যাবজ্জীবন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা মহাশয্যা প্রতিবিরত হন। তাঁরা নীচ শয্যায় শয়ন করেন, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যা গ্রহণ করেন। আমিও অদ্য রাত্রিদিবস উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা মহাশয্যা প্রতিবিরত, নীচু শয্যায়, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যায় শয়ন করি। এভাবে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" এই অষ্টম গুণে উপোসথ রক্ষিত হয়।

ভিক্ষুগণ! এই অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে তা মহাফলপ্রদ, মহা হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। উপোসথ দিবস প্রতিপালিত, রক্ষিত হলে কিরূপ মহাফলপ্রদ, কিরূপ মহা হিতকর, কিরূপ মহা উজ্জ্বল, কিরূপ মহা রোমাঞ্চকর হয়?

৪। ভিক্ষুগণ! যদি কোন ব্যক্তি এই ষোড়শ মহাজনপদে প্রভূত সপ্ত রত্নের অধিকারী হয়, রাজ্যে প্রভুত্ব করে যেমন অঙ্গবাসী,[৪] মগধবাসী, কাশীবাসী, কোশলবাসী, বজ্জিগণ, মল্লগণ, চেতীগণ[৫], বংসগণ, কুরুগণ, পঞ্চালগণ, মচ্ছগণ, সুরসেনগণ, অশ্বকগণ, অবন্তীবাসী, গান্ধারগণ এবং কম্বোজদের উপর রাজত্ব করে তথাপি তা অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালন ও রক্ষার ষোড়শাংশের[৬] একাংশও হয় না। তার কারণ কি? ভিক্ষুগণ! দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট হেতু।

৫। ভিক্ষুগণ! মনুষ্যলোকের পঞ্চাশ বৎসর চাতুর্মহারাজিক দেবগণের মাত্র এক রাত্রিদিন; তাদের মাসে আছে সেরূপ ত্রিশ রাত্রি, তাদের বৎসরে আছে বার মাস[৭]। তদনুরূপ চাতুর্মহারাজিক দেবগণের আয়ুপ্রমাণ দিব্য পঞ্চশত বৎসর। ভিক্ষুগণ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং ভিক্ষুগণ! সে ব্যাপারে এটা আমা কর্তৃক ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

Visit: http://www.buddhistdownload.com

৬। ভিক্ষুগণ! মনুষ্য লোকের শত বৎসর তাবতিংস দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ তাবতিংস দেবগণের আয়ু প্রমাণ দিব্য সহস্র বৎসর। ভিক্ষুগণ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তাবতিংস দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং, ভিক্ষুগণ! সে ব্যাপারেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৭। ভিক্ষুগণ! মনুষ্য লোকের দ্বি-শত বৎসর যাম দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ যাম দেবগণের আয়ু প্রমাণ দু'-হাজার বৎসর। ভিক্ষুগণ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর যাম দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই ভিক্ষুগণ! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৮। ভিক্ষুগণ! মনুষ্য লোকের চারশত বৎসর তুষিত দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ তুষিত দেবগণের আয়ু দিব্য গণনায় চার হাজার বৎসর। ভিক্ষুগণ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তুষিত দেবগণের মধ্যে উৎপন্ন হয়। ভিক্ষুগণ! সে কারণেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৯। ভিক্ষুগণ! মনুষ্য লোকের আটশত বৎসর নিম্মাণরতি দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ নিম্মাণরতি দেবগণের আয়ু দিব্য গণনায় আট হাজার বৎসর। ভিক্ষুগণ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর নিম্মাণরতি দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই ভিক্ষুগণ! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

১০। ভিক্ষুগণ! মনুষ্য লোকের ষোড়শ সহস্র বৎসর পরনিম্মিতবশবর্ত্তী দেবগণের এক রাত্রিদিন[৭]। সেরূপ ত্রিশ রাত্রে মাস,

Visit: http://www.buddhistdownload.com

বার মাসে বৎসর। তদনুরূপ পরনির্ম্মিতবশবর্ত্তী দেবগণের আয়ু দিব্য গণনায় ষোড়শ সহস্র বৎসর। ভিক্ষুগণ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর পরনির্ম্মিতবশবর্ত্তী দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই ভিক্ষুগণ! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

প্রাণিহত্যা[৮] করবে না, করবে না অদত্ত গ্রহণ,
করবে না মিথ্যা ভাষণ, হবে না মদ্যপায়ী,
হবে বিরত মৈথুন সেবনে,
রাত্রিতে বা বিকালে করবে না ভোজন গ্রহণ।
করবে না ধারণ মালা, করবে না সুগন্ধ দ্রব্য ব্যবহার,
করবে শয়ন মাচায়, ভূমিতে বা তৃণপত্রে,
অষ্টাঙ্গিক উপোসথ বলে হয়েছে তা ভাষিত,
দুঃখ অন্তকারী বলে বুদ্ধ দ্বারা হয়েছে যা প্রকাশিত।
চন্দ্র-সূর্য্য উভয়ে সুদর্শনীয় তমঃ বিনোদনকারী,
বিচরণ করে চক্রবাল ব্যাপী আলোক প্রদানে,
অন্তরীক্ষে বিচরণকারী চন্দ্র-সূর্য্য করে বিরোচিত
সর্বদিক, করে প্রভাসিত সমগ্র আকাশ।
কদাচ শিখবে না সরোষপূর্ণ বাক্য
মুখস্খলিত সামান্য বাক্য করবে না গ্রহণ,
দেবে না বাক্যের উপর বাক্য চাপিয়ে,
এক কথাকে অন্য কথায় করবে না মর্দন,
সত্য-মিথ্যা সংযুক্ত বাক্য করবে না ভাষণ।
এ পৃথিবীর মধ্যে সমুদ্রে উৎপন্ন মুক্তা,
ইন্দ্রনীলাদিমণি, উত্তম বেণুরিয় বা এক বৎসর
আয়ু পরিমাণ বেণুবর্ণ জাতিমণি, শৃঙ্গি বা গো শৃঙ্গ
সদৃশ উৎপন্ন সুবর্ণ অথবা পর্বতজাত কাঞ্চনাদি,
যার মধ্যে আছে বিদ্যমান যা কিছু ধন, জাতরূপ বা
শাস্তাবর্ণ সুবর্ণ, হটক বা পিপীলিকাদি দ্বারা নির্গত
সুবর্ণ নামে যা যা হয় কথিত,

Visit: http://www.buddhistdownload.com

সেসব অষ্টাঙ্গগুণযুক্ত উপোসথের
ষোল কলার এক কলাও হয় না পরিমিত।
চন্দ্রপ্রভা ও সমস্ত তারকাও হয় না তদ্রূপ,
তদ্ধেতু শীলবান নরনারিগণ!
অষ্টাঙ্গগুণযুক্ত উপোসথ করহে প্রতিপালন,
সুখদায়ক পুণ্যকর্ম করে' সম্পাদন,
নরনারিগণ অনিন্দিত, প্রশংসিত প্রাপ্ত হয় স্বর্গস্থান।'

৩. বিসাখা সুত্তং- বিশাখা সূত্র

৪৩.১। এক সময় ভগবান শ্রাবস্তীতে পূর্বারামে মিগারমাতু প্রাসাদে অবস্থান করছিলেন। তখন মিগারমাতা বিশাখা[৮] ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট মিগারমাতা বিশাখাকে ভগবান বলেনঃ

২। 'বিশাখে! অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে মহাফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। বিশাখে! কিরূপে মহাফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালন এবং রক্ষা করতে হয়?

৩। হে বিশাখে! আর্য্যশ্রাবক এরূপ চিন্তা করেঃ "অরহতগণ যাবজ্জীবন প্রাণিহত্যা পরিহার করেন এবং প্রাণিহত্যা প্রতিবিরত হন। তাঁরা দণ্ড এবং অস্ত্র পরিত্যাগ করে সর্বজীবের প্রতি বিনীত এবং দয়ার্দ্র হয়ে অবস্থান করেন। আমিও এখন এই দিবারাত্রি প্রাণিহত্যা পরিহার করে প্রাণিহত্যা প্রতিবিরত হব, দণ্ড ও শস্ত্র পরিহার করে সর্বপ্রাণির প্রতি বিনীত ও দয়ার্দ্র হয়ে অবস্থান করব। এ উপায়ে আমি অরহতের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ রক্ষা করব।" এই প্রথম গুণে গুণান্বিত হয়। .....

অরহতগণ যাবজ্জীবন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা, মহাশয্যা প্রতিবিরত হয়। তারা নীচ শয্যায় শয়ন করে, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যা গ্রহণ করে। আমিও অদ্য রাত্রিদিন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা, মহাশয্যা প্রতিবিরত হই, নীচু

Visit: http://www.buddhistdownload.com

শয্যায়, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যায় শয়ন করি। এভাবে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" এই অষ্ট গুণে উপোসথ রক্ষিত হয়।

বিশাখে! এই অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে তা মহাফলপ্রদ, মহা হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। উপোসথ দিবস প্রতিপালিত, রক্ষিত হলে কিরূপ মহাফলপ্রদ, কিরূপ মহা হিতকর, কিরূপ মহা উজ্জ্বল, কিরূপ মহা রোমাঞ্চকর হয়?

৪। বিশাখে! যদি কোন ব্যক্তি এই ষোড়শ মহাজনপদে প্রভূত সপ্ত রত্নের অধিকারী হয়, রাজ্যে প্রভুত্ব করে যেমন অঙ্গবাসী, মগধবাসী, কাসীবাসী, কোশলবাসী, বজ্জিগণ, মল্লগণ, চেতীগণ, বংসগণ, কুরুগণ, পঞ্চালগণ, মচ্ছগণ, সুরসেনগণ, অশ্বকগণ, অবন্তীবাসী, গান্ধারগণ এবং কম্বোজগণের উপর রাজত্ব করে তথাপি তা অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালন ও রক্ষার ষোড়শাংশের একাংশও হয় না। তার কারণ কি? বিশাখে! দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট হেতু।

৫। বিশাখে! মনুষ্য লোকের পঞ্চাশ বৎসর চাতুমর্হারাজিক দেবগণের মাত্র এক রাত্রিদিন; তাদের মাসে আছে সেরূপ ত্রিশ রাত্রি, তাদের বৎসরে আছে বার মাস। তদনুরূপ চাতুর্মহারাজিক দেবগণের আয়ুপ্রমাণ দিব্য পঞ্চশত বৎসর। বিশাখে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং বিশাখে! সে ব্যাপারে এটা আমা কর্তৃক ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৬। বিশাখে! মনুষ্য লোকের শত বৎসর তাবতিংস দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ তাবতিংস দেবগণের আয়ুপ্রমাণ দিব্য সহস্র বৎসর। বিশাখে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তাবতিংস দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং বিশাখে! সে ব্যাপারেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৭। বিশাখে! মনুষ্য লোকের দ্বি-শত বৎসর যাম দেবগণের এক

Visit: http://www.buddhistdownload.com

রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ যাম দেবগণের আয়ুপ্রমাণ দু'হাজার বৎসর। বিশাখে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর যাম দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বিশাখে! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৮। বিশাখে! মনুষ্য লোকের চারশত বৎসর তুষিত দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ তুষিত দেবগণের আয়ু দিব্য গণনায় চার হাজার বৎসর। বিশাখে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তুষিত দেবগণের মধ্যে উৎপন্ন হয়। বিশাখে! সে কারণেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নগণ্য।

৯। বিশাখে! মনুষ্য লোকের আটশত বৎসর নিম্মাণরতি দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ নিম্মাণরতি দেবগণের আয়ু দিব্য গণনায় আট হাজার বৎসর। বিশাখে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর নিম্মাণরতি দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বিশাখে! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

১০। বিশাখে! মনুষ্য লোকের ষোড়শ সহস্র বৎসর পরনিম্মিতবসবর্ত্তী দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ পরনিম্মিতবসবর্ত্তী দেবগণের আয়ু দিব্য গণনায় ষোড়শ সহস্র বৎসর। বিশাখে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর পরনিম্মিতবসবর্ত্তী দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বিশাখে! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

প্রাণিহত্যা করবে না, করবে না অদত্ত গ্রহণ,
করবে না মিথ্যাভাষণ, হবে না মদ্যপায়ী,

Visit: http://www.buddhistdownload.com

হবে বিরত মৈথুন সেবনে,
রাত্রে বা বিকালে করবে না ভোজন গ্রহণ।
করবে না ধারণ মালা, করবে না সুগন্ধ দ্রব্য ব্যবহার,
করবে শয়ন মাচায়, ভূমিতে বা তৃণপত্রে,
অষ্টাঙ্গিক উপোসথ বলে হয়েছে তা ভাষিত,
দুঃখ অন্তকারী বলে বুদ্ধ দ্বারা হয়েছে যা প্রকাশিত।
চন্দ্র-সূর্য্য উভয়ে সুদর্শনীয় তমঃ বিনোদনকারী,
বিচরণ করে চক্রবাল ব্যাপী আলোক প্রদানে,
অন্তরীক্ষে বিচরণকারী চন্দ্র-সূর্য্য করে বিরোচিত
সর্বদিক, করে প্রভাসিত সমগ্র আকাশ।
কদাচ শিখবে না সরোষপূর্ণ বাক্য
মুখস্খলিত সামান্য বাক্য করবে না গ্রহণ,
দেবে না বাক্যের উপর বাক্য চাপিয়ে,
এক কথাকে অন্য কথায় করবে না মর্দন,
সত্য-মিথ্যা সংযুক্ত বাক্য করবে না ভাষণ।
এ পৃথিবীর মধ্যে সমুদ্রে উৎপন্ন মুক্তা,
ইন্দ্রনীলাদিমণি, উত্তম বেণুরিয় বা এক বৎসর
আয়ু পরিমাণ বেণুবর্ণ জাতিমণি, শৃঙ্গি বা গোশৃঙ্গ
সদৃশ উৎপন্ন সুবর্ণ অথবা পর্বতজাত কাঞ্চনাদি,
যার মধ্যে আছে বিদ্যমান যা কিছু ধন, জাতরূপ বা
শাস্তাবর্ণ সুবর্ণ, হটক বা পিপীলিকাদি দ্বারা নির্গত
সুবর্ণ নামে যা যা হয় কথিত।
সেসব অষ্টাঙ্গিক গুণযুক্ত উপোসথের
ষোল কলার এক কলাও হয় না পরিমিত।
চন্দ্রপ্রভা ও সমস্ত তারকাও হয় না তদ্রূপ,
তদ্ধেতু শীলবান নরনারিগণ!
অষ্টাঙ্গ গুণযুক্ত উপোসথ কর হে প্রতিপালন,
সুখদায়ক পুণ্যকর্ম করে সম্পাদন
নরনারিগণ আনন্দিত, প্রশংসিত প্রাপ্ত হয় স্বর্গস্থান।'

Visit: http://www.buddhistdownload.com

৪. বাসেট্‌ঠ সুত্তং- বাশিষ্ট সূত্র

৪৪.১। এক সময় ভগবান বৈশালীর মহাবনে কূটাগারশালায় অবস্থান করছিলেন। সে সময় উপাসক বাসেট্‌ঠ[১০] ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট উপাসক বাসেট্‌ঠকে ভগবান বলেনঃ

'বাসেট্‌ঠ! অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে মহাফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। বাসেট্‌ঠ! কিরূপে মহাফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালন এবং রক্ষা করতে হয়?'

২। "অরহতগণ যাবজ্জীবন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা, মহাশয্যা প্রতিবিরত হন। তাঁরা নীচ শয্যায় শয়ন করেন, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যা গ্রহণ করেন। আমিও অদ্য রাত্রিদিন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা, মহাশয্যা প্রতিবিরত হই, নীচ শয্যায়, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যায় শয়ন করি। এভাবে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" 'এই অষ্ট গুণে উপোসথ রক্ষিত হয়। বাসেট্‌ঠ! এই অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে তা মহাফলপ্রদ, মহা হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। উপোসথ দিবস প্রতিপালিত, রক্ষিত হলে কিরূপ মহাফলপ্রদ, কিরূপ মহা হিতকর, মহা উজ্জ্বল, মহা রোমাঞ্চকর হয়?

৩। বাসেট্‌ঠ! যদি কোন ব্যক্তি এই ষোড়শ মহাজনপদে প্রভূতসপ্ত রত্নের অধিকারী হয়, রাজ্যে প্রভুত্ব করে যেমন অঙ্গবাসী, মগধবাসী, কাসীবাসী, কোশলবাসী, বজ্জিগণ, মল্লগণ, চেতীগণ, বংসগণ, কুরুগণ, পঞ্চালগণ, মচ্ছগণ, সুরসেনগণ, অশ্বকগণ, অবন্তীবাসী, গান্ধারগণ এবং কম্বোজগণের উপর রাজত্ব করে তথাপি তা অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালন ও রক্ষার ষোড়শাংশের একাংশও হয় না। তার কারণ কি? বাসেট্‌ঠ! দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট হেতু।

Visit: http://www.buddhistdownload.com

৪। বাসেট্‌ঠ! মনুষ্য লোকের পঞ্চাশ বৎসর চাতুর্মহারাজিক দেবগণের মাত্র এক রাত্রিদিন; তাদের মাসে আছে সেরূপ ত্রিশ রাত্রি, তাদের বৎসরে আছে বার মাস। তদনুরূপ চাতুর্মহারাজিক দেবগণের আয়ুপ্রমাণ দিব্য পঞ্চশত বৎসর। বাসেট্‌ঠ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং বাসেট্‌ঠ! সে ব্যাপারে এটা আমা কর্তৃক ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৫। বাসেট্‌ঠ! মনুষ্য লোকের শত বৎসর তাবতিংস দেবগণের আয়ুপ্রমাণ দিব্য সহস্র বৎসর। বাসেট্‌ঠ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তাবতিংস দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং বাসেট্‌ঠ! সে ব্যাপারেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৬। বাসেট্‌ঠ! মনুষ্য লোকের দ্বি-শত বৎসর যাম দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ যাম দেবগণের আয়ুপ্রমাণ দু'হাজার বৎসর। বাসেট্‌ঠ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর যাম দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বাসেট্‌ঠ! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৭। বাসেট্‌ঠ! মনুষ্য লোকের চারশত বৎসর তুষিত দেবগণের আয়ু দিব্য গণনায় চার হাজার বৎসর। বাসেট্‌ঠ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গগুণযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তুষিত দেবগণের মধ্যে উৎপন্ন হয়। বাসেট্‌ঠ! সে কারণেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নগণ্য।

৮। বাসেট্‌ঠ! মনুষ্য লোকের আটশত বৎসর নিম্মাণরতি দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ নিম্মাণরতি দেবগণের আয়ু দিব্য গণনায় আট হাজার বৎসর। বাসেট্‌ঠ!

Visit: http://www.buddhistdownload.com

এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর নিম্মাণরতি দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বাসেট্ঠ! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

৯। বাসেট্ঠ! মনুষ্য লোকের ষোড়শ সহস্র বৎসর পরনিম্মিতবসবত্তী দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ পরনিম্মিতবসবত্তী দেবগণের আয়ু দিব্য গণনায় ষোড়শ সহস্র বৎসর। বাসেট্ঠ! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর পরনিম্মিতবসবত্তী দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বাসেট্ঠ! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

প্রাণিহত্যা করবে না, করবে না অদত্ত গ্রহণ,
করবে না মিথ্যাভাষণ, হবে না মদ্যপায়ী,
হবে বিরত মৈথুন সেবনে,
রাত্রে বা বিকালে করবে না ভোজন গ্রহণ।
করবে না ধারণ মালা, করবে না সুগন্ধ দ্রব্য ব্যবহার,
করবে শয়ন মাচায়, ভূমিতে বা তৃণপত্রে,
অষ্টাঙ্গিক উপোসথ বলে হয়েছে তা ভাষিত,
দুঃখ অন্তকারী বলে বুদ্ধ দ্বারা হয়েছে যা প্রকাশিত।
চন্দ্র-সূর্য্য উভয়ে সুদর্শনীয় তমঃ বিনোদনকারী,
বিচরণ করে চক্রবাল ব্যাপী আলোক প্রদানে,
অন্তরীক্ষে বিচরণকারী চন্দ্র-সূর্য্য করে বিরোচিত
সর্বদিক, করে প্রভাসিত সমগ্র আকাশ।
কদাচ শিখবে না সরোষপূর্ণ বাক্য
মুখস্খলিত সামান্য বাক্য করবে না গ্রহণ,
দেবে না বাক্যের উপর বাক্য চাপিয়ে,
এক কথাকে অন্য কথায় করবে না মর্দন,
সত্য-মিথ্যা সংযুক্ত বাক্য করবে না ভাষণ।
এ পৃথিবীর মধ্যে সমুদ্রে উৎপন্ন মুক্তা,

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রনীলাদিমণি, উত্তম বেণুরিয় বা এক বৎসর
আয়ু পরিমাণ বেণুবর্ণ জাতিমণি, শৃঙ্গি বা গোশৃঙ্গ
সদৃশ উৎপন্ন সুবর্ণ অথবা পর্বতজাত কাঞ্চনাদি,
যার মধ্যে আছে বিদ্যমান যা কিছু ধন, জাতরূপ বা
শাস্তাবর্ণ সুবর্ণ, হটক বা পিপীলিকাদি দ্বারা নির্গত
সুবর্ণ নামে যা যা হয় কথিত।
সেসব অষ্টাঙ্গিক গুণযুক্ত উপোসথের
ষোল কলার এক কলাও হয় না পরিমিত।
চন্দ্রপ্রভা ও সমস্ত তারকাও হয় না তদ্রূপ,
তদ্ধেতু শীলবান নরনারিগণ!
অষ্টাঙ্গ গুণযুক্ত উপোসথ কর হে প্রতিপালন,
সুখদায়ক পুণ্যকর্ম করে সম্পাদন
নরনারিগণ আনন্দিত, প্রশংসিত প্রাপ্ত হয় স্বর্গস্থান।'

১০। এরূপ উক্ত হলে বাসেট্ঠ উপাসক ভগবানকে বললেনঃ-

'ভন্তে! আমার প্রিয় জ্ঞাতিবর্গ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করতেন, তা তাদের দীর্ঘকালের জন্য হিতকর ও সুখের কারণ হত। প্রভু! যদি সকল ক্ষত্রিয় অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করত তা দীর্ঘকালের জন্য তাদের হিত ও সুখের কারণ হত'। 'হাঁ বাসেট্ঠ! তাই হত। বাসেট্ঠ যদি সকল ব্রাহ্মণ অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করত তা দীর্ঘকালের জন্য তাদের হিত ও সুখের কারণ হত। যদি সকল বৈশ্য অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করত তা দীর্ঘকালের জন্য তাদের হিত ও সুখের কারণ হত। যদি সকল শূদ্র অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস পালন করত তা দীর্ঘকালের জন্য তাদের হিত ও সুখের কারণ হত। এবং বাসেট্ঠ! মার এবং ব্রহ্মাসহ দেব জগৎ বা শ্রমণ-ব্রাহ্মণসহ দেব-মনুষ্যগণ যদি এভাবে উপোসথ দিবস প্রতিপালন করত তা তাদের দীর্ঘকালের হিত ও সুখের কারণ হত। 'বাসেট্ঠ! এমন কি এই শালবৃক্ষসমূহ[১১]ও যদি এভাবে অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালন করত এ শর্তে যে, যদি তারা চেতনাযুক্ত হয়ে কাজ করত, তা দীর্ঘকালের জন্য তাদের হিত ও সুখের কারণ হত- মনুষ্যদের কথা আর কী-ই বা বলব[১২]!'।

Visit: http://www.buddhistdownload.com

৫. বোজ্ঝা[১৩] সুত্তং- বোজ্ঝা সূত্র

৪৫.১। এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিক নির্মিত আরামে অবস্থান করছিলেন। অতঃপর বোজ্ঝা উপাসিকা ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট উপাসিকা বোজ্ঝাকে ভগবান বললেনঃ-

২। 'বোজ্ঝে! অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালিত, রক্ষিত হলে মহাফলপ্রদ। অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। বোজ্ঝে! কিরূপে মহাফলপ্রদ, অত্যন্ত হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর অষ্টাঙ্গযুক্ত উপোসথ দিবস প্রতিপালন করতে হয়?'

৩। বোজ্ঝে! আর্যশ্রাবক এরূপ চিন্তা করেনঃ অরহতগণ সমগ্রজীবন প্রাণিহত্যা পরিত্যাগ করেন এবং প্রাণিহত্যা প্রতিবিরত হন। তাঁরা দণ্ড ও অস্ত্র পরিহার করে সর্বজীবের প্রতি বিনীত এবং দয়ার্দ্র হয়ে অবস্থান করেন। আমিও এখন এই দিবা-রাত্রি প্রাণিহত্যা পরিহার করে প্রাণিহত্যা প্রতিবিরত হব, দণ্ড ও অস্ত্র পরিত্যাগ করে সর্বপ্রাণির প্রতি বিনীত ও দয়ার্দ্র হয়ে বাস করব। সুতরাং এ উপায়ে আমি অরহতের উদাহরণ অনুকরণ করব এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে। এই প্রথম গুণে গুণান্বিত হয়.....

"অর্হৎগণ যাবজ্জীবন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা, মহাশয্যা প্রতিবিরত হন। তাঁরা নীচ শয্যায় শয়ন করেন, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যা গ্রহণ করেন। আমিও অদ্য রাত্রিদিন উচ্চশয্যা, মহাশয্যা পরিহার করতঃ উচ্চশয্যা, মহাশয্যা প্রতিবিরত হই, নীচু শয্যায়, মঞ্চ বা তৃণ বিস্তৃত শয্যায় শয়ন করি। এভাবে আমি অরহতগণকে অনুসরণ করি এবং তদ্বারা আমার উপোসথ রক্ষিত হবে।" এই অষ্টম গুণে উপোসথ রক্ষিত হয়।

'বোজ্ঝে! এই অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালিত এবং রক্ষিত হলে তা মহাফলপ্রদ, মহা হিতকর, অত্যন্ত উজ্জ্বল, অত্যন্ত রোমাঞ্চকর হয়। উপোসথ দিবস প্রতিপালিত, রক্ষিত হলে কিরূপ মহাফলপ্রদ, কিরূপ মহা হিতকর, কিরূপ মহা উজ্জ্বল, কিরূপ মহা রোমাঞ্চকর হয়?

Visit: http://www.buddhistdownload.com

৪। বোজ্ঝে! যদি কোন ব্যক্তি এই ষোড়শ মহাজনপদে প্রভূতসপ্ত রত্নের অধিকারী হয়, রাজ্যে প্রভুত্ব করে যেমন অঙ্গবাসী, মগধবাসী, কাশীবাসী, কোশলবাসী, বজ্জিগণ, মল্লগণ, চেতীগণ, বংসগণ, কুরুগণ, পঞ্চালগণ, মচ্ছগণ, সুরসেনগণ, অশ্বকগণ, অবন্তীগণ, গান্ধারগণ এবং কম্বোজগণের উপর রাজত্ব করে তথাপি অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস প্রতিপালন ও রক্ষার ষোড়শাংশের একাংশও হয় না। তার কারণ কি? বোজ্ঝে! দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট হেতু।

৫। বোজ্ঝে! মনুষ্য লোকের পঞ্চাশ বৎসর চাতুমর্হারাজিক দেবগণের মাত্র এক রাত্রিদিন; তাদের মাসে আছে সেরূপ ত্রিশ রাত্রি, তাদের বৎসরে আছে বার মাস। তদনুরূপ চাতুর্মহারাজিক দেবগণের আয়ুপ্রমাণ দিব্য পঞ্চশত বৎসর। বোজ্ঝে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর চাতুর্মহারাজিক দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং বোজ্ঝে! সে ব্যাপারে এটা আমা কর্তৃক ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৬। বোজ্ঝে! মনুষ্য লোকের শত বৎসর তাবতিংস দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ তাবতিংস দেবগণের আয়ুপ্রমাণ দিব্য সহস্র বৎসর। বোজ্ঝে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তাবতিংস দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সুতরাং বোজ্ঝে! সে ব্যাপারেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৭। বোজ্ঝে! মনুষ্য লোকের দ্বি-শত বৎসর যাম দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। বোজ্ঝে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর যাম দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বোজ্ঝে! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্য সুখের তুলনায় মনুষ্য রাজত্ব নিকৃষ্ট।

৮। বোজ্ঝে! মনুষ্য লোকের চারশত বৎসর তুষিত দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ তুষিত

Visit: http://www.buddhistdownload.com

দেবগণের আয়ু দিব্য গণনায় চার হাজার বৎসর। বোজ্ঝে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর তুষিত দেবগণের মধ্যে উৎপন্ন হয়। বোজ্ঝে! সে কারণেই আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য রাজত্ব নগণ্য।

৯। বোজ্ঝে! মনুষ্য লোকের আটশত বৎসর নিম্মাণরতি দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ নিম্মাণরতি দেবগণের আয়ু দিব্য গণনায় আট হাজার বৎসর। বোজ্ঝে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে তারা কায়ভেদে মৃত্যুর পর নিম্মাণরতি দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সে কারণেই বোজ্ঝে! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

১০। বোজ্ঝে! মনুষ্য লোকের ষোড়শ সহস্র বৎসর পরনিম্মিতবসবত্তী দেবগণের এক রাত্রিদিন। সেরূপ ত্রিশ রাত্রে মাস, বার মাসে বৎসর। তদনুরূপ পরনিম্মিতবসবত্তী দেবগণের আয়ু দিব্য গণনায় ষোড়শ সহস্র বৎসর। বোজ্ঝে! এটা নিশ্চিত যে, যখন কোন স্ত্রী বা পুরুষ অষ্টাঙ্গ সমন্বিত উপোসথ দিবস পালন করে, তারা কায়ভেদে মৃত্যুর পর পরনিম্মিতবসবত্তী দেবগণের মধ্যে উৎপন্ন হয়। সেকারণেই বোজ্ঝে! আমা কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ দিব্যসুখের তুলনায় মনুষ্য আধিপত্য নগণ্য।

প্রাণিহত্যা করবে না, করবে না অদত্ত গ্রহণ,
করবে না মিথ্যাভাষণ, হবে না মদ্যপায়ী,
হবে বিরত মৈথুন সেবনে,
রাত্রে বা বিকালে করবে না ভোজন গ্রহণ।
করবে না ধারণ মালা, করবে না সুগন্ধ দ্রব্য ব্যবহার,
করবে শয়ন মাচায়, ভূমিতে বা তৃণপত্রে,
অষ্টাঙ্গিক উপোসথ বলে হয়েছে তা ভাষিত,
দুঃখ অন্তকারী বলে বুদ্ধ দ্বারা হয়েছে যা প্রকাশিত।
চন্দ্র-সূর্য্য উভয়ে সুদর্শনীয় তমঃ বিনোদনকারী,
বিচরণ করে চক্রবাল ব্যাপী আলোক প্রদানে,

Visit: http://www.buddhistdownload.com

অন্তরীক্ষে বিচরণকারী চন্দ্র-সূর্য্য করে বিরোচিত
সর্বদিক, করে প্রভাসিত সমগ্র আকাশ।
কদাচ শিখবে না সরোষপূর্ণ বাক্য
মুখস্খলিত সামান্য বাক্য করবে না গ্রহণ,
দেবে না বাক্যের উপর বাক্য চাপিয়ে,
এক কথাকে অন্য কথায় করবে না মর্দন,
সত্য-মিথ্যা সংযুক্ত বাক্য করবে না ভাষণ।
এ পৃথিবীর মধ্যে সমুদ্রে উৎপন্ন মুক্তা,
ইন্দ্রনীলাদিমণি, উত্তম বেণুরিয় বা এক বৎসর
আয়ু পরিমাণ বেণুবন জাতিমণি, শৃঙ্গি বা গোশৃঙ্গ
সদৃশ উৎপন্ন সুবর্ণ অথবা পর্বতজাত কাঞ্চনাদি,
যার মধ্যে আছে বিদ্যমান যা কিছু ধন, জাতরূপ বা
শাস্তাবর্ণ সুবর্ণ, হটক বা পিপীলিকাদি দ্বারা নির্গত
সুবর্ণ নামে যা যা হয় কথিত।
সেসব অষ্টাঙ্গিক গুণযুক্ত উপোসথের
ষোল কলার এক কলাও হয় না পরিমিত।
চন্দ্রপ্রভা ও সমস্ত তারকাও হয় না তদ্রূপ,
তদ্ধেতু শীলবান নরনারিগণ!
অষ্টাঙ্গ গুণযুক্ত উপোসথ কর হে প্রতিপালন,
সুখদায়ক পুণ্যকর্ম করে সম্পাদন
নরনারিগণ আনন্দিত, প্রশংসিত প্রাপ্ত হয় স্বর্গস্থান।'

৬. অনুরুদ্ধ সুত্তং- অনুরুদ্ধ সূত্র

৪৬.১। এক সময় ভগবান কৌশাম্বীর ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান অনুরুদ্ধ দিবা বিশ্রামের উদ্দেশ্যে নির্জনে গেলেন। অতঃপর বহু সংখ্যক সুন্দর দেহ বিশিষ্ট দেবতা শ্রদ্ধেয় অনুরুদ্ধের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে অভিবাদন করতঃ এক প্রান্তে স্থিত হন। একপ্রান্তে স্থিত সেসব দেবতা আয়ুষ্মান অনুরুদ্ধকে এরূপ বলেনঃ 'প্রভু অনুরুদ্ধ! আমরা সুন্দর আকার বিশিষ্ট দেবতা[১৪]। আমরা ত্রিক্ষেত্রে ক্ষমতা নিয়ন্ত্রিত করি এবং আমাদের রাজ্য আছেঃ ইচ্ছানুরূপ আমরা তৎক্ষণাৎ কোন বর্ণ ধারণ করতে পারি; ইচ্ছা

Visit: http://www.buddhistdownload.com

করলে আমরা তৎক্ষণাৎ যে কোন শব্দ উৎপন্ন করতে পারি; ভন্তে অনুরুদ্ধ, আমরা সুন্দর আকার বিশিষ্ট দেবতা[১৫], এই ত্রি-ক্ষেত্রে আমাদের ক্ষমতা এবং রাজ্য আছে।'

২। তখন আয়ুষ্মান অনুরুদ্ধ চিন্তা করেনঃ "ওহে! এসব দেবতা সর্বৈব নীল, নীল মুখমণ্ডলযুক্ত, নীলবস্ত্র সম্পন্ন, নীল অলঙ্কার সম্পন্ন।" অতঃপর সেসব দেবতা আয়ুষ্মান অনুরুদ্ধের চিত্ত সম্পর্কে জ্ঞাত হয়ে সর্বৈব নীল, নীল মুখমণ্ডল সম্পন্ন, নীল বস্ত্রসম্পন্ন, নীল অলংকার সম্পন্ন হন। অতঃপর আয়ুষ্মান অনুরুদ্ধ চিন্তা করলেনঃ 'অহো, তারা যদি সর্বৈব পীত ..... লোহিত ..... সাদা, সাদা মুখমণ্ডলযুক্ত, সাদা বস্ত্র সম্পন্ন এবং সাদা অলংকার সম্পন্ন হতেন!' তখন সব দেবতা আয়ুষ্মান অনুরুদ্ধের চিত্ত সম্পর্কে জ্ঞাত হয়ে সবাই পীত ..... সবাই লোহিত ..... সবাই সাদা, সাদা মণ্ডলসম্পন্ন, সাদা বস্ত্রসম্পন্ন এবং সাদা অলংকার সম্পন্ন হন। তখন কোন কোন দেবতা গাইলেন, কেউ কেউ নাচলেন, কেউ কেউ হাততালি[১৬] দিলেন। যেমন পঞ্চাঙ্গিক তুর্য্য[১৭] (পঞ্চ বাদ্যযন্ত্র সমন্বিত সঙ্গীত) উত্তমরূপে সুর করা হয়, ভালভাবে বাজানো হয় এবং নিপুণ কর্তৃক যথাযথভাবে আঘাত করা হয় তৎক্ষণাৎ মধুর, উৎকৃষ্ট, প্রলোভনকারী, মোহনীয়, মনোমুগ্ধকর শব্দ উৎপাদন করে। তদ্রূপ এসব দেবতার সঙ্গীত তৎক্ষণাৎ মধুর, মনোহর, প্রলোভনকারী, মোহনীয় এবং মনোমুগ্ধকর[১৮]। কিন্তু আয়ুষ্মান অনুরুদ্ধ তাঁর ইন্দ্রিয়সমূহ সংযত[১৯] করেন। তখন দেবগণ চিন্তা করলেনঃ "আর্য অনুরুদ্ধ আমাদের সঙ্গীত উপভোগ করছেন না" এবং তৎক্ষণাৎ অন্তর্হিত হয়ে গেলেন।

৩। সায়াহ্নকালে শ্রদ্ধেয় অনুরুদ্ধ নির্জনতা পরিত্যাগান্তে ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনান্তে একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান অনুরুদ্ধ ভগবানকে বলেনঃ 'ভন্তে! আমি অদ্য দিবা বিহারের নিমিত্ত নির্জনে গমন করি। ভন্তে! তখন বহু সংখ্যক মনোজ্ঞ আকার বিশিষ্ট দেবতা আমার নিকট উপস্থিত হয়ে আমাকে অভিবাদন করতঃ একপ্রান্তে স্থিত হন। একপ্রান্তে স্থিত দেবতাগণ আমাকে বলেনঃ 'ভন্তে অনুরুদ্ধ আমরা মনোজ্ঞ আকার বিশিষ্ট দেবতা, আমরা ত্রি-ক্ষেত্রে ক্ষমতা নিয়ন্ত্রিত করি

Visit: http://www.buddhistdownload.com

এবং আমাদের আধিপত্য আছে। ভন্তে অনুরুদ্ধঃ আমরা ইচ্ছা করলে তৎক্ষণাৎ যে কোন বর্ণ ধারণ করতে পারি; ইচ্ছা করলে আমরা যে কোন ধরণের শব্দ উৎপন্ন করতে পারি; আমরা যে রকম সুখ লাভ করতে ইচ্ছা করি সে রকম সুখ লাভ করতে পারি। ভন্তে অনুরুদ্ধ! আমরা সুন্দর আকার বিশিষ্ট দেবতা; এই ত্রি-ক্ষেত্রে আমাদের ক্ষমতা ও আধিপত্য আছে।' 'ভন্তে! তখন আমি এরূপ চিন্তা করলামঃ "অহো! এসব দেবতা নীলবর্ণ, নীল মুখমণ্ডলযুক্ত, নীল বস্ত্রসম্পন্ন, নীল অলঙ্কার সম্পন্ন।" ভন্তে! তখন সে দেবগণ আমার চিত্ত সম্পর্কে জ্ঞাত হয়ে সবাই নীলবর্ণ ধারণ করেন, নীলমুখমণ্ডলসম্পন্ন, নীল অলংকার সম্পন্ন হন। ভন্তে! তখন আমি চিন্তা করলামঃ "অহো! এসব দেবগণ সবাই পীতবর্ণ ..... সবাই লোহিত ..... সবাই সাদা, সাদা বর্ণসম্পন্ন, সাদা বস্ত্রযুক্ত, সাদা অলঙ্কার যুক্ত।" অতঃপর ভন্তে! কোন কোন দেবগণ গাইলেন, কেউ কেউ নাচলেন। কেউ কেউ হাততালি দিলেন। যেমন পঞ্চাঙ্গিক তুর্য্য উত্তমরূপে সুর করা হয়, ভালভাবে বাজানো হয় এবং নিপুণ লোক দ্বারা যথাযথভাবে আঘাত করা হলে তৎক্ষণাৎ মধুর, উৎকৃষ্ট, প্রলোভনকারী, মোহনীয়, মনোমুগ্ধকর আওয়াজ উৎপাদন করে; তদ্রূপ এসব দেবতার সঙ্গীত তৎক্ষণাৎ মধুর, মনোহর, প্রলোভনকারী, মোহনীয় এবং মনোমুগ্ধকর ছিল। তখন কিন্তু ভন্তে! আমি স্ব-ইন্দ্রিয়সমূহ সংযত রাখি। অতঃপর ভন্তে! দেবগণ চিন্তা করলেনঃ "আর্য অনুরুদ্ধ আমাদের সঙ্গীত উপভোগ করছেন না" এবং তৎক্ষণাৎ দেবগণ অন্তর্হিত হয়ে গেলেন।

ভন্তে! স্ত্রীলোকের কতকগুলো গুণ আছে যদ্দ্বারা তারা কায়ভেদে মৃত্যুর পর মনোজ্ঞ কায়িক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে?'

৪। 'অনুরুদ্ধ! স্ত্রীলোকের আটটি গুণ আছে যদ্দ্বারা তারা কায়ভেদে মৃত্যুর পর মনোহর কায়িক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে। আট কি কি?

৫। এক্ষেত্রে, অনুরুদ্ধ! মাতাপিতা মেয়ের প্রতি ভালবাসা বশতঃ তার প্রতি হিতাকাঙ্ক্ষী হয়ে অনুকম্পা ও স্নেহ পরায়ণতা বশতঃ যে স্বামীকে অর্পণ করেন সে মেয়ে তার স্বামীর ওঠার আগেই ওঠবে, তার বিশ্রাম করতে যাওয়ার পরেই বিশ্রাম করবে, তার ইচ্ছার প্রতি বাধ্যগত

Visit: http://www.buddhistdownload.com

হবে অত্যন্ত প্রীতিকর উপায়ে এবং নম্রভাবে সম্ভাষণ[২০] দ্বারা। যার স্বামী মাতা, পিতা, শ্রমণ বা ব্রাহ্মণ সদৃশ সম্মানিত সে তাঁদেরকে সৎকার করে, সম্মান করে, মানে এবং পূজা করে; তাঁদের আগমনে সে তাঁদেরকে আসন ও জল প্রদান করে। তার স্বামীর গৃহাভ্যন্তরে পশম বা তুলার যে কারখানা থাকে তাতে সে দক্ষ এবং অনলস হয়। এ ধরণের সব দায়িত্বপূর্ণ কাজে সে যোগ্য হয়। এসব ব্যবস্থাকরণে এবং চালনায় সে সক্ষম। তার স্বামীর গৃহাভ্যন্তরে যেসব দাস, দূত, কর্মকার আছে সে তাদের কৃত কাজ সম্পর্কে অবহিত; তাদের অমনোযোগিতা বশতঃ যে কাজ অকৃত তৎসম্পর্কেও সে জ্ঞাত। সে শক্তি এবং পীড়িতদের দুর্বলতা বিষয়ে জ্ঞাত। সে প্রত্যেকের অংশ অনুপাতে প্রত্যেককে শক্ত ও নরম খাদ্যভোজ্য বিভাজন করে দেয়। যখন তার স্বামী অর্থ, শস্য, রৌপ্য বা স্বর্ণ গৃহে আনয়ন করে সে সেগুলো নিরাপদে পাহারা দেয়, সংরক্ষণ করে এবং সে এগুলোর ডাকাত, চোর, মদ্যপায়ী, বিনাশকারী হয় না। সে হয় একজন উপাসিকা যে বুদ্ধ, ধর্ম ও সংঘের আশ্রয়ে আশ্রিতা, প্রাণিহত্যা প্রতিবিরত, অদত্তবস্তু প্রতিবিরত, মিথ্যা ব্যভিচার প্রতিবিরত, মিথ্যা ভাষণ প্রতিবিরত, সুরা ও মদ্যপান প্রতিবিরত হয়ে শীলবতী হয়। সে হয় ত্যাগবতী, মাৎসর্য্যমল বিহীন হয়ে চেতনাযুক্ত হয়ে সে গৃহে বাস করে, দানশীলা, মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দান প্রদানে সে আনন্দ লাভ করে।

অনুরুদ্ধ! স্ত্রীলোকের এই আটটি গুণ যে গুণে গুণান্বিত হলে কায়ভেদে মৃত্যুর পর সুন্দর আকারযুক্ত দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে।

যে পুরুষ হয় সতত বীর্য্যবান, নিত্য উৎসাহশীল,
দান করে ভরণপোষণ আপন স্ত্রীকে
সর্ব কামনাপূর্ণকারী সে স্বামীকে কে পারে নিন্দা করতে?
উত্তমা পতিব্রতা স্ত্রী স্বামীকে
ইচ্ছাক্রমে রোষ, আক্রোশ বা দুর্বাক্যাদি
করে না প্রয়োগ, স্বামীর গুরুজনেও
বিদূষী বা পণ্ডিতা স্ত্রী করে থাকে পূজা।

Visit: http://www.buddhistdownload.com

বীর্য্য পরায়ণা, অনলসা, পরিজনবর্গের উপকারিনী
উত্তমা স্ত্রী করে স্বামীর মনোমত কার্য্য সম্পাদন,
স্বামীর সঞ্চিত ধন অনুক্ষণ করে সংরক্ষণ।
পতিব্রতা, গুরুভক্তি পরায়ণা স্বামীর ইচ্ছাবশে বশীভূতা
স্ত্রী হয় সর্বদিকে উৎসাহিনী, ত্যাগে আলস্য,
শ্বশুর-শাশুড়ী পরিজনবর্গের হয় হিতকামিনী,
করে না অপব্যয় স্বামীর সম্পত্তি।
এরূপে নানাগুণে হয়ে বিভূষিতা
তাদৃশা স্ত্রী মনাপা বা মনপূতা নামে হয় কথিতা
দেবী স্বরূপা সে স্ত্রী উৎপন্ন হয়ে নির্মাণরতি দেবলোকে
তথায় ইচ্ছামত রূপাদি নির্মাণে হয়ে থাকে সমর্থ।'

৭. বিসাখা সুত্তং- বিশাখা সূত্র

৪৭.১। এক সময় ভগবান শ্রাবস্তীর পূর্বারামে মিগারমাতা নির্মিত প্রাসাদে অবস্থান করছিলেন। অতঃপর মিগারমাতা বিশাখা ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবিষ্ট হলে মিগারমাতা বিশাখাকে ভগবান বলেনঃ

২। 'বিশাখে! স্ত্রীলোকের আটটি গুণ আছে যদ্বারা তারা কায়ভেদে মৃত্যুর পর মনোহর কায়িক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে। আটটি কি কি?

৩। এক্ষেত্রে, বিশাখে! মাতাপিতা মেয়ের প্রতি ভালবাসা বশতঃ, তার প্রতি হিতাকাঙ্ক্ষী হয়ে অনুকম্পা ও স্নেহ পরায়ণতা বশতঃ যে স্বামীকে অর্পণ করেন সে মেয়ে তার স্বামীর ওঠার আগেই ওঠবে, তার বিশ্রাম করতে যাওয়ার পরেই বিশ্রাম করবে, তার ইচ্ছার প্রতি বাধ্যগত হবে অত্যন্ত প্রীতিকর উপায়ে এবং নম্রভাবে সম্ভাষণ দ্বারা। যার স্বামী মাতা, পিতা, শ্রমণ বা ব্রাহ্মণ সদৃশ সম্মানিত সে তাঁদেরকে সৎকার করে, সম্মান করে, মানে এবং পূজা করে; তাঁদের আগমনে সে তাঁদেরকে আসন ও জল প্রদান করে। তার স্বামীর গৃহাভ্যন্তরে পশম বা তুলার যে কারখানা থাকে তাতে সে দক্ষ এবং অনলস হয়। এ ধরণের সব দায়িত্বপূর্ণ কাজে সে যোগ্য হয়। এসব ব্যবস্থাকরণে এবং চালনায় সে সক্ষম হয়। তার স্বামীর গৃহাভ্যন্তরে যেসব দাস, দূত,

Visit: http://www.buddhistdownload.com

কর্মকার আছে সে তাদের কৃত কাজ সম্পর্কে অবহিত; তাদের অমনোযোগিতা বশতঃ যে কাজ অকৃত সে সম্পর্কেও সে জ্ঞাত। সে পীড়িতদের শক্তি ও দুর্বলতা সম্পর্কে জ্ঞাত। সে প্রত্যেকের অংশ অনুপাতে প্রত্যেককে শক্ত ও নরম খাদ্যভোজ্য বিভাজন করে দেয়। যখন তার স্বামী অর্থ, শস্য, রৌপ্য বা স্বর্ণ গৃহে আনয়ন করে সে সেগুলো নিরাপদে পাহারা দেয়, সংরক্ষণ করে এবং সে এগুলোর ডাকাত, চোর, মদ্যপায়ী, বিনাশকারী হয় না। সে হয় একজন উপাসিকা যে বুদ্ধ, ধর্ম ও সংঘের আশ্রয়ে আশ্রিতা। প্রাণিহত্যা প্রতিবিরত, অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত, মিথ্যা ব্যভিচার প্রতিবিরত, মিথ্যা ভাষণ প্রতিবিরত, সুরা ও মদ্যপান প্রতিবিরত হয়ে শীলবতী হয়। সে হয় ত্যাগবতী, মাৎসর্য্যমল বিহীন হয়ে চেতনাযুক্ত হয়ে সে গৃহে বাস করে, দানশীলা, মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দান প্রদানে সে আনন্দ লাভ করে।

বিশাখে! স্ত্রীলোকের এই আটটি গুণ যে গুণে গুণান্বিত হলে কায়ভেদে মৃত্যুর পর সুন্দর আকারযুক্ত[২১] দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে।

যে পুরুষ হয় সতত বীর্য্যবান, নিত্য উৎসাহশীল,
দান করে ভরণপোষণ আপন স্ত্রীকে
সর্ব কামনাপূর্ণকারী সে স্বামীকে কে পারে নিন্দা করতে?
উত্তমা পতিব্রতা স্ত্রী স্বামীকে
ইচ্ছাক্রমে রোষ, আক্রোশ বা দুর্বাক্যাদি
করে না প্রয়োগ, স্বামীর গুরুজনেও
বিদূষী বা পণ্ডিতা স্ত্রী করে থাকে পূজা।
বীর্য্য পরায়ণা, অনলসা, পরিজনবর্গের উপকারিনী
উত্তমা স্ত্রী করে স্বামীর মনোমত কার্য্য সম্পাদন,
স্বামীর সঞ্চিত ধন অনুক্ষণ করে সংরক্ষণ।
পতিব্রতা, গুরুভক্তি পরায়ণা স্বামীর ইচ্ছাবশে বশীভূতা
স্ত্রী হয় সর্বদিকে উৎসাহিনী, ত্যাগে আলস্য,
শ্বশুর-শাশুড়ী পরিজনবর্গের হয় হিতকামিনী,
করে না অপব্যয় স্বামীর সম্পত্তি।

Visit: http://www.buddhistdownload.com

এরূপে নানাগুণে হয়ে বিভূষিতা
তাদৃশ স্ত্রী মনাপা বা মনপূতা নামে হয় কথিতা
দেবী স্বরূপা সে স্ত্রী উৎপন্ন হয়ে নির্মাণরতি দেবলোকে
তথায় ইচ্ছামত রূপাদি নির্মাণে হয়ে থাকে সমর্থ।'

৮. নকুলমাতা সুত্তং- নকুলমাতা সূত্র

৪৮.১। এক সময় ভগবান ভগ্গদের মধ্যে সুংসুমার পর্বতস্থিত ভেসকলাবনে মৃগদাবে অবস্থান করছিলেন। তখন গৃহপত্নী নকুলমাতা[২২] ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট গৃহপত্নী নকুলমাতাকে ভগবান বলেনঃ-

২। 'নকুলমাতা! স্ত্রীলোকের আটটি গুণ আছে যদ্বারা তারা কায়ভেদে মৃত্যুর পর মনোহর কায়িক দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে। আটটি কি কি?

৩। এক্ষেত্রে, নকুলমাতা! মাতাপিতা মেয়ের প্রতি ভালবাসা বশতঃ তার প্রতি হিতাকাঙ্ক্ষী হয়ে অনুকম্পা ও স্নেহ পরায়ণা বশতঃ যে স্বামীকে অর্পণ করেন সে মেয়ে তার স্বামীর ওঠার আগেই ওঠবে, তার বিশ্রাম করতে যাওয়ার পরেই বিশ্রাম করবে, তার ইচ্ছার প্রতি বাধ্যগত হবে অত্যন্ত প্রীতিকর উপায়ে এবং নম্রভাবে সভাষণ দ্বারা, যার স্বামী মাতা, পিতা, শ্রমণ বা ব্রাহ্মণ সদৃশ সম্মানিত সে তাঁদেরকে সৎকার করে, সম্মান করে, মানে এবং পূজা করে; তাঁদের আগমনে সে তাঁদেরকে আসন ও জল প্রদান করে। তার স্বামীর গৃহাভ্যন্তরে পশম বা তুলার যে কারখানা থাকে তাতে সে দক্ষ এবং অনলস হয়। এ ধরণের সব দায়িত্বপূর্ণ কাজে সে যোগ্য হয়। এসব ব্যবস্থাকরণে এবং চালনায় সে সক্ষম হয়। তার স্বামীর গৃহাভ্যন্তরে যেসব দাস, দূত, কর্মকার আছে সে তাদের কৃত কাজ সম্পর্কে অবহিত; তাদের অমনোযোগিতা বশতঃ যে কাজ অকৃত তৎসম্পর্কেও সে জ্ঞাত। সে পীড়িতদের শক্তি ও দুর্বলতা বিষয়ে জ্ঞাত। সে প্রত্যেকের অংশ অনুপাতে প্রত্যেককে শক্ত ও নরম খাদ্যভোজ্য বিভাজন করে দেয়। যখন তার স্বামী অর্থ, শস্য, রৌপ্য বা স্বর্ণ গৃহে আনয়ন করে সে সেসব নিরাপদে পাহারা দেয়, সংরক্ষণ করে এবং সে এগুলোর ডাকাত, চোর,

Visit: http://www.buddhistdownload.com

মদ্যপায়ী, বিনাশকারী হয় না। সে হয় একজন উপাসিকা যে বুদ্ধ, ধর্ম ও সংঘের আশ্রয়ে আশ্রিতা। প্রাণিহত্যা প্রতিবিরত, অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত, মিথ্যা ব্যভিচার প্রতিবিরত, মিথ্যা ভাষণ প্রতিবিরত, সুরা ও মদ্যপান প্রতিবিরত হয়ে শীলবতী হয়। সে হয় ত্যাগবতী, মাৎসর্য্যমল বিহীন হয়ে চেতনাযুক্ত হয়ে সে গৃহে বাস করে, দানশীলা, মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দানে সে আনন্দ লাভ করে।

নকুলমাতা! স্ত্রীলোকের এই আটটি গুণ যে গুণে গুণান্বিত হলে কায়ভেদে মৃত্যুর পর সু-আকারযুক্ত দেবগণের মধ্যে পুনর্জন্ম লাভ করে।

যে পুরুষ হয় সতত বীর্য্যবান, নিত্য উৎসাহশীল,
দান করে ভরণপোষণ আপন স্ত্রীকে
সর্বকামনা পূর্ণকারী সে স্বামীকে কে পারে নিন্দা করতে?
উত্তমা পতিব্রতা স্ত্রী স্বামীকে
ইচ্ছাক্রমে রোষ, আক্রোশ বা দুর্বাক্যাদি
করে না প্রয়োগ, স্বামীর গুরুজনেও
বিদূষী বা পণ্ডিতা স্ত্রী করে থাকে পূজা।
বীর্য্য পরায়ণা, অনলসা, পরিজনবর্গের উপকারিনী
উত্তমা স্ত্রী করে স্বামীর মনোমত কার্য্য সম্পাদন,
স্বামীর সঞ্চিত ধন অনুক্ষণ করে সংরক্ষণ।
পতিব্রতা, গুরুভক্তি পরায়ণা স্বামীর ইচ্ছাবশে বশীভূতা
স্ত্রী হয় সর্বদিকে উৎসাহিনী, ত্যাগে আলস্য,
শ্বশুর-শাশুড়ী পরিজনবর্গের হয় হিতকামিনী,
করে না অপব্যয় স্বামীর সম্পত্তি।
এরূপে নানাগুণে হয়ে বিভূষিতা
তাদৃশা স্ত্রী মনাপা বা মনপূতা নামে হয় কথিতা
দেবী স্বরূপা সে স্ত্রী উৎপন্ন হয়ে নির্মাণরতি দেবলোকে
তথায় ইচ্ছামত রূপাদি নির্মাণে হয়ে থাকে সমর্থ।'

Visit: http://www.buddhistdownload.com

৯. পঠম ইধ লোকিক সুত্তং- প্রথম ইহ লৌকিক সূত্র

৪৯.১। এক সময় ভগবান শ্রাবস্তীর পূর্বারামে মিগারমাতা নির্মিত প্রাসাদে অবস্থান করছিলেন। তখন মিগারমাতা বিশাখা ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবিষ্ট হলে মিগারমাতা বিশাখাকে ভগবান বলেনঃ-

২। 'বিশাখে! স্ত্রীলোকের চারগুণে গুণান্বিতা স্ত্রী-জাতি এ জগতে ক্ষমতা জয় করে। এ জগৎ তাদের হাতের মুটোয়। চার কি কি?

৩। বিশাখে! একজন স্ত্রীলোক তার কর্মে সমর্থ; সে দাস-দাসী পরিচালনা করে, সে তার কাজের দ্বারা স্বামীর প্রিয়পাত্রী হয়, সে তার স্বামীর সম্পত্তি সংরক্ষণ করে। এবং বিশাখে! কিভাবে একজন স্ত্রীলোক তার কর্মে সমর্থ?

৪। তার স্বামীর গৃহাভ্যন্তরে যে শিল্প করাখানা পশমী হোক বা তুলার হোক, তাতে সে দক্ষ এবং অনলস[২৩] হয়। এ ধরণের সব দায়িত্বপূর্ণ কাজে সে প্রতিভাদীপ্ত; এসবের ব্যবস্থায় এবং পরিচালনায় সে সক্ষম। এভাবে স্ত্রীলোক তার কর্মে সক্ষম। এবং কিভাবে সে দাসদাসী পরিচালনা করে?

৫। তার স্বামীর গৃহাভ্যন্তরে যে দাসদাসী, বাহক বা কাজের লোক থাকে সে তাদের কৃত কাজ সম্পর্কে অবহিত; তাদের অমনোযোগিতা বশতঃ যে কাজ অকৃত সে সম্পর্কেও সে জানে। পীড়িতদের শক্তি ও দুর্বলতা সম্পর্কে সে সজাগ; সে প্রত্যেকের অংশ অনুপাতে শক্ত ও নরম খাদ্যভোজ্য বিভাজন করে দেয়। এভাবেই সে দাসদাসীকে পরিচালনা করে। এবং কিভাবে সে স্বামীর প্রিয়ভাজন হয়?

৬। যে ধরণের কাজ করলে তার স্বামী অমনপূত বলে বিবেচনা করে জীবনের বিনিময়ে সে সেধরণের কাজ সম্পাদন করে না। এ উপায়ে সে তার স্বামীর প্রিয়ভাজন হয়। এবং সে কিভাবে স্বামীর সম্পত্তি পাহারা দেয়?

৭। স্বামী অর্থ, শস্য, রৌপ্য বা স্বর্ণ যা কিছু গৃহে আনয়ন করে সে সেগুলো নিরাপদে পাহারা দেয়, সংরক্ষণ করে এবং সে এগুলোর ডাকাত হয় না, চোর হয় না, মদ্যপায়ী হয় না, বিনাশকারী হয় না। এভাবে সে এগুলো পাহারা দেয়।

Visit: http://www.buddhistdownload.com

বিশাখে! এ চার গুণে গুণান্বিতা হয়ে স্ত্রী-জাতি এ জগতে ক্ষমতা জয় করে, এ জগৎ তাদের হাতের মুটোয়।

৮। বিশাখে! চার গুণে গুণান্বিতা স্ত্রী-জাতি পরলোকে ক্ষমতা জয় করে। পর জগৎ তাদের হাতের মুটোয়। কোন্ চার গুণ দ্বারা?

৯। বিশাখে! একজন স্ত্রীলোক বিশ্বস্ত, গুণবতী, দানশীলা এবং বিদূষী হয়। এবং কিভাবে স্ত্রীলোক বিশ্বস্ত হয়?

১০। তথাগতের বোধি সম্পর্কে তার বিশ্বাস আছে এবং এ চিন্তা করে বিশ্বাস করেঃ "সে ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষ দমনকারী সারথি, দেব-মনুষ্যদের শাস্তা, বুদ্ধ ও ভগবান" এরূপ হয় তার বিশ্বাস। এবং সে কিরূপ গুণবতী?

১১। সে প্রাণিহত্যা প্রতিবিরত হয়, অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত হয়, ব্যভিচার প্রতিবিরত হয়, মিথ্যাবাক্য প্রতিবিরত হয়, সুরা ও উত্তেজক দ্রব্য গ্রহণ প্রতিবিরত হয়। এরূপই হয় তার গুণ। এবং সে কিরূপে দানশীলা হয়?

১২। সে ত্যাগশীলা, মাৎসর্য্যমল বিহীন হয়ে চেতনাযুক্ত হয়ে সে গৃহে বাস করে, দানশীলা, মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দানে সে আনন্দ লাভ করে। এরূপ হয় তার দানশীলতা। এবং বিশাখে! স্ত্রীজাতি কিরূপে প্রজ্ঞাসম্পন্না হয়?

১৩। বিশাখে! স্ত্রীজাতি প্রজ্ঞাবতী হয় উদয় ও বিলয়গামিনী প্রজ্ঞায়, সম্যকভাবে দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধিক জ্ঞান দ্বারা ভূষিত হয়। এভাবেই বিশাখে! মাতৃ জাতি প্রজ্ঞাসম্পন্না হয়।

বিশাখে! এ চারগুণে গুণান্বিতা নারিগণ পরলোকে ক্ষমতা জয় করে, পর জগৎ তাদের হাতের মুটোয়।

সুকর্মসম্পাদনকারিনী, পরিজনবর্গের উপকারিনী
স্ত্রী হয় স্বামীর সন্তোষকারিনী,
স্বামীর সঞ্চিত ধন সে অনুক্ষণ করে সংরক্ষণ।
সে হয় শ্রদ্ধাসম্পন্না, দানশীলা, অকৃপণা,
নিত্য নির্বাণ মার্গ[৪] করে বিশুদ্ধ পরলোকের মঙ্গল কামনায়।
এরূপে যে নারীর এ অষ্টধর্ম থাকে বিদ্যমান
সে নারীই হয় কথিত ধার্মিকা, সত্যবাদিনী, শীলবতীরূপে।

Visit: http://www.buddhistdownload.com

ষোড়শাকার সম্পন্না, অষ্টগুণালঙ্কৃতা স্ত্রী
শীলবতী উপাসিকা নামে হয় কথিত,
তাদৃশা স্ত্রী জন্ম নেয় মনোজ্ঞ দেবলোকে।'

১০. দুতিয ইধ লোকিক সুত্তং- দ্বিতীয় ইহ লৌকিক সূত্র

৫০.১। ভিক্ষুগণ! চারগুণে গুণান্বিতা স্ত্রীলোক এ জগতে ক্ষমতা জয় করে। এ জগৎ তাদের হাতের মুঠোয়। চার গুণ কি কি?

২। হে ভিক্ষুগণ! একজন স্ত্রীলোক তার কর্মে সমর্থ; সে দাস-দাসী পরিচালনা করে, সে তার কাজের দ্বারা স্বামীর প্রিয়পাত্রী হয়, সে তার স্বামীর সম্পত্তি সংরক্ষণ করে। এবং কিভাবে! হে ভিক্ষুগণ! একজন স্ত্রীলোক তার কর্মে সমর্থ?

৩। তার স্বামীর গৃহাভ্যন্তরে যে শিল্প কারখানা পশমী হোক বা তুলার হোক, তাতে সে দক্ষ এবং অনলস হয়। এ ধরণের সব দায়িত্বপূর্ণ কাজে সে প্রতিভাদীপ্ত; এসবের ব্যবস্থায় এবং পরিচালনায় সে সক্ষম। এভাবে স্ত্রীলোক তার কর্মে সক্ষম। এবং কিভাবে, হে ভিক্ষুগণ! সে দাস-দাসী পরিচালনা করে?

৪। তার স্বামীর গৃহাভ্যন্তরে যে দাসদাসী, বাহক বা কাজের লোক থাকে সে তাদের কৃত কাজ সম্পর্কে অবহিত; তাদের অমনোযোগিতা বশতঃ যে কাজ অকৃত সে সম্পর্কেও সে জানে; পীড়িতদের শক্তি ও দুর্বলতা সম্পর্কে সে সজাগ; সে প্রত্যেককে অংশ অনুপাতে শক্ত ও নরম খাদ্যভোজ্য বিভাজন করে দেয়। এভাবেই সে দাসদাসীকে পরিচালনা করে। এবং কিভাবে সে স্বামীর প্রিয়ভাজন হয়?

৫। যে ধরণের কাজ করলে তার স্বামী অমনপূত বলে বিবেচনা করে জীবনের বিনিময়ে সে সে ধরণের কাজ সম্পাদন করে না। এ উপায়ে সে তার স্বামীর প্রিয়ভাজন হয়। এবং সে কিভাবে স্বামীর সম্পত্তি পাহারা দেয়?

৬। স্বামী অর্থ, শস্য, রৌপ্য বা স্বর্ণ যা কিছু গৃহে আনয়ন করে সে সেগুলো নিরাপদে পাহারা দেয়, সংরক্ষণ করে এবং সে এগুলোর ডাকাত হয় না, চোর হয় না, মদ্যপায়ী হয় না, বিনাশকারী হয় না। এভাবে সে এগুলো পাহারা দেয়।

হে ভিক্ষুগণ! এ চারগুণে গুণান্বিতা হয়ে স্ত্রী-জাতি এ জগতে ক্ষমতা

Visit: http://www.buddhistdownload.com

জয় করে, এ জগৎ তাদের হাতের মুটোয়।

৭। হে ভিক্ষুগণ! চারগুণে গুণান্বিতা স্ত্রী-জাতি পরলোকে ক্ষমতা জয় করে। পর জগৎ তাদের হাতের মুটোয়। কোন্ চার গুণ দ্বারা?

৮। হে ভিক্ষুগণ! একজন স্ত্রীলোক বিশ্বস্ত, গুণবতী, দানশীলা এবং বিদূষী হয়। এবং কিভাবে স্ত্রীলোক বিশ্বস্ত হয়?

৯। তথাগতের বোধি সম্পর্কে তার বিশ্বাস আছে এবং এ চিন্তা করে বিশ্বাস করেঃ "সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষ দমনকারী সারথি, দেব-মনুষ্যগণের শাস্তা, বুদ্ধ ও ভগবান" এরূপ হয় তার বিশ্বাস। এবং সে কিরূপ গুণবতী?

১০। সে প্রাণিহত্যা প্রতিবিরত হয়, অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত হয়, ব্যভিচার প্রতিবিরত হয়, মিথ্যাবাক্য প্রতিবিরত হয়, সুরা ও উত্তেজক দ্রব্য গ্রহণ প্রতিবিরত হয়। এরূপই হয় তার গুণ। এবং সে কিরূপে দানশীলা হয়?

১১। সে ত্যাগশীলা, মাৎসর্য্যমলহীন হয়ে চেতনাযুক্ত হয়ে গৃহে বাস করে, দানশীলা, মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দানে সে আনন্দ লাভ করে। এরূপ হয় তার দানশীলতা। এবং হে ভিক্ষুগণ! স্ত্রীজাতি কিরূপে প্রজ্ঞাসম্পন্না হয়?

১২। হে ভিক্ষুগণ! স্ত্রীজাতি প্রজ্ঞাবতী হয় উদয় ও বিলয়গামিনী প্রজ্ঞায়, সম্যকভাবে দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধিক জ্ঞান দ্বারা ভূষিত হয়। এভাবেই, হে ভিক্ষুগণ! মাতৃ-জাতি প্রজ্ঞাসম্পন্না হয়।

হে ভিক্ষুগণ! এ চারগুণে গুণান্বিতা নরনারিগণ পরলোকে ক্ষমতা জয় করে, পর জগৎ তাদের হাতের মুটোয়।

সুকর্মসম্পাদনকারিনী, পরিজনবর্গের উপকারিনী
স্ত্রী হয় স্বামীর সন্তোষকারিনী,
স্বামীর সঞ্চিত ধন সে অনুক্ষণ করে সংরক্ষণ।
সে হয় শ্রদ্ধাসম্পন্না, দানশীলা, অকৃপণা,
নিত্য নির্বাণ মার্গ করে বিশুদ্ধ পরলোকের মঙ্গল কামনায়।
এরূপে যে নারীর এ অষ্টধর্ম থাকে বিদ্যমান
সে নারীই হয় কথিত ধার্মিকা, সত্যবাদিনী, শীলবতীরূপে।

Visit: http://www.buddhistdownload.com

ষোড়শাকার সম্পন্না, অষ্টগুণালঙ্কৃতা স্ত্রী
শীলবতী উপাসিকা নামে হয় কথিত,
তাদৃশা স্ত্রী জন্ম নেয় মনোজ্ঞ দেবলোকে।'
[উপোসথ-বর্গ পঞ্চম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

সংক্ষিপ্তে, বিস্তৃতে, বিশাখে, বাসেট্ঠ, বোজ্ঝায় পঞ্চম
অনুরুদ্ধ, পুনঃ বিশাখে, নকুলা, ইহ লৌকিক দ্বি।
পঞ্চাশ সূত্র সমাপ্ত হল।

২. দুতিয পণ্ণাসকং- দ্বিতীয় পঞ্চাশক

৬. স-আধান বগ্গো- স-আধান বর্গ/গৌতমী* বগ্গো- গৌতমী বর্গ

১. গৌতমী সুত্তং- গৌতমী সূত্র

৫১.১। এক সময় ভগবান শাক্যদের কপিলবাস্তুস্থিত নিগ্রোধারামে অবস্থান করছিলেন। অতঃপর মহাপ্রজাপতী গৌতমী ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন। উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে স্থিত হন। একপ্রান্তে স্থিতা মহাপ্রজাপতি গৌতমী ভগবানকে বললেনঃ 'সাধু ভন্তে! মাতৃজাতি যদি তথাগত প্রবেদিত ধর্ম বিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভের অনুমতি লাভ করতেন।' 'যথেষ্ট গৌতমী! তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতির আগার থেকে অনাগারিক প্রব্রজ্যার অভিরুচি পোষণ করো না।'

২। দ্বিতীয়বারও মহাপ্রজাপতী গৌতমী ভগবানকে বলেনঃ 'সাধু ভন্তে! মাতৃজাতি যদি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভের অনুমতি লাভ করতেন।' 'যথেষ্ট গৌতমী! তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতির আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যার অভিরুচি পোষণ করো না।'

৩। তৃতীয়বারও মহাপ্রজাপতী গৌতমী ভগবানকে বলেনঃ 'সাধু ভন্তে! মাতৃজাতি যদি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যার অনুমতি লাভ করতেন।' 'নিষ্প্রয়োজন গৌতমী! তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতির আগার হতে অনাগারিক

---

* দেব নাগরী মতে গৌতমী বগ্গো।

Visit: http://www.buddhistdownload.com

প্রব্রজ্যার অভিরুচি পোষণ করো না।' অতঃপর মহাপ্রজাপতী গৌতমী তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতির আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যার ভগবান অনুমতি দেবেন না প্রত্যক্ষ করে দুঃখী, দুর্মনা, অশ্রুমুখী, রোদনপরায়ণা হয়ে ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করতঃ চলে গেলেন।

৪। তৎপর ভগবান কপিলবাস্তুতে যথারুচি অবস্থান করতঃ বৈশালী[২] সন্নিকটে পৌঁছেন। ভগবান তথায় মহাবনে কূটাগারশালায় অবস্থান করতেছিলেন। তখন মহাপ্রজাপতী গৌতমী কেশ ছেদন করিয়ে কাষায় বস্ত্রে দেহ আচ্ছাদিত করে বহু সংখ্যক শাক্যবংশীয় স্ত্রীলোকদের সাথে বৈশালী ত্যাগ করেন এবং অনুক্রমে বৈশালীর মহাবনে কূটাগারশালায় উপনীত হন। অতঃপর মহাপ্রজাপতী গৌতমী রক্তাক্ত পায়ে, ধুলা-ধুসরিত গাত্রে দুঃখী, বিষণ্ন, অশ্রুমুখে রোদন পরায়ণা হয়ে বহির্দ্বারে দাঁড়িয়ে রইলেন। আয়ুষ্মান আনন্দ রক্তাক্ত পায়ে, ধুলাধুসরিত গাত্রে দুঃখী, বিষণ্ন, অশ্রুমুখে রোদন পরায়ণা মহাপ্রজাপতী গৌতমীকে বহির্দ্বার প্রকোষ্ঠে স্থিতাবস্থায় দেখেন, তাঁকে এমতাবস্থায় দেখে জিজ্ঞাসা করেনঃ 'গৌতমী! আপনি কেন রক্তাক্ত পায়ে, ধুলাধুসরিত দেহে দুঃখী, বিষণ্ন, অশ্রুমুখে রোদন পরায়ণা হয়ে বহির্দ্বার প্রকোষ্ঠে স্থিত আছেন?' 'কারণ শ্রদ্ধেয় আনন্দ! ভগবান তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতিকে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা দানের অনুমতি দানে অনিচ্ছুক।' 'তাহলে গৌতমী! আপনি এখানে অপেক্ষা করুন যাবৎ আমি ভগবানকে প্রার্থনা করতঃ তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতির আগার হতে অনাগারিক প্রব্রজ্যার অনুমতি নিয়ে না আসি।'

৫। তখন শ্রদ্ধেয় আনন্দ ভগবানের নিকট উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান আনন্দ ভগবানকে বলেনঃ "ভন্তে! মহাপ্রজাপতী গৌতমী রক্তাক্ত পায়ে, ধুলাধুসরিত গাত্রে দুঃখিত, বিষণ্ন, অশ্রুমুখে রোদন পরায়ণা হয়ে বহির্দ্বার প্রকোষ্ঠে স্থিত এ বলেঃ ভগবান তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতিকে আগার হতে অনাগারিক প্রব্রজ্যার অনুমতি দিবেন না।" 'সাধু ভন্তে! তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে

Visit: http://www.buddhistdownload.com

মাতৃজাতিকে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভের অনুমতি দেয়া উচিত।' 'নিষ্প্রয়োজন আনন্দ! তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতিকে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা দানের অভিরুচি পোষণ করো না।' দ্বিতীয়বার.....তৃতীয়বারও আয়ুষ্মান আনন্দ ভগবানকে বলেনঃ 'সাধু ভান্তে! তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতিকে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভের অনুমতি দেয়া উচিত[৩]।' 'আনন্দ! নিষ্প্রয়োজন, তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতিকে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা দানের অভিরুচি পোষণ করো না।'

৬। তখন আয়ুষ্মান আনন্দ চিন্তা করলেনঃ 'ভগবান তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে মাতৃজাতিকে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যার অনুমতি দেবেন না। এখন যদি আমি অন্য উপায়ে ভগবানের নিকট মাতৃজাতিকে তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা দানের অনুমতি প্রার্থনা করি তাহলে কেমন হয়।' এবং তিনি ভগবানকে এরূপ বলেনঃ 'ভন্তে! যদি স্ত্রীজাতি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা গ্রহণ করে তাতে তারা স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল এবং অর্হত্বফল প্রত্যক্ষ করতে পারবে কি?' 'হাঁ আনন্দ! স্ত্রীজাতি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভ করতঃ স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল, অর্হত্বফল উপলব্ধি করতে পারে।' 'ভন্তে! যদি স্ত্রীজাতি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করতঃ স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল, অর্হত্বফল প্রত্যক্ষ করতে সক্ষম হয় তাহলে মহাপ্রজাপতী গৌতমী ত ভগবানের বহু উপকারিনী, যেহেতু তাঁর মাতৃষসা, পোষিকা এবং পালনকারিনী মা হিসাবে তিনি তাঁকে (বুদ্ধকে) মায়ের মৃত্যুর পর দুগ্ধ পান করিয়েছেন। ভন্তে! এটা উত্তম হত যদি স্ত্রীজাতি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার হতে অনাগারিক প্রব্রজ্যা লাভের অনুমতি প্রদান করতেন।'

৭। 'আনন্দ! যদি মহাপ্রজাপতী গৌতমী অষ্টগুরুধর্ম গ্রহণ করেন তাহলে সেভাবেই হবে তাঁর উপসম্পদা[৪]। ভিক্ষুণীর উপসম্পদা বয়স শত বর্ষও যদি অতিক্রান্ত হয়, তবুও অধুনা উপসম্পন্ন ভিক্ষুকে বন্দনা, প্রত্যুত্থান, অঞ্জলিকর্ম, সমীচীন কর্ম ও মান্য করতে হবে। যাবজ্জীবন এ

Visit: http://www.buddhistdownload.com

নিয়ম লংঘন করা যাবে না। ভিক্ষুহীন আবাসে ভিক্ষুণী বর্ষাবাস অধিষ্ঠান করতে পারবে না। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও পূজা করতে হবে। ভিক্ষুণীকে প্রতি অর্ধ মাসান্তর ভিক্ষুসংঘের নিকট জিজ্ঞাসা করতে হবে উপোসথের কথা এবং প্রার্থনা করতে হবে উপদেশ। এ দ্বিবিধ ধর্ম ভিক্ষুদের নিকট একান্তই প্রত্যাশা করতে হবে। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। বর্ষা ব্রতোত্থিতা ভিক্ষুণীকে দৃষ্ট, শ্রুত ও চিন্তিত- এ বিষয় ত্রয়ের দ্বারা 'ভিক্ষু-ভিক্ষুণী' উভয় সংঘের নিকট প্রবারণা[৫] উপোসথ করতে হবে। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। গুরুধর্ম লংঘনকারিনী ভিক্ষুণীকে উভয় সংঘে এক পক্ষকাল 'মানত্ত' ধর্ম প্রতিপালন করতে হবে। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। দু'বৎসর ছয় প্রকার ধর্ম বা নীতি শিক্ষার পর শিক্ষার প্রতি শ্রদ্ধাসম্পন্না শিক্ষিতা নারীকে উভয় সংঘে উপসম্পদা প্রার্থনা করতে হবে। এ নিয়ম যাবজ্জীবন লংঘন না করে সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। ভিক্ষুণী যে কোনও কারণে ভিক্ষুর প্রতি কুব্যবহার, আক্রোশ ও পরুষবাক্য প্রয়োগ করতে পারবে না। যাবজ্জীবন এ নিয়ম লংঘন না করে সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। আনন্দ! আজ থেকে ভিক্ষুদের প্রতি ভিক্ষুণীদের অন্যায় বাক্য প্রয়োগ এবং উপদেশ দানের পথ রুদ্ধ হলো, অপিচ, ভিক্ষুণীগণকে উপদেশ দানের পথ ভিক্ষুদের জন্য উন্মুক্ত রইলো। যাবজ্জীবন এ নিয়ম লংঘন না করে সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। আনন্দ! মহাপ্রজাপতী গৌতমী যদি এ অষ্টবিধ গুরুধর্ম প্রতিপালন করবে বলে স্বীকৃত হয় তাহলে এ স্বীকারোক্তিতেই সে উপসম্পন্না বলে গণ্য হবে।'

৮। অতঃপর আয়ুষ্মান আনন্দ ভগবানের নিকট এ অষ্ট গুরুধর্ম শিক্ষা করতঃ মহাপ্রজাপতী গৌতমীর নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে বলেনঃ 'গৌতমী! আপনি যদি অষ্ট গুরুধর্ম প্রতিপালনে স্বীকৃত হন তাহলে এতেই হবে আপনার উপসম্পদা। ভিক্ষুণীর উপসম্পদা- বয়স শত বর্ষও যদি অতিক্রান্ত হয়, তবুও অধুনা উপসম্পন্ন ভিক্ষুকে বন্দনা, প্রত্যুত্থান, অঞ্জলিকর্ম, সমীচীনকর্ম ও মান্য করতে হবে। এ ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

আজীবন লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও পূজা করতে হবে। ভিক্ষুণীকে প্রতি অর্ধ মাসান্তর ভিক্ষুসংঘের নিকট জিজ্ঞাসা করতে হবে উপোসথের কথা এবং প্রার্থনা করতে হবে উপদেশ। এ দ্বিবিধ ধর্ম ভিক্ষুদের নিকট একান্তই প্রত্যাশা করতে হবে। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। বর্ষা ব্রতোত্থিতা ভিক্ষুণীকে 'দৃষ্ট, শ্রুত ও চিন্তিত'- এ বিষয়ত্রয়ের দ্বারা 'ভিক্ষু-ভিক্ষুণী' উভয় সংঘের নিকট প্রবারণা উপোসথ করতে হবে। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। গুরুধর্ম লংঘনকারিনী ভিক্ষুণীকে উভয় সংঘে এক পক্ষকাল 'মানত্ত' ধর্ম প্রতিপালন করতে হবে। এ নিয়ম লংঘন না করে যাবজ্জীবন সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। দু'বৎসর ছয় প্রকার ধর্ম বা নীতি শিক্ষার পর শিক্ষার প্রতি শ্রদ্ধাসম্পন্না শিক্ষিতা নারীকে উভয় সংঘে উপসম্পদা দান করতে হবে। এ নিয়ম যাবজ্জীবন লংঘন না করে সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। ভিক্ষুণী যে কোনও কারণে ভিক্ষুর প্রতি কুব্যবহার, আক্রোশ ও পরুষবাক্য প্রয়োগ করতে পারবে না। যাবজ্জীবন এ নিয়ম লংঘন না করে সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। আনন্দ! আজ থেকে ভিক্ষুদের প্রতি ভিক্ষুণীদের অন্যায় বাক্য প্রয়োগ এবং উপদেশ দানের পথ রুদ্ধ হলো, অপিচ, ভিক্ষুণীগণকে উপদেশ দানের পথ ভিক্ষুদের জন্য উন্মুক্ত রইলো। যাবজ্জীবন এ নিয়ম লংঘন না করে সম্মান, সৎকার, গৌরব ও মান্য করতে হবে। আনন্দ! মহাপ্রজাপতী গৌতমী যদি এ অষ্টবিধ গুরুধর্ম প্রতিপালন করবেন বলে স্বীকৃত হন তাহলে এ স্বীকারোক্তিতেই তিনি উপসম্পন্না বলে গণ্য হবেন।'

'ভন্তে আনন্দ! বিলাসী যুবক-যুবতী যেমন বিলাস স্নানের পর অভিলাষিত উৎপল-মাল্য হোক বা সৌরভ-মণ্ডিত পুষ্প-মাল্যই হোক অথবা মণি-মুক্তা খচিত মোহন মাল্যই হোক, সাগ্রহে উভয় হস্তে গ্রহণ করে সানন্দে কণ্ঠে ধারণ করে, সেরূপ ভন্তে! আমি আজীবন অলংঘনীয় এই অষ্টগুরুধর্ম সাদরে, সগৌরবে ও নতশিরে মেনে নিলাম।'

Visit: http://www.buddhistdownload.com

৯। অতঃপর আয়ুষ্মান আনন্দ ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান আনন্দ ভগবানকে বলেনঃ 'ভন্তে ভগবান! মহাপ্রজাপতী গৌতমী অষ্টগুরুধর্ম আজীবন অলংঘনীয় হিসাবে মেনে নিয়েছেন।' 'আনন্দ! মাতৃজাতি প্রব্রজ্যা লাভের অনুমতি প্রাপ্ত না হলে জগতে সুদীর্ঘকাল শাস্তা শাসন স্থায়ী হতো। সহস্র বৎসর সদ্ধর্ম সুনির্মল ও সুবিশুদ্ধ থাকতো। যেহেতু আনন্দ! মাতৃজাতি তথাগত প্রবেদিত ধর্মবিনয়ে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করল, সেকারণে আনন্দ! এখন ব্রহ্মচর্য্য চিরস্থায়ী হবে না। আনন্দ! পঞ্চশত মাত্র সদ্ধর্মের বিশুদ্ধতা রক্ষা পাবে।

(ক) যেমন আনন্দ! যে পরিবারে অল্প সংখ্যক পুরুষ এবং বহু সংখ্যক নারী বসতি করে সে পরিবার চোর এবং পাত্র চোরের দ্বারা আক্রান্ত হয়ে অচিরে ধ্বংস প্রাপ্ত হয়, সেরূপই আনন্দ, যে ধর্মবিনয়ে মাতৃজাতি প্রব্রজ্যা লাভ করে সে ধর্মবিনয়ও সুদীর্ঘকাল স্থায়ী হয় না। (খ) যেমন আনন্দ! ফলবান শালীক্ষেত্রে শ্বেতস্থিতকা[৬] নামক রোগ জন্মে সে শালীক্ষেত্র অচিরেই বিনাশ প্রাপ্ত হয়, তথারূপই আনন্দ! যে ধর্মবিনয় নারী জাতি প্রব্রজ্যা লাভ করে সে ধর্মবিনয়ও সুদীর্ঘকাল স্থায়ী হয় না। (গ) যেমন আনন্দ! ফলবান ইক্ষুক্ষেত্রে মঞ্জেষ্ঠিকা[৭] নামক রোগ উৎপন্ন হলে সে ইক্ষুক্ষেত্র দীর্ঘকাল স্থায়ী হতে পারে না, সেরূপই আনন্দ, যে ধর্ম বিনয়ে নারীজাতি প্রব্রজ্যা লাভ করে, সে ধর্ম বিনয়ও সুদীর্ঘকাল স্থায়ী হয় না। (ঘ) যেমন[৮] আনন্দ! সরোবরের জল বহির্গমন না করে মতো মানুষেরা প্রথমেই এর তীর বন্ধন করে, সেরূপই আনন্দ, প্রথমেই আমি অষ্ট পাশে বন্ধনের মতো ভিক্ষুণীদের যাবজ্জীবন অলংঘনীয় 'অষ্ট গুরুধর্ম' প্রজ্ঞাপ্ত করলাম।'

২. ওবাদ সুত্তং- উপদেশ সূত্র

৫২.১। এক সময় ভগবান বৈশালীর মহাবনে কূটাগারশালায় অবস্থান করছিলেন। আয়ুষ্মান আনন্দ সে সময়ে ভগবান সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় আনন্দ ভগবানকে বলেনঃ 'প্রভু! ভিক্ষুণীদের আধ্যাত্মিক উপদেশক হিসাবে বিবেচিত হতে হলে

Visit: http://www.buddhistdownload.com

একজন ভিক্ষুকে কি কি গুণের অধিকারী হতে হয়?' 'আনন্দ! ভিক্ষুণীদের আধ্যাত্মিক উপদেশক হতে হলে একজন ভিক্ষুকে আটটি গুণের অধিকারী হতে হয়। আটটি গুণ কি কি?

২। আনন্দ! এক্ষেত্রে ভিক্ষু শীলবান হয় ..... সে শিক্ষাপদসমূহ গ্রহণ এবং শিক্ষা করে। সে বহুশ্রুত হয় ..... সে ধর্মীয় মতবাদ পুরোপুরি উপলব্ধি করেছে[৯]। উভয় প্রকার প্রাতিমোক্ষ তার বিস্তৃতভাবে হৃদয়ঙ্গম হয়, যা সুবিভক্ত, সুবিন্যস্ত, অনুব্যঞ্জনসহ সূত্রে নিশ্চিতকৃত[১০]। সে হয় মধুরকণ্ঠী, বর্ণনা হয় উত্তম, তার উক্তি হয় শহুরে, স্পষ্ট, কর্কশতা বিবর্জিত এবং তথ্যবহুল[১১]। সে ভিক্ষুণী সংঘকে ধর্মীয় উপদেশ প্রদানে, উদ্দীপনা সৃষ্টিতে, তাদের জাগৃতিতে, তাদের উল্লাসিত করতে সক্ষম। সাধারণতঃ সে হয় ভিক্ষুণীদের প্রিয় এবং মনোজ্ঞ। ভগবানের উদ্দেশ্যে প্রব্রজ্যা গ্রহণ ও কাষায় বস্ত্রে দেহ আচ্ছাদনের পূর্বে সে কোন মারাত্মক দোষে দুষ্ট ছিল না। সে বিশ বা ততোধিক বয়সে প্রব্রজিত।

আনন্দ! একজন ভিক্ষুণী উপদেশক ভিক্ষুকে এই অষ্টবিধ গুণাবলী অবশ্যই অর্জন করতে হবে।'

৩. সংখিত্ত[১২] সুত্তং- সংক্ষিপ্ত সূত্র

৫৩.১। এক সময় ভগবান বৈশালীর মহাবনে কূটাগারশালায় অবস্থান করছিলেন। তখন মহাপ্রজাপতী গৌতমী ভগবান সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে স্থিত হন। এক প্রান্তে স্থিত মহাপ্রজাপতী গৌতমী ভগবানকে বলেনঃ 'সাধু ভন্তে! ভগবান যদি আমাকে সংক্ষিপ্তভাবে ধর্ম ভাষণ করতেন যে ধর্ম শ্রবণ করে আমি একাকী, নির্জনে, অপ্রমত্তভাবে, উৎসাহিত ও দৃঢ়প্রতিজ্ঞ হয়ে বাস করতে পারতাম।'

২। 'গৌতমী যেসব ধর্ম বিষয়ে আপনি জানেনঃ "এসব বিষয় বিরাগের দিকে না নিয়ে সরাগ (অনুরাগ) এর দিকে নেয়; বন্ধনমুক্তির দিকে না নিয়ে বন্ধনের দিকে নেয়; জন্ম সঞ্চয়ের দিকে নেয়[১৩], কমানোর দিকে নয়; বেশী কামনার দিকে নেয়, সামান্য কামনার দিকে নয় সন্তুষ্টির দিকে নয়, অসন্তুষ্টির দিকে নয়, প্রবিবেকের (নির্জনতার) দিকে নয়, সমাজপ্রিয়তার দিকে নেয়; বীর্য্যপরায়ণতায় নহে, অলসতার

Visit: http://www.buddhistdownload.com

দিকে নেয়, মিতাচারের দিকে নয়, বিলাসতার দিকে নিয়ে যায়।" গৌতমী! এসব বিষয়ে নিশ্চিত ধারণা করুনঃ এটা ধর্ম নহে, এটা বিনয় নহে, এটা শাস্তার শাসন নহে।

৩। কিন্তু গৌতমী! জানবে যে, যেগুলি বিরাগের দিকে নেয়, বন্ধন হতে মুক্তির দিকে নেয়, জন্ম হ্রাসের দিকে নেয়, অল্পেচ্ছুতার দিকে নেয়, সন্তুষ্টির দিকে নেয়, প্রবিবেকের দিকে নেয়, বীর্যের দিকে নেয় এবং মিতাচারের দিকে নেয়, আশ্বস্ত হোন যে, এগুলিই ধর্ম, বিনয় এবং শাস্তার শাসন।'

৪. দীঘজানু[১৪] সুত্তং- দীর্ঘজানু সূত্র

৫৪.১। এক সময় ভগবান কক্করপত্ত নামক কোলিয়দের[১৫] এক নিগমে কোলিয়দের মধ্যে অবস্থান করছিলেন। তখন দীর্ঘজানু কোলিয়পুত্র ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট কোলিয়পুত্র দীর্ঘজানু ভগবানকে বললঃ 'প্রভু! আমরা গৃহীগণ কামভোগীগণ পুত্র-পরিজন সহ বাস করি; আমরা বারাণসীর মসলিন বস্ত্র চন্দন কাষ্ঠ উপভোগ করি; আমরা পুষ্প, মালা এবং সুগন্ধি দ্রব্য দ্বারা নিজেদেরকে সাজাই; আমরা রৌপ্য ও স্বর্ণ ব্যবহারে উপভোগ করি। প্রভু! সেই আমাদিগকে আপনি ধর্ম দেশনা করুন, শিক্ষা দিন সেরূপ ধর্ম যা হবে আমাদের পরকালের জন্য হিতকর এবং এজগতে আমাদের জন্য সুখকর, আমাদের পরকালের হিতকর ও সুখকর হবে।'

২। 'এ চার ধর্ম, ব্যাঘ্রপজ্জ! কুলপুত্রের ইহ জগতে হিত ও সুখ আনয়ন করে। চার কি কি?

৩। উত্থানসম্পদ, সংরক্ষণসম্পদ, কল্যাণমিত্রতা এবং সমজীবন। এবং ব্যাঘ্রপজ্জ! উত্থানসম্পদ কিরূপ?

৪। ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র যে কর্ম দ্বারা জীবিকা নির্বাহ করে, সেটা কৃষি হোক বা বাণিজ্য দ্বারা হোক বা গোপালন দ্বারা হোক বা তীরন্দাজকর্ম দ্বারা হোক বা রাজার পুরুষ হিসাবে হোক বা অন্যতর কোন শিল্প দ্বারা হোক সে হয় দক্ষ, নিরলস; সে হয় প্রতিভাদীপ্ত, যে কোন ব্যাপারে অনুসন্ধিৎসুমনা, সে তার কর্ম ব্যবস্থা করতে এবং চালিয়ে নিতে সক্ষম[১৬]। ব্যাঘ্রপজ্জ! একে বলা হয় উত্থানসম্পদ। এবং

Visit: http://www.buddhistdownload.com

ব্যাঘ্রপজ্জ! সংরক্ষণসম্পদ কিরূপ?

৫। ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র কর্ম ও উৎসাহ দ্বারা যে সম্পদ লাভ করে তা বাহুবল দ্বারা সংগ্রহ করে, মাথার ঘাম পায়ে ফেলে উপার্জন করে এবং ন্যায়তঃ লাভ করে[৭]- এগুলি সে এ চিন্তা করে পাহারা দেয়ঃ "এখন আমি কিভাবে এসব পরিচালনা করব যাতে রাজা এ সম্পদ আমার থেকে নিয়ে যেতে না পারে, কিংবা চোরেরা অপহরণ করতে না পারে, কিংবা অগ্নি দাহ করতে না পারে, কিংবা পানি বহন করতে না পারে, কিংবা অপ্রিয় দায়াদ বা উত্তরাধিকার হরণ করতে না পারে?' ব্যাঘ্রপজ্জ! একে বলা হয় সংরক্ষণসম্পদ। এবং ব্যাঘ্রপজ্জ! কল্যাণমিত্রতা কিরূপ?

৬। এক্ষেত্রে, ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র যে গ্রামে বা নিগমে বাস করে তথায় যে গৃহপতি বা গৃহপতিপুত্র বা যুবক বা বৃদ্ধ, বৃদ্ধশীল, শ্রদ্ধাসম্পন্ন, শীলসম্পন্ন, ত্যাগশীল, প্রজ্ঞাসম্পন্ন তাদের সাথে অবস্থান করে, কথাবলে, আলাপ-আলোচনা করে; শ্রদ্ধাসম্পন্নদের যে শ্রদ্ধা তা অনুকরণ করে, শীল সম্পন্নদের যে শীলসম্পদ তা শিক্ষা করে, ত্যাগশীলদের যে ত্যাগসম্পদ তা শিক্ষা করে, প্রজ্ঞাসম্পন্নদের যে প্রজ্ঞাসম্পদ তা অনুকরণ করে। ব্যাঘ্রপজ্জ! একেই বলা হয় কল্যাণমিত্রতা। এবং ব্যাঘ্রপজ্জ! সমজীবন কিরূপ?

৭। ব্যাঘ্রপজ্জ! যখন কুলপুত্র সমাদর লাভ এবং ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করে সে সম জীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে, অতি নিম্নও নহে। চিন্তা করে সেঃ "এরূপ আমার আয়, খরচ বাদ দিয়ে আমার থাকবে এত এবং আমার খরচা আয় ছাড়িয়ে যাবে না।" যেমন ব্যাঘ্রপজ্জ! তুলাদণ্ড ধারক বা তার সহকারী তুলাদণ্ড ধরে জানে যে, এটা নত হয়েছে বা কাত হয়েছে; তদ্রূপ ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র সমাদর লাভ ও ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করতঃ সম জীবিকা নির্বাহ করে। অতি উচ্চও নহে, অতি নিম্নও নহে, কিন্তু উপলব্ধি করে যে, তার ক্ষতি বাদ দিয়ে আয় দাঁড়াবে এতটুকুতে এবং তার খরচ আয় ছাড়িয়ে যাবে না। ব্যাঘ্রপজ্জ! যদি এই কুলপুত্রের উপার্জন কম হয় এবং জাঁকজমকভাবে বাস করে তাহলে তার সম্পর্কে রটবেঃ এই কুলপুত্র ডুমুর বৃক্ষ সদৃশ পেটুকের মত তার সম্পদ খাচ্ছে। এবং যদি তার আয় বেশী হয় এবং

Visit: http://www.buddhistdownload.com

হীনভাবে জীবনযাপন করে তাহলে তার সম্পর্কে রটবেঃ "এই কুলপুত্র অনাথের ন্যায় মরবে। এ কারণে ব্যাঘ্রপজ্জ! এই কুলপুত্র সম্পদের লাভ ও ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করতঃ সম জীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে, অতি নিম্নও নহেঃ "এরূপ আমার আয়, খরচ বাদ দিয়ে আমার থাকবে এত এবং আমার খরচ আয় ছাড়িয়ে যাবে না।" ব্যাঘ্রপজ্জ! একে বলা হয় সম জীবিকা।

৮। ব্যাঘ্রপজ্জ! সঞ্চিত ধন অপায়মুখে প্রবাহিত হওয়ার এই চারটি পথ[১৮]ঃ স্ত্রীলোকের প্রতি আসক্তি, সুরাপান, জুয়াখেলা এবং পাপকর্মসম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য এবং ঘনিষ্টতা। যেমন, ব্যাঘ্রপজ্জ! চার প্রবেশপথযুক্ত এবং চার বহির্গমনপথযুক্ত একটা বৃহৎ চৌবাচ্চা, যদি কোন লোক এর পানি প্রবেশপথ বন্ধ করে দেয় এবং বহির্গমনপথ খুলে দেয় এবং ঠিকমত বৃষ্টিও বর্ষিত হয় না, এমতাবস্থায় চৌবাচ্চার পানির পরিহানি অবশ্যম্ভাবী। তদ্রূপ ব্যাঘ্রপজ্জ! সঞ্চিত ধন অপায়মুখে (বিপথে) প্রবাহিত হওয়ার এই চারটি পথঃ স্ত্রীলোকের প্রতি আসক্তি, সুরাপান, জুয়াখেলা এবং পাপকর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য ও ঘনিষ্টতা।

৯। ব্যাঘ্রপজ্জ! সম্পদ আয়ের পথ এই চারটিঃ স্ত্রীলোকের প্রতি আসক্তি থেকে বিরতি, সুরাপানে বিরতি, জুয়াখেলায় বিরতি এবং কল্যাণকর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য ও ঘনিষ্টতা। যেমন ব্যাঘ্রপজ্জ! চার প্রবেশপথযুক্ত এবং চার বহির্গমনযুক্ত একটা বৃহৎ চৌবাচ্চা, যদি কোন লোক পানি প্রবেশের পথ খুলে দেয় এবং পানি বহির্গমনপথ বন্ধ করে দেয় এবং যদি সঠিকভাবে বৃষ্টি বর্ষিত হয় তাহলে সে চৌবাচ্চার বৃদ্ধি প্রত্যাশিত, পরিহানি নহে; তদ্রূপ ব্যাঘ্রপজ্জ! ধন অর্জনের পথ এই চার প্রকার! স্ত্রীলোকের প্রতি আসক্তি হতে বিরতি, সুরাপানে বিরতি, জুয়াখেলায় বিরতি এবং কল্যাণমূলক কর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য ও ঘনিষ্টতা।

ব্যাঘ্রপজ্জ! এই চার ধর্ম ইহ জগতে কুলপুত্রের হিত ও সুখ আনয়ন করে।

১০। ব্যাঘ্রপজ্জ! এই চার ধর্ম পারলৌকিক জগতে কুলপুত্রের হিত ও সুখ আনয়ন করে। চার ধর্ম কি কি?

Visit: http://www.buddhistdownload.com

১১। শ্রদ্ধাসম্পদ, শীলসম্পদ, ত্যাগসম্পদ, প্রজ্ঞাসম্পদ। এবং ব্যাঘ্রপজ্জ! শ্রদ্ধাসম্পদ কিরূপ?

১২। ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র শ্রদ্ধাবান হয়, তথাগতের বোধিকে শ্রদ্ধা করে এরূপেঃ সে ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, দেব-মনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবান! ব্যাঘ্রপজ্জ! একেই বলা হয় শ্রদ্ধাসম্পদ। এবং ব্যাঘ্রপজ্জ! শীলসম্পদ কিরূপ?

১৩। ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র প্রাণিহত্যা প্রতিবিরত হয়, অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত হয়, মিথ্যা ভাষণ প্রতিবিরত হয়, সুরা, মদ ইত্যাদি সেবন প্রতি বিরত হয়। ব্যাঘ্রপজ্জ! একেই বলা হয় শীল সম্পদ। এবং ব্যাঘ্রপজ্জ ত্যাগসম্পদ কিরূপ?

১৪। এক্ষেত্রে, ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র মাৎসর্য্যমলবিহীন চেতনাসম্পন্ন হয়ে গৃহে বসবাস করে, দানশীল, মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দান দিতে সে প্রীতি লাভ করে। ব্যাঘ্রপজ্জ! একেই বলা হয় ত্যাগসম্পদ। এবং ব্যাঘ্রপজ্জ! প্রজ্ঞাসম্পদ কিরূপ?

১৫। ব্যাঘ্রপজ্জ! কুলপুত্র প্রজ্ঞাবান হয়, উদয় ও বিলয়গামিনী প্রজ্ঞায় সম্যকভাবে দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধিক জ্ঞান দ্বারা ভূষিত হয়। ব্যাঘ্রপজ্জ! একেই বলা হয় প্রজ্ঞাসম্পদ।

ব্যাঘ্রপজ্জ! এই চার ধর্ম পারলৌকিক জগতে কুলপুত্রের হিত ও সুখ আনয়ন করে।

যিনি হন কর্মস্থানে উত্থান, বীর্য্যবান, অপ্রমত্ত,
বিধানসম্পন্ন, আয় বুঝে পরিমিতভাবে
করেন জীবনযাপন, সঞ্চিত ধন করেন সংরক্ষণ;
শ্রদ্ধাসম্পন্ন, বদান্য, অকৃপণ,
তিনিই করেন পারলৌকিক মঙ্গল কামনা,
নিত্য করে থাকেন পরিশুদ্ধ নির্বাণ পথ
এরূপে আটটি ধর্ম গৃহবাসী শ্রদ্ধাবান
কুলপুত্রের হয় সুখাবহ উভয় লোকের,
একথা সত্যভাষী বুদ্ধ কর্তৃক বলে হয়েছে কথিত।'

Visit: http://www.buddhistdownload.com

৫. উজ্জয[১৯] সুত্তং- উজ্জয় সূত্র

৫৫.১। অতঃপর ব্রাহ্মণ উজ্জয় ভগবান সমীপে উপস্থিত হন, উপস্থিত হয়ে তাঁকে সম্ভাষণ জানালেন এবং পরস্পর সৌহার্দ্য বিনিময়ের পর এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট ব্রাহ্মণ উজ্জয় ভগবানকে বলেনঃ প্রভু গৌতম! আমরা বিদেশ গমনে ইচ্ছুক। ভবৎ গৌতম! আপনি আমাদেরকে এমন ধর্মদেশনা করুন যদ্বারা আমাদের ইহ জগৎ ও পরজগতে হিত-সুখ সাধিত হয়।

২। 'এ চার ধর্ম, ব্রাহ্মণ! কুলপুত্রের ইহ জগতে হিত ও সুখ আনয়ন করে। চার কি কি?

৩। উত্থানসম্পদ, সংরক্ষণসম্পদ, কল্যাণমিত্রতা এবং সমজীবন। এবং ব্রাহ্মণ! উত্থানসম্পদ কি?

৪। ব্রাহ্মণ! কুলপুত্র যে কর্ম দ্বারা জীবিকা নির্বাহ করে, সেটা কৃষি হোক বা বাণিজ্য দ্বারা হোক বা গোপালন দ্বারা হোক বা তীরন্দাজ কর্ম দ্বারা হোক বা রাজপুরুষ হিসাবে হোক বা অন্যতর কোন শিল্প দ্বারা হোক- সে হয় দক্ষ, নিরলস; সে হয় প্রতিভাদীপ্ত, যে কোন ব্যাপারে অনুসন্ধিৎসুমনা, সে তার কর্ম ব্যবস্থা করতে এবং চালিয়ে নিতে সক্ষম। হে ব্রাহ্মণ! একে বলা হয় উত্থানসম্পদ। এবং ব্রাহ্মণ! সংরক্ষণ সম্পদ কিরূপ?

৫। হে ব্রাহ্মণ! কুলপুত্র কর্ম ও উৎসাহ দ্বারা যে সম্পদ লাভ করে তা বাহুবল দ্বারা সংগ্রহ করে, মাথার ঘাম পায়ে ফেলে উপার্জন করে এবং ন্যায়তঃ লাভ করে- এগুলো সে এ চিন্তা করে পাহারা দেয়ঃ "এখন আমি কিভাবে এসব পরিচালনা করব যাতে রাজা এ সম্পদ আমার থেকে নিয়ে যেতে না পারে, কিংবা চোরেরা অপহরণ করতে না পারে, কিংবা অগ্নি দাহ করতে না পারে, কিংবা পানি ভাসিয়ে নিতে না পারে, কিংবা অপ্রিয় দায়াদ বা উত্তরাধিকার হরণ করতে না পারে? ব্রাহ্মণ! একে বলা হয় সংরক্ষণ সম্পদ। এবং ব্রাহ্মণ! কল্যাণমিত্রতা কিরূপ?"

৬। এক্ষেত্রে, ব্রাহ্মণ! কুলপুত্র যে গ্রামে বা নিগমে বাস করে, তথায় যে গৃহপতি বা গৃহপতি পুত্র বা যুবক বা বৃদ্ধ বৃদ্ধশীল, শ্রদ্ধাসম্পন্ন, শীলসম্পন্ন, ত্যাগশীল, প্রজ্ঞাসম্পন্ন তাদের সাথে অবস্থান করে, কথা

Visit: http://www.buddhistdownload.com

বলে, আলাপ-আলোচনা করে; শ্রদ্ধাসম্পন্নদের যে শ্রদ্ধা তা অনুকরণ করে, শীলসম্পন্নদের যে শীলসম্পদ তা শিক্ষা করে, ত্যাগশীলদের যে ত্যাগসম্পদ তা শিক্ষা করে, প্রজ্ঞাসম্পন্নদের যে প্রজ্ঞাসম্পদ তা অনুকরণ করে। ব্রাহ্মণ! একেই বলা হয় কল্যাণমিত্রতা। এবং হে ব্রাহ্মণ! সমজীবন কিরূপ?

৭। হে ব্রাহ্মণ! যখন কুলপুত্র সমাদর লাভ এবং ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করে সে সম জীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে, অতি নিম্নও নহে। চিন্তা করে সেঃ "এরূপ আমার আয়, খরচ বাদ দিয়ে আমার থাকবে এত এবং আমার খরচ আয় ছাড়িয়ে যাবে না।" যেমন, ব্রাহ্মণ! তুলাদণ্ড ধারক বা তার সহকারী তুলাদণ্ড ধরে জানে যে, এটা নত হয়েছে বা কাৎ হয়েছে; তদ্রূপ ব্রাহ্মণ! কুলপুত্র সমাদের লাভ ও ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করে সমজীবিকা নির্বাহ করে। অতি উচ্চও নহে, অতি নীম্নও নহে, কিন্তু উপলব্ধি করে যে, তার ক্ষতি বাদ দিয়ে আয় দাঁড়াবে এতটুকুতে এবং তার খরচ আয় ছাড়িয়ে যাবে না। হে ব্রাহ্মণ! যদি এই কুলপুত্রের উপার্জন কম হয় এবং জাঁকজমকভাবে বাস করে তাহলে তার সম্পর্কে রটবেঃ এই কুলপুত্র ডুমুর বৃক্ষ সদৃশ পেটুকের মত তার সম্পদ খাচ্ছে। এবং যদি তার আয় বেশী হয় এবং হীনভাবে জীবন যাপন করে তাহলে তার সম্পর্কে রটবেঃ এই কুলপুত্র অনাথের ন্যায় মরবে। এ কারণে ব্রাহ্মণ! এই কুলপুত্র সম্পদের লাভ ও ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করতঃ সম জীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে, অতি নিম্নও নহেঃ "এরূপ আমার আয়, খরচ বাদ দিয়ে আমার থাকবে এত এবং খরচ আয় ছাড়িয়ে যাবে না।" ব্রাহ্মণ! একে বলা হয় সম জীবিকা।

৮। হে ব্রাহ্মণ! সঞ্চিত ধন অপায়মুখে প্রবাহিত হওয়ার এই চারটি পথঃ স্ত্রীলোকের প্রতি আসিক্ত, সুরাপান, জুয়াখেলা এবং পাপকর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য এবং ঘনিষ্টতা। যেমন, হে ব্রাহ্মণ! চার প্রবেশপথযুক্ত এবং চার বহির্গমনপথযুক্ত একটা বৃহৎ চৌবাচ্চা, যদি কোন লোক এর পানি প্রবেশপথ বন্ধ করে দেয় এবং বহির্গমনপথ খুলে দেয় এবং ঠিকমত বৃষ্টিও বর্ষিত হয় না, এমতাবস্থায় ব্রাহ্মণ! এমন বৃহৎ চৌবাচ্চার পরিহানি প্রত্যাশিত, বৃদ্ধি নহে; তদ্রূপ,

Visit: http://www.buddhistdownload.com

ব্রাহ্মণ! সঞ্চিত ধন অপায়মুখে (বিপথে) প্রবাহিত হওয়ার এই চারটি পথঃ স্ত্রীলোকের প্রতি আসক্তি, সুরাপান, জুয়াখেলা এবং পাপকর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য ও ঘনিষ্টতা।

৯। হে ব্রাহ্মণ! সম্পদ আয়ের পথ এ চারটিঃ স্ত্রীলোকের প্রতি আসক্তি থেকে বিরতি, সুরাপানে বিরতি, জুয়াখেলায় বিরতি এবং কল্যাণকর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য ও ঘনিষ্টতা। যেমন, ব্রাহ্মণ! চার প্রবেশপথযুক্ত এবং চার বহির্গমনযুক্ত একটা বৃহৎ চৌবাচ্চা, যদি কোন লোক পানি প্রবেশের পথ খুলে দেয় এবং পানি বহির্গমনপথ বন্ধ করে দেয় এবং যদি সঠিকভাবে বৃষ্টি বর্ষিত হয় তাহলে সে চৌবাচ্চার বৃদ্ধি প্রত্যাশিত, পরিহানি নহে; তদ্রূপ ব্রাহ্মণ! ধন অর্জনের পথ এই চার প্রকার! স্ত্রীলোকের প্রতি আসক্তি বিরতি, সুরাপানে বিরতি, জুয়াখেলায় বিরতি এবং কল্যাণমূলক কর্ম সম্পাদনকারীর সাথে বন্ধুত্ব, সাহচর্য্য ও ঘনিষ্টতা। হে ব্রাহ্মণ! এ চার ধর্ম ইহ জগতে কুলপুত্রের হিত ও সুখ আনয়ন করে।

১০। হে ব্রাহ্মণ! এই চার ধর্ম পারলৌকিক জগতে কুলপুত্রের হিত ও সুখ আনয়ন করে। চার ধর্ম কি কি?

১১। শ্রদ্ধাসম্পদ, শীলসম্পদ, ত্যাগসম্পদ, প্রজ্ঞাসম্পদ। এবং হে ব্রাহ্মণ! শ্রদ্ধাসম্পদ কিরূপ?

১২। হে ব্রাহ্মণ! কুলপুত্র শ্রদ্ধাবান হয়, তথাগতের বোধিকে শ্রদ্ধা করে এরূপেঃ সে ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদমনকারী সারথি, দেব-মনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবান! হে ব্রাহ্মণ! একেই বলা হয় শ্রদ্ধাসম্পদ। এবং ব্রাহ্মণ! শীলসম্পদ কিরূপ?

১৩। হে ব্রাহ্মণ! কুলপুত্র প্রাণিহত্যা প্রতিবিরত হয়, অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত হয়, ব্যভিচার প্রতিবিরত হয়, মিথ্যা ভাষণ প্রতিবিরত হয়, সুরা, মদ ইত্যাদি সেবন প্রতিবিরত হয়। হে ব্রাহ্মণ! একেই বলা হয় শীলসম্পদ। এবং হে ব্রাহ্মণ! ত্যাগসম্পদ কিরূপ?

১৪। এক্ষেত্রে, হে ব্রাহ্মণ! কুলপুত্র মাৎসর্য্যমলবিহীন চেতনাসম্পন্ন হয়ে গৃহে বসবাস করে, দানশীল, মুক্তহস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দান দিতে সে প্রীতি লাভ করে। হে ব্রাহ্মণ!

Visit: http://www.buddhistdownload.com

একেই বলা হয় ত্যাগসম্পদ। এবং হে ব্রাহ্মণ! প্রজ্ঞাসম্পদ কিরূপ?

১৫। হে ব্রাহ্মণ! কুলপুত্র প্রজ্ঞাবান হয় উদয় ও বিলয়গামিনী প্রজ্ঞায়, সম্যকভাবে দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধিক জ্ঞান দ্বারা ভূষিত হয়। ব্রাহ্মণ! একেই বলা হয় প্রজ্ঞাসম্পদ।

হে ব্রাহ্মণ! এই চার ধর্ম পারলৌকিক জগতে কুলপুত্রের হিত ও সুখ আনয়ন করে।'

'যিনি হন কর্মস্থানে উত্থান, বীর্য্যবান, অপ্রমত্ত,
বিধানসম্পন্ন, আয় বুঝে পরিমিতভাবে
করেন জীবনযাপন, সঞ্চিত ধন করেন সংরক্ষণ;
শ্রদ্ধাসম্পন্ন, বদান্য, অকৃপণ,
তিনিই করেন পারলৌকিক মঙ্গল কামনা,
নিত্য করে থাকেন পরিশুদ্ধ নির্বাণ গমন পথ
এরূপে আটটি ধর্ম গৃহবাসী শ্রদ্ধাবান
কুলপুত্রের হয় সুখাবহ উভয় লোকের,
একথা সত্যভাষী বুদ্ধ কর্তৃক বলে হয়েছে কথিত।'

৬. ভয় সুত্তং- ভয় সূত্র

৫৬.১। 'ভিক্ষুগণ! ভয় একটা পদ যা কামনাসমূহের জন্য প্রযোজ্য; ভিক্ষুগণ! দুঃখ একটা পদ বা কামনাসমূহের জন্য প্রযোজ্য, কামনার জন্য প্রযোজ্য রোগ একটা পদ, গণ্ড (ফোস্কা) কামনার জন্য একটা পদ, বর্শা একটা শব্দ যা কামনার জন্য প্রযোজ্য, বন্ধন একটা শব্দ যা কামনার জন্য প্রযোজ্য, পঙ্ক কামনার জন্য প্রযোজ্য একটা পদ, কামনার জন্য প্রযোজ্য গর্ভ একটা পদ।

২। এবং ভিক্ষুগণ! কিরূপে ভয় কামনার জন্য প্রযোজ্য একটা পদ? যেহেতু ছন্দরাগাবদ্ধ কামরাগাসক্ত ব্যক্তি ইহ জাগতিক ভয় থেকেও মুক্ত নহে কিংবা পারলৌকিক ভয় হতেও মুক্ত নহে; একারণে ভয় কামনাসমূহের জন্য প্রযোজ্য একটা পদ।

৩। ভিক্ষুগণ! কিভাবে দুঃখ ..... রোগ ..... গন্ধ..... বর্শা..... বন্ধন .....পঙ্ক ..... গর্ভ কামনার জন্য প্রযোজ্য পদ? যেহেতু ভিক্ষুগণ! ছন্দরাগাবদ্ধ কামরাগাসক্ত ব্যক্তি ইহলৌকিক কিংবা পারলৌকিক এগুলির (দুঃখ, রোগ, গণ্ড, বর্শা, বন্ধন, পঙ্ক, গর্ভ) কোনটি হতে মুক্ত

Visit: http://www.buddhistdownload.com

নহে, সেজন্য এগুলি কামনাসমূহের জন্য প্রযোজ্য পদ।

পৃথগ্‌জন ভয়-দুঃখ-রোগ-গণ্ড তুল্য
যেই কাম্য বিষয়ে হয় আসক্ত
সেই রাগসঙ্গ ও কামপঙ্ক দু'টিই
কাম নামে হয় কথিত।
কামসুখে আসক্ত জন জন্ম লভে পুনঃপুনঃ ভবে
কিন্তু যে মুহূর্তে ভিক্ষু হন বীর্য্যবান ও প্রজ্ঞাবান,
সে মুহূর্ত হতে তিনি ক্ষয়প্রাপ্ত হন না,
সে ভিক্ষু করে' অতিক্রম তাদৃশ কামপঙ্ক পথ,
দর্শন করেন জাতি-জরামুক্ত চঞ্চল প্রাণীকে।'

৭. পঠম আহুনেয্য সুত্তং- প্রথম আহ্বানযোগ্য সূত্র

৫৭.১। ভিক্ষুগণ! আটটি গুণে গুণান্বিত ভিক্ষু আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দানযোগ্য, অঞ্জলি লাভের যোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র। আট কি কি?

২। এক্ষেত্রে, ভিক্ষুগণ! ভিক্ষু শীলবান হয় ..... শিক্ষাপদসমূহ গ্রহণ ও শিক্ষা করে, বহুশ্রুত হয় ..... দৃষ্টি ভালভাবে উপলব্ধি করে, কল্যাণমিত্র, সহচর এবং ঘনিষ্ট লোক লাভ করে, সম্যকদৃষ্টিযুক্ত হয় এবং সম্যক দর্শন সম্পন্ন হয়। এমনকি ইহজীবনেও স্বেচ্ছায়, সহজে এবং বিনাকষ্টে অভিচৈতসিক চার ধ্যানসুখ লাভ করে; বিবিধ পূর্বনিবাস স্মরণ করে, যেমন একজন্ম, দু'জন্ম ..... জীবনের ধরণ, বিস্তৃতভাবে পূর্বনিবাস স্মরণ করে; মনুষ্যাতীত বিশুদ্ধ দিব্যচক্ষু দ্বারা সত্ত্বগণকে তাদের কর্মানুসারে জ্ঞাত হয়; আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত, চেতো-বিমুক্তি, প্রজ্ঞা-বিমুক্তি, দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা ক্ষয় প্রত্যক্ষ করতঃ অবস্থান করে।

ভিক্ষুগণ! এই অষ্টগুণে গুণান্বিত ভিক্ষু আহ্বানেরযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

৮. দুতিয আহুনেয্য সুত্তং- দ্বিতীয় আহ্বানযোগ্য সূত্র

৫৮.১। 'ভিক্ষুগণ! অষ্টগুণে গুণান্বিত ভিক্ষু আহ্বানযোগ্য ..... জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। অষ্ট গুণ কি কি?

Visit: http://www.buddhistdownload.com

২। ভিক্ষুগণ! এক্ষেত্রে, ভিক্ষু শীলবান হয় ..... শিক্ষাপদসমূহ গ্রহণ ও শিক্ষা করে, বহুশ্রুত হয় ..... ভালভাবে দৃষ্টি উপলব্ধি করে; তেজস্বী, দৃঢ় পরাক্রমী হয়ে অবস্থান করে, কুশলধর্ম অপরিত্যাগী, অরণ্যবাসী হয়, পথকে শয্যা ও আসন হিসাবে গ্রহণ করে; অনাসক্তি-আসক্তিসহা[২০], উৎপন্ন আসক্তি ত্যাগ করে বাস করে; ভয়-ভীতিসহা, উৎপন্ন ভয়-ভীতি জয় করে বাস করে; এমনকি ইহ জীবনেও স্বেচ্ছায়, সহজে, বিনা কষ্টে অভিচৈতসিক ধ্যানসুখ লাভ করে; আসক্তি ক্ষয় করতঃ অনাসক্ত, চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ অবস্থান করে।

ভিক্ষুগণ! এই অষ্ট গুণে গুণান্বিত ভিক্ষু আহ্বানযোগ্য ..... জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

৯. পঠম পুগ্গল সুত্তং- প্রথম পুদ্গল সূত্র

৫৯.১। 'ভিক্ষুগণ! এই অষ্টবিধ পুদ্গল আহ্বানযোগ্য, অতিথিযোগ্য, দক্ষিণা লাভের যোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র। আট কি কি?

২। স্রোতাপন্ন, যে স্রোতাপত্তিফল প্রত্যক্ষ করেছে, সকৃদাগামী, যে সকৃদাগামী ফল উপলব্ধি করেছে, অনাগামী, যে অনাগামী ফল উপলব্ধি করেছে, অর্হৎ, যে অর্হত্ব লাভ করে।

ভিক্ষুগণ! এই অষ্টবিধ পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।

চারিমার্গ প্রতিপন্ন ও চারি ফলে স্থিত,
ইদৃশ সঙ্ঘই উজুভুত ও প্রজ্ঞাশীল
সমাহিত আর্য নামে হয় যে কথিত।
দাতাদিগের, পুণ্যাকাঙ্ক্ষী প্রাণিগণের,
বহুপুণ্য সম্পাদনকারী মনুষ্যগণের
মহাফল হয়ে থাকে দান দিলে সঙ্ঘক্ষেত্রে।'

১০. দুতিয পুগ্গল সুত্তং- দ্বিতীয় পুদ্গল সূত্র

৬০.১। 'ভিক্ষুগণ! এই অষ্টবিধ পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। আট কি কি?

Visit: http://www.buddhistdownload.com

২। স্রোতাপন্ন, যে স্রোতাপত্তিফল উপলব্ধিতে প্রতিপন্ন, সকৃদাগামী, যে সকৃদাগামী ফল প্রত্যক্ষ ক্রিয়ার প্রতিপন্ন, অনাগামী, যে অনাগামী ফল উপলব্ধিতে প্রতিপন্ন, অর্হৎ, অর্হত্ব লাভে প্রতিপন্ন।

ভিক্ষুগণ! এই অষ্টবিধ পুদ্গল আহ্বানযোগ্য, প্রহ্বানযোগ্য, দক্ষিণাযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র।

চারিমার্গ প্রতিপন্ন ও চারিফলে স্থিত অষ্ট আর্য পুদ্গল
সব সত্ত্বদিগের পক্ষে হয় অতিশয় উৎকৃষ্ট।
দাতাদিগের, পুণ্যাকাঙ্ক্ষী প্রাণিগণের
বহুপুণ্য সম্পাদনকারী মনুষ্যগণের
মহাফল হয়ে থাকে দান দিলে সঙ্ঘক্ষেত্রে।'

[স-আধান বর্গ ষষ্ঠ সমাপ্ত]

তস্সুদানং- স্মারক-গাথা

গৌতমী, উপদেশক, সংক্ষিপ্ত, দীর্ঘজানু এবং উজ্জয়
ভয় দ্বিবিধ আহ্বানযোগ্য ও দ্বিবিধ অষ্ট পুদ্গল।

৭. ভূমিচাল-বগ্গো- ভূমিকম্প-বর্গ

১. ইচ্ছা সুত্তং- ইচ্ছা সূত্র

৬১.১। 'ভিক্ষুগণ! জগতে এই অষ্টবিধ ব্যক্তি বিদ্যমান। অষ্টবিধ কি কি?

২। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমবিহীন[১] হয়ে অবস্থান কালে সম্পত্তির[২] প্রতি আকাঙ্ক্ষা উৎপন্ন হয়। সে সম্পত্তির জন্য ক্রিয়াশীল, উদ্যমী হয়, চেষ্টা করে। কিন্তু যদিও সে নিজে ক্রিয়াশীল হয়, উদ্যমী হয়, চেষ্টা করে তবুও তার সম্পদ আসে না। সম্পদ লাভ না হওয়ায় সে অনুশোচনা করে, বিলাপ করে, আর্ত্তনাদ করে, বক্ষ চাপড়ায় এবং সম্মোহে[৩] পতিত হয় (চিত্ত বিক্ষেপ ঘটে)। ভিক্ষুগণ! এ ভিক্ষুই কথিতঃ "যে সম্পদ আকাঙ্ক্ষী হয়ে বাস করে"- সে নিজে সম্পত্তির জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে, কিন্তু সে ওগুলো লাভ না করে অনুশোচনা করে, বিলাপ করে; সে সদ্ধর্মচ্যুত হয়।

৩। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমবিহীন হয়ে অবস্থান কালে সম্পত্তির প্রতি আকাঙ্ক্ষা উৎপন্ন হয়। সে সম্পত্তি লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে। সে নিজে সক্রিয়, উদ্যমী হওয়ায়, চেষ্টার

Visit: http://www.buddhistdownload.com

ফলে তার সম্পদ লাভ হয়। লাভের জন্য সে মত্ত হয়, প্রমত্ত হয়, উৎফুল্ল, উত্তেজিত হয়। ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ "যে সম্পদ আকাঙ্ক্ষী হয়ে বাস করে"- সে নিজে সম্পদ লাভের চেষ্টা করে, উদ্যমী হয় এবং লাভ করে, মত্ত হয়, প্রমত্ত হয় এবং সদ্ধর্ম[৪] হতে চ্যুত হয়।

৪। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে সম্পত্তির প্রতি আকাঙ্ক্ষা উৎপন্ন হয়। সে সম্পত্তির জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। সে লাভের জন্য ক্রিয়াশীল না হওয়ায়, উদ্যমী না হওয়ায়, চেষ্টাশীল না হওয়ায় তার লাভ হয় না। এগুলি না পেয়ে সে অনুশোচনা করে, বিলাপ করে, আর্তনাদ করে, বক্ষ চাপড়ায় এবং সম্মোহগ্রস্ত হয়। ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ "যে সম্পদ আকাঙ্ক্ষী হয়ে বাস করে"- সে সম্পদের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না, কিন্তু এগুলি না পেয়ে সে অনুশোচনা করে, পরিদেবন করে এবং সে সদ্ধর্ম হতে চ্যুত হয়।

৫। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য আকাঙ্ক্ষা উৎপন্ন হয়। সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। সে সক্রিয় না হয়ে, উদ্যমী না হয়ে, চেষ্টাশীল না হয়েও তার লাভ উৎপন্ন হয়। সে সেই লাভের দ্বারা মত্ত হয়, প্রমত্ত হয়, উৎফুল্ল উত্তেজিত হয়। ভিক্ষুগণ! এই ভিক্ষু কথিত হয়ঃ "একজন লাভাকাঙ্ক্ষী ভিক্ষু"- সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। কিন্তু সে এগুলো লাভ করে মত্ত হয়, প্রমত্ত হয় এবং সদ্ধর্ম হতে চ্যুত হয়।

৬। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য আকাঙ্ক্ষা করে। সে লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে। সে লাভের জন্য সক্রিয় হয়ে, উদ্যমী হয়ে, চেষ্টাশীল হয়েও তার লাভ অর্জিত হয় না। সে লাভ না করায় অনুশোচনা করে, বিলাপ করে, আর্তনাদ করে, বক্ষ চাপড়ায় এবং সম্মোহগ্রস্ত হয়। ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ "যে লাভাকাঙ্ক্ষী হয়ে বাস করে।" সে লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে এবং সে সেগুলি লাভী হয় না এবং অনুশোচনাকারী হয় না এবং পরিদেবনকারী হয় না ও সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

Visit: http://www.buddhistdownload.com

৭। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য আকাঙ্ক্ষা করে। সে লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে। তার সক্রিয়তা, উদ্যমশীলতা, চেষ্টাশীলতায় লাভ ঘটে। কিন্তু সেই লাভের দ্বারা মত্ত হয় না, প্রমত্ত হয় না, উত্তেজিত হয় না। ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ যে সম্পদ লাভের জন্য আকাঙ্ক্ষা করে- সে সক্রিয় হয়, চেষ্টা করে, লাভের জন্য কিন্তু ওগুলো লাভ করে সে মত্ত হয় না, প্রমাদী হয় না এবং সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

৮। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য আকাঙ্ক্ষা করে। সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। সে লাভের জন্য সক্রিয় না হওয়ায়, উদ্যমী না হওয়ায়, চেষ্টাশীল না হওয়ায় তার লাভ উৎপন্ন হয় না। সে অলাভ হেতু অনুশোচনা করে না, বিলাপ করে না, পরিদেবন করে না, বক্ষ চাপড়ায় না, সম্মোহপ্রাপ্ত হয় না। ভিক্ষুগণ! এই ভিক্ষু লাভের জন্য আকাঙ্ক্ষা করে বাসকারী হিসাবে কথিত। সে সক্রিয় হয় না, উদ্যমী হয় না, লাভের জন্য চেষ্টা করে না, সেহেতু সে লাভী হয় না, অনুশোচনা করে না, পরিদেবন করে না এবং সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

৯। ভিক্ষুগণ! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য আকাঙ্ক্ষা করে। সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। তার লাভের জন্য সক্রিয় না হওয়া, উদ্যমী না হওয়া, চেষ্টাশীল না হওয়া সত্ত্বেও তার লাভ উৎপন্ন হয়। সে সেই লাভের জন্য মত্ত হয় না, প্রমত্ত হয় না, উন্মত্ত হয় না। ভিক্ষুগণ! এই ভিক্ষু কথিত হয়ঃ যে লাভাকাঙ্ক্ষী হয়ে বাস করে- সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টাশীল হয় না, লাভ করতঃ সে মত্ত হয় না, প্রমাদী হয় না, এবং সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

ভিক্ষুগণ! এই অষ্টবিধ পুদ্গল জগতে বিদ্যমান।'

২. অলং সুত্তং- যথেষ্ট সূত্র

৬২.১। 'ভিক্ষুগণ! ছয়গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট। ছয় কি কি?

২। ভিক্ষুগণ! ভিক্ষু দ্রুত কুশল ধর্ম উপলব্ধি করে, শ্রুত ধর্মের ধারক হয়, ধৃত ধর্মের অর্থ চিন্তা করে, অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে

Visit: http://www.buddhistdownload.com

ধর্মানুধর্ম প্রতিপন্ন হয়, তার সুখকর কণ্ঠস্বর হয়, উত্তম উচ্চারণ সম্পন্ন, শহুরে উক্তির অধিকারী, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ; সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয়, উৎসাহিত করে, প্রোৎসাহিত করে, আনন্দ বর্ধন করে।

ভিক্ষুগণ! এই ষড়বিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট।

৩। ভিক্ষুগণ! পঞ্চগুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট। পঞ্চ কি কি?

৪। ভিক্ষুগণ! ভিক্ষু কুশল ধর্মসমূহ দ্রুত উপলব্ধি করে না কিন্তু শ্রুত ধর্মের ধারক, ধৃত ধর্মের অর্থ চিন্তক; অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম পথে বিচরণ করে; উত্তম আচরণ সম্পন্ন, কথাবার্তায় ভদ্র, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত, তথ্যবহ; সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয়, উৎসাহিত করে, প্রোৎসাহিত করে, আনন্দ বর্ধন করে।

ভিক্ষুগণ! এই পঞ্চগুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট পরের জন্য যথেষ্ট।

৫। ভিক্ষুগণ! চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে। কোন চার গুণে?

৬। ভিক্ষুগণ! ভিক্ষু কুশলধর্ম সমূহ দ্রুত উপলব্ধি করে, শ্রুতধর্ম স্মরণ করে; ধারণকৃত ধর্মের অর্থ চিন্তন, অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম পথে বিচরণ করে; কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয় না, উত্তম আচরণসম্পন্ন নহে, কথাবার্তায় ভদ্র নহে, কর্কষতা অবিবর্জিত ও তথ্যবহ নহে; সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয় না কিংবা উৎসাহিত প্রোৎসাহিত করে না কিংবা তাদের আনন্দ বর্ধন করে না।

ভিক্ষুগণ! এই চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে।

৭। ভিক্ষুগণ! চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু পরের জন্য যথেষ্ট কিন্তু নিজের জন্য নহে। কোন্ চতুর্গুণে?

৮। ভিক্ষুগণ! ভিক্ষু কুশলধর্ম সমূহ দ্রুত উপলব্ধি করে, শ্রুত ধর্মের ধারক কিন্তু ধৃতধর্মের অর্থ-চিন্তা করে না এবং অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় না, তথাপি সে সুকণ্ঠের অধিকারী

Visit: http://www.buddhistdownload.com

হয়, উত্তম আচরণ সম্পন্ন, কথাবার্তায় ভদ্র, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ এবং সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয়, উৎসাহিত করে, প্রোৎসাহিত করে, আনন্দ বর্ধন করে।

ভিক্ষুগণ! এই চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য নহে, পরের জন্য যথেষ্ট।

৯। ভিক্ষুগণ! ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে। ত্রি-গুণ কি কি?

১০। ভিক্ষুগণ! ভিক্ষু কুশল ধর্ম দ্রুত উপলব্ধি করে না কিন্তু শ্রুত ধর্ম স্মরণ করে, ধৃত ধর্মের অর্থ চিন্তা করে; অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম পথে বিচরণ করে কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয় না, উত্তম আচরণ সম্পন্ন হয় না, কথাবার্তায় অভদ্র, কর্কষতা অবিবর্জিত ও তথ্যবহ হয় না এবং সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয় না কিংবা উৎসাহিত-প্রোৎসাহিত কিংবা আনন্দ বর্ধন করে না।

ভিক্ষুগণ! এই ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে।

১১। ভিক্ষুগণ! ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু পরের জন্য যথেষ্ট কিন্তু নিজের জন্য নহে। কোন তিন?

১২। ভিক্ষুগণ! ভিক্ষু দ্রুত কুশলধর্ম উপলব্ধি করে না কিন্তু শ্রুত ধর্মের ধারক হয়, কিন্তু ধৃতধর্মের অর্থ চিন্তা করে না, অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মপথে বিচরণ করে না; কিন্তু সুকণ্ঠের অধিকারী হয়, উত্তম আচরণ সম্পন্ন, কথাবার্তায় মার্জিত, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ এবং সে সতীর্থগণকে শিক্ষা দেয়, উৎসাহিত-প্রোৎসাহিত করে এবং তাদের আনন্দ বর্ধন করে।

ভিক্ষুগণ! এই ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু পরের জন্য যথেষ্ট কিন্তু নিজের জন্য নহে।

১৩। ভিক্ষুগণ! দ্বিবিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে। কোন দুই?

১৪। ভিক্ষুগণ! ভিক্ষু দ্রুত কুশল ধর্ম উপলব্ধি করে না, শ্রুতধর্ম স্মরণ করে না; ধৃত ধর্মের অর্থ অনুসন্ধান করে; অর্থ ও ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয়, কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয় না, উত্তম

Visit: http://www.buddhistdownload.com

আচরণসম্পন্ন হয় না, কথাবার্তায় মার্জিত, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ হয় না; সে সতীর্থগণকে শিক্ষা দেয় না, তাদের উৎসাহিত-প্রোৎসাহিত করে না, আনন্দ বর্ধন করে না।

ভিক্ষুগণ! এই ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু পরের জন্য যথেষ্ট কিন্তু নিজের জন্য নহে।

১৫। ভিক্ষুগণ! দ্বিবিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট নহে কিন্তু পরের জন্য যথেষ্ট। কোন দুই?

১৬। ভিক্ষুগণ! ভিক্ষু দ্রুত কুশল ধর্ম উপলব্ধি করে না, শ্রুতধর্ম স্মরণ করে না; ধৃত ধর্মের অর্থ অনুসন্ধান করে না; অর্থ ও ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় না, কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয়, উত্তম আচরণসম্পন্ন, কথাবার্তায় মার্জিত, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত এবং তথ্যবহ; সে সতীর্থগণকে শিক্ষা দেয়, উৎসাহিত-প্রোৎসাহিত করে, তাদের আনন্দ বর্ধন করে না।

ভিক্ষুগণ! এই দ্বিবিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট নহে কিন্তু পরের জন্য যথেষ্ট।'

৩. সংখিত্ত সুত্তং- সংক্ষিপ্ত সূত্র

৬৩.১। তখন অন্যতর ভিক্ষু যেখানে ভগবান ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে বলেনঃ 'উত্তম ভন্তে! ভগবান যদি আমাকে সংক্ষিপ্তভাবে ধর্ম ভাষণ করতেন। তা শ্রবণ করে আমি একাকী, নির্জনে, অপ্রমত্তভাবে, উৎসাহিত, দৃঢ় প্রতিজ্ঞ হয়ে বাস করতাম।' 'কিন্তু কোন কোন মূর্খ পুরুষ আমাকে যেরূপ প্রার্থনা করে এটা সেরূপ এবং তারা যখন আমার ধর্ম ভাষণের বিষয় শ্রবণ করে তারা চিন্তা করে বিষয়টি আমার অনুসরণ করা উচিত!' 'ভন্তে ভগবান! আমাকে সংক্ষিপ্তভাবে ধর্ম ভাষণ করুন! সুগত! আমাকে সংক্ষিপ্তভাবে ধর্ম ভাষণ করুন। সম্ভবতঃ আমি ভগবানের ধর্ম ভাষণের লক্ষ্য উপলব্ধি করতে পারতাম, সম্ভবতঃ আমি ভগবৎ ভাষিত ধর্মের লক্ষ্য উপলব্ধি করতে পারতাম।'

২। 'ভিক্ষুগণ! সেজন্য তোমাদের শিক্ষা করা উচিতঃ আভ্যন্তরীণভাবে[৬] আমার চিত্ত স্থির সুস্থির থাকবে এবং উৎপন্ন পাপ অকুশল ধর্ম যা চিত্তকে অভিভূত করে তদ্রূপ করতে পারবে[৭] না।

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিত।

৩। যখন ভিক্ষুগণ! তোমাদের চিত্ত আভ্যন্তরীণভাবে স্থিত সুস্থিত থাকে এবং উৎপন্ন পাপ অকুশল ধর্ম যেগুলি চিত্তকে অভিভূত করে সেগুলি সেরকম করতে পারে না সেজন্য ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিতঃ মৈত্রী দ্বারা আমার চিত্তবিমুক্তি ভাবিত হবে, বহুলীকৃত হবে, আয়ত্তকৃত, সম্পূর্ণরূপে অনুশীলিত, ব্যবহৃত, বর্দ্ধিত, সম্পূর্ণরূপে আরম্ভ করা হবে।[৮]

ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিত।

৪। হে ভিক্ষু! যখন তুমি এভাবে এই সমাধি ভাব, বহুলীকৃত কর তখন তোমার এই সমাধিকে সবিতর্ক ও সবিচার ভাবা উচিত; অবিতর্ক কিন্তু বিচার মাত্র ভাবা উচিত; অবিতর্ক ও অবিচার ভাবা উচিত; প্রীতিযুক্ত ভাবা উচিত; প্রীতিহীন ভাবা উচিত; স্বাদযুক্ত ভাবা উচিত; উপেক্ষা সহগত ভাবা উচিত। হে ভিক্ষু! যখন এভাবে তোমার সমাধি ভাবিত ও সুভাবিত হয় তখন ভিক্ষু! তোমার এরূপ শিক্ষা করা উচিতঃ করুণা দ্বারা আমার চিত্তবিমুক্তি ভাবিত, বহুলীকৃত, আয়ত্তকৃত, সম্পূর্ণরূপে অনুশীলিত, ব্যবহৃত, বর্দ্ধিত, সম্পূর্ণরূপে আয়ত্ত করা হবে। মুদিতা ও উপেক্ষা দ্বারা চিত্ত বিমুক্তি ভাবিত, বহুলীকৃত, আয়ত্তকৃত, সম্পূর্ণরূপে অনুশীলিত, ব্যবহৃত, বর্দ্ধিত, সম্পূর্ণরূপে আয়ত্ত করা হবে।[৯]

হে ভিক্ষু! তোমার এরূপ শিক্ষা করা উচিত।

৫। হে ভিক্ষু! যখন তোমা দ্বারা এই সমাধি এভাবে ভাবিত ও বহুলীকৃত হয় তখন তোমার সবিতর্ক ও সবিচার এই সমাধি ভাবা উচিত; অবিতর্ক (অনুধ্যান বিহীন) বিচারমাত্র ভাবা উচিত; অবিতর্ক ও অবিচার (অনুসন্ধান ব্যতীত) ভাবা উচিত; প্রীতিবিহীন ভাবা উচিত; স্বাদযুক্ত ভাবা উচিত; উপেক্ষা সহগত ভাবা উচিত।

যখন হে ভিক্ষু! তোমা দ্বারা এই সমাধি ভাবিত, সুভাবিত হয় তখন তোমার এরূপ ভাবা উচিতঃ

কায়ে কায়ানুদর্শী[১০], তেজস্বী, চিন্তাশীল, স্মৃতিমান হয়ে, জগতে অভিধ্যা (লোভ) ও দৌর্মনস্য পরিহার করতঃ অবস্থান করব।

Visit: http://www.buddhistdownload.com

৬। হে ভিক্ষু! যখন তোমা দ্বারা এই সমাধি এভাবে ভাবিত ও বর্দ্ধিত হয় তখন তোমার সবিতর্ক (সচিন্তা) ও সবিচার (সঅনুসন্ধান) এই সমাধি ভাবা উচিত; অবিতর্ক ও বিচার মাত্র ভাবা উচিত; অবিতর্ক ও অবিচার ভাবা উচিত; প্রীতিযুক্ত হয়ে ভাবা উচিত; প্রীতিহীন হয়ে ভাবা উচিত; স্বাদযুক্ত ভাবা উচিত; উপেক্ষা সহগত ভাবা উচিত। ভিক্ষু! যখন তোমা দ্বারা এই সমাধি এভাবে ভাবিত, সুভাবিত হয়, তখন ভিক্ষু! তোমার এরূপ শিক্ষা করা উচিতঃ

বেদনায় বেদনানুদর্শী, চিত্তে চিত্তানুদর্শী, ধর্মে ধর্মানুদর্শী, তেজস্বী, চিন্তাশীল, স্মৃতিমান হয়ে জগতে অভিধ্যা ও দৌর্মনস্য পরিহার করতঃ অবস্থান করব। হে ভিক্ষু! তোমার এরূপ শিক্ষা করা উচিত।

৭। হে ভিক্ষু! যখন তোমা দ্বারা এই সমাধি এভাবে ভাবিত ও বহুলীকৃত হয় তখন তোমার সবিতর্ক ও সবিচার এই সমাধি ভাবা উচিত; অবিতর্ক ও বিচার মাত্র ভাবা উচিত; প্রীতিযুক্ত হয়ে ভাবা উচিত; প্রীতিবিহীন ভাবা উচিত; স্বাদযুক্ত ভাবা উচিত; উপেক্ষা সহগত ভাবা উচিত। ভিক্ষু! যখন তোমা দ্বারা এই সমাধি এভাবে ভাবিত, সুভাবিত হয়, তখন হে ভিক্ষু! তুমি যেখানে যেখানে গমন, আরামে গমন করবে; যেখানে যেখানে স্থিত হও আরামে স্থিত হবে; যেখানে যেখানে উপবেশন কর আরামে উপবেশন করবে, যেখানে যেখানে শয়ন কর আরামে শয়ন করবে।'

৮। তৎপর সেই ভিক্ষু ভগবৎ কর্তৃক উপদেশে উপদিষ্ট হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করতঃ চলে গেলেন। তখন সেই ভিক্ষু একাকী, নির্জনে, অপ্রমত্ত, উৎসাহান্বিত, নিজের প্রভু হয়ে অবস্থান কালে অল্প সময়ের মধ্যে যেজন্য কুলপুত্রগণ যথার্থভাবে আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা গ্রহণ করে তৎপর শ্রেষ্ঠ ব্রহ্মচর্য্যপর্য্যাবসানে ইহা জীবনেই স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ অবস্থান করেঃ 'জন্ম ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য্য উদ্‌যাপিত হয়েছে, করণীয় কৃত, এ অবস্থায় এর পর কোন জীবন নেই' বলে জ্ঞাত হন। সেই ভিক্ষু অর্হৎ হয়ে গেলেন।'

Visit: http://www.buddhistdownload.com

৪. গযাসীস[১১] সুত্তং- গয়াশীর্ষ সূত্র

৬৪.১। এক সময় ভগবান গয়ার গয়াশীর্ষে অবস্থান করছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'ভিক্ষুগণ!' 'হাঁ প্রভু' বলে ভিক্ষুগণ সম্মতি জ্ঞাপন করেন। ভগবান বলেনঃ

২। 'হে ভিক্ষুগণ! অভিসম্বুত্ব লাভের পূর্বে যখন আমি বোধিসত্ত্ব ছিলাম[১২] তখন আলো বিষয়ে জ্ঞাত হই কিন্তু রূপ দর্শন করিনি। তখন ভিক্ষুগণ! আমি চিন্তা করলামঃ যদি আমার আলো বিষয়ে জানতে হয় ও রূপ দর্শন করতে হয় তাহলে আমার এই জ্ঞানদর্শন পরিশুদ্ধতর হতে হবে।' ভিক্ষুগণ! সেই আমি অন্য সময়ে অপ্রমত্ত, উৎসাহান্বিত, নিজের প্রভু হয়ে অবস্থান কালে আলো সম্পর্কে জ্ঞাত হই ও রূপ দর্শন করি কিন্তু সেসব দেবতাদের সাথে থাকিনি, আলাপ-সালাপে রত হইনি।

৩। ভিক্ষুগণ! তখন আমার মনে এই চিন্তা জাগ্রত হলঃ 'যদি আমার আলো সম্পর্কে জানতে হয় ও রূপ দর্শন করতে হয় তাহলে সেই দেবতাদের সাথে থাকা উচিত, আলাপ-সালাপে রত হওয়া উচিত, এভাবেই আমার জ্ঞান-দর্শন পরিশুদ্ধতর হবে।' ভিক্ষুগণ! সেই আমি অন্য সময়ে অপ্রমত্ত, উৎসাহান্বিত নিজের প্রভু হয়ে অবস্থান কালে আলো সম্পর্কে জ্ঞাত হই, রূপ দর্শন করি এবং সেই দেবতাদের সাথে থাকি, আলাপ সালাপে রত হই, কিন্তু এ বিষয়টা জানিনিঃ 'এসব দেবতা অমুক অমুক দেবনিকায়ের থেকে আগত।'

৪। 'তখন ভিক্ষুগণ! আমি এরূপ চিন্তা করলামঃ যদি আমার আলো সম্পর্কে জানতে হয়, রূপ দর্শন করতে হয় তাহলে সেসব দেবতাদের সাথে অবস্থান করা, আলাপ-সালাপে রত হওয়া উচিত এবং সেসব দেবতাদের জানা উচিতঃ 'এসব দেবতা অমুক অমুক দেবনিকায় হতে আগত, এভাবে আমার এই জ্ঞানদর্শন পরিশুদ্ধতর হবে।' ভিক্ষুগণ! সেই আমি অপর সময়ে অপ্রমত্ত, উৎসাহান্বিত নিজের প্রভু হয়ে অবস্থান কালে আলো সম্পর্কে জ্ঞাত হই, রূপ দর্শন করি এবং সেই দেবতাদের সাথে থাকি, অবস্থান করি, আলাপ-সালাপে রত হই এবং সেসব দেবতা সম্পর্কে জানতে পারিঃ এসব দেবতা অমুক অমুক দেবনিকায় হতে আগত, কিন্তু এ বিষয়টা যে জানিনিঃ 'এসব দেবতা এ

Visit: http://www.buddhistdownload.com

কর্মের বিপাকে এখান থেকে চ্যুত হয়ে তথায় উৎপন্ন হয়েছে' সেসব দেবতাদের এ বিষয়ে জানিনিঃ এসব দেবতা এরূপ আহার, এরূপ সুখ-দুঃখ উপলব্ধিকারী', সেসব দেবতাদের এ বিষয় জানতে পারিঃ এসব দেবতা এরূপ আহার, এরূপ সুখ-দুঃখ উপলব্ধিকারী; যেসব দেবতাদের এ বিষয় জানতে পারিনিঃ 'এসব সুখ-দুঃখ উপলব্ধিকারী; যেসব দেবতাদের এ বিষয় জানতে পারিনিঃ 'এসব দেবতা এরূপ দীর্ঘায়ুসম্পন্ন, এরূপ চিরস্থায়ী' সেসব দেবতাদের এ বিষয়টা জানতে পারিঃ 'এসব দেবতা এরূপ দীর্ঘায়ুসম্পন্ন, এরূপ চিরস্থায়ী, কিন্তু সেসব দেবতার সাথে পূর্বে আমি বাস করেছিলাম কিনা জানতাম না।'

৫। 'হে ভিক্ষুগণ! আমার এরূপ চিন্তা উৎপন্ন হলঃ 'যদি আমার জ্যোতিঃ সম্পর্কে জানতে হয়, রূপ দর্শন করতে হয় তাহলে সেসব দেবতার সাথে অবস্থান করা, আলাপ-সালাপে রত হওয়া, সেসব দেবতাকে জানা উচিতঃ 'এসব দেবতা অমুক অমুক দেব নিকায়ের' এবং সেসব দেবতাকে জানা উচিতঃ 'এসব দেবতা এই কর্ম-বিপাকে এখান হতে চ্যুত হয়ে তথায় উৎপন্ন হয়েছে' এবং এসব দেবতাকে জানা উচিতঃ 'এসব দেবতা এরূপ আহার, সুখ-দুঃখ উপলব্ধিকারী' এবং এসব দেবতাকে জানা উচিতঃ 'এসব দেবতা এরূপ দীর্ঘায়ুসম্পন্ন, এরূপ চিরস্থায়ী' এবং 'এসব দেবতার সাথে পূর্বে আমি বাস করে থাকি বা না থাকি, আমার এই জ্ঞান ও দর্শন পরিশুদ্ধতর হবে।' হে ভিক্ষুগণ! পরবর্তী সময়ে সেই আমি অপ্রমত্ত, উৎসাহান্বিত, বীর্যবান হয়ে অবস্থানকালে জ্যোতি সম্পর্কে জানতে পারি, রূপ দর্শন করি, সেসব দেবতার সাথে অবস্থান করি, আলাপ-সালাপে রত হই এবং সেসব দেবতার বিষয়ে জানতে পারিঃ 'এসব দেবতা অমুক অমুক দেবনিকায়ের' এবং 'এসব দেবতা এই কর্ম বিপাকে এখান হতে চ্যুত হয়ে তথায় উৎপন্ন হয়েছে। এসব দেবতা সম্পর্কে আমি অবগত হইঃ 'এসব দেবতা এরূপ আহার, এরূপ সুখ-দুঃখ উপলব্ধিকারী এবং জানতে পারিঃ 'এসব দেবতা এরূপ দীর্ঘায়ুসম্পন্ন, এরূপ চিরস্থায়ী এবং সেসব দেবতাকে জানতে পারি তাদের সাথে পূর্বে অবস্থান করেছিলাম কিনা।'

৬। হে ভিক্ষুগণ! যদবধি অধিদেবে এই অষ্টক্রম জ্ঞান ও দর্শন সুবিশুদ্ধ হয়নি তদবধি কি দেবলোকে, কি মারলোকে, কি ব্রহ্মলোকে,

Visit: http://www.buddhistdownload.com

কি শ্রমণ, ব্রাহ্মণ, দেবতা ও মনুষ্যের মধ্যে অনুত্তর সম্যকসম্বোধি লাভ করেছি বলে প্রকাশ করিনি। কিন্তু যখন হে ভিক্ষুগণ! অধিদেবে এই অষ্টক্রম জ্ঞান ও দর্শন সুবিশুদ্ধ হয় তখন আমি দেবলোকে, মারলোকে, ব্রহ্মলোকে, শ্রমণ, ব্রাহ্মণ, দেবতা ও মনুষ্যের মধ্যে অনুত্তর সম্যকসম্বোধি লাভ করেছি বলে প্রকাশ করি। এখন আমার এরূপ জ্ঞানদর্শন উৎপন্ন হয়েছে, আমার চিত্তবিমুক্তি অচলা, এই আমার শেষ জন্ম, এখন আর পুনর্জন্মের সম্ভাবনা নেই।'

৫. অভিভাযতন[১৩] সুত্তং- শাস্তার শ্রেষ্ঠত্ব সূত্র

৬৫.১। 'হে ভিক্ষুগণ! পাণ্ডিত্য এই আট প্রকার। আট কি কি?

২। যখন ব্যক্তিগতভাবে লোকে রূপসংজ্ঞী (শরীর সম্পর্কে সচেতন) হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, সীমিত হোক বা সুবর্ণ-দুর্বর্ণ যাই হোক না কেন, "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি, এগুলি দর্শন করি।" এভাবে সে সচেতন হয়। এটা হচ্ছে প্রথম পাণ্ডিত্য।

৩। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে সচেতন হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, অপ্রমাণ বা সুবর্ণ-দুর্বর্ণ যাই হোক না কেন, "এসমস্ত আয়ত্ত করে আমি এগুলি সম্পর্কে জানি ও দর্শন করি।" এভাবে সে সচেতন হয়। এটা হচ্ছে দ্বিতীয় পাণ্ডিত্য।

৪। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, সীমিত হোক বা সুবর্ণ-দুর্বর্ণ যাই হোক না কেন। "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি ও দর্শন করি।" এভাবে সে সংজ্ঞাবান হয়। এটা তৃতীয় পাণ্ডিত্য।

৫। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে সংজ্ঞাবান হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, অপ্রমাণ বা সুবর্ণ-দুর্বর্ণ যাই হোক না কেন, "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি, দর্শন করি।" এভাবে সে সচেতন হয়। এটা চতুর্থ পাণ্ডিত্য।

৬। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, নীল, নীলবর্ণ, নীল আকৃতি, নীলাভ। "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি, দেখি" এভাবে সে সংজ্ঞী হয়। এটা পঞ্চম পাণ্ডিত্য।

Visit: http://www.buddhistdownload.com

৭। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপসমূহ দর্শন করে, পীত, পীতবর্ণ, পীত নিদর্শন, পীতাভ। "এসব আয়ত্ত করে আমি এসব জানি, দর্শন করি।" এভাবে সে সংজ্ঞাবান হয়। এটা ষষ্ঠ পাণ্ডিত্য।

৮। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিকভাবে রূপসমূহ দর্শন করে, লোহিতক, লোহিতবর্ণ, লোহিতক নিদর্শন, লোহিতাভ। "এসব আয়ত্ত করে আমি এসব জানি, দেখি এভাবে সে সংজ্ঞাবান হয়। এটা সপ্তম পাণ্ডিত্য।"

৯। যখন ব্যক্তিগতভাবে লোকে দেহ সম্পর্কে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপসমূহ দর্শন করে শুভ্র, শুভ্রবর্ণ, শুভ্রনিদর্শন, শুভ্রাভ। "এসব আয়ত্ত করে আমি এসব জানি, দেখি।" এভাবে সে সংজ্ঞাবান হয়। এটা অষ্টম পাণ্ডিত্য।

ভিক্ষুগণ! এগুলিই অষ্ট পাণ্ডিত্য।'

৬. বিমোক্খ সুত্তং- বিমোক্ষ সূত্র

৬৬. ১। 'হে ভিক্ষুগণ! বিমোক্ষ[১৪] এই অষ্টবিধ। অষ্টবিধ কি কি?

২। রূপী (দেহ সম্পর্কে সচেতন) রূপ দর্শন করে। এটা প্রথম বিমোক্ষ।

৩। ব্যক্তিগতভাবে অসংজ্ঞী (দেহ সম্পর্কে অসচেতন ব্যক্তি) বাহ্যিকভাবে রূপ দর্শন করে। এটা দ্বিতীয় বিমোক্ষ।

৪। সে স্বয়ং চিন্তা প্রয়োগ করেঃ "এটা শুভ" এটা তৃতীয় বিমুক্তি।

৫। সম্পূর্ণরূপে রূপসংজ্ঞাসমূহ অতিক্রম করতঃ পটিঘসংজ্ঞা (ক্রোধসংজ্ঞা) সমূহ অস্তমিত করে নানাত্ব সংজ্ঞার প্রতি অমনোযোগী হয়ে "অনন্ত আকাশ" চিন্তা করতঃ আকাশ অনন্ত আয়তনে প্রবেশ করে এবং তাতে অবস্থান করে। এটা চতুর্থ বিমোক্ষ।

৬। সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ "অনন্ত বিজ্ঞান" এরূপ চিন্তা করতঃ বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে তাতে অবস্থান করে। এটা পঞ্চম বিমোক্ষ।

৭। সম্পূর্ণরূপে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ "কিছুই না" এরূপ চিন্তা করে অকিঞ্চনায়তন লাভ করে তাতে অবস্থান করে। এটা ষষ্ঠ বিমুক্তি।

Visit: http://www.buddhistdownload.com

৮। সম্পূর্ণরূপে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নেবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন (সংজ্ঞাও না, অসংজ্ঞাও না) লাভ করে তাতে অবস্থান করে। এটা সপ্তম বিমোক্ষ।

৯। সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সে সংজ্ঞাবেদয়িত নিরোধ লাভ করতঃ তাতে অবস্থান করে। এটা অষ্টম বিমোক্ষ[১৫]।

৭. অনরিযবোহার সুত্তং- অনার্য কর্ম সূত্র

৬৭.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ অনার্য কর্ম। কি কি?

২। অদৃষ্টকে দৃষ্ট বলে ঘোষণা করা; অশ্রুতকে শ্রুত বলে প্রজ্ঞাপন করা; অননুভূতকে অনুভূত বলে প্রজ্ঞাপন করা; অজ্ঞাতকে জ্ঞাত বলে প্রজ্ঞাপন করা[১৬]; দৃষ্টকে অদৃষ্ট বলে প্রজ্ঞাপন করা; শ্রুতকে অশ্রুত বলে প্রজ্ঞাপন করা; অনুভূতকে অননুভূত বলে প্রজ্ঞাপন করা; জ্ঞাতকে অজ্ঞাত বলে প্রজ্ঞাপন করা।

হে ভিক্ষুগণ! এগুলোই অনার্য কর্ম।'

৮. অরিযবোহার সুত্তং- আর্যকর্ম সূত্র

৬৮.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ বিষয় আর্যকর্ম। অষ্ট কি কি?

২। অদৃষ্টকে অদৃষ্ট, অশ্রুতকে অশ্রুত, অননুভূতকে অননুভূত, অজ্ঞাতকে অজ্ঞাত, দৃষ্টকে দৃষ্ট, শ্রুতকে শ্রুত, অনুভূতকে অনুভূত, জ্ঞাতকে জ্ঞাত[১৭] বলে প্রজ্ঞাপন।

হে ভিক্ষুগণ! এগুলিই অষ্টবিধ আর্যকর্ম।'

৯. পরিসা সুত্তং- পরিষদ সূত্র

৬৯.১। 'হে ভিক্ষুগণ! পরিষদ এই অষ্টবিধ। অষ্ট কি কি?

২। ক্ষত্রিয় পরিষদ, ব্রাহ্মণ পরিষদ, গৃহপতি পরিষদ, শ্রমণ পরিষদ, চাতুর্মহারাজিক পরিষদ, তাবতিংস পরিষদ, মহাপরিষদ, ব্রহ্ম পরিষদ।

৩। হে ভিক্ষুগণ! অনেকশত ক্ষত্রিয় পরিষদের সাথে সাক্ষাতের কথা আমি স্মরণ করি এবং এমনকি তাদের সাথে আমার বসার পূর্বেই বা তাদেরকে কথোপকথনে নিযুক্ত করার পূর্বেই যাদৃশ ছিল তাদের বর্ণ তাদৃশ হত আমার বর্ণ, যাদৃশ ছিল তাদের স্বর তাদৃশ হত আমার স্বর, (এবং) আমি তাদেরকে ধর্মোপদেশ শিক্ষা দিতাম, ধর্ম উপদেশ দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

উদ্দীপিত করতাম, জাগ্রত করতাম, আনন্দ দান করতাম; ভাষণ কালে তারা আমাকে জানত না, "কে ইনি ভাষণ করছেন, দেব না মনুষ্য?" অতঃপর যখন আমি তাদেরকে ধর্মশিক্ষা দিয়ে ধর্মোপদেশ দ্বারা উদ্দীপিত করে, জাগ্রত করে, আনন্দিত করে প্রস্থান করতাম, প্রস্থান কালেও তারা আমাকে জানত না কিন্তু একে অপরকে প্রশ্ন করতঃ "কে ইনি প্রস্থান করলেন, দেব না মনুষ্য?"

৪। হে ভিক্ষুগণ! অনেকশত ব্রাহ্মণপরিষদ, অনেকশত গৃহপতি পরিষদ, অনেকশত শ্রমণ পরিষদ, অনেকশত চাতুর্মহারাজিক পরিষদ, অনেকশত তাবতিংস পরিষদ, অনেকশত মহাপরিষদ, অনেকশত ব্রহ্মপরিষদের সাথে সাক্ষাতের কথা আমি স্মরণ করি। তথায় তাদের সাথে আমার বসার পূর্বেই বা তাদেরকে কথোপথনে নিযুক্ত করার পূর্বেই যাদৃশ তাদের বর্ণ তাদৃশ হত আমার বর্ণ, যাদৃশ তাদের স্বর তাদৃশ হত আমার স্বর। এবং আমি তাদেরকে ধর্মশিক্ষা দিতাম, উদ্দীপিত করতাম, জাগ্রত করতাম, আনন্দিত করতাম; ভাষণ কালে তারা আমাকে জানত না কিন্তু একে অপরকে জিজ্ঞেস করত, "কে ইনি ভাষণ করছেন, দেব না মনুষ্য?" অতঃপর তাদেরকে ধর্মশিক্ষা দিয়ে উদ্দীপিত করে, প্রবুদ্ধ করে, আনন্দিত করে প্রস্থান করতাম। আমি প্রস্থান করলে তারা আমাকে চিনত না কিন্তু একে অপরকে প্রশ্ন করতঃ" "কে ইনি প্রস্থান করলেন, দেব না মনুষ্য?"

ভিক্ষুগণ! এগুলিই অষ্ট পরিষদ।'

১০. ভূমিচাল সুত্তং- ভূমিকম্প সূত্র

৭০.১। এক সময় ভগবান বৈশালীর মহাবন কূটাগারশালায় বাস করতেন। সে সময় ভগবান চীবর পরিধান করে পাত্র চীবর নিয়ে বৈশালীতে পিণ্ডাচরণে প্রবেশ করলেন। বৈশালীতে পিণ্ডাচরণ সমাপ্ত করতঃ পিণ্ড গ্রহণ শেষে আয়ুষ্মান আনন্দকে আহ্বান করলেনঃ-

২। 'আনন্দ, বসার আসন তুলে নাও, আমরা দিবা বিহারের জন্য চাপাল্যচৈত্যে যাব।' 'তাই হোক ভন্তে,' উত্তর দিলেন মহামান্য আনন্দ এবং বসার আসন তুলে নিয়ে ভগবানের পশ্চাতে ভগবানকে অনুসরণ করলেন।

৩। অতঃপর ভগবান চাপালচৈত্যে পৌঁছলেন, উপনীত হয়ে তাঁর

Visit: http://www.buddhistdownload.com

জন্য প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। উপবেশন করার পর ভগবান আয়ুষ্মান আনন্দকে আহ্বান করে বললেনঃ-

৪। 'আনন্দ! বৈশালী রমণীয়, রমণীয় উদেনচৈত্য, গৌতমক চৈত্য, বহুপুত্রকচৈত্য, সপ্তম্বচৈত্য! কত রমণীয় সারন্দদচৈত্য ও চাপালচৈত্য! আনন্দ, যার চতুর্বিধ ঋদ্ধিপাদ ভাবিত, বহুলীকৃত, যানকৃত, ভিত্তিকৃত, পরিশীলিত, পরিবর্ধিত, সুষমারদ্ধ, আনন্দ, তথাগত যে কল্প বা কল্পাবশেষ আকাঙ্ক্ষা করলে স্থিত থাকতে পারতেন তা বলাই বাহুল্য।' যদিও এমন একটা অবাধ ইঙ্গিত, যদিও এমন একটা সহজবোধ্য সঙ্কেত ভগবান আয়ুষ্মান আনন্দকে প্রদান করেছিলেন কিন্তু মহামান্য আনন্দ এর অন্তর্নিহিত অর্থ উপলব্ধি করতে পারলেন না কিংবা ভগবানের নিকট এরূপ যাচ্না করলেন নাঃ 'ভন্তে ভগবান! কল্পকাল অবস্থান করুন, ভন্তে সুগত, বহুজনের হিতের জন্য, বহুজনের সুখের জন্য, জগতের প্রতি অনুকম্পাশীল হয়ে, দেবমনুষ্যগণের মঙ্গল, হিত ও সুখের জন্য কল্পকাল অবস্থান করুন।' মার দ্বারা তাঁর অন্তর এতটুকু অধিকৃত হয়েছিল।

৫। দ্বিতীয় এবং তৃতীয়বারও ভগবান আয়ুষ্মান আনন্দকে আহ্বান করে বললেনঃ- 'আনন্দ! বৈশালী রমণীয়, রমণীয় উদেনচৈত্য, গৌতমক চৈত্য, বহুপুত্রকচৈত্য, সপ্তম্বচৈত্য, সারন্দদচৈত্য, চাপালচৈত্য! আনন্দ, যার চতুর্বিধ ঋদ্ধিপাদ ভাবিত, বহুলীকৃত, যানকৃত, ভিত্তিকৃত, পরিশীলিত, পরিবর্ধিত, সুষমারদ্ধ, আনন্দ, সে ব্যক্তি যে কল্প বা কল্পাবশেষ অবস্থান করার আশা পোষণ করবে তাতে আর কি। আনন্দ, তথাগতের চতুর্বিধ ঋদ্ধিপাদ ভাবিত, বহুলীকৃত, যানকৃত, ভিত্তিকৃত, পরিশীলিত, পরিবর্ধিত, সুষমারদ্ধ। আনন্দ! তথাগত ইচ্ছা করলে কল্প বা কল্পাবশেষ অবস্থান করতে পারতেন।' যদিও এমন একটি ইঙ্গিত, এমন একটা সহজবোধ্য সঙ্কেত আয়ুষ্মান আনন্দকে ভগবান প্রদান করেছিলেন তথাপি মহামান্য আনন্দ এর অন্তর্নিহিত অর্থ উপলব্ধি করতে পারেননি কিংবা ভগবানের নিকট এরূপ যাচ্না করেননিঃ 'ভন্তে ভগবান! আপনি কল্পকাল অবস্থান করুন, সুগত, বহুজনের হিতের জন্য, বহুজনের সুখের নিমিত্ত, জগতের প্রতি অনুকম্পাশীল হয়ে দেবমনুষ্যের মঙ্গল, হিত ও সুখের জন্য[১৮] কল্পকাল

Visit: http://www.buddhistdownload.com

অবস্থান করুন।' মার দ্বারা তাঁর অন্তর এমনভাবে অধিকৃত হয়েছিল।

৭। অতঃপর ভগবান আয়ুষ্মান আনন্দকে আহ্বান করলেনঃ 'যাও আনন্দ! যা কিছু করণীয় তা করার উপযুক্ত সময়।' 'হাঁ ভন্তে!' বলে আয়ুষ্মান আনন্দ উত্তর দিলেন এবং আসন হতে উঠলেন এবং ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করে অন্য এক বৃক্ষমূলে আসীন হলেন।

৮। অতঃপর পাপমতি মার আয়ুষ্মান আনন্দের প্রস্থান করার অল্প কালের মধ্যে ভগবানকে এরূপ বললঃ 'ভন্তে ভগবান, সুগত এখন পরিনির্বাপিত হোন, ভন্তে, ভগবানের পরিনির্বাণ লাভের এখনই উপযুক্ত সময়। বাস্তবিকপক্ষে ভন্তে, ভগবৎ কর্তৃক এটা ভাষিত হয়েছেঃ "ওহে মার! যাবৎ আমার ভিক্ষুগণ শ্রাবক না হয়, বিজ্ঞ, বিনীত, বিশারদ, প্রত্যয়যোগক্ষেমী (যারা যোগ হতে প্রশান্তি লাভী), বহুশ্রুত, ধর্মধর, ধর্মানুধর্ম প্রতিপন্ন, সমীচীন প্রতিপন্ন (সুনিয়ন্ত্রনে পূর্বাঙ্গ), ধর্মানুচারী না হয়, যাবৎ ধর্মকে তাদের শিক্ষক হিসাবে গ্রহণ করতে, দেশনা করতে, প্রজ্ঞাপিত, প্রতিষ্ঠিত, উন্মোচিত (প্রকাশিত), অপরের নিকট বিশ্লেষণ করতে পারবে না, উৎপন্ন পরবাদ খণ্ডন এবং যা ধর্মসম্মত উপায়ে খণ্ডন করা যায় তা করতে পারবে না, যাবৎ শ্রেষ্ঠ ধর্মের ঘোষণা করতে পারবে না তাবৎ আমি পরিনির্বাপিত হব না[১৯]।" ভন্তে! ভগবান! এখন ভিক্ষুসংঘ ভগবানের শ্রাবক, বিজ্ঞ, বিনীত, বিশারদ, প্রত্যয় যোগক্ষেমী, বহুশ্রুত, ধর্মধর, ধর্মানুধর্ম প্রতিপন্ন, সমীচীন প্রতিপন্ন, ধর্মাচারী, ধর্মকে আচার্য হিসাবে গ্রহণ করেছে, ধর্মকে দেশনা, প্রজ্ঞাপন, প্রতিষ্ঠা, প্রকাশ, বিশ্লেষণ, উৎপন্ন পরবাদ খণ্ডন, যা ধর্ম সম্মত উপায়ে খণ্ডন করা যায় তা করতে পারে, শ্রেষ্ঠ ধর্মের ঘোষণা করতে পারে। ভন্তে ভগবান! ভন্তে সুগত! এখন পরিনির্বাপিত হোন, ভন্তে! ভগবানের এখনই পরিনির্বাপিত হওয়ার উপযুক্ত সময়। যেহেতু বাস্তবিকপক্ষে ভগবৎ কর্তৃক এ উক্তি ভাষিত হয়েছেঃ "ওহে দুর্বুদ্ধিপরায়ণ মার! যে পর্যন্ত আমার ভিক্ষুণীগণ[২০] শ্রাবিকা না হবে, যে পর্যন্ত আমার উপাসকগণ শ্রাবক না হবে, উপাসিকাগণ শ্রাবিকা, বিজ্ঞ, বিনীত, বিশারদ, প্রত্যয় যোগক্ষেমী, বহুশ্রুত, ধর্মধর, ধর্মানুধর্ম প্রতিপন্ন, সমীচীন প্রতিপন্ন, ধর্মাচারী, ধর্মকে শিক্ষক হিসাবে গ্রহণ,

Visit: http://www.buddhistdownload.com

দেশনা, প্রজ্ঞাপন, প্রতিষ্ঠা, প্রকাশ, বিভাজন, উৎপন্ন পরবাদ খণ্ডন, ধর্ম সম্মত উপায়ে খণ্ডন, শ্রেষ্ঠ ধর্মের ঘোষণা করতে না পারবে তাবৎ আমি পরিনির্বাপিত হব না।" ভন্তে! এখন উপাসিকাগণ ভগবানের শ্রাবিকা, বিজ্ঞ, বিনীতা, বিশারদা, প্রত্যয়যোগক্ষেমী, বহুশ্রুতা, ধর্মধারিনী, ধর্মানুধর্মপ্রতিপন্না, সমীচীন প্রতিপন্না, ধর্মচারিনী, ধর্মকে শিক্ষক হিসাবে গ্রহণ, দেশনা, প্রজ্ঞাপন, প্রতিষ্ঠা, প্রকাশ, বিভাজন, উৎপন্ন পরবাদ খণ্ডন, ধর্ম সম্মত উপায়ে তা খণ্ডন, শ্রেষ্ঠ ধর্মের ঘোষণা করতে পারে। ভন্তে ভগবান! ভন্তে সুগত! ভগবানের পরিনির্বাণ লাভের এটাই মোক্ষম সময়। যেহেতু বাস্তবিকপক্ষে এ উক্তি ভাষিত হয়েছেঃ "ওহে পাপমতি মার! যাবৎ আমার এ ব্রহ্মচর্যের শ্রীবৃদ্ধি, যথেষ্ট উন্নত, বিস্তৃতি, বহুজনের নিকট অজ্ঞাত, দেবমনুষ্যগণ দ্বারা বিস্তৃতি অপ্রকাশিত থাকবে তাবৎ আমি পরিনির্বাপিত হব না।" ভন্তে! ভগবানের ব্রহ্মচর্য্যা এখন শ্রীবৃদ্ধি সম্পন্ন, যথেষ্ট উন্নত, বিস্তৃত, বহুজনের জ্ঞাত, দেবমনুষ্যগণ দ্বারা বহুধা সুপ্রকাশিত। সুতরাং, ভন্তে ভগবান! ভন্তে সুগত! এখন পরিনির্বাপিত হোন। ভগবানের পরিনির্বাণের এটাই উপযুক্ত সময়।' 'ওহে পাপী মার! তুমি অত্যুৎসুক হয়ো না, তথাগত অচিরে পরিনির্বাপিত হবেন না। এখন হতে তিন মাস পর তথাগত পরিনির্বাপিত হবেন।'

৯। অতঃপর স্মৃতি সম্প্রজ্ঞাত তথাগত চাপালচৈত্যে আয়ু-সংস্কার বিসর্জন করেন। ভগবান যখনি আয়ু-সংস্কার বিসর্জন করেন তখন ভীষণ লোমহর্ষকর ভূমিকম্প উত্থিত হয়েছিল এবং দেবদুন্দুভি নিনাদিত হয়েছিল। তখন ভগবান এর গুরুত্ব দর্শন করে এ উদানসমূহ (উচ্ছ্বাসগীতিসমূহ) উচ্চারণ করেনঃ

'তুল্য অতুল্য ভব-ভবসংস্কার পরিত্যাগ করেছেন মুনি
আধ্যাত্মিক সমাহিত আনন্দে তিনি
খোলক সদৃশ আত্মার বর্ধন করেছেন ছেদন।'

১০। অতঃপর মহামান্য আনন্দ চিন্তা করলেনঃ 'প্রকৃতপক্ষে এ ভূমিকম্প মহান্; অবশ্যই মহা এই ভূমিকম্প ভীষণ এবং লোমহর্ষক এবং দেবদুন্দুভি বিদীর্ণ করেছিল।

এ মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের কারণ, হেতু কি?' তখন আয়ুষ্মান

Visit: http://www.buddhistdownload.com

আনন্দ ভগবৎ সমীপে উপনীত হন, তাঁকে বন্দনা নিবেদন করেন এবং একান্তে উপবেশন করেন। একান্তে উপবিষ্ট মহামান্য আনন্দ ভগবানকে বললেনঃ 'ভন্তে! মহা এই ভূমিকম্প, ভন্তে! সুমহা এই ভূমিকম্প ভীষণ লোমহর্ষকর এবং দেবদুন্দুভি বিদীর্ণ করেছে। 'ভন্তে, মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের কারণ, হেতু কি?'

১১। 'হে আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এই আটটি কারণ, প্রত্যয়। আট কি কি?

১২। 'যেহেতু, আনন্দ! মহা পৃথিবী জলের উপর প্রতিষ্ঠিত, জল প্রতিষ্ঠিত বাতাসে, মহাশূন্যে বিদ্যমান বায়ু; যে সময় মহা বায়ু প্রবাহিত হয় তাতে জল প্রকম্পিত হয়, জল প্রকম্পিত হলে পৃথিবী প্রকম্পিত হয়।

হে আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এটা প্রথম কারণ, হেতু।

১৩। পুনঃ আনন্দ! কোন ঋদ্ধিমান বশীভূতচিত্ত শ্রমণ বা ব্রাহ্মণ, মহাঋদ্ধিসম্পন্ন, মহানুভব দেবতা কর্তৃক যখন সামান্য পৃথিবীসংজ্ঞা বা অপ্রমাণ অপসংজ্ঞা ভাবিত হয় তিনি এই পৃথিবীকে কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত করেন। হে আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এটা দ্বিতীয় কারণ, প্রত্যয়।

১৪। পুনঃ হে আনন্দ! বোধিসত্ত্ব যখন তুষিতকায় হতে চ্যুত হয়ে স্মৃতিসম্প্রজ্ঞানে মাতৃকুক্ষিতে প্রবেশ করেন তখন এই পৃথিবী কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত হয়। আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এটা তৃতীয় কারণ।

১৫। পুনঃ হে আনন্দ! যখন বোধিসত্ত্ব স্মৃতিসম্প্রজ্ঞানযুক্ত হয়ে মাতৃকুক্ষি ত্যাগ করেন তখন এই পৃথিবী কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত হয়। আনন্দ! এটা মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের চতুর্থ কারণ।

১৬। পুনঃ হে আনন্দ! যখন তথাগত অনুত্তর সম্যক সম্বোধি প্রাপ্ত হন তখন এই পৃথিবী কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত হয়। আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এটা পঞ্চম কারণ।

১৭। পুনঃ হে আনন্দ! যখন তথাগত অনুত্তর ধর্মচক্র প্রবর্ত্তন করেন তখন পৃথিবী কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত হয়েছিল। আনন্দ! এটা মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের ষষ্ঠ কারণ।

Visit: http://www.buddhistdownload.com

১৮। পুনরায়, আনন্দ! যখন স্মৃতিসম্প্রজ্ঞানযুক্ত তথাগত আয়ুসংস্কার ত্যাগ করেন তখন এই পৃথিবী কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত হয়। হে আনন্দ! এটা মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের সপ্তম কারণ, সপ্তম প্রত্যয়।

১৯। পুনঃ, হে আনন্দ! যখন তথাগত অনুপাদিশেষ নির্বাণ ধাতুতে পরিনির্বাপিত[২১] হন তখন এই পৃথিবী কম্পিত, প্রকম্পিত, সম্প্রকম্পিত হয়। আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এটা অষ্টম কারণ, অষ্টম হেতু।

হে আনন্দ! মহা ভূমিকম্প প্রাদুর্ভাবের এগুলোই অষ্ট কারণ, অষ্ট হেতু[২২]।'

[ভূমিকম্প-বর্গ সপ্তম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

ইচ্ছা এবং যথেষ্ট, সংক্ষিপ্তধর্ম, গয়া, পাণ্ডিত্য সহ
বিমোক্ষ, দ্বিবিধ আচরণ, পরিষদ, ভূমিকম্প সহ দশ সূত্র।

৮. যমক বগ্গো- যমক বর্গ

১. পঠম সদ্ধা সুত্তং- প্রথম শ্রদ্ধা সূত্র

৭১.১। 'হে ভিক্ষুগণ! কোন ভিক্ষু শ্রদ্ধাবান কিন্তু শীলবান নহে। সুতরাং সেক্ষেত্রে সে পূর্ণাঙ্গ নহে। তাহলে সে অঙ্গটি অবশ্যই পরিপূর্ণ হতে হবে। সে চিন্তা করুক! "আমি যদি শ্রদ্ধাবান ও শীলবান হতাম!" ভিক্ষুগণ! কোন ভিক্ষুর শ্রদ্ধা ও শীল এ দুটি বিষয় যদি বিদ্যমান থাকে তাহলে সে সেক্ষেত্রে পূর্ণাঙ্গ।

২। হে ভিক্ষুগণ! কোন ভিক্ষুর শ্রদ্ধাও আছে এবং শীলবানও, কিন্তু বহুশ্রুত নহে। সুতরাং সেক্ষেত্রে তার অঙ্গ অপূর্ণ। তাহলে তার সে ক্ষেত্রটি অবশ্যই পূর্ণ হতে হবে। সে চিন্তা করুকঃ "আমি যদি শ্রদ্ধাবান, শীলবান ও বহুশ্রুত হতাম!" হে ভিক্ষুগণ! যখন ভিক্ষুর শ্রদ্ধা ও শীল অটুট থাকে এবং বহুশ্রুত হয় তাহলে সেক্ষেত্রে সে হয় পূর্ণাঙ্গ।

৩। হে ভিক্ষুগণ! কোন ভিক্ষু শ্রদ্ধাবান, শীলবান ও বহুশ্রুত কিন্তু ধর্মকথিক নহে। সে শ্রদ্ধাবান, শীলবান, শ্রুতবান ও ধর্মকথিকও কিন্তু সে পরিষদে গমন করে না। কোন ভিক্ষু শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত,

Visit: http://www.buddhistdownload.com

ধর্মকথিক ও পরিষদে গমনকারী কিন্তু অবিশারদ হয়ে সে পরিষদে ধর্ম ভাষণ করে। কোন ভিক্ষু শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথিক, পরিষদে গমনকারী, বিশারদ হয়ে সে ধর্ম ভাষণ করে কিন্তু স্বেচ্ছামত, সহজে এবং বিনা কষ্টে চতুর্ধ্যান যা সম্পূর্ণরূপে চৈতসিক তা লাভ করতে পারে না। সে শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথিক, পরিষদে গমনকারী, বিশারদ হয়ে ধর্ম ভাষণ করে, স্বেচ্ছামত, সহজে এবং বিনাকষ্টে চতুর্ধ্যান যা সম্পূর্ণরূপে চৈতসিক তা লাভ করে কিন্তু আসক্তির ক্ষয় করতঃ অনাসব চিত্তবিমুক্তি এবং প্রজ্ঞা বিমুক্তি ইহ জীবনে স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ তা লাভ করে অবস্থান করতে পারে না। সুতরাং সেক্ষেত্রে সে অপূর্ণ। তাই সে ক্ষেত্রটি পূর্ণ হতে হবে। সে চিন্তা করুকঃ "আমি যদি শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথিক, পরিষদে গমনকারী, বিশারদ হয়ে পরিষদে ধর্মভাষণ, স্বেচ্ছামত, সহজে, বিনাকষ্টে চতুর্ধ্যান যা অভিচৈতসিক লাভ করে আসক্তির ক্ষয় করতঃ অনাসব চিত্তবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি ইহ জীবনে স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ তা লাভ করে অবস্থান করতে পারতাম!" হে ভিক্ষুগণ! যখন ভিক্ষু শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথিক হয়, পরিষদে গমন করে, বিশারদ হয়ে পরিষদে ধর্ম ভাষণ করে, স্বেচ্ছামত, সহজে, বিনাকষ্টে চতুর্ধ্যান, অভিচৈতসিক লাভ করে আসক্তির ক্ষয় করতঃ অনাসব চিত্তবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি ইহ জীবনে স্বয়ং অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে তখন সে সেক্ষেত্রে হয় পূর্ণাঙ্গ।

হে ভিক্ষুগণ! যে ভিক্ষু এই অষ্টবিধ গুণযুক্ত সে হয় সর্বতোভাবে মনোরম এবং প্রতিটি ক্ষেত্রে পূর্ণাঙ্গ।'

২. দুতিয সদ্ধা সুত্তং- দ্বিতীয় শ্রদ্ধা সূত্র

৭২.১। 'হে ভিক্ষুগণ! কোন ভিক্ষু শ্রদ্ধাবান কিন্তু শীলবান নহে। সুতরাং সেক্ষেত্রে সে অপূর্ণাঙ্গ। তাই সে ক্ষেত্রটি অবশ্যই পূর্ণ করতে হবে। সে তা পরিপূরণ করার চিন্তা করে "আমি যদি শ্রদ্ধাবান ও শীলবান হতাম!" হে ভিক্ষুগণ! যখন ভিক্ষু শ্রদ্ধাবান ও শীলবান হয় সে সেক্ষেত্রে পূর্ণাঙ্গ হয়।

২। হে ভিক্ষুগণ! কোন ভিক্ষু শ্রদ্ধাবান ও শীলবান কিন্তু বহুশ্রুত

Visit: http://www.buddhistdownload.com

নহে, ভিক্ষু শ্রদ্ধাবান ও বহুশ্রুত কিন্তু ধর্মকথিক নহে; সে শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথিকও কিন্তু সে পরিষদে গমন করে না; সে শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথিক, পরিষদে গমন করে, কিন্তু বিশারদ হয়ে পরিষদে ধর্মভাষণ করে না; বিশারদ হয়ে পরিষদে ধর্মভাষণ করে কিন্তু রূপ অতিক্রমকারী, অরূপ শান্ত বিমুক্তির[২] সাথে সুসংবদ্ধ হয়ে বাস করে না; রূপ অতিক্রমকারী, অরূপ শান্ত বিমুক্তির সাথে সুসংবদ্ধভাবে বাস করে কিন্তু আসক্তির ক্ষয় করে অনাসব চিত্তবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে না। সুতরাং এক্ষেত্রে সে সম্পূর্ণ নহে। তাই সে অঙ্গটি অবশ্যই পরিপূর্ণ করতে হবে। সে তা পরিপূর্ণ করার চিন্তা করেঃ "আমি যদি শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মভাষক, পরিষদে গমনকারী, বিশারদ হয়ে পরিষদে ধর্মভাষণ করতে পারতাম!; রূপ অতিক্রমকারী, অরূপ শান্ত বিমুক্তি অবলম্বনে সুসংবদ্ধভাবে অবস্থান করতাম! আসক্তির ক্ষয় করে অনাসব চিত্তবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করে অবস্থান করতে পারতাম!" যখন, হে ভিক্ষুগণ! ভিক্ষু শ্রদ্ধাবান, শীলবান, বহুশ্রুত, ধর্মকথক, পরিষদে গমনকারী, বিশারদ হয়ে পরিষদে ধর্মভাষণ করে; রূপ অতিক্রমকারী, অরূপ শান্ত বিমুক্তি অবলম্বনে সুসংবদ্ধভাবে অবস্থান করে, আসক্তির ক্ষয় করে অনাসব চিত্তবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি ইহ জীবনে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে, তখনি সে হয় সেক্ষেত্রে পূর্ণাঙ্গ।

হে ভিক্ষুগণ! যে ভিক্ষু এই অষ্টবিধ গুণে গুণান্বিত সে সর্বতোভাবে ও প্রতিটি উপায়ে হয় প্রাসাদিক।'

৩. পঠম মরণস্সতি[৩] সুত্তং- প্রথম মরণস্মৃতি সূত্র

৭৩.১। এক সময় ভগবান নাটিকে ইষ্টক হলে অবস্থান করছিলেন। সে সময় ভগবান এ বলে সম্বোধন করলেনঃ "ভিক্ষুগণ!" ভিক্ষুগণ! উত্তর দিলেনঃ "ভন্তে।" ভগবান বললেনঃ

২। 'হে ভিক্ষুগণ! মরণস্মৃতি ভাবিত, বহুলীকৃত হলে মহাফল প্রদায়ী, মহা আনিশংসকর, অমৃতে মিশে যায়, অমৃতে পর্যাবসান হয়। হে ভিক্ষুগণ! তোমরা মৃত্যুস্মৃতি ভাব।'

Visit: http://www.buddhistdownload.com

৩। ভগবান এরূপ বললে জনৈক ভিক্ষু ভগবানকে বললঃ 'ভন্তে, আমি মৃত্যুস্মৃতি ভাবনা করি।' 'হে ভিক্ষু, তুমি কিভাবে মৃত্যুস্মৃতি অনুধ্যান কর?' 'ভন্তে, আমার চিন্তন হয় এরূপঃ 'অহো আমি যদি এক দিবারাত্রি বেঁচে থাকতে পারতাম তাহলে ভগবানের শাসনের বিষয় চিন্তা করতে পারতাম! প্রকৃত পক্ষে তাতে আমা দ্বারা অনেক কিছু করা যেত। এরূপভাবে ভন্তে, আমি মৃত্যুস্মৃতি ধ্যান করি।'

৪। অন্য এক ভিক্ষুও ভগবানকে এরূপ বললঃ 'ভন্তে, আমিও মৃত্যুস্মৃতি অনুধ্যান করি।' 'হে ভিক্ষু, তুমি কিরূপে মৃত্যুস্মৃতি ভাব?' এক্ষেত্রে ভন্তে, আমার চিন্তন হয় এরূপঃ 'প্রকৃতপক্ষে আমি যদি একদিনও বেঁচে থাকতাম এবং ভগবানের শাসন সম্পর্কে চিন্তা করতে পারতাম, তাহলে আমা দ্বারা বহু কিছু করা যেত। ভন্তে! আমার মৃত্যুস্মৃতি এরূপ।'

৫। অপর এক ভিক্ষুও ভগবানকে বললঃ 'ভন্তে, আমিও মৃত্যুস্মৃতি অনুধ্যান করি।' 'হে ভিক্ষু, তোমার কথানুসারে তুমি কিভাবে মরণস্মৃতি অনুধ্যান কর?' 'ভন্তে, এক্ষেত্রে আমি চিন্তা করিঃ অহো! আমি যদি অর্ধদিবসও বেঁচে থাকতাম, ভগবানের শাসনের বিষয় চিন্তা করতাম, তাতে আমা দ্বারা বহু কিছু করা যেত। ভন্তে, এভাবেই আমি মৃত্যুস্মৃতি ভাবি।'

৬। অপর ভিক্ষুও ভগবানকে বললঃ 'ভন্তে, আমিও মৃত্যুস্মৃতি ভাবনা করি, অনুধ্যান করি।' 'হে ভিক্ষু, তোমার কথানুসারে তুমি কিভাবে মরণস্মৃতি ভাব?' 'ভন্তে, এক্ষেত্রে আমার অনুধ্যান হয় এরূপঃ 'ভন্তে আমি যদি ততক্ষণ জীবিত থাকি যতক্ষণে একটি পিণ্ডপাত পরিভোগ করা যায়, তাতে ভগবানের শাসনের বিষয় চিন্তা করতাম, যার ফলে আমা দ্বারা অনেক কিছু করা যেত। এভাবেই ভন্তে, আমি মরণস্মৃতি ভাবি।

৭। অপর ভিক্ষুও ভগবানকে বললঃ 'ভন্তে, আমিও মরণস্মৃতি অনুধ্যান করি।' 'হে ভিক্ষু, তোমার কথানুসারে তুমি কিরূপে মরণস্মৃতি ভাব?' ভন্তে, আমার মৃত্যুস্মৃতি এরূপঃ 'ভন্তে, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণে অর্ধপিণ্ডপাত পরিভোগ করা যায়, তাতে ভগবানের শাসন বিষয়ে চিন্তা করতাম, এর ফলে আমা দ্বারা বহু কিছু করা যেত। ভন্তে, এভাবেই আমি মরণস্মৃতি ভাবি।'

Visit: http://www.buddhistdownload.com

৮। অপর ভিক্ষু ভগবানকে এরূপ বললঃ 'ভন্তে, আমিও মৃত্যুস্মৃতি ভাবি।' 'হে ভিক্ষু, তুমি কিভাবে মৃত্যুস্মৃতি অনুধ্যান কর?' ভন্তে, আমি এভাবেই মৃত্যুস্মৃতি অনুধ্যান করিঃ অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণে চার বা পাঁচ গ্রাসে আহার গলাধঃকরণ করা যায়, তাতে ভগবৎ শাসনের বিষয়ে চিন্তা করতে পারতাম, এতে আমা দ্বারা অনেক কিছু করা যেত। ভন্তে, আমি এভাবেই মরণস্মৃতি অনুধ্যান করি।'

৯। অন্যতর এক ভিক্ষু ভগবানকে বললঃ 'ভন্তে, আমিও মৃত্যুস্মৃতি ভাবি।' 'হে ভিক্ষু, তোমার কথানুসারে তুমি কিভাবে মৃত্যুস্মৃতি ভাবনা কর?' 'ভন্তে, আমার অনুধ্যান হলঃ 'অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণে এক গ্রাস আহার গলাধঃকরণ করা যায়, তাতে ভগবানের শাসনের বিষয় চিন্তা করতে পারতাম, এতে আমা দ্বারা অনেক কিছু করা যেত। ভন্তে, আমি এভাবেই মরণস্মৃতি অনুশীলন করি।'

১০। অপর ভিক্ষু ভগবানকে বললঃ 'ভন্তে, আমিও মৃত্যুস্মৃতি ভাবনা করি।' 'হে ভিক্ষু, তোমার কথানুসারে তুমি কিভাবে মরণস্মৃতি অনুধ্যান কর?' 'এক্ষেত্রে ভন্তে, আমার অনুধ্যান হলঃ অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণে নিশ্বাস গ্রহণ করে প্রশ্বাস ফেলি বা প্রশ্বাস ফেলে নিঃশ্বাস গ্রহণ করি এবং ভগবানের শাসনের বিষয় চিন্তা করতে পারতাম তাহলে আমা দ্বারা অনেক কিছু করা যেত। এভাবেই ভন্তে, আমি মৃত্যুস্মৃতি ভাবনা করি।'

১১। যখন এরূপ বলা হয় তখন ভগবান সেই ভিক্ষুগণকে বলেনঃ 'যে ভিক্ষু এভাবে মরণস্মৃতি ভাবেঃ অহো, আমি যদি এক দিবারাত্রি বেঁচে থাকতাম তাহলে ভগবানের শাসনের বিষয় চিন্তা করতে পারতাম। প্রকৃতপক্ষে আমার দ্বারা অনেক কিছু করা যেত; যে ভিক্ষু মরণস্মৃতি এভাবে ভাবে, অহো আমি যদি একদিন মাত্র জীবিত থাকতাম তাহলে ভগবানের শাসন সম্পর্কে চিন্তা করতাম, সত্যই আমা দ্বারা অনেক কিছু করা যেত; যে মৃত্যুস্মৃতি এরূপে চিন্তা করেঃ অহো, আমি যদি অর্ধদিবস মাত্রও জীবিত থাকতাম তাহলে ভগবৎ শাসন নিয়ে চিন্তা করতাম, তাতে সত্যই আমা দ্বারা অনেক কিছু করা যেত;

Visit: http://www.buddhistdownload.com

অথবা, যে এরূপ চিন্তা করেঃ অহো, আমি যদি ততক্ষণ একটি পিণ্ড আহার করা যায়, এর ফলে ভগবৎ শাসনের জন্য চিন্তা করতে পারতাম, তার ফলে বহু কিছু করা যেত; অথবা, যে ভিক্ষু মরণস্মৃতি এভাবে চিন্তা করেঃ অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণ একটি অর্ধ-পিণ্ড আহার করা যায়, এর ফলে ভগবানের শাসনের কথা চিন্তা করতে পারতাম এবং আমা দ্বারা বহু কিছু করা যেত; অথবা, যে ভিক্ষু মৃত্যুস্মৃতি এরূপে ভাবেঃ অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণ চার বা পাঁচ গ্রাস আহার গলাধঃকরণ করা যায় এবং সত্যই আমি যদি ভগবানের শাসন সম্পর্কে চিন্তা করতে পারতাম তাতে আমা দ্বারা অনেক কিছু করা যেত- হে ভিক্ষুগণ! যেসব ভিক্ষু এধরণের বলে তারা প্রমত্ত, তারা শিথিলভাবে আসক্তি ক্ষয়ের জন্য মরণস্মৃতি অনুধ্যান করে।

কিন্তু হে ভিক্ষুগণ! যে ভিক্ষু মৃত্যুস্মৃতি এভাবে অনুধ্যান করেঃ অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণ এক গ্রাস আহার গলধঃকরণ করা যায় এবং আমি যদি প্রকৃতপক্ষে ভগবানের শাসন সম্পর্কে চিন্তা করতে পারতাম তাহলে আমা দ্বারা অনেক কিছু করা যেত; অথবা, যে ভিক্ষু মরণস্মৃতি এভাবে ভাবনা করে! অহো, আমি যদি ততক্ষণ জীবিত থাকতাম যতক্ষণ নিঃশ্বাস গ্রহণ করে প্রশ্বাস ফেলি বা প্রশ্বাস ফেলে নিঃশ্বাস গ্রহণ করি এবং ভগবানের শাসন সম্পর্কে যদি আমি চিন্তা করতে পারতাম তাহলে আমা দ্বারা সত্যই অনেক কিছু করতে পারতাম- হে ভিক্ষুগণ! এসব ভিক্ষু অপ্রমত্তভাবে বাস করে বলে বলা হয় এবং সাগ্রহে তারা আসক্তি ক্ষয়ের জন্য মৃত্যুস্মৃতি অনুধ্যান করে।

একারণে হে ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করতে হবেঃ আমরা অপ্রমত্তভাবে এবং সাগ্রহে আসক্তি ক্ষয়ের জন্য বিহার করব।

ভিক্ষুগণ! তোমাদের এরূপ শিক্ষা করা উচিত।'

৪. দুতিয মরণস্সতি সুত্তং[৪]- দ্বিতীয় মরণস্মৃতি সূত্র

৭৪.১। এক সময় ভগবান নাটিকে ইষ্টক হলে অবস্থান করছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে সম্বোধন করলেনঃ 'হে ভিক্ষগণ!' ভিক্ষুগণ উত্তর দিলেনঃ 'হাঁ ভন্তে!' ভগবান বললেনঃ 'হে ভিক্ষুগণ! মৃত্যুস্মৃতি

Visit: http://www.buddhistdownload.com

ভাবিত, বহুলীকৃত হলে তা মহা ফলপ্রদায়ক, মহা সহায়ক, অমৃতে মিশে যায়, অমৃতে পর্যাবসান হয়। এবং হে ভিক্ষুগণ! কিভাবে মৃত্যুস্মৃতি ভাবিত, বহুলীকৃত হলে মহাফল প্রদায়ক, মহাসহায়ক, অমৃতে মিশে যায়, অমৃতে পর্যাবসান হয়?

২। হে ভিক্ষুগণ! যখন দিবাবসানে রাত্রির প্রারম্ভ হয় তখন ভিক্ষু গভীরভাবে এরূপ চিন্তা করেঃ "আমার মৃত্যুর নানা কারণ। অহি (সর্প) বা বৃশ্চিক বা শতপদীর কামড়ে আমার মৃত্যু ঘটতে পারে। এতে আমার অন্তরায় হতে পারে। আমি হোঁচট খেয়ে পড়ে যেতে পারি; ভুক্ত খাদ্য-দ্রব্য আমাকে পীড়াগ্রস্ত করতে পারে; পিত্ত কূপিত হতে পারে, শ্লেষ্মা কূপিত হতে পারে; আমার অভ্যন্তরে শস্ত্র সদৃশ বায়ু কূপিত হতে পারে; অথবা মনুষ্য বা অমনুষ্য আমাকে আক্রমণ করতে পারে এবং আমার মৃত্যু ঘটাতে পারে। তাতে আমার অন্তরায় হতে পারে।" ভিক্ষুগণ! সেই ভিক্ষুকে অবশ্যই গভীরভাবে চিন্তা করেত হবেঃ "আমার কি কোন অপ্রহীন অকুশল পাপমূলক বিষয় আছে যা অদ্য রাত্রে আমি যদি মৃত্যুবরণ করি তাতে বাধা হতে পারে?" যদি হে ভিক্ষুগণ! প্রত্যবেক্ষণকালে ভিক্ষু এরূপ জানে, 'আমার অপ্রহীন অকুশল পাপমূলক বিষয় আছে যা আমার আজ রাত্রে মৃত্যুবরণে অন্তরায় স্বরূপ।' তাহলে হে ভিক্ষুগণ! সেসব পাপ অকুশল বিষয় প্রহীনের জন্য ঐকান্তিক সংকল্প, উদ্যম, উৎসাহ, প্রচেষ্টা, কঠোর চেষ্টা, স্মৃতিশীলতা, উপলব্ধি সে ভিক্ষুর থাকতে হবে। যেমন, হে ভিক্ষুগণ! যে ব্যক্তির মাথার পাগড়ি আগুনের উপর বা যার চুলে আগুন ধরেছে তাকে জ্বলন্ত পাগড়ি বা চুলের আগুন নেভানোর জন্য তার ঐকান্তিক সংকল্প, উদ্যম, উৎসাহ, প্রচেষ্টা, কঠোর চেষ্টা, স্মৃতিশীলতা ও উপলব্ধি কাজে লাগাতে হবে; তদ্রূপ, হে ভিক্ষুগণ! সেই ভিক্ষুকে পাপ অকুশল বিষয় দূরীভূত করার জন্য তার ঐকান্তিক সংকল্প, উদ্যম, উৎসাহ, চেষ্টা, কঠোর চেষ্টা, স্মৃতিশীলতা ও উপলব্ধি কাজে লাগাতে হবে। কিন্তু হে ভিক্ষুগণ! যদি সেই ভিক্ষু প্রত্যবেক্ষণ করতঃ জানতে পারে যে, তার মধ্যে কোন পাপ অকুশল বিষয় নেই যা তার সে রাত্রে কালক্রিয়ায় বাধা হতে পারে- তাহলে সে ভিক্ষুর দিবারাত্রি স্বয়ং কুশলধর্মের অনুশীলনে প্রীতি প্রমোদে বিহার করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

৩। হে ভিক্ষুগণ! যখন রাত্রির অবসানে দিনের প্রারম্ভ হয় তখন ভিক্ষু গভীরভাবে এরূপ চিন্তা করেঃ "আমার মৃত্যুর নানা কারণ। অহি (সর্প) বা বৃশ্চিক বা শতপদীর কামড়ে আমার মৃত্যু ঘটতে পারে। এতে আমার অন্তরায় হতে পারে। আমি হোঁচট খেয়ে পড়ে যেতে পারি; ভুক্ত খাদ্য-দ্রব্য আমাকে পীড়াগ্রস্ত করতে পারে; পিত্ত কূপিত হতে পারে, শ্লেষ্মা কূপিত হতে পারে; আমার অভ্যন্তরে শস্ত্র সদৃশ বায়ু কূপিত হতে পারে; অথবা মনুষ্য বা অমনুষ্য আমাকে আক্রমণ করতে পারে এবং আমার মৃত্যু ঘটাতে পারে। তাতে আমার অন্তরায় হতে পারে। ভিক্ষুগণ! সেই ভিক্ষুকে অবশ্যই গভীরভাবে চিন্তা করতে হবেঃ "আমার কি কোন অপ্রহীন অকুশল পাপমূলক বিষয় আছে যা অদ্য দিবা আমি যদি মৃত্যুবরণ করি তাতে বাধা হতে পারে?" যদি হে ভিক্ষুগণ! প্রত্যবেক্ষণ কালে ভিক্ষু এরূপ জানে- 'আমার অপ্রহীন অকুশল পাপমূলক বিষয় আছে যা আজ দিনে মৃত্যু বরণে অন্তরায় স্বরূপ।' তাহলে হে ভিক্ষুগণ! সেসব পাপ অকুশল বিষয় প্রহীনের জন্য ঐকান্তিক সংকল্প, উদ্যম, উৎসাহ, প্রচেষ্টা, কঠোর চেষ্টা, স্মৃতিশীলতা, উপলব্ধি সে ভিক্ষুর থাকতে হবে। যেমন, হে ভিক্ষুগণ! যে ব্যক্তির মাথার পাগড়ি আগুনের উপর বা যার চুলে আগুন ধরেছে তাকে জ্বলন্ত পাপড়ি বা চুলের আগুন নেভানোর জন্য তার ঐকান্তিক সংকল্প, উদ্যম, উৎসাহ, প্রচেষ্টা, কঠোর চেষ্টা, স্মৃতিশীলতা ও উপলব্ধি কাজে লাগাতে হবে; তদ্রূপ, হে ভিক্ষুগণ! সেই ভিক্ষুকে পাপ অকুশল বিষয় দূরীভূত করার জন্য তার ঐকান্তিক সংকল্প, উদ্যম, উৎসাহ, চেষ্টা, কঠোর চেষ্টা, স্মৃতিশীলতা ও উপলব্ধি কাজে লাগাতে হবে। কিন্তু হে ভিক্ষুগণ! যদি সেই ভিক্ষু প্রত্যবেক্ষণ করতঃ জানতে পারে যে, তার মধ্যে কোন পাপ অকুশল বিষয় নেই যা তার সে দিনে কালক্রিয়ার বাধা হতে পারে- তাহলে সে ভিক্ষুর দিবারাত্রি স্বয়ং কুশলধর্মের অনুশীলনে প্রীতি-প্রমোদে বিহার করা উচিত।

হে ভিক্ষুগণ! মৃত্যুস্মৃতি এভাবে ভাবিত, বহুলীকৃত হলে তা মহা ফলপ্রদায়ক, মহাসহায়ক হয়, অমৃতে মিশে যায়, অমৃতে পর্যাবসান হয়।'

Visit: http://www.buddhistdownload.com

৫. পঠম সম্পদা[৬] সুত্তং- প্রথম সম্পদা সূত্র

৭৫.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ সম্পদ। অষ্টবিধ কি কি?

২। উত্থানসম্পদ, সতর্কতা সম্পদ, কল্যাণমিত্রতা, সমজীবিকা, শ্রদ্ধাসম্পদ, শীলসম্পদ, ত্যাগসম্পদ এবং প্রজ্ঞাসম্পদ।

ভিক্ষুগণ! এগুলো অষ্ট সম্পদ।

যিনি হন কর্মস্থানে উত্থান বীর্য্যবান, অপ্রমত্ত,
বিধানসম্পন্ন, আয় বুঝে পরিমিতভাবে
করেন জীবন যাপন, সঞ্চিতধন করেন সংরক্ষণ;
শ্রদ্ধাসম্পন্ন, বদান্য অকৃপণ,
তিনিই করেন পারলৌকিক মঙ্গল কামনা,
নিত্য করে থাকেন পরিশুদ্ধ নির্বাণ গমন পথ
এরূপে আটটি ধর্ম গৃহবাসী শ্রদ্ধাবান
কুলপুত্রের হয় সুখাবহ উভয় লোকের,
একথা সত্যভাষী বুদ্ধ কর্তৃক বলে হয়েছে কথিত।'

৬. দুতিয সম্পদা সুত্তং- দ্বিতীয় সম্পদা সূত্র

৭৬.১। 'হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ সম্পদ। অষ্টবিধ কি কি?

২। উত্থানসম্পদ, সতর্কতা সম্পদ, কল্যাণমিত্রতা, সমজীবিকা, শ্রদ্ধাসম্পদ, শীলসম্পদ, ত্যাগসম্পদ এবং প্রজ্ঞাসম্পদ। এবং হে ভিক্ষুগণ! উত্থানসম্পদ কিরূপ?

৩। হে ভিক্ষুগণ! কুলপুত্র যে কর্ম দ্বারা জীবিকা নির্বাহ করে, সেটা কৃষি হোক বা অন্যতর কোন শিল্প বা গোপালন হোক বা তীরন্দাজ কর্ম হোক বা রাজার পুরুষ হিসাবে হোক বা অন্যতর কোন শিল্প দ্বারা হোক- সে হয় দক্ষ, নিরলস; সে হয় প্রতিভাদীপ্ত, যেকোন ব্যাপারে অনুসন্ধিৎসু, সে তার কর্ম ব্যবস্থা করতে এবং চালিয়ে নিতে সক্ষম। হে ভিক্ষুগণ! একে বলা হয় উত্থানসম্পদ। এবং হে ভিক্ষুগণ! সংরক্ষণ সম্পদ কিরূপ?

৪। হে ভিক্ষুগণ! কুলপুত্র কর্ম ও উৎসাহ দ্বারা যে সম্পদ লাভ করে তা বাহুবল দ্বারা সংগ্রহ করে, মাথার ঘাম পায়ে ফেলে উপার্জন করে এবং ন্যায়তঃ লাভ করে- এগুলিই সে চিন্তা করে পাহারা দেয়ঃ "এখন

Visit: http://www.buddhistdownload.com

আমি কিভাবে এসব পরিচালনা করব যাতে রাজা এ সম্পদ আমার থেকে নিয়ে নিতে না পারে কিংবা চোরেরা অপহরণ করতে না পারে, কিংবা অগ্নিতে দাহ করতে না পারে, কিংবা পানি বহন করে নিতে না পারে কিংবা অপ্রিয় দায়াদ বা উত্তরাধিকারী হরণ করতে না পারে?" একে বলা হয় সংরক্ষণ বা সতর্কতাসম্পদ। এবং হে ভিক্ষুগণ! কল্যাণমিত্রতা কিরূপ?

৫। হে ভিক্ষুগণ! কুলপুত্র যে গ্রামে বা নিগমে বাস করে তথায় যে গৃহপতি বা গৃহপতিপুত্র বা যুবক বা বৃদ্ধ, বৃদ্ধশীল, শ্রদ্ধাসম্পন্ন, শীলসম্পন্ন, ত্যাগশীল, প্রজ্ঞাসম্পন্ন তাদের সাথে অবস্থান করে, কথা বলে, আলাপ-আলোচনা করে, শ্রদ্ধাসম্পন্নদের যে শ্রদ্ধা তা অনুকরণ করে, শীলসম্পন্নদের শীলসম্পদ শিক্ষা করে, ত্যাগশীলদের ত্যাগ সম্পদ শিক্ষা করে, প্রজ্ঞাসম্পন্নদের প্রজ্ঞাসম্পদ অনুকরণ করে। হে ভিক্ষুগণ! একেই বলা হয় কল্যাণমিত্রতা। এবং হে ভিক্ষুগণ! সমজীবিকা কিরূপ?

৬। হে ভিক্ষুগণ! যখন কুলপুত্র সম্পদের লাভ এবং ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করে সে সমজীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে, অতি নিম্নও নহে। সে চিন্তা করেঃ "এরূপ আমার আয় খরচ বাদ দিয়ে আমার থাকবে এত এবং আমার খরচ আয় ছাড়িয়ে যাবে না।" যেমন হে ভিক্ষুগণ! তুলাদণ্ড ধারক বা তার সহকারী তুলাদণ্ড ধরে জানে যে, এটা নত হয়েছে বা কাত হয়েছে; তদ্রূপ, হে ভিক্ষুগণ! কুলপুত্র সম্পদের লাভ ও ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করতঃ সমজীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে অতি নিম্নও নহে, কিন্তু উপলব্ধি করে যে, তার ক্ষতি বাদ দিয়ে আয় দাঁড়াবে এতটুকুতে এবং জাঁকজমকভাবে বাস করে তাহলে তার সম্পর্কে রটবেঃ এই কুলপুত্র ডুমুর বৃক্ষ সদৃশ পেটুকের মত তার সম্পর্কে রটবেঃ এই কুলপুত্র অনাথের ন্যায় মরবে। এ কারণে হে ভিক্ষুগণ! এই কুলপুত্র সম্পদের লাভ ও ক্ষতি উভয়ই প্রত্যক্ষ করতঃ সমজীবিকা নির্বাহ করে, অতি উচ্চও নহে, অতি নিম্নও নহেঃ "এরূপ আমার আয়, খরচ বাদ দিয়ে আমার থাকবে এত এবং আমার খরচ আয় ছাড়িয়ে যাবে না।" হে ভিক্ষুগণ! একে বলা হয় সমজীবিকা। এবং হে ভিক্ষুগণ! শ্রদ্ধাসম্পদ কিরূপ?

Visit: http://www.buddhistdownload.com

৭। হে ভিক্ষুগণ! কুলপুত্র শ্রদ্ধাবান হয়, তথাগতের বোধিকে শ্রদ্ধা করে এরূপেঃ 'সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষদম্য সারথি, দেবমনুষ্যগণের শাস্তা, বুদ্ধ, ভগবান'। হে ভিক্ষুগণ! একেই বলা হয় শ্রদ্ধাসম্পদ, হে ভিক্ষুগণ! শীলসম্পদ কিরূপ?

৮। হে ভিক্ষুগণ! কুলপুত্র প্রাণিহত্যা প্রতিবিরত হয়, অদত্তবস্তু প্রতিবিরত হয়, মিথ্যা কামাচার প্রতিবিরত হয়, মিথ্যা ভাষণ প্রতিবিরত হয়, সুরা মদ ইত্যাদি সেবন প্রতিবিরত হয়। হে ভিক্ষুগণ! একেই বলা হয় শীলসম্পদ। এবং হে ভিক্ষুগণ! ত্যাগসম্পদ কিরূপ?

৯। হে ভিক্ষুগণ! কুলপুত্র মাৎসর্য্যমলবিহীন চেতনাসম্পন্ন হয়ে গৃহে বসবাস করে, দানশীল মুক্ত-হস্ত, দানে প্রীতিযুক্ত, যাচকের প্রার্থনায় দান দিতে প্রস্তুত, দান দিতে প্রীতি লাভ করে। হে ভিক্ষুগণ! একেই বলা হয় ত্যাগসম্পদ। এবং হে ভিক্ষুগণ! প্রজ্ঞাসম্পদ কিরূপ?

১০। হে ভিক্ষুগণ! কুলপুত্র প্রজ্ঞাবান হয় উদয় ও বিলয়গামিনী প্রজ্ঞায়, সম্যকভাবে দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেদিক জ্ঞান দ্বারা ভূষিত হয়। হে ভিক্ষুগণ! একেই বলা হয় প্রজ্ঞাসম্পদ।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ সম্পদ।

যিনি হন কর্মস্থান উত্থান বীর্য্যবান, অপ্রমত্ত,
বিধানসম্পন্ন, আয় বুঝে পরিমিতভাবে
করেন জীবনযাপন, সঞ্চিতধন করেন সংরক্ষণ;
শ্রদ্ধাসম্পন্ন, বদান্য অকৃপণ,
তিনিই করেন পারলৌকিক মঙ্গল কামনা,
নিত্য করে থাকেন পরিশুদ্ধ নির্বাণ গমন পথ
এরূপে আটটি ধর্ম গৃহবাসী শ্রদ্ধাবান
কুলপুত্রের হয় সুখাবহ উভয় লোকের,
একথা সত্যভাষী বুদ্ধ কর্তৃক বলে হয়েছে কথিত।'

৭. ইচ্ছা সুত্তং- ইচ্ছা সূত্র

৭৭.১। তখন আয়ুষ্মান শারীপুত্র ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'ভিক্ষুগণ!' ভিক্ষুগণ 'আবুসো' বলে উত্তর দেন। আবুসো বলে ভিক্ষুগণ আয়ুষ্মান শারীপুত্রের অনুসরণ করেন।

Visit: http://www.buddhistdownload.com

২। 'হে আবুসো! জগতে এই অষ্টবিধ পুদ্গল বিদ্যমান। আট কি কি?

৩। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমবিহীন হয়ে অবস্থান কালে সম্পত্তির প্রতি ইচ্ছা উৎপন্ন হয়। সে সম্পত্তির জন্য ক্রিয়াশীল, উদ্যমী হয়, চেষ্টা করে। কিন্তু যদিও সে নিজে ক্রিয়াশীল হয়, উদ্যমী হয়, চেষ্টা করে তবুও তার সম্পদ আসে না। সম্পদ লাভ না হওয়ায় সে অনুশোচনা করে, বিলাপ করে, আর্তনাদ করে, বক্ষ চাপড়ায় এবং সম্মোহে পতিত হয় (চিত্ত বিক্ষেপ ঘটে)। ভিক্ষুগণ! এ ভিক্ষুই কথিতঃ "যে সম্পদ ইচ্ছা করে বাস করে"- সে নিজে সম্পত্তির জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে, কিন্তু সে ওগুলো লাভ না করে অনুশোচনা করে, বিলাপ করে; সে সদ্ধর্মচ্যুত হয়।

৪। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমবিহীন হয়ে অবস্থান কালে সম্পত্তির প্রতি ইচ্ছা উৎপন্ন হয়। সে সম্পত্তি লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে। সে নিজে সক্রিয়, উদ্যমী হওয়ায়, চেষ্টার ফলে তার সম্পদ লাভ হয়। লাভের জন্য সে মত্ত হয়, প্রমত্ত হয়, উৎফুল্ল হয়, উত্তেজিত হয়। ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ "যে সম্পদ ইচ্ছা করে বাস করে"- সে নিজে সম্পদ লাভের চেষ্টা করে, উদ্যমী হয় এবং লাভ করে, মত্ত হয়, প্রমত্ত হয় এবং সদ্ধর্ম হতে চ্যুত হয়।

৫। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমবিহীন হয়ে অবস্থান কালে সম্পত্তির প্রতি আকাঙ্ক্ষা উৎপন্ন হয়। সে সম্পত্তির জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না, সে লাভের জন্য ক্রিয়াশীল না হওয়ায়, উদ্যমী না হওয়ায়, চেষ্টাশীল না হওয়ায় তার লাভ হয় না। এগুলো না পেয়ে সে অনুশোচনা করে, বিলাপ করে, আর্তনাদ করে, বক্ষ চাপড়ায় এবং সম্মোহগ্রস্ত হয়। হে ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ "যে সম্পদ ইচ্ছা করে বাস করে"- সে সম্পদের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না, কিন্তু এগুলো না পেয়ে সে অনুশোচনা করে, পরিদেবন করে এবং সে সদ্ধর্ম হতে চ্যুত হয়।

৬। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য ইচ্ছা উৎপন্ন হয়, সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। সে সক্রিয় না হয়ে, উদ্যমী না হয়ে, চেষ্টাশীল

Visit: http://www.buddhistdownload.com

না হয়েও তার লাভ উৎপন্ন হয়। সে সেই লাভের দ্বারা মত্ত হয়, প্রমত্ত হয়, উৎফুল্ল হয়, উত্তেজিত হয়। হে ভিক্ষুগণ! এই ভিক্ষু কথিত হয়ঃ "একজন লাভাকাঙ্ক্ষী ভিক্ষু" সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। কিন্তু সে এগুলো লাভ করে মত্ত হয়, প্রমত্ত হয় এবং সদ্ধর্ম হতে চ্যুত হয়।

৭। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য ইচ্ছা করে। সে লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে। সে লাভের জন্য সক্রিয় হয়ে, উদ্যমী হয়ে, চেষ্টাশীল হয়েও তার তা অর্জিত হয় না। সে লাভ না করায় অনুশোচনা করে, বিলাপ করে, আর্তনাদ করে, বক্ষ চাপড়ায় এবং সম্মোহগ্রস্ত হয়। হে ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ "যে লাভেচ্ছু হয়ে বাস করে।" সে লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে এবং সে সেগুলো লাভী হয় না এবং অনুশোচনাকারী হয় না এবং পরিদেবনকারীও হয় না ও সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

৮। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য ইচ্ছা করে। সে লাভের জন্য সক্রিয় হয়, উদ্যমী হয়, চেষ্টা করে। তার সক্রিয়তা, উদ্যমশীলতা, চেষ্টাশীলতায় লাভ ঘটে। কিন্তু সেই লাভের দ্বারা সে মত্ত হয় না, প্রমত্ত হয় না। ভিক্ষুগণ! এ ভিক্ষু কথিত হয়ঃ সে সম্পদ লাভের জন্য ইচ্ছ করে- সে সক্রিয় হয়, চেষ্টা করে লাভের জন্য কিন্তু এগুলো লাভ করে সে মত্ত হয় না, প্রমাদী হয় না এবং সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

৯। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য ইচ্ছা করে। সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। সে লাভের জন্য সক্রিয় না হওয়ায়, উদ্যমী না হওয়ায়, চেষ্টাশীল না হওয়ায় তার লাভ উৎপন্ন হয় না। সে অলাভ হেতু অনুশোচনা করে না, বিলাপ করে না, পরিদেবন করে না, বক্ষ চাপড়ায় না, সম্মোহ প্রাপ্ত হয় না। ভিক্ষুগণ! এই ভিক্ষু লাভের জন্য ইচ্ছা পোষণ করে বসবাসকারী হিসাবে কথিত। সে সক্রিয় হয় না, উদ্যমী হয় না, লাভের জন্য চেষ্টা করে না, সেহেতু সে লাভী হয় না, অনুশোচনা করে না, পরিদেবন করে না এবং সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

Visit: http://www.buddhistdownload.com

১০। হে আবুসো! ভিক্ষু নির্জনে উদ্যমহীন হয়ে অবস্থান কালে লাভের জন্য ইচ্ছা করে। সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টা করে না। তার লাভের জন্য সক্রিয় না হওয়া, উদ্যমী না হওয়া, চেষ্টাশীল না হওয়া সত্ত্বেও তার লাভ উৎপন্ন হয়। সে সেই লাভের জন্য মত্ত হয় না, প্রমত্ত হয় না, উন্মত্ত হয় না। ভিক্ষুগণ! এই ভিক্ষু কথিত হয়ঃ যে লাভেচ্ছু হয়ে বাস করে- সে লাভের জন্য সক্রিয় হয় না, উদ্যমী হয় না, চেষ্টাশীল হয় না, লাভ করতঃ সে মত্ত হয় না, প্রমাদী হয় না এবং সদ্ধর্ম হতে চ্যুত হয় না।

৮. অলং সুত্তং- অলং সূত্র

৭৮.১। তখন আয়ুষ্মান শারীপুত্র ভিক্ষুগণকে আহ্বান করলেন- আবুসো। ভিক্ষুগণ হাঁ আবুসো বলে ভিক্ষুগণ! প্রত্যুত্তরে সম্মতি জ্ঞাপন করলেন।

২। হে আবুসো! ছয়গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট। ছয় কি কি?

আবুসো! ভিক্ষু দ্রুত কুশলধর্ম উপলব্ধি করে, শ্রুত ধর্মের ধারক হয়, ধৃত ধর্মের অর্থ চিন্তা করে, অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয়, তার সুখকর কণ্ঠস্বর হয়, উত্তম উচ্চারণ সম্পন্ন, শহুরে উক্তির অধিকারী, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ; সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয়, উৎসাহিত করে, প্রোৎসাহিত করে, আনন্দ বর্ধন করে।

হে আবুসো! এই ষড়বিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট।

৩। হে আবুসো! পঞ্চগুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট। পঞ্চ কি কি?

৪। হে আবুসো! ভিক্ষু কুশলধর্ম সমূহ দ্রুত উপলব্ধি করে না কিন্তু শ্রুত ধর্মের ধারক, ধৃত ধর্মের অর্থ চিন্তাকারী, অর্থ জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম পথে বিচরণ করে; উত্তম আচরণ সম্পন্ন, কথাবার্তায় ভদ্র, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত, তথ্যবহ; সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয়, উৎসাহিত করে, প্রোৎসাহিত করে, আনন্দ বর্ধন করে।

Visit: http://www.buddhistdownload.com

হে আবুসো এই পঞ্চগুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট, পরের জন্য যথেষ্ট।

৫। হে আবুসো! চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে। কোন চারগুণে?

৬। হে আবুসো! ভিক্ষু কুশলধর্ম সমূহ দ্রুত উপলব্ধি করে, শ্রুত ধর্মের স্মরণ করে, ধারণকৃত ধর্মের অর্থ চিন্তক, অর্থ জ্ঞাত হয়ে, ধর্মজ্ঞাত হয়ে ধর্মানুধর্ম পথে বিচরণ করে; কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয় না, উত্তম আচরণসম্পন্ন নহে, কথাবার্তায় ভদ্র নহে; কর্কষতা অবিবর্জিত ও তথ্যবহ নহে; সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয় না কিংবা উৎসাহিত করে না কিংবা তাদের আনন্দ বর্ধন করে না।

হে আবুসো! এই চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে।

৭। হে আবুসো! চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু পরের জন্য যথেষ্ট কিন্তু নিজের জন্য নহে। কোন্ চারগুণে?

৮। হে আবুসো! ভিক্ষু কুশল ধর্ম সমূহ উপলব্ধি করে। শ্রুত ধর্মের ধারক কিন্তু ধৃত ধর্মের অর্থ চিন্তা করে না এবং অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় না, তথাপি সে সুকণ্ঠের অধিকারী হয়, উত্তম আচরণসম্পন্ন, কথাবার্তায় ভদ্র, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ এবং সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয়, উৎসাহিত প্রোৎসাহিত করে, আনন্দ বর্ধন করে।

হে আবুসো! এই চতুর্গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য নহে। পরের জন্য যথেষ্ট।

৯। হে আবুসো! ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে। ত্রিগুণ কি কি?

১০। হে আবুসো! ভিক্ষু কুশলধর্ম দ্রুত উপলব্ধি করে না কিন্তু শ্রুত ধর্ম স্মরণ করে, ধৃতধর্মের অর্থ চিন্তা করে; অর্থ জ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম পথে বিচরণ করে কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয় না, উত্তম আচরণসম্পন্ন হয় না, কথাবার্তায় অভদ্র, কর্কষতা অবিবর্জিত ও তথ্যবহ হয় না এবং সে সব্রহ্মচারীগণকে শিক্ষা দেয় না কিংবা উৎসাহিত-প্রোৎসাহিত কিংবা আনন্দ বর্ধন করে না।

Visit: http://www.buddhistdownload.com

হে আবুসো! এই ত্রিগুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে।

১১। হে আবুসো! ত্রিগুণে গুণান্বিত ভিক্ষু পরের জন্য যথেষ্ট কিন্তু নিজের জন্য নহে। কোন্ তিন?

১২। হে আবুসো! ভিক্ষু দ্রুত কুশলধর্ম উপলব্ধি করে না কিন্তু শ্রুত ধর্মের ধারক হয়, ধৃতধর্মের অর্থ চিন্তা করে না, অর্থজ্ঞাত হয়ে, ধর্ম জ্ঞাত হয়ে ধর্ম পথে বিচরণ করে না; কিন্তু সুকণ্ঠের অধিকারী হয়, উত্তম আচরণসম্পন্ন, কথাবার্তায় মার্জিত, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ এবং সে সতীর্থগণকে শিক্ষা দেয়, উৎসাহিত-প্রোৎসাহিত করে এবং তাদের আনন্দ বর্ধন করে।

হে আবুসো! এই ত্রি-গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে।

১৩। হে আবুসো! দ্বিবিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট কিন্তু পরের জন্য নহে। কোন্ দুই?

১৪। হে আবুসো! ভিক্ষু দ্রুত কুশলধর্ম উপলব্ধি করে না; শ্রুত ধর্ম স্মরণ করে না, ধৃত ধর্মের অর্থ অনুসন্ধান করে; অর্থ ও ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয়, কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয় না, উত্তম আচরণসম্পন্ন হয় না, কথাবার্তায় মার্জিত, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত ও তথ্যবহ হয় না; সে সতীর্থগণকে শিক্ষা দেয় না, তাদের উৎসাহিত-প্রোৎসাহিত করে না, আনন্দ বর্ধন করে না।

১৫। হে আবুসো! দ্বিবিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট নহে, কিন্তু পরের জন্য যথেষ্ট। কোন্ দুই?

১৬। হে আবুসো! ভিক্ষু দ্রুত কুশলধর্ম উপলব্ধি করে না; শ্রুত ধর্ম স্মরণ করে না; ধৃতধর্মের অর্থ অনুসন্ধান করে না; অর্থ ও ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় না; কিন্তু সে সুকণ্ঠের অধিকারী হয়, উত্তম আচরণসম্পন্ন, কথাবার্তায় মার্জিত, স্পষ্ট, কর্কষতা বিবর্জিত এবং তথ্যবহ; সে সতীর্থগণকে শিক্ষা দেয়, উৎসাহিত-প্রোৎসাহিত করে, তাদের আনন্দ বর্ধন করে।

হে আবুসো! এই দ্বিবিধ গুণে গুণান্বিত ভিক্ষু নিজের জন্য যথেষ্ট নহে কিন্তু পরের জন্য যথেষ্ট।'

Visit: http://www.buddhistdownload.com

৯. পরিহান সুত্তং- পরিহানি সূত্র

৭৯.১। হে ভিক্ষুগণ! শিক্ষার্থী ভিক্ষুর এই আটটি বিষয়[৭] পরিহানির দিকে উপনীত করে। আটটি কি কি?

২। পার্থিব বিষয়ে ঔৎসুক্য, গল্পগুজবে আসক্তি, নিদ্রাপ্রিয়তা, সঙ্গপ্রিয়তা, ইন্দ্রিয়দ্বারে অসংযম, ভোজনে মাত্রাজ্ঞানহীনতা, সংসর্গপ্রিয়তা[৮], প্রপঞ্চপ্রিয়তা।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ বিষয়ে শেখ ভিক্ষুকে পরিহানির পথে উপনীত করে।

৩। হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ বিষয় শেখ ভিক্ষুকে অপরিহানির পথে উপনীত করে। আট কি কি?

৪। পার্থিব বিষয়ে অনৌৎসুক্য, গল্পগুজবে অনাসক্তি, নিদ্রা অপ্রিয়তা, সঙ্গহীনতা, ইন্দ্রিয়দ্বারে সংযম, ভোজনে মাত্রাজ্ঞ, সংসর্গহীনতা, নিষ্প্রপঞ্চতা।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ বিষয় শেখ ভিক্ষুকে অপরিহানির দিকে উপনীত করে।'

১০. কুসীতারম্ভবত্থু[৯] সুত্তং- নির্বীর্য্য বস্তু সূত্র

৮০.১। 'হে ভিক্ষুগণ! এই আটটি আলস্যের মূল। আটটি কি কি?

২। হে ভিক্ষুগণ! ভিক্ষুকে কাজ করতে হয়। সে এরূপ চিন্তা করেঃ "আমাকে কোন কর্ম সম্পাদন করতে হবে, কিন্তু সে কর্ম করতে আমি শারীরিকভাবে ক্লান্ত হয়ে পড়ব। এখন আমি শুইয়ে পড়ব"। এবং সে শুইয়ে পড়ে, অপ্রাপ্তির[১০] প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয়ের উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। ভিক্ষুগণ! এটা আলস্যের প্রথম ভিত্তি।

৩। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষু কিছু কাজ করেছে। সে এরূপ চিন্তা করেঃ "আমি কাজ করেছি, কাজ সম্পাদন করে আমি ক্লান্ত হয়ে পড়েছি, এখন আমি শুইয়ে পড়ি।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয় উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের দ্বিতীয় ভিত্তি।

৪। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষুকে কোথাও যাত্রা করতে হয়, সে চিন্তা করেঃ "আমাকে পথ অতিক্রম করতে হবে, পথ গমন[১১] করতে গিয়ে

Visit: http://www.buddhistdownload.com

আমি ক্লান্ত হয়ে পড়ব, এখন আমি শুইয়ে পড়ি। সে এরূপ চিন্তা করেঃ "আমি কাজ করেছি, কাজ সম্পাদন করে আমি ক্লান্ত হয়ে পড়েছি, এখন আমি শুইয়ে পড়ি।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয় উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের তৃতীয় ভিত্তি।

৫। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষু পথ অতিক্রম করল। সে ভাবেঃ "আমি পথ অতিক্রম করে এসেছি, পথ অতিক্রম করে আমি শারীরিকভাবে ক্লান্ত, এখন আমি শুইয়ে পড়ি।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয় উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের চতুর্থ ভিত্তি।

৬। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষু গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়ে মোটা বা প্রণীত ভোজন লাভ করে যদ্বারা তার প্রয়োজন মিটানো যায়, তা লাভ না করে সে ভাবেঃ "আমি গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে বেরিয়েছি কিন্তু প্রয়োজন মিটানো যায় এমন যথেষ্ট মোটা বা প্রণীত আহার লাভ করিনি। আমি শারীরিকভাবে ক্লান্ত এবং অকর্মণ্য, এখন আমি শুইয়ে পড়ি।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয় উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের পঞ্চম ভিত্তি।

৭। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষু গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়ে মোটা কিংবা প্রণীত ভোজন লাভ করে যদ্বারা তার প্রয়োজন মেটানো যায়। সে ভাবেঃ "আমি গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়ে মোটা বা প্রণীত আহার লাভ করিনি। আমার শরীর ভারী এবং অকর্মণ্য-সিক্ত মটরশুটির বস্তা সদৃশ। এখন আমি শুইয়ে পড়ি।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয় উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের ষষ্ঠ ভিত্তি।

৮। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষুর সামান্য পীড়া উৎপন্ন হয়। সে এরূপ চিন্তা করেঃ "আমার এই সামান্য পীড়া, শুইয়ে থাকার আমার সঙ্গত কারণ আছে। বেশ, আমি এখন শুইয়ে পড়ি।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অনুপলব্ধ বিষয়

Visit: http://www.buddhistdownload.com

উপলব্ধির জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের সপ্তম ভিত্তি।

৯। পুনরায়, হে ভিক্ষুগণ! ভিক্ষু পীড়ামুক্ত হয়েছে, সম্প্রতি পীড়া হতে মুক্ত হয়েছে। সে ভাবেঃ "আমি সে পীড়া হতে মুক্ত, আমি সম্প্রতি অসুস্থতা কেটে উঠেছি। আমার শরীর দুর্বল এবং অকর্মণ্য। বেশ, আমি শুইয়ে পড়ব।" সে শুইয়ে পড়ে এবং অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ করার জন্য বীর্যারম্ভ করে না। হে ভিক্ষুগণ! এটা আলস্যের অষ্টম ভিত্তি।

হে ভিক্ষুগণ! এগুলি আলস্যের অষ্টম ভিত্তি।

১০। হে ভিক্ষুগণ! এই আটটি বীর্যের ভিত্তি। আট কি কি?

১১। হে ভিক্ষুগণ! ভিক্ষুকে কোন কাজ করতে হয় এবং সে ভাবেঃ "আমাকে কাজ করতে হবে কিন্তু আমি যদি তা করি তাহলে বুদ্ধের শাসনে মন নিবদ্ধ করা তত সহজ হবে না। বেশ, আমি অনতিবিলম্বে অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয় অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের প্রথম ভিত্তি।

১২। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষুর কাজ কৃত হয়েছে। সে ভাবেঃ "আমা দ্বারা কাজ কৃত, বুদ্ধের শাসনে মন নিবদ্ধ করতে আমি সক্ষম হইনি। তাই আমি অনতিবিলম্বে অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয় অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের দ্বিতীয় ভিত্তি।

১৩। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষুকে পথ অতিক্রম করতে হবে। সে এরূপ ভাবেঃ "আমাকে পথ পাড় হতে হবে, কিন্তু আমি যদি পথ পাড় হই তাহলে বুদ্ধের শাসনে মন নিবদ্ধ করা সহজ হবে না। তাই অনতিবিলম্বে আমি অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয় অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয়

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের তৃতীয় ভিত্তি।

১৪। পুনরায়, হে ভিক্ষুগণ! ভিক্ষু পথ অতিক্রম করেছে। সে এরূপ চিন্তা করেঃ "আমি পথ পাড় হয়ে এসেছি। পথ অতিক্রম করার সময় আমি বুদ্ধের শাসনে মন নিবদ্ধ করতে সক্ষম হইনি। এখন আমি অনতিবিলম্বে অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয় অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের চতুর্থ ভিত্তি।

১৫। পনুরায়, হে ভিক্ষুগণ! ভিক্ষু গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়ে মোটা বা প্রণীত ভোজন যদ্বারা তার চাহিদা পূরণ করা যায় তা লাভ না করে সে এরূপ চিন্তা করেঃ "আমি গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়েছি কিন্তু চাহিদা অনুসারে তেমন যথেষ্ট মোটা বা প্রণীত আহার লাভ করিনি। সেকারণে আমার শরীর হাল্কা হয়ে আমি অকর্মণ্য হয়ে পড়েছি। এখন আমি অনতিবিলম্বে অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয় অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের পঞ্চম ভিত্তি।

১৬। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষু গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়ে চাহিদা অনুযায়ী মোটা বা উত্তম ভোজন লাভ করে। সে চিন্তা করেঃ "আমি গ্রাম বা নিগমে পিণ্ডাচরণে গিয়ে শারীরিক প্রয়োজন পূরণ করার মত মোটা বা প্রণীত আহার লাভ করেছি। এতে আমার স্বাস্থ্য বলবান ও কর্মণ্য হয়েছে। আমি অনতিবিলম্বে 'অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয় অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের ষষ্ঠ ভিত্তি।

১৭। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষুর সামান্য পীড়া উৎপন্ন হয়। সে ভাবেঃ আমার উৎপন্ন সামান্য পীড়া বর্ধিত হতে পারে। আমি অনতিবিলম্বে "অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের

Visit: http://www.buddhistdownload.com

জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য, অনধিগত বিষয়ের অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের সপ্তম ভিত্তি।

১৮। পুনরায়, হে ভিক্ষুগণ! ভিক্ষু পীড়া হতে সম্প্রতি অসুস্থতা থেকে মুক্ত হয়েছে। সে ভাবেঃ আমি পীড়ামুক্ত, আমি সম্প্রতি রোগ হতে সুস্থ হয়েছি; এখন সম্ভব যে, সেই পীড়া আমার পুনঃ হতে পারে। আমি অনতিবিলম্বে "অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করব।" সে অপ্রাপ্ত বিষয় প্রাপ্তির জন্য, অনায়ত্ত বিষয় আয়ত্তের জন্য, অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষের জন্য বীর্যারম্ভ করে। হে ভিক্ষুগণ! এটা বীর্যের অষ্টম ভিত্তি।

হে ভিক্ষুগণ! এগুলিই অষ্ট বীর্যের ভিত্তি।'

[যমক-বর্গ অষ্টম সমাপ্ত]

তস্‌সুদ্দানং- স্মারক গাথা

দ্বিবিধ শ্রদ্ধা, দ্বিবিধ মরণস্মৃতি, দ্বিবিধ সম্পদ অতঃপর
ইচ্ছা, অলং (যথেষ্ট), পরিহানি, আলস্য, বীর্যের ভিত্তি।

৯. সতি বগ্গো- স্মৃতি বর্গ

১. সতিসম্পজঞ্ঞ সুত্তং- স্মৃতিসম্প্রজ্ঞান সূত্র

৮১.১। হে ভিক্ষুগণ! স্মৃতিসম্প্রজ্ঞান না থাকলে স্মৃতিসম্প্রজ্ঞানহীন ব্যক্তির হিরি-ওত্তপ্প একেবারেই বিনষ্ট, পাপের প্রতি লজ্জা ও ভয় না থাকলে পাপের প্রতি লজ্জা ও ভয়হীন ব্যক্তির ইন্দ্রিয় সংযম একেবারেই বিনষ্ট। ইন্দ্রিয় সংযম না থাকলে ইন্দ্রিয় সংযমহীন ব্যক্তির শীল একেবারেই বিনষ্ট। শীল না থাকলে শীলবিপন্নের সম্যকসমাধি একেবারেই বিনষ্ট। সম্যকসমাধি না থাকলে সম্যকসমাধিহীনের যথার্থ জ্ঞান ও দর্শন একেবারেই বিনষ্ট। যথার্থ জ্ঞান ও দর্শন বিপন্নের বিতৃষ্ণা ও বিরাগ একেবারেই বিপন্ন। বিতৃষ্ণা ও বিরাগ না থাকলে বিতৃষ্ণা ও বিরাগ বিপন্নের বিমুক্তিজ্ঞানদর্শন একেবারেই বিনষ্ট। যেমন হে ভিক্ষুগণ! শাখা পল্লববিহীন বৃক্ষের অঙ্কুর কিংবা ছাল কিংবা কোমল কাষ্ঠ কিংবা শাঁস পরিপক্ব হয় না, তদ্রূপ, হে ভিক্ষুগণ! স্মৃতিসম্প্রজ্ঞান না থাকলে স্মৃতিসম্প্রজ্ঞানহীন ব্যক্তির হিরি-ওত্তপ্প একেবারেই বিনষ্ট।

Visit: http://www.buddhistdownload.com

পাপের প্রতি লজ্জা ও ভয় না থাকলে পাপের প্রতি লজ্জা ও ভয়হীন ব্যক্তির ইন্দ্রিয় সংযম একেবারেই বিনষ্ট। ইন্দ্রিয় সংযম না থাকলে ইন্দ্রিয় সংযমহীন ব্যক্তির শীল একেবারেই বিনষ্ট। শীল না থাকলে শীলবিপন্নের সম্যকসমাধি একেবারেই বিপন্ন। সম্যকসমাধি না থাকলে সম্যকসমাধিহীনের যথার্থ জ্ঞান ও দর্শন একেবারেই বিনষ্ট। যথার্থ জ্ঞান ও দর্শন বিপন্নের বিতৃষ্ণা ও বিরাগ একেবারেই বিপন্ন। বিতৃষ্ণা ও বিরাগ না থাকলে বিতৃষ্ণা ও বিরাগবিপন্নের বিমুক্তিজ্ঞানদর্শন একেবারেই বিপন্ন।

২। হে ভিক্ষুগণ! স্মৃতিসম্প্রজ্ঞান বিদ্যমান থাকলে পাপের প্রতি লজ্জা ও ভয় স্মৃতিসম্প্রজ্ঞানের সক্রিয় কারণ। পাপের প্রতি লজ্জা ও ভয় বর্তমান থাকলে পাপের প্রতি লজ্জা ও ভয়সম্পন্ন ব্যক্তির ইন্দ্রিয়সংযমের সক্রিয় কারণ। ইন্দ্রিয় সংযম বিদ্যমান থাকলে শীলই ইন্দ্রিয় সংযত ব্যক্তির সক্রিয় কারণ। শীল বিদ্যমান থাকলে সম্যকসমাধিই শীলের সক্রিয় কারণ। সম্যকসমাধি বিদ্যমান থাকলে যথাযথ জ্ঞান দর্শনই সম্যক সমাধির সক্রিয় কারণ। যথাযথ জ্ঞান ও দর্শন বিদ্যমান থাকলে বিতৃষ্ণা ও বিরাগই যথাযথ জ্ঞান ও দর্শনের সক্রিয় কারণ। বিতৃষ্ণা ও বিরাগ বিদ্যমান থাকলে বিমুক্তি জ্ঞান দর্শনই বিতৃষ্ণা ও বিরাগের সক্রিয় কারণ। যেমন, হে ভিক্ষুগণ! শাখা ও পল্লব সম্পন্ন বৃক্ষের অঙ্কুর বা ছাল বা কোমলকাষ্ঠ বা শাঁস পরিপক্ব হয়, তদ্রূপ, হে ভিক্ষুগণ! স্মৃতিসম্প্রজ্ঞান বিদ্যমান থাকলে পাপের প্রতি লজ্জা ও ভয়ই স্মৃতি সম্প্রজ্ঞানের মূল কারণ; পাপের প্রতি লজ্জা ও ভয় বিদ্যমান থাকলে ইন্দ্রিয় সংযমই পাপের প্রতি লজ্জা ও ভয়ের মূল কারণ; ইন্দ্রিয় সংযম বিদ্যমান থাকলে শীলই ইন্দ্রিয় সংযমের মূল কারণ; শীল বিদ্যমান থাকলে সম্যকসমাধিই শীলের মূল কারণ; সম্যক সমাধি বিদ্যমান থাকলে যথাযথ জ্ঞান ও দর্শনই সম্যক সমাধির মূল কারণ; যথাযথ জ্ঞান ও দর্শন বিদ্যমান থাকলে বিতৃষ্ণা বিরাগই যথাযথ জ্ঞান ও দর্শনের মূল কারণ; বিতৃষ্ণা ও বিরাগ বিদ্যমান থাকলে বিমুক্তি জ্ঞান-দর্শনই বিতৃষ্ণা ও বিরাগের মূল কারণ।'

Visit: http://www.buddhistdownload.com

২. পুণ্ণিয় সুত্তং- পুণ্ণিয় সূত্র

৮২.১। তখন আয়ুষ্মান পুণ্ণিয়[১] ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ এক প্রান্তে উপবেশন করেন, এক প্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান পুণ্ণিয় ভগবানকে এরূপ বলেনঃ 'কি কারণে কি হেতু তথাগত কোন সময় ধর্ম দেশনা করেন আবার কোন সময় দেশনা করেন না?'

২। 'হে পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান কিন্তু তথাগতকে দর্শন করে না; কিন্তু পুণ্ণিয়, ভিক্ষু যখন শ্রদ্ধাবান এবং তথাগতকে দর্শন করে সেক্ষেত্রে তথাগত ধর্মদেশনা করেন। অথবা পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান এবং তথাগতকে দর্শন করে, কিন্তু শ্রবণ করার জন্য উপবেশন করে না; অথবা, পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান, তথাগতকে দর্শন করে এবং শ্রবণ করার জন্য উপবেশন করে কিন্তু তথাগতকে প্রশ্ন করে না; অথবা, পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান, তথাগতকে দর্শন করে, শ্রবণ করার জন্য উপবেশন করে, তথাগতকে প্রশ্ন করে কিন্তু মনোযোগের সাথে ধর্ম শ্রবণ করে না; পুণ্ণিয় ভিক্ষু শ্রদ্ধাবান, তথাগতকে দর্শন করে, শ্রবণ করার জন্য উপবেশন করে, তথাগতকে প্রশ্ন করে, মনোযোগের সাথে ধর্ম শ্রবণ করে কিন্তু তা মনে ধারণ করে না; অথবা, পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান, তথাগতকে দর্শন করে, শ্রবণ করার জন্য উপবেশন করে, তথাগতকে প্রশ্ন করে, মনোযোগের সাথে ধর্ম শ্রবণ করে, ধর্ম শ্রবণ করে কিন্তু ধর্ম শ্রবণ করে তা ধারণ করে কিন্তু ধারণকৃত ধর্মের অর্থ পরীক্ষা করে না; অথবা, পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান, তথাগতকে দর্শন করে, শ্রবণ করার জন্য উপবেশন করে তথাগতকে প্রশ্ন করে, মনোযোগের সাথে ধর্মশ্রবণ করে, ধর্ম শ্রবণ করে তা ধারণ করে এবং ধারণকৃত ধর্মের অর্থ পরীক্ষা করে কিন্তু অর্থ ও ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয় না, সেক্ষেত্রে তথাগত ধর্ম দেশনা করেন না। কিন্তু যখন পুণ্ণিয়, ভিক্ষু শ্রদ্ধাবান হয়, তথাগতকে দর্শন করে, শ্রবণের জন্য উপবেশন করে, তথাগতকে প্রশ্ন করে, মনোযোগের সাথে ধর্ম শ্রবণ করে, শ্রুত ধর্ম মনে ধারণ করে, শ্রুত ধর্মের অর্থ পরীক্ষা করে, অর্থ ও ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হয়, সেক্ষেত্রে তথাগত ধর্ম দেশনা করেন।

হে পুণ্ণিয়, এই আটটি ধর্মে যখন ভিক্ষু গুণান্বিত হয় তখনই পুণ্ণিয়, তথাগত ধর্ম দেশনা করেন।'

Visit: http://www.buddhistdownload.com

৩. মূলক সুত্তং- মূলক সূত্র

৮৩.১। 'হে ভিক্ষুগণ! অন্য তীর্থিয় পরিব্রাজকেরা যদি তোমাদের এরূপ প্রশ্ন করেঃ "আয়ুষ্মানগণ, সমস্ত বিষয়ের[২] মূল কি? তাদের উৎপত্তি কোথায়? সমস্ত বিষয়ের সমুদয় কি? সমস্ত বিষয়ের সংযোগ কি? সমস্ত বিষয়ের প্রধান কি? সমস্ত বিষয়ের অধিপতি কি? সমস্ত বিষয়ের অধিক অবস্থা কি? এবং সমস্ত বিষয়ের মধ্যে (সার) মূল্যবান কি?" হে ভিক্ষুগণ! অন্য তীর্থিয় পরিব্রাজকদের দ্বারা এভাবে প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তোমরা কিভাবে উত্তর দেবে?'

২। 'ভন্তে! আমাদের ধারণার ভিত্তি তথাগত, এগুলি ভগবৎ পরিচালিত এবং রক্ষিত। ভন্তে, ভগবান যদি এরূপ ভাষিত বিষয়ের অর্থ পরিষ্কার করে দিতেন তাহলে আমাদের ভাল হত, ভগবানের ব্যাখ্যা শ্রবণ করে ভিক্ষুগণ তা ধারণ করতেন[৩]।' 'তাহলে হে ভিক্ষুগণ! মন সংযোগ কর, অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করব।'

'হাঁ ভন্তে' বলে ভিক্ষুগণ উত্তর দিলেন। ভগবান এরূপ বললেনঃ

৩। যদি হে ভিক্ষুগণ! অন্যতীর্থিয় পরিব্রাজকেরা এরূপ জিজ্ঞাসা করে "আয়ুষ্মানগণ, সমস্ত বিষয়ের মূল কি? তাদের উৎপত্তি কোথায়? সমস্ত বিষয়ের সমুদয় কি? সমস্ত বিষয়ের সংযোগ কি? সমস্ত বিষয়ের প্রধান কি? সমস্ত বিষয়ের অধিপতি কি? সমস্ত বিষয়ের অধিক অবস্থা কি? এবং সমস্ত বিষয়ের মধ্যে (সার) মূল্যবান কি?" এরূপ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তোমরা তদুত্তরে অন্যতীর্থিয় পরিব্রাজকদের বলবেঃ "আয়ুষ্মানগণ! সমস্ত বিষয় ছন্দমূলক[৪], তাদের মূল চিত্তে স্পর্শের কারণে এসব উৎপন্ন হয়, তাদের একত্রে সম্মিলনই বেদনা, সমাধি তাদের মুখ্য, স্মৃতিশীলতা তাদের প্রধান বিষয়, সমস্ত ধর্ম প্রজ্ঞা উত্তর, বিমুক্তিসারই[৫] সমস্ত বিষয়ের মধ্যে মূল্যবান।'

৪. চোর সুত্তং- চোর সূত্র

৮৪.১। হে ভিক্ষুগণ! অষ্ট অঙ্গ সমন্বিত মহাচোর[৬] শীঘ্রই অধঃপতনের দিকে অগ্রসর হয়, চিরস্থায়ী হয় না। কোন্ অষ্ট বিষয়ে?

২। যে ব্যক্তি তাকে প্রহার করে না সে তাকে প্রহার করে; কোন কিছু না রেখেই সে লুঠ করে; সে স্ত্রীলোককে হত্যা করে; সে কুমারীকে দূষিত করে; সে প্রব্রজিতকে লুণ্ঠন করে; সে রাজকোষ লুঠ করে; সে

Visit: http://www.buddhistdownload.com

অতি নিকটে কাজ করে;[৭] সে সঞ্চয়ে অদক্ষ।

হে ভিক্ষুগণ! এই অষ্ট বিষয়ে সমন্বিত মহাচোর শীঘ্রই অধঃপতিত হয়, চিরস্থায়ী হয় না।

৩। কিন্তু হে ভিক্ষুগণ! এই অষ্টাঙ্গ সমন্বিত মহাচোর অধঃপতিত হয় না, চিরস্থায়ী হয়। অষ্ট কি কি?

৪। যে ব্যক্তি তাকে প্রহার করে না সে তাকে প্রহার করে না; কোন কিছু না রেখে লুঠ করে না; স্ত্রীলোককে হত্যা করে না; সে কুমারীকে দূষিত করে না; সে প্রব্রজিতকে লুঠ করে না; সে রাজকোষ লুঠ করে না; সে অতি নিকটে কাজ করে না; সে রাজকোষ লুঠ করে না; সে সঞ্চয় কুশলী হয়।

হে ভিক্ষুগণ! এই অষ্টাঙ্গ সমন্বিত মহাচোর অধঃপতিত হয় না, চিরস্থায়ী হয়।'

৫. সমণ সুত্তং- শ্রমণ সূত্র

৮৫.১। 'হে ভিক্ষুগণ! "শ্রমণ" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "ব্রাহ্মণ" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "বেদগূ[৮]" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "ভিসক" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "নির্মল" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "বিমল" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "জ্ঞানী" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

হে ভিক্ষুগণ! "বিমুক্ত" তথাগত অর্হৎ সম্যকসম্বুদ্ধের একটা উপাধি।

বুদ্ধ শ্রমণ দ্বারা প্রাপ্তব্য যে মার্গ ব্রহ্মচর্য,
তথাগত ব্রাহ্মণ দ্বারা প্রাপ্তব্য[৯] যে বেদগুণ,
ভিষকবর বুদ্ধ দ্বারা প্রাপ্তব্য যে অনুত্তরগুণ,
নির্মল বুদ্ধ দ্বারা প্রাপ্তব্য শুচিগুণ,
বিমল বুদ্ধ দ্বারা প্রাপ্তব্য যে পবিত্রগুণ,
জ্ঞানী বুদ্ধ দ্বারা প্রাপ্তব্য যে জ্ঞান,

Visit: http://www.buddhistdownload.com

বিমুক্ত বুদ্ধ দ্বারা প্রাপ্তব্য যে অনুত্তর গুণ,
সব আমি করেছি লাভ।
সেহেতু আমি বিজিত সংগ্রামীঃ ক্লেশ শত্রুকে করেছি পরাজয়।
আমি নিজে হয়ে মুক্ত মহাজন সংঘকে মুক্তি লাভে
দিতেছি শিক্ষা দিতেছি ভব বন্ধন মুক্তি, করছি মুক্ত।
আমি পরম দান্তনাগ[১০]ঃ বিনাগুরু উপদেশে
নিজকে নিজ করেছি দান্ত-শান্ত
সেহেতু আমি অসেখ, অরহৎ এবং নির্বাণ
করে ক্লেশ ধ্বংস প্রাপ্ত হয়েছি পরিনির্বাণ।'

৬. যস সুত্তং- যশ সূত্র

৮৬.১। এক সময় ভগবান কোশলে মহা ভিক্ষুসংঘের সাথে বিচরণ করতে করতে ইচ্ছানঙ্গল নামক ব্রাহ্মণ গ্রামে এসে উপনীত হন। ভগবান তথায় ইচ্ছানঙ্গল[১১] বনে অবস্থান করেন।

২। ইচ্ছানঙ্গলের ব্রাহ্মণ গৃহপতিগণ শুনতে পেলঃ 'শাক্যকুল প্রব্রজিত শাক্যপুত্র শ্রমণ গৌতম ইচ্ছানঙ্গলে উপস্থিত হয়েছেন এবং ইচ্ছানঙ্গল বনে অবস্থান করছেন। এবং সেই ভবৎ গৌতমের সুকীর্তি এভাবে বিঘোষিতঃ "সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধ বিদ্যাচরণসম্পন্ন সুগত লোকবিদ অনুত্তর পুরুষদম্য সারথি দেবমনুষ্যগণের শাস্তা বুদ্ধ ভগবান।" এরূপ অর্হতের দর্শন সত্যই মঙ্গলজনক। তাই সে রাত্রির অবসানে ইচ্ছানঙ্গলের ব্রাহ্মণ গৃহপতিগণ প্রভূত খাদ্যভোজ্য সঙ্গে নিয়ে ইচ্ছানঙ্গল বনে উপস্থিত হন এবং উচ্চ শব্দ মহাশব্দ সৃষ্টি করে বহির্দ্বারে অপেক্ষা করেন।

৩। সে সময়ে শ্রদ্ধেয় নাগিত স্থবির ভগবানের উপস্থাপক ছিলেন[১২]। অতঃপর ভগবান আয়ুষ্মান নাগিতকে[১৩] আহ্বান করেন এবং বলেনঃ 'নাগিত, এরা কারা উচ্চশব্দ মহাশব্দ সৃষ্টি করছে? এ যেন জালের এক খেপে ধৃত মৎস্য[১৪] মনে হয়।' 'ভন্তে, এঁরা ইচ্ছানঙ্গলের ব্রাহ্মণ গৃহপতি বহির্দ্বারে অপেক্ষমান। তাঁরা ভগবান এবং ভিক্ষুসংঘের উদ্দেশ্যে প্রভূত খাদ্যভোজ্য এনেছেন।' 'নাগিত, আমার শ্রদ্ধার কিছুই নেই কিংবা শ্রদ্ধারও আমার সাথে করার কিছুই নেই। নাগিত, যে ব্যক্তি স্বেচ্ছায়, সহজে এবং বিনা কষ্টে এই নৈষ্ক্রম্য সুখ, প্রবিবেক সুখ, উপশম সুখ,

Visit: http://www.buddhistdownload.com

সম্বোধি সুখ লাভ করতে পারে না যা আমি স্বেচ্ছায়, সহজে বিনাকষ্টে লাভ করি, সে সেই আবর্জনা স্তূপ[১৫] সুখ, সেই গোচর সদৃশ সুখ, সেই লাভ-সৎকার, যশ সুখ উপভোগ করুক।' 'ভন্তে, ভগবান তাদের দান গ্রহণ করুন, সুগত, গ্রহণ করুন; ভন্তে ভগবান এখনি গ্রহণ করার উপযুক্ত সময়! যেহেতু ভন্তে ভগবান এখন যেখানেই গমন করবেন, নগর এবং দেশের ব্রাহ্মণ গৃহপতিগণ তাঁর প্রতি অনুরাগী হবেন। যেমন ভন্তে, যখন বর্ষণ দেব বৃষ্টির বড় ফোঁটা বর্ষণ করে তখন জল ঢালু ভূমি[১৬] বেয়ে প্রবাহিত হয়, ঠিক তদ্রূপ, ভন্তে ভগবান এখন যেখানেই গমন করবেন নগর এবং দেশের ব্রাহ্মণ গৃহপতিগণ তাঁকে দান দিতে অনুরাগী হবেন। তার কারণ কি? ভন্তে, তথাগতের শীল, প্রজ্ঞা ও জ্ঞানই এর কারণ।' 'নাগিত, আমার শ্রদ্ধা করার কিছুই নেই কিংবা শ্রদ্ধারও আমার সাথে করার কিছুই নেই; নাগিত, যে ব্যক্তি স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে এই নৈষ্ক্রম্য সুখ, প্রবিবেক সুখ, উপশম সুখ, সম্বোধি সুখ লাভ করতে পারে না যা আমি স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে লাভ করি, সে সেই আবর্জনা স্তূপ সুখ। সেই গোবর সদৃশ সুখ, সেই লাভ-সৎকার-যশ সুখ উপভোগ করুক। নাগিত, কোন কোন দেবতাও স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে এই নৈষ্ক্রম্য সুখ, প্রবিবেক সুখ, উপশম সুখ, সম্বোধি সুখ লাভ করতে পারে না যা আমি স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে লাভ করি। নাগিত, যখন তোমরা একত্রে সমবেত হও এবং পরস্পর সাক্ষাত করে পরিষদের মধ্যে বাস কর তখন আমি এরূপ চিন্তা করিঃ "এসব আয়ুষ্মানগণ স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে এই নৈষ্ক্রম্যসুখ, প্রবিবেক সুখ, উপশম সুখ, সম্বোধি সুখ লাভ করতে পারে না যা আমি স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে লাভ করে থাকি; তাই এই আয়ুষ্মানগণ পরস্পর মিলিত হয় এবং পরিষদের মধ্যে বসবাস করে।"

৪। তাছাড়া নাগিত, আমি ভিক্ষুগণকে ঠাট্টা এবং পরস্পর অঙ্গুলি দ্বারা কৌতুক ও আনন্দ করতে দেখি। তখন আমি চিন্তা করিঃ "এই আয়ুষ্মানগণ অবশ্যই স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে এই নৈষ্ক্রম্যসুখ, প্রবিবেকসুখ, উপশম সুখ, সম্বোধি সুখ লাভ করতে পারে না যা আমি স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে নৈষ্ক্রম্যসুখ, প্রবিবেকসুখ, উপশম সুখ, সম্বোধি সুখ লাভ করি। যেহেতু এই আয়ুষ্মানগণ পরস্পর ঠাট্টা ও

Visit: http://www.buddhistdownload.com

অঙ্গুলি দ্বারা কৌতুক ও আনন্দ করে।"

৫। অধিকন্তু, হে নাগিত, আমি দেখি ভিক্ষুগণ উদরপূর্ণ ভোজন করে, শয্যাসুখ, স্পর্শসুখ, তন্দ্রাসুখ ভোগ করে। হে নাগিত, তখন আমি চিন্তা করিঃ "এই আয়ুষ্মানগণ এই নৈষ্ক্রম্যসুখ, প্রবিবেকসুখ, উপশমসুখ, সম্বোধিসুখ, স্বেচ্ছায়, সহজে, বিনা কষ্টে লাভ করতে পারে না যা আমি স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে লাভ করি, তাই তারা উদরপূর্ণ ভোজন করে শয্যাসুখ, স্পর্শসুখ, তন্দ্রাসুখ ভোগ করে।"

৬। তাছাড়া, হে নাগিত, আমি ভিক্ষুকে গ্রামের অন্তে সমাহিত, উপবিষ্ট অবস্থায় যাপন করতে দেখি। তখন হে নাগিত, আমি এরূপ চিন্তা করিঃ "কোন উদ্যমী পরিচারক বা শিক্ষানবিশ অনতিবিলম্বে এই আয়ুষ্মানকে উত্তেজিত করে এবং তাকে সেই সমাধি হতে তাড়িয়ে দেবে।" তাই হে নাগিত, আমি সেই ভিক্ষুর গ্রামান্তরে অবস্থানে সন্তুষ্ট নই।

৭। অতঃপর নাগিত, আমি আরণ্যক ভিক্ষুকে মাথা নোয়ানো[১৭] অবস্থায় অরণ্যে উপবিষ্ট দেখি। এরূপ দেখে আমি চিন্তা করিঃ "ইদানিং যখন এই আয়ুষ্মান এই নিদ্রালুতা, এই তন্দ্রাচ্ছন্নতা হয়েছে, সে নিশ্চয়ই অরণ্য সংজ্ঞায়[১৮] একাধিক (নির্জনতা) নিয়ে অনুধ্যান করবে।" সেকারণে, হে নাগিত, আমি সে ভিক্ষুর অরণ্য বিহারে প্রসন্ন।

৮। তাছাড়া হে নাগিত, আমি অরণ্য বিহারী ভিক্ষুকে অরণ্যে অসমাহিতভাবে উপবিষ্ট দেখি। হে নাগিত, তখন আমার মনে হয়ঃ "ইদানিং এই আয়ুষ্মান অসমাহিত চিত্তকে সমাহিত করবে অথবা চিত্তকে সংরক্ষণ করবে।" সেকারণে হে নাগিত, আমি সেই ভিক্ষুর অরণ্যে বিহারে প্রসন্ন।

৯। এছাড়া হে নাগিত, অরণ্য বিহারী ভিক্ষুকে আমি অরণ্যে সমাহিতভাবে উপবিষ্ট দেখি। এতে আমার এরূপ চিন্তার উদ্রেক হয়ঃ "ইদানিং এই আয়ুষ্মান অবিমুক্ত চিত্তকে বিমুক্ত করবে বা বিমুক্ত চিত্তকে অনুরক্ষণ করবে।" তাই, হে নাগিত, আমি সেই ভিক্ষুর অরণ্য বিহারে প্রসন্ন। হে নাগিত, যে সময়ে আমি মার্গে গিয়ে পৌঁছি তখন আমি সম্মুখে বা পশ্চাতে কাকেও দেখি না। এমনকি সে সময়ে আমার নির্বিঘ্নে প্রাকৃতিক ডাকের অবকাশ ঘটে।'

Visit: http://www.buddhistdownload.com

৭. পত্ত নিকুজ্জন সুত্তং- পাত্র নিকুর্জন সূত্র

৮৭.১। হে ভিক্ষুগণ! সংঘ ইচ্ছা করলে আটটি অঙ্গ সমন্বিত উপাসকের পাত্র প্রত্যাখ্যান[১৯] করতে পারেন। আট কি কি?

২। ভিক্ষুদের অলাভের জন্য চেষ্টা করা, ভিক্ষুদের ক্ষতি সাধনের চেষ্টা, ভিক্ষুদের আবাস হতে উচ্ছেদের চেষ্টা, ভিক্ষুদের আক্রোশ ও মন্দ ভাষণ করে, ভিক্ষু ভিক্ষুর মধ্যে বিভেদ ঘটায়, বুদ্ধের অগুণ বর্ণনা করে, ধর্মের অগুণ ভাষণ করে, সংঘের অগুণ বর্ণনা করে।

হে ভিক্ষুগণ! এই অষ্ট অঙ্গসম্পন্ন উপাসকের পাত্র সংঘ ইচ্ছা করলে প্রত্যাখ্যান করতে পারেন।

৩। হে ভিক্ষুগণ! অষ্টবিধ কারণে সংঘ ইচ্ছা করলে উপাসকের পাত্র প্রত্যর্পণ করতে পারেন। অষ্টবিধ কি কি?

৪। ভিক্ষুদের অলাভের জন্য চেষ্টা না করলে, ভিক্ষুদের ক্ষতি সাধনের চেষ্টা না করলে, ভিক্ষুদের আবাস হতে উচ্ছেদের চেষ্টা না করলে, ভিক্ষুদের আক্রোশ ও মন্দ ভাষণ না করলে, ভিক্ষুর সাথে ভিক্ষুর বিভেদ সৃষ্টির চেষ্টা না করলে, বুদ্ধের গুণ বর্ণনা, ধর্মের গুণ বর্ণনা, সংঘের গুণ ভাষণ করলে।

হে ভিক্ষুগণ! এই আট কারণে সংঘ ইচ্ছা করলে উপাসকের পাত্র প্রত্যর্পণ করতে পারেন।'

৮. অপ্পসাদপবেদনীয সুত্তং- অপ্রসাদ প্রবেদনীয় সূত্র

৮৮.১। 'হে ভিক্ষুগণ! অষ্টবিধ কারণে উপাসক ভিক্ষুর প্রতি অসন্তোষ[২০] জ্ঞাপন করতে পারে। আট কি কি?

২। গৃহীর অলাভের চেষ্টা, গৃহীর ক্ষতি সাধনের চেষ্টা, গৃহীর প্রতি আক্রোশ ও মন্দ ভাষণের চেষ্টা, গৃহীর সাথে গৃহীর বিভেদ সৃষ্টির চেষ্টা, বুদ্ধের অগুণ, ধর্মের অগুণ, সংঘের অগুণ ভাষণ, কোন মন্দ বিষয়ে সংযুক্ত রয়েছে বলে দর্শন।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ বিষয় সংযুক্ত ভিক্ষুর প্রতি উপাসকেরা অসন্তোষ জ্ঞাপন করতে পারে।

৩। হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ কারণে উপাসকেরা ভিক্ষুর প্রতি প্রসন্নতা প্রকাশ করতে পারে। আটটি কি কি?

৪। গৃহীদের অলাভের জন্য চেষ্টা না করা, গৃহীদের ক্ষতি সাধনের

Visit: http://www.buddhistdownload.com

চেষ্টা না করা, গৃহীদের আক্রোশ ও মন্দ ভাষণ না করা, গৃহীর সাথে গৃহীর বিভেদ সৃষ্টি না করা, বুদ্ধের গুণ, ধর্মের গুণ, সংঘের গুণ বর্ণনা করা, মন্দ বিষয় দেখে না।

হে ভিক্ষুগণ! এই অষ্টবিধ কারণে উপাসকেরা ভিক্ষুর প্রতি প্রসাদ জ্ঞাপন করতে পারে।'

৯. পটিসারণীয সুত্তং- প্রতিসারণীয় সূত্র

৮৯.১। 'হে ভিক্ষুগণ! আটটি কারণে সংঘ ইচ্ছা করলে দোষজনক কাজের জন্য ভিক্ষুকে প্রতিসারণীয়কর্ম[২১] আরোপ করতে পারেন। আট কি কি?

২। গৃহীর অলাভের চেষ্টা, গৃহীর ক্ষতি সাধনের চেষ্টা, গৃহীর প্রতি আক্রোশ ও মন্দ ভাষণের চেষ্টা, গৃহীর সাথে গৃহীর বিভেদ সৃষ্টির চেষ্টা, বুদ্ধের অগুণ, ধর্মের অগুণ, সংঘের অগুণ ভাষণ, ধর্মতঃ (আনুষ্ঠানিকভাবে) গৃহীদের প্রতি প্রতিজ্ঞা (করণীয়) পূরণ করে না।

হে ভিক্ষুগণ! এই আট কারণে সংঘ ইচ্ছা করলে দোষজনক কাজের জন্য ভিক্ষুকে প্রতিসারণীয় আরোপ করতে পারেন।

৩। হে ভিক্ষুগণ! আট কারণে সংঘ ইচ্ছা করলে ভিক্ষুর আরোপিত প্রতিসারণীয় কর্ম প্রত্যাহার করতে পারেন না। আট কি কি?

৪। গৃহীদের অলাভের জন্য চেষ্টা না করা, গৃহীদের ক্ষতি সাধনের চেষ্টা না করা, গৃহীদের আক্রোশ ও মন্দ ভাষণ না করা, গৃহীর সাথে গৃহীর বিভেদ সৃষ্টি না করা, বুদ্ধের গুণ, ধর্মের গুণ, সংঘের গুণ বর্ণনা করে, ধর্মতঃ গৃহীদের প্রতি করণীয় পূরণ করে।

হে ভিক্ষুগণ! এই আট কারণে সংঘ ইচ্ছা করলে ভিক্ষুর আরোপিত প্রতিসারণীয় কর্ম প্রত্যাহার করতে পারে।'

১০. সম্মাবত্তন[২২] সুত্তং- সম্যক আবর্তন সূত্র

৯০.১। 'হে ভিক্ষুগণ! কতিপয় বিশেষ দোষে অভিযুক্ত ভিক্ষুর সাথে সঠিক আচরণ করা উচিত যার বিরুদ্ধে শাস্তির আটটি ব্যবস্থা আরোপিত হয়েছে। আট কি কি?

তাকে উপসম্পদা দান করা যাবে না; তাকে কোন আশ্রয় দেয়া যাবে না; কোন শ্রামণ তাকে পরিচর্যা করতে পারবে না; তৎকর্তৃক উপস্থাপিত কোন উপদেশ শ্রবণ করা যাবে না; এমন কি অনুমতি

Visit: http://www.buddhistdownload.com

পেলেও সে ভিক্ষুণীদিগকে উপদেশ দান করতে পারবে না; সে সংঘের কোন প্রকার অনুমোদন উপভোগ করতে পারবে না; তাকে কোন বিশেষ সম্মানজনক স্থানে রাখা যাবে না; তাকে কোন কারণে পুনঃপ্রতিষ্ঠিত করা যাবে না।

হে ভিক্ষুগণ, কতিপয় বিশেষ দোষে অভিযুক্ত ভিক্ষুর সাথে সঠিক আচরণ মেনে চলা উচিত যার বিরুদ্ধে শাস্তির এই আটটি ব্যবস্থা আরোপিত হয়েছে।'

কতিপয় উপাসিকা

৯১-১১৬. বোজ্ঝা, সিরিমা, পদুমা, সুধনা, মনুজা, উত্তরা, মুক্তা, খেমা, সোমা, রূপী, চুন্দী, বিম্বী, সুমনা, মল্লিকা, তিস্সা, তিস্যার মাতা, সোণা, সোণা'র মাতা, কাণা, কাণা'র মাতা, নন্দ মাতা উত্তরা, মিগার মাতা বিশাখা, উপাসিকা খুজ্জত্তরা, উপাসিকা সামাবতী, কোলিয় কন্যা সুপ্রবাসা, উপাসিকা সুপ্রিয়া, গৃহপত্নী নুকলমাতা।[২৩]

(১১) রাগপেয্যালং সুত্তং- রাগ ইত্যাদি সূত্র

(ক) রাগের পূর্ণ উপলব্ধি

১১৭.১। 'হে ভিক্ষুগণ! রাগের সম্পূর্ণ উপলব্ধির জন্য আটটি বিষয় ভাবা উচিত। আট কি কি?

২। সম্যকদৃষ্টি, সম্যক সঙ্কল্প, সম্যক বাক্য, সম্যক কর্ম, সম্যক আজীব, সম্যক প্রচেষ্টা, সম্যকস্মৃতি, সম্যক সমাধি।

ভিক্ষুগণ! রাগের সম্পূর্ণ উপলব্ধির জন্য এই আটটি বিষয় ভাবা উচিত।'

(খ) রাগের পূর্ণ উপলব্ধি

১১৮.১। 'হে ভিক্ষুগণ; রাগের পূর্ণ উপলব্ধির জন্য আটটি ধর্ম ভাবা উচিত। আট কি কি?

২। যখন আভ্যন্তরীণভাবে লোকে রূপসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, সীমিত হোক বা সুবর্ণ যাই হোক না কেন। "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি, এগুলি দর্শন করি।" এভাবে সে সচেতন হয়।

৩। যখন আভ্যন্তরীণভাবে লোকে দেহ সম্পর্কে সচেতন তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, অপ্রমাণ বা সুবর্ণ-দুর্বর্ণ যাই হোক না কেন।

Visit: http://www.buddhistdownload.com

"এসব আয়ত্ত করে আমি এগুলি সম্পর্কে জানি ও এগুলি দর্শন করি।" এভাবে সে সচেতন হয়।

৪। যখন আভ্যন্তরীণভাবে লোকে দেহ সম্পর্কে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, সীমিত বা সুবর্ণ-দুর্বর্ণ যাই হোক না কেন "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি ও দর্শন করি।" এভাবে সে সচেতন হয়।

৫। যখন আভ্যন্তরীণভাবে লোকে দেহ সম্পর্কে অরূপসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, অপ্রমাণ বা সুবর্ণ-দুবর্ণ যাই হোক না কেন "এগুলি আয়ত্ত করে আমি এগুলি জানি, এগুলি দর্শন করি।" এভাবে সে সচেতন হয়।

৬। যখন আভ্যন্তরীণভাবে লোকে অসংজ্ঞী হয় তখন সে বাহ্যিক রূপ দর্শন করে, নীল, নীলবর্ণ ..... পীত, পীতবর্ণ ..... লোহিতক, লোহিতকবর্ণ ..... শুভ্র, শুভ্রবর্ণ, শুভ্র নিদর্শন, শুভ্রাভ। "এসব আয়ত্ত করে আমি এসব জানি, দেখি"। এভাবে সে সংজ্ঞাবান হয়।

হে ভিক্ষুগণ, রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য এই আটটি বিষয় ভাবা উচিত।'

১১৯.১। 'হে ভিক্ষুগণ! রাগের পূর্ণ উপলব্ধির জন্য আটটি বিষয় ভাবা উচিত। আট কি কি?

২। রূপী রূপসমূহ দর্শন করে। আভ্যন্তরীণভাবে অসংজ্ঞী হয়ে সে বাহ্যিকভাবে রূপসমূহ দর্শন করে। সে চিন্তা করে- "এটা শুভ।" সে সম্পূর্ণরূপে রূপসংজ্ঞাসমূহ অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞাসমূহ অস্তমিত করে নানাত্ব সংজ্ঞার প্রতি অমনোযোগী হয়ে "অনন্ত আকাশ" চিন্তা করতঃ আকাশ অনন্ত আয়তনে প্রবেশ করে এবং তাতে অবস্থান করে। সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ "অনন্ত বিজ্ঞান" এরূপ চিন্তা করতঃ বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে তাতে অবস্থান করে। সে সম্পূর্ণরূপে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ "কিছুই না" এরূপ চিন্তা করে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে তাতে অবস্থান করে। সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সে সংজ্ঞাবেদয়িত নিরোধ লাভ করতঃ তাতে অবস্থান করে।

Visit: http://www.buddhistdownload.com

হে ভিক্ষুগণ, রাগের সম্পূর্ণ উপলব্ধির জন্য এই অষ্টবিধ ধর্ম ভাবা উচিত।'

১২০-১৪৬. ৩। হে ভিক্ষুগণ! রাগের যথার্থ উপলব্ধির জন্য ..... পরিক্ষয়ের জন্য ..... পরিত্যাগের জন্য ..... ক্ষয়ের জন্য ..... ব্যয়ের জন্য ..... বিরাগের জন্য ..... নিরোধের জন্য ..... পরিহারের জন্য ..... প্রতিনিসর্গের (বর্জনের) জন্য এই আটটি ধর্ম (উপরোক্ত রাগ (ক), (খ) ও ২-৬ নং বর্ণিত আটটি বিষয়) ভাবা উচিত।

১৪৭-৬২৬. দোষের যথার্থ উপলব্ধির জন্য, পরিক্ষয়ের জন্য, পরিত্যাগের জন্য, ক্ষয়ের জন্য, ব্যয়ের জন্য, বিরাগের জন্য, নিরোধের জন্য, পরিহারের জন্য, প্রতিনিসর্গের জন্য উপরোক্ত রাগ (ক), (খ) ও ২নং বর্ণিত যথাক্রমে আটটি বিষয় ভাবা উচিত।

মোহের যথার্থ উপলব্ধির জন্য, পরিক্ষয়ের জন্য, পরিত্যাগের জন্য, ক্ষয়ের জন্য, ব্যয়ের জন্য, বিরাগের জন্য, নিরোধের জন্য, পরিহারের জন্য, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরোক্ত রাগ (ক), (খ) ও ২নং বর্ণিত যথাক্রমে আট আটটি বিষয় ভাবা উচিত।

ক্রোধের যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগ (ক), (খ) ও ২নং বর্ণিত আট আটটি বিষয় ভাবা উচিত।

শত্রুতার যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

অশুভ ভাবনা যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগ (ক), (খ) ও ২-৬নং বর্ণিত আট আটটি বিষয় ভাবা উচিত।

ঈর্ষার যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগ (ক), (খ) ও ২নং বর্ণিত আট আটটি বিষয় ভাবা উচিত।

মাৎসর্য্যের যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগ

Visit: http://www.buddhistdownload.com

(ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

প্রবঞ্চনার যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগ (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

শঠতার যথার্থ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

একগুঁয়েমিতার পূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

প্রচণ্ডতার পূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

মানের পূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

ঔদ্ধত্যের পূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

মত্ততার পূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

প্রমাদের পূর্ণ উপলব্ধি, পরিক্ষয়, পরিত্যাগ, ক্ষয়, ব্যয়, বিরাগ, নিরোধ, পরিহার, প্রতিনিসর্গের (বর্জনের) জন্য উপরে বর্ণিত রাগের পূর্ণ উপলব্ধি (ক), (খ) ও ২-৬নং আট আটটি বিষয় ভাবা উচিত।

[স্মৃতি-বর্গ নবম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

স্মৃতি, পুণ্ণিয়, মূল, চোর, শ্রমণে পঞ্চম
যশ, পাত্র, প্রসাদ, প্রতিসারণীয় ও যথার্থ আচরণ।

[অষ্টম নিপাত সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

গ. নবক-নিপাত- নবম-নিপাত

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স

১. সম্বোধ বগ্গো- সম্বোধি বর্গ

১. সম্বোধি সুত্তং- সম্বোধি সূত্র

১.১। আমা দ্বারা এরূপ শ্রুতঃ এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিকের আরামে বাস করছিলেন। তথায় ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ "ভিক্ষুগণ!" 'হাঁ ভদন্ত' উত্তরে তাঁরা বললেন। ভগবান বললেনঃ

২। 'হে ভিক্ষুগণ! যদি অন্যতীর্থিয় পরিব্রাজকগণ তোমাদেরকে এরূপ প্রশ্ন করেঃ 'হে আয়ুষ্মানগণ, সম্বোধিপক্ষীয় ভাবনা কিরূপ?" 'হে ভিক্ষুগণ! এভাবে জিজ্ঞাসিত বিষয়ের তোমরা কিভাবে অন্য তীর্থিয়গণকে উত্তর দেবে?' 'ভন্তে, আমাদের ধারণার মূল ভগবান; তা ভগবৎ পরিচালিত এবং ভগবৎ রক্ষিত। সাধু ভন্তে, ভগবান যদি আমাদেরকে এ বিষয়ে স্বচ্ছ ধারণা জ্ঞাপন করতেন; ভগবানের ব্যাখ্যা শ্রবণ করে ভিক্ষুগণ অন্তরে ধারণ করতেন।' 'তাহলে ভিক্ষুগণ, অভিনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করব।' 'তাই হোক ভন্তে,' ভিক্ষুগণ! উত্তর দিলেন। ভগবান বললেনঃ

৩। 'হে ভিক্ষুগণ! যদি অন্যতীর্থিয় পরিব্রাজকগণ তোমাদেরকে এরূপ প্রশ্ন করেঃ "হে আয়ুষ্মানগণ, সম্বোধিপক্ষীয় ভাবনা কিরূপ?"- এরূপ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তোমাদের সেই অন্যতীর্থিয় পরিব্রাজকগণকে উত্তর দেয়া উচিতঃ "এখানে বন্ধুগণ, একজন ভিক্ষু কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী। বন্ধুগণ, এটা সম্বোধি পক্ষীয় ধর্মের ভাবনার প্রথম কারণ।

৪। পুনঃ, বন্ধুগণ, একজন ভিক্ষু শীলবান, প্রাতিমোক্ষের বিধানে সংযত হয়ে অবস্থান করে; সে আচরণ অভ্যাসে সম্পূর্ণ দক্ষ, সামান্যতম পাপে ভয়দর্শী, শিক্ষাপদসমূহ শিক্ষা ও গ্রহণ করে[১]। বন্ধুগণ, এটা সম্বোধিপক্ষীয় ধর্মের ভাবনার দ্বিতীয় কারণ।

৫। পুনঃ, বন্ধুগণ, যে কথা গম্ভীর এবং হৃদয় উন্মুক্তকরণে সহায়ক- যেমন, অল্পেচ্ছুককথা, সন্তুষ্টিকথা, প্রবিবেককথা, অসংসর্গকথা,

Visit: http://www.buddhistdownload.com

বীর্য্যারম্ভকথা, শীলকথা, সমাধিকথা, প্রজ্ঞাকথা, বিমুক্তিকথা, বিমুক্তিজ্ঞান ও দর্শন কথা- একজন ভিক্ষু স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে লাভ করে[২]। বন্ধুগণ, এটা সম্বোধিপক্ষীয় ধর্মের ভাবনার তৃতীয় কারণ।

৬। পুনঃ বন্ধুগণ! ভিক্ষু বীর্যবান হয়ে অবস্থান করে, অকুশল ধর্মসমূহ প্রহীনে, কুশল ধর্মসমূহ গ্রহণে, শক্তিশালী দৃঢ়-পরাক্রমী, সে কুশলধর্মসমূহ এড়িয়ে চলে না[৩]। বন্ধুগণ! এটা সম্বোধিপক্ষীয় ধর্মের ভাবনার চতুর্থ কারণ।

৭। অধিকন্তু বন্ধুগণ! ভিক্ষু প্রজ্ঞাবান হয় এবং উদয়-অস্তগামিনী প্রজ্ঞাসম্পন্ন ও সম্যক দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধ জ্ঞানসম্পন্ন[৪]। বন্ধুগণ, এটা সম্বোধিপক্ষীয় ধর্মের ভাবনার পঞ্চম কারণ।

৮। হে ভিক্ষুগণ, একজন কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী ভিক্ষু সম্পর্কে এটা আকাঙ্ক্ষিতঃ সে শীলবান হবে, প্রাতিমোক্ষের বিধান দ্বারা সংযত ও আচার-গোচর সম্পন্ন হয়ে অবস্থান করবে, সামান্যতম ভয়জনক বিষয়ে ভয়দর্শী হবে ও শিক্ষণীয় বিষয় সমূহ শিক্ষা করবে। ভিক্ষুগণ! একজন কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী ভিক্ষু সম্পর্কে এটাও প্রত্যাশিতঃ যে কথা গম্ভীর এবং হৃদয় উন্মুক্তকরণে সহায়ক, যেমন- অল্পেচ্ছুকথা, সন্তুষ্টিকথা, প্রবিবেককথা, অসংসর্গকথা, বীর্য্যারম্ভকথা, শীলকথা, সমাধিকথা, প্রজ্ঞাকথা, বিমুক্তিকথা, বিমুক্তিজ্ঞান ও দর্শনকথা সে স্বেচ্ছায়, সহজে, বিনাকষ্টে লাভ করবে। একজন কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণসহকর্মী ভিক্ষু সম্পর্কে এটাও প্রত্যাশিতঃ সে বীর্যবান হয়ে অবস্থান করবে, অকুশল ধর্মসমূহ প্রহীনে, কুশল ধর্মসমূহ গ্রহণে শক্তিশালী, দৃঢ়-পরাক্রমশালী হবে, সে কুশলধর্ম সমূহ এড়িয়ে চলবে না। একজন কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণসহকর্মী ভিক্ষু সম্পর্কে এটাও অভিপ্রেতঃ সে প্রজ্ঞাবান হবে, উদয়-বিলয়গামী, সম্যক দুঃখক্ষয়গামিনী আর্যজ্ঞানসম্পন্ন হবে। হে ভিক্ষুগণ, যখন সেই ভিক্ষু এই পঞ্চধর্মে প্রতিষ্ঠিত হয় তার আরও চারটি ধর্ম ভাবা উচিতঃ রাগের প্রহীনের জন্য অশুভ ভাবনা,[৫] ব্যাপাদ (বিদ্বেষ) প্রহীনের জন্য মৈত্রী ভাবনা[৬], বিতর্ক উপচ্ছেদের জন্য আনাপানাস্মৃতি[৭] ভাবনা, অহংবোধ[৮] (আমি) মূল উৎপাটনের জন্য অনিত্যসংজ্ঞা ভাবা উচিত। ভিক্ষুগণ,

Visit: http://www.buddhistdownload.com

অনিত্যসংজ্ঞাযুক্ত ভিক্ষুর অনাত্মসংজ্ঞা সংস্থিত হয়, অনাত্মা সংজ্ঞাযুক্ত ব্যক্তির অহংবোধ ('আমি' এর মান) সমুৎপাটিত হয়ে ইহ জীবনেই নির্বাণ লাভ ঘটে।[৯]'

২. নিস্সয সুত্তং- নিশ্রয় সূত্র

২.১। তৎপর জনৈক ভিক্ষু ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট সেই ভিক্ষু ভগবানকে এরূপ বললেনঃ 'ভন্তে, তারা বলে সম্পূর্ণরূপে নির্ভরশীল, সম্পূর্ণ নির্ভরশীল! ভন্তে, আমি আপনাকে সনির্বন্ধ অনুরোধ করছি কিভাবে একজন ভিক্ষু সম্পূর্ণরূপে নির্ভরশীল?'

২। 'যদি ভিক্ষু শ্রদ্ধা দ্বারা অকুশল পরিহার করে, কুশল ভাবে তদ্বারা অকুশল প্রহীন হয়। যদি ভিক্ষু হিরি দ্বারা অকুশল পরিহার করে, কুশল ভাবে তদ্বারা অকুশল প্রহীন হয়। যদি ভিক্ষু ঔত্তপ্য দ্বারা অকুশল পরিহার করে, কুশল ভাবে তদ্বারা অকুশল প্রহীন হয়। যদি ভিক্ষু বীর্য্য দ্বারা অকুশল পরিহার করে, কুশল ভাবে তদ্বারা অকুশল প্রহীন হয়। যদি প্রজ্ঞা দ্বারা ভিক্ষু অকুশল পরিহার করে, কুশল ভাবে তদ্বারা অকুশল প্রহীন হয়। প্রকৃতপক্ষে তখনি অকুশল প্রহীন ও সেই ভিক্ষুর অকুশল সুপ্রহীন হয় যখন আর্য প্রজ্ঞা দৃষ্ট ও তদ্বারা অকুশল প্রহীন হয়। এবং যখন ভিক্ষু এই পঞ্চ ধর্মে প্রতিষ্ঠিত হয় তাকে অপর চারটি ধর্মের উপর নির্ভর করা উচিত। চার কি কি?

৩। এখানে ভিক্ষু সুচিন্তিতভাবে অনুসরণীয় বিষয় অনুসরণ করে; মনোনিবেশযোগ্য বিষয়ে সুচিন্তিতভাবে মনোনিবেশ করে; পরিবর্জন-যোগ্য বিষয় সুচিন্তিতভাবে পরিবর্জন করে; নির্বাসনযোগ্য বিষয় সুচিন্তিতভাবে নির্বাসন[১০] করে।

হে ভিক্ষু, এভাবে ভিক্ষু সম্পূর্ণরূপে নির্ভরশীল হয়।'

৩. মেঘিয সুত্তং- মেঘিয় সূত্র

৩.১। এক সময় ভগবান[১১] চালিকায়[১২] চালিকা পর্বতে অবস্থান করছিলেন। সে সময় আয়ুষ্মান মেঘিয় ভগবানের উপস্থাপক ছিলেন। তখন আয়ুষ্মান মেঘিয় ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করে একপ্রান্তে দণ্ডায়মান হন। একপ্রান্তে স্থিত

Visit: http://www.buddhistdownload.com

আয়ুষ্মান মেঘিয় ভগবানকে এরূপ বলেনঃ 'ভন্তে, আমি জম্বুগ্রামে[১৩] পিণ্ডাচরণে প্রবেশ করতে ইচ্ছুক।' 'মেঘিয়, তুমি এখন সময়োচিত যা করার ইচ্ছা কর তা কর।'

২। তৎপর আয়ুষ্মান মেঘিয় পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করে পাত্রচীবর নিয়ে জম্বুগ্রামে পিণ্ডাচরণে প্রবেশ করেন। তথায় পিণ্ডাচরণ শেষে পিণ্ডগ্রহণ সমাপ্ত করতঃ কিমিকালায় নদী তীরে উপস্থিত হন। আয়ুষ্মান মেঘিয় কিমিকালায় নদী তীরে অনুচংক্রমণ ও অনুবিচরণ কালে মনোরম রমণীয় আম্রবন দেখতে পেলেন। এরূপ অবস্থা দেখে তিনি চিন্তা করলেনঃ সত্যই এই আম্রবন প্রাসাদিক ও রমণীয়; ধ্যানশীল কুলপুত্রের ধ্যানের জন্য এস্থান সত্যই উপযুক্ত। ভগবান যদি আমাকে অনুমতি প্রদান করেন তাহলে আমি এ আম্রবনে ধ্যান করার জন্য আগমন করব।'

৩। অতঃপর আয়ুষ্মান মেঘিয় ভগবানের নিকট প্রত্যাবর্তন করেন এবং ভগবানকে অভিবাদন করে একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান মেঘিয় ভগবানকে বলেনঃ 'ভন্তে, আমি পূর্বাহ্ন সময়ে চীবর পরিধান করে পাত্রচীবর সঙ্গে নিয়ে জম্বুগ্রামে পিণ্ডাচরণে প্রবেশ করি, জম্বুগ্রামে পিণ্ডাচরণ শেষে পিণ্ড গ্রহণ করে কিমিকালায় নদীতীরে উপনীত হই। ভন্তে, কিমিকালায় নদীতীরে অনুচংক্রমণ অনুবিচরণ কালে আমি মনোরম রমণীয় আম্রবন দর্শন করি; দর্শন করে আমি চিন্তা করি এই আম্রবন সত্যই প্রাসাদিক ও রমণীয়; তাই এই স্থান কুলপুত্রের ধ্যানের পক্ষে উপযোগী। ভগবান যদি আমাকে অনুমতি প্রদান করেন তাহলে আমি ধ্যান করার জন্য এখানে আগমন করব।' 'মেঘিয়, যেহেতু আমরা একাকী তাই যাবত অন্য কোন ভিক্ষু উপস্থিত হয় তাবৎ অপেক্ষা কর[১৪]।'

৪। দ্বিতীয়বারও আয়ুষ্মান মেঘিয় ভগবানকে বললেনঃ 'ভন্তে, ভগবানের জন্য আর করণীয় কিছুই নেই, তাঁর সম্পাদন করার কোন কিছু নেই। ভন্তে, কিন্তু আমার আরও করণীয় রয়েছে। যতটুকু কৃত আরও অধিক যোগ করার রয়েছে[১৫]। ভগবান যদি আমাকে অনুমতি দেন তাহলে আমি সেই আম্রবনে আসতে পারি ধ্যানের নিমিত্ত।' 'মেঘিয়, যেহেতু আমরা একাকী, তাই কোন ভিক্ষু না আসা পর্যন্ত অবস্থান কর।'

Visit: http://www.buddhistdownload.com

৫। তৃতীয়বারও আয়ুষ্মান মেঘিয় ভগবানকে বলেনঃ 'ভন্তে, ভগবানের জন্য অধিক করণীয় কিছুই নেই। তাঁর সম্পাদন করার কোন কিছু নেই। কিন্তু, ভন্তে, আমার আরও করণীয় রয়েছে। যতটুকু কৃত তারও অধিক যোগ করার রয়েছে। ভগবান যদি আমাকে অনুমতি দেন তাহলে আমি ধ্যানের নিমিত্ত সেই আম্রবনে গমন করব।' 'মেঘিয়, আমরা তোমাকে কি বলতে পারি? যখন তুমি পুনঃ পুনঃ বলতেছঃ "আমি ধ্যান করব।" 'মেঘিয়, এখন তুমি যা উপযুক্ত বলে মনে কর তা কর।'

৬। তৎপর আয়ুষ্মান মেঘিয় আসন হতে উঠে ভগবানকে অভিবাদন ও প্রদক্ষিণ করতঃ সেই আম্রবনে উপস্থিত হন, উপস্থিত হয়ে দিবা বিহারের জন্য একটা বৃক্ষতলে উপবেশন করেন। আয়ুষ্মান মেঘিয়ের সেই আম্রবনে অবস্থানের সময় তিনটি পাপ অকুশল চিন্তা উৎপন্ন হচ্ছিল, যেমন- কাম-বিতর্ক, ব্যাপাদ-বিতর্ক, বিহিংসা-বিতর্ক। এমতাবস্থায় আয়ুষ্মান চিন্তা করলেনঃ 'ভো, আশ্চর্য! অদ্ভুত! আমি একমাত্র শ্রদ্ধায় আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজিত হয়েছি; কিন্তু এই ত্রিবিধ পাপমূলক অকুশল বিতর্ক-কাম-বিতর্ক, ব্যাপাদ-বিতর্ক, বিহিংসা-বিতর্ক নাছোড়বান্দা অবস্থায় এখনও আমাকে অনুসরণ করছে।'

৭। অতঃপর আয়ুষ্মান মেঘিয় ভগবান সমীপে প্রত্যাবর্তন করলেন এবং তাঁকে অভিবাদন করে একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান মেঘিয় ভগবানকে বললেনঃ 'ভন্তে, আমি যখন সেই আম্রবনে অবস্থান করছিলাম আমার অন্তরে ত্রিবিধ পাপ অকুশল বিতর্ক- কামবিতর্ক, ব্যাপাদ বিতর্ক, বিহিংসা বিতর্ক উদয় হচ্ছিল; সে সময় ভন্তে, আমি চিন্তা করলামঃ আশ্চর্য! অদ্ভুত! যে আমি শ্রদ্ধায় আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজিত হয়েছি কিন্তু এখনও ত্রিবিধ পাপ অকুশল বিতর্ক- কামবিতর্ক, ব্যাপাদ-বিতর্ক, বিহিংসা-বিতর্ক আমাকে নাছোড়বান্দা অবস্থায় অনুসরণ করছে।'

'মেঘিয়, অপরিপক্ব চিত্তবিমুক্তির জন্য পঞ্চ ধর্ম। পরিপক্বতার উপযোগী পঞ্চ কি কি?

Visit: http://www.buddhistdownload.com

৮। মেঘিয়, ভিক্ষু কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী। মেঘিয়, অপরিপক্ব চিত্তবিমুক্তির পরিপক্বতার জন্য এই প্রথম ধর্ম উপযুক্ত।

৯। পুনঃ, মেঘিয়, ভিক্ষু শীলবান হয়, প্রাতিমোক্ষের বিধান দ্বারা সংযত ও আচার-গোচরসম্পন্ন হয়ে অবস্থান করে। সামান্য দোষজনক বিষয়ে ভয়দর্শী হয় এবং শিক্ষাপদসমূহ গ্রহণ ও অনুশীলন করে। মেঘিয়, অপরিপক্ব চিত্তবিমুক্তির পরিপক্বতার জন্য এটা দ্বিতীয় সহায়ক ধর্ম।

১০। পুনঃ, মেঘিয়, যে কথা গম্ভীর এবং হৃদয় উন্মুক্তকরণে সহায়ক যেমন- অল্পেচ্ছুকথা, সন্তুষ্টিকথা, প্রবিবেককথা, অসংসর্গকথা, বীর্য্যারম্ভকথা, শীলকথা, সমাধিকথা, প্রজ্ঞাকথা, বিমুক্তিকথা, বিমুক্তিজ্ঞান ও দর্শনকথা এরূপ কথা স্বেচ্ছায়, অতি সহজে, বিনাকষ্টে লাভ করে। মেঘিয়, অপরিপক্ব চিত্তবিমুক্তির পরিপক্বতার জন্য এটা তৃতীয় উপযুক্ত ধর্ম।

১১। পুনরায়, মেঘিয়, অকুশল ধর্মসমূহ প্রহীনে ভিক্ষু বীর্যবান হয়ে অবস্থান করে, কুশল ধর্মসমূহ গ্রহণে শক্তিশালী, দৃঢ়পরাক্রমী হয়, সে কুশল ধর্মসমূহ এড়িয়ে চলে না। মেঘিয়, অপরিপক্ব চিত্তবিমুক্তির পরিপক্বতার জন্য এটা চতুর্থ উপযুক্ত ধর্ম।

১২। পুনঃ, মেঘিয়, ভিক্ষু প্রজ্ঞাবান হয়, উদয়-বিলয়গামী প্রজ্ঞাসম্পন্ন ও সম্যকদুঃখক্ষয়গামিনী আর্য-নির্বেদ জ্ঞানসম্পন্ন। মেঘিয়, অপরিপক্ব চিত্তবিমুক্তির পরিপক্বতার জন্য এটা পঞ্চম উপযুক্ত ধর্ম।

১৩। মেঘিয়, একজন কল্যাণমিত্র, কল্যাণ সহায়, কল্যাণ সহকর্মী ভিক্ষু সম্পর্কে এটা প্রত্যাশিতঃ সে শীলবান হবে, প্রাতিমোক্ষের বিধান দ্বারা সংযত ও আচার-গোচরসম্পন্ন হয়ে বাস করবে, সামান্য দোষেও ভয়দর্শী হবে এবং শিক্ষাপদ সমূহ গ্রহণ ও অনুশীলন করবে। মেঘিয়, একজন কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী ভিক্ষু সম্পর্কে এটা প্রত্যাশিতঃ যে কথা গম্ভীর এবং হৃদয় উন্মুক্তকরণে সহায়ক, যেমন- অল্পেচ্ছুকথা, সন্তুষ্টিকথা, প্রবিবেককথা, অসংসর্গকথা, বীর্য্যারম্ভকথা, শীলকথা, সমাধিকথা, প্রজ্ঞাকথা, বিমুক্তিকথা, বিমুক্তিজ্ঞান ও দর্শনকথা এরূপ কথা স্বেচ্ছায়, অতি সহজে, বিনাকষ্টে লাভ করবে। মেঘিয়,

Visit: http://www.buddhistdownload.com

কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী ভিক্ষু সম্পর্কে এটা আকাঙ্ক্ষিতঃ সে বীর্যবান হয়ে বাস করবে, অকুশল ধর্মসমূহ প্রহীনে, কুশল ধর্মসমূহ গ্রহণে শক্তিশালী, দৃঢ় পরাক্রমী হবে, সে কুশল ধর্মসমূহ এড়িয়ে চলবে না। মেঘিয়, কল্যাণমিত্র, কল্যাণসহায়, কল্যাণ সহকর্মী ভিক্ষু সম্পর্কে এটা প্রত্যাশিতঃ সে প্রজ্ঞাবান হবে, উদয়-বিলয়গামী প্রজ্ঞাসম্পন্ন ও সম্যক দুঃখক্ষয়গামিনী আর্য নির্বেধজ্ঞানসম্পন্ন হবে। মেঘিয়, যখন সেই ভিক্ষুর এই পঞ্চধর্ম প্রতিষ্ঠিত হয় তখন আরও চারটি ধর্ম ভাবা উচিতঃ রাগ প্রহীনের জন্য অশুভ ভাবনা ভাবা উচিত, ব্যাপাদ প্রহীনের জন্য মৈত্রী ভাবনা ভাবা উচিত, বিতর্ক উপচ্ছেদের জন্য আনাপানাস্মৃতি ভাবনা ভাবা উচিত, অহংবোধ (আমি) এর মূল উৎপাটনের জন্য অনিত্যসংজ্ঞা ভাবা উচিত। মেঘিয়, অনিত্যসংজ্ঞাযুক্ত ভিক্ষুর অনাত্মা সংজ্ঞা সংস্থিত হয়, অনাত্মা সংজ্ঞাযুক্ত ব্যক্তির অহংবোধ ('আমি' এর মান) সমুৎপাটিত হয়ে ইহ জীবনেই নির্বাণ লাভ ঘটে।'

৪. নন্দক সুত্তং- নন্দক সূত্র

৪.১। এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিকের আরামে অবস্থান করছিলেন। সে সময় আয়ুষ্মান নন্দক[১৬] উপস্থানশালায়[১৭] ভিক্ষুদিগকে ধর্মশিক্ষা দ্বারা জাগ্রত, উদ্বুদ্ধ, উৎফুল্ল করছিলেন।

২। তৎপর ভগবান সায়াহ্নসময়ে ধ্যান হতে উঠে উপস্থানশালায় উপস্থিত হন, উপস্থিত হয়ে বহির্দ্বার পথে (ভিক্ষুদের) কথা অবসান না হওয়া পর্যন্ত অপেক্ষমান হয়ে দাঁড়িয়ে রইলেন। তৎপর ভগবান কথোপকথনের অবসান জ্ঞাত হয়ে কাঁশি দিয়ে দরজার মৃদু আঘাত করেন[১৮]। ভিক্ষুগণ ভগবানকে দ্বার খুলে দিলেন। তখন ভগবান উপস্থানশালায় প্রবেশ করে প্রজ্ঞাপিত আসনে উপবেশন করেন। আসনে উপবিষ্ট ভগবান আয়ুষ্মান নন্দককে বললেনঃ 'সত্যই নন্দক, তুমি যে ধর্ম ভিক্ষুগণকে ভাষণ করছিলে তা দীর্ঘ কথা পর্যাবসানের বহির্দ্বার পথে অপেক্ষমান আমার পৃষ্ঠদেশে বেদনা করছে।'

৩। এরূপ বললে আয়ুষ্মান নন্দক হতবুদ্ধি হয়ে ভগবানকে বললেনঃ 'বস্তুতঃ ভন্তে, আমরা জানতাম না যে ভগবান বহির্দ্বার পথে দাঁড়িয়ে আছেন, ভগবান বহির্দ্বার পথে দাঁড়িয়ে আছেন জানলে আমরা তত্তটুকু

Visit: http://www.buddhistdownload.com

বলতাম না।' তখন ভগবান আয়ুষ্মান নন্দককে হতবুদ্ধি হয়েছেন জানতে পারলেন। তাই ভগবান তাকে বললেন, সাধু, সাধু নন্দক! তোমাদের ন্যায় শ্রদ্ধায় আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজিত প্রতিরূপ কুলপুত্রগণের পক্ষে এটা যথার্থ সময় যে তোমরা ধর্ম শ্রবণের জন্য উপবেশন করবে। নন্দক, তোমরা যারা সমবেত হয়েছ তোমাদের দ্বিবিধ করণীয়ঃ ধর্মোপদেশ বা আর্য নীরবতা প্রতিপালন। হে নন্দক, কোন কোন ভিক্ষু শ্রদ্ধাবান কিন্তু শীলবান নহে; সুতরাং সেক্ষেত্রে সে পরিপূর্ণ নহে[১৯]। তাই তার সে অঙ্গ অবশ্যই পরিপূরণ করতে হবে। তাকে ভাবতে হবে, "আমার যদি শ্রদ্ধা ও শীল উভয়ই বিদ্যমান থাকত! এবং নন্দক, যখন ভিক্ষুর শ্রদ্ধা ও শীল উভয়ই থাকে তখন সে সেক্ষেত্রে পরিপূর্ণ হয়। নন্দক, কোন ভিক্ষুর শ্রদ্ধা ও শীল উভয়ই বিদ্যমান থাকে কিন্তু আভ্যন্তরীণ চিত্ত সমথ লাভী নহে; সুতরাং সেক্ষেত্রে সে সম্পূর্ণ নহে। তাই তার সে অঙ্গ পরিপূর্ণ করা উচিত এ চেতনায়ঃ "আমার যদি শ্রদ্ধা ও শীল বিদ্যমান থাকত এবং আমি যদি আভ্যন্তরীণ চিত্ত-প্রশান্তি লাভ করতে পারতাম! এবং নন্দক, যখন ভিক্ষু শ্রদ্ধাবান ও শীলবান হয় এবং আভ্যন্তরীণ চিত্ত-প্রশান্তি লাভ করতে পারে তখন সে সেক্ষেত্রে সম্পূর্ণ হয়। নন্দক, কোন ভিক্ষু শ্রদ্ধাবান, শীলবান এবং চিত্ত-প্রশান্তি লাভী কিন্তু অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন লাভী নহে; তাই সে সেক্ষেত্রে পূর্ণাঙ্গ নহে। যেমন, নন্দক, কোন চতুষ্পদ প্রাণীর এক পা নিষ্কৃষ্ট এবং লম্বা হতে পারেনি; তাই তার সেই অঙ্গ অপূর্ণ; তদ্রূপ, নন্দক, কোন ভিক্ষুর শ্রদ্ধা ও শীল বিদ্যমান এবং আভ্যন্তরীণ চিত্ত-প্রশান্তি লাভ করতে পারে, কিন্তু অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন লাভ করতে পারে না; তাই তার সে অঙ্গ পূর্ণ করা উচিত এ চিন্তায়ঃ "আমি যদি শ্রদ্ধাবান, শীলবান হতাম এবং আভ্যন্তরীণ চিত্তসমথ ও অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন লাভী হতাম!" এবং নন্দক, ভিক্ষু যখন শ্রদ্ধাবান, শীলবান এবং আভ্যন্তরীণ চিত্তসমথ ও অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন লাভী হয় তখন সে সেক্ষেত্রে পরিপূর্ণ হয়।'

এরূপ বললেন ভগবান। এরূপ বলে সুগত আসন হতে উঠে বিহারে প্রবেশ করেন।

৪। অতঃপর আয়ুষ্মান নন্দক ভগবানের চলে যাওয়ার অল্প সময়ের মধ্যে ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ আয়ুষ্মানগণ, সম্পূর্ণ অখণ্ড পরিপূর্ণ

Visit: http://www.buddhistdownload.com

পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশ করে আসন হতে উঠে ভগবান চার পায়ে বিহারে প্রবেশ করছেন।' (এবং আয়ুষ্মান নন্দক ভিক্ষুগণকে ভগবান যেসব বিষয় ভাষণ করেছিলেন সেসব বললেন)

আয়ুষ্মানগণ, যথা সময়ে ধর্মশ্রবণ এবং ধর্মালাপের এই পঞ্চ আনিশংস। পঞ্চ কি কি?

৫। আয়ুষ্মানগণ, ভিক্ষু ভিক্ষুদিগকে ধর্ম দেশনা করেন যার আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ এবং পর্য্যবসানে বা অন্তে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করে। আবুসো, যেভাবে যেভাবে ভিক্ষু ভিক্ষুগণকে আদি কল্যাণ, মধ্যে কল্যাণ, অন্তে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করে সেভাবে সেভাবে শাস্তা তাঁর নিকট প্রিয়, মনোজ্ঞ, সম্মানিত ও শ্রদ্ধান্বিত হন। আবুসো, যথা কালে ধর্ম শ্রবণ ও ধর্মালাপের এটা প্রথম আনিশংস।

৬। পুনঃ, আবুসো, ভিক্ষু ভিক্ষুগণকে ধর্ম দেশনা করেন যার আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ এবং পর্য্যবসানে বা অন্তে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন। আবুসো, যেভাবে যেভাবে ভিক্ষু ভিক্ষুগণকে আদি কল্যাণ, মধ্যে কল্যাণ এবং পর্য্যবসানে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন সেভাবে সেভাবে তিনি সে ধর্মে অর্থ উপলব্ধি[২০] করেন এবং ধর্ম অনুভব করেন। যথা সময়ে ধর্ম শ্রবণ ও ধর্মালোচনার এটা দ্বিতীয় ফল।

৭। পুনঃ, আবুসো, ভিক্ষু ভিক্ষুগণকে ধর্ম দেশনা করেন যার আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ এবং পর্য্যবসানে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করে। আবুসো, যেভাবে ভিক্ষু ভিক্ষুগণকে আদি কল্যাণ, মধ্যে কল্যাণ এবং পর্য্যবসানে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন সেভাবে সেভাবে তিনি সে ধর্মে গম্ভীর অর্থপদ প্রজ্ঞা দ্বারা উপলব্ধি হয়েছে দেখেন। কালে ধর্ম শ্রবণ ও ধর্মালাপের এটা তৃতীয় ফল।

Visit: http://www.buddhistdownload.com

৮। পুনরায় আবুসো, ভিক্ষু ভিক্ষুগণকে আদি কল্যাণ, মধ্যে কল্যাণ এবং পর্য্যবসানে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন। আবুসো, যেভাবে যেভাবে ভিক্ষু ভিক্ষুগণকে আদি কল্যাণ, মধ্যে কল্যাণ এবং অন্তে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন সেভাবে সেভাবে তাঁর সব্রহ্মচারীগণ তাঁকে অধিক শ্রদ্ধা করেন এ বলেঃ "এ আয়ুষ্মান সত্য লাভ করেছেন বা লাভ করবেন।" আবুসো, যথা সময়ে ধর্ম শ্রবণ ও ধর্মালাপের এটা চতুর্থ ফল।

৯। পুনঃ, আবুসো, ভিক্ষু ভিক্ষুগণকে ধর্ম দেশনা করেন যার আদিতে কল্যাণ, মধ্যে কল্যাণ, অন্তে কল্যাণ, এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ ও পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন। আবুসো, যেভাবে যেভাবে ভিক্ষু ভিক্ষুদিগকে আদি কল্যাণ, মধ্যে কল্যাণ, অন্তে কল্যাণ এবং অর্থযুক্ত, ব্যঞ্জনযুক্ত, সমগ্র পরিপূর্ণ, পরিশুদ্ধ ব্রহ্মচর্য প্রকাশিত করেন সর্বত্র সেসব ভিক্ষু যাঁরা শেখ, যাঁরা চিত্তের নিয়ন্ত্রণ ক্ষমতা লাভ করেননি তাঁরা অনুত্তর যোগক্ষেম প্রাপ্তির জন্য অবস্থান করেন, তাঁরা সে ধর্ম শ্রবণ করে অপ্রাপ্তির প্রাপ্তির জন্য[২১] অনধিগত বিষয়ের অধিগমের জন্য, অপ্রত্যক্ষ বিষয়ের প্রত্যক্ষের জন্য উৎসাহের সাথে চেষ্টা করেন এবং যেসব ভিক্ষু অর্হৎ ক্ষীণাসব, ব্রহ্মচর্য উদ্‌যাপিত, করণীয় কৃত, ভার অপনোদিত, পূর্ণতা লাভী, ভবসংযোজন ক্ষীণ, পূর্ণতা জ্ঞানের মাধ্যমে বিমুক্ত- তাঁরা ধর্ম শ্রবণ করে ইহ জীবনে সুখে বাস করেন। আবুসো, যথা সময়ে ধর্ম শ্রবণ ও ধর্মালোচনার এটা পঞ্চম ফল।

আবুসো, যথা সময়ে ধর্ম শ্রবণের এই পঞ্চ ফল।'

৫. বল সুত্তং- বল সূত্র

৫.১। 'চার প্রকার বল। চার কি কি?

২। প্রজ্ঞাবল, বীর্যবল, অনবদ্যবল, সহানুভূতিবল[২২]। হে ভিক্ষুগণ, প্রজ্ঞাবল কিরূপ?

৩। যে ধর্ম অকুশল এবং অকুশল হিসেবে অভিহিত; যে ধর্ম কুশল এবং তদ্রূপভাবে অভিহিত; যে ধর্ম নিন্দনীয় এবং নিন্দনীয় হিসেবে কথিত; যে ধর্ম অনবদ্য এবং অনবদ্য হিসেবে কথিত; যে ধর্ম কৃষ্ণ

Visit: http://www.buddhistdownload.com

এবং কৃষ্ণ হিসেবে কথিত; যে ধর্ম শুভ্র এবং শুভ্র হিসেবে অভিহিত; যে ধর্ম অসেবনযোগ্য এবং অসেবনযোগ্য হিসেবে অভিহিত; যে ধর্ম সেবনযোগ্য এবং সেবনযোগ্য হিসেবে অভিহিত; যে ধর্ম সত্য সত্যই আর্যজনক নহে এবং তদ্রূপভাবে অভিহিত; যে ধর্ম আর্যোচিত এবং আর্যোচিত বলে অভিহিত; এসব ধর্ম স্পষ্টই দৃষ্ট হয় এবং প্রজ্ঞা দ্বারা পরীক্ষা করা হয়। ভিক্ষুগণ! এটাই প্রজ্ঞাবল। এবং বীর্যবল কিরূপ, ভিক্ষুগণ!

৪। যে ধর্ম অকুশল এবং সেরূপ অকুশল হিসাবে অভিহিত; যে ধর্ম নিন্দাযোগ্য এবং সেভাবে কথিত; যে ধর্ম কৃষ্ণ এবং কৃষ্ণ হিসেবে কথিত; যে ধর্ম অসেবনযোগ্য এবং তদ্রূপ কথিত; যে ধর্ম আর্যোচিত নহে এবং সেভাবে কথিত; এসব ধর্ম প্রহীনের জন্য সে সার্বিক ইচ্ছা শক্তি প্রয়োগ করে, চেষ্টা করে, কঠোর চেষ্টা করে, চিত্ত নমিত করে, প্রতিজ্ঞা করে। যেধর্ম কুশল এবং কুশল হিসেবে অভিহিত; যে ধর্ম অনবদ্য এবং তদ্রূপ অভিহিত; যে ধর্ম শুভ্র এবং শুভ্র হিসেবে অভিহিত; যে ধর্ম সেবনযোগ্য এবং তদ্রূপ অভিহিত; যে ধর্ম আর্যোচিত এবং আর্যোচিত হিসেবে কথিত; এসব বিষয় লাভের জন্য সে সর্বতোভাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করে, চেষ্টা করে, কঠোর চেষ্টা করে, চিত্ত নমিত করে, প্রতিজ্ঞা করে। ভিক্ষুগণ! এটাকে বলা হয় বীর্যবল। এবং ভিক্ষুগণ, অনবদ্যবল কিরূপ?

৫। হে ভিক্ষুগণ, আর্যশ্রাবক অনবদ্য কায়িক কর্ম সম্পন্ন, অনবদ্য বাককর্ম সম্পন্ন, অনবদ্য মনোকর্ম সম্পন্ন হয়। ভিক্ষুগণ, এটাকে অনবদ্য বল বলা হয়। এবং ভিক্ষুগণ, সহানুভূতিবল কিরূপ?

৬। ভিক্ষুগণ, এই চার প্রকার সহানুভূতির ভিত্তিঃ দান, দয়া, কুশল কর্ম সম্পাদন এবং সম আচরণ[২৩]। ভিক্ষুগণ, দান এদের মধ্যে অগ্রগণ্য; যেমন ধর্মদান। ভিক্ষুগণ, দয়া সর্বোত্তমঃ সৎ ও মনোযোগী শ্রোতৃবৃন্দকে পুনঃ পুনঃ ধর্মশিক্ষা প্রদান। ভিক্ষুগণ, কুশল কর্মের মধ্যে সর্বোত্তমঃ অশ্রদ্ধাবানকে শ্রদ্ধায় উদ্দীপ্ত করা, শ্রদ্ধা সঞ্চারিত করা, শ্রদ্ধায় প্রতিষ্ঠিত করা; দুঃশীলকে শীল সম্পদে উদ্দীপ্ত করা, শীল গুণ সঞ্চারিত করা, শীলে প্রতিষ্ঠিত করা; কৃপণকে ত্যাগসম্পদে উদ্দীপ্ত করা, ত্যাগ মহিমা সঞ্চারিত করা, ত্যাগে প্রতিষ্ঠিত করা; নির্বোধকে প্রজ্ঞা সম্পদে

Visit: http://www.buddhistdownload.com

উদ্দীপ্ত করা, প্রজ্ঞা সঞ্চারিত করা, প্রজ্ঞায় প্রতিষ্ঠিত করা; ভিক্ষুগণ! সম আচরণ সর্বোত্তমঃ স্রোতাপন্ন ও স্রোতাপন্নের মধ্যে; সকৃদাগামী ও সকৃদাগামী, অনাগামী ও অনাগামী ও অর্হৎ ও অর্হতের মধ্যে সমতা। ভিক্ষুগণ, এটা সহানুভূতি হিসেবে অভিহিত।

ভিক্ষুগণ, এগুলিই হল চার বল।

৭। ভিক্ষুগণ, এই চারবলে বলবান হয়ে আর্যশ্রাবক পঞ্চ ভয় অতিক্রম করেছেন। পঞ্চ কি কি?

৮। দুর্জীবিকাভয়, দুর্নামভয়, পরিষদভয়, মৃত্যুভয়, দুর্গতিভয়। ভিক্ষুগণ, আর্যশ্রাবক এরূপ গভীরভাবে চিন্তা করেঃ

৯। 'আমি জীবিকা ভয়ে ভীত নহি। আমি কেন জীবিকা ভয়কে ভয় করব? আমার চতুর্বিধ বল আছেঃ প্রজ্ঞাবল, বীর্যবল, অনবদ্যবল, সহানুভূতিবল। কিন্তু নির্বোধ জীবিকা ভয়কে ভয় করতে পারে, অলসব্যক্তি জীবিকাভয়কে ভয় করতে পারে, দোষী ব্যক্তি কায়িক, বাচনিক, মানসিক কর্মে জীবিকা ভয়কে ভয় করতে পারে। আমি দুর্নাম ভয়ে ভীত নহি ..... আমি পরিষদে হতবুদ্ধি হয়ে ভীত নহি ..... আমি মৃত্যু ভয়ে ভীত নহি ..... আমি দুর্গতি ভয়কে ভয় করি না। আমি কেন দুর্গতি ভয়কে ভয় করব? আমার চতুর্বিধ বল আছেঃ প্রজ্ঞাবল, বীর্যবল, অনবদ্য বল, সহানুভূতিবল। নির্বোধ দুর্গতি ভয়ে ভীত হতে পারে, অলসব্যক্তি দুর্গতি ভয়কে ভয় করতে পারে, দোষী ব্যক্তি কায়িক, বাচনিক ও মানসিক কর্মে দুর্গতি ভয়কে ভয় করতে পারে। সহানুভূতিহীন ব্যক্তি দুর্গতি ভয়কে ভয় করতে পারে।

হে ভিক্ষুগণ, এই চতুর্বিধ বলে বলসম্পন্ন আর্যশ্রাবক এই পঞ্চ ভয় অতিক্রম করেছেন।'

৬. সেবন সুত্তং- সেবন সূত্র

৬.১। তখন আয়ুষ্মান শারীপুত্র ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ ভিক্ষুগণ! আবুসোগণ। 'আবুসো,' সেই ভিক্ষুগণ উত্তর দিলেন এবং আয়ুষ্মান শারীপুত্রের কথায় সায় দিলেন। আয়ুষ্মান শারীপুত্র বললেনঃ

২। 'আবুসোগণ, কোন ব্যক্তিকে দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য[২৪] বা অসেবনযোগ্য; বন্ধুগণ, একটা চীবরকে দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য; পিণ্ডপাতও দ্বিবিধ

Visit: http://www.buddhistdownload.com

উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য; বন্ধুগণ, শয্যাসনও দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য; বন্ধুগণ, গ্রাম নিগমও দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য; বন্ধুগণ, জনপদও দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য।

৩। বন্ধুগণ, বলা হয় একজন ব্যক্তিকে দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য। কেন এরূপ কথিত হয়?

কোন ব্যক্তির উদাহরণ ধরা যাক যে কোন ব্যক্তি সম্পর্কে জানেঃ "এ ব্যক্তিকে অনুসরণ করে আমার অকুশল বৃদ্ধি পাচ্ছে এবং কুশল হ্রাস পাচ্ছে; আমার প্রব্রজিত জীবনের প্রয়োজনীয় সামগ্রীঃ চীবর, পিণ্ডপাত, শয্যাসন, গিলান প্রত্যয়, ভৈষজ্য, পরিষ্কার লাভ করা দুষ্কর; এবং যেজন্য আমি আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করেছি সেই শ্রামণত্ব আমাতে ভাবনা পরিপূরণে সহায়তা করছে না।" বন্ধুগণ, এক্ষেত্রে সেই ব্যক্তিকে অনুসরণ করবেন না, দিনে বা রাত্রে কোন কিছু না বলে পরিত্যাগ করা উচিত, বন্ধনে আবদ্ধ হওয়া উচিত নহে। অথবা, যে ব্যক্তি কারও সম্পর্কে জানেঃ "এ ব্যক্তিকে অনুসরণ করে আমার অকুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে, কুশল ধর্ম হ্রাস পাচ্ছে; এবং আমার প্রব্রজিত জীবনের প্রয়োজনীয় পরিষ্কারঃ চীবর, পিণ্ডপাত, শয্যাসন, গিলান প্রত্যয়, ভৈষজ্য পরিষ্কার অল্প কষ্টে পাওয়া যাচ্ছে; কিন্তু যেজন্য আমি আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজিত হয়েছি আমার সেই শ্রামণত্ব আমাকে ভাবনা পরিপূরণে সহায়তা করছে না।" এক্ষেত্রে বন্ধুগণ, সে ব্যক্তিকে সেবন করা অনুচিত, কোন বাক্য প্রয়োগ না করে তাকে পরিত্যাগ করা উচিত, বন্ধনে বন্ধিত হওয়া অনুচিত। অথবা, যে ব্যক্তি কারও সম্পর্কে জানেঃ "এ ব্যক্তিকে সেবন করে আমার অকুশল ধর্ম হ্রাস পাচ্ছে, কুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে এবং আমার প্রব্রজিত জীবনের প্রয়োজনীয় সামগ্রীঃ চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান প্রত্যয়, ভৈষজ্য, পরিষ্কার কষ্টে পাওয়া যাচ্ছে; যেজন্য আমি আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করেছি, আমার সেই শ্রামণত্ব আমাকে ভাবনা পরিপূরণে সহায়তা করছে।" এক্ষেত্রে বন্ধুগণ, সেই ব্যক্তিকে সুচিন্তিতভাবে সেবন করা উচিত, তাকে পরিত্যাগ করা উচিত নহে। অথবা,

Visit: http://www.buddhistdownload.com

যে ব্যক্তি কারও সম্পর্কে জানেঃ "এ ব্যক্তিকে অনুসরণ করে আমার অকুশল ধর্ম হ্রাস পাচ্ছে, কুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে এবং আমার প্রব্রজিত জীবনের প্রয়োজনীয় সামগ্রীঃ চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলানপ্রত্যয়, ভৈষজ্য, পরিষ্কার অল্প কষ্টে পাওয়া যাচ্ছে; যেজন্য আমি আগার ত্যাগ করে অনাগারিক প্রব্রজ্যা লাভ করেছি, আমার সেই শ্রামণত্ব আমাকে ভাবনা পূরণে সহায়তা করছে।" এক্ষেত্রে বন্ধুগণ, সেই ব্যক্তিকে তোমরা সমগ্র জীবন অনুসরণ করবে, তাকে পরিত্যাগ করবে না, এমনকি ব্যাহত হয়েও না।

বন্ধুগণ, বলা হয়ঃ একজন ব্যক্তিকে দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য এটা যে বলা হয়ে থাকে এটা একারণেই বলা হয়ে থাকে।

৪। বন্ধুগণ, বলা হয়ঃ একটা চীবরকে দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য। কেন এরূপ কথিত হয়? এমন একজন ব্যক্তির কথা ধরা যাক যে চীবর সম্পর্কে জানেঃ "এ চীবর ব্যবহার করে অকুশল ধর্ম বৃদ্ধি পায়, কুশলধর্ম হ্রাস পায়।"- এরূপ চীবর সেবনযোগ্য নহে। কিন্তু সে যদি জানেঃ "এ চীবর ব্যবহার করে অকুশল হ্রাস ও কুশল বৃদ্ধি পায়"- এরূপ চীবর সেবনযোগ্য।

বন্ধুগণ, বলা হয়ঃ এটা চীবরকে দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা সেবনযোগ্য নহে; এটা যে বলা হয়ে থাকে এটা একারণেই বলা হয়ে থাকে।

৫। বন্ধুগণ, পিণ্ডপাতও দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য একথা বলা হয়। কেন এরূপ কথিত হয়?

বন্ধুগণ, এমন এক ব্যক্তির কথা ধরা যাক যে পিণ্ডপাত সম্পর্কে জানেঃ "এ পিণ্ডপাত সেবন করে আমার অকুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে, কুশলধর্ম হ্রাস পাচ্ছে"- এরূপ পিণ্ডপাত সেবন উচিত নহে। কিন্তু সে যদি জানেঃ "এ পিণ্ডপাত সেবন করে আমার অকুশল হ্রাস পাচ্ছে, কুশল বৃদ্ধি পাচ্ছে"- এরূপ পিণ্ডপাত সেবন উচিত।

বন্ধুগণ, এটা যে বলা হয়ঃ পিণ্ডপাত দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য এটা একারণেই বলা হয়ে থাকে।

Visit: http://www.buddhistdownload.com

৬। বন্ধুগণ, শয়নাসনও দ্বিবিধ উপায়ে জানতে হবেঃ সেবনযোগ্য বা সেবন অযোগ্য বলা হয়। কেন এরূপ বলা হয়?

বন্ধুগণ, এমন এক ব্যক্তির কথা ধরা যাক যে শয়নাসন সম্পর্কে জানেঃ "এ শয়নাসন ব্যবহার করে আমার অকুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে, কুশলধর্ম হ্রাস পাচ্ছে।"- এরূপ শয়নাসন ব্যবহার করা উচিত নহে। কিন্তু সে যদি জানেঃ "এ শয়নাসন ব্যবহার করে আমার অকুশল ধর্ম হ্রাস পাচ্ছে, কুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে"- এরূপ শয়নাসন সেবন উচিত।

বন্ধুগণ, শয়নাসন দ্বিবিধ হিসাবে জানতে হবেঃ সেবনযোগ্য বা সেবন অযোগ্য যে বলা হয়ে থাকে তা একারণেই বলা হয়ে থাকে।

৭। বন্ধুগণ, গ্রাম-নিগমও দ্বিবিধ জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য বলা হয়। কেন এরূপ বলা হয়?

বন্ধুগণ, এমন এক ব্যক্তির কথা ধরা যাক যে গ্রাম-নিগম সম্পর্কে জানেঃ "এ গ্রাম-নিগম ব্যবহার করে আমার অকুশল বৃদ্ধি পাচ্ছে এবং কুশল হ্রাস পাচ্ছে"- এরূপ গ্রাম-নিগম ব্যবহার করে আমার অকুশল হ্রাস পাচ্ছে, কুশলধর্ম বৃদ্ধি পাচ্ছে"- তাহলে এরূপ গ্রাম-নিগম ব্যবহার করা উচিত নহে; "এরূপ গ্রাম-নিগম ব্যবহার করে আমার অকুশল হ্রাস পাচ্ছে, কুশল বৃদ্ধি পাচ্ছে" তাহলে এ গ্রাম-নিগম ব্যবহার করা উচিত। বন্ধুগণ, গ্রাম-নিগম দ্বিবিধ জানতে হবেঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য যে বলা হয়ে থাকে তা এ কারণেই বলা হয়ে থাকে।

৮। বন্ধুগণ, জনপদ দ্বিবিধ উপায়ে জানা উচিতঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য বলা হয়। কেন এরূপ বলা হয়?

বন্ধুগণ, এমন এক ব্যক্তির কথা ধরা যাক যে জন-পদ সম্পর্কে জানেঃ "এ জন-পদ ব্যবহার করে আমার অকুশল বৃদ্ধি পাচ্ছে, কুশল ধর্ম হ্রাস পাচ্ছে"- এরূপ জন-পদ ব্যবহার করা উচিত নহে। কিন্তু সে যদি জানেঃ "এ জন-পদ ব্যবহার করে আমার অকুশল ধর্ম হ্রাস পাচ্ছে, কুশল ধর্ম বৃদ্ধি পাচ্ছে"- এরূপ জন-পদ ব্যবহার করা উচিত।

বন্ধুগণ, জন-পদ দ্বিবিধ জানা উচিতঃ সেবনযোগ্য বা অসেবনযোগ্য যে বলা হয় তা একারণেই বলা হয়ে থাকে।'

Visit: http://www.buddhistdownload.com

৭. সুতবা সুত্তং- সুতবা সূত্র

৭.১। এরূপ শ্রুত হয়েছে- এক সময় ভগবান রাজগৃহে গৃধ্রকূট পর্বতে অবস্থান করছিলেন। তখন পরিব্রাজক সুতবা ভগবান যেখানে ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে প্রণাম জানিয়ে এবং সৌজন্যমূলক বাক্য বিনিময়ের পর একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট পরিব্রাজক সুতবা ভগবানকে বললেনঃ-

২। 'ভন্তে, এক উপলক্ষে যখন ভগবান এখানে রাজগৃহের গিরিব্রজে অবস্থান করছিলেন, আমি ভগবানের মুখ নিঃসৃত, তাঁর স্বমুখে উচ্চারিত এটা শিখেছিলামঃ "অর্হৎ ভিক্ষু সুতবা যিনি ক্ষীণাসব, জীবন নির্বাহিত, করণীয় কৃত, ভার অপনোদিত, লক্ষ্যস্থলে উপনীত, ভবসংযোজন ক্ষীণ, সম্যকভাবে জ্ঞাত[২৫], বিমুক্ত- তিনি পাঁচটি শর্ত লঙ্ঘন করতে পারেন নাঃ একজন ক্ষীণাসব ভিক্ষু সজ্ঞানে কোন প্রাণী হত্যা করতে পারেন না, চৌর্যচিত্তে[২৬] অদত্ত বস্তু গ্রহণ করতে পারে না, মৈথুন সেবন করতে পারেন না, ইচ্ছাকৃতভাবে মিথ্যা কথা বলতে পারেন না, পূর্বের আগারিক জীবনে থাকাকালীন সঞ্চয় করার ন্যায় সঞ্চয়ে কোন প্রকার ঔৎসুক্য প্রদর্শন করতে পারেন[২৭] না।" 'ভন্তে, আমি কি ভগবান থেকে ব্যাপারটি যথার্থই শ্রবণ করেছি, যথার্থই গ্রহণ করেছি, আমি কি সঠিক বিষয়টি মনে ধারণ করেছি, নির্ভুলভাবে উপলব্ধি করেছি[২৮]?'

৩। 'সত্যই সুতবা, তুমি বিষয়টি যথার্থই শ্রবণ করেছ, যথার্থই গ্রহণ করেছ, সঠিকভাবে মনে ধারণ করেছ, নির্ভুলভাবে উপলব্ধি করেছ। সুতবা, আমি পূর্বে ঘোষণা করেছি এবং বর্তমানেও ঘোষণা করছিঃ যে ভিক্ষু অর্হৎ, ক্ষীণাসব, জীবন অতিবাহিত, করণীয় কৃত, ভার অপনোদিত, লক্ষ্যস্থলে উপনীত, ভবসংযোজন ক্ষীণ, সম্যকভাবে জ্ঞাত, বিমুক্ত সে নয়টি বিষয় লঙ্ঘন করতে পারে নাঃ সে সজ্ঞানে কোন প্রাণী হত্যা করতে পারে না, চৌর্যচিত্তে অদত্ত বস্তু গ্রহণ করতে পারে না, মৈথুন সেবন করতে পারে না, ইচ্ছাকৃতভাবে মিথ্যাভাষণ করতে পারে না, পূর্বেকার আগারিক জীবনে রত থাকার সময় যে সঞ্চয় মনোবৃত্তি ছিল সঞ্চয়ে সেরূপ কোন ঔৎসুক্য প্রদর্শন করতে পারে না, অর্হৎ, ক্ষীণাসব ভিক্ষু ইচ্ছাপূর্বক বিপথে যেতে পারে না, দোষযুক্ত হয়ে বিপথে যেতে পারে না, মোহাচ্ছন্ন হয়ে বিপথে যেতে পারে না, ভয়ে ভীত হয়ে বিপথে যেতে পারে[২৯] না।

Visit: http://www.buddhistdownload.com

সুতবা, আমি পূর্বে যেমন বলেছি বর্তমানেও ঘোষণা করছিঃ যে ভিক্ষু অর্হৎ, ক্ষীণাসব, জীবন অতিবাহিত, করণীয় কৃত, ভার অপনোদিত, লক্ষ্যস্থলে উপনীত, ভবসংযোজন ক্ষীণ, সম্যকভাবে জ্ঞাত, বিমুক্ত সে এই নয়টি বিষয় লঙ্ঘন করতে পারে না।'

৮. সঙ্ঘ সুত্তং- সঙ্ঘ সূত্র

৮.১। এক সময় ভগবান রাজগৃহের গৃধ্রকূট পর্বতে অবস্থান করছিলেন। সে সময় সঙ্ঘ পরিব্রাজক ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানের সাথে কুশল বিনিময় করেন, কুশল বিনিময়ের পর একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট সঙ্ঘ পরিব্রাজক ভগবানকে বলেনঃ-

২। 'ভন্তে, এক উপলক্ষে যখন ভগবান এখানে রাজগৃহের গিরিব্বজে অবস্থান করছিলেন, আমি ভগবানের মুখ নিঃসৃত, তাঁর সম্মুখে উচ্চারিত এটা শিখেছিলামঃ "অর্হৎ ভিক্ষু সঙ্ঘ যিনি ক্ষীণাসব, জীবন নির্বাহিত, করণীয় কৃত, ভার অপনোদিত, লক্ষ্যস্থলে উপনীত, ভব সংযোজন ক্ষীণ, সম্যকভাবে জ্ঞাত, বিমুক্ত- তিনি পাঁচটি শর্ত লঙ্ঘন করতে পারেন নাঃ একজন ক্ষীণাসব ভিক্ষু সজ্ঞানে কোন প্রাণী হত্যা করতে পারেন না, চৌর্যচিত্তে অদত্ত বস্তু গ্রহণ করতে পারেন না, মৈথুন সেবন করতে পারেন না, ইচ্ছাকৃতভাবে মিথ্যা কথা বলতে পারেন না, পূর্বের আগারিক জীবনে থাকাকালীন সঞ্চয়ের ন্যায় সঞ্চয়ে কোন প্রকার ঔৎসুক্য প্রদর্শন করতে পারেন না।"

ভন্তে, অনুগ্রহপূর্বক বলুন আমি কি ভগবান থেকে ব্যাপারটি যথাযথই শ্রবণ করেছি, যথার্থই গ্রহণ করেছি, সঠিকভাবে মনে ধারণ করেছি, যথার্থই অনুধাবন করেছি?'

৩। 'সত্য-সত্যই সঙ্ঘ, তুমি বিষয়টি যথাযথই শ্রবণ করেছ, যথার্থই গ্রহণ করেছ, সঠিকভাবে মনে ধারণ করেছ, যথার্থই অনুধাবন করেছ। সঙ্ঘ, আমি পূর্বে ঘোষণা করেছি এবং এখনও ঘোষণা করছিঃ যে ভিক্ষু অর্হৎ, ক্ষীণাসব, জীবন অতিবাহিত, করণীয় কৃত, ভার অপনোদিত, লক্ষ্যস্থলে উপনীত, ভব সংযোজন ক্ষীণ, সম্যকভাবে জ্ঞাত, বিমুক্ত সে নয়টি বিষয় লংঘন করতে পারে নাঃ একজন ক্ষীণাসব ভিক্ষু সজ্ঞানে কোন প্রাণী হত্যা করতে পারে না, চৌর্যচিত্তে অদত্ত বস্তু গ্রহণ করতে

Visit: http://www.buddhistdownload.com

পারে না, মৈথুন সেবন করতে পারে না, ইচ্ছাকৃতভাবে মিথ্যাভাষণ করতে পারে না, পূর্বেকার আগারিক জীবনে থাকাকালীন যে সঞ্চয় মনোবৃত্তি ছিল সঞ্চয়ে তদ্রূপ কোন ঔৎসুক্য প্রদর্শন করতে পারে না, অর্হৎ, ক্ষীণাসব ভিক্ষু ইচ্ছাপূর্বক বিপথে যেতে পারে না, দোষযুক্ত হয়ে বিপথে যেতে পারে না, মোহাচ্ছন্ন হয়ে বিপথে যেতে পারে না, ভয়ে ভীত হয়ে বিপথে যেতে পারে না; বুদ্ধকে অস্বীকার করতে পারে না, ধর্মকে অস্বীকার করতে পারে না, সংঘকে অস্বীকার করতে পারে না, শিক্ষাকে অস্বীকার করতে পারে না। সজ্ঞ, আমি পূর্বেও বলেছি এবং এখনও ঘোষণা করছিঃ একজন অর্হৎ ক্ষীণাসব ভিক্ষু যার জীবন অতিবাহিত, করণীয় কৃত, অপনোদিত ভার, লক্ষ্যস্থলে উপনীত, ভব সংযোজন ক্ষীণ হয়েছে, সম্যকভাবে জ্ঞাত, বিমুক্ত সে এই নয়টি বিষয় লঙ্ঘন করতে পারে না।'

৯. পুগ্গল সুত্তং- পুদ্গল সূত্র

৯.১। 'ভিক্ষুগণ, এই নববিধ পুদ্গল জগতে বিদ্যমান। নয় কি কি?

২। অর্হৎ, অর্হত্বে উপনীত, অনাগামী, অনাগামীফল প্রত্যক্ষ করণে উপনীত, সকৃদাগামী, সকৃদাগামীফল প্রত্যক্ষকরণে উপনীত, স্রোতাপন্ন, স্রোতাপন্নফল প্রত্যক্ষকরণে উপনীত, পৃথগ্জন ভিক্ষুগণ, এই নববিধ পুদ্গল জগতে বিদ্যমান।'

১০. আহুনেয্য সুত্তং- আহ্বানযোগ্য সূত্র

১০.১। 'ভিক্ষুগণ, এই নববিধ পুদ্গল শ্রদ্ধেয়, সম্মানযোগ্য, দানযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের শ্রেষ্ঠ পুণ্যক্ষেত্র। নয় কি কি?

২। অর্হৎ, অর্হত্বে উপনীত, অনাগামী, অনাগামীফল প্রত্যক্ষকরণে উপনীত, সকৃদাগামী, সকৃদাগামীফল প্রত্যক্ষকরণে উপনীত, স্রোতাপন্ন, স্রোতাপত্তিফল প্রত্যক্ষকরণে উপনীত, গোত্রভূ।

ভিক্ষুগণ, এই নববিধ পুদ্গল শ্রদ্ধেয়, সম্মানযোগ্য, দানযোগ্য, অঞ্জলিযোগ্য, জগতের অনুত্তর পুণ্যক্ষেত্র।'

[সম্বোধি-বর্গ প্রথম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

তস্সুদ্দানং- স্মারক গাথা

সম্বোধি, নিস্সয় এবং মেঘিয়, নন্দক, বল,
সেবন, সুতবা, সঙ্খ, পুদ্গল এবং শ্রদ্ধেয়।

২. সীহনাদ বগ্গো- সিংহনাদ বর্গ

১. সীহনাদ সুত্তং- সিংহনাদ সূত্র

১১.১। এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিকের বিহারে অবস্থান করছিলেন। তখন শ্রদ্ধেয় শারীপুত্র ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান শারীপুত্র ভগবানকে বললেনঃ 'ভন্তে, আমি শ্রাবস্তীতে বর্ষাবাস উদ্‌যাপন করেছি এবং এখন আমি জনপদে যেতে ইচ্ছুক।'

'শারীপুত্র, এখন তুমি যা উপযুক্ত মনে কর তা কর।' তৎপর আয়ুষ্মান শারীপুত্র আসন থেকে উঠে ভগবানকে অভিবাদন করে প্রদক্ষিণ করতঃ চলে গেলেন।

২। অতঃপর আয়ুষ্মান শারীপুত্রের চলে যাওয়ার অল্পকালের মধ্যে জনৈক ভিক্ষু ভগবানকে বললেনঃ 'ভন্তে, আয়ুষ্মান শারীপুত্র আমাকে অভিযুক্ত করেছেন এবং আমার থেকে ক্ষমা না চেয়ে পর্যটনে চলে গেলেন। ভগবান তখন এক ভিক্ষুকে আহ্বান করে বললেনঃ 'ওহে ভিক্ষু, আমার নির্দেশে শারীপুত্রকে আহ্বান করঃ "বন্ধু শারীপুত্র, শাস্তা আপনাকে আহ্বান করেছেন।" 'হাঁ ভন্তে,' ভিক্ষুটি উত্তর দিলেন এবং ভগবান কর্তৃক প্রতিশ্রুত হয়ে আয়ুষ্মান শারীপুত্রের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে আয়ুষ্মান শারীপুত্রকে বললেনঃ 'বন্ধু, শাস্তা আপনাকে আহ্বান করেছেন।' 'হাঁ, বন্ধু', আয়ুষ্মান শারীপুত্র সেই ভিক্ষুকে সম্মতি দিলেন। সে সময় আয়ুষ্মান মোদ্গলায়ন এবং আয়ুষ্মান আনন্দ চাবি নিয়ে বিহার হতে বিহারে গেলেন এবং বললেনঃ 'আয়ুষ্মানগণ, তাড়াতাড়ি আসুন, যেহেতু শ্রদ্ধেয় শারীপুত্র এখন ভগবানের সম্মুখে সিংহনাদ করবেন।'

৩। তৎপর আয়ুষ্মান শারীপুত্র ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান শারীপুত্রকে ভগবান বললেনঃ

Visit: http://www.buddhistdownload.com

'আয়ুষ্মান শারীপুত্র, এখানে তোমার জনৈক সব্রহ্মচারী তোমার বিরুদ্ধে নালিশ করেছেঃ "ভন্তে, আয়ুষ্মান শারীপুত্র আমাকে অভিযুক্ত করেছেন এবং আমার থেকে ক্ষমা না চেয়ে পর্যটনে চলে গেছেন।"

৪। 'ভন্তে, এটা সত্য যে, যাঁর কায়গতাস্মৃতি নেই তিনি অন্য সব্রহ্মচারীকে অভিযুক্ত করে ক্ষমা না চেয়ে পর্যটনে চলে যেতে পারেন।

যেমন, ভন্তে, তারা পৃথিবীতে শুচি পদার্থ, অশুচি পদার্থ, গূথ পদার্থ, মূত্র, থুথু, পুঁয, রক্ত নিক্ষেপ করছে, তথাপি পৃথিবী পরম বিতৃষ্ণা, অনিচ্ছা বা নিদারুণ বিরক্তিতে ভরে উঠছে না, তদ্রূপ, ভন্তে, আমি পৃথিবী সদৃশ মহৎ, অপ্রমাণ মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করছি। ভন্তে, এটা সত্য যে, যাঁর মধ্যে কায়গতাস্মৃতি অবিদ্যমান তিনি অন্যতর সব্রহ্মচারীকে দোষারোপ করে ক্ষমা না চেয়ে পর্যটনে চলে যেতে পারেন।

যেমন, ভন্তে, তারা জলে শুচি পদার্থ, অশুচি পদার্থ, গূথ পদার্থ, মূত্র, থুথু, রক্ত ধৌত করে, তৎসত্ত্বেও জল পরম বিতৃষ্ণা, অনিচ্ছা বা নিদারুণ বিরক্তিতে ভরে উঠে না, তদ্রূপ, আমি জল সদৃশ মহৎ, বিপুল, অপ্রমাণ মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করি। ভন্তে, সত্য সত্যই যাঁর মধ্যে কায়গতা স্মৃতি বিদ্যমান নেই তিনি অন্যতর সব্রহ্মচারীর প্রতি দোষ করে ক্ষমা না চেয়ে পর্যটনে বেরিয়ে যেতে পারেন।

যেমন, ভন্তে, তেজ শুচিকেও দহন করে, অশুচিকেও দহন করে, গূথ পদার্থকেও দহন করে, মূত্র, থুথু, পুঁষ, রক্তকেও দহন করে, তৎসত্ত্বেও, তেজ পরম বিতৃষ্ণা, অনিচ্ছা বা নিদারুণ বিরক্তিতে ভরে উঠে না, তদ্রূপ, ভন্তে, তেজ সদৃশ আমি মহৎ, বিপুল, অপ্রমাণ মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করি। ভন্তে, এটা সত্য যে, যাঁর মধ্যে কায়গতা স্মৃতি বিদ্যমান নেই তিনি অন্যতর সব্রহ্মচারীকে বিদ্রূপ করে ক্ষমা না চেয়ে পর্যটনে বেরিয়ে যাবেন তা বলাই বাহুল্য।

যেমন, ভন্তে, বায়ু প্রবাহিত হলে শুচি, অশুচি, গূথ, মূত্র, থুথু, পুঁয এবং রক্ত- এসব পদার্থকেও উড়িয়ে নিয়ে যায়, তৎসত্ত্বেও বায়ু পরম বিতৃষ্ণা, অনিচ্ছা বা বিরক্তি প্রকাশ করে না, তদ্রূপ, বায়ু সদৃশ আমি মহৎ, বিপুল, অপ্রমাণ মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করি। ভন্তে, এটা সত্য যে, যাঁর মধ্যে কায়গতাস্মৃতি বিদ্যমান নেই তিনি একজন

Visit: http://www.buddhistdownload.com

সব্রহ্মচারীকে বিদ্রূপ করে ক্ষমা না চেয়ে পর্যটনে বেরিয়ে যেতে পারেন।

যেমন, ভন্তে, ধুলা ঝাড়ার নেকড়া শুচি, অশুচি, গূথ, মূত্র, থুথু, পুঁয এবং রক্ত- এসব পদার্থকে মুছে ফেলে, তৎসত্ত্বেও, মোছার নেকড়া বিতৃষ্ণা, অনিচ্ছা বা বিরক্তি প্রকাশ করে না; তদ্রূপ, ভন্তে, নেকড়া সদৃশ আমি মহৎ, বিপুল, অপ্রমাণ মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করি। ভন্তে, সত্য-সত্যই যাঁর মধ্যে কায়গতা স্মৃতি অবিদ্যমান তিনি একজন সব্রহ্মচারীকে বিদ্রূপ করে ক্ষমা না চেয়ে পর্যটনে বেরিয়ে যেতে পারেন। এতে বিচিত্র কি!

যেমন, ভন্তে, কোন চণ্ডাল[১] কুমার বা চণ্ডাল কুমারী ছিন্ন বস্ত্র টুকরা পরিহিত হয়ে ভিক্ষা থালা হস্তে গ্রাম বা নিগমে প্রবেশ করে বিনীত মুখাবয়ব ধারণ করে চলে; তদ্রূপ, ভন্তে, আমি চণ্ডাল কুমার সদৃশ মহৎ, বিপুল, অপ্রমাণ মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করি। ভন্তে, এটা সত্য যে, যাঁর মধ্যে কায়গতা স্মৃতি লেশমাত্র বিদ্যমান নেই তিনি সব্রহ্মচারীর নিন্দা করে ক্ষমা না চেয়ে পর্যটনে বের হয়ে যেতে পারেন।

যেমন, ভন্তে, কোন ছিন্ন শিং শান্ত, সুদান্ত, সুবিনীত ষাঁড় রাস্তা হতে রাস্তায়, দু'রাস্তার সঙ্গমস্থল হতে দু'রাস্তার সঙ্গমস্থলে ঘুরে বেড়ানোর সময় এর পা বা শিং দ্বারা কারো ক্ষতি করে না; তদ্রূপ, ভন্তে, ছিন্ন শিং ষাঁড় সদৃশ আমি মহৎ, বিপুল, অপ্রমেয় মৈত্রী ও বিদ্বেষহীন চিত্তে অবস্থান করি। ভন্তে, এটা সত্য যে, যাঁর মধ্যে কায়গতাস্মৃতি বিদ্যমান নেই তিনি সব্রহ্মচারীর নিন্দা করে ক্ষমা না চেয়ে পর্যটনে বের হয়ে যেতে পারেন।

যেমন, ভন্তে, কোন স্ত্রী বা পুরুষ বা বালক বা যুবক মস্তক ধৌত করে, পোষাক পরিহিত হয়ে যদি তার কণ্ঠে সর্প, কুকুর বা মনুষ্য মৃতদেহ ঝুলিয়ে দেয় তাহলে পরম বিতৃষ্ণা, অনিচ্ছা বা বিরক্তি উদ্রেক করে। তদ্রূপ, ভন্তে, আমি এই দুর্গন্ধযুক্ত কায়ের পরম বিতৃষ্ণা, অনিচ্ছা বা বিরক্তিতে পরিপূর্ণ। ভন্তে, সত্য-সত্যই যাঁর মধ্যে কায়গতা স্মৃতি বিদ্যমান নেই তিনি সব্রহ্মচারীর নিন্দা করে ক্ষমা না চেয়ে পর্যটনে বের হয়ে যেতে পারেন।

যেমন, ভন্তে, কোন লোক ছিদ্রযুক্ত, বিচ্ছিদ্রযুক্ত মেদপূর্ণ গাত্রে যা

Visit: http://www.buddhistdownload.com

হতে ধীরে ধীরে, ফোঁটা ফোঁটা মেদ পড়ে তা বহন করে; তদ্রূপ, ভন্তে, আমি ছিদ্রযুক্ত, বিচ্ছিদ্রযুক্ত এ দেহকে বহন করি। ভন্তে, এটা সত্য যে, যাঁর মধ্যে কায়গতাস্মৃতি বিদ্যমান নেই তিনি সব্রহ্মচারীকে নিন্দা করে ক্ষমা না চেয়ে পর্যটনে বের হয়ে যেতে পারেন।'

৫। অতঃপর সেই ভিক্ষু আসন হতে উঠে উত্তরাসঙ্গ একাংশ করে ভগবানের পাদে মস্তক রেখে নিপতিত হয়ে ভগবানকে এরূপ বললেনঃ "ভন্তে, আমি লংঘনের ফাঁদে পড়েছি। নির্বোধের ন্যায়, অন্ধলোকের ন্যায়, দুর্জন সদৃশ আমি অন্যায়ভাবে, অনর্থক, মিথ্যার বশবর্তী হয়ে শ্রদ্ধেয় শারীপুত্রকে অভিযুক্ত করেছি। ভন্তে, আমাকে পাপের ক্ষমা করুন, পাপ হতে ভবিষ্যতে আমি যেন নিজকে সংযত করতে পারি।'

'সত্যই হে ভিক্ষু, তুমি পাপ করেছ। নির্বোধের ন্যায়, অন্ধলোকের মত, দুর্জন সদৃশ তুমি অন্যায়ভাবে, অনর্থক, মিথ্যার বশবর্তী হয়ে শ্রদ্ধেয় শারীপুত্রকে অভিযুক্ত করেছ। কিন্তু যেহেতু তুমি পাপকে পাপ হিসাবে এবং যথাধর্ম প্রতিকার করেছ তাই আমরা তোমাকে ক্ষমা করলাম। সত্যই, হে ভিক্ষু, এটা তার কারণে আর্যদের বিনয়ের[২] লাভ যে পাপকে পাপ হিসাবে দেখেছে তদ্রূপ স্বীকার করেছে, সংশোধন করেছে যাতে ভবিষ্যতে সে যেন নিজকে সংযত করতে পারে[৩]"।

৬। অতঃপর ভগবান আয়ুষ্মান শারীপুত্রকে আহ্বান করলেনঃ 'শারীপুত্র, এ মূর্খ ব্যক্তি যেখানে দাঁড়িয়েছে সেখানে তার মস্তক সপ্ত খণ্ডে বিভক্ত[৪] হওয়ার পূর্বে তাকে ক্ষমা কর।' 'ভন্তে, যদি তিনি আমাকে এরূপ বলেন তাহলে আমি সেই আয়ুষ্মানকে ক্ষমা করছি এবং তিনিও আমাকে ক্ষমা করুন।'

২. স-উপাদিসেস সুত্তং- স-উপাদিসেস সূত্র

১২.১। এক সময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিক নির্মিত বিহারে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান শারীপুত্র পূর্বাহ্ন সময়ে চীবর পরিহিত হয়ে পাত্রচীবর সঙ্গে নিয়ে শ্রাবস্তীতে পিণ্ডাচরণে প্রবেশ করেন। তখন[৫] শ্রদ্ধেয় শারীপুত্র চিন্তা করলেনঃ 'শ্রাবস্তীতে পিণ্ডাচরণের পক্ষে এখনও অনেক সময় আছে। এসময়ের মধ্যে অন্য তীর্থিয় পরিব্রাজকদের আরামে উপস্থিত হওয়া যেতে পারে।' তৎপর আয়ুষ্মান শারীপুত্র অন্য তীর্থিয় পরিব্রাজকদের আরামে উপস্থিত হন, উপস্থিত

Visit: http://www.buddhistdownload.com

হয়ে অন্য তীর্থিয় পরিব্রাজকদের সাথে কুশল বিনিময় করেন, কুশল বিনিময়ের পর একপ্রান্তে উপবেশন করেন।

২। সে সময় যেসব উপবিষ্ট সমবেত অন্যতীর্থিয় পরিব্রাজক ছিলেন তাঁদের আলোচ্য বিষয় ছিলঃ 'যারা স-উপাদিসেস কালগত হয় তারা নিরয় হতে অপরিমুক্ত, তির্য্যগ্ যোনি হতে অপরিমুক্ত, প্রেতত্ব হতে অপরিমুক্ত, অপায় দুর্গতি বিনিপাত হতে অপরিমুক্ত।'

৩। তখন আয়ুষ্মান শারীপুত্র অন্য তীর্থিয় পরিব্রাজকদের ভাষিত বিষয়কে অভিনন্দন কিংবা অবজ্ঞা না করে আসন হতে উঠে চলে যাওয়ার সময় নিজকে নিজে বললেনঃ 'আমি ভগবান হতে এ ভাষিত বিষয়ের অর্থ জেনে নেব।' তৎপর আয়ুষ্মান শারীপুত্র শ্রাবস্তীতে পিণ্ডাচরণ সমাপ্ত করে প্রত্যাবর্তন করতঃ পিণ্ডপাত গ্রহণ করে ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান শারীপুত্র ভগবানকে বললেনঃ 'ভন্তে, তখন আমি পূর্বাহ্ন সময়ে চীবর পরিহিত হয়ে শ্রাবস্তীতে প্রবেশ করি। ভন্তে, তখন আমি চিন্তা করলামঃ শ্রাবস্তীতে পিণ্ডাচরণের পক্ষে এখনও অনেক সময় বাকী আছে। এসময়ের মধ্যে অন্যতীর্থিয় পরিব্রাজকদের আরামে উপস্থিত হয়ে অন্য তীর্থিয় পরিব্রাজকদের সাথে কুশল বিনিময় করেন, কুশল বিনিময়ের পর একপ্রান্তে উপবেশন করেন।

সে সময় যেসব উপবিষ্ট সমবেত অন্যতীর্থিয় পরিব্রাজক ছিলেন তাঁদের আলোচ্য বিষয় ছিলঃ 'যারা স-উপাদিসেস কালগত হয় তারা নিরয় হতে অপরিমুক্ত, তির্য্যগ্ যোনি হতে অপরিমুক্ত, প্রেতত্ব হতে অপরিমুক্ত, অপায় দুর্গতি বিনিপাত হতে অপরিমুক্ত।'

তখন আয়ুষ্মান শারীপুত্র অন্য তীর্থিয় পরিব্রাজকদের ভাষিত বিষয় অভিনন্দন কিংবা অবজ্ঞা না করে আসন হতে উঠে চলে যাওয়ার সময় নিজকে নিজে বললেনঃ 'আমি ভগবান হতে এ ভাষিত বিষয়ের অর্থ জেনে নেব।'

৪। 'শারীপুত্র, এসব অন্য তীর্থিয় পরিব্রাজকের কেউ কেউ নির্বোধ এবং বোধশক্তি হীন, কেউ স-উপাদিসেসকে স-উপাদিসেস হিসাবে জানবে, কেউ অনুপাদিসেসকে অনুপাদিসেস হিসাবে জানবে।

Visit: http://www.buddhistdownload.com

শারীপুত্র, এই নয় প্রকার পুদ্গল যখন স-উপাদিসেস কাল প্রাপ্ত হয় তারা নরক হতে, তির্যগ্ যোনি, প্রেতত্ব ও অপায়দুর্গতি হতে পরিমুক্ত হয়। নয় কি কি?

৫। শারীপুত্র, কোন পুদ্গল শীল-সমাধি পরিপূরণকারী কিন্তু প্রজ্ঞা পরিপূরণকারী নহে[৬]। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে অন্তরাপরিনিব্বায়ী হয়[৭]। শারীপুত্র, এ-ধরণের পুদ্গল প্রথম পুদ্গল যে স-উপাদিসেস কাল প্রাপ্ত হয়ে নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে পরিমুক্ত হয়।

৬। পুনঃ, শারীপুত্র, কোন পুদ্গল শীল ও সমাধি পরিপূরণকারী কিন্তু প্রজ্ঞা পরিপূরণকারী নহে। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে উপহচ্চপরিনিব্বায়ী হয়, সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে অসংস্কারপরিনিব্বায়ী হয়। সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে সসংস্কারপরিনিব্বায়ী হয়, সে পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে সে উর্ধ্বস্রোতা অকনিষ্ঠগামী হয়। শারীপুত্র, এটা পঞ্চম পুদ্গল যে স-উপাদিসেস কালপ্রাপ্ত হয়ে নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে পরিমুক্ত হয়।

৭। পুনরায়, শারীপুত্র, কোন পুদ্গল শীল পরিপূরণকারী কিন্তু সমাধি কিংবা প্রজ্ঞা পরিপূরণকারী নহে। সে ত্রি-সংযোজন ক্ষয় করতঃ রাগ-দ্বেষ-মোহ ক্ষয় করতঃ সকৃদাগামী হয়, সে জগতে একবার মাত্র প্রত্যাগমন করে এবং দুঃখের অন্তসাধন করে। শারীপুত্র, এটা ষষ্ঠ পুদ্গল যে স-উপাদিসেস কাল প্রাপ্ত হয়ে নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে মুক্ত হয়।

৮। পুনঃ, শারীপুত্র, কোন পুদ্গল শীল পরিপূরণকারী কিন্তু সমাধি কিংবা প্রজ্ঞা পরিপূরণকারী নহে। সে ত্রি-সংযোজন ক্ষয় করে একবীজি[৮] হয় এবং একবার মাত্র মনুষ্য হিসাবে জন্ম গ্রহণ করে দুঃখের অন্তসাধন করে। শারীপুত্র, এটা সপ্তম পুদ্গল যে স-উপাদিসেস কালপ্রাপ্ত হয়ে নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে মুক্ত হয়।

৯। পুনরায়, শারীপুত্র, কোন পুদ্গল শীল পরিপূরণকারী, সমাধি ও প্রজ্ঞায় মধ্যম ধরণের কৃতকার্য। সে ত্রি-সংযোজন ক্ষয় করতঃ কুল হতে কুলে গমনকারী, দুই বা তিন কুল ধাবমান হয়ে দুঃখের অন্তসাধন

Visit: http://www.buddhistdownload.com

করে। শারীপুত্র, এটা অষ্টম পুদ্গল যে স-উপাদিসেস কালপ্রাপ্ত হয়ে নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে মুক্ত হয়।

১০। পুনঃ, শারীপুত্র, কোন পুদ্গল শীল পরিপূরণকারী, সমাধি ও প্রজ্ঞায় মধ্যম ধরণের কৃতকার্য। সে ত্রি-সংযোজন ক্ষয় করতঃ সর্বাধিক সাতবার পুনর্জন্ম গ্রহণ করে এবং সর্বাধিক সাতবার দেব এবং মনুষ্যদের মধ্যে সংসরণ-সন্ধাবন করতে করতে সে দুঃখের অন্তসাধন করে[৯]। শারীপুত্র, এটা নবম পুদ্গল যে স-উপাদিসেস কালপ্রাপ্ত হয়ে নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে মুক্ত হয়।

শারীপুত্র, অন্য তীর্থিয় পরিব্রাজকদের কেউ কেউ নির্বোধ এবং বোধশক্তিহীন, কেউ স-উপাদিসেসকে স-উপাদিসেস এবং অনুপাদিসেসকে অনুপাদিসেস হিসাবে জানবে।

সত্যই, শারীপুত্র, এই নয় প্রকার পুদ্গল যখন স-উপাদিসেস কালগত হয় তারা নরক, তির্যগ্‌যোনি, প্রেত ও অপায়দুর্গতি হতে পরিমুক্ত হয়। শারীপুত্র, এখনও পর্যন্ত এই ধর্মপর্য্যায় ভিক্ষু, ভিক্ষুণী, উপাসক, উপাসিকাদেরকে ভাষিত হয়নি। তার কারণ কি? পাছে এই ধর্মপর্য্যায় শ্রবণ করতঃ তারা নিজেদের প্রমাদ নিয়ে এসেছিল। অধিকন্তু, শারীপুত্র, এই ধর্মপর্য্যায় আমা দ্বারা প্রশ্নকৃত হয়ে ভাষিত হয়েছিল।'

৩. কোট্‌ঠিক/কোট্‌ঠিত সুত্তং- কোট্‌ঠিক/কোট্‌ঠিত সূত্র

১৩.১। অতঃপর আয়ুষ্মান মহাকোট্‌ঠিত[১০] শ্রদ্ধেয় শারীপুত্রকে দর্শন করতে উপস্থিত হয়েছিলেন, উপস্থিত হয়ে আয়ুষ্মান শারীপুত্রের সাথে কুশল বাক্য বিনিময় করেন, কুশল বাক্য বিনিময়ের পর একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় মহাকোট্‌ঠিত শ্রদ্ধেয় শারীপুত্রকে এরূপ বললেনঃ 'বন্ধু শারীপুত্র, এটা কিরূপ? কেউ কি এ আশায় ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করেঃ "বর্তমানে এখানে আমি যা কিছু অনুভব করছি ভবিষ্যতেও আমি যেন অনুরূপ অনুভব করতে পারি।"'

'প্রকৃতপক্ষে তা নহে বন্ধু।'

'কিন্তু বন্ধু শারীপুত্র, এটা কি এর ঠিক বিপরীতটা?'

'না বন্ধু, প্রকৃতপক্ষে তা নয়।'

Visit: http://www.buddhistdownload.com

'বন্ধু শারীপুত্র, "যে কর্ম সুখবেদনীয়, আমার সেই কর্ম দুঃখবেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?'

'বন্ধু, সত্য-সত্যই তা নহে।'

'কেমন বন্ধু শারীপুত্র, "যে কর্ম দুঃখবেদনীয়, আমার সেই কর্ম সুখবেদনীয় হোক," এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?'

'বন্ধু সত্যই তা নহে।'

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম পরিপক্ববেদনীয়, আমার সে কর্ম অপরিপক্ববেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের অধীনে ব্রহ্মচর্য বাস করে?'

'বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।'

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম অপরিপক্ববেদনীয়, আমার সে কর্ম পরিপক্ববেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?"'

'বন্ধু, সত্যই তা নহে।'

'এটা কেমন, বন্ধু শারীপুত্রঃ "যে কর্ম বহুবেদনীয়, আমার সে কর্ম অল্পবেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের অধীনে ব্রহ্মচর্য উদ্‌যাপন করে?"'

'না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।'

'এটা কেমন, বন্ধু শারীপুত্রঃ "যে কর্ম অল্পবেদনীয়, আমার সে কর্ম বহুবেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?"'

'না বন্ধু, তা নহে।'

'এটা কেমন, বন্ধু শারীপুত্রঃ "যে কর্ম বেদনীয়, আমার সেই কর্ম অবেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?"'

'বন্ধু, সত্যই তা নহে।'

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম অবেদনীয়, আমার সে কর্ম বেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য আচরণ করে?"'

Visit: http://www.buddhistdownload.com

'না বন্ধু, সত্যই তা নহে।'

২। 'বন্ধু শারীপুত্র, এটা কিরূপঃ "বর্তমানে এখানে আমি যা কিছু অনুভব করছি ভবিষ্যতেও আমি যেন অনুভব করতে পারি" কেউ কি এ আশায় ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?" এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।"'

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম ভবিষ্যত বেদনীয়, আমার সে কর্ম বর্তমান বেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?' 'এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, সত্যই তা নহে।"

'তাহলে বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "কর্ম সুখবেদনীয়, আমার সে কর্ম দুঃখবেদনীয় হোক", এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?' 'এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।"

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম দুঃখবেদনীয়, আমার সে কর্ম সুখবেদনীয় হোক", এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?' 'এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, সত্য সত্যই তা নহে।"

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম পরিপক্ববেদনীয়, আমার সে কর্ম অপরিপক্ববেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য বাস করে?' 'এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, সত্যই তা নহে।"

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম অপরিপক্ববেদনীয়, আমার সে কর্ম পরিপক্ববেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য যাপন করে?' 'এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।"

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম বহুবেদনীয়, আমার সে কর্ম অল্পবেদনীয় হোক" এ প্রত্যাশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য যাপন করে?' 'এ প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।"

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম অল্পবেদনীয়, আমার সে কর্ম

Visit: http://www.buddhistdownload.com

বহুবেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য যাপন করে?' 'এভাবে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।"'

'বন্ধু শারীপুত্র, "যে কর্ম বেদনীয়, আমার সে কর্ম অবেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য যাপন করে?' 'এ প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, সত্যই তা নহে।"

'বন্ধু শারীপুত্র, এটা কেমনঃ "যে কর্ম অবেদনীয়, আমার সে কর্ম বেদনীয় হোক" এ আশায় কি কেউ ভগবানের নিকট ব্রহ্মচর্য যাপন করে?' 'এ প্রশ্নের উত্তরে আপনি বলেছেনঃ "না বন্ধু, প্রকৃতপক্ষে তা নহে।" তাহলে ভগবানের নিকট ব্রহ্মচর্য যাপনের কারণ কি?'

৩। 'বন্ধু, যা কিছু অজ্ঞাত তা জানার জন্য, যা কিছু অদৃষ্ট তা দর্শনের জন্য, যা কিছু অপ্রাপ্ত তার প্রাপ্তির জন্য, যা কিছু অপ্রত্যক্ষ তার প্রত্যক্ষণ বা আয়ত্তের জন্য ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়।'

'বন্ধু, যা কিছু অজ্ঞাত তা জানার জন্য, যা কিছু অদৃষ্ট তা দর্শনের জন্য, যা কিছু অপ্রাপ্ত তার প্রাপ্তির জন্য, যা কিছু অপ্রত্যক্ষ তার প্রত্যক্ষণ বা আয়ত্তের জন্য কি ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়?'

'এটা দুঃখ- যা কিছু অজ্ঞাত তা জানার জন্য, যা কিছু অদৃষ্ট তা দর্শনের জন্য, যা কিছু অপ্রাপ্ত তা প্রাপ্তির জন্য, যা কিছু অপ্রত্যক্ষ তা প্রত্যক্ষণ এবং আয়ত্তের জন্য ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়।'

'এটা দুঃখ সমুদয়- যা কিছু অজ্ঞাত তা জানার জন্য, যা কিছু অদৃষ্ট তা দর্শনের জন্য, যা কিছু অপ্রাপ্ত তা প্রাপ্তির জন্য, যা কিছু অপ্রত্যক্ষ তা প্রত্যক্ষণ এবং আয়ত্তের জন্য ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়।'

'এটা দুঃখ নিরোধ- এটা অজ্ঞাত, অদৃষ্ট, অপ্রাপ্ত, অপ্রত্যক্ষ বা অনায়ত্ত এবং বন্ধু, এটা জানার জন্য, দর্শনের জন্য, প্রাপ্তির জন্য, প্রত্যক্ষণ এবং আয়ত্তের জন্য ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়।'

Visit: http://www.buddhistdownload.com

'এটা দুঃখনিরোধগামিনী প্রতিপদা- এটা অজ্ঞাত অদৃষ্ট, অপ্রাপ্ত, অপ্রত্যক্ষ বা অনায়ত্ত এবং বন্ধু, এটা জানার জন্য, দর্শনের জন্য, প্রাপ্তির জন্য, প্রত্যক্ষণ এবং আয়ত্তের জন্য ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়।'

'বন্ধু, এটা অজ্ঞাত, অদৃষ্ট, অপ্রাপ্ত, অপ্রত্যক্ষ বা অনায়ত্ত- এটা জানার জন্য, দর্শনের জন্য, প্রাপ্তির জন্য, প্রত্যক্ষণ বা আয়ত্তের জন্য ভগবানের নিকট ব্রহ্মচর্য জীবন যাপিত হয়।'

৪. সমিদ্ধি সুত্তং- সমিদ্ধি সূত্র

১৪.১। অতঃপর আয়ুষ্মান সমিদ্ধি[১১] আয়ুষ্মান শারীপুত্রের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে আয়ুষ্মান শারীপুত্রকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট আয়ুষ্মান সমিদ্ধিকে আয়ুষ্মান শারীপুত্র বললেনঃ 'কিসের ভিত্তিতে পুরুষের সংকল্পবিতর্ক উৎপন্ন হয়?'

'ভন্তে, নাম এবং রূপের ভিত্তিতে। কি তাদিগকে নানাত্ব দান করে, সমিদ্ধি?' 'ধাতু ভন্তে।' 'সমিদ্ধি, কি কারণে এদের উৎপত্তি?' 'ভন্তে, স্পর্শের কারণে' 'তাদের সাধারণ ভিত্তি কোথায়?' 'ভন্তে, বেদনায়।' 'সমিদ্ধি, কি তাদের মুখ্য?' 'সমাধি মুখ্য অবস্থা, ভন্তে।' 'সমিদ্ধি, কি তাদের অধিপতি?' 'ভন্তে, স্মৃতিপরায়ণতা অধিপতি।' 'সমিদ্ধি, কি তাদের উচ্চতর অবস্থা?' 'ভন্তে, প্রজ্ঞা।' 'সমিদ্ধি, কি তাদের সার?' 'ভন্তে, বিমুক্তিসার।' 'সমিদ্ধি, তারা কিসে মিশে যায়?' 'ভন্তে, অমৃতে (মৃত্যুহীনে)'।

২। 'সমিদ্ধি, কিসের ভিত্তিতে পুরুষের সংকল্পবিতর্ক উৎপন্ন হয়?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে 'নাম এবং রূপের ভিত্তিতে ভন্তে,' উত্তর দিতেছ; 'কি তাদিগকে নানাত্ব দান করে সমিদ্ধি?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে 'ধাতু ভন্তে' উত্তরে বলতেছ, 'কি কারণে সমিদ্ধি এদের উৎপত্তি' এ ধরণের প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে 'ভন্তে, স্পর্শের কারণে 'এ বলে উত্তরে বলছ; 'এদের সাধারণ ভিত্তি কোথায় সমিদ্ধি?' এ ধরণের প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তুমি বলতেছ 'ভন্তে, বেদনায়'; 'সমিদ্ধি, কি তাদের মুখ্য?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তুমি উত্তরে বলতেছ, 'সমাধি মুখ্য ভন্তে'; 'সমিদ্ধি, কি তাদের অধিপতি?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তুমি

Visit: http://www.buddhistdownload.com

উত্তরে বলছঃ 'ভন্তে, স্মৃতিপরায়ণতা।' 'সমিদ্ধি, কি তাদের উচ্চতর অবস্থা?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তুমি উত্তরে বলতেছঃ 'ভন্তে, প্রজ্ঞা।' 'সমিদ্ধি, কি তাদের সার?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তুমি বলতেছঃ 'ভন্তে , বিমুক্তিসার।' 'সমিদ্ধি, তারা কিসে মিশে যায়?' এ প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে তুমি উত্তরে বলতেছঃ 'ভন্তে, অমৃতে (মৃত্যুহীনে)'। সাধু, সাধু সমিদ্ধিঃ তোমার নিকট উত্থাপিত প্রশ্নের যথার্থ উত্তরই প্রদান করেছ। কিন্তু তাই বলে সেজন্য দম্ভ করো না।'

৫. গণ্ড সুত্তং- গণ্ড সূত্র

১৫.১। 'ভিক্ষুগণ, বহু বৎসর ধরে সৃষ্ট একটা গণ্ডের বিষয় কল্পনা কর। এ ক্ষতের নয়টি মুখ, নয়টি স্বাভাবিক মুখ থাকতে পারে। তা হতে যা কিছু বের হতে পারে অশুচি অবশ্যই বের হয়; দুর্গন্ধ অবশ্যই বের হয়; অতিশয় ঘৃণিত বস্তু বের হয়, যা কিছু নির্গত হয় অশুচিই নির্গত হয়, দুর্গন্ধই নির্গত হয়, ঘৃণিত বস্তুই নির্গত হয়।

২। গণ্ড, ভিক্ষুগণ, চতুর্মহাভূত কায়ের একটি নাম, মাতাপিতার উৎপাদন, খাদ্য ও টক, দুধের একটা পিণ্ড যা অনিত্য এবং উৎসাদন, পরিমর্দন, ভেদন, বিধ্বংসনধর্মের অধীন, এর নয়টি মুখ, নয়টি স্বাভাবিক মুখ। তা হতে যা কিছু বের হয় অশুচিই বের হয়, দুর্গন্ধ বের হয়, ঘৃণিত বস্তুই বের হয়; যা কিছু নির্গত হয় অশুচিই নির্গত, দুর্গন্ধ নির্গত হয়। ঘৃণিত বস্তুই নির্গত হয়।

সেজন্য ভিক্ষুগণ, এ কায়ে বিরাগ পোষণ কর।'

৬. সঞ্ঞা সুত্তং- সংজ্ঞা সূত্র

১৬.১। 'ভিক্ষুগণ, এই নয়টি সংজ্ঞা ভাবিত বহুলীকৃত হলে মহা ফল প্রদায়ক, মহা আনিশংস সম্পন্ন, অমৃতে মিশে যায়, অমৃতে পর্যাবসান হয়। নয় কি কি?

২। অশুভসংজ্ঞা, মরণসংজ্ঞা, আহারে প্রতিকূলসংজ্ঞা, সর্বলোকে অনভিরতিসংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা, পরিত্যাগসংজ্ঞা, বিরাগসংজ্ঞা।

ভিক্ষুগণ, এই নয়টি সংজ্ঞা ভাবিত বহুলীকৃত হলে মহা ফল প্রদায়ক, মহা আনিশংস সম্পন্ন, অমৃতে মিশে যায়, অমৃতে পর্যাবসান হয়।'

Visit: http://www.buddhistdownload.com

৭. কুল[১২] সুত্তং- কুল সূত্র

১৭.১। 'হে ভিক্ষুগণ, যদি কেউ ইতো মধ্যে কোন পরিবারে গমন না করে থাকে তাহলে এই নবাঙ্গযুক্ত কারণে গমন শোভন কিংবা গমন করে থাকলে তাদের সাথে উপবেশন অশোভন। নয় কি কি?

২। তারা আনন্দিত মনে আসন থেকে উঠে দাঁড়ায় না, আনন্দিত মনে অভিবাদন করে না, আনন্দিত মনে আসন প্রদান করে না, আসন থাকলেও লুকিয়ে রাখে, অনেক থাকা সত্ত্বেও অল্পই দেয়। উত্তম খাদ্য থাকা সত্ত্বেও মোটা খাদ্যই দেয়, শ্রদ্ধা সহকারে দেয় না, ধর্ম শ্রবণের জন্য উপবেশন করে না, ভাষিত বিষয়ের রস উপভোগ করে না।

ভিক্ষুগণ, যদি কেউ ইতোমধ্যে কোন পরিবারে গমন না করে থাকে তাহলে অশোভন এ নবাঙ্গযুক্ত কারণে গমন কিংবা গমন করে থাকলে তাদের সাথে উপবেশন অশোভন।

৩। হে ভিক্ষুগণ, যদি কেউ ইতো মধ্যে গমন না করে থাকে এই নবাঙ্গযুক্ত কারণে গমন শোভন কিংবা গমন করে থাকলে তাদের সাথে উপবেশন শোভন। নয় কি কি?

৪। তারা আনন্দিত মনে আসন থেকে উঠে দাঁড়ায়, আনন্দিত মনে অভিবাদন করে, আনন্দিত মনে আসন প্রদান করে, আসন থাকলে লুকিয়ে রাখে না, অনেক থাকলে প্রচুর দেয়, প্রণীত থাকলে প্রণীতই দেয়, অসম্মান ও অশ্রদ্ধাভরে দেয় না, সম্মান ও শ্রদ্ধাভরেই দেয়, ধর্ম শ্রবণের জন্য উপবেশন করে, ভাষিত বিষয়ের রস উপভোগ করে।

ভিক্ষুগণ, যদি কেউ ইতো মধ্যে কোন পরিবারে গমন না করে এই নবাঙ্গযুক্ত কারণে গমন শোভন কিংবা গমন করে থাকলে তাদের সাথে উপবেশন শোভন।'

৮. নবঙ্গূপোসথ সুত্তং- নবাঙ্গ উপোসথ সূত্র

১৮.১। 'হে ভিক্ষুগণ, উপোসথ দিবসে যখন নবাঙ্গসম্পন্ন[১৩] উপোসথ রক্ষিত ও উদ্‌যাপিত হয় তা মহাফলদায়ক, মহা আনিশংসকর, মহোজ্জ্বল, ব্যাপক পরিব্যাপ্ত হয় এবং কিভাবে নবাঙ্গসম্পন্ন উপোসথ রক্ষিত ও উদ্‌যাপিত হয় যা মহাফলদায়ক, মহা আনিশংসকর, মহোজ্জ্বল, ব্যাপক পরিব্যাপ্ত হয়?

Visit: http://www.buddhistdownload.com

২। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ "যাবজ্জীবন অরহৎগণ প্রাণিহত্যা প্রতিবিরত; তাঁরা দণ্ড এবং শস্ত্র পরিহার করে বিবেকবান এবং সর্ব জীবের প্রতি দয়াশীল, করুণাপূর্ণ, অনুকম্পাশীল হয়ে বাস করেন। আমিও এখন অদ্য রাত্রে এবং দিনে প্রাণিহত্যা পরিত্যাগ করতঃ প্রাণিহত্যা প্রতিবিরত হব; দণ্ড এবং শস্ত্র পরিত্যাগ করে আমি বিবেকবান এবং সর্ব জীবের প্রতি দয়ালু, করুণাপূর্ণ, অনুকম্পাশীল হয়ে বাস করব। সুতরাং, এ উপায়ে আমি অর্হৎগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব।" এই প্রথম গুণে উপোসথ উদ্‌যাপিত হয়।

৩। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ "অরহতগণ যাবজ্জীবন অদত্তবস্তু গ্রহণ প্রতিবিরত। তাঁরা প্রদত্ত বস্তু গ্রহণকারী, প্রদত্তবস্তু প্রত্যাশী, চৌর্য্যবৃত্তি নয়, শুচিসম্পন্ন হয়ে তাঁরা জীবন নির্বাহ করেন। আমিও এখন অদ্য দিনে এবং রাতে প্রদত্তবস্তু গ্রহণকারী প্রদত্তবস্তু প্রত্যাশী হব; চৌর্যবৃত্তি নয়, শুচিসম্পন্ন হয়েই আমি জীবন নির্বাহ করব। সুতরাং, এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব। এই দ্বিতীয় গুণে উপোসথ যাপিত হয়।

৪। হে ভিক্ষুগণ! একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ অর্হৎগণ যাবজ্জীবন অব্রহ্মচর্য পরিহার করতঃ ব্রহ্মচর্যে রত, তাঁরা মৈথুন, গ্রাম্য আচরণ বিরত। আমিও এখন থেকে তদ্রূপ করব। এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব। এই তৃতীয় গুণে উপোসথ প্রতিপালিত হয়।

৫। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ অর্হৎগণ যাবজ্জীবন মিথ্যা ভাষণ পরিহার করতঃ মিথ্যাভাষণ প্রতিবিরত, সত্যবাদী, আস্থাশীল, বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য, তাঁরা জগতে কারো সাথে প্রবঞ্চনা করেন না। আমিও এখন অদ্য দিনে-রাতে মিথ্যাভাষণ প্রতিবিরত, সত্যবাদী, আস্থাশীল, বিশ্বাসভাজন, নির্ভরযোগ্য হব। জগতে কারো সাথে প্রবঞ্চনা করব না।

Visit: http://www.buddhistdownload.com

সুতরাং, এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব। এই চতুর্থ গুণে উপোসথ উদ্‌যাপিত হয়।

৬। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ "অরহতগণ যাবজ্জীবন সুরা-মদ্যপান, প্রমাদজনককর্ম পরিহার করতঃ সুরা-মদ্যপান ও প্রমাদজনক কার্য প্রতিবিরত হন। আমিও এখন থেকে তদ্রূপ করব। সুতরাং, এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব। এই পঞ্চম গুণে উপোসথ প্রতিপালিত হয়।

৭। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ "অরহতগণ যাবজ্জীবন দিনে একবার মাত্র ভোজনকারী একাহারী, বিকালভোজন বিরত হন। আমিও এখন থেকে তদ্রূপ করব। সুতরাং, এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব। এই ষষ্ঠ গুণে উপোসথ প্রতিপালিত হয়।

৮। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ "অরহতগণ যাবজ্জীবন নৃত্য-গীত দর্শন, মালা পরিধান, নিজকে সজ্জিতকরণ বা অলঙ্কার ইত্যাদি জাঁকজমক পরিধান, সুগন্ধি দ্রব্য ব্যবহার প্রতিবিরত হন। আমিও এখন থেকে এসব হতে প্রতিবিরত হব। এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ পালন করব। এই সপ্তম গুণে উপোসথ প্রতিপালিত হয়।

৯। হে ভিক্ষুগণ, একজন আর্যশ্রাবকের বিষয় বিবেচনা কর যে গভীরভাবে বিবেচনা করেঃ "অরহতগণ যাবজ্জীবন উচ্চশয্যামহাশয্যা পরিত্যাগ করে উচ্চশয্যামহাশয্যা প্রতিবিরত হন, নীচু শয্যায় শয়ন করেন, মঞ্চে বা ছড়ানো তৃণে। আমিও এখন অদ্য দিবা এবং রাত্রে উচ্চশয্যা-মহাশয্যা ব্যবহার হতে বিরত হব, নীচু শয্যায়, মঞ্চে বা ছড়ানো তৃণে শয়ন করব। সুতরাং, এ উপায়ে আমি অরহতগণের উদাহরণ অনুসরণ করব এবং উপোসথ প্রতিপালন করব।" এই অষ্টম গুণে উপোসথ প্রতিপালিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

১০। ভিক্ষুগণ, আর্যশ্রাবক মৈত্রীযুক্ত চিত্তে একদিক পরিব্যাপ্ত করে বাস করেন; তদ্রূপ দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ দিকও[১৪]। তদ্রূপ জগতের ঊর্দ্ধ, অধঃ চতুর্দিক, সর্বত্র তিনি বহুদূর প্রসারিত, বিপুল, মহৎ, অপ্রমাণ, বৈরিতাহীন, বিদ্বেষহীন, মৈত্রীযুক্ত চিত্তে পরিব্যাপ্ত করে অবস্থান করেন। এই নবম গুণে উপোসথ প্রতিপালিত হয়।

ভিক্ষুগণ, উপোসথ দিবসে যখন এই নবাঙ্গযুক্ত উপোসথ প্রতিপালিত ও উদ্‌যাপিত হয় তা মহা ফলদায়ক মহা লাভজনক, মহোজ্জ্বল, মহা পরিব্যাপ্ত হয়।'

৯. দেবতা সুত্তং- দেবতা সূত্র

১৯.১। 'হে ভিক্ষুগণ, দিব্য আভরণ প্রতিমণ্ডিত বহু দেবতা আপন দিব্যজ্যোতিঃতে সমগ্র জেতবন আলোকিত করে শেষ রাত্রে আমার নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে আমাকে অভিবাদন করতঃ একপ্রান্তে দণ্ডায়মান হন। হে ভিক্ষুগণ, একপ্রান্তে দণ্ডায়মান সেসব দেবতা আমাকে বললেনঃ "ভন্তে, যখন পূর্বে আমরা মনুষ্যদের মধ্যে বাস করেছিলাম, অনাগারিক প্রব্রজিতগণ আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন এবং যদিও আমরা (সম্মান বশতঃ) আসন হতে উঠেছিলাম, আমরা (হাততুলে) তাঁদেরকে অভিবাদন জানাইনি। ভন্তে, 'এ কর্তব্য পরিপূরণ না করে আমরা তীব্র অনুশোচনা করেছি এবং তখন থেকে আমরা দুঃখ ভোগ করছি; যেহেতু, আমরা হীন কায়ে উৎপন্ন হয়েছি।"

২। 'ভিক্ষুগণ, তখন সম্বহুল দেবতার অপর একজন আমার নিকট উপস্থিত হয়ে আমাকে বললেনঃ "ভন্তে, পূর্বে আমরা যখন মনুষ্যদের মধ্যে বাস করতেছিলাম তখন অনাগারিক প্রব্রজিতগণ আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন এবং যদিও আমরা আসন হতে উঠেছিলাম এবং অভিবাদন করেছিলাম, আমরা তাঁদেরকে আসন প্রদান করিনি। ভন্তে, এই কর্তব্য প্রতিপালন না করে আমরা তীব্র অনুশোচনা করেছি এবং তখন থেকে আমরা দুঃখ ভোগ করে আসছি; যেহেতু আমরা হীন[১৫] কায়ে জন্ম গ্রহণ করেছি।"

৩। ভিক্ষুগণ, দেবতাদের অপর একজন আমার নিকট এসে আমাকে বললেনঃ "ভন্তে, পূর্বে আমরা যখন মনুষ্যদের মধ্যে বাস

Visit: http://www.buddhistdownload.com

করতেছিলাম তখন অনাগারিক প্রব্রজিতগণ আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন এবং যদিও আমরা আসন হতে উঠেছিলাম এবং অভিবাদন করেছিলাম এবং আমরা তাঁদেরকে আসন প্রদান করেছিলাম, আমাদের শক্তি ও সামর্থ্য অনুসারে আমাদের খাদ্য বিভাজন করে তাঁদেরকে দেইনি। ভন্তে, এই কর্তব্য প্রতিপালন না করে আমরা তীব্র অনুশোচনা করেছি এবং তখন থেকে আমরা দুঃখ ভোগ করে আসছি; যেহেতু আমরা হীন কায়ে জন্ম গ্রহণ করেছি।"

হে ভিক্ষুগণ দেবতাদের মধ্যে অপর একজন আমার নিকট এসে আমাকে বললেনঃ "ভন্তে, পূর্বে আমরা যখন মনুষ্যদের মধ্যে বাস করতেছিলাম তখন অনাগারিক প্রব্রজিতগণ আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন এবং যদিও আমরা আসন হতে উঠেছিলাম এবং অভিবাদন করেছিলাম আমরা তাঁদেরকে আসন প্রদান করেছিলাম এবং আমাদের শক্তি ও সামর্থ্য অনুসারে তাঁদেরকে খাদ্য বিভাগ করে দিয়েছিলাম, ধর্ম শ্রবণের জন্য আমরা চতুর্দিকে উপবেশন করিনি। ভন্তে, এই কর্তব্য প্রতিপালন না করে আমরা তীব্র অনুশোচনা করেছি এবং তখন থেকে আমরা দুঃখ ভোগ করে আসতেছি; যেহেতু আমরা হীন[১৫] কায়ে জন্ম গ্রহণ করেছি।"

ভিক্ষুগণ, দেবতাদের অপর একজন আমার নিকট এসে আমাকে বললেনঃ "ভন্তে, পূর্বে আমরা যখন মনুষ্যদের মধ্যে বাস করতেছিলাম তখন অনাগারিক প্রব্রজিতগণ আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন এবং যদিও আমরা আসন হতে উঠেছিলাম এবং অভিবাদন করেছিলাম এবং আমরা তাঁদেরকে আসন প্রদান করেছিলাম, আমাদের শক্তি ও সামর্থ্য অনুসারে তাঁদেরকে খাদ্য-বিভাগ করে দিয়েছিলাম, ধর্ম শ্রবণের জন্য আমরা চতুর্দিকে উপবেশন করেছিলাম কিন্তু মনোযোগ দিয়ে ধর্ম শ্রবণ করিনি। ভন্তে, এই কর্তব্য প্রতিপালন না করে আমরা তীব্র অনুশোচনা করেছি এবং তখন থেকে আমরা দুঃখ ভোগ করে আসছি; যেহেতু আমরা হীন কায়ে জন্ম গ্রহণ করেছি।"

হে ভিক্ষুগণ! দেবতাদের মধ্যে অপর একজন আমার নিকট এসে আমাকে বললেনঃ "ভন্তে, পূর্বে আমরা যখন মনুষ্যদের মধ্যে বাস করতেছিলাম তখন অনাগারিক প্রব্রজিত আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন এবং যদিও আমরা আসন হতে উঠেছিলাম এবং অভিবাদন

Visit: http://www.buddhistdownload.com

করেছিলাম এবং আমরা তাঁদেরকে আসন প্রদান করেছিলাম, আমাদের শক্তি ও সামর্থ্য অনুসারে তাঁদেরকে খাদ্য-দ্রব্য বিভাগ করে দিয়েছিলাম, ধর্ম শ্রবণের জন্য আমরা চতুর্দিকে উপবেশন করেছিলাম, অন্যমনস্ক হয়ে ধর্ম শ্রবণ করেছিলাম কিন্তু ধর্মশ্রবণ করে তা ধারণ করিনি ..... ধর্ম শ্রবণ করে তা ধারণ করেছিলাম কিন্তু ধারণকৃত বিষয়ের অর্থ অনুসন্ধান করিনি। ..... যদিও ধারণকৃত ধর্মের অর্থ অনুসন্ধান করেছি কিন্তু অর্থ জ্ঞাত হয়ে ধর্ম জ্ঞাত হয়ে ধর্মানুধর্ম প্রতিপন্ন হইনি। ভন্তে, এই কর্তব্য প্রতিপালন না করে আমরা তীব্র অনুশোচনা করেছি এবং তখন থেকে আমরা দুঃখ ভোগ করে আসছি; যেহেতু আমরা হীন দেহে পুনর্জন্ম গ্রহণ করেছি।"

৪। ভিক্ষুগণ, দেবতাদের মধ্যে অপর এক দেবতা উপস্থিত হয়ে আমাকে বললেনঃ "ভন্তে, পূর্বে আমরা যখন মনুষ্যদের মধ্যে বাস করতেছিলাম তখন অনাগারিক প্রব্রজিতগণ আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন; ভন্তে, আমরা তাঁদেরকে দর্শন করে আসন হতে উঠেছিলাম এবং অভিবাদন করেছিলাম। তাঁদেরকে আসন প্রদান করেছিলাম; আমাদের শক্তি ও সামর্থ্য অনুসারে তাঁদেরকে খাদ্য-দ্রব্য বিভাজন করে দিয়েছিলাম; ধর্ম শ্রবণের জন্য চতুর্দিকে উপবেশন করেছিলাম ধর্ম শ্রবণ করেছিলাম; যে ধর্ম শ্রবণ করেছিলাম তা মনে ধারণ করেছিলাম; ধারণকৃত ধর্মের অর্থ অনুসন্ধান করেছিলাম; অর্থ ও ধর্ম উভয় জ্ঞাত হয়ে ধর্মানুধর্মপ্রতিপন্ন হয়েছিলাম। ভন্তে, এসব পরিপূরণ করতঃ আমরা কোন প্রকার অনুশোচনা ভোগ করিনি কিংবা তখন থেকে দুঃখ ভোগ করিনি; যেহেতু আমরা উত্তম কায়ে পুনর্জন্ম লাভ করেছি।"

হে ভিক্ষুগণ, বৃক্ষমূলসমূহ, শূন্যাগারসমূহ দর্শন কর! হে ভিক্ষুগণ, ধ্যান কর, অলস হয়ো না, পরবর্তী কালে যেন অনুশোচনা ভোগ করতে না[১৬] হয়, যেমনটি করেছিল প্রথম অষ্টবিধ দেবতারা!'

১০. বেলাম[১৭] সুত্তং- বেলাম সূত্র

২০.১। এক সময় ভগবান শ্রাবস্তীতে জেতবনে অনাথপিণ্ডিক নির্মিত বিহারে অবস্থান করেছিলেন। তখন অনাথপিণ্ডিক গৃহপতি ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট অনাথপিণ্ডিক

Visit: http://www.buddhistdownload.com

গৃহপতিকে ভগবান বললেনঃ 'গৃহপতি, আপনার পরিবারে দান দেয়া হয় কি?'

গৃহপতি উত্তর করলেন- হাঁ ভন্তে! দান দেওয়া হয় বটে, তবে তা হীন। কাঁজিসহ তণ্ডুল কণার অন্ন মাত্র।

২। হে গৃহপতি! হীন হোক আর শ্রেষ্ঠ হোক, যে দান দিতেছেন তা যদি অযত্ন সহকারে দেওয়া[১৮] হয়, অগৌরবের সহিত, অপ্রসন্ন চিত্তে দেওয়া হয় এবং "এ দানের ফল আমি পাব না[১৯] এ ধারণা করে দেওয়া হয় তদ্বারা জন্ম-জন্মান্তরে ভোগ-সম্পত্তি, বস্ত্র ও যান বাহনাদি পঞ্চ কাম্য বস্তু বিপুলভাবে উৎপন্ন হলেও তা পরিভোগে চিত্ত রঞ্জিত হয় না এবং তার যে স্ত্রী, পুত্র, দাস, পোষ্য ও কর্মচারিগণ আছে তারা তার বাক্যাদি গ্রাহ্য করে না, গ্রাহ্য করার প্রয়োজনও মনে করে না। তার কারণ কি? হে গৃহপতি, অগৌরব ও অযত্ন সহকারে কৃতকর্মের ফল এরূপই হয়ে থাকে।

৩। হে গৃহপতি, দানীয় বস্তু হীন হোক বা শ্রেষ্ঠ হোক, তা প্রসন্ন চিত্তে, স্বহস্তে, গৌরবের সহিত ও "এ দান কর্মের বিপাক পাব" এ ধারণায় দেওয়া হয়, তৎফলে দায়ক জন্ম-জন্মান্তরে প্রচুর পরিমাণে অন্ন-বস্ত্র ও যানাদি পঞ্চ কাম্য বস্তু লাভ করে তা ভোগ করতে চিত্তও রঞ্জিত হয় এবং তার স্ত্রী, পুত্র, দাস, পোষ্য ও কর্মচারিগণ তার আদেশ-নির্দেশাদি মনোযোগের সাথে শ্রবণ করে, শ্রবণ করার জন্য উৎকর্ণ হয়ে থাকে এবং একান্ত মনে তাকে সেবা করে। তার কারণ কি? সম্মান ও সৎকার পূর্বক কৃত কর্মের ফল এরূপই হয়ে থাকে।

৪। হে গৃহপতি! অতি প্রাচীনকালে বেলাম নামক জনৈক ব্রাহ্মণ ছিলেন। তিনি এরূপ মহাদান দিয়েছিলেন- রৌপ্যপূর্ণ চুরাশি সহস্র সুবর্ণ পাত্র, সুবর্ণ দ্বারা পরিপূর্ণ চুরাশি সহস্র রৌপ্য পাত্র, সপ্তরত্ন, পরিপূর্ণ চুরাশি সহস্র কাংস্য পাত্র। সুবর্ণ অলঙ্কার ও সুবর্ণ ধ্বজায় অলঙ্কৃত হেমজালে আচ্ছাদিত চুরাশি সহস্র হস্তীর সিংহ-চর্ম, ব্যাঘ্র-চর্ম, নেকড়ে-চর্ম ও পাণ্ডুকম্বল দ্বারা পরিবেষ্টিত, সুবর্ণ অলঙ্কারে অলঙ্কৃত। সুবর্ণ ধ্বজা ও হেম-জালে আচ্ছাদিত চুরাশি সহস্র রথ, উভয় শৃঙ্গ সুবর্ণ কোষে আবৃত গ্রীবায় সুবর্ণ ঘণ্টাসহ রাজমালতী পুষ্পের মালা পরিহিত, পাদসমূহ সুবর্ণ নুপুরে ভূষিত ও দেহ মূল্যবান বিচিত্র বস্ত্রে আচ্ছাদিত

Visit: http://www.buddhistdownload.com

চুরাশি সহস্র গাড়ী, মণি-মুক্তা কুণ্ডলাদি অলঙ্কারে বিভূষিতা চুরাশি সহস্র কন্যা, চতুরাঙ্গুল দীর্ঘ লোম বিশিষ্ট মহা কোজ, উর্ণাময় শ্বেতাস্তরণ, ঘন পুষ্প ও উর্ণাময় আস্তরণ, কদলী মৃগ পৃষ্ঠের ন্যায় সুচিত্রিত আস্তরণ দ্বারা সজ্জিত, রত্নময় চন্দ্রাতপ আচ্ছাদিত এবং শিয়রে ও পাদ-স্থানে সুরক্তিম মূল্যবান উপাধানসহ চুরাশি সহস্র পালঙ্ক এবং সূক্ষ্ম ক্ষোম-কম্বল ও কার্পাস বস্ত্র, প্রত্যেক প্রকারের চুরাশি সহস্র কোটি দান করেছিলেন। আর অন্ন-বস্ত্র-পানীয়-খাদ্য-ভোজ্য-লেহ্য-পেয়্য-বস্তুর কথাই বা কি? যেমন দান-নদী প্রবাহিত হয়েছিল।

৫। গৃহপতি, সে সময়ে যিনি এরূপ মহাদান দিয়েছিলেন সেই বেলাম ব্রাহ্মণ অন্য কেউ বলে ধারণা করবেন না। আমিই সেই বেলাম ব্রাহ্মণ ছিলাম। আমিই সেই মহাদান দিয়েছিলাম, কিন্তু গৃহপতি, সেই দানে শীলবান উপযুক্ত কোন দান গ্রহীতা কেউ ছিল না। তাই সে দান কেউ বিশুদ্ধও করতে পারেনি। হে গৃহপতি! বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন তা হতেও মহাফলপ্রদ হয় যে একজন মাত্র দৃষ্টিসম্পন্ন ব্যক্তিকে (স্রোতাপন্নকে) ভোজন করায়। হে গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন এবং যে একজন মাত্র দৃষ্টিসম্পন্ন ব্যক্তিকে ভোজন দান করে তা' হতেও মহাফলপ্রদ হয় যে শতজন দৃষ্টিসম্পন্ন ব্যক্তিকে ভোজন করায়। গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন এবং যে একজন মাত্র স্রোতাপন্নকে ভোজন করায়, আর যে শতজন স্রোতাপন্ন ব্যক্তিকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে একজন মাত্র সকৃদাগামীকে ভোজন করায়। গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন এবং যে শতজন স্রোতাপন্ন ব্যক্তিকে ভোজন করায় আর যে একজন মাত্র সকৃদাগামী ব্যক্তিকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে শতজন সকৃদাগামী ব্যক্তিকে ভোজন করায়। হে গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন এবং যে একজন মাত্র সকৃদাগামীকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে একজন মাত্র অনাগামী ব্যক্তিকে ভোজন করায়। গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন এবং যে একজন মাত্র অনাগামী ব্যক্তিকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে শতজন অনাগামী ব্যক্তিকে ভোজন করায়। গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান

Visit: http://www.buddhistdownload.com

দিয়েছিলেন এবং যে শতজন অনাগামী ব্যক্তিকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে একজন মাত্র অরহতকে ভোজন করায়। যে শতজন অরহতকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ যে একজন মাত্র পচ্চেক বুদ্ধকে ভোজন করায়। যে শতজন পচ্চেক বুদ্ধকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে একজন মাত্র তথাগত অরহত সম্যকসম্বুদ্ধকে ভোজন করায় তা হতেও মহাফলপ্রদ হয় যে বুদ্ধপ্রমুখ ভিক্ষুসংঘকে ভোজন করায়। যে বুদ্ধপ্রমুখ ভিক্ষুসংঘকে ভোজন করায় তদপেক্ষা অধিক ফলপ্রদ হয় যে চতুর্দিক হতে আগত-অনাগত ভিক্ষুসংঘের উদ্দেশ্যে বিহার নির্মাণ করে দান দেয়। তদপেক্ষা অধিক ফলপ্রদ হয় যে প্রসন্ন চিত্তে বুদ্ধ, ধর্ম ও সংঘের শরণাপন্ন হয়, প্রাণিহত্যা বিরত, অদত্তবস্তু গ্রহণ বিরত, মিথ্যা কামাচার বিরত, মিথ্যা ভাষণ বিরত, সুরা ইত্যাদি মাদক দ্রব্য সেবন বিরত হয়। যে প্রসন্নচিত্তে বুদ্ধ, ধর্ম ও সংঘের শরণাপন্ন হয় অর্থাৎ প্রাণিহত্যা বিরত, অদত্তবস্তু গ্রহণ বিরত, পরদার লঙ্ঘন বিরত, মিথ্যাভাষণ বিরত, সুরা ও মাদকদ্রব্য গ্রহণ বিরত হয় তদপেক্ষা অধিক ফলপ্রদ হয় যে অন্ততঃপক্ষে ঘ্রাণ গ্রহণের সময় কাল মৈত্রী ভাবনা করে। হে গৃহপতি, বেলাম ব্রাহ্মণ যে মহাদান দিয়েছিলেন এবং যে দৃষ্টিসম্পন্ন একজন মাত্র ব্যক্তিকে ভোজন করায় এবং যে একজন মাত্র সকৃদাগামীকে ভোজন করায় তদপেক্ষা যে শতজন সকৃদাগামীকে ভোজন করায় এবং যে একজন মাত্র অনাগামীকে ভোজন করায়, তদপেক্ষা যে শতজন অনাগামীকে ভোজন করায় এবং যে একজন মাত্র অরহতকে ভোজন করায় তদপেক্ষা যে শতজন অরহতকে ভোজন করায় এবং যে একজন মাত্র পচ্চেক বুদ্ধকে ভোজন করায় তদপেক্ষা যে শতজন পচ্চেক বুদ্ধকে ভোজন করায় এবং যে তথাগত অরহত সম্যকসম্বুদ্ধকে ভোজন করায় তদপেক্ষা যে বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে ভোজন করায় এবং যে চতুর্দিক হতে আগত-অনাগত ভিক্ষু সংঘের উদ্দেশ্যে বিহার নির্মাণ করে দান দেয় তদপেক্ষা যে প্রসন্নচিত্তে বুদ্ধ, ধর্ম ও সংঘের শরণ গ্রহণ করেঃ প্রাণিহত্যা বিরত, অদত্তবস্তু গ্রহণ বিরত, পরদার লঙ্ঘন বিরত, মিথ্যাভাষণ বিরত, সুরা ও মাদকজাতীয় দ্রব্য গ্রহণ বিরত হয় তদপেক্ষা যে অন্ততঃপক্ষে ঘ্রাণ গ্রহণের সময়কাল মাত্র মৈত্রী ভাবনা

Visit: http://www.buddhistdownload.com

করে এসব অপেক্ষা অধিক ফলপ্রদ হয় যে অনন্তঃপক্ষে তুড়িপ্রমাণকাল অনিত্যসংজ্ঞা ভাবনা করে।'

[সিংহনাদ-বর্গ দ্বিতীয় সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

বর্ষাবসানে, স-উপাদিসেস এবং কোট্টিত ও সমিদ্ধিসহ
গন্ধসংজ্ঞা কুল, মৈত্রী, দেবতা এবং বেলাম।

৩. সত্তাবাস বগ্গো- সত্ত্বাবাস বর্গ

১. তিঠান সুত্তং- ত্রি-স্থান সূত্র

২১.১। 'হে ভিক্ষুগণ! তিন উপায়ে উত্তর কুরুর মনুষ্যগণ তাবতিংস দেবগণ ও জম্বুদ্বীপের মনুষ্যগণ হতে উৎকৃষ্টতর। তিন কি কি?

২। তাদের বিশেষ গুণাবলী হচ্ছে নিঃস্বার্থপরতা, লোভ বিহীনতা এবং আয়ুর স্থায়িত্ব।

৩। হে ভিক্ষুগণ! এই তিন উপায়ে উত্তরকুরুর[১] মনুষ্যগণ তাবতিংস দেবগণ ও জম্বুদ্বীপের মনুষ্যগণ হতে উৎকৃষ্টতর।

৪। হে ভিক্ষুগণ! এই তিন উপায়ে তাবতিংস দেবগণ উত্তরকুরু ও জম্বুদ্বীপের মনুষ্যগণ অপেক্ষা শ্রেষ্ঠতর। তিন কি কি?

৫। দিব্য-আয়ু, দিব্যবর্ণ ও দিব্য সুখ।

হে ভিক্ষুগণ! এই তিন ক্ষেত্রে তাবতিংস দেবগণ উত্তরকুরু ও জম্বুদ্বীপের মনুষ্যগণ অপেক্ষা শ্রেষ্ঠতর।

৬। ভিক্ষুগণ! এই তিন ক্ষেত্রে জম্বুদ্বীপের মনুষ্যগণ উত্তরকুরুর মনুষ্যগণ ও তাবতিংস দেবগণ অপেক্ষা উৎকৃষ্টতর। তিন কি কি?

তারা বীরত্বপূর্ণ, স্মৃতিমান এবং তথায় ব্রহ্মচর্যবাস করা যায়।

হে ভিক্ষুগণ! এই তিন ক্ষেত্রে জম্বুদ্বীপের[২] মনুষ্যগণ উত্তরকুরুর মনুষ্যগণ ও তাবতিংস দেবগণ অপেক্ষা উৎকৃষ্টতর।'

২. অস্সখলুঙ্ক সুত্তং- অশ্বখলুঙ্ক সূত্র

২২.১। 'হে ভিক্ষুগণ! আমি তোমাদিগকে তিনটি উত্তেজিত অশ্ব ও উত্তেজিত করা যায় এমন তিনজনের সম্পর্কে দেশনা করব, তিনটি সু-জাত অশ্ব ও তিনজন সু-জাত লোক; তিনটি সম্ভ্রান্ত উত্তমভাবে শিক্ষাপ্রাপ্ত অশ্ব ও তিনজন সম্পূর্ণভাবে শিক্ষাপ্রাপ্ত লোক সম্পর্কে

Visit: http://www.buddhistdownload.com

দেশনা করব। তা উত্তমরূপে মনোনিবেশ সহকারে শ্রবণ কর, আমি ভাষণ করছি।' 'হাঁ ভন্তে', তারা উত্তর দিল। ভগবান বললেনঃ

২। ভিক্ষুগণ, উত্তেজিত করা যায় এমন তিনটি অশ্ব কেমন? ভিক্ষুগণ! কোন অশ্ব বেগবান কিন্তু বর্ণসম্পন্ন নহে, কিম্বা আরোহপরিণাহসম্পন্ন নহে, কোনটি বেগবান ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে। কিন্তু, ভিক্ষুগণ! কোন অশ্ব বেগবান, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন।

হে ভিক্ষুগণ! এই তিন প্রকার অশ্বকে উত্তেজিত করা যায়।

৩। এবং ভিক্ষুগণ! তিন প্রকার লোককে কিভাবে উত্তেজিত করা যায়? হে ভিক্ষুগণ! কোন ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন কিন্তু বর্ণসম্পন্ন নহে কিম্বা আরোহপরিণাহসম্পন্ন নহে; কোন লোক ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে আর কেউ তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন।

৪। এবং হে ভিক্ষুগণ, কিরূপ উত্তেজিত লোক ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, কিন্তু বর্ণসম্পন্ন কিম্বা আরোহপরিণাহসম্পন্ন নহে?

ভিক্ষুগণ, একজন ভিক্ষু যথাযথভাবে উপলব্ধি করে- এটা দুঃখ, এটা দুঃখসমুদয়, এটা দুঃখ নিরোধ এবং এটা দুঃখ নিরোধের উপায়। আমি এটাকে তার ক্ষিপ্র বুদ্ধিমত্তা বলে থাকি। কিন্তু যখন অভিধর্মে ও অভিবিনয়ে প্রশ্ন জিজ্ঞাসিত হয় সে ব্যর্থ হয় এবং উত্তর দিতে পারে না। আমি এটাকে তার বর্ণহীনতা বলে অভিহিত করি। কিংবা সে চীবর-পিণ্ডপাত-শয়নাসন-রোগে ঔষধ লাভী হয় না। এটাকে আমি তার আরোহপরিণাহহীনতা বলে অভিহিত করি।

এভাবে, হে ভিক্ষুগণ, একজন উত্তেজিত লোক বুদ্ধিসম্পন্ন কিন্তু বর্ণসম্পন্ন কিম্বা আরোহপরিণাহসম্পন্ন নহে।

৫। এবং হে ভিক্ষুগণ, কিভাবে একজন লোক ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন এবং বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে?

হে ভিক্ষুগণ, ভিক্ষু যথাযথভাবে উপলব্ধি করে- এটা দুঃখ, যথার্থভাবে জানে- এটা দুঃখের উৎপত্তি, প্রকৃত অর্থে উপলব্ধি করে, এটা দুঃখ নিরোধ, যথাযথভাবে জানে- এটা দুঃখনিরোধগামিনী প্রতিপদা। আমি এটাকে তার ক্ষিপ্র বুদ্ধিমত্তা বলে অভিহিত করি। কিন্তু

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মে, অভিবিনয়ে যখন প্রশ্ন জিজ্ঞাসিত হয় সে উত্তরদানে ব্যর্থ হয় না। আমি এটাকে বর্ণসম্পন্ন বলে অভিহিত করি। কিন্তু সে চীবর-পিণ্ডপাত-শয়নাসন ও রোগে ভৈষজ্য লাভী হয় না। আমি এটাকে আরোহপরিণাহসম্পন্ন বলে অভিহিত করি। হে ভিক্ষুগণ, এভাবে একজন উত্তেজিত লোক ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন এবং বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে।

৬। হে ভিক্ষুগণ, কিভাবে একজন উত্তেজিত লোক ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন এবং আরোহপরিণাহসম্পন্ন?

এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু যথাযথভাবে উপলব্ধি করে- এটা দুঃখ, এটা দুঃখের মূল, এটা দুঃখের নিরোধ এবং দুঃখ নিরোধের উপায়। আমি এটাকে ক্ষিপ্র বুদ্ধি বলে অভিহিত করি। অভিধর্মে ও অভিবিনয়ে যখন কোন প্রশ্ন জিজ্ঞাসিত হয় সে প্রশ্নের উত্তরদানে ব্যর্থ হয় না। আমি এটাকে বর্ণ বলে অভিহিত করি। কিন্তু সে চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলানপ্রত্যয়-ভৈষজ্য লাভী হয়। আমি এটাকে আরোহপরিণাহ হিসাবে অভিহিত করি। হে ভিক্ষুগণ, এরূপই হল একজন উদ্দীপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন।

হে ভিক্ষুগণ! এসবই হল তিন উদ্দীপ্ত ব্যক্তি।

৭। এবং, হে ভিক্ষুগণ, তিন প্রকার সুজাত-অশ্ব কিরূপ?

হে ভিক্ষুগণ, কোন কোন সুজাত অশ্ব ক্ষিপ্র-গতিসম্পন্ন, কিন্তু বর্ণসম্পন্ন কিংবা পরিণাহসম্পন্ন নহে। কিন্তু হে ভিক্ষুগণ, কোন সু-জাত অশ্ব ক্ষিপ্র গতিসম্পন্ন ও বর্ণসম্পন্ন, আরোহপরিণাহসম্পন্ন নহে। কিন্তু, হে ভিক্ষুগণ, কোন সু-জাত অশ্ব ক্ষিপ্র গতিসম্পন্ন বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্নও।

হে ভিক্ষুগণ, এগুলোই, তিন সুজাত অশ্ব।

৮। এবং হে ভিক্ষুগণ, তিন সুজাত ব্যক্তি কেমন?

হে ভিক্ষুগণ, কোন সুজাত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, কিন্তু বর্ণসম্পন্ন কিম্বা আরোহপরিণাহসম্পন্ন নহে। কিন্তু হে ভিক্ষুগণ, কোন সুজাত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে। হে ভিক্ষুগণ, কোন সুজাত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন।

Visit: http://www.buddhistdownload.com

৯। এবং হে ভিক্ষুগণ, কোন কোন সুজাত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন তা কেমন?

হে ভিক্ষুগণ, ভিক্ষু পঞ্চ অধোভাগীয় সংযোজনসমূহ ক্ষয় করতঃ ওপপাতিক হিসাবে পুনর্জন্ম গ্রহণ করে এবং সেই লোক হতে প্রত্যাবর্তন না করে সেখান থেকে পরিনির্বাণ লাভ করে। আমি এটাকে ক্ষিপ্র বুদ্ধি বলে অভিহিত করি। অভিধর্মে ও অভিবিনয়ে কোন প্রশ্ন জিজ্ঞাসিত হলে উত্তর প্রদানে ব্যর্থ হয় না। আমি এটাকে বর্ণ হিসাবে অভিহিত করি। সে চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলানপ্রত্যয়-ভৈষজ্য-পরিষ্কার লাভী হয়। আমি এটাকে আরোহপরিণাহ হিসাবে অভিহিত করি। হে ভিক্ষুগণ, সুজাত, ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহ সম্পন্ন ব্যক্তি এরূপ।

ভিক্ষুগণ, এগুলো তিন সুজাত ব্যক্তি।

১০। এবং হে ভিক্ষুগণ, সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত তিন অশ্ব কিরূপ?

কোন সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত অশ্ব ক্ষিপ্র গতিসম্পন্ন কিন্তু বর্ণসম্পন্ন কিংবা আরোহপরিণাহসম্পন্ন নহে। কিন্তু হে ভিক্ষুগণ, কোন সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত অশ্ব ক্ষিপ্র গতিসম্পন্ন ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে। কিন্তু হে ভিক্ষুগণ, কোন সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত অশ্ব ক্ষিপ্র গতিসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন।

হে ভিক্ষুগণ, এরা সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত তিন অশ্ব।

১১। এবং হে ভিক্ষুগণ, সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি কিরূপ?

ভিক্ষুগণ, কোন সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন কিন্তু বর্ণসম্পন্ন কিংবা আরোহপরিণাহসম্পন্ন নহে। হে ভিক্ষুগণ, কোন সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে। ভিক্ষুগণ, কোন সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন।

হে ভিক্ষুগণ, কিরূপে সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন কিন্তু বর্ণসম্পন্ন কিংবা আরোহপরিণাহসম্পন্ন নহে?

হে ভিক্ষুগণ, ভিক্ষু যথাযথভাবে উপলব্ধি করে- এটা দুঃখ, এটা দুঃখ সমুদয়, এটা দুঃখ নিরোধ, এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা।

Visit: http://www.buddhistdownload.com

আমি এটাকে ক্ষিপ্র বুদ্ধি বলে অভিহিত করি। অভিধর্মে, অভিবিনয়ে কোন প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে সে ব্যর্থ হয়, প্রশ্নের উত্তর দিতে পারে না। আমি এটাকে তার বর্ণহীনতা বলে অভিহিত করি। সে চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলান প্রত্যয়-ভৈষজ্য-পরিষ্কার লাভ করে না। আমি এটাকে তার আরোহপরিণাহ বলে অভিহিত করি।

হে ভিক্ষুগণ, কিরূপে সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে?

হে ভিক্ষুগণ, ভিক্ষু যথার্থভাবে জানে- এটা দুঃখ, এটা দুঃখের কারণ, এটা দুঃখনিরোধ ও এটা দুঃখ নিরোধের উপায়। আমি এটাকে ক্ষিপ্র বুদ্ধি বলে অভিহিত করি। অভিধর্মে, অভিবিনয়ে প্রশ্ন জিজ্ঞাসিত হলে সে উত্তর দানে ব্যর্থ হয় না। আমি এটাকে বর্ণ বলে অভিহিত করি। কিন্তু সে চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলান প্রত্যয়-ভৈষজ্য-পরিষ্কার লাভী হয় না। আমি এটাকে আরোহপরিণাহ বিহীনতা বলে অভিহিত করি। হে ভিক্ষুগণ, সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন ও বর্ণসম্পন্ন কিন্তু আরোহপরিণাহসম্পন্ন নহে।

১২। হে ভিক্ষুগণ, সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন কেমন?

হে ভিক্ষুগণ, ভিক্ষু আসক্তিসমূহ ধ্বংস করতঃ অনাসব চিত্তবিমুক্তি, প্রজ্ঞাবিমুক্তি ও দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা প্রত্যক্ষ করতঃ লাভ করে অবস্থান করে। আমি এটাকে বর্ণ বলে অভিহিত করি। অভিধর্মে, অভিবিনয়ে প্রশ্ন জিজ্ঞাসিত হলে সে উত্তর দানে ব্যর্থ হয় না। আমি এটাকে বর্ণ বলে অভিহিত করি। সে চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলান প্রত্যয় ভৈষজ্য-পরিষ্কার লাভী হয়। আমি এটাকে আরোহপরিণাহ বলে অভিহিত করি। হে ভিক্ষুগণ, সম্ভ্রান্ত উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তি ক্ষিপ্র বুদ্ধিসম্পন্ন, বর্ণসম্পন্ন ও আরোহপরিণাহসম্পন্ন এরূপই।

হে ভিক্ষুগণ, এরাই তিন সম্ভ্রান্ত, উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত ব্যক্তি।'

৩. তণ্হামূলক সুত্তং- তৃষ্ণামূলক সূত্র

২৩.১। 'হে ভিক্ষুগণ, আমি নয় প্রকার তৃষ্ণার মূল বিষয় দেশনা করব। তোমরা মনোনিবেশ কর, আমি দেশনা করব। এবং হে ভিক্ষুগণ, নববিধ তৃষ্ণার মূল ধর্ম কি কি?

Visit: http://www.buddhistdownload.com

২। তৃষ্ণার কারণে পর্যেষণ; পর্যেষণের কারণে লাভ; লাভের কারণে সিদ্ধান্ত; সিদ্ধান্তের কারণে অনুরাগ, আগ্রহ; অনুরাগ, আগ্রহের কারণে সংসক্তি; সংসক্তির কারণে অধিকারে থাকা; অধিকারে থাকার কারণে লোভ; লোভের কারণে সঞ্চয় এবং অনেক মন্দ ও দুর্জন বিষয় সঞ্চয় কর্ম হতে উৎপন্ন হয়- আকস্মিক দুর্দশা, আঘাত, বিবাদ, পরস্পর বিরোধ, প্রতিশোধ, বিসম্বাদ, মিথ্যা অপবাদ, মিথ্যা।

হে ভিক্ষুগণ, এই নববিধ বিষয় তৃষ্ণার মূল।'

৪. সত্তাবাস সুত্তং- সত্ত্বাবাস সূত্র

২৪.১। 'হে ভিক্ষুগণ, এই নয়টি সত্ত্বাবাস। নয় কি কি?

২। ভিক্ষুগণ, সত্ত্বগণ নানা কায়যুক্ত, নানা সংজ্ঞাসম্পন্ন, যেমন মনুষ্য কিছু দেবতা এবং কিছু বিনিপাতিক (প্রায়শ্চিত্তমূলক) এ হল প্রথম সত্ত্বাবাস।

৩। হে ভিক্ষুগণ, এমন কতগুলি সত্ত্ব আছে নানাকায়যুক্ত কিন্তু এক সংজ্ঞাসম্পন্ন, যেমন- ব্রহ্মকায়িক দেবতাগণ যারা এখানে প্রথম ধ্যানের অনুশীলনের দ্বারা তথায় পুনর্জন্ম লাভ করে। এ হল দ্বিতীয় সত্ত্বাবাস।

৪। ভিক্ষুগণ, এমন কতেক সত্ত্ব আছে একই ধরণের কায়াসম্পন্ন কিন্তু নানা সংজ্ঞাযুক্ত। যেমন- আভাস্বর দেবগণ। এ হল তৃতীয় সত্ত্বাবাস।

৫। হে ভিক্ষুগণ, এমন কতগুলি সত্ত্ব আছে যেগুলি এক ধরণের কায়া ও এক ধরণের সংজ্ঞাযুক্ত। যেমন শুভকিণ্ণর দেবতা। এ হল চতুর্থ সত্ত্বাবাস।

৬। ভিক্ষুগণ, এক প্রকার সত্ত্ব আছে যেগুলি সংজ্ঞাহীন ও অনুভূতিহীন। যেমন অসংজ্ঞসত্ত্ব দেবতা। এ হল পঞ্চম সত্ত্বাবাস।

৭। হে ভিক্ষুগণ, এক ধরণের সত্ত্ব আছে যারা সম্পূর্ণরূপে রূপসংজ্ঞাসমূহ অতিক্রম করতঃ প্রতিঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞা চিন্তা না করে 'অনন্ত আকাশ' নামে আকাশ অনন্ত আয়তন সংজ্ঞা লাভ করে। এ হল ষষ্ঠ সত্ত্বাবাস।

৮। ভিক্ষুগণ, এমন ধরণের সত্ত্ব আছে যারা সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' নামে বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে। এ হল সপ্তম সত্ত্বাবাস।

Visit: http://www.buddhistdownload.com

৯। হে ভিক্ষুগণ, এক প্রকার সত্ত্ব আছে যারা সম্পূর্ণরূপে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' সংজ্ঞায় আকিঞ্চনায়তন লাভ করে। এ হল অষ্টম সত্ত্বাবাস।

১০। হে ভিক্ষুগণ, এক প্রকার সত্ত্ব আছে যারা সম্পূর্ণরূপে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নেবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে। এ হল নবম সত্ত্বাবাস।

হে ভিক্ষুগণ, এ গুলিই নয় সত্ত্বাবাস।'

৫. পঞ্ঞা সুত্তং- প্রজ্ঞা সূত্র

২৫.১। "হে ভিক্ষুগণ, যখন ভিক্ষুর চিত্ত প্রজ্ঞায় উত্তমরূপে পরিপূর্ণ হয় ভিক্ষুর পক্ষে এটা বলা যথার্থঃ "আমি জানি যে, জন্ম ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য্য উদ্‌যাপিত হয়েছে, করণীয় কার্য কৃত হয়েছে, এর পর আমার আর কোন জীবন নেই[৩]।"

এবং কিরূপে হে ভিক্ষুগণ, ভিক্ষুর চিত্ত উত্তমভাবে প্রজ্ঞায় পূর্ণ হয়?

২। "আমার চিত্ত বীত-রাগ" এভাবে জ্ঞাত হয়ে তার চিত্ত প্রজ্ঞায় সুপরিচিত হয়, "বীত-দোষ আমার চিত্ত" এভাবে প্রজ্ঞায় তার চিত্ত সুন্দরভাবে পরিপূর্ণ হয়; "বীত-মোহ আমার চিত্ত" এভাবে প্রজ্ঞায় তার চিত্ত উত্তমরূপে পরিপূর্ণ হয়; "আমার চিত্ত কোন ধরণের রাগমূলক বিষয়াধীন নহে", এভাবে প্রজ্ঞা দ্বারা চিত্ত ভালভাবে পরিপূর্ণ হয়; "আমার চিত্ত কোন প্রকার দোষমূলক বিষয়ের অধীন নহে", এভাবে প্রজ্ঞা দ্বারা চিত্ত উত্তমভাবে পরিপূর্ণ হয়; "আমার চিত্ত কোন প্রকার মোহমূলক বিষয়ের অধীন নহে", এভাবে প্রজ্ঞা দ্বারা চিত্ত সুপরিচিত হয়; "আমার চিত্ত কামভবে প্রত্যাবর্তনধর্মী নহে", এভাবে প্রজ্ঞা দ্বারা চিত্ত উত্তমরূপে পরিপূর্ণ হয়; "আমার চিত্ত রূপভবে অনাবর্তনধর্মী", এভাবে প্রজ্ঞা দ্বারা চিত্ত সুন্দরভাবে পরিপূর্ণ হয়; "আমার চিত্ত অরূপভবে প্রত্যাবর্তনধর্মী নহে", এভাবে প্রজ্ঞা দ্বারা চিত্ত সুপরিচিত হয়।

প্রকৃতপক্ষে হে ভিক্ষুগণ, ভিক্ষুর চিত্ত যখন উত্তমরূপে প্রজ্ঞায় পরিপূর্ণ হয় সে ভিক্ষুর পক্ষে এটা বলা সমীচীনঃ "আমি জানি, জন্ম-বীজ ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য যাপিত হয়েছে, করণীয় কার্য কৃত হয়েছে, এর পর আমার আর কোন জীবন নেই।"

Visit: http://www.buddhistdownload.com

৬. সিলাযূপ সুত্তং- শিলাস্তম্ভ সূত্র

২৬.১। আমা কর্তৃক এরূপ শ্রুতঃ এক সময় শ্রদ্ধেয় শারিপুত্র এবং শ্রদ্ধেয় চন্দ্রিকাপুত্র রাজগৃহের বেণুবনে কলন্দকনিবাপে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান চন্দ্রিকাপুত্র ভিক্ষুদিগকে আহ্বান করলেনঃ "শ্রদ্ধেয় বন্ধুগণ! দেবদত্ত ভিক্ষুদিগকে এভাবে ধর্ম ভাষণ করছেনঃ "যখন আয়ুষ্মানগণ, ভিক্ষুর চিত্তে চেতনা সঞ্চিত হয়, তখন সে ভিক্ষুর পক্ষে ব্যাখ্যা করা যথাযথ- আমি জানি, জন্ম-বীজ ক্ষীণ হয়েছে, করণীয় কৃত হয়েছে, এরপর আর কোন জীবন নেই।"'

২। এরূপ বললে আয়ুষ্মান শারিপুত্র আয়ুষ্মান চন্দ্রিকাপুত্রকে এরূপ বললেনঃ 'না আবুসো চন্দ্রিকাপুত্র, দেবদত্ত ভিক্ষুগণকে এরূপ ধর্ম দেশনা করে না; যখন হে আবুসো, ভিক্ষুর চিত্তে চেতনা হয় তখন সে ভিক্ষুর পক্ষে এটা ব্যাখ্যা করা যথার্থ- আমার জন্ম-বীজ ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য উদ্‌যাপিত হয়েছে, করণীয় কৃত হয়েছে, এরপর আমার আর কোন জীবন নেই।' কিন্তু আবুসো চন্দ্রিকাপুত্র, দেবদত্ত ভিক্ষুগণকে ধর্ম দেশনা করছেঃ "যখন ভিক্ষুর চিত্ত চেতনা দ্বারা সুপ্রতিষ্ঠিত হয় সে ভিক্ষুর পক্ষে এটা ব্যাখ্যা করা যথার্থঃ আমার জন্ম-বীজ ক্ষীণ হয়েছে, ব্রহ্মচর্য উদ্‌যাপিত হয়েছে, করণীয় কৃত হয়েছে, এরপর আমার আর কোন জীবন নেই।"

৩। দ্বিতীয়বার ও তৃতীয়বারও আয়ুষ্মান শারিপুত্র আয়ুষ্মান চন্দ্রিকাপুত্র দেবদত্ত সম্পর্কে একই কথা ব্যক্ত করেন।

৪। এবং আবুসো, ভিক্ষুর চিত্তে কিভাবে চেতনা সুসঞ্চিত হয়? 'আমার চিত্ত বীতরাগ' এভাবে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়ঃ 'আমার চিত্ত বীতদোষ' এভাবে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত; 'আমার চিত্ত বীতমোহ' এভাবে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়; আমার চিত্ত অসরাগ সম্পন্ন হয়েছে' এভাবে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়; 'আমার চিত্ত সদোষবিহীন হয়েছে' এভাবে জ্ঞাত হয়ে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়; 'আমার চিত্ত মোহহীন হয়েছে' এভাবে চিত্ত চেতনা দ্বারা সুপরিচিত হয়; 'আমার চিত্ত প্রত্যাবর্তনধর্মী নহে', এভাবে জ্ঞাত হয়ে চিত্ত চেতনা দ্বারা সুপরিচিত হয়; 'আমার চিত্ত কামভবে প্রত্যাবর্তনধর্মী নহে', এভাবে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়; 'আমার চিত্ত রূপভবে

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যাবর্তনধর্মী নহে', এভাবে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়; 'আমার চিত্ত অরূপভবে প্রত্যাবর্তনধর্মী নহে' এভাবে জ্ঞাত হয়ে চেতনা দ্বারা চিত্ত সুপরিচিত হয়।

৫। এরূপে আবুসো, যদি চক্ষুবিজ্ঞেয় রূপ[৪] অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর দৃষ্টিপথে আসে এগুলি (রূপসমূহ) তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয়[৫] লক্ষ্য করে। এভাবে যদি শ্রোত্রবিজ্ঞেয় শব্দ অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর শ্রবণ পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে যদি ঘ্রাণবিজ্ঞেয় গন্ধ অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর ঘ্রাণ পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে যদি জিহ্বাবিজ্ঞেয় রস অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর রসাস্বাদন পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে যদি কায়বিজ্ঞেয় স্পর্শ অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর স্পর্শন পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অভিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে যদি মনোবিজ্ঞেয় ধর্ম সমূহ প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর ইন্দ্রিয়ের আওতায় আসে তাহলে এগুলি তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার অর্ধেক নিম্নদিকে আট হাত এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। যেমন আবুসো, ষোল হাত দীর্ঘ এবং উর্ধদিকে অপর আট হাত বিশিষ্ট একটা প্রস্তর স্তম্ভ প্রবল বাতাস ও বৃষ্টি পূর্বদিক হতে প্রবাহিত হলে এরূপ স্তম্ভকে কম্পিত বা প্রকম্পিত করতে পারে না। তদ্রূপ প্রবল বাতাস ও বৃষ্টি পশ্চিম দিক হতে প্রবাহিত হলে এরূপ স্তম্ভকে কম্পিত বা প্রকম্পিত করতে পারে না। তদ্রূপ দক্ষিণদিক হতে প্রবাহিত হলে এটাকে কম্পিত বা প্রকম্পিত

Visit: http://www.buddhistdownload.com

করতে পারে না। তদ্রূপ উত্তর দিক হতে প্রবাহিত হলে এটাকে কম্পিত বা প্রকম্পিত করতে পারে না। এবং এর কারণ কি? আবুসো, স্তম্ভের অর্ধেক গভীরতা এবং প্রস্তর স্তম্ভের খনন বশতঃ। তদ্রূপ, সত্যই আবুসো, যখন চক্ষুবিজ্ঞেয় রূপ অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্ত চিত্ত ভিক্ষুর দৃষ্টিপথে আসে এগুলি তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে শ্রোত্রবিজ্ঞেয় শব্দ অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর শ্রবণ পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে ঘ্রাণবিজ্ঞেয় গন্ধ অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর আঘ্রাণ পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে জিহ্বাবিজ্ঞেয় রস অত্যন্ত প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর রসাস্বাদন পথে আসে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে কায়বিজ্ঞেয় স্পর্শ ধর্মসমূহ প্রবলভাবে সম্যকরূপে বিমুক্ত চিত্ত ভিক্ষুর ইন্দ্রিয়ের আওতায় আসে তাহলে এগুলো তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে। এভাবে মনোবিজ্ঞেয় ধর্মসমূহ প্রবলভাবে সম্যকরূপে বিমুক্তচিত্ত ভিক্ষুর ইন্দ্রিয়ের আওতায় আসে তাহলে এগুলি তার চিত্তকে অভিভূত করতে পারে না এবং তার চিত্ত স্থৈর্য লাভ করে, অবিভ্রান্ত ও স্থির থাকে এবং সে এগুলোর উদয়-বিলয় লক্ষ্য করে।'

৭. পঠম বের সুত্তং- প্রথম বৈরী সূত্র

২৭.১। অতঃপর অনাথপিণ্ডিক গৃহপতি ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করে একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট গৃহপতি অনাথপিণ্ডিককে ভগবান বললেন:

২। 'যখন হে গৃহপতি, আর্যশ্রাবকের পঞ্চ ভয় এবং শত্রুতা উপশম হয় এবং সে চতুর্বিধ স্রোতাপত্তি অঙ্গে[৬] গুণান্বিত হয়, সে যদি ইচ্ছা

Visit: http://www.buddhistdownload.com

করে নিজেকে নিজে ঘোষণা করতে পারেঃ আমার নিরয় ধ্বংস হয়েছে, আমার তির্যক যোনিতে পুনর্জন্ম ধ্বংস হয়েছে, আমার প্রেতকুল ধ্বংস হয়েছে, আমার অপায়-দুর্গতি বিনিপাত ধ্বংস হয়েছে। আমি স্রোতাপন্ন হয়েছি, বিনিপাত ধর্মাধীন নই, নিত্য সম্বোধিপরায়ণ।

৩। কোন্ পঞ্চ ভয় ও শত্রুতা উপশম হয়?

হে গৃহপতি, যখন[৭] প্রাণিহত্যাকারী প্রাণ হননের ফলে এ জগতে ভয় ও শত্রুতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে প্রাণিহত্যা থেকে বিরত হয় সে ইহ জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না, পর জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি প্রাণিহত্যা বিরত হয় তার সেই ভয় ও শত্রুতা প্রশমিত হয়।

হে গৃহপতি, অদত্তবস্তু গ্রহণকারী যখন অদত্তবস্তু গ্রহণের ফলে এ জগতে ভয় ও শত্রুতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে অদত্তবস্তু গ্রহণ থেকে বিরত হয় সে এই জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না; পর জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি অদত্তবস্তু গ্রহণ বিরত হয় তার সেই ভয় ও শত্রুতা প্রশমিত হয়।

হে গৃহপতি! যখন মিথ্যা কামাচারের ফলে এ জগতে ভয় ও শত্রুতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে মিথ্যা কামাচার থেকে বিরত হয় সে এই জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না, পর জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি মিথ্যা কামাচার বিরত হয় তার সেই ভয় ও শত্রুতা প্রশমিত হয়।

হে গৃহপতি! যখন মিথ্যা ভাষণের ফলে মিথ্যাভাষী এ জগতে ভয় ও শত্রুতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে মিথ্যা ভাষণ থেকে বিরত হয় সে এই জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না, পর

Visit: http://www.buddhistdownload.com

জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি মিথ্যা ভাষণ বিরত হয় তার সেই ভয় ও শত্রুতা প্রশমিত হয়।

হে গৃহপতি! যখন সুরাদি মাদক দ্রব্য সেবনকারী ইহলোকে বা পরলোকে ভয় ও শত্রুতা উৎপন্ন করে, এরূপ ব্যক্তি চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে ব্যক্তি এসব থেকে বিরত হয় সে ইহলোকে, পরলোকে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে সেই পঞ্চ ভয় ও শত্রুতা প্রশমিত হয়।

এই পঞ্চ ভয় ও শত্রুতা উপশম হয়।

৪। কোন্ চার স্রোতাপত্তি অঙ্গে ভূষিত হয়?

এতে হে গৃহপতি, আর্যশ্রাবক বুদ্ধের প্রতি অচলা শ্রদ্ধাসম্পন্ন হয়ঃ সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকজ্ঞ, অনুত্তর পুরুষ দমনকারী সারথি, দেব মানবের শাস্তা, বুদ্ধ, ভগবান। ধর্মের প্রতি সে অবিচল শ্রদ্ধাসম্পন্ন হয়ঃ ভগবানের ধর্ম সুব্যাখ্যাত, স্বয়ং দৃষ্ট বা দর্শনীয়, অকালিক, 'এস দেখ' বলে আহ্বান করার উপযুক্ত, ঔপনায়িক, বিজ্ঞগণের প্রত্যক্ষ করার যোগ্য। সে সঙ্ঘের প্রতি অবিচল শ্রদ্ধাসম্পন্ন হয়ঃ ভগবানের শ্রাবকসঙ্ঘ সুপ্রতিপন্ন, ঋজু প্রতিপন্ন, ন্যায় প্রতিপন্ন, সমীচীন প্রতিপন্ন, অর্হৎমার্গফল লাভী পুদ্গলের অন্যতর, এ চার পুরুষ যুগলই অষ্টপুরুষ পুদ্গল[৮], আহুনেয় অর্থাৎ চীবর-পিণ্ডপাত-শয্যাসন ও ঔষধ প্রত্যয় দানরূপে গ্রহণের যোগ্য পাত্র, পাহুনেয় অর্থাৎ দূরদেশ হতে আগত জ্ঞাতিমিত্রদের দানীয়বস্তু গ্রহণের যোগ্যপাত্র, দক্ষিণা গ্রহণের যোগ্য পাত্র, অঞ্জলিলাভের যোগ্য, জগতের একমাত্র অসদৃশ পুণ্যক্ষেত্র, আর্যকান্ত শীলে ভূষিত বা অখণ্ড, অচ্ছিদ্র, অকলঙ্কিত[৯], পবিত্র, বিজ্ঞজন প্রশংসিত, নির্দোষ, সমাধি অনুকূল।

এই চতুর্বিধ স্রোতাপত্তি অঙ্গে ভূষিত।

৫। যখন, হে গৃহপতি, আর্যশ্রাবক এই পঞ্চবিধ ভয় ও শত্রুতা বিরত হয় এবং এই চতুর্বিধ স্রোতাপত্তি অঙ্গে ভূষিত হয় সে যদি আকাঙ্ক্ষা করে তাহলে নিজকে নিজে ঘোষণা করতে পারেঃ আমার নরক ধ্বংস হয়েছে, তির্য্যগ প্রাণীর গর্ভে আমার জন্ম গ্রহণ ধ্বংস

Visit: http://www.buddhistdownload.com

হয়েছে, প্রেতত্ব ধ্বংস হয়েছে, অপায় দুর্গতি বিনিপাত ধ্বংস হয়েছে। আমি স্রোতাপন্ন হয়েছি, বিনিপাত ধর্মাধীন নই, আমি নিত্য সম্বোধিপরায়ণ।'

৮. দুতিয বের সুত্তং- দ্বিতীয় বৈরী সূত্র

২৮.১। 'হে ভিক্ষুগণ, যখন আর্যশ্রাবকের পঞ্চ ভয় ও শত্রুতা প্রশমিত হয় এবং সে চতুর্বিধ স্রোতাপত্তি অঙ্গে গুণান্বিত হয়, সে যদি ইচ্ছা করে তাহলে নিজকে নিজে ঘোষণা করতে পারেঃ আমার নিরয় ধ্বংস হয়েছে। আমার তির্য্যগ যোনিতে পুনর্জন্ম গ্রহণ ধ্বংস হয়েছে, আমার প্রেতত্ব ধ্বংস হয়েছে, অপায় দুর্গতি বিনিপাত ধ্বংস হয়েছে, আমি স্রোতাপন্ন হয়েছি, বিনিপাত ধর্মাধীন নই, নিত্য সম্বোধি পরায়ণ।

২। কোন্ পঞ্চ ভয় ও বৈরিতা উপশম হয়?

হে ভিক্ষুগণ! যখন প্রাণিহত্যাকারী প্রাণ হননের ফলে এ জগতে ভয় ও বৈরিতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে প্রাণিহত্যা থেকে বিরত হয় সে ইহ জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না, পর জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি প্রাণিহত্যা বিরত হয় তার সেই ভয় ও বৈরিতা প্রশমিত হয়।

হে ভিক্ষুগণ! অদত্তবস্তু গ্রহণকারী যখন অদত্ত বস্তু গ্রহণের ফলে এ জগতে ভয় ও শত্রুতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে অদত্তবস্তু গ্রহণ থেকে বিরত হয় সে এই জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না, পর জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি অদত্তবস্তু গ্রহণ বিরত হয় তার সেই ভয় ও বৈরিতা প্রশমিত হয়।

হে ভিক্ষুগণ! মিথ্যা কামাচারী যখন মিথ্যা কামাচারের ফলে এ জগতে ভয় ও বৈরিতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে মিথ্যা কামাচার থেকে বিরত হয় সে এই জগতে ভয় ও শত্রুতা উৎপন্ন করে না, পর জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না কিংবা

Visit: http://www.buddhistdownload.com

চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি মিথ্যা কামাচার বিরত হয় তার সেই ভয় ও বৈরিতা প্রশমিত হয়।

হে ভিক্ষুগণ! মিথ্যা ভাষণকারী যখন মিথ্যা ভাষণের ফলে এ জগতে ভয় ও বৈরিতা প্রসব করে অথবা পরবর্তী জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে, তখন সে মনে দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে মিথ্যা ভাষণ থেকে বিরত হয় সে এই জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না; পর জগতে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে যে ব্যক্তি মিথ্যা ভাষণ বিরত হয় তার সেই ভয় ও বৈরিতা প্রশমিত হয়।

হে ভিক্ষুগণ! সুরাদি মাদক দ্রব্য সেবনকারী ইহলোকে বা পরলোকে ভয় ও বৈরিতা উৎপন্ন করে, এরূপ ব্যক্তি চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে; কিন্তু যে ব্যক্তি এসব থেকে বিরত হয় সে ইহলোকে, পরলোকে ভয় ও বৈরিতা উৎপন্ন করে না কিংবা চৈতসিক দুঃখ-দৌর্মনস্য অনুভব করে না। এভাবে সেই পঞ্চ ভয় ও বৈরিতা প্রশমিত হয়।

৩। কোন্ চার স্রোতাপত্তি অঙ্গে ভূষিত হয়?

এতে হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক বুদ্ধের প্রতি অচলা শ্রদ্ধাসম্পন্ন হয়ঃ সেই ভগবান অর্হৎ, সম্যকসম্বুদ্ধ, বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিদ্, অনুত্তর পুরুষ দমনকারী সারথি, দেব মনুষ্যদের শাস্তা, বুদ্ধ, ভগবান। ধর্মের প্রতি সে অবিচল শ্রদ্ধাসম্পন্ন হয়ঃ ভগবানের ধর্ম সুব্যাখ্যাত, স্বয়ং দৃষ্ট বা দর্শনীয়, অকালিক, 'এস দেখ' বলে আহ্বান করার উপযুক্ত, ঔপনায়িক, বিজ্ঞগণের প্রত্যক্ষ করার যোগ্য। সে সংঘের প্রতি অবিচল শ্রদ্ধাসম্পন্ন হয়ঃ ভগবানের শ্রাবকসংঘ সুপ্রতিপন্ন, ঋজু প্রতিপন্ন, ন্যায় প্রতিপন্ন, সমীচীন প্রতিপন্ন, অর্হৎমার্গফল লাভী পুদ্গলের অন্যতর, এ চার পুরুষ যুগলই অষ্টপুরুষ পুদ্গল, আহুনেয় অর্থাৎ চীবর-পিণ্ডপাত-শয্যাসন ও ঔষধ-প্রত্যয় দানরূপে গ্রহণের যোগ্য পাত্র, পাহুনেয় অর্থাৎ দূরদেশ হতে আগত জ্ঞাতিমিত্রদের দানীয়বস্তু গ্রহণের যোগ্যপাত্র, দক্ষিণা গ্রহণের যোগ্য, অঞ্জলি লাভের যোগ্য, জগতের একমাত্র অসদৃশ পুণ্যক্ষেত্র, আর্যকান্ত শীলে ভূষিত যা অখণ্ড, অছিদ্র, অকলঙ্কিত, পবিত্র, বিজ্ঞজন প্রশংসিত, নির্দোষ, সমাধি অনুকূল।

Visit: http://www.buddhistdownload.com

এই চতুর্বিধ স্রোতাপত্তি অঙ্গে ভূষিত।

৪। যখন, হে ভিক্ষুগণ! আর্যশ্রাবক এই পঞ্চবিধ ভয় ও বৈরিতা বিরত হয় এবং এই চতুর্বিধ স্রোতাপত্তি অঙ্গে ভূষিত হয় সে যদি আকাঙ্ক্ষা করে তাহলে নিজকে নিজে ঘোষণা করতে পারেঃ আমার নরক ধ্বংস হয়েছে, তির্য্যগ্ প্রাণীর গর্ভে আমার জন্ম গ্রহণ ধ্বংস হয়েছে, প্রেতত্ব ধ্বংস হয়েছে, অপায় দুর্গতি বিনিপাত ধ্বংস হয়েছে। আমি স্রোতাপন্ন হয়েছি, বিনিপাত ধর্মাধীন নই, আমি নিত্য সম্বোধিপরায়ণ।'

৯. আঘাতবত্থু সুত্তং- আঘাতবস্তু সূত্র

২৯.১। 'হে ভিক্ষুগণ, এই নয়টি বিবাদের[১০] ভিত্তি। নয় কি কি?

২। (এরূপ চিন্তা)ঃ সে আমার ক্ষতি করেছে- বিবাদ সৃষ্টি করে; অনুরূপ এরকম চিন্তাঃ সে আমার অনিষ্ট করেছে; সে আমার অনিষ্ট করবে; সে আমার প্রিয় প্রীতিভাজনের অনিষ্ট করেছে; সে এরূপ কারো অনিষ্ট করছে; সে তার ক্ষতি করবে; সে আমার অপ্রিয় ও অপ্রীতিভাজনের উপকার করেছে; সে এরূপ ব্যক্তির উপকার করছে; সে তার উপকার করবে।

হে ভিক্ষুগণ, বিবাদের এই নয় প্রকার ভিত্তি।'

১০. আঘাত পটিবিনয় সুত্তং- আঘাত নিরসন সূত্র

৩০.১। 'হে ভিক্ষুগণ, বিবাদ দূরীভূত করার এই নয়টি উপায়। নয় কি কি?

২। [এরূপ চিন্তা]ঃ সে আমার ক্ষতি করেছে, কিন্তু এতে তার লাভ কি?- এ ধরণের চিন্তা বিবাদ দূরীভূত করে। সে আমার অনিষ্ট করছে, কিন্তু তাতে তার কি লাভ হয়েছে? সে আমার অনিষ্ট করবে, কিন্তু তাতে তার কি লাভ হবে? সে আমার প্রিয়, প্রীতিভাজনের অনিষ্ট করেছে, কিন্তু তাতে তার কি লাভটা হয়েছে? সে এরূপ কারো অনিষ্ট করেছে, কিন্তু তদ্বারা তার কি লাভ হয়েছে? সে তার ক্ষতি করবে, কিন্তু তাতে তার কি লাভ হবে? সে আমার অপ্রিয় অপ্রীতিভাজনের উপকার করেছে, কিন্তু তাতে তার কি লাভ হয়েছে? সে এরূপ ব্যক্তির উপকার করেছে, কিন্তু তাতে তার কি লাভ হয়েছে? সে তার উপকার করবে;

Visit: http://www.buddhistdownload.com

কিন্তু তাতে তার কি লাভ হবে? এ ধরণের চিন্তা বিবাদ দূরীভূত করে।

'হে ভিক্ষুগণ, বিবাদ দূরীভূত করার এই নয় উপায়।'

১১. অনুপূব্ব নিরোধ সুত্তং- অনুপূর্ব নিরোধ সূত্র

৩১.১। 'হে ভিক্ষুগণ, এই নয় প্রকার অনুপূর্ব নিরোধ[১১]। নয় কি কি?

২। প্রথম ধ্যান লাভীর কামসংজ্ঞা নিরুদ্ধ হয়, দ্বিতীয় ধ্যান বিতর্ক-বিচার নিরুদ্ধ হয়, তৃতীয় ধ্যান লাভীর প্রীতি নিরুদ্ধ হয়, চতুর্থ ধ্যান লাভীর নিঃশ্বাস-প্রশ্বাস নিরুদ্ধ হয়, আকাশ অনন্ত আয়তন ধ্যান লাভীর রূপসংজ্ঞা নিরুদ্ধ হয়, বিজ্ঞান অনন্ত আয়তন ধ্যান লাভীর আকাশ অনন্ত আয়তন নিরুদ্ধ হয়, অকিঞ্চনায়তন ধ্যান লাভীর বিজ্ঞান অনন্ত আয়তন নিরুদ্ধ হয়, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন ধ্যান লাভীর অকিঞ্চনায়তন নিরুদ্ধ হয়; সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভীর সংজ্ঞা ও বেদনা নিরুদ্ধ হয়।

হে ভিক্ষুগণ, এগুলিই ক্রম নিরোধ।'

[সত্ত্বাবাস-বর্গ তৃতীয় সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

স্থানখলুঙ্ক এবং তৃষ্ণা, সত্ত্বসংজ্ঞা, শিলাস্তম্ভ,
দ্বিবিধ শত্রুতা, বিবাদ এবং অনুপূর্ব নিরোধ।

৪. মহা বগ্গো- মহাবর্গ

১. অনুপূব্ব বিহার সুত্ত- অনুপূর্ব বিহার সূত্র

৩২.১। 'হে ভিক্ষুগণ, এসবই নয় অনুপূর্ব বিহার। নয় কি কি?

২। এতে হে ভিক্ষুগণ, ভিক্ষু কামের প্রতি বিবিক্ত হয়ে অকুশলে নির্লিপ্ত হয়ে বিতর্ক ও বিচার সহিত নির্জনতা জনিত প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে; ভিক্ষু বিতর্ক-বিচার প্রশমিত করে আধ্যাত্মিক সম্প্রসাদযুক্ত চিত্তে একাগ্রতাজনিত অবিতর্ক ও বিচারবিহীন সমাধিজনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করে; ভিক্ষু প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করে; স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে

Visit: http://www.buddhistdownload.com

(প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু সম্পূর্ণরূপে রূপসংজ্ঞাসমূহ অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অতিক্রম করতঃ নানাত্বসংজ্ঞাসমূহের প্রতি অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' সংজ্ঞায় আকাশ অনন্ত আয়তন লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' সংজ্ঞায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে তাতে অবস্থান করে। সে সম্পূর্ণরূপে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' এ সংজ্ঞায় অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে তাতে অবস্থান করে, সে সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করে তাতে অবস্থান করে।

হে ভিক্ষুগণ, এগুলিই নয় অনুপূর্ব বিহার।'

২. অনুপূব্ব বিহার সম্পত্তি সুত্তং- অনুপূর্ব বিহার সম্পত্তি সূত্র

৩৩.১। 'হে ভিক্ষুগণ, আমি নব অনুপূর্ব (ক্রম) বিহার প্রাপ্তি দেশনা করব, তা অভিনিবেশ সহকারে শ্রবণ কর। এবং হে ভিক্ষুগণ, নব অনুপূর্ব বিহার প্রাপ্তি কি কি?

২। যেখানে কামসংজ্ঞা নিরুদ্ধ হয় এবং কামসংজ্ঞা যারা নিরোধ করেছে, নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে প্রকৃতপক্ষে সেসব শ্রদ্ধেয়গণ সেকারণে নিবৃত্ত, তীর্ণ এবং পারগত বলে আমি অভিহিত করি। "কামসংজ্ঞা কোথায় নিরুদ্ধ হয় এবং কে কামসংজ্ঞা নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে? আমি এটা জানি না, আমি এটা দেখি না" যে এরূপ বলে তাকে এরূপ বলা উচিত "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু কামনা ও অকুশল ধর্ম হতে বিরত হয়ে বিতর্ক ও বিচার সহিত নির্জনতা জনিত প্রীতি সুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে। এখানে কামসংজ্ঞা নিরুদ্ধ হয় এবং যারা কামসংজ্ঞা নিরোধ করেছে তারা তদ্রূপভাবে অবস্থান করে।" সত্যই হে ভিক্ষুগণ, অকপট,

Visit: http://www.buddhistdownload.com

অমায়াবী ব্যক্তি ভাষণকে উত্তম বলে অভিনন্দিত করে ও অনুমোদন করে, ভাষণকে উত্তম হিসাবে অভিনন্দিত ও অনুমোদন করতঃ তাকে যুক্ত করে সম্মান ও শ্রদ্ধা নিবেদন করে।

৩। যেখানে বিতর্ক-বিচার নিরুদ্ধ হয় এবং যারা বিতর্ক-বিচার নিরোধ করেছে তারা তদ্রূপভাবে অবস্থান করে- প্রকৃতপক্ষে সেসব শ্রদ্ধেয় ব্যক্তি সেকারণে নিবৃত্ত, উত্তীর্ণ এবং পারগত বলে আমি অভিহিত করি। "কোথায় তারা নিরুদ্ধ হয় এবং কে বিতর্ক-বিচার নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে?" আমি এটা জানি না, আমি এটা দেখি না। যে এরূপ বলে তাকে এরকম বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু বিতর্ক-বিচার প্রশমিত আধ্যাত্মিক সম্প্রসাদ ও একাগ্রতাযুক্ত অবিতর্ক ও বিচার বিহীন সমাধিজনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করে। এখানে বিতর্ক-বিচার নিরুদ্ধ হয় এবং যারা বিতর্ক-বিচার নিরোধ করেছে তারা তদ্রূপভাবে অবস্থান করে।" সত্যই হে ভিক্ষুগণ, অকপট অমায়াবী ব্যক্তি ভাষণকে উত্তম বলে অভিনন্দিত করে ও অনুমোদন করে, ভাষণকে উত্তম বলে অভিনন্দিত ও অনুমোদন করতঃ তাকে যুক্ত করে সম্মান ও শ্রদ্ধা নিবেদন করে।

৪। যেখানে প্রীতি নিরুদ্ধ হয় এবং যারা প্রীতি নিরোধ করে তারা তদ্রূপভাবে অবস্থান করে- সত্যই, সেসব শ্রদ্ধেয় ব্যক্তি সেকারণে নিবৃত্ত, উত্তীর্ণ এবং পারগত বলে আমি অভিহিত করি। "কোথায় প্রীতি নিরুদ্ধ হয় এবং কে কারা প্রীতি নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে? আমি এটা জানি না, এটা দেখি না" যে এরূপ বলে তাকে এরকম বলা উচিতঃ শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করে, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে সুখ অনুভব করে, আর্যগণ যে ধ্যান স্তরে আরোহণ করলে "ধ্যায়ী ও উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে অবস্থান করে। এখানে প্রীতি নিরুদ্ধ হয় এবং যারা প্রীতি নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" সত্যই হে ভিক্ষুগণ, অকপট, অমায়াবী ব্যক্তি ভাষণটিকে উত্তম বলে অভিনন্দিত করে ও অনুমোদন করে: ভাষণটিকে

Visit: http://www.buddhistdownload.com

উত্তম বলে অভিনন্দিত ও অনুমোদন করতঃ তাঁকে যুক্ত করে সম্মান ও শ্রদ্ধা করে।

৫। যেখানে উপেক্ষাসুখ নিরুদ্ধ হয় এবং যারা উপেক্ষাসুখ নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে। প্রকৃতপক্ষে সেসব শ্রদ্ধেয় ব্যক্তি সেকারণে নিবৃত্ত, উত্তীর্ণ ও পারগত বলে আমি অভিহিত করি। "কোথায় উপেক্ষাসুখ নিরুদ্ধ হয় এবং কারা উপেক্ষাসুখ নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে? আমি এটা জানি না, আমি এটা দেখি না" যে এরূপ বলে তাকে এরকম বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, প্রীতিতে বিরাগ উৎপন্ন হওয়ায় ভিক্ষু উপেক্ষাশীল (না-সুখ না-দুঃখ) হয়ে অবস্থান করে এবং স্মৃতি ও সম্প্রজ্ঞাত হয়ে কায়িক সুখ অনুভব করে যাতে শারীরিক সুখ-দুঃখ প্রহীন পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য সুখ-দুঃখ অস্তগত হয়, সেই না-সুখ না-দুঃখ উপেক্ষা স্মৃতি পরিশুদ্ধি নামক চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। এখানে উপেক্ষাসুখ নিরুদ্ধ হয় এবং যারা উপেক্ষাসুখ নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" প্রকৃতপক্ষে হে ভিক্ষুগণ, অকপট, অমায়াবী ব্যক্তি ভাষণটিকে উত্তম বলে অভিনন্দিত করে ও অনুমোদন করে, ভাষণটিকে উত্তম বলে অভিনন্দিত ও অনুমোদন করতঃ তাঁকে যুক্ত করে সম্মান ও শ্রদ্ধা করে।

৬। যেখানে রূপসংজ্ঞা নিরুদ্ধ হয় এবং যারা রূপসংজ্ঞা নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে। প্রকৃতপক্ষে সেসব শ্রদ্ধেয় ব্যক্তি সেকারণে নিবৃত্ত, উত্তীর্ণ ও পারগত বলে আমি অভিহিত করি। "রূপসংজ্ঞা কোথায় নিরুদ্ধ হয় এবং কারা রূপসংজ্ঞা নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে? আমি তা জানি না, আমি তা দেখি না" যে এরূপ বলে তাকে বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু সম্পূর্ণরূপে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' সংজ্ঞায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে;- এখানে রূপসংজ্ঞা নিরুদ্ধ হয় এবং যারা রূপসংজ্ঞা নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" সত্যই হে ভিক্ষুগণ! অকপট, অমায়াবী ব্যক্তি উত্তম হিসাবে ভাষণটি অভিনন্দিত ও অনুমোদন করে, ভাষণটি অভিনন্দিত করে ও অনুমোদন করতঃ তাঁকে যুক্ত করে সম্মান ও শ্রদ্ধা করে।

Visit: http://www.buddhistdownload.com

৭। যেখানে আকাশ অনন্ত আয়তন নিরুদ্ধ হয় এবং যারা আকাশ অনন্ত আয়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে। প্রকৃতপক্ষে সেসব শ্রদ্ধেয় ব্যক্তি সেকারণে নিবৃত্ত, উত্তীর্ণ ও পারগত বলে আমি অভিহিত করি। "আকাশ অনন্ত আয়তন কোথায় নিরুদ্ধ হয় এবং যারা আকাশ অনন্ত আয়তন নিরোধ করে তদ্রূপভাবে অবস্থান করে? আমি তা জানি না, আমি তা দেখি না" যে এরূপ বলে তাকে বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান সংজ্ঞায়' বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে- এখানে আকাশ অনন্ত আয়তন নিরুদ্ধ হয় এবং যারা আকাশ অনন্ত আয়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" সত্যই ভিক্ষুগণ! অকপট, অমায়াবী ব্যক্তি উত্তম বলে ভাষণটি অভিনন্দিত করে ও অনুমোদন করে, ভাষণটি অভিনন্দিত ও অনুমোদন করতঃ তাঁকে যুক্ত করে সম্মান করে ও শ্রদ্ধা করে।

৮। যেখানে বিজ্ঞান অনন্ত আয়তন নিরুদ্ধ হয় এবং যারা বিজ্ঞান অনন্ত আয়তন নিরোধ করেছে তারা তদ্রূপভাবে অবস্থান করে- সত্যই, সেসব শ্রদ্ধেয় ব্যক্তি সেক্ষেত্রে নিবৃত্ত, উত্তীর্ণ এবং পারগত হয়েছে বলে আমি ঘোষণা করি। "বিজ্ঞান অনন্ত আয়তন কোথায় নিরুদ্ধ হয় এবং কারা বিজ্ঞান অনন্ত আয়তন নিরোধ করে সেভাবে অবস্থান করে? আমি তা জানি না, আমি তা দেখি না" যে এরূপ বলে তাকে এরকম বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' সংজ্ঞায় অকিঞ্চনায়তন লাভ করে তাতে অবস্থান করে- এখানে বিজ্ঞান অনন্ত আয়তন নিরুদ্ধ হয় এবং যারা বিজ্ঞান অনন্ত আয়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" সত্যই, হে ভিক্ষুগণ! অকপট, অমায়াবী ব্যক্তি এ উত্তরে আনন্দিত ও সন্তুষ্ট হয় এবং বলেঃ উত্তম বলেছেন এবং তৎপর তাঁকে অঞ্জলিবদ্ধ হয়ে সম্মান ও শ্রদ্ধা করে।

৯। যেখানে অকিঞ্চনায়তন নিরুদ্ধ হয় এবং যারা অকিঞ্চনায়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে- সত্যই, সেসব শ্রদ্ধেয় ব্যক্তি নিবৃত্ত হেতু উত্তীর্ণ, পারগত বলে আমি ঘোষণা করি। "অকিঞ্চনায়তন কোথায় নিরুদ্ধ হয় এবং কে অকিঞ্চনায়তন নিরোধ

Visit: http://www.buddhistdownload.com

করে তদ্রূপভাবে অবস্থান করে? আমি এটা জানি না, আমি এটা দেখি না" যে ব্যক্তি এরূপ বলে তাকে এরকম বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু সম্পূর্ণরূপে অকিঞ্চনায়তন অতিক্রম করে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করে- এখানে অকিঞ্চনায়তন নিরুদ্ধ হয় এবং যারা অকিঞ্চনায়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" সত্যই, হে ভিক্ষুগণ! অকপট, অমায়াবী ব্যক্তি এ উত্তরে আনন্দিত ও সন্তুষ্ট হয় এবং বলেঃ উত্তম বলেছেন এবং তৎপর তাঁকে অঞ্জলিবদ্ধ হয়ে সম্মান ও শ্রদ্ধা করে।

১০। যেখানে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন নিরুদ্ধ হয় এবং যারা নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে- সত্যই, সেসব শ্রদ্ধেয় ব্যক্তি নিবৃত্ত হেতু উত্তীর্ণ, পারগত বলে আমি ঘোষণা করি। "কোথায় নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন নিরুদ্ধ হয় এবং কারা নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন নিরোধ করে সেভাবে অবস্থান করে? আমি এটা জানি না, আমি এটা দেখি না" যে ব্যক্তি এরূপ বলে তাকে এরকম বলা উচিতঃ "শ্রদ্ধেয় মহাশয়, ভিক্ষু সম্পূর্ণভাবে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করে তাতে অবস্থান করে- এখানে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন নিরুদ্ধ হয় এবং যারা নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন নিরোধ করেছে তারা সেভাবে অবস্থান করে।" সত্যই, হে ভিক্ষুগণ! অকপট, অমায়াবী ব্যক্তি এ উত্তরে আনন্দিত ও সন্তুষ্ট হয় এবং বলেঃ উত্তম বলেছেন এবং তৎপর তাঁকে অঞ্জলিবদ্ধ হয়ে সম্মান ও শ্রদ্ধা করে।

হে ভিক্ষুগণ, এগুলি নয় অনুপূর্ব বিহার প্রাপ্তি।'

৩. নিব্বানসুখ সুত্তং- নির্বাণসুখ সূত্র

৩৪.১। আমি এরূপ শুনেছিঃ এক সময় আয়ুষ্মান শারিপুত্র রাজগৃহের বেণুবনে কলন্দকনিবাপে অবস্থান করছিলেন। তখন শ্রদ্ধেয় শারিপুত্র ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'আয়ুষ্মানগণ, এ নির্বাণ সুখ, আয়ুষ্মানগণ, এ নির্বাণ সুখ।'

২। যখন তিনি এরূপ বললেন শ্রদ্ধেয় উদায়ি[১] তাঁকে বললেনঃ 'কিন্তু শ্রদ্ধেয় শারিপুত্র, এতে সুখ কি? যা এতে অনুভূত নয়?'

Visit: http://www.buddhistdownload.com

৩। 'আবুসো, এটা প্রকৃতপক্ষে সেই সুখ যা এতে অনুভূত নহে। আবুসো, এ পাঁচটি কামগুণ। পাঁচ কি কি?

চক্ষুবিজ্ঞেয় রূপ প্রলোভনদায়ক, আনন্দদায়ক, মনোরম, প্রিয়রূপ কামাবিষ্ট, উত্তেজনা সৃষ্টিতে দক্ষ। শ্রোত্রবিজ্ঞেয় শব্দ প্রলোভনদায়ক, আনন্দদায়ক, মনোরম, প্রিয়রূপ, কামাবিষ্ট, উত্তেজনা সৃষ্টিতে দক্ষ। ঘ্রাণবিজ্ঞেয় গন্ধ প্রলোভনদায়ক, আনন্দদায়ক, মনোরম প্রিয়রূপ, কাম ও আকাঙ্ক্ষার সাথে সম্পূর্ণযুক্ত। জিহ্বাবিজ্ঞেয় রস প্রলোভনদায়ক, আনন্দদায়ক, মনোরম, প্রিয়রূপ, কাম ও আকাঙ্ক্ষার সাথে সম্পূর্ণযুক্ত। কায়বিজ্ঞেয় স্পর্শ প্রলোভনদায়ক, আনন্দদায়ক, মনোরম, প্রিয়রূপ, কাম ও আকাঙ্ক্ষার সাথে গভীরভাবে সম্পর্কযুক্ত। আবুসো, এগুলিই পঞ্চকামগুণ। আবুসো, যাতে এই পঞ্চকামগুণ বশতঃ সুখ, আনন্দ উৎপন্ন হয়, এটাকে আবুসো, কামসুখ বলে অভিহিত করা হয়।

৪। এক্ষেত্রে, শ্রদ্ধেয় ভিক্ষু কাম হতে বিবিক্ত (অসম্পৃক্ত বা পৃথক) হয়ে অকুশল ধর্মসমূহ হতে বিবিক্ত হয়ে সবিতর্ক-সবিচার বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন। সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে কাম সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং সত্যই এটা তাঁর কাছে ব্যাধি স্বরূপ। যেমন, বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে। তদ্রূপ, কামসহগত সেসব সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি স্বরূপ। আবুসো, যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে মহাশয়, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।

৫। পুনঃ, মহাশয়, ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন। সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে বিতর্ক সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং প্রকৃতপক্ষে এটা তাঁর নিকট একটা ব্যাধি স্বরূপ। যেমন বন্ধু! সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে। তদ্রূপ, বিতর্ক সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি; আবুসো, যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে মহাশয়, এভাবেই নির্বাণকে সুখ বিহার হিসাবে উপলব্ধি করতে হবে।

Visit: http://www.buddhistdownload.com

৬। পুনরায় আবুসো, ভিক্ষু প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন। সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে প্রীতি সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যেমন বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে। তদ্রূপ, প্রীতি সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে মহাশয়, এভাবেই নির্বাণকে সুখ বিহার হিসাবে উপলব্ধি করতে হবে।

৭। পুনঃ আবুসো, ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য ও দৌর্মনস্য (মনের হর্ষ বিষাদ) অস্তমিত করে, না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন। সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে উপেক্ষা সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যেমন বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে। তদ্রূপ, উপেক্ষা সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে মহাশয়, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।

৮। পুনঃ আবুসো, ভিক্ষু সর্বতোভাবে রূপসংজ্ঞাসমূহ অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে অনন্ত আকাশ সংজ্ঞায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করেন। আবুসো, সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে রূপসহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যেমন বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে, তদ্রূপ, রূপসহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। আবুসো, যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে মহাশয়, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।

Visit: http://www.buddhistdownload.com

৯। পুনঃ বন্ধু, ভিক্ষু সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' সংজ্ঞায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করেন। আবুসো, সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে আকাশ অনন্ত আয়তন সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যেমন বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে। তদ্রূপ আকাশ অনন্ত আয়তন সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। আবুসো, যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে মহাশয়, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।

১০। পুনঃ আবুসো, ভিক্ষু সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' সংজ্ঞায় অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করেন। আবুসো, সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে বিজ্ঞান অনন্ত আয়তন সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যেমন বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে, তদ্রূপ বিজ্ঞান অনন্ত আয়তন সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। আবুসো, যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে বন্ধু, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।

১১। পুনঃ আবুসো, ভিক্ষু সর্বতোভাবে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করেন। আবুসো, সেই ভিক্ষু এভাবে অবস্থান কালে অকিঞ্চনায়তন সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। যেমন বন্ধু, সুখী ব্যক্তির ব্যাধি উৎপন্ন হতে পারে, তদ্রূপ অকিঞ্চনায়তন সহগত সংজ্ঞা ও মন তাঁর থাকে এবং এটা তাঁর জন্য একটা ব্যাধি। আবুসো, যা ব্যাধি তা দুঃখ- এটা ভগবদোক্ত। প্রকৃতপক্ষে বন্ধু, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।

১২। পুনঃ হে আবুসো, ভিক্ষু সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞনাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করে অবস্থান করেন, তখন তিনি প্রজ্ঞা দ্বারা দেখেন যে, তাঁর আসক্তি ক্ষয় হয়েছে। প্রকৃতপক্ষে হে বন্ধু, এভাবেই নির্বাণকে সুখ হিসাবে উপলব্ধি করতে হবে।'

Visit: http://www.buddhistdownload.com

৪. গাবী উপমা সুত্তং- গাভী উপমা সূত্র

৩৫.১। 'যেমন হে ভিক্ষুগণ, একটি গাভী পর্বতজাত, নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন, ক্ষেত্রজ্ঞানহীন,[২] বিষম পর্বতে বিচরণে অদক্ষ চিন্তা করে থাকতে পারেঃ এটা কেমন হয় যদি আমি পূর্বে গমন করিনি এমন স্থানে গমন করি; পূর্বে আহার করিনি এমন তৃণ আহার করি; পূর্বে পান করিনি এমন জল পান করি! এমন করতে গিয়ে সে তার সে সম্মুখের পা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত না করে পিছনের পা উত্তোলন করে ফেলে, তার ফলে সে পূর্বে যে স্থানে গমন করেনি সেস্থানে গমন করতে পারবে না কিংবা পূর্বে যে আহার গ্রহণ করেনি সে আহার গ্রহণ করতে পারবে না, কিংবা যে জল পান করেনি সে জল পান করতে পারবে না, কিংবা সে যে স্থান হতে বিচরণ করার পদক্ষেপ নিয়েছিল সেস্থানে নিরাপদে[৩] প্রত্যাবর্তন করতে পারবে না। এর কারণ কি? এর কারণ হে ভিক্ষুগণ, সে গাভীটা পর্বত-জাত, নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন, ক্ষেত্রজ্ঞানহীন, বিষম পর্বতে বিচরণে অদক্ষ। তদ্রূপ হে ভিক্ষুগণ, কোন কোন নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন, ক্ষেত্রজ্ঞানহীন, অদক্ষ ভিক্ষু কাম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করতঃ তাতে অবস্থান করতে পারে না। সে সেই নিমিত্ত অনুশীলন করে না, ভাবে না, বৃদ্ধি করে না, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে না; তৎসত্ত্বেও সে চিন্তা করেঃ এটা কেমন হয় যদি আমি বিতর্ক বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করি। কিন্তু সে বিতর্ক বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করতে সক্ষম হয় না। তাই সে চিন্তা করেঃ এটা কেমন হয় যদি আমি কাম হতে বিবিক্ত, অকুশলে নির্লিপ্ত হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করি!- কিন্তু সে কাম হতে বিবিক্ত (নির্লিপ্ত) হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করতঃ তাতে অবস্থান করতে সক্ষম হয় না। হে ভিক্ষুগণ, এ ভিক্ষুকে উভয় ক্ষেত্রে পতিত, উভয় ক্ষেত্রে ব্যর্থ বলে অভিহিত করা হয়; যেমন, সেই

Visit: http://www.buddhistdownload.com

পর্বত-জাত, নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন, ক্ষেত্রজ্ঞানহীন গাভী বিষম পর্বতে বিচরণে অদক্ষ গাভী সদৃশ।

২। কিন্তু হে ভিক্ষুগণ! একটি বিজ্ঞ, বুদ্ধিমতী, পর্বত-জাত, ক্ষেত্রজ্ঞ, বিষম পর্বতে বিচরণে দক্ষ গাভী চিন্তা করতে পারেঃ পূর্বে গমন করিনি এমন স্থানে যদি আমি যেতাম, পূর্বে আহার করিনি যদি আমি এমন আহার করতাম, পূর্বে আমি পান করিনি যদি আমি এমন জল পান করতাম! এমন করতে গিয়ে তার সম্মুখের পা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করে পেছনের পা উত্তোলন করে। তার ফলে সে পূর্বে যেস্থানে গমন করেনি সে স্থানে গমন করে, পূর্বে যে আহার গ্রহণ করেনি সেই আহার সে গ্রহণ করে, পূর্বে যে জল পান করেনি সেই জল পান করতে পারে এবং সে যেস্থান হতে বিচরণ করার পদক্ষেপ নিয়েছিল সেই স্থানে নিরাপদে প্রত্যাবর্তন করতে পারে। তার কারণ কি? হে ভিক্ষুগণ! এর কারণ এই যে, পর্বত-জাত গাভীটা ছিল বিজ্ঞ, বুদ্ধিমতী, ক্ষেত্রজ্ঞানসম্পন্ন এবং বিষম পর্বতে বিচরণে দক্ষ। তদ্রূপ হে ভিক্ষুগণ! কোন কোন ভিক্ষু পণ্ডিত, মেধাবী, ক্ষেত্রজ্ঞানসম্পন্ন, দক্ষ। সে কাম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ, প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে; সে চিন্তা করেঃ এটা কেমন হয় যদি আমি বিতর্ক বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করি! সে দ্বিতীয় ধ্যানে হতবুদ্ধি না হয়ে বিতর্ক বিচার উপশমে আধ্যাত্মিক সম্প্রসাদ চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত সমাধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করে। সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে। সে তখন চিন্তা করেঃ আমি যদি প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করি, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে প্রীতি নিরপেক্ষ সুখ অনুভব করি, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি নিরপেক্ষ সুখে বাস করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করি! সে হতবুদ্ধি না হয়ে প্রীতিতেও বিরাগী

Visit: http://www.buddhistdownload.com

হয়ে স্বচিত্তে প্রীতি নিরপেক্ষ সুখে অবস্থান করে, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে প্রীতি নিরপেক্ষ সুখ অনুভব করে। আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি নিরপেক্ষ সুখে বাস করেন বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে; সে এরূপ চিন্তা করেঃ যদি আমি সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করি! সে হতবুদ্ধি না হয়ে সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য- দৌর্মনস্য অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে। সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে; সে এরূপ চিন্তা করেঃ আমি যদি সম্পূর্ণরূপে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অস্তমিত করতঃ নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' সংজ্ঞায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করতে পারতাম! সে হতবুদ্ধি না হয়ে সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অস্তমিত করতঃ নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' সংজ্ঞায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে; সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, সেই নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে। তখন সে চিন্তা করেঃ আমি যদি সর্বতোভাবে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' সংজ্ঞায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করতাম! সে হতবুদ্ধি না হয়ে সর্বতোভাবে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' সংজ্ঞায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে। সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে। তখন সে চিন্তা করেঃ আমি যদি সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' সংজ্ঞায় অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করতাম। সে সেই নিমিত্তকে অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে। তখন সে চিন্তা করেঃ আমি যদি

Visit: http://www.buddhistdownload.com

সম্পূর্ণরূপে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করতাম। সে হতবুদ্ধি না হয়ে সর্বতোভাবে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করে; সে সেই নিমিত্ত অনুশীলন করে, ভাবে, বর্ধিত করে, নিমিত্তকে সুপ্রতিষ্ঠিত করে। সে এরূপ চিন্তা করে, আমি যদি সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করতঃ অবস্থান করতে পারতাম! সে সংজ্ঞাবেদয়িত নিরোধকে বিভ্রান্ত না করে সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ লাভ করে অবস্থান করে।

৩। প্রকৃতপক্ষে হে ভিক্ষুগণ, যখন ভিক্ষু সেই সমাপত্তি লাভ করে এবং সমাপত্তি হতে উত্থিত হয় তখন তার মৃদু চিত্ত কমনীয় হয়, মৃদু চিত্তে কর্মণ্যতায় অপ্রমাণ সমাধি সুভাবিত হয় এবং অপ্রমাণ সমাধি দ্বারা ভাবিত সুভাবনা দ্বারা সে অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষকরণীয় যে ধর্ম আছে চিত্তকে তদভিমুখী করে এবং ব্যাপৃতি যাই হোক না কেন, সর্বক্ষেত্রে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য অর্জন করে। যদি সে আকাঙ্ক্ষা করে যে, সে নিজের মধ্যে বহুবিধ ঋদ্ধি বা অলৌকিক শক্তি অনুভব করবে, এক হয়ে বহু হবে, বহু হয়ে এক হবে, ইচ্ছাক্রমে আবির্ভাব তিরোভাব সাধন করতে পারবে, প্রাচীর প্রাকার পর্বত স্পর্শ না করে গমন করতে পারবে- আকাশে গমনের মত; জলে পদব্রজে গমন করতে পারবে- আকাশে গমনের মত; স্থলে উঠা-নামা করতে পারবে- স্থলে গমনের ন্যায়; আকাশেও পর্য্যঙ্কবদ্ধ হয়ে (পদ্মাসন করে বসে) বিহঙ্গগণের মত গমন করতে পারবে, মহাকায় মহাশক্তিসম্পন্ন চন্দ্রসূর্যকে হস্তদ্বারা স্পর্শ করতে পারবে, চন্দ্রসূর্যের গায়ে হাত বুলাতে পারবে, ব্রহ্মলোক পর্যন্ত সশরীরে অবস্থান করতে পারবে। ব্যাপৃতি যাই হোক না কেন, সে সর্বক্ষেত্রে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য অর্জন করে। যদি সে আকাঙ্ক্ষা করে সে দিব্য, পরিশুদ্ধ ও লোকাতীত শ্রোত্রধাতু দ্বারা উভয় শব্দ শুনতে পারবে, যা দিব্য ও যা মনুষ্য, যা দূরে ও যা নিকটে; ব্যাপৃতি যাই হোক না কেন, সে সর্বক্ষেত্রে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য অর্জন করে। যদি সে এই আকাঙ্ক্ষা করে সে স্বচিত্তে অপর ব্যক্তির চিত্তের অবস্থা প্রকৃষ্টরূপে জানবে, চিত্ত সরাগ হলে সরাগ, বীতরাগ হলে বীতরাগ,

Visit: http://www.buddhistdownload.com

সদ্বেষ হলে সদ্বেষ, বীতদ্বেষ হলে বীতদ্বেষ, সমোহ হলে সমোহ, বীতমোহ হলে বীতমোহ, সংক্ষিপ্ত হলে সংক্ষিপ্ত, বিক্ষিপ্ত হলে বিক্ষিপ্ত, মহদ্গত হলে মহদ্গত, অমহদ্গত হলে অমহদ্গত, স-উত্তর হলে স-উত্তর, অনুত্তর হলে অনুত্তর, সমাহিত হলে সমাহিত, অসমাহিত হলে অসমাহিত, বিমুক্ত হলে বিমুক্ত, অবিমুক্ত হলে অবিমুক্ত বলেই জানতে পারবে; ব্যাপৃতি যাই হোক না কেন, সর্বক্ষেত্রে সে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য অর্জন করে; যদি সে আকাঙ্ক্ষা করে সে বহু প্রকারে বহুবিধ পূর্বজন্ম অনুস্মরণ করতে পারবে, যথা- একজন্ম, দু'জন্ম, তিনজন্ম, চারজন্ম, পাঁচজন্ম, দশজন্ম, বিশজন্ম, ত্রিশজন্ম, চল্লিশজন্ম, পঞ্চাশজন্ম, শতজন্ম, সহস্রজন্ম, এমন কি শতসহস্রজন্ম, বহুসংবর্ত কল্প, বহুবিবর্তকল্প, বহুসংবর্ত-বিবর্তকল্প, অমুক জন্মে আমার ছিল এই নাম, এই ছিল গোত্র, এই ছিল বর্ণ, এই ছিল আহার, এই ছিল সুখ-দুঃখ ভোগ, এই ছিল আয়ু-পরিমাণ; তা হতে চ্যুত হয়ে আমি এ যোনিতে জন্ম গ্রহণ করেছি; এ প্রকারে আকার ও গতিসহ বহুবিধ পূর্বজন্ম অনুস্মরণ করতে পারবে। ব্যাপৃতি যাই হোক না কেন, সর্বক্ষেত্রে সে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য লাভ করে। যদি সে এই আকাঙ্ক্ষা করে সে বিশুদ্ধ ও লোকাতীত দিব্যচক্ষু দ্বারা অপর জীবগণকে দেখতে পারে, তারা চ্যুত হচ্ছে, পুনরায় উৎপন্ন হচ্ছে, কর্মানুসারে গতিপ্রাপ্ত, হীনোৎকৃষ্ট, সুবর্ণ-দুর্বর্ণ, সুগত-দুর্গত- জীবসমূহকে জানতে পারবে,- এ সকল জীব কায়দুশ্চরিত্র, বাক্‌দুশ্চরিত্র, মনদুশ্চরিত্র সমন্বিত, আর্যগণের নিন্দুক, মিথ্যাদৃষ্টিসম্পন্ন, মিথ্যাদৃষ্টিসম্ভূত কর্মপরিগ্রাহী হবার ফলে দেহান্তে মৃত্যুর পর অপায়-দুর্গতি বিনিপাত নরকে উৎপন্ন হয়েছে; পক্ষান্তরে এসকল জীব কায়সুচরিত, বাক্‌সুচরিত, মনসুচরিত সমন্বিত, আর্যগণের নিন্দুক নহে, সম্যকদৃষ্টিসম্পন্ন, সম্যকদৃষ্টিউদ্ভূত কর্মপরিগ্রাহী হবার ফলে দেহান্তে, মৃত্যুর পর সুগতি-স্বর্গলোকে উৎপন্ন হয়েছে; এরূপে বিশুদ্ধ লোকাতীত চক্ষু দ্বারা জীবগণকে দেখতে পাবে, তারা চ্যুত হয়ে পুনরায় উৎপন্ন হচ্ছে, স্ব স্ব কর্মানুসারে গতিপ্রাপ্ত, হীনোৎকৃষ্ট, সুবর্ণ-দুর্বর্ণ, সুগত-দুর্গত জীবগণকে প্রকৃষ্টরূপে জানতে পারবে; ব্যাপৃতি যাই হোক না কেন, সর্বক্ষেত্রে সে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য অর্জন করে। যদি সে আকাঙ্ক্ষা করে যে, সে আসবক্ষয়ে অনাসব হয়ে

Visit: http://www.buddhistdownload.com

দৃষ্টধর্মে (বর্তমান জন্মে) স্বয়ং অভিজ্ঞা দ্বারা চেতবিমুক্তি ও প্রজ্ঞাবিমুক্তি সাক্ষাৎকার করে তাতে অবস্থিত হয়ে বিচরণ করবে। ব্যাপৃতি যাই হোক না কেন, সর্বক্ষেত্রে সে প্রত্যক্ষসাক্ষীর সামর্থ্য অর্জন করে।'

৫. ঝান সুত্তং- ধ্যান সূত্র

৩৬.১। 'হে ভিক্ষুগণ! আমি বলি প্রকৃতপক্ষে আসব-ক্ষয় নির্ভর করে প্রথম ধ্যানের উপর; প্রকৃতপক্ষে আমি বলি আসব-ক্ষয় নির্ভর করে দ্বিতীয় ধ্যানের উপর; আমি বলি আসব-ক্ষয় নির্ভর করে তৃতীয় ধ্যানের উপর; আমি বলি আসব-ক্ষয় নির্ভর করে চতুর্থ ধ্যানের উপর। হে ভিক্ষুগণ! আমি বলি প্রকৃতপক্ষে আসব-ক্ষয় নির্ভর করে আকাশ অনন্ত আয়তন ধ্যানের উপর; আমি বলি আসব-ক্ষয় নির্ভর করে বিজ্ঞান অনন্ত আয়তনের উপর; আমি বলি আসব-ক্ষয় নির্ভর করে অকিঞ্চনায়তন ধ্যানের উপর; আমি বলি আসব-ক্ষয় নির্ভর করে নৈবসংজ্ঞানাসংজ্ঞা-নায়তন ধ্যানের উপর।

২। হে ভিক্ষুগণ! আমি বলি ধ্যানের উপর আসব-ক্ষয় নির্ভর করে বলে কথিত। এবং কি কারণে এরূপ বলা হয়?

এক্ষেত্রে, হে ভিক্ষুগণ! ভিক্ষু কাম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করেঃ তার রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞানসহগত যা কিছু ঘটুক না কেন, সে সম্পূর্ণরূপে অনিত্য হিসাবে, দুঃখ, রোগ, অসুচিমুখ শক্ত কীলক, ক্ষত, যন্ত্রণা, নিজস্ব নহে এমন, চটকদার কিন্তু তুচ্ছ বস্তু, শূন্য, অনাত্ম হিসাবে দেখে। সে সমস্ত বিষয় হতে চিত্তকে ফিরিয়ে নেয়। সে তদ্রূপ করে চিত্তকে অমৃত ধাতুতে এ চেতনায় কেন্দ্রীভূত করেঃ "এটাই শান্তি, এটাই উত্তম যেমনঃ সর্ব সংস্কার শান্ত, সর্ব উপাধি (জন্মের ভিত্তি) পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ, নির্বাণ[৪]।" এবং সে সেখানে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়ে আসক্তি ক্ষয় প্রাপ্ত হয়, যদি আসক্তি ক্ষয় না হয় সেই ধর্মরাগ বশতঃ, সেই ধর্মানন্দ হেতু পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে আপনা আপনি জন্ম গ্রহণ করে এবং সেই জগৎ হতে প্রত্যাবর্তনের অধীন না হয়ে সেখানেই পরিনির্বাণ লাভ করে।

যেমন হে ভিক্ষুগণ! তীরন্দাজ বা তীরন্দাজের শিষ্য তৃণ বা মৃত্তিকা পুঞ্জের উপর অনুশীলন করবে; বর্তমানে সে দীর্ঘ, দ্রুত, বন্দুক ছোড়ার,

Visit: http://www.buddhistdownload.com

মহা কায়ের' তীক্ষ্ণভেদক হয়ে যাবে। তদ্রূপ, হে ভিক্ষুগণ! ভিক্ষু কাম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক সবিচার বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে এবং তার রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞানসহগত যা কিছু হোক না কেন, সে এগুলোকে সম্পূর্ণরূপে অনিত্য, দুঃখ, রোগ, সুচিমুখ শক্ত কীলক, ক্ষত, যন্ত্রণা, নিজস্ব নহে এমন, চটকদার কিন্তু তুচ্ছ বস্তু, শূন্য, অনাত্ম হিসাবে দেখে। সে সেসব বিষয় হতে চিত্তকে ফিরায়ে নেয়। সে তদ্রূপ করে চিত্তকে অমৃত ধাতুতে এ চেতনায় কেন্দ্রীভূত করেঃ "এটাই শান্তি, এটাই উত্তম, যেমন, সর্ব সংস্কার শান্ত, সর্ব-উপাধি পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ, নির্বাণ।" এবং সে সেখানে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়ে আসক্তি ক্ষয় প্রাপ্ত হয়। যদি আসক্তি ক্ষয় না হয় সেই ধর্মরাগ বশতঃ, সেই ধর্মানন্দ হেতু পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে স্বতঃস্ফুর্তভাবে জন্মগ্রহণ করে এবং সেই জগৎ হতে প্রত্যাবর্তন অধীন না হয়ে সেখানেই পরিনির্বাণ লাভ করে।

হে ভিক্ষুগণ! এটা উক্তঃ আমি বলি প্রথম ধ্যানের উপর আসব ক্ষয় নির্ভর করে এবং একারণে এটা উক্ত।

৩। হে ভিক্ষুগণ! এটা উক্ত; আমি বলি দ্বিতীয় ধ্যানের উপর আসব ক্ষয় নির্ভর করে; এবং একারণে এটা উক্ত। হে ভিক্ষুগণ! এটা উক্ত; আমি বলি তৃতীয় ধ্যানের উপর আসব ক্ষয় নির্ভর, এবং এ কারণে এটা উক্ত। হে ভিক্ষুগণ! চতুর্থ ধ্যানের উপর আসব ক্ষয় নির্ভর করে বলে আমি বলি এবং কি কারণে এটা উক্ত?

এখানে হে ভিক্ষুগণ! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে। তার রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞানসহগত যা কিছু ঘটুক না কেন, সে সম্পূর্ণ অনিত্য হিসাবে, দুঃখ, রোগ, সুচিমুখ শক্ত কীলক, ক্ষত, যন্ত্রণা, নিজস্ব নহে এমন, চটকদার কিন্তু তুচ্ছ বস্তু, শূন্য, অনাত্ম হিসাবে দেখে। সে সেসব বিষয় হতে চিত্তকে ফিরায়ে নেয়। সে তদ্রূপ করে চিত্তকে অমৃত ধাতুতে এ চেতনায় কেন্দ্রীভূত করেঃ "এটাই শান্তি, এটাই উত্তম, যেমনঃ সর্ব সংস্কার শান্ত, সর্ব উপাধি (জন্মের ভিত্তি)

Visit: http://www.buddhistdownload.com

পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ, নির্বাণ।" এবং সে সেখানে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়ে আসক্তি ক্ষয় প্রাপ্ত হয়, যদি আসক্তি ক্ষয় না হয় সেই ধর্মরাগ বশতঃ, সেই ধর্মানন্দ হেতু পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে আপনা আপনি জন্ম গ্রহণ করে এবং সেই জগৎ হতে প্রত্যাবর্তনের অধীন না হয়ে সেখানেই পরিনির্বাণ লাভ করে। যেমন হে ভিক্ষুগণ! তীরন্দাজ বা তীরন্দাজের শিষ্য তৃণপুঞ্জ বা মৃত্তিকাপুঞ্জের উপর অনুশীলন করবে; বর্তমানে সে দীর্ঘ, দ্রুত, বন্দুক ছোড়ক, মহা কায়ের তীক্ষ্ণভেদক হয়ে যাবে। তদ্রূপ হে ভিক্ষুগণ! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে এবং তার রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞানসহগত যা কিছু হোক না কেন, সে এগুলোকে সম্পূর্ণরূপে অনিত্য, দুঃখ, রোগ, সুচিমুখ, শক্ত কীলক, ক্ষত, যন্ত্রণা, নিজস্ব নহে এমন, চটকদার কিন্তু তুচ্ছ বস্তু, শূন্য, অনাত্ম হিসাবে দেখে। সে সেসব বিষয় হতে চিত্তকে ফিরায়ে নেয়। সে তদ্রূপ করে চিত্তকে অমৃত ধাতুতে এ চেতনায় কেন্দ্রীভূত করেঃ "এটাই শান্তি, এটাই উত্তম, যেমনঃ সর্ব সংস্কার শান্ত, সর্ব উপাধি (জন্মের ভিত্তি) পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ, নির্বাণ।" এবং সে সেখানে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়ে আসক্তি ক্ষয় প্রাপ্ত হয়, যদি আসক্তি ক্ষয় না হয় সেই ধর্মরাগ বশতঃ, সেই ধর্মানন্দ হেতু পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে আপনা আপনি জন্ম গ্রহণ করে এবং সেই জগৎ হতে প্রত্যাবর্তনের অধীন না হয়ে সেখানেই পরিনির্বাণ লাভ করে।

হে ভিক্ষুগণ, আমি বলি, চতুর্থ ধ্যানের উপর আসব-ক্ষয় নির্ভর করে যে বলা হয় তা একারণেই বলা হয়।

৪। হে ভিক্ষুগণ! আমি বলি আকাশ অনন্ত আয়তন ধ্যানের উপর আসব-ক্ষয় নির্ভর করে বলে উক্ত এবং এটা কোন্ কারণে উক্ত হয়?

এখানে হে ভিক্ষুগণ! ভিক্ষু সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' জ্ঞানে আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে। তার রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞানসহগত যা কিছু ঘটুক না কেন, সে

Visit: http://www.buddhistdownload.com

সম্পূর্ণরূপে অনিত্য হিসাবে, দুঃখ, রোগ, সুচিমুখ শক্ত কীলক, ক্ষত, যন্ত্রণা, নিজস্ব নহে এমন, চটকদার কিন্তু তুচ্ছ বস্তু, শূন্য, অনাত্ম হিসাবে দেখে। সে সেসব বিষয় হতে চিত্তকে ফিরিয়ে নেয়। সে তদ্রূপভাবে চিত্তকে অমৃত ধাতুতে এ চেতনায় কেন্দ্রীভূত করেঃ "এটাই শান্তি, এটাই উত্তম যেমনঃ সর্ব সংস্কার শান্ত, সর্ব উপাধি (জন্মের ভিত্তি) পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ, নির্বাণ[৬]।" এবং সে সেখানে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়ে আসক্তি ক্ষয় প্রাপ্ত হয়, যদি আসক্তি ক্ষয় না হয় সেই ধর্মরাগ বশতঃ, সেই ধর্মানন্দ হেতু পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে আপনা আপনি জন্ম গ্রহণ করে এবং সেই জগৎ হতে প্রত্যাবর্তনের অধীন না হয়ে সেখানেই পরিনির্বাণ লাভ করে।

হে ভিক্ষুগণ! আমি বলি, আকাশ অনন্ত আয়তন ধ্যানের উপর আসব-ক্ষয় নির্ভর করে যে বলা হয় তা একারণেই বলা হয়।

৫। হে ভিক্ষুগণ! আমি বলি, বিজ্ঞান অনন্ত আয়তনের উপর নির্ভর ..... অকিঞ্চনায়তনের উপর আসব-ক্ষয় নির্ভর করে যে বলা হয় তা কি কারণে বলা হয়?

হে ভিক্ষুগণ, এখানে ভিক্ষু সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' জ্ঞানে অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করে। তার বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞানসহগত যা কিছু ঘটুক না কেন, সে সম্পূর্ণরূপে অনিত্য হিসাবে দুঃখ, রোগ, সুচিমুখ শক্ত কীলক, ক্ষত, যন্ত্রণা, নিজস্ব নহে এমন, চটকদার কিন্তু তুচ্ছ বস্তু, শূন্য, অনাত্ম হিসাবে দেখে। সেভাবে চিত্তকে অমৃত ধাতুতে এ চেতনায় কেন্দ্রীভূত করেঃ "এটাই শান্তি, এটাই উত্তম যেমনঃ সর্ব সংস্কার শান্ত সর্ব, উপাধি (জন্মের ভিত্তি) পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ, নির্বাণ।" এবং সে সেখানে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়ে আসক্তি ক্ষয় প্রাপ্ত হয়, যদি আসক্তি ক্ষয় না হয় সেই ধর্মরাগ বশতঃ, সেই ধর্মানন্দ হেতু পঞ্চ অধোভাগীয় সংযোজন ক্ষয় করে আপনা আপনি জন্ম গ্রহণ করে এবং সেই জগৎ হতে প্রত্যাবর্তনের অধীন না হয়ে সেখানেই পরিনির্বাণ লাভ করে।

হে ভিক্ষুগণ! আমি বলি, অকিঞ্চনায়তনের উপর আসব-ক্ষয় নির্ভর করে যে বলা হয় তা একারণেই বলা হয়।

Visit: http://www.buddhistdownload.com

এরূপে যাবৎ সংজ্ঞা বিদ্যমান থাকে তাবৎ জ্ঞানপূর্ণ তীক্ষ্ণতা বিদ্যমান থাকে। অধিকন্তু হে ভিক্ষুগণ! নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন সমাপত্তি ও সংজ্ঞাবেদয়িত নিরোধ এই উভয় আয়তনে সমাপত্তি (লাভ) ও সমাপত্তি উত্থানের পর সমাপত্তি কুশল (দক্ষ) ও সমাপত্তি উত্থানকুশল ধ্যানী ভিক্ষুদের দ্বারা এক বলে যথার্থভাবে আখ্যায়িত হওয়া উচিত।'

৬. আনন্দ সুত্তং- আনন্দ সূত্র

৩৭.১। আমার এরূপ শ্রুত হয়েছে- এক সময় আয়ুষ্মান আনন্দ কৌশাম্বীর ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান আনন্দ ভিক্ষুগণকে আহ্বান করলেনঃ 'শ্রদ্ধেয় ভিক্ষুগণ!' ভিক্ষুগণ 'হাঁ বন্ধুগণ!' বলে প্রত্যুত্তরে তাঁদের সম্মতি জানালেন। আয়ুষ্মান আনন্দ বললেনঃ

২। 'বন্ধুগণ! এটা আশ্চর্য, অদ্ভুত-সত্ত্বগণের বিশুদ্ধির নিমিত্ত, শোক পরিদেবন অতিক্রমের জন্য, দুঃখ-দৌর্মনস্য নিরোধের জন্য, যথার্থ পন্থা অনুসরণের জন্য, নির্বাণ উপলব্ধির জন্য, বন্ধন হতে অব্যাহতির এ উপায়ে কিভাবে জ্ঞাতা, দর্শেতা, অর্হৎ সম্যকসম্বুদ্ধকে জাগাল! সেখানে থাকবে মাত্র চক্ষু কিন্তু থাকবে না ইন্দ্রিয়গোচর কোন বস্তুর অনুভূতি ও তার কোন আয়তন, সেখানে থাকবে মাত্র কর্ণ (শ্রোত্র) কিন্তু থাকবে না শ্রবণ ইন্দ্রিয়ের কোন অনুভূতি এবং তদায়তন; সেখানে থাকবে মাত্র নাসিকা কিন্তু থাকবে না ঘ্রাণেন্দ্রিয়ের কোন অনুভূতি এবং তদায়তন; সেখানে থাকবে মাত্র জিহ্বা কিন্তু থাকবে না জিহ্বা ইন্দ্রিয়ের কোন অনুভূতি ও তদায়তন; সেখানে থাকবে মাত্র কায় কিন্তু থাকবে না স্পর্শ ইন্দ্রিয়ের কোন অনুভূতি ও তদায়তন।'

৩। এরূপ বললে বন্ধু উদায়ি আয়ুষ্মান আনন্দকে বললেনঃ 'আবুসো আনন্দ, তাহলে কি সংজ্ঞাই আয়তন উপলব্ধি করে না, না অসংজ্ঞী?' 'আবুসো, সংজ্ঞীই (জ্ঞাত) তদায়তন উপলব্ধি করে না, অসংজ্ঞী নহে?' 'কিন্তু কিভাবে সে প্রত্যক্ষকারী কিন্তু তদায়তন উপলব্ধি করে না?'

৪। 'আবুসো, এখানে ভিক্ষু সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ ক্রোধসংজ্ঞা অবসান করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' চিন্তা করতঃ আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে। এরূপে উপলব্ধিকারী কিন্তু আয়তন উপলব্ধি করে না।

Visit: http://www.buddhistdownload.com

৫। পুনঃ আবুসো, ভিক্ষু সর্বতোভাবে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' চিন্তা করতঃ বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে। এরূপে সে উপলব্ধিকারী কিন্তু আয়তন উপলব্ধি করে না।

৬। পুনরায় বন্ধু, ভিক্ষু সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করে 'কিছুই না' চিন্তা করে অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করে, এরূপে সে উপলব্ধিকারী কিন্তু আয়তন উপলব্ধি করে না।

৭। বন্ধু, এক সময় আমি সাকেতে অঞ্জনবনে মৃগদাবে অবস্থান করেছিলাম। তখন জটিলাগাহের জনৈকা ভিক্ষুণী আমার নিকট আসেন উপস্থিত হয়ে আমাকে অভিবাদন করে এক প্রান্তে স্থিত হন। এক প্রান্তে উপবিষ্টা জটিলাগাহের ভিক্ষুণী আমাকে বললেনঃ "ভন্তে আনন্দ, এই সেই সমাধি যা বাঁকানো কিংবা বাঁকিয়ে একপেশে করা যায় না যাতে ধ্যায়ী সজ্ঞান কঠোর প্রচেষ্টা দ্বারা পরিচালিত হন না, কিন্তু এর বিমুক্তি দ্বারা স্থিত হন। স্থিতিতা দ্বারা সুখী এবং সুখ দ্বারা অচঞ্চল থাকেন- ভগবৎ কর্তৃক এর সমাধির কি ফল উক্ত হয়েছে?"

আবুসো, এরূপ জিজ্ঞাসিত হয়ে জটিলাগাহিয় ভিক্ষুণীকে আমি উত্তর দিলামঃ "ভগিনী!, এই সেই সমাধি যা বাঁকানো কিংবা বাঁকিয়ে এক পেশে করা যায় না যাতে ধ্যায়ী সজ্ঞান কঠোর প্রচেষ্টা দ্বারা পরিচালিত হন না, কিন্তু এর বিমুক্তি দ্বারা স্থিত হন, স্থিতি দ্বারা সুখী এবং সুখ দ্বারা অচঞ্চল থাকেন- ভগবৎ কর্তৃক সমাধির আধ্যাত্মিক জ্ঞানফল উক্ত হয়েছে।"

আবুসো, সে এরূপ সংজ্ঞী কিন্তু সে সেক্ষেত্রে অনুভব করে না।'

৭. লোকাযতিক সুত্তং- লোকায়তিক সূত্র

৩৮.১। দু'জন লোকায়তিক ব্রাহ্মণ ভগবানের নিকট উপস্থিত হলেন, উপস্থিত হয়ে ভগবানের সাথে স্মরণীয় কথা সমাপনান্তে একপ্রান্তে উপবেশন করেন। একপ্রান্তে উপবিষ্ট ব্রাহ্মণদ্বয় ভগবানকে বললেনঃ-

২। 'ভো গৌতম! সর্বজ্ঞ, সর্বদর্শী পূরণ কশ্যপ অপরিশেষ জ্ঞানদর্শন বিশেষভাবে জানেনঃ "আমি বিচরণ করি বা স্থিত হই বা নিদ্রিত হই বা জাগ্রত হই সতত, শান্ত জ্ঞানদর্শন উপস্থিত থাকে।"

Visit: http://www.buddhistdownload.com

তিনি এরূপ ঘোষণা করেছেন- "অনন্তলোক জ্ঞাত হয়ে, দর্শন করে আমি অনন্ত জ্ঞানসহ অবস্থান করি।" ভো গৌতম! সর্বজ্ঞ, সর্বদর্শী নির্গ্রন্থ নাথপুত্র অপরিশেষ জ্ঞান-দর্শন বিশেষভাবে জানেনঃ "আমি বিচরণ করি বা স্থিত হই বা নিদ্রিত হই বা জাগ্রত হই সতত, শান্ত জ্ঞান দর্শন আমাতে বিদ্যমান থাকে।" তিনি এরূপ ঘোষণা করেছেন- "অনন্তলোক জ্ঞাত হয়ে, দর্শন করে আমি অনন্ত জ্ঞানসহ অবস্থান করি।" ভো গৌতম! এ উভয়ের মধ্যে কে অপরকে অস্বীকার করে? কে সত্য ভাষণ করে, কে মিথ্যা ভাষণ করে?'

৩। 'যথেষ্ট ব্রাহ্মণ! এখানে দাঁড়ানঃ এ উভয় জ্ঞানবাদীর কে অপরকে অস্বীকার করে? কে সত্য ভাষণ করে, কে মিথ্যা ভাষণ করে? ব্রাহ্মণ আমি ধর্ম দেশনা করব, তা মনোনিবেশ সহ শ্রবণ করুন, আমি ভাষণ করছি'। ব্রাহ্মণদ্বয় ভগবানের কথায় সায় দিলেনঃ 'তাই হোক।' ভগবান বললেনঃ

৪। 'মনে করুন, ব্রাহ্মণ, চার পুরুষ পৃথিবীর চার কোণে দাঁড়ানো, প্রত্যেকে সর্বোচ্চ পদক্ষেপ ও গতিসম্পন্ন, সর্বোচ্চ দীর্ঘ পদক্ষেপ সম্পন্ন যেমন একজন ধনুসহ শক্তিশালী, দক্ষ, চতুর লক্ষ্য ভেদী তীরন্দাজ পাতলা তীর দ্বারা সহজে একটা তালবৃক্ষের ছায়া কেটে ফেলতে পারে- এরূপ হচ্ছে তাদের গতি; যেন পূর্ব সমুদ্র পশ্চিম সমুদ্র- এরূপ তাদের পদক্ষেপ। এখন মনে করুন, পূর্বকোণে স্থিত লোকটি বলতে পারেঃ "আমি হেঁটে জগতের শেষ সীমায় পৌঁছব!" যদিও জীবনের মেয়াদ শতবর্ষ এবং সে শত বর্ষই জীবিত রইল এবং শতবর্ষই হাঁটল- শুধু মাত্র, আহার-পান-চর্বণ-চিবান-প্রাকৃতিক ডাকে সাড়া দেওয়া এবং নিদ্রার মাধ্যমে অবসন্নতা দূর করা ব্যতীত। শতবর্ষ যাবৎ হেঁটে জগতের অন্ত প্রাপ্ত না হয়ে এর মধ্যে সে কালপ্রাপ্ত হতে পারে। এবং মনে করুন, পশ্চিম কোণে স্থিত পুরুষটি ..... উত্তর কোণে স্থিত পুরুষটি ..... দক্ষিণ কোণে স্থিত পুরুষটি অনুরূপ বলতে পারে ..... যদিও প্রত্যেকে শতবর্ষ যাবৎ হাঁটল শুধু মাত্র, আহার পান-চর্বণ-চিবান-প্রাকৃতিক ডাকে সাড়া প্রদান ও নিদ্রার মাধ্যমে অবসন্নতা দূর করা ব্যতীত। শতবর্ষ ব্যাপী হেঁটে জগতের অন্ত প্রাপ্ত না হয়ে এর মধ্যে তারা কাল প্রাপ্ত হতে পারে। এবং তার কারণ কি?

Visit: http://www.buddhistdownload.com

ওহে ব্রাহ্মণ, এরূপ পরিভ্রমণ দ্বারা আমি বলি না যে, জগতের অন্ত জানা, দেখা ও প্রাপ্ত হওয়া যায়। তথাপি হে ব্রাহ্মণ, আমি ঘোষণা করছি- জগতের অন্তে না পৌছে দুঃখের অন্ত সাধন করা যায় না।

৫। হে ব্রাহ্মণ! এই পঞ্চকামগুণকে আর্য বিনয়ে লোক বলে অভিহিত করা হয়। পঞ্চ কি কি?

৬। চক্ষুবিজ্ঞেয় রূপ আকাঙ্ক্ষিত, মুগ্ধকর, আনন্দময়, প্রিয়, অনুরাগ ও কাম উদ্দীপক; শ্রোত্রবিজ্ঞেয় শব্দ আকাঙ্ক্ষিত, মুগ্ধকর, আনন্দময়, প্রিয়, অনুরাগ ও কাম উদ্দীপক; ঘ্রাণবিজ্ঞেয় গন্ধ আকাঙ্ক্ষিত, মুগ্ধকর, আনন্দময়, প্রিয়, অনুরাগ ও কাম উদ্দীপক; জিহ্বাবিজ্ঞেয় রস আকাঙ্ক্ষিত, মুগ্ধকর, আনন্দময়, প্রিয়, অনুরাগ ও কাম উদ্দীপক; কায়বিজ্ঞেয় স্পর্শ আকাঙ্ক্ষিত, মুগ্ধকর, আনন্দময়, প্রিয়, অনুরাগ ও কামোদ্দীপক।

হে ব্রাহ্মণ, এই পঞ্চ কামগুণকে আর্য-বিনয়ে লোক বলে অভিহিত করা হয়।

৭। এখন মনে করুন ব্রাহ্মণ! ভিক্ষু কাম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে। তাকেই জগতের অন্তে এসেছে বলে অভিহিত করা হয় এবং সে জগতের অন্তে অবস্থান করে। এবং অন্যে তার সম্পর্কে বলতে পারেঃ "এপুরুষ এখনও জগতে আবদ্ধ, এখনও জগতের বাইরে যায়নি।" হে ব্রাহ্মণ, আমিও তার সম্পর্কে এরূপ বলি- "সে এখনো লোকে আবদ্ধ, এখনও লোকাতীত হয়নি।"

৮। পুনঃ, হে ব্রাহ্মণ! ভিক্ষু বিতর্ক বিচার উপশমে আধ্যাত্মিক সম্প্রসাদযুক্ত চিত্তে একাগ্রজনিত অবিতর্ক ও বিচার বিহীন সমাধি জনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করে, ভিক্ষু প্রীতিতে বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করে, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে যে বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করে। ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ)

Visit: http://www.buddhistdownload.com

অস্তমিত করে না-দুঃখ, না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে। হে ব্রাহ্মণ! এই ভিক্ষু জগতের অন্তে এসে জগতের অন্তে অবস্থান করে বলে অভিহিত করা হয়। অন্যে তার সম্পর্কে বলেঃ "এই পুরুষ এখনও জগতে আবদ্ধ, এখনও জগতের বাইরে যায়নি।" আমিও হে ব্রাহ্মণ! এরূপ বলিঃ "এব্যক্তি এখনও লোকে আবদ্ধ, লোকাতীত হয়নি।"

৯। পুনঃ, হে ব্রাহ্মণ! ভিক্ষু সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করে প্রতিঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' সংজ্ঞায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে। হে ব্রাহ্মণ! এই ভিক্ষু জগতের অন্তে এসে অবস্থান করে বলে অভিহিত করা হয়। অন্যে তার সম্পর্কে বলেঃ "এ পুরুষ এখনও জগতে আবদ্ধ, এখন জগতের বাইরে যায়নি। আমিও ব্রাহ্মণ, এরূপ বলিঃ "এব্যক্তি এখনও লোকে আবদ্ধ লোকাতীত হয়নি।"

১০। পুনঃ, হে ব্রাহ্মণ! ভিক্ষু সর্বতোভাবে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' এই চেতনায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে। ব্রাহ্মণ, ভিক্ষু সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' চেতনায় অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করে। হে ব্রাহ্মণ, ভিক্ষু সর্বতোভাবে অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ 'নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন' লাভ করে অবস্থান করে। হে ব্রাহ্মণ! এই ভিক্ষু লোকের অন্তে এসে লোকের অন্তে বাস করে বলে অভিহিত করা হয়। অন্যে তার সম্পর্কে বলেঃ "এই ব্যক্তি লোকে আবদ্ধ, লোকের বাইরে যায়নি।" হে ব্রাহ্মণ! আমিও এরূপ বলিঃ "এ ভিক্ষু লোকে আবদ্ধ লোকাতীত হয়নি।"

১১। পুনঃ, হে ব্রাহ্মণ ভিক্ষু সর্বতোভাবে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ লাভ করে অবস্থান করে, প্রজ্ঞা দ্বারা দর্শন করে যে, আসক্তি সমূহ পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। 'হে ব্রাহ্মণ! এই ভিক্ষু লোকের অন্তে এসে লোকের অন্তে বাস করে, লোকাতীত, আসক্তি মুক্ত বলে অভিহিত করা হয়।'

Visit: http://www.buddhistdownload.com

৮. দেবাসুর সঙ্গাম সুত্তং- দেবাসুর সংগ্রাম সূত্র

৩৯. ১। 'হে ভিক্ষুগণ! বহুকাল পূর্বে দেবতা ও অসুরের মধ্যে যুদ্ধ গর্জন করে উঠল। সেই যুদ্ধে অসুরদের জয় এবং দেবতাদের পরাজয় ঘটেছিল এবং পরাজিত দেবতাগণসহ উত্তরাভিমুখে (বিপক্ষ হয়ে) পলায়ন করে। তখন দেবগণ চিন্তা করলঃ "অসুরগণ পশ্চাদ্ধাবন করছে, চল আমরা দ্বিতীয়বার তাদের সাথে যুদ্ধ করি।"

২। দ্বিতীয়বারও হে ভিক্ষুগণ! দেবগণ অসুরদের সাথে সংগ্রামে লিপ্ত হয়েছিল। দ্বিতীয়বারও অসুরদের জয় এবং দেবগণের পরাজয় হয়েছিল এবং পরাজিত দেবগণ ভীত হয়েছিল এবং উত্তরাভিমুখে অসুরদের অনুসরণ করেছিল। তখন দেবগণ চিন্তা করলঃ- "অসুরগণ আমাদের অনুসরণ করছে, চল আমরা তৃতীয়বার তাদের সাথে সংগ্রামে লিপ্ত হই।"

৩। তৃতীয়বারও হে ভিক্ষুগণ! দেবগণ অসুরগণের সাথে সংগ্রাম করে। হে ভিক্ষুগণ! এবারও অসুরদের জয়, দেবগণের পরাজয় ঘটে এবং পরাজিত ও ভীত দেবগণ দেবনগরে প্রবেশ করে। হে ভিক্ষুগণ! দেবপুরাগত দেবগণ এরূপ চিন্তা করলঃ "এখন আমরা যে ভীতদের পরিত্রাণের জন্য এসেছি, এখন হতে আমরা নিজেরা নিজেরাই বাস করব এবং অসুরদের সাথে আমাদের কোন কিছু করণীয় নেই।" অসুরগণও অপরপক্ষে হে ভিক্ষুগণ! এরূপ চিন্তা করলঃ "ভীত দেবগণ পরিত্রাণের জন্য চলে গেছে, এখন থেকে তারা নিজেরা নিজেরাই বাস করবে এবং আমাদের সাথে তাদের কোন করণীয় নেই।"

৪। হে ভিক্ষুগণ! বহুকাল পূর্বে দেবতা ও অসুরদের মধ্যে অন্য একটি সংগ্রাম শুরু হয়েছিল। সে সংগ্রামে হে ভিক্ষুগণ! দেবগণের জয় এবং অসুরগণের পরাজয় ঘটেছিল এবং পরাজিত অসুরগণ দেবগণ দ্বারা অনুসৃত হয়ে দক্ষিণাভিমুখে পলায়ন করেছিল। হে ভিক্ষুগণ! তখন অসুরগণ চিন্তা করলঃ "দেবগণ আমাদের অনুসরণ করছে; সুতরাং, দ্বিতীয়বার তাদের সাথে সংগ্রামে লিপ্ত হলে কেমন হয়!"

৫। এবং তারা তাই করল এবং দ্বিতীয়বারও তাদের পরাজয় ঘটল। এবং হে ভিক্ষুগণ! পরাজিত অসুরগণ সেবারও দেবগণ দ্বারা অনুসৃত হয়ে দক্ষিণাভিমুখে পলায়ন করল। তখন হে ভিক্ষুগণ! অসুরগণ পুনঃ

Visit: http://www.buddhistdownload.com

চিন্তা করলঃ "চল, আমরা তৃতীয়বার দেবগণের সাথে সংগ্রাম করি।"

৬। তৃতীয়বারও হে ভিক্ষুগণ! অসুরেরা দেবগণের সাথে সংগ্রামে লিপ্ত হল। তৃতীয়বারও দেবগণের জয়, অসুরদের পরাজয় ঘটল। পরাজিত এবং ভীত অসুরগণ অসুরপুরে প্রবেশ করে। অসুর পুরাগত অসুরেরা হে ভিক্ষুগণ! এরূপ চিন্তা করলঃ "এখন আমরা যে ভীতদের পরিত্রাণের জন্য এসেছি, এখন হতে আমরা নিজে নিজেই বাস করব এবং দেবগণের সাথে আমাদের কোন কিছু করণীয় নেই।" অপর পক্ষে হে ভিক্ষুগণ! দেবগণও এরূপ চিন্তা করলঃ "ভীত অসুরগণ পরিত্রাণের জন্য চলে গেছে এখন থেকে তারা নিজেরা নিজেরাই বাস করবে এবং আমাদের সাথে তাদের কোন করণীয় নেই।"

৭। তদ্রূপ, হে ভিক্ষুগণ! যে সময়ে ভিক্ষু কাম হতে বিবিক্ত.....প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে সে সময়ে হে ভিক্ষুগণ! ভিক্ষু চিন্তা করেঃ "এখন যে আমি ভয়গ্রস্তদের পরিত্রাণের জন্য এসেছি, এখন হতে আমি নিজেই বাস করব এবং মারের সাথে আমার কোন করণীয় নেই।" এবং পাপমতি মারও এরূপ চিন্তা করেঃ "এখন যে ভিক্ষু ভয়গ্রস্তদের পরিত্রাণের জন্য চলে গেছেন, এখন হতে তিনি নিজে নিজেই বাস করবেন এবং আমার সাথে তাঁর কোন করণীয় নেই।"

৮। যে সময়ে ভিক্ষুগণ! ভিক্ষু বিতর্ক বিচার প্রশমিত.....দ্বিতীয় ধ্যান.....তৃতীয় ধ্যান.....চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে, সে সময়ে হে ভিক্ষুগণ! ভিক্ষু এরূপ চিন্তা করে, "এখন যে আমি ভয়গ্রস্তদের পরিত্রাণের জন্য এসেছি, এখন হতে আমি নিজে নিজেই বাস করব এবং মারের সাথে আমার কোন করণীয় নেই।" পাপমতি মারও হে ভিক্ষুগণ! এরূপ চিন্তা করে; "এখন যে ভিক্ষু ভয়গ্রস্তদের পরিত্রাণের জন্য চলে গেছেন, এখন হতে তিনি নিজে নিজেই বাস করবেন এবং আমার সাথে তাঁর কোন করণীয় নেই।"

৯। যে সময়ে হে ভিক্ষুগণ! ভিক্ষু সম্পূর্ণরূপে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ প্রতীঘসংজ্ঞা অস্তমিত করে নানত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' চেতনায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করেঃ হে ভিক্ষুগণ! এই ভিক্ষু মারকে অন্ধ করে দিয়েছে, পাপমতি

Visit: http://www.buddhistdownload.com

মারের দৃষ্টিপথ ধ্বংস করে দিয়েছে বলে কথিত এবং সে পাপমতি মারের অদর্শনগত হয়েছে।

১০। যে সময়ে হে ভিক্ষুগণ! ভিক্ষু পুরোপুরি আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' চেতনায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে.....পুরোপুরি বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' চেতনায় অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করে.....পুরোপুরি অকিঞ্চনায়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করে.....পুরোপুরি নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করে অবস্থান করে এবং প্রজ্ঞা দ্বারা দর্শন করে যে আসক্তি সমূহ সম্পূর্ণরূপে ক্ষয়প্রাপ্ত হয়েছে, সে মারকে অন্ধ করে দিয়েছে, পাপমতি মারকে বধ করে মারের দৃষ্টিপথ অন্ধ করে দিয়েছে বলে কথিত এবং সে মারের দর্শন বহির্ভূত হয়েছে।'

৯. নাগ সুত্তং- নাগ সূত্র

৪০.১। 'হে ভিক্ষুগণ! যখন আরণ্যক দাঁতাল নাগের সম্মুখে গিয়ে গোচররত হস্তী বা হস্তিনী বা যুব হস্তী বা শিশু হস্তী তৃণাগ্র ছেদন করে খায়। সেকারণে দাঁতাল নাগ জ্বালা অনুভব করে, উত্তেজিত হয় ও বিরক্তি বোধ করে, সে সময়ে হে ভিক্ষুগণ! আরণ্যক দাঁতাল নাগের গোচররত হস্তী বা হস্তিনী বা যুব হস্তী বা শিশু হস্তী ভগ্ন বৃক্ষের শাখা গুচ্ছ খেয়ে ফেলে যেকারণে দাঁতাল নাগ জ্বালা অনুভব করে, উত্তেজিত হয় ও বিরক্তি বোধ করে। যেসময়ে হে ভিক্ষুগণ! হস্তিনী দাঁতাল নাগের নিকট গিয়ে তার বিপরীতে কায় ঘর্ষণ করে সেকারণে দাঁতাল নাগ জ্বালা অনুভব করে, উত্তেজিত হয় ও বিরক্তি বোধ করে। ২। তখন হে ভিক্ষুগণ! আরণ্যক দাঁতাল নাগ চিন্তা করেঃ "আমি এখন হস্তী, হস্তিনী, যুবক হস্তী, শিশু হস্তী দ্বারা আকীর্ণ হয়ে বাস করছি; আমি শুধু মাত্র ছিন্ন তৃণাগ্র ভোজন করছি; তারা আমার ভগ্ন বৃক্ষের শাখা ভোজন করে; আমি ঘোলা জল পান করছি; এবং হস্তিনী এসে যখন আমি পানিতে অবতরণ করি আমার কায় ঘর্ষণ করে; পশুদল ত্যাগ করে যদি আমি একাকী বাস করি তাহলে কেমন হয়?" এবং হে ভিক্ষুগণ! এখন পশুদল ত্যাগ করে সে একাকী বাস করছে; এবং সে অচ্ছিন্ন তৃণাগ্র

Visit: http://www.buddhistdownload.com

ভোজন করছে এবং কেউ তার ভগ্ন বৃক্ষশাখা পরিভোগ করছে না; সে বিশুদ্ধ জল পান করছে এবং কোন হস্তিনী পানিতে অবতরণ করে তার কায় ঘর্ষণের জন্য আসছে না। হে ভিক্ষুগণ! সেসময়ে আরণ্যক নাগ এরূপ চিন্তা করেঃ "পূর্বে আমি হস্তী, হস্তিনী, যুব হস্তী, শিশু হস্তী আকীর্ণ হয়ে বাস করতাম; ছিন্ন তৃণাগ্র আহার করতাম; আমার ভগ্ন বৃক্ষের শাখা তারা খেয়ে ফেলত এবং ঘোলা জল পান করতাম এবং আমি জলে অবতরণ করলে হস্তিনী আমার কায় ঘর্ষণের জন্য আগমন করত; এখন আমি কিন্তু পশুদল ত্যাগ করে একাকী বাস করছি, অচ্ছিন্ন তৃণাগ্র আহার করছি এবং আমার ভগ্ন বৃক্ষের শাখা তারা খেয়ে ফেলছে না, আমি অনাবিল জল পান করছি এবং আমার জলে অবতরণ কালে আমার কায় ঘর্ষণের জন্য হস্তিনী আর আসছে না।" এবং শুঁড় দ্বারা বৃক্ষের শাখাগুচ্ছ ভেঙ্গে তদ্বারা নিজে নিজে কায় মর্দন করে আনন্দিত মনে চুলকানি উপশম করছে।

৩। তদ্রূপ, হে ভিক্ষুগণ! যেসময়ে ভিক্ষু ভিক্ষুণী, উপাসক, উপাসিকা, রাজা, রাজামাত্য, তিথিয়, তির্থিয়শ্রাবক অকীর্ণ হয়ে বাস করে, সেসময়ে হে ভিক্ষুগণ! ভিক্ষু এরূপ চিন্তা করেঃ "আমি এখন ভিক্ষু, উপাসক, উপাসিকা, রাজা, রাজামাত্য, তির্থিয়, তির্থিয়শ্রাবক আকীর্ণ হয়ে বাস করছি। এখন আমার একাকী বাস করা উচিত।" এবং সে কোন নির্জন স্থানে আশ্রয় নেয়ঃ অরণ্যে, বৃক্ষ মূলে, পর্বত কন্দরে, গিরিগুহা, মশান, বনপথ, উন্মুক্ত আকাশতল পলালপুঞ্জ বা শূন্য কুড়েঘরে পর্য্যঙ্কবদ্ধ হয়ে কায় ঋজু করে উপবেশন করে এবং স্মৃতিমুখী হয়ে বসে। সে পার্থিব লোভ পরিহার করে বিগতলোভ চিত্তে বাস করে; লোভ থেকে সে চিত্তকে মুক্ত করে, ব্যাপাদদোষ পরিহার করে, অব্যাপন্ন চিত্তে অবস্থান করে; সর্ব প্রাণীর প্রতি হিতকামী ও অনুকম্পাশীল হয়ে সেই ব্যাপাদ দোষ হতে চিত্তকে মুক্ত করে; স্তীনমিদ্ধ পরিহার করে বিগত স্তীনমিদ্ধ হয়ে অবস্থান করে; সচেতন, সতর্ক, স্মৃতি পরায়ণ, মানসিক স্থৈর্যযুক্ত হয়ে সে স্তীনমিদ্ধ হতে চিত্তকে পরিশুদ্ধ করে; ঔদ্ধত্য-কৌকৃত্য পরিহার করে অনুদ্ধত হয়ে অবস্থান করে; আধ্যাত্মিকভাবে প্রশান্ত চিত্ত হয়ে চিত্ত হতে ঔদ্ধত্য-কৌকৃত্য ক্ষালন করে; বিচিকিৎস পরিহার করে তীর্ণ-বিচিকিৎস হয়ে অবস্থান

Visit: http://www.buddhistdownload.com

করে; কুশলধর্মে অকথংকথী হয়ে চিত্তকে বিচিকিৎসা মুক্ত করে; সে এই পঞ্চ নীবরণ চেতনা দ্বারা পরিহার করে, প্রজ্ঞা দ্বারা উপক্লেশসমূহ দুর্বল করতঃ কাম হতে বিবিক্ত হয়ে ..... প্রথম ধ্যান লাভ করে অবস্থান করে, জ্বালা প্রশমিত হয়ে সে আনন্দিত হয়। সে বিতর্ক ও বিচারহীন.....দ্বিতীয় ধ্যান .....তৃতীয় ধ্যান.....চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করে, যন্ত্রণা প্রশমিত হয়ে সে আনন্দিত হয়; সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ প্রতিঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' চেতনায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে, যন্ত্রণা প্রশমিত হয়ে সে আনন্দিত হয়; সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' এ মানসিকতায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করে; ..... সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করে 'কিছুই না' চেতনায় অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করে; ..... সর্বতোভাবে অকিঞ্চনায়তন লাভ করে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করে ..... সম্পূর্ণরূপে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করে অবস্থান করে এবং প্রজ্ঞা দ্বারা আসক্তি ধ্বংস হয়েছে দেখে যন্ত্রণা প্রশমিত হয়ে সে মহানন্দ লাভ করে।'

১০. তপুস্‌স সুত্তং- তপস্যু সূত্র

৪১.১। আমার এরূপ শ্রুত হয়েছে- এক সময় ভগবান উরুবেলকপ্প নামক মল্লদের নিগমে মল্লদের মধ্যে অবস্থান করছিলেন। তখন ভগবান চীবর পরিহিত হয়ে পাত্রচীবর নিয়ে উরুবেলকপ্পে পিণ্ডাচরণে প্রবেশ করেন। পিণ্ডাচরণ থেকে প্রত্যাবৃত হয়ে ভোজন সমাপনান্তে তিনি আয়ুষ্মান আনন্দকে আহ্বান করলেনঃ 'আনন্দ, আমি যখন দিবা বিশ্রামের জন্য মহাবনে যাব তুমি তখন এখানে অপেক্ষা কর।' আনন্দঃ 'হাঁ ভন্তে' বলে ভগবানকে প্রতিশ্রুতি প্রদান করেন। ভগবান মহাবনে প্রবেশ করেন দিবা বিশ্রামের জন্য এবং এক বৃক্ষতলে উপবেশন করেন।

২। অতঃপর গৃহপতি তপস্‌সু শ্রদ্ধেয় আনন্দের সন্নিকটে গেলেন, উপস্থিত হয়ে আয়ুষ্মান আনন্দকে অভিবাদন করতঃ এক প্রান্তে

Visit: http://www.buddhistdownload.com

উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট গৃহপতি তপস্‌সু আয়ুষ্মান আনন্দকে বললেনঃ 'ভন্তে আনন্দ! আমরা গৃহীগণ কামভোগী, আনন্দ প্রিয়, কামরত, আনন্দমত্ত এবং তদ্রূপ বিধায় ভন্তে! আমাদের পক্ষে এসব পরিত্যাগ করা খাড়া উচ্চ গিরিচূড়া সদৃশ। তথাপি ভন্তে! আমি শুনেছি যে এই ধর্ম-বিনয়ে প্রতিটি তরুণ ভিক্ষুর অন্তরে এই নৈষ্ক্রম্য চেতনা নেচে উঠছে, প্রশান্ত হচ্ছে, দৃঢ় হচ্ছে, তৎপ্রতি ইচ্ছুক হচ্ছে, একমাত্র এর প্রশান্তি দেখে। এবং ভন্তে! এই ধর্ম-বিনয়ে ভিক্ষু এবং বহুজনের মধ্যে একমাত্র পার্থক্য এই নৈষ্ক্রম্যে নিহিত। 'প্রকৃতপক্ষে হে গৃহপতি! এটা একটা আলাপের বিষয়। চলুন, হে গৃহপতি! এখন আমরা ভগবানের নিকট উপস্থিত হই, উপস্থিত হয়ে এ বিষয়টা আমরা ভগবৎ সমীপে উপস্থাপন করি, ভগবান এ বিষয়ে যে ব্যাখ্যা প্রদান করেন আমরা তাই মনে ধারণ করব।' 'এটা অতি উত্তম' বলে গৃহপতি তপস্‌সু আয়ুষ্মান আনন্দের প্রস্তাব সমর্থন করেন।

৩। অতঃপর আয়ুষ্মান আনন্দ গৃহপতি তপস্‌সুসহ ভগবানের নিকট উপস্থিত হন, উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করতঃ একপ্রান্তে উপবেশন করেন, একপ্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় আনন্দ গৃহপতি তপস্‌সু যে কথা বলেছিলেন তা ভগবানের নিকট ব্যক্ত করেন।

৪। 'এটা সত্যই তাই, আনন্দ! এটা সত্যই তাই। হে আনন্দ! আমি যখন জ্ঞান লাভ করতেছিলাম এবং পুরোপুরি সম্বোধি লাভ করিনি, পূর্ণ বোধি লাভের পূর্বে বোধিসত্ত্বাবস্থায় আমি চিন্তা করেছিলামঃ নৈষ্ক্রম্য সর্বোত্তম; বিচ্ছিন্ন হওয়া উত্তম কিন্তু আনন্দ! 'এটাই প্রশান্তি' দর্শন করেও আমার চিত্ত নেচে ওঠেনি, শান্ত হয়নি, দৃঢ় হয়নি, এ নৈষ্ক্রম্যে ইচ্ছুক হয়নি এবং আমি চিন্তা করলামঃ কি কারণে, কি হেতু 'এটাই প্রশান্তি' দর্শন করেও নৈষ্ক্রম্যে আমার চিত্ত নেচে ওঠেনি, শান্ত হয়নি, স্থিত হয়নি, ইচ্ছুক হয়নি? তখন আমি চিন্তা করলাম আনন্দ! কামের আদীনব আমার দৃষ্ট হয়নি, বহুলীকৃত হয়নি, নৈষ্ক্রম্যে আনিশংস অর্জিত হয়নি, উপভোগকৃত হয়নি। তাই 'এটাই প্রশান্তি' দর্শন করেও আমার চিত্ত নৈষ্ক্রম্যে নেচে ওঠে না, শান্ত হয় না, স্থির হয় না, ইচ্ছুক হয় না। এবং আনন্দ! আমি চিন্তা করলামঃ কামে আদীনব দর্শন করতে আমাকে এটা বহুলীকৃত করতে হবে, নৈষ্ক্রম্যে আনিশংস অধিগত হতে

Visit: http://www.buddhistdownload.com

তা উপভোগ করতে হবে; সত্যই এমন হতে পারে যে, 'এটা প্রশান্তি' দর্শন করে নৈষ্ক্রম্যে আমার চিত্ত নেচে ওঠতে পারে, শান্ত, স্থির ও ইচ্ছুক হতে পারে। হে আনন্দ! সেই আমিই বর্তমান কামে আদীনব দর্শন করে তা বর্ধিত করি, নৈষ্ক্রম্যে আনিশংস লাভ করে তা উপভোগ করি; এটা প্রশান্তি হিসাবে দর্শন করে হে আনন্দ! নৈষ্ক্রম্যে আমার চিত্ত লাফিয়ে উঠে, শান্ত ও স্থির হয়, বিমুক্ত হয় এবং বর্তমানে হে আনন্দ! আমি কাম হতে বিমুক্ত হয়ে অকুশল নির্লিপ্ত হয়ে বিতর্ক ও বিচার সহিত নির্জনতা জনিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করছি; এই অবস্থানে বিহরণ কালে কাম-চেতনা এবং বিহ্বলতা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি। যেমন, হে আনন্দ! সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে, তদ্রূপ, আনন্দ! কাম-চেতনা এবং বিহ্বলতা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য ব্যাধি।

৫। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তে একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত বিচারাতীত সমাধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করলে কেমন হয়? হে আনন্দ! তখন অবিতর্কে আমার চিত্ত এটা প্রশান্ত' বলে দর্শন করেও লাফিয়ে ওঠেনি, উজ্জ্বল হয়নি, স্থির হয়নি, মুক্ত হয়নি। তখন হে আনন্দ আমার এ চিন্তা উৎপন্ন হল, এটা প্রশান্ত বলে দর্শন করেও কেন অবিতর্কে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, উজ্জ্বল হয়নি, স্থির হয়নি, মুক্ত হয়নি, তখন আবারও আমি চিন্তা করলামঃ বিতর্কে আমার আদীনব দৃষ্ট হয়নি, এটা আমার বর্ধিত হয়নি, অবিতর্কে আনিশংস অর্জিত হয়নি, এবং এটা আমার উপভোগকৃত হয়নি। তাই 'এটা প্রশান্ত' বলে জেনেও অবিতর্কে আমার চিত্ত লাফিয়ে উঠেনি, উজ্জ্বল হয়নি, স্থির হয়নি, মুক্ত হয়নি। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ বিতর্কে আদীনব দর্শন করলে আমাকে তা বহুলীকৃত করতে হবে, অবিতর্কে আনিশংস অধিগত হলে তা উপভোগ করতে হবে। সত্যই এমন হতে পারে যে এটা প্রশান্তি বলে দর্শন করে অবিতর্কে আমার চিত্ত লাফিয়ে উঠতে পারে, শান্ত, দৃঢ় ও ইচ্ছুক হতে পারে। হে আনন্দ সেই আমিই বর্তমানে বিতর্কে আদীনব দর্শন করে তা বর্ধিত

Visit: http://www.buddhistdownload.com

করি। অবিতর্কে আনিশংস অধিগত হয়ে তা উপভোগ করি। তখন হে আনন্দ! এটা প্রশান্ত বলে দর্শন করে আমার চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন হয়, স্থির হয়, বিমুক্ত হয়। হে আনন্দ! বর্তমানে সেই আমি বিতর্ক বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ, প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করি। হে আনন্দ! এই অবস্থান যাপন কালে আমার বিতর্কসহগত সংজ্ঞা বিবেচনা থাকে এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি। যেমন, হে আনন্দ, সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে। তদ্রূপ আনন্দ, বিতর্ক সহগত সংজ্ঞা বিবেচনা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি।

৬। হে আনন্দ! আমি চিন্তা করলাম প্রীতিতেও বিরাগী উপেক্ষার ভাবে (ধ্যায়ী) অবস্থান করে, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে, আর্যগণ যে ধ্যান স্তরে আরোহণ করলে "ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন" বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করলে কেমন হয়? তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত বলে দর্শনে প্রীতিহীনে আমার চিত্ত লাফিয়ে ওঠে না, প্রসন্ন হয় না, স্থির হয় না, মুক্ত হয় না। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ 'এটা প্রশান্তি' বলে দর্শনেও কি কারণে আমার চিত্ত লাফিয়ে ওঠেনা, প্রসন্ন, স্থির ও মুক্ত হয় না? তখন হে আনন্দ! আবারও আমি চিন্তা করলাম; প্রীতিতে আমার আদীনব দৃষ্ট হয়নি, এটা আমার বহুলীকৃত হয়নি, প্রীতিহীনে আনিশংস অর্জিত হয়নি এবং এটা আমার উপভোগকৃত হয়নি। তাই 'এটা প্রশান্ত' বলে জেনেও প্রীতিহীনে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়নি। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ প্রীতিতে আদীনব দর্শন করলে বহুলীকৃত করতে হবে, প্রীতিহীনে আনিশংস লাভ করলে তা উপভোগ করতে হবে; সত্যই এমন হতে পারে যে, 'এটা প্রশান্তি' বলে দর্শনে প্রীতিহীনে আমার চিত্ত লাফিয়ে ওঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! সেই আমিই বর্তমানে প্রীতিতে আদীনব দর্শন করে তা বহুলীকৃত করি, প্রীতিহীনে আনিশংস লাভ করতঃ তা উপভোগ করি। তখন হে আনন্দ! 'এটা

Visit: http://www.buddhistdownload.com

প্রশান্ত' বলে দর্শন করে প্রীতিহীনে চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়। হে আনন্দ! বর্তমানে সেই আমি প্রীতিতে বিরাগী হয়ে উপেক্ষার ভাবে, স্মৃতিজ্ঞান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করি, আর্যগণ যে ধ্যান স্তরে আরোহণ করলে ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে অবস্থান করি। হে আনন্দ! এই অবস্থানে বিহরণ কালে প্রীতিসহগত সংজ্ঞা বিবেচনা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি। যেমন, হে আনন্দ! সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে, তদ্রূপ, আনন্দ! প্রীতিসহগত সংজ্ঞা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য ব্যাধি।

৭। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ যদি আমি সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করলে কেমন হয়? তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত' দর্শনে অদুঃখ-অসুখে চিত্ত লাফিয়ে ওঠে না, প্রসন্ন হয় না, স্থির হয় না, মুক্ত হয় না। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ 'এটা প্রশান্ত' বলে দর্শনে কেন অদুঃখ-অসুখে আমার চিত্ত লাফিয়ে উঠে না, প্রসন্ন, স্থির ও বিমুক্ত হয় না? তখন হে আনন্দ! আমি আবারও চিন্তা করলাম আমার আদীনব দৃষ্ট হয়নি, তা আমার বহুলীকৃত হয়নি, অদুঃখ-অসুখে আনিশংস লাভ হয়নি এবং তা আমার উপভোগকৃত হয়নি; সেকারণে 'এটা প্রশান্তি' বলে দর্শন করে অদুঃখ-অসুখে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন হয়নি, স্থির হয়নি, মুক্ত হয়নি। হে আনন্দ! আমি চিন্তা করলামঃ উপেক্ষাসুখে আদীনব দর্শন করলে তা বর্ধিত করতে হবে, অদুঃখ-অসুখে আনিশংস লাভ করলে তা উপভোগ করতে হবে; সত্যই এমন হতে পারে যে, 'এটা প্রশান্ত' বলে দর্শনে আমার চিত্ত অদুঃখ-অসুখে লাফিয়ে ওঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! সেই আমিই বর্তমানে উপেক্ষাসুখে আদীনব দেখে তা বহুলীকৃত করি, অদুঃখ অসুখে আনিশংস লাভ করতঃ তা উপভোগ করি। তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে আমার চিত্ত অদুঃখ-

Visit: http://www.buddhistdownload.com

অসুখে লাফিয়ে ওঠে, প্রসন্ন, স্থির ও বিমুক্ত হয়। হে আনন্দ! সেই আমিই বর্তমানে সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ বিষাদ) অস্তমিত করে না-সুখ না-দুঃখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করি। হে আনন্দ! এই অবস্থানে বিহরণ কালে উপেক্ষাসহগত সংজ্ঞা বিবেচনা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি। যেমন হে আনন্দ! সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে, তদ্রূপ আনন্দ! উপেক্ষাসহগত সংজ্ঞা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য ব্যাধি।

৮। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ আমি যদি সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ প্রতীঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' চেতনায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করলে কেমন হয়? তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে আমার চিত্ত লাফিয়ে ওঠে না, প্রসন্ন, স্থির ও মুক্ত হয় না। তখন হে আনন্দ! আমি আবারও চিন্তা করলামঃ 'এটা প্রশান্ত' বলে দর্শন করেও কেন আমার চিত্ত আকাশ অনন্ত আয়তনে লাফিয়ে ওঠে না, প্রসন্ন, স্থির ও বিমুক্ত হয় না? তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ রূপে আদীনব আমার দৃষ্ট হয়নি, তা আমার বহুলীকৃত হয়নি, আকাশ অনন্ত আয়তনে আনিশংস লাভ হয়নি এবং আমা দ্বারা তা উপভোগ করা হয়নি; সেকারণে 'এটা প্রশান্ত' বলে দর্শনেও আকাশ অনন্ত আয়তনে আমার চিত্ত লাফিয়ে উঠেনি, স্থির ও মুক্ত হয়নি। হে আনন্দ! আমি তখন চিন্তা করলামঃ রূপে আদীনব দর্শন করলে আমাকে তা বহুলীকৃত করতে হবে, আকাশ অনন্ত আয়তনে আনিশংস লাভ করলে তা উপভোগ করতে হবে; সত্য সত্যই এমন হতে পারে যে, 'এটা প্রশান্ত' বলে দর্শনে আকাশ অনন্ত আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! সেই আমিই বর্তমানে রূপে আদীনব দর্শন করে তা বহুলীকৃত করি, আকাশ অনন্ত আয়তনে আনিশংস লাভ করতঃ তা উপভোগ করি। তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে আকাশ অনন্ত আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়। আনন্দ! সেই আমিই বর্তমানে

Visit: http://www.buddhistdownload.com

সম্পূর্ণরূপে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ প্রতীঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' চেতনায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করি। হে আনন্দ! আমার এই অবস্থানে বিহরণ কালে রূপসহগত সংজ্ঞা বিবেচনা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি। যেমন হে আনন্দ! সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে, তদ্রূপ, আনন্দ! রূপসহগত সংজ্ঞা বিবেচনা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি।

৯। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ আমি যদি সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' চেতনায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করি তাহলে কেমন হয়? তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শন করে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও বিমুক্ত হয়নি। তখন হে আনন্দ! আমি চিন্তা করলাম; 'এটা প্রশান্ত' বলে দর্শন করেও কেন বিজ্ঞান অনন্ত আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন হয়নি, স্থির হয়নি, মুক্ত হয়নি? তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ আকাশ অনন্ত আয়তনে আদীনব আমার দৃষ্ট হয়নি এবং তা আমার বহুলীকৃত হয়নি, বিজ্ঞান অনন্ত আয়তনে আনিশংস অধিগত হয়নি এবং আমা দ্বারা তা উপভোগ করা হয়নি; সেকারণে 'এটা প্রশান্তি' বলে দর্শনে বিজ্ঞান অনন্ত আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়নি। তখন আনন্দ! আমি চিন্তা করলামঃ আকাশ অনন্ত আয়তনে আদীনব দর্শন করলে তা বহুলীকৃত করতে হবে, বিজ্ঞান অনন্ত আয়তনে আনিশংস অধিগত হলে তা উপভোগ করতে হবে; সত্য সত্যই এমন হতে পারে যে, 'এটা প্রশান্ত' বলে দর্শনে আমার চিত্ত লাফিয়ে ওঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! এখন সেই আমিই আকাশ অনন্ত আয়তনে আদীনব দেখে তা বহুলীকৃত করি, বিজ্ঞান অনন্ত আয়তনে আনিশংস অধিগত হয়ে তা উপভোগ করি। এবং হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে বিজ্ঞান অনন্ত আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন হয়, স্থির হয় এবং মুক্ত হয়। হে আনন্দ! সেই আমি এখন সর্বতোভাবে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান'

Visit: http://www.buddhistdownload.com

চেতনায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে অবস্থান করি। এখন হে আনন্দ আমার এই অবস্থানে বিহরণ কালে আকাশ অনন্ত আয়তন সহগত সংজ্ঞা বিবেচনা আমাকে আক্রান্ত করেছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি।

১০। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ যদি আমি সম্পূর্ণরূপে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' চেতনায় অকিঞ্চনায়তন লাভ করে অবস্থান করি তা কেমন হয়? তখন হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শন করে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও বিমুক্ত হয়নি। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ 'এটা প্রশান্ত' বলে দর্শন করেও কেন অকিঞ্চন আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়নি? তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ বিজ্ঞান অনন্ত আয়তনে আদীনব আমার অদৃষ্ট এবং আমার অবহুলীকৃত, অকিঞ্চন আয়তনে আনিশংস অনধিগত এবং আমা দ্বারা তা উপভোগকৃত হয়নি। সেকারণে 'এটা প্রশান্ত' বলে দর্শনে অকিঞ্চন আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়নি। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ বিজ্ঞান অনন্ত আয়তনে যদি আমি আদীনব দর্শন করি তাহলে তা বহুলীকৃত করতে হবে, অকিঞ্চন আয়তনে আনিশংস অধিগত হলে তা উপভোগ করতে হবে; এমন হতে পারে যে, 'এটা প্রশান্ত' বলে দর্শনে অকিঞ্চন আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! সেই আমিই এখন বিজ্ঞান অনন্ত আয়তনে আদীনব দেখে তা বহুলীকৃত করি, অকিঞ্চন আয়তনে আনিশংস লাভ করে করে তা উপভোগ করি। হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে অকিঞ্চন আয়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়। এখন হে আনন্দ! সেই আমিই পুরোপুরি বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' চেতনায় অকিঞ্চন আয়তন লাভ করে অবস্থান করি। এখন হে আনন্দ! আমার এই অবস্থানে বিহরণ কালে বিজ্ঞান অনন্ত আয়তন সহগত সংজ্ঞা বিবেচনা আমাতে ছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি। যেমন, হে আনন্দ! সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে, তদ্রূপ, আনন্দ! বিজ্ঞান অনন্ত আয়তন সহগত সংজ্ঞা বিবেচনা আমাতে ছিল এবং এটা ছিল আমার জন্য একটা ব্যাধি।

Visit: http://www.buddhistdownload.com

১১। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ যদি আমি সর্বোতভাবে অকিঞ্চন আয়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করলে তা কেমন হয়? হে আনন্দ! নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়নি 'এটা প্রশান্ত' বলে দর্শন করা সত্ত্বেও। এবং হে আনন্দ! আমি চিন্তা করলামঃ 'এটা প্রশান্ত' বলে দর্শনে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে কেন আমার চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির, ও মুক্ত হয়নি? হে আনন্দ! তখন আমি চিন্তা করলামঃ 'এটা প্রশান্ত' বলে দর্শনে অকিঞ্চতনায়তনে আদীনব আমার অদৃষ্ট এবং তা বহুলীকৃত হয়নি, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আনিশংস অনধিগত এবং তা আমা দ্বারা উপভোগ অকৃত; তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ অকিঞ্চন আয়তনে আদীনব দর্শন করলে তা বহুলীকৃত করতে হবে, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আনিশংস অধিগত হলে তা উপভোগ করতে হবে; সত্যই এমন হতে পারে যে, 'এটা প্রশান্ত' বলে দর্শনে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আমার চিত্ত লাফিয়ে উঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! সেই আমিই বর্তমানে অকিঞ্চন আয়তনে আদীনব দেখে তা বহুলীকৃত করি, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আনিশংস অধিগত হয়ে তা উপভোগ করি। হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আমার চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন হয়, স্থির হয় এবং মুক্ত হয়। হে আনন্দ! সেই আমিই সর্বোতভাবে অকিঞ্চন আয়তন অতিক্রম করে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করি। হে আনন্দ! এই অবস্থানে বিহরণ কালে অকিঞ্চন আয়তন সহগত সংজ্ঞা বিবেচনা আমাতে ছিল এবং এটা আমার জন্য একটা ব্যাধি। যেমন, হে আনন্দ! সুখী ব্যক্তির ব্যাধিতুল্য দুঃখ উৎপন্ন হতে পারে, তদ্রূপ, আনন্দ! অকিঞ্চন আয়তন সহগত সংজ্ঞা বিবেচনা আমাতে বিদ্যমান ছিল এবং এটা আমার জন্য ব্যাধি।

১২। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ আমি যদি সম্পূর্ণররূপে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞা বেদয়িত নিরোধ লাভ করে অবস্থান করি তাহলে কেমন হয়? হে আনন্দ! 'এটা প্রশান্ত' বলে দর্শনে সংজ্ঞাবেদয়িত নিরোধে আমার চিত্ত লাফিয়ে ওঠে

Visit: http://www.buddhistdownload.com

না, প্রসন্ন, স্থির ও মুক্ত হয় না। তখন হে আনন্দ! আমি চিন্তা করলামঃ 'এটা প্রশান্ত' বলে দর্শনে সংজ্ঞাবেদয়িত নিরোধে আমার চিত্ত কেন লাফিয়ে ওঠে না, প্রসন্ন, স্থির ও মুক্ত হয় না? তখন আনন্দ! আমি চিন্তা করলামঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আদীনব আমার দৃষ্ট হয়নি এবং তা অবহুলীকৃত, সংজ্ঞাবেদয়িত নিরোধে আনিশংস অনধিগত এবং তা আমার উপভোগকৃত হয়নি; সেকারণে 'এটা প্রশান্ত' বলে দর্শনে সংজ্ঞাবেদয়িত নিরোধে চিত্ত লাফিয়ে ওঠেনি, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়নি। হে আনন্দ! আমি চিন্তা করলামঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আদীনব দর্শন করলে তা বহুলীকৃত করতে হবে, সংজ্ঞাবেদয়িত নিরোধে আনিশংস অধিগত হলে তা উপভোগ করতে হবে; এমন হতে পারে যে, 'এটা প্রশান্ত' বলে দর্শনে চিত্ত লাফিয়ে উঠতে পারে, প্রসন্ন, স্থির ও মুক্ত হতে পারে। হে আনন্দ! সেই আমিই পরে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তনে আদীনব দেখে তা বহুলীকৃত করি; সংজ্ঞাবেদয়িত নিরোধে আনিশংস অধিগত হয়ে তা উপভোগ করি। হে আনন্দ! 'এটা প্রশান্ত' দর্শনে আমার চিত্ত লাফিয়ে ওঠে, প্রসন্ন, স্থির ও মুক্ত হয়। হে আনন্দ! সেই আমিই পরে সম্পূর্ণভাবে নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ লাভ করে অবস্থান করি এবং প্রজ্ঞা দ্বারা দর্শন করি যে, আমার আসক্তি সম্পূর্ণরূপে ক্ষয় প্রাপ্ত হয়েছে।

১৩। যাবৎ হে আনন্দ! এই নব অনুপূর্ব বিহার অনুলোম-প্রতিলোম ভাবে আমি প্রাপ্ত হয়নি, তাবৎ হে আনন্দ! কি দেবলোকে, কি মারলোকে, কি ব্রহ্মলোকে, কি শ্রমণ, ব্রাহ্মণ, দেবতা ও মনুষ্যের মধ্যে আমি অনুত্তর সম্যকসম্বোধি লাভ করেছি বলে প্রকাশ করিনি। কিন্তু যখন, হে আনন্দ! এই নব অনুপূর্ব বিহার অনুলোম-প্রতিলোমভাবে প্রাপ্ত হই, তখনই আমি দেবলোকে, মারলোকে, ব্রহ্মলোকে, শ্রমণ, ব্রাহ্মণ, দেবতা ও মনুষ্যের মধ্যে অনুত্তর সম্যক সম্বোধি লাভ করেছি বলে প্রকাশ করি। তখন আমার এরূপ জ্ঞানদর্শন উৎপন্ন হয়ঃ 'আমার বিমুক্তি অচলা, এই আমার শেষ জন্ম, এখন আর পুনর্জন্মের সম্ভাবনা নেই।"

[মহা-বর্গ চতুর্থ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

তস্সুদ্দানং- স্মারক গাথা

দ্বিবিধ বিহার, নির্বাণ, গাভী, ধ্যান দ্বারা পঞ্চম,
আনন্দ, ব্রাহ্মণ, দ্বিবিধ নাগ এবং তপস্সু।

৫. পঞ্চাল[১]/সামঞ্ঞ[✪] বগ্গো- পঞ্চাল/শ্রামণ্য বর্গ

১. পঞ্চাল/সম্বাধ[✧] সুত্তং- পঞ্চাল/সম্বাধ সূত্র

৪২.১। আমার এরূপ শ্রুত হয়েছে- এক সময় শ্রদ্ধেয় আনন্দ কৌশাম্বীর ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান উদায়ি যেখানে আয়ুষ্মান আনন্দ ছিলেন তথায় উপস্থিত হন, উপস্থিত হয়ে শ্রদ্ধেয় আনন্দের সাথে কুশল বিনিময় করেন, সারণীয় কথা সমাপনান্তে এক প্রান্তে উপবেশন করেন। এক প্রান্তে উপবিষ্ট শ্রদ্ধেয় উদায়ি শ্রদ্ধেয় আনন্দকে বললেনঃ 'বন্ধু, দেবপুত্র পঞ্চালচণ্ড দ্বারা এটা ভাষিতঃ

'যিনি অত্যন্ত বুদ্ধিমান তিনি সম্বাধ থেকে নিষ্কৃতি পেয়েছেন যিনি ধ্যানে জাগ্রত, সজাগ, দর্শক, সুদক্ষ, হয়েছেন প্রত্যাহৃত।'

'আবুসো সম্বাধ কি এবং ভগবান সম্বাধ মুক্তির জন্য কোন্ পথের ঘোষণা করেছেন?

২। আবুসো! ভগবান কর্তৃক এই পঞ্চ কামগুণ বন্ধন বলে উক্ত হয়েছে। পঞ্চ কি কি?- চক্ষুবিজ্ঞেয় রূপ আনন্দদায়ক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক; শ্রোত্রবিজ্ঞেয় শব্দ আনন্দদায়ক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক; ঘ্রাণবিজ্ঞেয় গন্ধ আনন্দদায়ক মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক; জিহ্বাবিজ্ঞেয় রস আনন্দদায়ক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক; কায়বিজ্ঞেয় স্পর্শ আনন্দদায়ক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক- এই পঞ্চ কামগুণ ভগবান কর্তৃক বন্ধন বলে উক্ত হয়েছে।

৩। বন্ধু! ভিক্ষু কাম হতে বিবিক্ত (নির্লিপ্ত) হয়ে, অকুশলে নির্লিপ্ত হয়ে বিতর্ক ও বিচার সহিত নির্জনতাজনিত প্রীতিসুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করেন। বন্ধু! এতটুকু বন্ধনমুক্তির কথা

✪ দেব নাগরী মতে সামঞ্ঞঞ।

✧ দেব নাগরী মতে সম্বাধ।

Visit: http://www.buddhistdownload.com

ভগবান কর্তৃক উক্ত হয়েছে এবং বিশেষ বন্ধনমুক্তির উপায় ভগবান ঘোষণা করেছেন। কিন্তু তথায়ও একটা বন্ধন; এবং তা কি? যে পর্যন্ত বিতর্ক-বিচার অ-নিরুদ্ধ থাকে এখানে তা বন্ধন।

৪। পুনঃ, বন্ধু! ভিক্ষু বিতর্ক-বিচার প্রশমিত আধ্যাত্মিক সম্প্রসাদযুক্ত চিত্তে একাগ্রতাজনিত অবিতর্ক ও বিচার বিহীন দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করেন। এতটুকু বন্ধনমুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। তথায় অন্য বন্ধনও আছে এবং সে বন্ধন কি?- যে পর্যন্ত প্রীতি অ-নিরুদ্ধ থাকে এখানে তা-ই বন্ধন।

৫। পুনঃ, বন্ধু! ভিক্ষু প্রীতি হতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন। আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে অবস্থান করেন। এতটুকু বন্ধন মুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। তথায় আরও বন্ধন আছে, সে বন্ধন কি?- যে পর্যন্ত উপেক্ষা সুখ অ-নিরুদ্ধ থাকে এখানে তা-ই বন্ধন।

৬। পুনঃ, বন্ধু! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমতি করে না-দুঃখ, না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করেন। এতটুকু বন্ধনমুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। এবং তথায়ও একটা বন্ধন এবং তা কি? যে পর্যন্ত রূপসংজ্ঞা অ-নিরুদ্ধ থাকে এখানে তাই বন্ধন।

৭। পুনঃ, বন্ধু! ভিক্ষু সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ প্রতীঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় অমনোযোগী হয়ে 'অনন্ত আকাশ' চেতনায় আকাশ অনন্ত আয়তন লাভ করে অবস্থান করেন। এতটুকু পর্যন্ত বন্ধন মুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। তথায়ও বন্ধন আছে, সে বন্ধন কি?- যে পর্যন্ত আকাশ অনন্ত আয়তন সংজ্ঞা অ-নিরুদ্ধ, এখানে তা-ই বন্ধন।

৮। পুনঃ, বন্ধু! ভিক্ষু সম্পূর্ণরূপে আকাশ অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'অনন্ত বিজ্ঞান' চেতনায় বিজ্ঞান অনন্ত আয়তন লাভ করে

Visit: http://www.buddhistdownload.com

অবস্থান করেন। এতটুকু পর্যন্ত বন্ধন মুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। তথায় আরও বন্ধন আছে এবং সে বন্ধন কি?- যে পর্যন্ত বিজ্ঞান অনন্ত আয়তন সংজ্ঞা অ-নিরুদ্ধ থাকে, এখানে তা-ই বন্ধন।

৯। পুনঃ, বন্ধু! ভিক্ষু সর্বতোভাবে বিজ্ঞান অনন্ত আয়তন অতিক্রম করতঃ 'কিছুই না' চেতনায় অকিঞ্চন আয়তন লাভ করে অবস্থান করেন। এতটুকু পর্যন্ত বন্ধন মুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। তথায় আরও বন্ধন আছে এবং সে বন্ধন কি?- যে পর্যন্ত অকিঞ্চন আয়তন সংজ্ঞা অ-নিরুদ্ধ থাকে, এখানে তাই বন্ধন।

১০। পুনঃ, বন্ধু! ভিক্ষু সম্পূর্ণরূপে অকিঞ্চন আয়তন অতিক্রম করতঃ নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন লাভ করে অবস্থান করেন। এতটুকু পর্যন্ত বন্ধন মুক্তির কথা ভগবান কর্তৃক উক্ত হয়েছে। তথায় আরও বন্ধন আছে এবং সে বন্ধন কি?- যে পর্যন্ত নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন সংজ্ঞা অ-নিরুদ্ধ থাকে, এখানে তাই বন্ধন।

১১। পুনঃ, বন্ধু! ভিক্ষু সর্বতোভাবে নৈবসংজ্ঞাসংজ্ঞায়তন অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান লাভ করে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন করেন যে, তাঁর আসক্তি ধ্বংস প্রাপ্ত হয়েছে। বন্ধু! এতটুকু এবং অনধিক বিশেষ বন্ধন মুক্তির কথা ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে।'

২. কাযসক্খী সুত্তং- কায়সাক্ষী সূত্র

৪৩.১। 'বন্ধু! কায়সাক্ষী, কায়সাক্ষী' বলে অভিহিত করা হয়। বন্ধু! ভগবান কর্তৃক কতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে উক্ত হয়েছে?

২। এক্ষেত্রে, আবুসো! ভিক্ষু কাম হতে বিবিক্ত (নির্লিপ্ত) হয়ে, অকুশলে নির্লিপ্ত হয়ে সবিতর্ক ও সবিচার নির্জনতা জনিত প্রীতিসুখযুক্ত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করেন এবং ততটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন। আবুসো! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে।

৩। পুনঃ, আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার প্রশমিত করে আধ্যাত্মিক সম্প্রসাদযুক্ত চিত্তে একাগ্রতাজনিত অবিতর্ক ও বিচারবিহীন সমাধিজনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয় ধ্যান লাভ করে অবস্থান করেন; ভিক্ষু প্রীতিতেও বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন; স্মৃতিমান

Visit: http://www.buddhistdownload.com

ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন। ভিক্ষু সর্বদৈহিক সুখ-দুঃখ পরিহার করতঃ পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-সুখ, না-দুঃখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করেন। ততটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন। আবুসো! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে।

৪। পুনঃ, বন্ধু! ভিক্ষু সর্বতোভাবে রূপসংজ্ঞা অতিক্রম করতঃ প্রতীঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্বসংজ্ঞায় মনন না করে 'অনন্ত আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে অবস্থান করেন এবং ততটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন। বন্ধু! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে। পুনঃ আবুসো ভিক্ষু সর্বাংশে আকাশ অনন্ত আয়তন সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এ ভাবোদয়ে 'বিজ্ঞান-অনন্ত' আয়তন নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং এতটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে তাতে অবস্থান করেন। আবুসো! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে। পুনঃ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই না' এ ভাবোদয়ে 'অকিঞ্চন-আয়তন' নামক (তৃতীয় অরূপ-সমাপত্তি) ধ্যান লাভ করে অবস্থান করেন এবং ততটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন। আবুসো! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন আয়তন' সমতিক্রম করে 'নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ-সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং এতটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন। আবুসো! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে।

৫। পুনঃ, বন্ধু! ভিক্ষু সর্বতোভাবে 'নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন' অতিক্রম করতঃ সংজ্ঞাবেদয়িত নিরোধ নামক (লোকোত্তর সমাপত্তি)

Visit: http://www.buddhistdownload.com

ধ্যান লাভ করে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন করেন যে, তাঁর আসক্তি ক্ষয় হয়েছে এবং এতটুকু এবং অনধিক আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন। আবুসো! এতটুকু পর্যন্ত কায়সাক্ষী অপরিবর্তনীয় বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে।'

৩. পঞ্ঞাবিমুত্ত সুত্তং- প্রজ্ঞা বিমুক্ত সূত্র

৪৪.১। বন্ধু! 'প্রজ্ঞাবিমুক্ত, প্রজ্ঞাবিমুক্ত' বলে অভিহিত করা হয়। বন্ধু! ভগবান কর্তৃক কতটুকু পর্যন্ত প্রজ্ঞাবিমুক্ত ব্যক্ত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে, অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি সুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ প্রজ্ঞাবিমুক্ত বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী, চিত্তের একাগ্রতা আনয়নকারী, বিতর্ক-রহিত, বিচার রহিত, সমাধিজ প্রীতি সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ প্রজ্ঞা বিমুক্ত বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! প্রীতিতে বিরাগী হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন বলে আর্যগণ বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ প্রজ্ঞা বিমুক্তি বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বদৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ প্রজ্ঞাবিমুক্ত বলে অভিহিত হয়েছে।

আবুসো ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা অতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এ

Visit: http://www.buddhistdownload.com

ভাবোদয়ে 'আকাশ অনন্ত-আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ প্রজ্ঞাবিমুক্ত এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে। আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে আকাশ অনন্ত আয়তন সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান-অনন্ত-আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি).....সর্বাংশে 'বিজ্ঞান-অনন্ত-আয়তন' অতিক্রম করে 'কিছুই না' এ ভাবোদয়ে 'অকিঞ্চন-আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি).....সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ-সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে নৈবসংজ্ঞা-না-সংজ্ঞায়তন সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ'.....(লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক অনধিক বিশেষ প্রজ্ঞাবিমুক্ত এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

৪. উভযভাগবিমুত্ত সুত্তং- উভয়ভাগ বিমুক্ত সূত্র

৪৫.১। আবুসো! 'উভয়ভাগবিমুক্ত, উভয়ভাগবিমুক্ত বলে কথিত! আবুসো! ভগবৎ কর্তৃক কতটুকু পর্যন্ত উভয়ভাগ বিমুক্ত ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে, অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে, সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি সুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান এবং ততটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা তা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক অনধিক এতটুকু পর্যন্ত উভয়ভাগ বিমুক্ত বলে কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী, বিতর্ক-রহিত, বিচার-রহিত, সমাধিজ প্রীতি-সুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং ততটুকু আয়তন পর্যন্ত কায় দ্বারা স্পর্শ করে অবস্থান করেন এবং প্রজ্ঞা

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা তা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক অনধিক এতটুকু পর্যন্ত উভয়ভাগ বিমুক্ত বলে কথিত হয়েছে।

৫. সন্দিট্‌ঠিক ধম্ম সুত্তং- সন্দৃষ্টিক ধর্ম সূত্র

৪৬.১। আবুসো! 'সন্দিট্‌ঠিক ধর্ম, সন্দিট্‌ঠিক ধর্ম' বলে কথিত। কিন্তু আবুসো! ভগবৎ কর্তৃক স্বয়ং দৃষ্টধর্ম কতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত (নির্লিপ্ত) হয়ে অকুশলধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতিসুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শনও উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক এতটুকু পর্যন্ত সন্দিট্‌ঠিক ধর্ম বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু কর্তৃক বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্ক-রহিত, বিচার রহিত, সমাধিজ প্রীতি সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত, সন্দিট্‌ঠিক ধর্ম বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে।

পুনঃ ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান, সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে, যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে আর্যগণ বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম বলে কথিত হয়েছে।

৩। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা অতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এ

Visit: http://www.buddhistdownload.com

ভাবোদয়ে 'আকাশ অনন্ত' আয়তন নামক (প্রথম সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান-অনন্ত-আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে বিজ্ঞান-অনন্ত-আয়তন' সমতিক্রম করে 'কিছুই না' এই ভাবোদয়ে 'অকিঞ্চন আয়তন' (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন আয়তন' সমতিক্রম করে 'নৈবসংজ্ঞা-নাসংজ্ঞা' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' অতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক অনধিক বিশেষ স্বয়ং দৃষ্ট ধর্ম এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

৬. সন্দিট্‌ঠিক নিব্বান সুত্তং- সন্দৃষ্টিক নির্বাণ সূত্র

৪৭.১। আবুসো! 'সন্দিট্‌ঠিক নির্বাণ, সন্দিট্‌ঠিক নির্বাণ বলে কথিত হয়। আবুসো! ভগবান কর্তৃক কতটুকু পর্যন্ত সন্দিট্‌ঠিক নির্বাণ ব্যক্ত হয়েছে?

Visit: http://www.buddhistdownload.com

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত (নির্লিপ্ত) হয়ে অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ-প্রীতি-সুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক এতটুকু পর্যন্ত বিশেষ সন্দিট্‌ঠিক নির্বাণ বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার-উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী, চিত্তের একাগ্রভাব আনয়নকারী, বিতর্ক রহিত, বিচার রহিত, সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত বিশেষ সন্দিট্‌ঠিক নির্বাণ ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে আর্যগণ বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ সন্দিট্‌ঠিক নির্বাণ বলে কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ সন্দিট্‌ঠিক নির্বাণ বলে কথিত হয়েছে।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ সংজ্ঞা অতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে নানাত্ব সংজ্ঞা মনন না করে 'অনন্ত-আকাশ' এ ভাবোদয়ে আকাশ-অনন্ত-আয়তন নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ সন্দিট্‌ঠিক নির্বাণ এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে 'আকাশ-অনন্ত-আয়তন' অতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে বিজ্ঞান-অনন্ত আয়তন নামক

Visit: http://www.buddhistdownload.com

(দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ সন্দিট্ঠিক নির্বাণ এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে বিজ্ঞান-অনন্ত-আয়তন সমতিক্রম করে 'কিছুই না' এ ভাবোদয়ে অকিঞ্চন-আয়তন নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ সন্দিট্ঠিক নির্বাণ এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

আবুসো! পুনঃ ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ সন্দিট্ঠিক নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

৩। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে সংজ্ঞা বেদয়িত নিরোধ নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক অনধিক বিশেষ সন্দিট্ঠিক নির্বাণ এতটুকু পর্যন্ত অভিহিত হয়েছে।

৭. নিব্বান সুত্তং- নির্বাণ সূত্র

৪৮.১। আবুসো! 'নির্বাণ', 'নির্বাণ' বলে অভিহিত হয়। আবুসো! ভগবান কর্তৃক কতটুকু পর্যন্ত নির্বাণ ব্যক্ত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবৎ কর্তৃক নির্বাণ বিঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রতাভাব আনয়নকারী, বিতর্ক-রহিত, বিচার-রহিত, সমধিজ প্রীতিসুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবৎ কর্তৃক

Visit: http://www.buddhistdownload.com

নির্বাণ বলে কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে, যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে অবস্থান করেন' বলে আর্যগণ বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা আসক্তি পরিক্ষীণ হয়েছে দেখতে পান ও প্রজ্ঞা দ্বারা তা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবৎ কর্তৃক নির্বাণ বলে কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা আসক্তি পরিক্ষীণ হয়েছে দেখতে পান ও প্রজ্ঞা দ্বারা তা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবৎ কর্তৃক নির্বাণ বলে উক্ত হয়েছে।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা অতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে নানাত্ব সংজ্ঞা মনন না করে 'অনন্ত-আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ-অনন্ত-আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক নির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ-অনন্ত-আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান-অনন্ত-আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা ধ্যান দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক নির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান-অনন্ত-আয়তন' সমতিক্রম করে "কিছুই না' এ ভাবোদয়ে 'অকিঞ্চন-আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা ধ্যান দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক

Visit: http://www.buddhistdownload.com

নির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে অকিঞ্চন আয়তন সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ-সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন।

৩। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে সংজ্ঞা বেদয়িত নিরোধ নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক অনধিক বিশেষ নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

৮. পরিনিব্বান সুত্তং- পরিনির্বাণ সূত্র

৪৯.১। আবুসো! 'পরিনির্বাণ, পরিনির্বাণ' বলে কথিত। আবুসো! ভগবান কর্তৃক কতটুকু পর্যন্ত পরিনির্বাণ বিঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি সুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত পরিনির্বাণ বলে উক্ত হয়েছে।

পুনঃ, আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব আনয়নকারী, বিতর্ক-রহিত, বিচার-রহিত, সমাধিজ প্রীতি-সুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত পরিনির্বাণ বলে উক্ত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে অবস্থান করেন' বলে আর্যগণ বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক পরিনির্বাণ বলে উক্ত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

উপলব্ধি করেন।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা অতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ-অনন্ত-আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ পরিনির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে আকাশ অনন্ত আয়তন সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত-আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ পরিনির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে বিজ্ঞান অনন্ত আয়তন সমতিক্রম করে 'কিছুই না' এ ভাবোদয়ে 'অকিঞ্চন আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ পরিনির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন।

৩। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত-নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ পরিনির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে।

৯. তদঙ্গ নিব্বান সুত্তং- তদঙ্গ নির্বাণ সূত্র

৫০.১। আবুসো! 'তদঙ্গ নির্বাণ,' 'তদঙ্গ নির্বাণ' বলে কথিত। আবুসো! ভগবৎ কর্তৃক কতটুকু পর্যন্ত তদঙ্গ নির্বাণ ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে অকুশল ধর্ম হতে

Visit: http://www.buddhistdownload.com

বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবৎ কর্তৃক তদঙ্গ নির্বাণ বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী, চিত্তের একাগ্রতাভাব আনয়নকারী বিতর্ক-রহিত, বিচার-রহিত, প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত বিশেষ তদঙ্গ নির্বাণ বলে অভিহিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে আর্যগণ বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ তদঙ্গনির্বাণ এতটুকু পর্যন্ত কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক বিশেষ তদঙ্গ নির্বাণ বলে কথিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা অতিক্রম করে প্রতিঘসংজ্ঞা অস্তমিত করে নানাত্ব সংজ্ঞা মনন না করে অনন্ত আকাশ এ ভাবোদয়ে 'আকাশ আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ তদঙ্গনির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে আকাশ আয়তন সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে "বিজ্ঞান আয়তন" নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন

Visit: http://www.buddhistdownload.com

ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ তদঙ্গনির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে বিজ্ঞান আয়তন সমতিক্রম করে 'কিছুই না' এই ভাবোদয়ে "অকিঞ্চন-আয়তন" নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ তদঙ্গনির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন আয়তন' সমতিক্রম করে নৈব সংজ্ঞা-নাসংজ্ঞায়তন নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন।

৩। পুন আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন' সমতিক্রম করে সংজ্ঞা বেদয়িত নিরোধ নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা দর্শন ও উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক অধিক বিশেষ তদঙ্গনির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

১০. দিট্‌ঠধম্ম নিব্বান সুত্তং- দৃষ্টধর্ম নির্বাণ সূত্র

৫১.১। আবুসো! "দৃষ্ট ধর্ম নির্বাণ" "দৃষ্ট ধর্ম নির্বাণ" বলে কথিত। আবুসো ভগবৎ কর্তৃক দৃষ্টধর্ম নির্বাণ কতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতিসুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত দৃষ্টধর্ম নির্বাণ ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার রহিত, সমাধিজ প্রীতি সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত দৃষ্টধর্ম নির্বাণ বলে কথিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে যে ধ্যান স্তরে আরোহণ করলে ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে অবস্থান করেন' বলে আর্যগণ

Visit: http://www.buddhistdownload.com

বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক দৃষ্টধর্ম নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক দৃষ্টধর্ম নির্বাণ বলে কথিত।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা অতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ দৃষ্টধর্ম নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ দৃষ্টধর্ম নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই না' এই ভাবোদয়ে অকিঞ্চন-আয়তন নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ দৃষ্টধর্ম নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞা' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ দৃষ্টধর্ম নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন আয়তন' সমতিক্রম করে 'নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ দৃষ্টধর্ম নির্বাণ এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

[পঞ্চাল-বর্গ পঞ্চম সমাপ্ত]

নবম নিপাতে প্রথম পঞ্চাশ সূত্র সমাপ্ত

তস্সুদ্দানং- স্মারক গাথা

পঞ্চাল এবং কায়সাক্ষী দ্বিবিধ স্বয়ং দৃষ্ট, দ্বিবিধ নির্বাণ
পরিনির্বাণ এবং তদঙ্গ দৃষ্টধর্ম।

২. দুতিয পণ্ণাসকং- দ্বিতীয় পঞ্চাশক

৬. খেম বগ্গো- ক্ষেম বর্গ

১. খেম সুত্তং- ক্ষেম সূত্র

৫২.১। আবুসো! 'ক্ষেম' 'ক্ষেম' বলে অভিহিত। কিন্তু আবুসো! ভগবৎ কর্তৃক কতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক বিবিক্ত হয়ে, অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত ক্ষেম ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী, চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্ক-রহিত, বিচার-রহিত, সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক এতটুকু পর্যন্ত ক্ষেম বলে ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করে, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করে, যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বাস করেন' বলে আর্যগণ বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং

Visit: http://www.buddhistdownload.com

প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ ক্ষেম এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো ভগবান কর্তৃক বিশেষ ক্ষেম এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা অতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো ভগবৎ কর্তৃক বিশেষ ক্ষেম এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে আকাশ আয়তন অতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান-অনন্ত-আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ ক্ষেম এতটুকু পর্যন্ত উক্ত হয়েছে।

পুনরায়, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' অতিক্রম করে 'কিছুই না' এই ভাবোদয়ে 'অকিঞ্চন অনন্ত আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ ক্ষেম এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে।

পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে অকিঞ্চন-আয়তন অতিক্রম করে 'নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ ক্ষেম এতটুকু পর্যন্ত প্রকাশিত হয়েছে।

পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' অতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ

Visit: http://www.buddhistdownload.com

করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক অনধিক ক্ষেম এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে।

২. খেমপ্পত্ত সুত্তং- ক্ষেম প্রাপ্ত সূত্র

৫৩.১। আবুসো! 'ক্ষেমপ্রাপ্ত, ক্ষেমপ্রাপ্ত' বলে অভিহিত। কিন্তু আবুসো! ভগবৎ কর্তৃক ক্ষেমপ্রাপ্ত কতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সর্ব অকুশল পরিহার করে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে বিচরণ করে এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ ক্ষেমপ্রাপ্ত এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো বিতর্ক-বিচার উপশমে ভিক্ষু অধ্যাত্ম-সম্প্রসাদী ও চিত্তের একীভাব-আনয়নকারী বিতর্কাতীত. বিচারাতীত সমাধিজ প্রীতি সুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক ক্ষেমপ্রাপ্ত এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে। পুনরায় আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ ক্ষেম প্রাপ্ত এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য মনের হর্ষ-বিষাদ অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ ক্ষেমপ্রাপ্ত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা অতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'আকাশ অনন্ত' এই ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি)

Visit: http://www.buddhistdownload.com

ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক বিশেষ ক্ষেমপ্রাপ্ত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক ক্ষেমপ্রাপ্ত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। পুনরায় আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক ক্ষেমপ্রাপ্ত এতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত-নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবান কর্তৃক এতটুকু ক্ষেমপ্রাপ্ত বলে বিঘোষিত হয়েছে।

৩. অমত সুত্তং- অমৃত সূত্র

৫৪.১। আবুসো! 'অমৃত, অমৃত' বলে কথিত। কিন্তু ভগবৎ কর্তৃক অমৃত কতটুকু পর্যন্ত ঘোষিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক অমৃত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! বিতর্ক-বিচার উপশমে ভিক্ষু অধ্যাত্ম-সম্প্রসাদী ও চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত সমাধিজ প্রীতি সুখ মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। পুনরায়, প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ

Visit: http://www.buddhistdownload.com

করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! ভগবৎ কর্তৃক অমৃত এতটুকু পর্যন্ত ব্যক্ত হয়েছে, পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে, পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে, না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু অমৃত বলে বিঘোষিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা সমতিক্রম করে, প্রতিঘ সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব সংজ্ঞা মনন না করে 'আকাশ অনন্ত' এই ভাবোদয়ে আকাশ অনন্ত আয়তন নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবান কর্তৃক বিশেষ অমৃত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। পুনরায় আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' অতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। ভগবৎ কর্তৃক অমৃত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত অমৃত বলে বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈব-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু পর্যন্ত অমৃত বলে ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত ভগবৎ কর্তৃক বলে ঘোষিত হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

৪. অমতপ্পত্ত সুত্তং- অমৃতপ্রাপ্ত সূত্র

৫৫.১। আবুসো! 'অমৃত প্রাপ্ত, অমৃত প্রাপ্ত' বলে কথিত। কিন্তু ভগবান কর্তৃক কতটুকু পর্যন্ত অমৃত প্রাপ্ত বলে কথিত হয়েছে?

২। আবুসো! ভিক্ষু কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সর্ব অকুশল পরিহার করে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃতপ্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! বিতর্ক-বিচার উপশমে ভিক্ষু অধ্যাত্ম-সম্প্রসাদী, চিত্তের একাগ্রভাব-আনয়নকারী বিতর্কাতীত বিচারাতীত সমাধিজ প্রীতি সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃত প্রাপ্ত বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনরায়, আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি-নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি-নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃত প্রাপ্ত বলে ভগবান কর্তৃক বিঘোষিত। পুনশ্চ আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে, পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে, না-দুঃখ না-সুখ উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃত প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা সমতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'আকাশ-অনন্ত' এই ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক অমৃত প্রাপ্ত এতটুকু পর্যন্ত বিঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে

Visit: http://www.buddhistdownload.com

'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন ও প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃত প্রাপ্ত বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে বিজ্ঞান অনন্ত আয়তন সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন-আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ ও প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃতপ্রাপ্ত বলে ভগবান কর্তৃক বিঘোষিত। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন ও প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃত প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অমৃতপ্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে।

৫. অভয সুত্তং- অভয় সূত্র

৫৬.১। আবুসো! 'অভয়, অভয়' বলে কথিত। কিন্তু কতটুকু পর্যন্ত অভয় বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে?

২। আবুসো! কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সর্ব অকুশল পরিহার করে ভিক্ষু সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ সমন্বিত প্রথম ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী ও চিত্তের একমুখীভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন ও প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। পুনরায়, আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা সমতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'আকাশ অনন্ত' এই ভাবোদয়ে আকাশ অনন্ত আয়তন নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! ভগবৎ কর্তৃক এতটুকু অভয় বলে বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনরায়, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-

Visit: http://www.buddhistdownload.com

বেদয়িত নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয় বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে।

৬. অভযপত্ত সুত্তং- অভয় প্রাপ্ত সূত্র

৫৭.১। আবুসো! 'অভয়প্রাপ্ত, অভয়প্রাপ্ত' বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে। কিন্তু কতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে?

২। আবুসো! কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সর্ব অকুশল পরিহার করে ভিক্ষু সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে আধ্যাত্মিক সম্প্রসাদী ও চিত্তের একাগ্রভাব আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে প্রীতি-নিরপেক্ষ সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি-নিরপেক্ষ সুখে অবস্থান করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনরায় আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখদুঃখ পরিত্যাগ করে, পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবান কর্তৃক বিঘোষিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা সমতিক্রম করে প্রতিঘ সংজ্ঞা অস্তমিত করে নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'আকাশ অনন্ত' এই

Visit: http://www.buddhistdownload.com

ভাবোদয়ে আকাশ অনন্ত আয়তন নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনশ্চ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে অকিঞ্চন-আয়তন নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনঃ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অভয়প্রাপ্ত বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনশ্চঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত-নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত বিশেষ অভয়প্রাপ্ত বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে।

৭. পস্সদ্ধি সুত্তং- প্রশ্রদ্ধি সূত্র

৫৮.১। আবুসো! 'প্রশ্রদ্ধি, প্রশ্রদ্ধি' বলে কথিত। কিন্তু আবুসো! কতটুকু প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে?

২। আবুসো! কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সর্ব অকুশল পরিহার করে ভিক্ষু সবিতর্ক, সবিচার বিবেকজ প্রীতি সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

পুনশ্চ, আবুসো! বিতর্ক-বিচার উপশমে ভিক্ষু অধ্যাত্ম-সম্প্রসাদী ও চিত্তের একাগ্রভাব-আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত সমাধিজ প্রীতি সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে। পুনরায়, আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে (প্রীতি-নিরপেক্ষ) সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান হয়ে (প্রীতি-নিরপেক্ষ) সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখদুঃখ পরিত্যাগ করে, পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে, না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপসংজ্ঞা সমতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এই ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক প্রথম অরূপ সমাপত্তি ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক কথিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে, 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক ব্যক্ত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন অনন্ত আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু

Visit: http://www.buddhistdownload.com

পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে। পুনঃ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন অনন্ত আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক উক্ত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ' নামক লোকোত্তর সমাপত্তি লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে।

৮. অনুপুব্ব পস্সদ্ধি সুত্তং- অনুপূর্ব প্রশ্রদ্ধি সূত্র

৫৯.১। আবুসো! 'অনুপূর্ব প্রশ্রদ্ধি, অনুপূর্ব প্রশ্রদ্ধি' বলে কথিত। কিন্তু কতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে?

২। আবুসো! কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, সর্ব অকুশল পরিহার করে ভিক্ষু সবিতর্ক, সবিচার বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম-সম্প্রসাদী চিত্তের একাগ্রভাব-আনয়নকারী বিতর্কাতীত, বিচারাতীত সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক প্রচারিত হয়েছে। পুনঃ আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন, স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে প্রীতি নিরপেক্ষ সুখ অনুভব করেন, আর্যগণ যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা-সম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি নিরপেক্ষ সুখে বিচরণ করেন' বলে বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক দেশিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখদুঃখ পরিহার করে, পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে,

Visit: http://www.buddhistdownload.com

না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে। আবুসো ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা সমতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'আকাশ অনন্ত' এই ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক দেশিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' সমতিক্রম করে 'অনন্ত বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনরায়, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন অনন্ত আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবান কর্তৃক দেশিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন অনন্ত আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি বলে ভগবান দেশনা করেছেন। পুনঃ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত-নিরোধ' নামক লোকোত্তর সমাপত্তি লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব প্রশ্রদ্ধি ভগবান কর্তৃক দেশিত হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

৯. নিরোধ সুত্তং- নিরোধ সূত্র

৬০.১। আবুসো! 'নিরোধ, নিরোধ' বলে কথিত। কিন্তু আবুসো! কতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবান কর্তৃক দেশিত হয়েছে।

২। আবুসো! ভিক্ষু কাম-সম্পর্ক হতে বিবিক্ত হয়ে, অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবৎ কর্তৃক কথিত হয়েছে।

পুনঃ, আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী, চিত্তের একাগ্রভাব আনয়নকারী, বিতর্ক-রহিত, বিচার-রহিত, সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! প্রীতিতেও বীতরাগ হয়ে ভিক্ষু উপেক্ষার ভাবে অবস্থান করেন এবং স্মৃতিমান ও সম্প্রজ্ঞাত হয়ে স্বচিত্তে প্রীতি নিরপেক্ষ সুখ অনুভব করেন, যে ধ্যানস্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষা সম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি নিরপেক্ষ সুখে বিচরণ করেন' বলে আর্যগণ বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো এতটুকু পর্যন্ত ভগবান কর্তৃক নিরোধ বলে কথিত হয়েছে। পুনরায় আবুসো! ভিক্ষু সর্ব-দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা সমতিক্রম করে, প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব-সংজ্ঞা মনন না করে 'অনন্ত-আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে আকাশ অনন্ত আয়তন সমতিক্রম করে 'অনন্ত-বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান

Visit: http://www.buddhistdownload.com

অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে অকিঞ্চন আয়তন নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'অকিঞ্চন-আয়তন' সমতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞাযতন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবান কর্তৃক দেশিত হয়েছে। পুনরায়, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত-নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবৎ কর্তৃক দেশিত হয়েছে।

১০. অনুপুব্ব নিরোধ সুত্তং- অনুপূর্ব নিরোধ সূত্র

৬১.১। আবুসো! 'অনুপূর্ব নিরোধ, অনুপূর্ব নিরোধ' বলে ভগবান কর্তৃক কথিত হয়েছে। কিন্তু আবুসো! কতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনঃ, আবুসো! ভিক্ষু কাম-সম্পর্ক বিবিক্ত হয়ে, অকুশল ধর্ম হতে বিবিক্ত হয়ে সবিতর্ক, সবিচার, বিবেকজ প্রীতি-সুখ-মণ্ডিত প্রথম ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু বিতর্ক-বিচার উপশমে অধ্যাত্ম সম্প্রসাদী, চিত্তের একাগ্রভাব-আনয়নকারী-বিতর্কাতীত, বিচারাতীত, সমাধিজ প্রীতি-সুখ-মণ্ডিত দ্বিতীয় ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবৎ কর্তৃক বিঘোষিত হয়েছে। পুনশ্চ, আবুসো! ভিক্ষু প্রীতিতেও বীতরাগ হয়ে উপেক্ষার ভাবে অবস্থান করেন এবং স্বচিত্তে প্রীতি নিরপেক্ষ সুখ

Visit: http://www.buddhistdownload.com

অনুভব করেন, যে ধ্যান স্তরে আরোহণ করলে 'ধ্যায়ী উপেক্ষাসম্পন্ন ও স্মৃতিমান হয়ে প্রীতি নিরপেক্ষ সুখে বিচরণ করেন' বলে আর্যগণ বর্ণনা করেন, সেই তৃতীয় ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে। পুনঃ আবুসো! ভিক্ষু সর্ব দৈহিক সুখ-দুঃখ পরিত্যাগ করে পূর্বেই সৌমনস্য-দৌর্মনস্য (মনের হর্ষ-বিষাদ) অস্তমিত করে না-দুঃখ না-সুখ, উপেক্ষা ও স্মৃতি দ্বারা পরিশুদ্ধ চিত্তে চতুর্থ ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে।

আবুসো! ভিক্ষু সর্বাংশে রূপ-সংজ্ঞা সমতিক্রম করে প্রতিঘ-সংজ্ঞা অস্তমিত করে, নানাত্ব সংজ্ঞা মনন না করে 'অনন্ত আকাশ' এ ভাবোদয়ে 'আকাশ অনন্ত আয়তন' নামক (প্রথম অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে অবস্থান করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবান দেশনা করেছেন। পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'আকাশ অনন্ত আয়তন' অতিক্রম করে 'অনন্ত-বিজ্ঞান' এই ভাবোদয়ে 'বিজ্ঞান অনন্ত আয়তন' নামক (দ্বিতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবান দেশনা করেছেন। পুনঃ আবুসো! ভিক্ষু সর্বাংশে 'বিজ্ঞান অনন্ত আয়তন' সমতিক্রম করে 'কিছুই নেই' এই ভাবোদয়ে 'অকিঞ্চন-আয়তন' নামক (তৃতীয় অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত নিরোধ বলে ভগবৎ কর্তৃক ঘোষিত হয়েছে।

পুনশ্চ, আবুসো! ভিক্ষু সর্বাংশে অকিঞ্চন-আয়তন অতিক্রম করে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' নামক (চতুর্থ অরূপ সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে

Visit: http://www.buddhistdownload.com

ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে। পুনরায়, আবুসো! ভিক্ষু সর্বাংশে 'নৈব-সংজ্ঞা-নাসংজ্ঞায়তন' সমতিক্রম করে 'সংজ্ঞা-বেদয়িত নিরোধ' নামক (লোকোত্তর সমাপত্তি) ধ্যান লাভ করে তাতে বিচরণ করেন এবং প্রজ্ঞা দ্বারা উপলব্ধি করেন যে, তাঁর আসক্তি পরিক্ষীণ হয়েছে। আবুসো! এতটুকু পর্যন্ত অনুপূর্ব নিরোধ বলে ভগবান কর্তৃক ঘোষিত হয়েছে।

১১. অভব্ব সুত্তং- অভব্য সূত্র

৬২.১। হে ভিক্ষুগণ! নয়টি বিষয় পরিহার না করে অর্হত্বফল প্রত্যক্ষ করা অসম্ভব। নয়টি কি কি?

২। রাগ, দ্বেষ, মোহ, ক্রোধ, শত্রুতা, ম্রক্ষ্য, বিদ্বেষ, ঈর্ষা ও মাৎসর্য।

হে ভিক্ষুগণ! এই নয়টি বিষয় পরিহার না করে অর্হত্বফল প্রত্যক্ষ করা অসম্ভব।

৩। হে ভিক্ষুগণ! নয়টি কারণ পরিহার করে অর্হত্বফল প্রত্যক্ষ করা সম্ভব। নয়টি কি কি?

৪। রাগ, দোষ, মোহ, ক্রোধ, শত্রুতা, ম্রক্ষ্য, বিদ্বেষ, ঈর্ষা ও মাৎসর্য।

[ক্ষেম-বর্গ ষষ্ঠ সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

ক্ষেম এবং অমৃত অভয় এবং প্রশ্রদ্ধি
অনুপূর্ব নিরোধ এবং ধর্ম (কারণ) প্রহীন এবং সম্ভব।

৭. সতিপট্ঠান বগ্গো- স্মৃতিপ্রস্থান বর্গ

১. সিক্খা দুব্বল্য সুত্তং- শিক্ষা দৌর্বল্য সূত্র

৬৩.১। 'হে ভিক্ষুগণ! এই পাঁচটি শিক্ষার দুর্বলতা। পাঁচ কি কি?

২। প্রাণিহত্যা, অদত্তবস্তু গ্রহণ, মিথ্যা কামাচার, মিথ্যা ভাষণ, সুরা-মদ ইত্যাদি নেশাজনক দ্রব্য সেবন। হে ভিক্ষুগণ! এই পাঁচটিই শিক্ষা দৌর্বল্য।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চবিধ শিক্ষা দৌর্বল্য পরিহার করার জন্য চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চার কি কি?

Visit: http://www.buddhistdownload.com

৪। হে ভিক্ষুগণ! বুদ্ধ শাসনে বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষুই জগতে (রূপোপাদান স্কন্ধকায়) অভিধ্যা দৌর্মনস্য দমিত করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বেদনা উপাদানস্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বিজ্ঞান উপাদানস্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে সংজ্ঞা ও সংস্কার উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! এই পঞ্চবিধ শিক্ষার দুর্বলতা পরিহার করার জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

২. নীবরণ সুত্তং- নীবরণ সূত্র

৬৪.১। 'হে ভিক্ষুগণ! এই পঞ্চ নীবরণ। পঞ্চ কি কি?

২। কামচ্ছন্দ নীবরণ, ব্যাপাদ নীবরণ, স্ত্যানমিদ্ধ নীবরণ, ঔদ্ধত্য নীবরণ, কৌকৃত্য নীবরণ, বিচিকিৎসা নীবরণ। ভিক্ষুগণ এগুলোই পঞ্চবিধ নীবরণ।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ নীবরণ পরিহারের জন্য চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চার কি কি?

৪। হে ভিক্ষুগণ! বুদ্ধশাসনে বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষুই জগতে রূপ-উপাদান স্কন্ধকায়ে অভিধ্যা দৌর্মনস্য দমন করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বেদনা উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বিজ্ঞান উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে সংজ্ঞা ও সংস্কার উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে। হে ভিক্ষুগণ! পঞ্চবিধ এই শিক্ষার দুর্বলতা পরিহার করার জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

Visit: http://www.buddhistdownload.com

৩. কামগুণ সুত্তং- কামগুণ সূত্র

৬৫.১। 'হে ভিক্ষুগণ! কামগুণ এই পাঁচ প্রকার। পাঁচ কি কি?

২। চক্ষুবিজ্ঞেয় রূপ আনন্দজনক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা, উদ্দীপক; শ্রোত্রবিজ্ঞেয় শব্দ আনন্দদায়ক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক; ঘ্রাণবিজ্ঞেয় গন্ধ আনন্দজনক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক; জিহ্বাবিজ্ঞেয় রস আনন্দজনক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক; কায়বিজ্ঞেয় স্পর্শ আনন্দজনক, মুগ্ধকর, মনোজ্ঞ, প্রিয়, কামোদ্দীপক, বাসনা উদ্দীপক। ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ কামগুণ।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ কামগুণ পরিহার করার জন্য চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

বুদ্ধশাসনে ভিক্ষু বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান হয়ে রূপস্কন্ধ কায়ে অভিধ্যা দৌর্মনস্য দমন করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বেদনা-উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বিজ্ঞান-উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে সংজ্ঞা ও সংস্কার উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! পঞ্চকামগুণ পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

৪. উপাদানক্খন্ধ সুত্তং- উপাদানস্কন্ধ সূত্র

৬৬.১। 'হে ভিক্ষুগণ! উপাদানস্কন্ধ এই পাঁচ প্রকার। পাঁচ কি কি?

২। রূপোপাদানস্কন্ধ, বেদনোপাদানস্কন্ধ, সংজ্ঞোপাদানস্কন্ধ, সংস্কার উপাদানস্কন্ধ, বিজ্ঞানোপাদানস্কন্ধ। ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ উপাদানস্কন্ধ।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চোপাদানস্কন্ধ পরিহারের জন্য চতুর্বিধ

Visit: http://www.buddhistdownload.com

স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

বুদ্ধশাসনে ভিক্ষু বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান হয়ে রূপস্কন্ধ কায়ে অভিধ্যা দৌর্মনস্য দমন করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বেদনা-উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বিজ্ঞান-উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে। বীর্যবান সম্প্রজ্ঞান স্মৃতিমান ভিক্ষু জগতে সংজ্ঞা ও সংস্কার উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে।

হে ভিক্ষুগণ! পঞ্চোপাদানস্কন্ধ পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

৫. ওরমভাগীয় সংযোজন সুত্তং- অধোভাগীয় সংযোজন সূত্র

৬৭.১। 'হে ভিক্ষুগণ! এই পাঁচ প্রকারই অধোভাগীয় সংযোজন। পাঁচ কি কি?

২। সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রতপরামর্শ, কামচ্ছন্দ, ব্যাপাদ। ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ অধোভাগীয় সংযোজন।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ অধোভাগীয় সংযোজন পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

বুদ্ধশাসনে ভিক্ষু বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান হয়ে রূপস্কন্ধ কায়ে অভিধ্যা দৌর্মনস্য দমন করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বেদনা উপাদানস্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বিজ্ঞান উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে সংজ্ঞা ও সংস্কার উপাদানস্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে। হে ভিক্ষুগণ! পঞ্চ অধোভাগীয় সংযোজন পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

Visit: http://www.buddhistdownload.com

৬. পঞ্চগতি সুত্তং- পঞ্চগতি সূত্র

৬৮.১। 'হে ভিক্ষুগণ! এই পাঁচ প্রকার গতি! পাঁচ কি কি?

২। নিরয়, তির্য্যগযোনি, প্রেতযোনি, মনুষ্য, দেব। হে ভিক্ষুগণ! এই পঞ্চবিধ গতি।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চবিধ গতি পরিহারের জন্য চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবা উচিত। চতুর্বিধ কি কি?

বুদ্ধশাসনে ভিক্ষু বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান হয়ে রূপস্কন্ধ কায়ে অভিধ্যা দৌর্মনস্য দমন করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বিজ্ঞান উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে বেদনা উপাদান স্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু জগতে সংজ্ঞা ও সংস্কার উপাদানস্কন্ধে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করেন। হে ভিক্ষুগণ! পঞ্চবিধ গতি পরিহারের জন্য চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

৭. মচ্ছরিয সুত্তং- মাৎসর্য্য সূত্র

৬৯.১। 'হে ভিক্ষুগণ! এই পঞ্চবিধ মাৎসর্য্য। পাঁচ কি কি?

২। আবাস মাৎসর্য্য, কুলমাৎসর্য্য, লাভমাৎসর্য্য, বর্ণমাৎসর্য্য, ধর্মমাৎসর্য্য।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ মাৎসর্য্য।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ মাৎসর্য্য পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

ভিক্ষুগণ! বুদ্ধশাসনে বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান হয়ে রূপস্কন্ধ কায়ে অভিধ্যা বা লোভ দৌর্মনস্য দমন করে রূপকায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বেদনাস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বিজ্ঞানস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু সংজ্ঞা ও সংস্কার স্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করেন। হে ভিক্ষুগণ! পঞ্চ মাৎসর্য্য পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

৮. উদ্ধম্ভাগীয-সংযোজন সুত্তং- উর্ধভাগীয় সংযোজন সূত্র

৭০.১। 'হে ভিক্ষুগণ! উর্ধভাগীয় সংযোজন এই পাঁচ প্রকার। পাঁচ কি কি?

২। রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা। হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ উর্ধভাগীয় সংযোজন।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ উর্ধভাগীয় সংযোজন পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

হে ভিক্ষুগণ! বুদ্ধশাসনে বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষুই রূপস্কন্ধ জগতে অভিধ্যা বা লোভ দৌর্মনস্য দমন করে রূপকায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বেদনাস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বিজ্ঞানস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বিজ্ঞানস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্য্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু সংজ্ঞা ও সংস্কার স্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করেন। হে ভিক্ষুগণ! পঞ্চ উর্ধভাগীয় সংযোজন পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

৯. চেতোখিল সুত্তং- চেতোখিল সূত্র

৭১.১। 'হে ভিক্ষুগণ! এই পাঁচ প্রকার চেতোখিল (মানসিক বন্ধ্যাত্বতা) পাঁচ কি কি?

২। হে ভিক্ষুগণ! ভিক্ষু শাস্তা সম্পর্কে অনিশ্চিত হয়, সন্দেহ পোষণ করে, শাস্তা সম্পর্কে নিশ্চিত হয় না, আশ্বস্ত হয় না। ভিক্ষুগণ! যে ভিক্ষু শাস্তা সম্পর্কে অনিশ্চিত হয়, সন্দেহ করে, নিশ্চিত হয় না, আশ্বস্ত হয়

Visit: http://www.buddhistdownload.com

না তার চিত্ত উৎসাহ প্রবণ হয় না, ভক্তিপ্রবণ হয় না, অধ্যবসায়ী হয় না, একাগ্রশীল হয় না। যার চিত্ত উৎসাহ প্রবণ হয় না, ভক্তিপ্রবণ হয় না, অধ্যবসায় ও একাগ্রশীল হয় না এটা প্রথম চেতোখিল।

৩। পুনশ্চ, হে ভিক্ষুগণ! ভিক্ষু ধর্মে.....সঙ্ঘে.....শিক্ষা সম্পর্কে অনিশ্চিত হয়, সন্দেহ পোষণ করে, নিশ্চিত হয় না, আশ্বস্ত হয় না, সতীর্থদের প্রতি কোপিত হয়, তাদের সাথে অসন্তুষ্ট হয়, তাদের সম্পর্কে আহত হয়, সে হয় চেতোখিল (বন্ধ্যা) সদৃশ। হে ভিক্ষুগণ! যে ভিক্ষু সতীর্থদের প্রতি কোপিত, অসন্তুষ্ট, তাদের ব্যাপারে আহত হয়, তার চিত্ত উৎসাহ প্রবণ, ভক্তি প্রবণ হয় না, অধ্যবসায়ী হয় না, একাগ্রশীল হয় না, এটা পঞ্চম চেতোখিল।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ চেতোখিল।

৪। হে ভিক্ষুগণ! এই পঞ্চবিধ চেতোখিলের পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

হে ভিক্ষুগণ! বুদ্ধশাসনে বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিশীল ভিক্ষুই রূপস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে রূপকায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বেদনাস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বিজ্ঞানস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু সংজ্ঞা ও সংস্কারস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করেন। হে ভিক্ষুগণ! পঞ্চ চেতোখিল পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবা উচিত।'

১০. চেতসো বিনিবন্ধ সুত্তং- চিত্ত বন্ধন সূত্র

৭২.১। হে ভিক্ষুগণ! এই পাঁচ প্রকার চিত্ত বন্ধন। পাঁচ কি কি?

২। হে ভিক্ষুগণ! এ ক্ষেত্রে, ভিক্ষু কামে অবীতরাগ (অনুরাগযুক্ত), অবীতচ্ছন্দ (আকাঙ্ক্ষাযুক্ত), অবিগত তৃষ্ণার্থ, অবিগত পরিদাহ, অবিগত তৃষ্ণাযুক্ত হয়। হে ভিক্ষুগণ! যে ভিক্ষু কামে অবীতরাগ, অবীতচ্ছন্দ, অবিগত প্রেম, অবিগত তৃষ্ণার্থ, অবিগত পরিদাহ, অবিগত আকাঙ্ক্ষাযুক্ত তার চিত্ত উৎসাহ প্রবণ, ভক্তিযুক্ত, অধ্যবসায়ী একাগ্রতাযুক্ত হয় না। এটা প্রথম চিত্ত বন্ধন।

Visit: http://www.buddhistdownload.com

৩। পুনশ্চ, হে ভিক্ষুগণ! ভিক্ষু কায়ে অবীতরাগ অবিগতচ্ছন্দ অবিগতপ্রেম, অবিগততৃষ্ণ, অবিগত পরিদাহযুক্ত, অবিগত আকাঙ্ক্ষাযুক্ত রূপে অবিগতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগতপ্রেম, অবিগত তৃষ্ণ, অবিগত পরিদাহযুক্ত, অবিগত আকাঙ্ক্ষাযুক্ত, শুধুমাত্র উদরপূর্তি করে ভোজন করে শয্যাসুখ, পার্শ্বসুখ, মিদ্ধসুখ উপভোগে অনুযুক্ত (রত) হয়, যদি সে কোন দেবনিকায় লাভ করে সে এই ভেবে ব্রহ্মচর্য যাপন করে- 'আমি এই শীল, ব্রত, তপ বা ব্রহ্মচর্য দ্বারা দেব হব বা দেবানুসারী হব' তার চিত্ত বীর্য প্রবণ হয় না, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না। যার চিত্ত বীর্যপ্রবণ, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না তা তার পঞ্চম চিত্ত বন্ধন।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ চিত্ত বন্ধন।

৪। হে ভিক্ষুগণ! এই পঞ্চ চিত্ত বন্ধন পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

হে ভিক্ষুগণ! বুদ্ধ শাসনে বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষুই রূপস্কন্ধ জগতে অভিধ্যা বা লোভ দৌর্মনস্য দমন করে রূপকায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষুই বেদনাস্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু বিজ্ঞান স্কন্ধ জগতে অভিধ্যা দৌর্মনস্য দমন করে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করেন; বীর্যবান সম্প্রজ্ঞাত স্মৃতিমান ভিক্ষু সংজ্ঞা ও সংস্কার স্কন্ধ জগতে দৌর্মনস্য দমন করে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করেন। হে ভিক্ষুগণ! পঞ্চ চিত্ত-বন্ধন পরিহারের জন্য এই চতুর্বিধ স্মৃতিপ্রস্থান ভাবনা করা উচিত।'

[স্মৃতিপ্রস্থান-বর্গ সপ্তম সমাপ্ত]

তস্সুদ্দানং- স্মারক গাথা

শিক্ষা নীবরণ কাম ও স্কন্ধ ওরম্ভাগীয়
গতি ও মাৎসর্য্য ঊর্দ্ধভাগীয় চেতোখিল বিনিবদ্ধ।

Visit: http://www.buddhistdownload.com

৮. সম্মপ্পধান-বগ্গো- সম্যক প্রধান বর্গ

৭৩-৮১. চতু সম্মপ্পধান- চারি সম্যক প্রধান

১. সিক্খা সুত্তং- শিক্ষা-সূত্র

৭৩.১। 'হে ভিক্ষুগণ! শিক্ষার দুর্বলতা এই পাঁচ প্রকার। পাঁচ কি কি?

২। প্রাণিহত্যা, অদত্তবস্তু গ্রহণ, মিথ্যা কামাচার, মিথ্যা ভাষণ, সুরা-মদ ইত্যাদি নেশা জাতীয় দ্রব্য সেবন।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ শিক্ষা দৌর্বল্য।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ শিক্ষা দৌর্বল্য পরিত্যাগের জন্য চতুর্বিধ সম্যক প্রধান ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

৪। হে ভিক্ষুগণ! বুদ্ধ শাসনে ভিক্ষু অনুৎপন্ন পাপ বা অকুশল ধর্মের অনুৎপাদনের চেষ্টা, উৎপন্ন পাপ অকুশল ধর্মের ক্ষয়ের চেষ্টা, অনুৎপন্ন পুণ্য (কুশল) ধর্ম উৎপাদনের চেষ্টা এবং উৎপন্ন কুশল (পুণ্য) ধর্মের স্থিতি, সংরক্ষণ, বৃদ্ধি, বৈপুল্য, বর্ধন ও পরিপূর্ণতার জন্য ইচ্ছা, চেষ্টা, উদ্যোগ, ব্যায়াম এবং দৃঢ়চিত্ত গ্রহণ।

হে ভিক্ষুগণ! এই পঞ্চ শিক্ষা দৌর্বল্য পরিহারের জন্য এই চতুর্বিধ সম্যক প্রধান ভাবনা করা উচিত।'

১০. চেতসো বিনিবন্ধ সুত্তং- চিত্ত বন্ধন সূত্র

৮১.১। 'হে ভিক্ষুগণ! এই পঞ্চ চিত্ত-বন্ধন। পঞ্চ কি কি?

২। হে ভিক্ষুগণ! ভিক্ষু কামে অবীতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগতপ্রেম, অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগততৃষ্ণাযুক্ত হয়। হে ভিক্ষুগণ! যে ভিক্ষু কামে অবীতরাগ, অবিগতপ্রেম, অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগততৃষ্ণাযুক্ত হয় তার চিত্ত বীর্যপ্রধান, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না। যার চিত্ত বীর্য প্রধান, ভক্তিমান অধ্যবসায়ী, এতাগ্রতাযুক্ত হয় না এটা প্রথম চিত্ত-বন্ধন।

৩। পুনঃ, হে ভিক্ষুগণ! ভিক্ষু কায়ে অবীতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগতপ্রেম, অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগততৃষ্ণাযুক্ত হয়; রূপে অবীতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগতপ্রেম,

Visit: http://www.buddhistdownload.com

অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগততৃষ্ণাযুক্ত হয়, শুধুমাত্র উদরপূর্তি করে ভোজন করে শর্য্যাসুখ-পার্শ্বসুখ-মিদ্ধসুখ উপভোগে অনুযুক্ত হয়, যদি সে কোন দেবনিকায় লাভ করে সে এই ভেবে ব্রহ্মচর্য্য যাপন করে, 'আমি এই শীল, ব্রত, তপ বা ব্রহ্মচর্য্য দ্বারা দেব হয়ে জন্ম নেব বা দেবানুসারী হব।'

হে ভিক্ষুগণ! যে ভিক্ষু কোন দেবনিকায়ে জন্ম লাভের জন্য এভাবে ব্রহ্মচর্য যাপন করে, 'আমি এই শীল, ব্রত, তপ বা ব্রহ্মচর্য্য দ্বারা দেব হয়ে জন্ম নেব বা দেবানুসারী হব' তার চিত্ত বীর্যপ্রধান, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না। যার চিত্ত বীর্যপ্রধান, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না তা তার পঞ্চম চিত্ত বন্ধন।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ চিত্ত-বন্ধন।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ চিত্ত-বন্ধন পরিহারের জন্য চার সম্যক প্রধান ভাবনা করা উচিত। চার কি কি?

৪। হে ভিক্ষুগণ! বুদ্ধশাসনে ভিক্ষু অনুৎপন্ন পাপ বা অকুশল ধর্মের অনুৎপাদনের জন্য চেষ্টা, উৎপন্ন পাপ (অকুশল) ধর্মের ক্ষয়ের চেষ্টা, অনুৎপন্ন পুণ্য (কুশল) ধর্ম উৎপাদনের চেষ্টা এবং উৎপন্ন কুশল (পুণ্য) ধর্মের স্থিতি, সংরক্ষণ, বৃদ্ধি, বৈপুল্য, বর্ধন ও পরিপূর্ণতার জন্য ইচ্ছা, চেষ্টা, উদ্যোগ, ব্যায়াম এবং দৃঢ়চিত্ত গ্রহণ।

হে ভিক্ষুগণ! পঞ্চ চিত্ত-বন্ধন পরিহারের জন্য এই চতুর্বিধ সম্যক প্রধান ভাবনা করা উচিত।'

[সম্যকপ্রধান-বর্গ অষ্টম সমাপ্ত]

৯. ইদ্ধিপাদ বগ্গো- ঋদ্ধিপাদ বর্গ

৮৩-৯১. সিক্খা সুত্তং- শিক্ষা সূত্র

৮৩.১। 'হে ভিক্ষুগণ! শিক্ষা দৌর্বল্য এই পাঁচ প্রকার। পাঁচ কি কি?

২। প্রাণিহত্যা, অদত্তবস্তু গ্রহণ, মিথ্যা কামাচার, মিথ্যা ভাষণ, সুরা-মদ ইত্যাদি নেশা জাতীয় দ্রব্য সেবন।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ শিক্ষা দৌর্বল্য।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ শিক্ষা দৌর্বল্য পরিহারের জন্য চতুর্বিধ ঋদ্ধিপাদ ভাবনা করা উচিত। চতুর্বিধ কি কি?

Visit: http://www.buddhistdownload.com

৪। হে ভিক্ষুগণ! বুদ্ধ শাসনে ভিক্ষু-ছন্দ সমাধিপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবে, বীর্যসমাধি প্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবে, চিত্ত সমাধি প্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবে, বীমংসা সমাধি প্রধান-সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবে।

হে ভিক্ষুগণ! পঞ্চ শিক্ষা দৌর্বল্য পরিহারের জন্য এই চতুর্বিধ ঋদ্ধিপাদ ভাবা উচিত।'

১০. চেতসো বিনিবন্ধ সুত্তং- চিত্ত বন্ধন সূত্র

৯২.১। 'হে ভিক্ষুগণ! এই পঞ্চ চিত্ত-বন্ধন। পাঁচ কি কি?

২। হে ভিক্ষুগণ! ভিক্ষু কামে অবীতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগত-প্রেম, অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগততৃষ্ণাযুক্ত হয়। হে ভিক্ষুগণ! যে ভিক্ষু কামে অবীতরাগ, অবিগতচ্ছন্দ অবিগতপ্রেম, অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগততৃষ্ণাযুক্ত হয়, তার চিত্ত বীর্য প্রধান, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না, যার চিত্ত বীর্য প্রধান, ভক্তিমান অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না, এটা প্রথম চিত্ত-বন্ধন।

৩। পুনশ্চ হে ভিক্ষুগণ! ভিক্ষু কায়ে অবীতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগতপ্রেম, অবিগত পিপাসার্ত, অবিগত পরিদাহযুক্ত, অবিগত-তৃষ্ণাযুক্ত, রূপে অবীতরাগ, অবিগতচ্ছন্দ, অবিগতপ্রেম, অবিগত-পিপাসার্ত, অবিগত তৃষ্ণাযুক্ত, শুধুমাত্র উদরপূর্তি করে ভোজন করে, শয্যাসুখ, পার্শ্বসুখ, মিদ্ধসুখ উপভোগে রত হয়। যদি সে কোন দেবনিকায় লাভ করে সে এই ভেবে ব্রহ্মচর্য যাপন করে, 'আমি এই শীল, ব্রত, তপ বা ব্রহ্মচর্য দ্বারা দেবজন্ম লাভ করব বা দেবানুসারী হব,' হে ভিক্ষুগণ! তার চিত্ত বীর্য প্রধান, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না। যার চিত্ত বীর্যপ্রধান, ভক্তিমান, অধ্যবসায়ী, একাগ্রতাযুক্ত হয় না তা তার পঞ্চম চিত্ত বন্ধন।

হে ভিক্ষুগণ! এগুলোই পঞ্চ চিত্ত-বন্ধন।

৩। হে ভিক্ষুগণ! এই পঞ্চ চিত্ত-বন্ধন পরিহারের জন্য এই চার ঋদ্ধিপাদ ভাবনা করা উচিত। চার কি কি?

৪। হে ভিক্ষুগণ! বুদ্ধশাসনে ভিক্ষু ছন্দসমাধি প্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, বীর্য সমাধি প্রধান সংস্কার সমন্বিত

Visit: http://www.buddhistdownload.com

ঋদ্ধিপাদ ভাবনা করে, চিত্ত সমাধি প্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, বীমংসা সমাধি প্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে।

হে ভিক্ষুগণ! পঞ্চবিধ চিত্ত-বন্ধন পরিহারের জন্য এই চার ঋদ্ধিপাদ ভাবনা করা উচিত।'

(১০) ৫. রাগ পেয্যালং- রাগ ইত্যাদি

৯৩.১। 'হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য নয়টি বিষয় ভাবনা করা উচিত।

২। অশুভসংজ্ঞা, মরণসংজ্ঞা, আহারে প্রতিকূলসংজ্ঞা, সর্বলোকে অনভিরতিসংজ্ঞা, অনিত্যসংজ্ঞা, অনিত্যে দুঃখসংজ্ঞা, দুঃখে অনাত্মসংজ্ঞা, প্রহানসংজ্ঞা, বিরাগসংজ্ঞা।

হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য এই নয়টি বিষয় ভাবনা করা উচিত।

৯৪.১। 'হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য নয়টি বিষয় ভাবা উচিত।

প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ-অনন্তায়তন, বিজ্ঞান অনন্ত আয়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ।

হে ভিক্ষুগণ! রাগের পরিপূর্ণ উপলব্ধির জন্য এই নয়টি বিষয় ভাবনা করা উচিত।'

৯৫-১১২.১। 'হে ভিক্ষুগণ! রাগের যথার্থ জ্ঞানের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ, রাগের পরিক্ষয়ের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ, রাগের পরিত্যাগের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশআয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ, রাগের ক্ষয়ের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন,

Visit: http://www.buddhistdownload.com

অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ; রাগের হ্রাসের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ; রাগের বিরাগের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ; রাগের নিরোধের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞা বেদয়িত নিরোধ; রাগের ত্যাগের জন্য প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ ও রাগের প্রতিনিসর্গের জন্য এই নবধর্ম ভাবনা করা উচিত।

৪৩২। দোষের.....মোহ ক্রোধ-বিদ্বেষ, ম্রক্ষ্য, হিংসা, ঈর্ষা, মাৎসর্য্য, প্রবঞ্চনা, একগুঁয়েমিতা,.....মান, অতিমান, মদ, প্রমাদের অভিজ্ঞা (উপলব্ধি).....পূর্ণ উপলব্ধি.....পরিহার.....পরিত্যাগ.....ধ্বংস.....হ্রাস..... .....বিরাগ.....নিরোধ.....ত্যাগ.....প্রতিনিসর্গের জন্য এই নয় ধর্ম (প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, আকাশ আয়তন, বিজ্ঞানায়তন, অকিঞ্চনায়তন, নৈবসংজ্ঞানাসংজ্ঞায়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ) ভাবনা করা উচিত।

ভগবান এরূপ বলেন। প্রসন্নমনে সেই ভিক্ষুগণ ভগবানের ভাষণকে অভিনন্দন জানান।

[ঋদ্ধিপাদ-বর্গ নবম সমাপ্ত]

নবম নিপাত সমাপ্ত

নিব্বানস্‌স পচ্চয়ো হোতু

নির্বাণের হেতু হোক।

Visit: http://www.buddhistdownload.com

ব্যাখ্যা ও টীকা

ক- সত্তক-নিপাত- সপ্তম-নিপাত

১। ধনো বগ্গো- ধন বর্গ

১- শ্রাবস্তী কোশলের রাজধানী। সবত্থ নামক ঋষির বাস স্থান বলে বা সমস্ত বস্তু এই নগরে পাওয়া যেত বলে এর পালি নাম সাবত্থী।

মহাস্থবির ধর্মরত্ন অনূদিত মহাপরিনিব্বান সুত্তং, প্রকাশিকা অন্নপূর্ণা বড়ুয়া, চট্টগ্রাম, ১৯৪১ খৃঃ, পৃঃ ২৩৮

২- কোশলের রাজধানী শ্রাবস্তীতে অবস্থিত। জেতবন শ্রেষ্ঠী অনাথপিণ্ডিক (পূর্বে সুদত্ত) কর্তৃক নির্মিত বিহার। তিনি ৫৪ কোটি সুবর্ণ মুদ্রা ব্যয়ে জেত নামক রাজ কুমারের উদ্যান ক্রয় করতঃ তথায় সুরম্য বিহার নির্মাণ করে ভগবান বুদ্ধকে দান করেন। বৌদ্ধধর্মের ইতিহাসে এ বিহারের গুরুত্ব অপরিসীম। ভগবান বুদ্ধ সুদীর্ঘ ঊনবিংশতি বর্ষা এ বিহারে যাপন করেছিলেন। বুদ্ধের ধর্ম প্রচারের অধিকাংশ বাণীর সাথে এব পবিত্র স্থানের নাম বিজড়িত। তৎকালীন সময়ের বুদ্ধের শ্রাবক-শ্রাবিকা, উপাসক-উপাসিকা, রাজা-মহারাজাকে উপলক্ষ করে সর্ব প্রাণীর হিতে প্রবর্তিত বুদ্ধের মৈত্রীময় ধর্মের নীরব সাক্ষী এ জেতবন।

৩- Cf. অষ্টক নিপাতের ১ম বর্গের ৪র্থ সূত্রের ১নং

৪- অহিরি-পাপে লজ্জাহীন। পালিতে হিরি এবং হিরী, বৈদিকে হ্রী। অহিরি বিপরীতার্থে ব্যবহৃত। হিরি অর্থ পাপে লজ্জা বা লজ্জা বোধ। 'কায-দুচ্চরিত' আদীহি হিরিয়তী'তি হিরি; লজ্জায' এতং অধিবচনং; তেহি যেব ওত্তপ্পতী'তি ওত্তপ্পং; পাপতো উব্বেগস্স এতং অধিবচনং"- Pali-English Dictionary, ed. Davids, Rhys, T. W. and Stede, William, Oriental Books Reprint Corporation. 54 Rani Jhansi Road, New Delhi-110055, P. 732.

৫- অনোত্তপ্পী- (অন্+ওত্তপ্পী), ওত্তপ্পী'র বিপরীত, পাপে ভয়হীন। হিরি ও ওত্তপ্প পদদ্বয়ের মধ্যে বৈষম্যভাব এবং প্রায়শঃ এ দুটি পদ যুগপৎ ব্যবহৃত হয়। ওত্তপ্প অর্থ পাপে ভয়। এতদতিরিক্ত প্রাগুক্ত, ৩

৬- সম্যক দৃষ্টির বিপরীত মিথ্যাদৃষ্টি, বিপরীত-দর্শন, মিথ্যা

Visit: http://www.buddhistdownload.com

মতবাদেরই নামান্তর। মিথ্যাদৃষ্টি পরায়ণ ব্যক্তিরা মনে করে তাদের অভিমতই সত্য, অন্য সবই মিথ্যা। মিথ্যাদৃষ্টি পঞ্চস্কন্ধকে আমি-রূপে নিত্য, সুখ, শুভ ও আত্মা বলে গ্রহণ করে এবং এই বৃত্তি নিচয়কে রক্ষা করার জন্য শীলব্রত-পরামর্শ সম্পাদন করে। মিথ্যাদৃষ্টি অবলম্বনে যথার্থ স্বভাব পরিত্যাগ করে অযথার্থ লক্ষণ গ্রহণ করে। মিথ্যাদৃষ্টি কু-সংস্কারের জনক-জননী। তীর্থ দর্শনে পাপ-ধ্বংস, মানত দিয়ে, পূজা দিয়ে দেবতার সন্তোষ বিধানে ধন, বিদ্যা, পুত্র-কন্যা লাভ হয় ইত্যাদি ধারণা মিথ্যাদৃষ্টি থেকে উৎপন্ন হয়ে থাকে। মিথ্যাদৃষ্টিসম্পন্ন ব্যক্তি অনিত্যকে নিত্য, দুঃখকে সুখ, অনাত্মকে আত্ম বলে ধারণা করে।

৭- দীঘ নিকায় ৩য় ভাগ সঙ্গীতি সুত্তন্ত ও দসুত্তর সুত্তন্ত। অঙ্গুত্তর নিঃ ২, ১৪১

৮- সংযুক্ত নিকায় ১ম, পৃঃ ৩৪, যোনিসো বিচিনে ধম্মং।

৯- দীঘ নিকায় ২য়, ১৫৭; অঙ্গুত্তর নিকায়- ১ম, ২৩৬, পজ্জোতস্স নিব্বানং।

১০- দীঘ নিকায় ১ম, ৬২; মধ্যম নিকায়- ১ম (অনু), ৩৮; অঙ্গুত্তর নিকায়- ২য়, ১৬৮।

১১- সমাপত্তি।

১২- সরিতা অনুস্সরিতা।

১৩- মহাস্থবির ধর্মরত্ন, দীর্ঘ নিকায়- ১ম (অনুবাদ), সামঞ্ঞফল সূত্র, ৬১-৬২; নবক নিপাত ৩৩ নং সূত্রের ২-৫ দেখুন।

১৪- ষোল প্রকার বিদর্শন-স্তর পরিক্রমার অন্যতম স্তর। সংস্কার ধর্মকে আদীনব দর্শনের ফলে যোগী ত্রি-লোকের প্রতি উদাসীন ও উৎকণ্ঠিত হন। তাঁর চিত্ত কোথাও রমিত হয় না। যোগী প্রতিক্ষণে নাম-রূপের ভগ্ন-ভাব জানতে পেরে পঞ্চস্কন্ধে বত্রিশ প্রকার অশুচি পদার্থ ছাড়া আর কিছুই পরিজ্ঞাত হন না। বিশুদ্ধজ্ঞানে যোগী দেহের প্রতি আসক্তি উৎপন্ন করেন না বলে যোগীর নিরানন্দ ভাব জাগ্রত হয়। এই নিরানন্দ স্বভাবই নির্বেদ বা উৎকণ্ঠার নামান্তর।

১৫- শীলভদ্র ভিক্ষু, দীর্ঘ নিকায়- ৩য় (অনু), দসুত্তর সূত্রান্ত, ২৫০; অঙ্গুত্তর নিকায় ১ম, ২১০; অট্ঠক বর্গের ২৩ নং সূত্রের ৪নং প্যারা।

১৬- অঙ্গুত্তর নিকায়- ২য়, ৫৭; সংযুক্ত নিকায়- ১, ২৩২।

Visit: http://www.buddhistdownload.com

১৭- শীলভদ্র ভিক্ষু অনূদিত দীর্ঘ নিকায়- ৩য়, দসুত্তর সূত্রান্ত, ২৫৩; অঙ্গুত্তর নিকায় ২য়, ২৩

১৮- কোশলের রাজা প্রসেনজিতের মহামাত্যের নাম।

১৯- Comy. grandson of Rohana Cheṭṭhi. His mother was Visākhā.

২০- বন্ধন, Bond, fetter, especially the fetters that bind man to the wheel of transmigration- Davids, Rhys, T. W. and Stede, William, Ibid, 656.

সংযোজন দশবিধ যথা- (১) সক্কাযদিট্‌ঠি, (২) বিচিকিচ্ছা, (৩) সীলব্বতপরামসো, (৪) কামচ্ছন্দো, (৫) ব্যাপাদো, (৬) রূপরাগো, (৭) অরূপরাগো, (৮) মানো, (৯) উদ্ধচ্চং, (১০) অবিজ্জা- প্রাগুক্ত

এ দশবিধ সংযোজন সত্ত্বগণকে ত্রি-ভবে আবদ্ধ রেখে অনন্তকাল ধরে ভব হতে ভবান্তরে চক্রাকারে ঘুর্ণায়মান অবস্থায় দুঃখ-সাগরে নিমজ্জিত করে। জন্ম-জন্মান্তর, কল্প-কল্পান্তর জন্ম-মৃত্যুর আবর্তে পড়ে মুক্তির সন্ধান খুঁজে পাওয়া যায় না। সৌভাগ্যক্রমে কোন শুভ মুহূর্তে যখন পৃথিবীতে সম্যকসম্বুদ্ধের আবির্ভাব ঘটে তখনিই মুমুক্ষু ব্যক্তিগণ দশ-সংযোজন ছিন্ন করে ভব-দুঃখ হতে পরিত্রাণ লাভ করেন।

২১- অঙ্গুত্তর নিকায়- ১, ১৩৫;

২২- অঙ্গুত্তর নিকায়- ১, ১৩৪; বড়ুয়া, বেণীমাধব অনূদিত মধ্যম নিকায়- ১, ১৪

২. অনুসয-বগ্গো- অনুশয়-বর্গ

১- শীলভদ্র ভিক্ষু অনূদিত দীর্ঘ নিকায়- ৩য়, ২৫০

২- Cf. নবক নিপাতের ১৭ নং সূত্রের ১নং

৩- অঙ্গুত্তর নিকায়- ১, পি, টি, এস, পৃঃ ৭৪; দীর্ঘ নিকায়- ৩য়- পৃঃ ১০৫

৪- পুগ্গলপঞ্ঞত্তি, ৭১

৫- অঙ্গুত্তর নিকায়- ২, পি, টি, এস. পৃঃ ৫

৬- অঙ্গুত্তর নিকায়- ১, পি, টি, এস- ২৩১-২৩২

ত্রি-সংযোজন- সৎকায় দৃষ্টি, বিচিকিৎসা ও শীলব্রত পরামর্শ, এই ত্রি-সংযোজন ছিন্ন করে নির্বাণের প্রথম সোপান স্রোতাপত্তি মার্গে উন্নীত

Visit: http://www.buddhistdownload.com

হওয়া সম্ভব।

৭- অঙ্গুত্তর নিকায়- ১, পি, টি, এস,- ২৩২; অঙ্গুত্তর নিকায়- ২য়, পি, টি, এস- ৮৯; Cf. বড়ুয়া, বেণী মাধব অনূদিত মধ্যম নিকায়- ১ম, পৃঃ ৩৫

৮- অঙ্গুত্তর নিকায়- ১ম, পি, টি, এস,- ২৩২; অঙ্গুত্তর নিকায়- ২য়, পি, টি, এস- ৮৯; Cf. বড়ুয়া, বেণী মাধব অনূদিত মধ্যম নিকায়- ১ম, পৃঃ ৩৫

৯- অঙ্গুত্তর নিকায়- ১ম, পি, টি, এস,- ২৩২; অঙ্গুত্তর নিকায়- ২য়, Cf. বড়ুয়া, বেণী মাধব অনূদিত মধ্যম নিকায়- ১ম, পৃঃ ৩৫

১০- অঙ্গুত্তর নিকায়- ১ম, পি, টি, এস,- ২৩২; অঙ্গুত্তর নিকায়- ২য়, পি, টি, এস- ৮৯; Cf. বড়ুয়া, বেণী মাধব অনূদিত মধ্যম নিকায়- ১ম, পৃঃ ৩৫

১১- অন্তরাপরিনিব্বাযী, উপহচ্চপরিনিব্বাযী, অসঙ্খারপরিনিব্বাযী, সসঙ্খারপরিনিব্বাযী। সপ্তক নিপাতের ৫২নং সূত্রের- ৩- ৭নং দেখুন।

১২- অ-কনিট্ঠ, কনিষ্ঠ নহে।

১৩- দেবতা-বর্গের ৩৯ নং সূত্রের ৪নং শেষে দেখুন।

৩. বজ্জী-বগ্গো- বজ্জী বর্গ

১- প্রাচীনকালে কাশী-রাজার প্রধান রাজ্ঞী একটা মৎস পিণ্ড প্রসব করেছিলেন। মহারাণী অকীর্তি ভয়ে তা পাত্রের মধ্যে রেখে গঙ্গার স্রোতে ভাসিয়ে দেন। এক মুনি সেই পাত্র পেয়ে নিজের আশ্রয়ে নিয়ে যান। সেখানে তা কিছুদিন থাকলে দ্বিধা বিভক্ত হয়ে একটা পরম সুন্দর কুমার ও একটা পরমা সুন্দরী কুমারীতে পরিণত হয়। তারা উভয়ে মাতৃস্তনের পরিবর্তে মুনির অঙ্গুলি চুষেছিল এবং তা হতেই দুগ্ধ পেয়েছিল। কুমার ও কুমারীর আকৃতি অবিকল একরূপ ছিল। তাদের লীন ছবি বলে তারা লিচ্ছবি (লিচ্ছবী) নামে পরিচিত হয়। তারা বড় হলে আশ্রম সংলগ্ন জনপদবাসী ছেলেমেয়েগণ তাদের সঙ্গে ক্রীড়ায় শৌর্যে-বীর্যে পেরে উঠত না। অন্যান্য ছেলেমেয়েদেরকে তারা প্রহার করত; তারা কেঁদে কেঁদে বাড়ী গেলে তাদের মাতাপিতা জিজ্ঞাসা করত কেন তারা কাঁদছে। তারা বলত মাছাড়া ছেলেরা তাদের প্রহার করেছে। মুনির ভয়ে গ্রাম্য ছেলেমেয়েদের মাতাপিতাগণ কুমার ও

Visit: http://www.buddhistdownload.com

কুমারীকে কিছু বলতে অক্ষম হয়ে আপন ছেলেদের বলে দিলেন যেন তারা ওই কুমার কুমারীর সাথে খেলা না করে, তাদের সান্নিধ্য বর্জন করে চলে। এ হেতু তাদের নাম হয় বজ্জী। বৌদ্ধ সাহিত্যে বজ্জিগণ খুবই পরিচিত। বিশেষতঃ তাদের শাসন কার্যে সুশৃঙ্খলার জন্য তারা খ্যাতির অধিকারী।

-মহাস্থবির ধর্মরত্ন- মহাপরিনিব্বান সুত্তং, চট্টগ্রাম, ১৯৪১ খৃঃ, পৃঃ ২৪২

২- বজ্জী নামের উৎপত্তি প্রসঙ্গে এক কুমার ও এক কুমারীর জন্ম প্রসঙ্গ উপরে উক্ত হয়েছে। কুমার ও কুমারী বড় হলে মুনির নির্দেশে জনপদবাসী উভয়কে বিবাহ বন্ধনে আবদ্ধ করিয়ে দেয়। ক্রমে তাদের ১৬টি পুত্র, ১৬টি কন্যা হয়। তারাও পরস্পর বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তাদের বহু সন্তান- সন্ততি হয়। তারা যে নগরে বাস করত তা বিশাল আকার ধারণ করে। এ হেতু তাদের রাজধানীর নাম হয় বৈশালী। তারা পুরুষানুক্রমে সপ্ত পুরুষ পর্যন্ত রাজত্ব করে। বৈশালী লিচ্ছবী রাজাদের অতি সমৃদ্ধিশালী রাজধানী ছিল। এক সময় তথায় মহামারী, অমনুষ্য ও দুর্ভিক্ষ দেখা দিলে বৈশালীবাসীদের একান্ত অনুরোধ তাদের প্রতি অনুকম্পাশীল হয়ে ভগবান বৈশালীতে গমন করেন। বৈশালীর রাজা মহা সমারোহে পূজা সৎকার করতে করতে ভগবানকে আপন রাজ্যে নিয়ে যান। ভগবানের আদেশে আনন্দ স্থবির বৈশালীর চতুর্দিকে 'রত্ন সূত্র' পাঠ করলে সর্ববিধ উপদ্রব ও ভয় তিরোহিত হয়ে যায়। তৎপর উদেন, গৌতমক, সপ্তম্বক, বহুপুত্রক, আনন্দ, চাপাল, মহাবন প্রভৃতি স্থানে চৈত্য নির্মিত হয়। আনন্দ (সারন্দদ) চৈত্যে ভগবান বজ্জিদিগকে সপ্ত অপরিহানিয় শ্রীবৃদ্ধিমূলক ধর্মোপদেশ দান করেছিলেন। সে উপদেশ অক্ষরে অক্ষরে পালন করে এক সময় বজ্জিগণ উন্নতির শিখরে আরোহণ করেছিলেন। বৈশালী নগরের আম্রপালী গণিকা ভগবানের উপদেশে মুক্তির পথাবলম্বিনী হয়েছিলেন এবং স্বীয় বিরাট আম্র বাগান দান দিয়েছিলেন।

৩- এক সময় মহামারী ও দুর্ভিক্ষ-পীড়িত বৈশালীবাসী ও লিচ্ছবী রাজার ঐকান্তিক আগ্রহে বৈশালীতে ভগবান বুদ্ধের আগমন ঘটে। তাঁরই আদেশে আনন্দ স্থবির 'রত্ন সূত্র' পাঠ করলে বুদ্ধের সত্যবাণীর

Visit: http://www.buddhistdownload.com

প্রভাবে দুর্ভিক্ষের অবসান ঘটে ও সর্ববিধ উপদ্রবের উপশম হয়। তখন হতে বৈশালীর আমূল পরিবর্তন ঘটে। বৈশালীর বিভিন্ন স্থানে সাতটি চৈত্য নির্মিত হয়। আনন্দ বা সারন্দদ চৈত্য তন্মধ্যে অন্যতম। এ চৈত্যে অবস্থান কালে ভগবান বজ্জীদিগকে সপ্ত অপরিহানিয় শ্রীবৃদ্ধিমূলক ধর্মের উপদেশ প্রদান করেন। এর ফলে এক সময় বৈশালী সর্ববিষয়ে চরম উন্নতি সাধন করেছিল।

৪- বর্ষকার ব্রাহ্মণ মগধরাজ অজাতশত্রু মহামাত্য বা প্রধানমন্ত্রী ছিলেন। মগধ রাজ্যের রাজধানী ছিল রাজগৃহ (বর্তমান বিহার প্রদেশে অবস্থিত)। দীর্ঘনিকায় (২য় ভাগ) থেকে জানা যায় যে, মগধরাজ বৈদেহিপুত্র অজাতশত্রু মহামাত্য বর্ষকারকে গৃধ্রকূট পর্বতে অবস্থানরত ভগবান বুদ্ধের নিকট প্রেরণ করে তিনি যে বৃজিগণের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে তাদের ধ্বংস সাধনের সংকল্প পোষণ করেছিলেন সে ব্যাপারে ভগবানের অভিমত কি তা জানতে চেয়েছিলেন।

৫- K.S. I ৩২১ পৃঃ

৬- Comy.'র ব্যাখ্যানুসারে লিচ্ছবীদের ন্যায় রাজার দেশ হতে সমান দূরত্বে ব্রকটা বন্দর ছিল। তথায় একটা মহার্ঘ গন্ধ দ্রব্য হস্তান্ত রের জন্য আনীত হয়েছিল। উভয় পক্ষ আক্রমণের জন্য প্রস্তুত। কিন্তু লিচ্ছবীগণ সমস্ত কিছু নিয়ে পলায়ন করে।

৭- D.A. II- পৃঃ ৫২২ বর্ণনা করেছে কিভাবে অজাতশত্রু বজ্জিগণকে পরাস্ত করেন।

৮- দীর্ঘ নিকায় ২য়, ভিক্ষু শীলভদ্র অনূদিত, পৃঃ ৭০; E. Hardy Edited Aṅguttara-Nikāya III, P. 116.

৯- দীর্ঘ নিকায় ২য়, ভিক্ষু শীলভদ্র অনূদিত, পৃঃ ৭১; Aṅguttara Nikāya. II, P.76 Edited

১০- ভিক্ষু শীলভদ্র অনূদিত দীর্ঘ নিকায় ২য়, পৃঃ ৭১ ও দীঘ নিকায় ৩য়, পৃঃ ৯৩; ডঃ বেণীমাধব বড়ুয়া অনূদিত মধ্যম নিকায়- ১ম, পৃঃ ১৪

১১- ভিক্ষু শীলভদ্র অনূদিত দীর্ঘ নিকায়- ২য়, পৃঃ ৭২; E. Hardy ed. Anguttara Nikāya III, P. 334.

১২- P.E.D. শুধুমাত্র উদ্ধৃতি দিয়েছে, Vin. II, indexes এ

Visit: http://www.buddhistdownload.com

ভার-বাহিন দৃষ্ট হয় না; Childers অভিধানপ্পদীপিকা'র উদ্ধৃতি দিয়ে 'মুটে' হিসেবে উল্লেখ করেছেন।

১৩- বোযোগং (সংকল্প প্রণোদিত প্রচেষ্টা) নিঃসন্দেহে পাঠ করা উচিৎ।

১৪- ভাবিতত্তানং- ভাবিতাত্ম, যার অর্থ ভাবিত।

১৫- অধিশীল- Comy. এর মতে পঞ্চসীল-দসসীল-সংখাতে উত্তমসীলে।

(Adhi+sīla) Higher morality, usually in threefold set of adhisīla-sikkhā, adhipaññā-sikkhā, adhisīla sikkhā.

DAVIDS, RHYS, T.W. and STEDE, WILLIAM, Ibid. p. 30

See also- Vin I.70; D I. 174; III, 219; A. III. 133; Dh A I. 334.

৪. দেবতা-বগ্গো- দেবতা বর্গ

১- অ+পমাদ, প্রমাদের বিপরীত; অপ্রমাদ শুভ অর্থে ব্যবহৃত। নানাবিধ গুণের অধিকারী হলে লোক অপ্রমাদ পরায়ণ বা অপ্রমত্ত হয়। বৌদ্ধধর্মে অপ্রমাদের গুরুত্ব অপরিসীম। বলতে গেলে সমগ্র ত্রিপিটক জুড়ে রয়েছে অপ্রমাদের গুণ মহিমা। অপ্রমাদকে বাদ দিয়ে বৃহত্তর লাভের চিন্তন অসম্ভব।

See D I. 13; III. 30; M. I. 477; S. I.25, 86, 158, 214; II-29, 132; IV. 78, 97, 125, 252; V. 30, 41, 91, 135, 240; A. I.16, 50; III. 330, 364, 449; IV. 120; V. 21, 126; Sn 184, 264, 334

২- E, Hardy ed. Anguttara Nikāya III, P, 331; D. III, 244.

৩- (১) মহাপণ্ডিত নাগসেন রাজা মিলিন্দকে নির্বাণধাতু সম্পর্কে বলেছেন- নির্বাণ-ধাতু শান্ত, সুখ, প্রণীত। প্রজ্ঞা দ্বারা সাধক নির্বাণ প্রত্যক্ষ করেন। নিব্বানের কোন নির্দিষ্ট স্থান নেই।

Nibbānaṃ na atītaṃ na anāgataṃ na paccuppnnaṃ, na uppannaṃ na anuppannaṃ na uppādaniyan'ti.

(2) Khanti paramaṃ tapo titikkha.

Visit: http://www.buddhistdownload.com

nibbānaṃ paramaṃ vadanti Buddhā;
na hi pabbajito parūpaghāti,
Samaṇo hoti paraṃ viheṭhayanto.
-DHAMMAPADA- Buddhavagga, V. No. 184.

(3) The meanings of Nibbāna are- (1) The going out of a lamp or fire (popular meaning),- (2) health, the sense of bodily well-being (probably, at first, the passing away of faverishness, restlessness).- (3) The dying out in the heart of the threefold fire of rāga, dosa & moha: lust, ill-will, stupidity (Buddhistic meaning).- (4) the sense of spiritual well-being, of security, emancipation, victory and peace, salvation, bliss.

- DAIVIDS, RHYS. T.W. and STEDE, WILLIAM ed. PāLI- ENGLISH DICTIONARY, Ibid P. 302.

৪- সারি বা শারী নাম্নী ব্রাহ্মণীর পুত্র বলে শারিপুত্র। শারিপুত্র ভগবান বুদ্ধের অগ্রশ্রাবক। ধর্মসেনাপতি নামেও তিনি খ্যাতি লাভ করেন। তাঁর গৃহী নাম উপতিষ্য। নালন্দা ও ইন্দ্রশিলার মধ্যবর্তী উপতিষ্য বা নালক জনপদে তাঁর জন্ম। তাঁর অপর এক অতি প্রিয় বন্ধু ছিল যাঁর নাম কোলিত। তাঁরা উভয়ে বুদ্ধের শাসনে প্রতিষ্ঠা লাভ করেছিলেন। বহু ভিক্ষুর উপস্থিতিতে ভগবান বুদ্ধ শারিপুত্র ও তদীয় বন্ধু মহামোদ্গালায়নকে 'অগ্র শ্রাবক' পদে ভূষিত করেন। এই পদবী তাঁদের একান্তই প্রাপ্য ছিল। অতীত অতীত জন্মের প্রার্থনা ও অগ্র শ্রাবকত্ব লাভের যোগ্যতা ও গুণাবলী অর্জনের মাধ্যমেই উভয়েই এই অনন্য সাধারণ পদ লাভে ধন্য ও সফল হয়েছিলেন। অগ্র শ্রাবক হিসেবে শারিপুত্র বুদ্ধের সংক্ষিপ্ত ভাষিত বিষয় বিষদভাবে ব্যাখ্যা করতে অতীব পারদর্শী ছিলেন। বুদ্ধ শ্রাবকদের মধ্যে তিনি ছিলেন জ্ঞানে শ্রেষ্ঠ আর মোদ্গালায়ন ঋদ্ধি-শ্রেষ্ঠ। বুদ্ধের অবিদ্যমানতা (অভাব) শারিপুত্র পূরণ করতে সক্ষম ছিলেন।

৫- শ্রদ্ধা- বিশ্বাস, শুধু বিশ্বাসই নহে, যুক্তিহীনও নহে, যুক্তিসঙ্গত বিশ্বাসই হচ্ছে শ্রদ্ধা। শ্রদ্ধা কয়েক প্রকার, যেমন, আগম শ্রদ্ধা, অধিগম শ্রদ্ধা, অবকপ্পন শ্রদ্ধা, প্রসাদ শ্রদ্ধা।

৬- (1) A good companion, a virtuous friend, an

Visit: http://www.buddhistdownload.com

honest, pure friend; at Pug 24 he is said to "have faith, be virtuous, learned, liberal and wise"; S I.83; A IV. 357; Pug 37, 41; J III. 197; (2) as t.t. a spiritual guide, spiritual adviser. The Buddha is the spiritual friend par excellence. Kalyāṇamittatā friendship with the good and virtuous, association with the virtuous S 1. 87; such friendship is of immense help for the attainment of the path and Perfection. S V. 3, 32; it is the sign that the bhikkhu will realise the seven bojjhangas; A.I. 16, 83, it is one of the seven things conducive to the welfare of a bhikkhu D III. 212; A IV. 282.- Ibid, P. 199, 200

৭- Cf. A. I, 286; S. I, 19; J II, 45.

৮- ধর্মে

৯- Api panujjamānena, M. I, 108.

১০- নাসিযমানেন, √নাস্= অনিষ্ট করা

১১- পটিসম্ভিদা- Analysis, analytic insight, discriminating Knowledge. Paṭisambhidā is always referred to as "the four branches of logical analysis" (Catasso or catupaṭisambhidā), viz, atthapaṭisambhidā, analysis of meanings "in extension"; dhamma-paṭisambhidā, of reasons, conditions, or causal relations; nirutti paṭisambhidā, of (meanings "in intension" as given in) definitions, paṭibhāna paṭisambhidā or intellect to which things knowable by the foregoing processes are presented.

-Ibid, P. 400.

For detail, see- A II. 160; III. 113; Ps I. 88, 119; DhA IV. 70. Often included in the attainment of Arahantship, viz, Miln 18.

১২- Abhiññā (Abhi+jñā)- Certain conditions are said to conduce to serenity, to special knowledge (abhiññā), to special wisdom and to Nibbāna. These conditions precedent are The

Visit: http://www.buddhistdownload.com

Path (S V. 421= Vin I.10= S IV. 331), the Path+ best Knowledge and full emancipation (A V. 238),the Four applications of Mindfulness (S V. 179) and the Four Steps to Iddhi. It gives us 1, Iddhi; 2, the Heavenly Ear; 3, Knowing others' thoughts; 4, recollecting one's previous briths; 5, Knowing other people's rebirths 6. certainty of emancipation already attained.

Ibid, P. 64.

১৩- চিত্ত- The meaning of citta is best understood when explaining it by expressions familiar to us, as; with all my heart; heart and soul; I have no heart to do it; blessed are the pure in heart; singleness of heart; all of which emphasize the emotional & conative side or "thought" more than its mental & rational side. It needs to be pointed out, as complementary to this view, that citta nearly always occurs in the singular (=heart).

Ibid, P. 266.

১৪- বেদনা- পঞ্চস্কন্ধের একটা স্কন্ধ। Vedanā- feeling, sensation.- Three modes of feeling (usually understood whenever mention is made of "tisso vedanā") sukhā (pleasant), dukkhā (painful) adukkha-m-asukkhā (indifferent) or kusalā, akusalā, avyākata.- Five vedanās: sukhang, dukkhang, somanassang, domanaassang, upekkhā. Vism 461, S IV. 223 sq.

Ibid, P. 648.

১৫- প্রজ্ঞা- 'মিলিন্দ প্রশ্ন' অনুসারে প্রজ্ঞার লক্ষণ ছেদন ও ওভাসন।

শীল, সমাধি ও প্রজ্ঞা সম্পদের অন্যতম সম্পদ হচ্ছে প্রজ্ঞা সম্পদ। এগুলোকে স্কন্ধরূপেও বলা যায়, যেমন শীল-স্কন্ধ, সমাধি-স্কন্ধ ও প্রজ্ঞা-স্কন্ধ। পিটকের বিভিন্ন গ্রন্থে প্রজ্ঞাকে নানাভাবে নানা অর্থে ব্যাখ্যা করা হয়েছে, পঞ্ঞা-পাসাদ (The strong-hold of

Visit: http://www.buddhistdownload.com

supreme knowledge Dh 28); পঞ্ঞা-বল (The power of reason or insight- M III. 72; A IV. 363), পঞ্ঞা-ভূমি (ground or stage of wisdom; Vism-XVII, PP. 517 sq), পঞ্ঞা-রতন (The gem of reason or knowledge Dhs 16, 20), পঞ্ঞা-বিমুত্ত (freed by reason D II. 70; III. 105) ইত্যাদি।

-Ibid, P. 390.

১৬- S. III, 264; A III, 311.

১৭- তিত্থ হতে তিত্থিয়। An Adherent of another sect, an heretic. Vin I. 54, 84, 136, D III. 44, 46

- Ibid, P. 302,

বুদ্ধের সময়ে তাঁর শিষ্যগণ ব্যতীত বিভিন্ন ধর্মের ব্রতধারী ধর্মীয় প্রচারক দল বিদ্যমান ছিল। সাধারণভাবে এঁরাই অন্য তির্থিয় নামে পরিচিত। তির্থিয়দের মধ্যে একটা শ্রেণী ছিল যা পরিব্রাজক নামে পরিচিত। তাঁরা একস্থান হতে অন্য স্থানে পরিভ্রমণ করতেন, ধর্মবাণী প্রচার করে ভগবানকে আকৃষ্ট করতেন। পরিব্বাজকদের জন্য বিভিন্ন স্থানে পরিব্রাজক আরাম ছিল। এখান থেকেই তাঁদের ধর্মাভিযান পরিচালিত হত। তবে পরিব্রাজকদের বৈশিষ্ট্য হচ্ছে তাঁরা কোন স্থানে দীর্ঘ দিন না থেকে অন্যত্র গমন করতেন। পালি সাহিত্যের বহু গ্রন্থে অঞ্ঞ তিত্থিয় পরিব্বাজক (অন্য তির্থিয় পরিব্রাজক) এর উল্লেখ পাওয়া যায়।

১৮। অনুসয বগ্গো'এর ১৮ নং দেখুন।

১৯। কৌশাম্বীর ঘোষিতারাম এমন একটা স্থান যা অতীত স্মৃতি মানসপটে জাগিয়ে তোলে। এর অতীত ইতিহাস আমাদের স্মৃতিকে নাড়া দেয়। বুদ্ধের সময়ে এই আরামে বিনয়ধর ও ধর্মকথিক নামে দু'জন ভিক্ষু অবস্থান করতেন। একদিন উভয়ের মধ্যে ভিক্ষুদের বিনয় সম্পর্কিত বিষয়ে বিবাদের সূত্রপাত হলে তা দু'পক্ষের পঞ্চশত পঞ্চশত ভিক্ষু থেকে আরম্ভ করে দায়ক-দায়িকা ও দেবগণের মধ্যে পর্যন্ত বিস্ত ার লাভ করে। তথাগত সম্যক সম্বুদ্ধও এ বিবাদ নিরসন কল্পে তাদেরকে অতীত কাহিনী থেকে শিক্ষা গ্রহণের জন্য উপদেশ দানে

Visit: http://www.buddhistdownload.com

তাদেরকে স্ব স্ব যুক্তি ত্যাগ করে এক হওয়ার ভাষণ দিয়েও ব্যর্থ হয়ে তিনি পারিলেয়্য বনে চলে যান। যেখানে এমনকি হস্তী ও বনের বানরের সেবা লাভ করেন। বনের পশু বানর মধুচক্র বুদ্ধকে দান করলে বুদ্ধ তা গ্রহণ করেছেন। দেখে উৎফুল্ল চিত্তে লাফাতে লাফাতে প্রাণপাত হয়ে তাবতিংশ স্বর্গে ঊর্ধগতি লাভ করেন, ঘোসিতারাম এসব স্মৃতির ধারক।

৫. মহাযঞ্ঞ বগ্গো- মহাযজ্ঞ বর্গ

১- D. II, 68; III 253, 263

২- এমনকি দুই যমজও কথাবার্তা, চালচলন ইত্যাদি বিষয়ে ভিন্ন হয়।

৩- কামলোকে দেবগণ; কারও দেহ নীল, কারও হল্‌দে এবং এরূপ আরও কত কি; তাদের চিত্তও মনুষ্যদের ন্যায়।

৪- Comy. mentions Uttaramātā, Piyankaramātā, Phussamittā and Dhammagutta. They differ in colour and size; their minds are as men's.

৫- তাদের আকারগত পার্থক্য রয়েছে; তাদের চিত্ত প্রথম ধ্যানের পারদর্শিতার উপর নির্ভর করে।

৬- ā+bha+sar, i,e. from whose bodies are emitted rays like lightning, more probably a combn. of ābhā+svar (to shine, be bright), i,e. shining in splendour, brilliant, radiant, N. of a class of gods in "the Brahma heavens the radiant gods."

-Ibid, P. 103.

৭- The lustrous devas, a class of devas.

M. I, 2,329; III, 102; A. I, 122; J. III, 358

Ibid, P, 719.

৮- Perception of material qualities, notion of form D I, 34; II, 112.

৯- A mental quality as a constituent of individuality, the bearer of life, life-force, principle

Visit: http://www.buddhistdownload.com

of conscious life, general consciousness, regenerative force, animation, mind as transforming one individual life (after death) into the next.

Ibid, P. 618.

১০- পরিষ্কার, ভিক্ষু-শ্রামণদের একান্ত প্রয়োজনীয় সামগ্রী।

(ক) Requisite, accessory, equipment, utensil, apparatas Vin I, 50, 290; D I, 128, 137; M. I, 140. (খ) in a special sense and in very early we it refers to the "set of necessaries" of a Buddhist monk and comprises the 4 indispensable instruments of a mendicant, in stock phrase "Cīvara-piṇḍapāta-senāsana-gilānāpaccaya bhesajja". i, e, robe, almsbowl, seat & bed, medicine as help in illness. Later we find another set of mendicants' requisites designated as "aṭṭha-parikkhāra," the 8 requirements, big ticīvarang, patto, vāsi, suci, (Kāya)- bandhang, parissāvana, ie. The three robes, the bowl, a razor, a needle, the girdle, a water-strainer.

-Ibid, P. 423.

১১- Cf. D III, 217; Iti, 92, Vbh, 368.

-Ibid, P. 5

১২- D. I, 127; S. I, 75; A. II, 297.

১৩- Cf. J. I, 72, 504; Pv III, 10; Sn A 458; Sn 309, 419; D I, 4, 56.

- Ibid, 674.

১৪- Vin I, 227; D I, 82; M I, 73; A III, 2 II; It, 58; Pug-60

১৫- পারমীর অন্তর্গত ষষ্ঠতম পারমী। দশ পারমী- দান পারমী, শীল পারমী, নৈষ্ক্রম্য পারমী, প্রজ্ঞা পারমী, বীর্য পারমী, ক্ষান্তি পারমী, সত্য পারমী, অধিষ্ঠান পারমী, মৈত্রী পারমী, উপেক্ষা পারমী। বুদ্ধ বোধিসত্ত্বাবস্থায় জন্ম জন্মান্তরে এসব পারমী পূর্ণ করেছিলেন।

১৬- Sense, perception, discernment,

Visit: http://www.buddhistdownload.com

recognition, awareness.

-Ibid, P. 670.

১৭- এই সপ্ত সংজ্ঞা ছাড়াও আরও অনেক সংজ্ঞার উল্লেখ আছে, তন্মধ্যে অসুভসঞ্ঞা, মরণ-, আহারে পটিকুল-, সব্বলোকে অনভিরত-, অনিচ্চ-, অনিচ্চে দুক্খ-, দুক্খে অনত্ত-, পহান-, বিরাগ-, নিরোধ- সঞ্ঞা। আরও দেখুন A V. 105

-Ibid, P.do.

১৮- রূপ, রস, শব্দ, গন্ধ ও স্পর্শ ইত্যাদি দ্বারা ইন্দ্রিয় উপভোগ।

১৯- Vin. I, II; S. II, 171; A. I, 259.

২০- চম্পা প্রাচীন অঙ্গ রাজ্যের রাজধানী, মগধের পূর্বদিকে অবস্থিত।

২১- ভিক্ষুদের প্রতিপাল্য উপোসথ দ্বিবিধ- পণ্ণরসী উপোসথ ও চাতুদ্দসী উপোসথ। পনের দিনের মধ্যে যে উপোসথ অনুষ্ঠিত হয় তা পণ্ণরসী উপোসথ ও চৌদ্দ দিনের মধ্যে যে উপোসথ হয় তা চতুর্দশী উপোসথ বলে পরিচিত।

২২- দেখুন A. I, 63; A. II, 154; It. 95.

২৩- অসাধারণ, অলৌকিক শক্তিকে ঋদ্ধি বলা হয়। ঋদ্ধি বিভিন্ন প্রকার, যেমন- দিব্য-শ্রোত্র, পরচিত্ত-জ্ঞান, অতীত জন্ম জন্মান্তরের স্মৃতি, সত্ত্বদের চ্যুতি-উৎপত্তি সম্বন্ধে জ্ঞান (দিব্য-চক্ষু) ও আস্রব-ক্ষয়-জ্ঞান। ঋদ্ধি সাধনা-জাত শক্তি, এটা কারও দান নহে। আত্ম-প্রচেষ্টা অর্থাৎ সাধনা দ্বারা এটা লাভ করতে হয়। তবে বৌদ্ধধর্ম মতে এ অর্জিত শক্তি অপরের মধ্যে শুভ উদ্দীপনা সৃষ্টি ব্যতীত অপরকে নিছক প্রদর্শনের খাতিরে এর ব্যবহার যুক্তিযুক্ত নয়। যাঁরা এ শক্তির অধিকারী তাঁরা যা ইচ্ছা করেন তা করতে পারেন। অর্হত্ব বা নির্বাণ- এর মত মহৎ লাভের তুলনায় ঋদ্ধি অর্জন খুব সামান্য ব্যাপার।

২৪- নন্দ ছিলেন গৌতম বুদ্ধের বৈমাত্রেয় ভ্রাতা। নন্দের মাতার নাম Brethr. 41 উত্তরা বলে উল্লেখ করা হয়েছে। তিনি ধ্যানশীলী উপাসিকাদের মধ্যে অন্যতমা ছিলেন। দেখুন, বড়ুয়া, সুমঙ্গল অনূদিত অঙ্গুত্তর নিকায় ১ম খণ্ড, ধর্মাধার বৌদ্ধ গ্রন্থ প্রকাশনী, কলিকাতা, ১৯৯৪ ইং, পৃঃ ২১

২৫- বৈশ্রবণ চার লোকপাল দেবগণের একজন। তাঁর অন্য নাম

Visit: http://www.buddhistdownload.com

হল কুবের। তুলনীয় Dial. III, 143, সিংহলী ঐতিহ্য অনুসারে তদস্থলে সিংহ প্রতীকরূপে ব্যবহৃত হয়েছে।

২৬- পঞ্চ অধোভাগীয় সংযোজন- (ক) সক্কাযদিট্‌ঠি, (খ) বিচিকিচ্ছা, (গ) সীলব্বতপরামসো, (ঘ) কামচ্ছন্দো, (ঙ) ব্যাপাদো।

৬. অব্যাকত বগ্গো- অব্যাকৃত বর্গ

১- অব্যাকত (অ-বি-আ-কর) অব্যাখ্যাত, অবিশ্লেষিত

D. I, 188; M. I, 426; S. IV, 375

২- যাঁর ধর্মীয় জ্ঞান আছে তিনি শ্রুতবান।

৩- সম্পূর্ণরূপে বিমুক্ত, পরিনির্বাপিত। Comy. এর মতে apaccaya- nibbāna 'not taking up (fuel); According to Mrs. Rhys Davids the more usual term is sitibhūta, tranqui-lized.

৪- সংযোজন মানে বন্ধন যা পার্থিব জগতের প্রতি আবদ্ধ করে রাখে। পঞ্চ অধোভাগীয় সংযোজন হল- (১) সক্কাযদিট্‌ঠি, (২) বিচিকিচ্ছা, (৩) সীলব্বতপরামাসো, (৪) কামচ্ছন্দ, (৫) ব্যাপাদো।

৫- Comy. এর মতে এসব ভিক্ষুণী হলেন মহাপ্রজাপতি এবং অন্যান্য পঞ্চশত জন

৬- এ জাতীয় উপমা সাধারণ। দেখুন- D. I, 222; M. I, 326; S. I, 137.

৭- লিচ্ছবীর অধীন সিংহ সেনাপতি নির্গ্রন্থ নাথপুত্রের অনুসারী ছিলেন।

৮- এ ধরণের উক্তি অন্যত্রও দেখা যায়। See D. III, 217; Dial. III 210; Vin. II, 248; A. III, 124.

৯- ভগ্গেরা বজ্জী মিত্রসঙ্ঘের সদস্য এবং তাদের রাজধানী ছিল সুংসুমার।

১০- তুলনীয়- Vin. III, 139; M. I, 286; A. V, 264.

১১- এ উদ্ধৃতি অন্যত্র উল্লেখিত, যেমন D. I. 7; D. II, 187; Vin. I, 192; Vin, II 103; A, I, 137.

Visit: http://www.buddhistdownload.com

৭. মহা বগ্গো- মহা বর্গ

১- অম্বপালী ছিলেন বৈশালীর একজন বিখ্যাত গণিকা। গণিকাবৃত্তি তাঁর পেশা ছিল। জন্মজন্মান্তরে বহুপুণ্য সঞ্চয় করে শিখি বুদ্ধের সময় সঙ্ঘে প্রবেশ করেন। প্রাথমিক শিক্ষা গ্রহণে ব্রতী থাকাকালে একদিন অন্যান্য ভিক্ষুণীদিগের সাথে চৈত্যপূজা করে চৈত্য প্রদক্ষিণ করার সময় একজন অর্হত্ব প্রাপ্ত ভিক্ষুণী তাঁর অগ্রে গমন করতেছিলেন। ঐ ভিক্ষুণী নিষ্ঠীবন ত্যাগ করলে তা চৈত্যাঙ্গনে পতিত হয়। ঐ অনাসবা ভিক্ষুণীকে না দেখে তিনি বলে উঠেন, 'কোন্ গণিকা এস্থানে নিষ্ঠীবন ত্যাগ করেছে?' ভিক্ষুণী-ব্রত অবলম্বন করে শীল পালনে নিরত থাকাকালে তিনি গর্ভাবাস জনিত জন্মে বীতরাগ হয়ে স্বয়ংসম্ভবা হতে মনস্থ করেছিলেন। তজ্জন্য তাঁর সর্বশেষ জন্মে তিনি বৈশালীস্থ রাজোদ্যানে আম্র বৃক্ষতলে স্বয়ংসম্ভবা রূপে পুনর্জন্ম প্রাপ্ত হন। উদ্যানরক্ষক তাঁকে দেখে নগরে আনয়ন করে। এভাবে তিনি আম্বপালী নামে পরিচিতা হন। তাঁর সৌন্দর্য ও গুণে মুগ্ধ হয়ে বহু রাজপুত্র তাঁকে অধিকার করার জন্য পরস্পর কলহে প্রবৃত্ত হল। পরিশেষে কলহের অবসানের জন্য এবং কর্মের প্রভাব দ্বারা প্রণোদিত হয়ে রাজপুত্রগণ অম্বপালীকে গণিকারূপে স্থাপিত করল। পরে বুদ্ধের প্রতি শ্রদ্ধা পরবশ হয়ে অম্বপালী স্বীয় উদ্যানে বিহার নির্মাণ করে তা বুদ্ধ এবং ভিক্ষুসংঘকে উৎসর্গ করেন। তাঁর পুত্র সংঘভুক্ত হয়ে স্থবির বিমল কোণ্ডঞ্ঞ নামে খ্যাত হয়েছিলেন।

২- সিনেরু- অন্যভাবে মেরু পর্বত হিসাবে পরিচিত। পৃথিবীর কেন্দ্র স্থলে একটা প্রসিদ্ধ পর্বত।

৩- কুশাবতী নগরের অনুরূপ একটা স্তম্ভ ছিল। এটা স্থায়িত্বের একটা প্রতীক। See D. I, 14, 56; S. III, 200

৪- এক ধার বিশিষ্ট এবং দ্বি-ধার বিশিষ্ট অস্ত্র।

৫- নাগ শব্দ দ্বারা সর্প, দৈত্য বা হস্তীকে বুঝায়

৬- এ তালিকা D. I, 51; Mil. 331 বারবার দৃষ্ট হয়। Rhys Davids Dialo, I, 68 পদগুলোকে ভিন্নভাবে অনুবাদ করেছেন।

৭- Cf. the lists at D. I, 141; j. I. 227; Mil. 106

৮- অনুরূপ

Visit: http://www.buddhistdownload.com

৯- লজ্জাবোধ

১০- ওক্কামনায নিব্বানস্‌স; আক্ষরিক অর্থে নির্বাণে প্রবেশ।

১১- এ তালিকা নিম্নবর্ণিত স্থানে দৃষ্ট- M. I, 133; A. II, 7, 103, 178; III, 86, 177, 361; Vin. III, 8. বুদ্ধঘোষ D. A. I, 23 f. তে পদগুলো ব্যাখ্যা করেছেন এবং উদাহরণ দিয়েছেন।

১২- যোগস্‌স। Comy. yoge Kammang pakkhipanassa.

১৩- অন্য চারটি A. II, 140 দ্রষ্টব্য।

১৪- এ তালিকা D. III, 236; A. II, 133 দেব পর্যন্ত বিস্তৃত দ্রষ্টব্য।

১৫- পুগ্গলপরোপরঞ্ঞূ, পরোপর বা পরোবর বলতে উচ্চ এবং নীচকে বুঝায়। অনুরূপ, হীনপ্পণীতং, নীচ এবং উচ্চ।

১৬- এ বৃক্ষই বুদ্ধের অন্তিম শয্যায় তার পুষ্পরাশি বর্ষণ করেছিল, D. II, 137. এটা কখনও কখনও ছত্র বৃক্ষ হিসাবে অভিহিত। D. A. II, 649 দেখুন।

১৭- Comy. লক্ষ্য করে যে, পত্র এবং পুষ্প একই সময়ে গজায়।

১৮- Cf. K.S, I, 9. Comy. আরও বলে যে, এ সময়টা মনুষ্য হিসাবে বার হাজার বৎসরের সমতুল্য।

১৯- Cf. It. 75.

২০- এটা প্রচলিত একটা উদ্ধৃতি, D. I, 60; M. II, 67; A. I, 107; II, 208.

২১- Cf. Vin. I, 12; III, 18.

২২- এ গ্রন্থের প্রথম দিকে এ ধরণের উদ্ধৃতি বিদ্যমান।

২৩- অনুভাব।

২৪- পাঠটি এরূপ- পরিসুদ্ধা চে'ব ভবিস্‌সন্তি পরিসুদ্ধসঙ্খাততরা চ, Comy. লক্ষ্য করে তাঁরা অধিকতর পরিশুদ্ধ হবেন।

২৫- ভাবনা; দেখুন DhS. transl. 261. এ সূত্রটি S. III, 152 উল্লেখিত।

২৬- বিস্তৃত বিবরণের জন্য Dial. II, 128f. দেখুন।

২৭- এটা Sn. A. 415 উল্লেখিত।

Visit: http://www.buddhistdownload.com

২৮- Comy. লক্ষ্য করে যে, চুল-চ্ছরা-সংঘাত-সুত্ত- এর মন্তব্যে এ সূত্রের অর্থ বর্ধিত করা হয়েছে। A. I, 10; A. A. I, 63 দেখুন।

২৯- তলুনঃ তরুণ।

৩০- এ উদ্ধৃতি A. I, 108, 208, 126; Vin. II, 236 উল্লেখিত।

৩১- সঙ্কস্সর- সন্দিগ্ধ।

৩২- অপ্পমাদেন সম্পাদেতুং, বুদ্ধের সর্বশেষ উচ্চারিত বাক্য ছিল অপ্পমাদেন সম্পাদেথ; D. II, 156 দেখুন।

৩৩- এভাবে জৈন নেতা নাতপুত্ত মৃত্যুবরণ করেছিলেন বলে কথিত; M. I, 347; Mil. 164. দেখুন যেখানে এ সূত্র উল্লেখিত।

৩৪- Comy. লক্ষ্য করে যে, শাস্তা এসময় অচ্ছরা-সংঘাত-সুত্ত A. I, 10. দেশনা করেছিলেন।

৩৫- দিট্ঠিসম্পন্নং

৩৬- Gradual Saying III, 264 দেখুন। এখানেও খন্তিং দৃষ্ট হয়।

৩৭- মন্তায বোধব্বং। Comy. এর মতে পঞ্ঞায জানিতব্বং। অমরণং পর্যন্ত উদ্ধৃতিটা D. II, 246f.; Dial, II, 277 দৃষ্ট হয়। Rhys Davids অনুবাদ করেছেন- আমাদের অবশ্যই প্রজ্ঞা দ্বারা শিক্ষা করতে হবে।

৩৮- অমরণং; মরণ (মৃত্যু) হতে রেহাই নেই।

৩৯- Cf. J. IV, 122; Vism. 231, 633.

৪০- Cf. S. III, 141 (K. S. III, 119)

৪১- Cf. A. III, 64, J. V, 445

৪২- হারহারিনী

৪৩- খণো বা লযো বা মুহুত্তো বা

৪৪- Cf. Vism. 468; M. I, 453, III, 300; IV, 190

৪৫- যঞ্ঞদ এব : যং যং এব।

৪৬- বেস্সভু বুদ্ধের সময়ে জীবনের দীর্ঘতম মেয়াদ ছিল ষাট হাজার বৎসর। D. II, 3 দেখুন। কিন্তু D. III, 75 বলা হয়েছে যে, ৫০০ বৎসর বয়সকালে মেয়েরা বিবাহযোগ্যা হত এবং মানুষের আয়ুষ্কাল ছিল ৮০,০০০ বৎসর।

Visit: http://www.buddhistdownload.com

৪৭- নভেম্বর হতে মার্চ শীতকাল; মার্চ হতে জুন গ্রীষ্মকাল; জুলাই হতে অক্টোবর বর্ষাকাল। উপনিষদ অনুসারে পঞ্চ ঋতুঃ এখানে উক্ত তিনটি এবং বসন্তকাল ও শরৎকাল।

৪৮- রত্তি, রাত্রি।

৪৯- ভত্তন্তরায়, আহার-বারণ

৫০- বস্‌স

৫১- এ দুটো অনুচ্ছেদ M. I, 46; A. IV, 87; S. V 157; M. II, 266. দৃষ্ট হয়।

সর্বশেষ অনুচ্ছেদ এর জন্য D. II, 155 (বুদ্ধের শেষ উক্তি); A. II. 79 দেখুন।

৮- বিনয় বগ্গো- বিনয় বর্গ

১- মূলে আছে বিনয়-বগ্গো। Comy.-এর মতে 'বিনয়ধর-বগ্গো'

২- আপত্তি বৌদ্ধসংঘের এক ধরণের দোষ আপত্তি বলে অভিহিত।

৩- এ ধরণের উক্তি গ্রন্থে প্রথম অংশেও দৃষ্ট হয়।

৪- Comy., এর মতে ভিক্ষু ও ভিক্ষুণী; এ ধরণের বিষয় এ গ্রন্থের অন্যত্রও পরিলক্ষিত হয়।

৫- বিনয়ে ঠিতো হোতি অসংহীরো (মূল পাঠে-হিরো); Vin. II, 96: বিনয়ে ছেকো হোতি অসংহীরো।

৬- এ উদ্ধৃতি D, I, 13; S. II, 121; M. I, 22; A. I, 164 এ দৃষ্ট হয়।

৭- সোভতি।

৮- মূল পাঠে সম্পূর্ণ রয়েছে।

৯- উপালি বিনয়ধরদের মধ্যে অন্যতম। তিনি বুদ্ধের মহাপরিনির্বাণের পর অনুষ্ঠিত প্রথম সঙ্গীতিতে বুদ্ধ-দেশিত বিনয় আবৃত্তি করেন। এ বিনয় বিধানই শাস্তার পরিবর্তে শাস্তা হিসাবে পরিগণিত।

১০- নিব্বিদায স্থলে নিব্বিধাম।

১১- এটা প্রচলিত একটা বাগ্‌ধারা। D. I, 189; II, 251; A. I, 30; III, 83; V, 216

১২- সতি

Visit: http://www.buddhistdownload.com

১৩- সংঘের বিবাদ নিরসনের জন্য 'ভিক্খু পাতিমোক্খ' গ্রন্থের শেষভাগে (ভিক্ষু প্রজ্ঞালোক অনূদিত) এ ধরণের ব্যবস্থার উল্লেখ দৃষ্ট হয়।

৯- বগ্গো সঙ্গহিত বগ্গো- বর্গ সংগৃহীত বর্গ

১- সক্কাযদিট্ঠি-আত্মা সম্পর্কে ধারণা

Theory of soul, heresy of individuality, speculation as to the eternity or otherwise of one's own individuality M. I. 300, III, 17; S. III, 16 sq. In these passages this is explained as the belief that in one or other of the khandhas there is a permanent entity, an attā. The same explanation, at greater length, in the Diṭṭhigata Sutta (Ps I. 143- 151).

T. W. Rhys Davids and W. Stede. Pali-English Dictionary, Ibid P. 661.

২- Samaṇa- a wanderer, recluse, religieux. "Samita-pāpatta samaṇa" cp. Dh 265 "Samitatta pāpang 'samaṇo'ti pavuccati". Samaṇas often are opposed to Brāhmaṇas. Samaṇabrahmaṇā, Samaṇas and Brahmaṇas quite generally "leaders of religious life."

-Ibid, P. 682

Brāhmaṇa- "Sattannanṃ dhammānanṃ bāhitattā brāhmaṇa (like def- of bhikkhu)

৩- বিদিতত্তা বেদগূ।

"Vidanti etanā ti Vedo". Thus at Sn 529 and 792 (=Veda vuccanti catūsū maggesu ñāṇanṃ paññā Nd 93). "Tiṇṇaṃ vedānaṃ pāragū," This formula is frequent in stock phrase describing the accomplishments of a Brahmiṇ. In the older texts only the 3 Vedas (irubbeda=Rg; yaju and sama) are referred to, whereas later (in the commentasries) we find the 4 mentioned (athabbabna added).

- Ibid, P. 647.

Visit: http://www.buddhistdownload.com

৪- অরীহতত্তা অরিযো

At M. I, 280 the definition of both ariya and arahā is the same, viz ārakā.ssa honti pāpaka. Trenckner gives no other reading at 553. At D. A. I, 140 on arahang we read: ārakatta arīṇang arānañca hatattā paccayādinang arahattā pāpakaraṇe rahabhavā.

৫- Arahatta-the state or condition of an Arahant. i, e, Perfection in the Buddhist sense= Nibbāna S. (IV. 151) final and absolute emancipation, Arahantship, the attainment of last and highest stage of the Path. This is not restricted by age or sex or calling. There is one instance in the canon of child having attained Arahantship at the age of 7. Many women Arahants are mentioned by name in the oldest Texts. About 400 men Arahants are known. Most of them were bhikkhus, but A III. 451 gives the names of more than a score lay Arahants. Arahattang is definend at S IV. 252 as rāgakkhaya, dosakkhaya and mohakkhaya. Descriptions of this state are to be found in the formulae expressing the feelings of an Arahant (see Arahant II.).

-Pali-English Dictionary, p. 76.

৬- Cf. M. III, 21

৭- এ গ্রন্থে এর আগে অনুরূপ উদ্ধৃতি পূর্ণ দেয়া হয়েছে।

৮- রাগ

Philosophical and ethical meaning-excitement, passion seldom by itself, mostly combined with dosa and moha, as the fundamental blemishes of character : passion or lust (uncontrolled excitement), ill-will (anger) and infatuation (bewilderment). These three again appear in manifold combined with similar terms, all giving various shades of the "craving for

Visit: http://www.buddhistdownload.com

existence" or "lust of life" (taṇhā etc), or all that which is an obstacle of nibbāna. Therefore the giving up of rāga is one of the steps towards attaining the desired goal of emancipation (Vimutti). Some of the combined together are e. g. the 3 (rāga, dosa, moha)+ kilesa; + kodha; very often fourfold rāga, dosa, moha with māna, these again with diṭṭhi.

৯- K.S. V, 51 ff দেখুন। মূল পাঠে সাতটি পুরোপুরি দেয়া হয়নি।

খ- অট্‌ঠক-নিপাত- অষ্টক-নিপাত

১০. মেত্তা বগ্গো- মৈত্রী বর্গ

১- অমনুস্‌সানং

২- A, V, 342 এগারটি সুবিধা দেখানো হয়েছে। Cf. also J. II, 61; Mil. 198.

৩- গাথাগুলো It. 21 ব্যক্ত হয়েছে। ত্যাগের বিষয় Mrs. Rhys Davids এর K. S I, 102 দেখুন।

৪- It. 1. V. I দেখুন।

৫- উপমার জন্য দেখুন A. III, 34, 365; V, 22; J. V, 63

৬- Cf. Proverbs IV, 7

৭- ভিয়্যোভাবায ..... ভাবনায ..... Cf. D. III, 284; Dial III, 259.

৮- Cf. A.V, 16.

৯- পাতিমোক্‌খ। বিনয়ের সংক্ষিপ্ত সার এ গ্রন্থে বিধৃত হয়েছে। ক্ষুদ্র-বৃহৎ মিলে সর্বমোট ২২৭টি ভিক্ষুদের প্রতিপাল্য বিধি-বিধান এগ্রন্থে-সন্নিবেশিত হয়েছে।

১০- এ গ্রন্থের প্রথম ভাগেও দৃষ্ট হয়।

১১- সংঘগতো, Vin. V, 183 অনুরূপ উদ্ধৃতি রয়েছে।

১২- Comy. চতুর্ধ্যান; Cf. K. S. II. 184; M. I, 161.

১৩- এ উদ্ধৃতি A. II, 45, 90; D. III, 223 ব্যক্ত হয়েছে।

১৪- জানং জানতি, পস্‌সং পস্‌সতি; Comy. এর মতে জানিতব্বং

Visit: http://www.buddhistdownload.com

জানাতি, পস্সিতব্বং পস্সতি

১৫- একীভাবায।

১৬- গ্রন্থের প্রথমভাগে দৃষ্ট হয়।

১৭- অনুপরিবত্ততি।

১৮- অনুরোধ ও নিরোধ। Sn. A. 363 : anurodhavirodhavippahīno'ti sabbavattūsu pahīnarāgadoso.

১৯- পদং। Comy., Nibbānapadang.

২০- অধিপ্পাযোসো। গ্রন্থের P. 467 দেখুন। উক্তিটা A. and S. III, 66 ব্যক্ত হয়েছে।

২১- এ উদ্ধৃতি M. I, 310; A. I, 199; V. 355; S. V. 218 উক্ত হয়েছে। এছাড়াও এ গ্রন্থেও উক্ত হয়েছে।

২২- দেবদত্ত বুদ্ধের মামতো ভাই। তাঁর জীবন ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় তিনি বুদ্ধের সাথে শত্রুতা পোষণ করে এসেছেন, সবসময় বুদ্ধের ক্ষতি সাধনের চেষ্টায় লিপ্ত ছিলেন। অবশ্য এ কর্মের ফলে তিনি অবীচি নরকে পতিত হয়েছেন এবং নরক যন্ত্রণা ভোগ করতেছেন। Comy. এর মতে সংঘের মধ্যে ভেদ সৃষ্টি করে প্রস্থানের বেশী বিলম্বে নহে।

২৩- অসদ্ধম্মেহি; অনুরূপ উক্তি Vin. II. 202 দৃষ্ট হয়।

২৪- Cf. G. S. III, 212, 286.

২৫- এই ভিক্ষু থের বলে মনে হয় যাঁর রচিত গাথা Th. I, 121 দৃষ্ট হয়। যুবক ব্রাহ্মণ নামটি D. II, 354; M, II, 133, III, 298, দৃষ্ট হয়। এ নামের ভিক্ষুটি Vin. II, 302 অবশ্য ১০০ বৎসর (এক শতাব্দী) বেঁচেছিলেন।

২৬- মারিস

২৭- এ উদ্ধৃতি S. II, 114; M. I, 148; D. II, 324 ব্যক্ত হয়েছে।

২৮- পিটকেহি

২৯- অঞ্জলিহি; G. S. III, 138 n.

৩০- Cf. The Bhabra Edict, Smith's Asoka 142 : 'Reverend Sirs, all that has been said by the Venerable Buddha has been well-said'. The original is quoted by Trenckner in his P. M. 75.

Visit http://www.buddhistdownload.com

৩১- মূল পাঠে পতিট্‌ঠিতো স্থলে উপট্‌ঠিতো লক্ষণীয়।

৩২- তথাগত বুদ্ধের বৈমাত্রেয় ভ্রাতা এবং মহাপ্রজাপতী-পুত্র। তিনি দেখতে খুবই লাবণ্যময় ছিলেন। তাঁকে ঘিরে একটা কাব্যও রচিত হয়েছে। এর নাম সৌন্দরনন্দ। বিস্তৃত দেখুন A. A. I 315; Th. I, 157; S. II, 281; Ud, 21. শেষটি অমরাবতীতে চিত্রিত হয়েছে।

৩৩- এটা নন্দের সতর্কতা, আত্মসংযম, জাগ্রতশীলতা।

৩৪- Cf. M. I, 355.

৩৫- এ প্রথাগত উদ্ধৃতি M. I, 273; II, 138; III, 2; A. I, 114; II, 145; III, 388 ব্যক্ত হয়েছে।

৩৬- অনুরূপ দেখুন G. S. I, 9.

৩৭- বিদিতা।

৩৮- অত্র গ্রন্থের XLIX অংশেও এটি উল্লেখিত।

৩৯- Cf. Dial. I, 116n. 2; M. I, 96; A. I, 187; D. I, 94; M. II, 31

৪০- দমেথ- দমন কর, সংযত কর

৪১- পরপুত্তা- পুত্ত এখানে দেবদত্ত, কুলপুত্ত, অয্যপুত্ত, সক্যপুত্তা যেভাবে কোথাও কোথাও ব্যবহৃত হতে দেখা যায়, তদ্রূপভাবে ব্যবহৃত হয়েছে।

৪২- Cf. D. I, 70.

৪৩- সমণদূষী, Comy. সমণদূসকো।

৪৪- যবকরণে, শস্য প্রস্তুত; কিন্তু Comy. যবক্‌খেত্তে।

৪৫- সারবন্ত- মজ্জা, সারাংশ।

৪৬- Cf. Psalms I, 4, 'বাতাস তুঁষকে যেভাবে তাড়িয়ে নেয়'

৪৭- কুঠারিপাসেন; পাস-কুঠার নিক্ষেপণ।

৪৮- কক্‌খলং

৪৯- দদ্দরং

Cf. J. II, 8; III, 461.

১১.মহা বগ্গো- মহাবর্গ

১- এ সূত্রটি অত্র গ্রন্থের অট্‌ঠক নিপাতের ১৯ নং সূত্রেও দৃষ্ট হয়। M. I, 290; G.S 11, 66 আমরা জানতে পারি যে, মধুরা (অথবা

Visit: http://www.buddhistdownload.com

মথুরা পরবর্তীতে ভাস্কর্যের জন্য প্রসিদ্ধ) ও এর মধ্যে একটা রাজপথ ছিল। Buddhist India 36 দেখুন।

২- Vin- গ্রন্থের আলোকে Comy. বলে যে, নলেরু হচ্ছে যক্ষের নাম।

৩- এ প্রথাগত উদ্ধৃতি নিম্নবর্ণিত গ্রন্থেও উল্লেখিত হয়েছে- D.I,114; II, 100; M. II, 66; A. I, 155; Vin II, 188.

৪- D. I, 143; III, 19; Dhp. 72 দেখুন। অত্র মূল পালি (রোমান অক্ষরে) গ্রন্থের নবক নিপাতের XI, 378 ও এ ঘটনার বিষয় উক্ত হয়েছে।

৫- পরিযাযো; কারণং; অত্র অট্‌ঠক বর্গের XII নং সূত্রেও অনুরূপ উক্ত হয়েছে।

৬- অরসরূপ।

৭- Cf. M.I, 488; S II, 62; অত্র মূল গ্রন্থের ধন-বগ্গ এর IX সূত্রেও দৃষ্ট হয়।

৮- নিব্‌ভোগ- সামাজিক প্রতিপত্তি। Comy. এর মতে রয়স্কদের সম্ভাষণ একটা সামাজিক মনোরমতা।

৯- See Dial. 1, 70.

১০- জেগুচ্ছা, যে ঘৃণা করে। See Dial. I,237; F. Dial I, 53.

১১- বেনযিকো

১২- তপস্‌সী

১৩- অপগব্‌ভ। Comy. গব্‌ভতো অপগতো, আরও বলেন ব্রাহ্মণ পোষণ করতেন যে, ভদ্রতা দেবলোকে পুনর্জন্ম দেয়।

১৪- অত্র গ্রন্থের (পালি রোমান অক্ষরে) LXVII, 125 এর সাথে সামঞ্জস্য রয়েছে।

১৫- Cf. Buddha carita XIV, 07

১৬- অণ্ডভূত, জাত, ডিম হতে উৎপন্ন। সেসব প্রাণী অণ্ডে জাত বলে অণ্ডজাত অভিহিত হয়। তদ্রূপ সব মানুষ অবিদ্যার অণ্ড খোলকে জাত।

১৭- Cf. D, II, 15; J. I, 43

Visit: http://www.buddhistdownload.com

১৮- অনুরূপ দৃষ্ট হয়- It. 119; A.1, 148; M. 1, 21

১৯- অত্র মূল গ্রন্থের (পালি রোমান অক্ষরে) নবক নিপাতের XXX- 11, 410 সদৃশ।

২০- প্রথাগত উদ্ধৃতির সাথে নিম্নরূপ মিল রয়েছে- D.1, 42; M.1, 22; S.II. 122; A, I, 255; It. 99; Vin III, 4.

২১- প্রথম যামে বৃদ্ধ প্রতীত্যসমুৎপাদ তত্ত্বের মাধ্যমে এ বিদ্যা অর্জন করেন।

২২- অভিনিব্বিদা।

২৩- বিমুত্তস্মিং বিমুত্তং ইতি ঞাণং অহোসি, V.1. বিমুত্তম্হি-তি; Cf. M. I, 23, 528

২৪- জৈন সম্প্রদায়। সিংহ নিগণ্ঠ সম্প্রদায়ের নাটপুত্রের অনুসারী ও প্রয়োজনীয় সামগ্রীর দাতা ছিলেন। ভারতে সে সময়ে নিগণ্ঠদের তিন প্রধান অনুসারী ছিলেন; নালন্দায় গৃহপতি উপালি (M.1, 373; কপিলবাস্তুতে শাক্যবংশীয় বপ্প (A. II....196); বৈশালীতে লিচ্ছবী সিংহ। নাটপুত্ত (বা মহাবীর) সম্প্রদায়ের প্রধান অত্র মূল গ্রন্থে (রোমান হরফে) নবক নিপাতে XXXVII, 429 নিগণ্ঠ নাটপুত্ত এর বিষয় উল্লেখিত। সীহ সম্পর্কে অত্র মূল গ্রন্থের সত্তক নিপাতের LIV, 79 উল্লেখিত।

২৫- এটা একটা প্রথাগত উদ্ধৃতি। এজন্য দেখুন D.1,89; II, 73, 95; A.V, 65

২৬- বিভিন্ন গ্রন্থে এধরণের উদ্ধৃতি ব্যক্ত হয়েছে- D.1, 161; III, 115; M. I, 368, 382; A.1, 161; III, 57; S II, 33

২৭- এখানে এবং এ গ্রন্থের অন্যত্রও এ ধরণের উক্তি ব্যক্ত হয়েছে। M.1.378f এখানে উপালি গৃহপতি নালন্দায় জৈনদের পরিত্যাগ করেন।

২৮- ঞাতমনুস্সানং

২৯- এ উদ্ধৃতি অন্যত্রও দেখা যায়- D.1, 110; II, 41; M II, 145; Vin. 1,15; Vin II, 156; Ud. 49; নীচে গহপতি বগ্গে, XXI 209 এর সাথে সামঞ্জস্য রয়েছে।

৩০- প্রথাগত এ উদ্ধৃতি এসব গ্রন্থে ব্যক্ত হয়েছে- D.1, 109; II, 126; Ud.81.

Visit: http://www.buddhistdownload.com

৩১- পবত্তমংসং জানাহি। Comy. এর মতে বাজারে কিছু বৈধ (কপ্পিয) মাংস সন্ধান কর।

৩২- Vin. I, 388- কারও উদ্দেশ্যে জীব হত্যা করলে সে মাংস খাওয়ার অনুমতি নেই। অদৃষ্ট, অশ্রুত ও অসন্দিগ্ন অবস্থায় মাংস ভক্ষণের অনুমতি রয়েছে।

৩৩- Cf. G.S. 1, 223; II, 118, 225

৩৪- অল্লং বা সুক্কং বা সবুজ বা শুষ্ক।

৩৫- Cf. M. 1, 340; A.V.167

৩৬- উজুমগ্গং

৩৭- এ উদ্ধৃতি অন্যত্রও ব্যক্ত হয়েছে- M. 1, 481; S II, 28; G.S. 1, 45.

৩৮- খলুঙ্ক- আন্দোলিত করে এমন Cf. G.S. 1, 266; A.V. 166; অত্র মূল গ্রন্থের XXII, 397 এর সাথে সাদৃশ্য রয়েছে।

৩৯- 'সে একে কাঁটাযুক্ত ঝোপ বা প্রতিহত হয়ে সজোড়ে লাফিয়ে ওঠে এমন মাটির উপর দিয়ে নিয়ে যায়।'

৪০- মুখাধানং; মুখে আঁটার জন্য প্রস্তুত লৌহ শৃঙ্খল। Cf. M.S. 1, 446; III, 2.

৪১- অত্র মূল পালি গ্রন্থের (রোমান হরফে) X, 108 এর সাথে সাদৃশ্য বিদ্যমান।

৪২- সাপত্তিক

৪৩- এসব গাথা Dhp. 240 f. K. S. 1, 53 দৃষ্ট হয়।

৪৪- মূল পাঠে আছে ব্যাধতি। ভাষ্যে- বেধতি।

৪৫- মূল পাঠে আছে অসন্দিট্ঠং। ভাষ্যে- অসন্দিদ্ধং, ব্যাখ্যায় বিগতসংসযং; Cf. Vin. II, 201 f. এখানে আটটি ব্যক্ত হয়েছে।

৪৬- বনভঙ্গেন। ভাষ্য- বন হতে পুষ্প এবং ফল, ইত্যাদি উপহার দ্বারা। নীচেও এরূপ উল্লেখিত- মূল পালি গ্রন্থে XL, 435.

৪৭- অত্র মূল পালি গ্রন্থের (রোমান হরফে) মহাবগ্গ এর XI. 172 এ বিষয় পুনরোক্ত হয়েছে।

৪৮- ভাষ্য- অসুরদের মধ্যে জ্যেষ্ঠ। এরূপ তিনজন ছিল। যেমন, বেপচিত্ত, রাহু (যে গ্রহণের সময় চন্দ্রকে গিলে ফেলে) এবং পহারাদ।

Visit: http://www.buddhistdownload.com

সমগ্র সূত্রটি Vin II, 237; Ud. 55 এর সাথে তুলনীয়। এখানে বুদ্ধঘোষের ভাষ্যের সাথে ধর্মপালের ভাষ্যের বস্তুতঃ মিল রয়েছে। ড. বি. এম. বড়ুয়ার Gayā, p. 42 দেখুন।

৪৯- Cf. Mil, 187, 250

৫০- এ ধরণের উদ্ধৃতি অনেক স্থানে উল্লেখিত। উপরে মূল পালি LXII, 101 গ্রন্থে দৃষ্ট হয়।

৫১- গোত্ত।

৫২- ভাষ্য- অবিমিশ্র স্বাদ।

৫৩- রতন। উদ্ধৃতি দেখুন- Vin. Cullavagga IX. I; Ud. A. 103, 302.

৫৪- ক্ষুদ্র, বৃহৎ, গোলাকার বা দীর্ঘ।

৫৫- লোহিত, নীল, ইত্যাদি।

৫৬- বাবলা গোত্রীয় বাঁশের রং, Mil (trs) 1, 177 দেখুন।

৫৭- দক্ষিণ হস্ত পেঁচাল খোলক, তামা বর্ণের, শূন্য, ভৈরী খোলক ইত্যাদি।

৫৮- ক্ষুদ্র, বৃহৎ ফ্যাকাশে লাল এবং লাল

৫৯- মূল পাঠে আছে তিমিতিমিঙ্গল তিমিরমিঙ্গল। Vin. II 288; Ud. A. 308 অনুসারে ধর্মপাল মত প্রকাশ করেন যে, তিন প্রকারের মৎস্য আছে; দ্বিতীয় প্রকারের মৎস্য প্রথম প্রকারের মৎস্যকে খেয়ে ফেলে এবং তৃতীয় প্রকারের মৎস্য প্রথম প্রকারের মৎস্যকে খেতে পারে। Cf. Mil, 85

৬০- ভাষ্য- ঢেউয়ের চূড়ায় বসবাসকারী।

৬১- Cf. K. S. III. 197

৬২- M. III, 1. ত্রয়ী শিক্ষা।

৬৩- Ud. A. স্রোতাপত্তি লাভীদের সম্পর্কে বলা হয়েছে।

৬৪- এ প্রথাগত উদ্ধৃতি নিম্নবর্ণিত স্থানে উল্লেখিত হয়েছে- A. 1, 108, 126; Vin, II 236; A II, 239; Ud. 52; উপরে LXVIII, 128 এর সাথে মিল রয়েছে।

৬৫- উক্খিপতি, বহিষ্কার করে; dussīlo pāpadhammo.....avassuto Kasambujāto এর

Visit: http://www.buddhistdownload.com

সাথে Mahā-vagga, XX, 205 এর সাদৃশ্য পরিলক্ষিত হয়।

৬৬- Cf. Vin. II, 239; M. II, 128

৬৭- গৌতমের বংশ।

৬৮- এগুলো হল ৩৭ প্রকার বোধিপক্খীয় ধম্ম; see Mrs. Rhys Davids' remarks at K. S. V p. VI দেখা যাবে যে, অঙ্গুত্তর নিকায় দীর্ঘরীতি অনুসরণ করেছে। উপরে LXVII, 125 এর সাথে সামঞ্জস্য আছে।

৬৯- এই সুত্ত Vin II, 236; Sn. A. 312 উল্লেখিত।

৭০- মূল পালি গ্রন্থে অট্ঠক নিপাতে X LI, 248; XLIII 255; XLVII, 267; XLIX, 269, 348 উল্লেখিত।

৭১-নিম্নে মূল পালি গ্রন্থে উল্লেখিত- XXL, 248.

৭২- মোগ্গল্ল্যায়ন ঋদ্ধিতে শ্রেষ্ঠ। দেখুন K.S. I. 247; II, 170 f.

১২. গহপতি বগ্গো- গৃহপতি বর্গ

১- G.S.I. 23 তিনি প্রধান অমায়িক দাতা ছিলেন; Cf A.A.I, 394; G.S. III, 40f.

২- উপরে দেখুন পালি গ্রন্থে অট্ঠক নিপাতে XII, 186 এ উল্লেখিত।

৩- ওনোজেসিং; M. II. 45; Mil. 236; Vin I, 39 দেখুন। ভাষ্য-এ শব্দের উপর পরবর্তী সূত্র লক্ষ্য করেঃ তিনি তাদের হস্তে পানি ঢালেন এবং তাকে (বালিকাকে) প্রদান করেন। এ উৎসব শ্রীলঙ্কায় বৌদ্ধ বিবাহে এখনও ব্যবহৃত হয়ে থাকে।

৪- অপ্পটিবিভত্তা। ভাষ্য- ভাতৃসঙ্ঘ এবং শীলবান সঙ্ঘকে আমি আমার সম্পদের অংশ বন্টন করে দিই। এই পক্ষপাতহীন বিভাজন একজন ভিক্ষুকে আদেশ করা হয়। A. III, 289; Mil. 373 দেখুন।

৫- অসক্কচ্চং

৬- চিত্তস্স উন্নতিং

৭-সঞ্ঞোজনানি; মূল পালি গ্রন্থে IX, P.8 উল্লেখিত।

৮- A.I, 26 তিনি সংঘের প্রধান খাদ্য পরিবেশক হিসাবে অভিহিত।

৯- ভাষ্য- লক্ষ্য করে যে এ বন তাঁরই অধিকৃত। A.A I, 396

Visit: http://www.buddhistdownload.com

একই ঘটনা উল্লেখ করেছে।

১০- উভতোভাগ বিমুত্তো

১১- উপ্পাদেন্তো

১২- ইমিনা উপাসকো অত্তনো অনাগামি-ফলং ব্যাকরোতি।

১৩- A.I, 26 হত্থক তাঁদের মধ্যে প্রধান যাঁরা মানুষকে জনপ্রিয়তার চার ভিত্তি দ্বারা তালিকাভুক্ত করে। A.A. I, 388 এ তাঁর জীবনী রয়েছে। এখানে ভাষ্যে উল্লেখ আছে যে, তিনি জনৈক ভারতীয় রাজপুত্র এবং আলবীর যক্ষহস্ত থেকে বুদ্ধ হস্তে গৃহীত হয়েছিলেন বলে তিনি হত্থক নামে অভিহিত হয়েছিলেন। আলবীর যক্ষ সম্পর্কে জানতে হলে Sn, P. 31 দেখুন।

১৪- উপরে মূল পালি গ্রন্থের 1 (V.), 4 দেখুন।

১৫- আবুসো- সম্মানার্থে ব্যবহৃত। বিশেষতঃ ভিক্ষুসংঘের মধ্যে এ সম্বোধনটা প্রচলিত। একজন জ্যেষ্ঠ ভিক্ষু কনিষ্ঠ ভিক্ষুকে সম্বোধনের সময় 'আবুসো' ব্যবহৃত হয়।

১৬- অপ্পিচ্ছো, মূল পালি গ্রন্থে নীচে XXX, ২২৮ এ উল্লেখিত।

১৭- ভাষ্য- তাঁরা ছিলেন স্রোতাপত্তি, সকৃদাগামী আর্যশ্রাবক। তাঁরা সুগন্ধি পুষ্প নিয়ে এসেছিলেন।

১৮- Cf. D. III, 152, 190, 232; A II, 32, 248; এ গ্রন্থের মূল পালি V. 363; J.v. 330; G. S. II, 36.

১৯- সোতব্বং

২০- A.I, 25-26 Etad aggaṃ bhikkhave mama sāvakānaṃ upāsakānaṃ pāthamaṃ saraṇaṃ gacchantānaṃ paṇitadāyakānaṃ yadidaṃ Mahānāmo Sakko.

"প্রণীত (উত্তম) বস্তু দায়কদের মধ্যে মহানাম শাক্য অগ্রগণ্য"- সুমঙ্গল বড়ুয়া অনূদিত অঙ্গুত্তর নিকায় ১ম খণ্ড, পৃঃ ২১, ধর্মাধার বৌদ্ধ গ্রন্থ প্রকাশনী, ১ম সং- ১৪০১, সেপ্টেম্বর ১৯৯৪ইং কলিকাতা।

মহানাম শাক্য সম্পর্কে বর্ণনা আছে A.A. I, 393 যেখানে বলা হয়েছে, তিনি কপিলবাস্তুতে সারা বৎসর সঙ্ঘকে আহার্য দিতেন। কপিলবাস্তু ছিল শাক্যবংশের প্রধান নগর। বুদ্ধ এ নগরে জন্মগ্রহণ করেন, J.I, 52.

Visit: http://www.buddhistdownload.com

২১- অস্‌সুতবা পুথুজ্জনো

২২- Idha bhikkhave bhikkhu satimā hoti paramena satinepakkena samannāgato cirakataṃ pi cirabhāsitam pi saritā anussaritā. এ অংশটুকু উপরে IV. 7.p. 4 উল্লেখিত।

২৩- উপরে মূল গ্রন্থের iv. p. 4 no. 9 উল্লেখিত।

২৪- Atha Kho āyasmā Anuruddho eko vūpakaṭṭho appamatto ātāpi pahitatto viharanto.....nāparaṃ itthattāyā'ti abbhaññāsi, এ অংশটি A. I, 282 no. 3 সাথে সাদৃশ্য রয়েছে।

১৩. দান বগ্গো- দান বর্গ

১- Dial. III, 239 দেখুন

২- আসজ্জ।

৩- Cf. উপরে মূল পালি গ্রন্থের XIX, 57 এ উল্লেখিত।

৪- হিরিযং, হিরির দুষ্প্রাপ্য একটা আকার।

৫- মগ্গ।

৬- ছন্দা, ভাষ্য- পেম, তদ্রূপ স্নেহ।

৭- মোহ

৮- ভযা; ভাষ্য-গরহ, দোষ।

৯- উসরং, ভাষ্য-উব্‌ভিদোদকং

১০- মরিযাদ, ভাষ্য- কেদার

১১- সদৃশ- A. II, 220; D.II, 353; III, 254, A. V, 222 উপমা D. II, 353;

১২- দানূপপত্তিযো, দানের জন্য উপযুক্ত বস্তু সামগ্রী।

১৩- Cf. M. III, 205; S.I 94; A.I and Above in the main Roman Text XLIX, 60.

১৪- বিসুদ্ধত্তা

১৫- বীতরাগত্তা। ভাষ্য লক্ষ্য করে যে, শুধুমাত্র দানের দ্বারা ব্রহ্মলোক লাভ করতে পারে না, এর জন্য সমাধি ও প্রজ্ঞার প্রয়োজন।

১৬- এ তিনটি দেয়া হয়েছে- D III, 218; It. 51

Visit: http://www.buddhistdownload.com

১৭- পরিত্তং, থোকং, মন্দং।

১৮। Cf. M. II, 152; A. I, 107; A. II, 85.

১৯- মত্তসো

২০- সোভগ্গং, ভাষ্য মতে- একজন সম্ভ্রান্ত ব্যক্তি, একজন ব্রাহ্মণ ও একজন ক্ষুদ্র কৃষক।

২১- Cf. D. III, 146; Dial. II, 296

২২- এসব দেবগণের নাম রয়েছে D. 1, 297

২৩- সপ্পুরিসো, নীচে নবক নিপাতে xx, 392

২৪- অনুরূপ সূত্র আছে- A. III, 46.

২৫- পুব্বপেতানং। ভাষ্য- পরলোকানং ঞাতীনং

২৬- পূজেতি সহ ধম্মেন পুব্বে কতং অনুস্সরং Cf. তিরোকুড্ড সুত্তং

২৭- পুঞ্ঞাভিসন্দা। Cf. A II, 54; A. III, 51

২৮- এ উদ্ধৃতি উল্লেখিত হয়েছে D. I, 51; A. III, 46

২৯- দানানি

১৪. উপোসথ বগ্গো- উপোসথ বর্গ

১- উপোসথ

At the time of the rise of Buddhism the word 'Uposotha' had come to mean the preceding four stages of the moon's waxing and waning, viz. ist, 8th, 15th, 23rd nights of the lunar month that is to say, a weekly sacred day, a Sabbath. These days were utilized by the pre- Buddhistic reforming communities for the expounding of their views, Vin. I.101 The Buddhists adopted this practice and on the15th day of the half month held a chapter of the order to expound their dhammas. They also utilized one or other of these Uposatha days for the recitation of the Pātimokkha (pātimokkhuddesa). On Uposatha days laymen take upon themselves the Uposatha vows, that is to say, the eight Sīlas, during day and night. The day in the middle of

Visit: http://www.buddhistdownload.com

the month is called cātuddasiko or paṇṇarasiko according as the month is shorter or longer. The reckoning is not by the month (māsa), but by the half month (pakkha), so the twenty third day is simply aṭṭhamī, the same as the eight day. There is an occasional Uposatha called Sāmaggi-uposatha, "reconciliation Uposatha" which is held when quarrel among the fraternity has been made up the general confession forming as it were a seal to the reconciliation. The ceremony of a layman taking upon himself the eight sīlas is called Aṭṭhāṇga-Uposatha silaṃ.

-T.W. Rhys Davids and William Stede. Pali-English Dictionary P. 150-51.

২- Cf. D1, 4; M.I.278; A.I,211 (Pali main Roman Text); below in the main Pali Roman Text A. iv. P. 389

৩- সচ্চসন্ধা

Cf. D.III, 170; M. III, 33

৪- এ তালিকা উল্লেখিত হয়েছে- A. I, 213 (main Roman Pali Text) তালিকা Buddhist India, P. 23 উল্লেখিত।

৫- চৈত্যগণ হিসাবে উচ্চারিত।

৬- Cf. A. I,116.

৭- এ উদ্ধৃতি উল্লেখিত- D. III, 327.

৮- "Pāṇaṃ na hane na cādinnamādiye
Aninditā saggaṃ upenti ṭhānanti."

২৪ লাইনের এ গাথাটি A.I. P. 214-215 এর সাথে তুলনীয়।

৯- বিশাখা মিগারমাতা নামে পরিচিত। তিনি শ্বশুর মিগার শ্রেষ্ঠী-পোষিত মিথ্যাদৃষ্টি যৌক্তিক ব্যাখ্যার মাধ্যমে দূরীভূত করেছিলেন এবং সেদিন থেকে পুত্রবধু বিশাখাকে মা বলে সম্বোধন করেছিলেন। ত্রিপিটকে এ সম্বোধনকে মিগারমাতা হিসাবে গ্রহণ করেছে। তিনি দাতাদের মধ্যে শ্রেষ্ঠ বলে অভিহিত হয়েছেন যা অঙ্গুত্তর নিকায় ১ম খণ্ডে মূল রোমান অক্ষরে পালিতে এতদগ্ন বর্গে ২৬ পৃষ্ঠায় বর্ণিত- "Etad aggaṃ bhikkhave mama sāvikānaṃ

Visit: http://www.buddhistdownload.com

paṭhamaṃ dāyikānaṃ yadidaṃ Visakhā Migāramātā."

১০- তেবিজ্জ সুত্তে উল্লেখিত ব্রাহ্মণ বলে মনে হয়।

১১- মহাসালা। ভাষ্য মতে- তাঁর সম্মুখে দুটি শালবৃক্ষ দাঁড়িয়েছিল।

১২- Cf. Ime ce pi Bhaddiya mahāsālā.....avaṭṭeyyuṃ akusaladhammappahānāya Kusaladhammūpasamāya imesaṃ p'assa mahāsālānaṃ digharattaṃ hitāya. sukhāya" A. II, 194.

১৩- এ গৃহী শিষ্যের নাম তেমন কোথাও উল্লেখ দেখা যায় না। শুধু মাত্র নবক নিপাতের xc, p. 347, এ উল্লেখিত। বোজ্ঝা শব্দের অর্থ জ্ঞান প্রাপ্ত।

১৪-অত্র মূল গ্রন্থের XL, p. 37 সাথে তুলনীয়।

১৫- দেবতা।

১৬- অচ্ছরিকং বাদেসি- স্বর্গীয় সঙ্গীত তৈরি করা। বৈদিক অপ্সরা থেকে পালি অচ্ছরা। অপ্সরাগণ নাচে, গায়, হাততালি দেয়।

১৭- এ উপমা উল্লেখিত হয়েছে- D. ii, 172, 183. ভাষ্য মতে পাঁচ প্রকার ঢাক।

১৮- কমনীয়।

১৯- Indriyāni okkhipi.

২০- Cf. A. III, sec. xxx III, p. 37.

২১- Cf. "vigatamalamaccherena cetasā .....payatapaṇi vosaggarato yācayogo dānasaṃvibhāgarato" above sec. vi, p.6.

২২- নকুলমাতা বিশ্বাসিনীদের মধ্যে অন্যতমা! "Etad aggaṃ bhikkhave mama sāvikānaṃ bhikkhunīnaṃ upāsikānaṃ paṭhamaṃ vissāsikānaṃ yadidaṃ Nakulamātā gahapatāni." A.1, sec. xiv, p. 26.

২৩- অনলস, সে অলস নহে।

২৪- নিচ্চং মগ্গং- আন্তঃ মার্গ।

Visit: http://www.buddhistdownload.com

১৫- স-আধান বগ্গো- স-আধান বর্গ

১- A. I, 25 মহা প্রজাপতী গৌতমী জ্যেষ্ঠাদের মধ্যে অগ্রগণ্যাঃ 'Etad aggaṃ bhikkhave mama sāvikānaṃ rattaññūnaṃ yadidaṃ Mahāpajāpatī Gotamī.'

মহাপ্রজাপতী গৌতমী গৌতম বুদ্ধের মাতৃস্বসা ও বিমাতা। রাজা শুদ্ধোদনের সহধর্মিনীদের মধ্যে একজন। তিনি নন্দমাতা এবং ভিক্ষুণীসংঘের প্রতিষ্ঠাতা। অতীতে তিনি ছিলেন বারাণসী (কাশী) রাজ কিকির সপ্ত দুহিতার অন্যতমা।

২- V. A. Smith এর মতে এ দুটি স্থানের মধ্যে দূরত্ব আনুমানিক ২০০ মাইল। চীনা পরিব্রাজক রামগাম, কুসিনারা এবং বারাণসীর মধ্য দিয়ে ভ্রমণ করেছিলেন। নিকটবর্তী পথ অবশ্যই হিরঞ্ঞবতী (গণ্ডক) নদী অনুসরণ করেছে।

৩- বুদ্ধের মহাপরিনিব্বানের পর রাজগৃহে অনুষ্ঠিত সঙ্গীতিতে আনন্দ বুদ্ধকে মাতৃজাতিকে শাসনে প্রবেশের অনুমতি প্রদানে প্রবৃত্ত করানোর এবং তদ্বারা শাসনের ধ্বংস সাধনের অভিযোগে অভিযুক্ত হন। এজন্য Vin. II, 289 দেখুন।

৪- উপসম্পদা

৫- পবারণা- ভিক্ষু-ভিক্ষুণীদের বর্ষাবাসের পরিসমাপ্তির পর যে উৎসব উদ্‌যাপিত হয় তা হল পবারণা। এ উৎসবে সংঘের সদস্যগণের মধ্যে কোন দোষ-ত্রুটি ঘটে থাকলে তা পরস্পরের মধ্যে স্বীকারের সুযোগ পেয়ে থাকেন।

৬- সেতট্‌ঠিকা

৭- মঞ্জিট্‌ঠিকা

৮- Cf. উপমা সদৃশ- M. III, 96; A. III, 28

৯- Cf. Bahussuto hoti sutadharo sutasannicayo, ye te dhamma ādikalyāṇa majjhe kalyāṇā.....manasānupekkhitā diṭṭhiyā suppaṭividdhā. above, P.152.

১০- Cf. Ubhayāni kho pan'assa pātimokkhānī vitthārena svāgatāni suvinicchitāni suttaso anubyañjanoso. above, p. 140.

Visit: http://www.buddhistdownload.com

১১- "Kalyāṇavākkāraṇo poriyā vācāya samannāgato vissaṭṭhāya anelagalāya atthassa viññāpaniyā"

উপরোক্ত উদ্ধৃতিটি উক্ত হয়েছে- A. II, P. 97; III, 114.

১২- এ সূত্রের সাথে উপরের L III, P. 280-81 সূত্রের মিল পরিলক্ষিত।

১৩- আচযায, ভাষ্য- বট্টস্‌স বড্‌ঢনথায। বুদ্ধ বলেন যে, মহাপ্রজাপতী গৌতমী এ ধ্যানের মাধ্যমে অর্হত্ব লাভ করেন।

১৪- দীর্ঘজানু; এটা নিঃসন্দেহে তাঁর ডাক নাম, দেখুন Dial. I, 193; তাঁর পারিবারিক নাম ব্যগ্‌ঘপজ্জ।

১৫- কোলিয়গণ ছিলেন বজ্জী গণতন্ত্রের সদস্য এবং শাক্যদের থেকে উৎপত্তি, তাঁদের রাজধানী ছিল রামগাম, কপিলবথুর প্রায় ৪০ মাইল পূর্বে। কক্করপত্ত বলতে বন্য মোরগের পালক বুঝায়।

১৬- Cf. "tattha dakkho hoti analaso tatrupāyāya vimaṃsāya samannāgatā alaṃ katuṃ alaṃ saṃvidhātuṃ." XLIX, P. 269.

১৭- "Uṭṭhānaviriyādhigata bāhābalaparicita sedāvakkhittā dhammikā dhammaladdhā" এ অংশটির সাথে A. II, 69; A III 45 তুলনাযোগ্য।

১৮- Cf. A. II, 166 (4).

১৯- এই ব্রাহ্মণের নাম উল্লেখিত হয়েছে- A. II, 42

২০- Cf. A. V, 132.

১৬. ভূমিচাল বগ্গো- ভূমিকম্প বর্গ

১- নিরাযত্তবুত্তি, ভাষ্য-অনাযত্ত

২- লাভ= সম্পত্তি। ভাষ্য মতে চার সম্পত্তি।

৩- 'Socati Kilamati paridevati urattāliṃ kandati sammohaṃ āpajjati.' উদ্ধৃত অংশটির সাথে A. II, P. 188 (n. 4) এর সাদৃশ্য রয়েছে।

৪- ভাষ্য মতে- বিপস্‌সনা, অন্তর্দর্শন।

৫- "Khippanisanti ca hoti kusalesu dhammesu, sutañca dhammānaṃ dhārakajātiko hoti,

Visit: http://www.buddhistdownload.com

dhātūnañ ca dhammānaṃ ..... sandssakoca hoti samādapako samuttejako sampahaṃsako sabrahmacārinaṃ."

_উদ্ধৃতাংশটুকুর সাথে A. II, 97 এবং উপরে গহপতি-বগ্গো P. 221 এর বিষয়ের সাথে সামঞ্জস্য রয়েছে।

৬- অজ্ঝত্তং

৭- ভাষ্য- মূল সমাধি বলে অভিহিত।

৮- এ উদ্ধৃতি উল্লেখিত হয়েছে- D. II, 102; M. III, 97

৯- এ চারটি ব্রহ্ম-বিহার- মেত্তা, করুণা, মুদিতা, উপেক্খা।

১০- চত্তারো সতিপট্ঠানা- কায-সতিপট্ঠান, বেদনা-সতিপট্ঠান, চিত্ত-সতিপট্ঠান, ধম্ম-সতিপট্ঠান।

১১- গয়া ভারতের বিহার প্রদেশের একটি জেলার নাম, মগধের অধীন।

১২- Pubb'eva sambodhā anabhisambuddhassa bodhisattassa eva' এ প্রথাগত উদ্ধৃতির সাথে A. III, 240 এবং নীচে Mahavagga, P. 499 এর সামঞ্জস্য বিদ্যমান।

১৩- এ সূত্রটির সাথে A, I, P. 40 ও এ গ্রন্থের Sativagga, P. 348 (2-6) সামঞ্জস্য রয়েছে।

১৪- Dial. II, 119

১৫- "sabbaso ākiñcaññāyatanaṃ samatikkhamma nevasaññānāsaññāyātanaṃ upasampjja viharati sabbaso nevasaññānāsaññāyātanaṃ samatikkamma saññāvedayitanirodhaṃ upasampajja viharati."

- This extract has close similarity with the extract of the last portion of no 2. chapter XXXII, p. 410.

১৬- "Adiṭṭhe diṭṭhavādita, asute sutavāditā, amute mutavādinā, aviññāte viññātavāditā."

Cf. A. II. sec- 247, P. 246.

১৭- "Adiṭṭhe adiṭṭhavāditā, asute asutavāditā

Visit: http://www.buddhistdownload.com

amute amutavāditā, aviññāte aviññatavāditā, diṭṭhe diṭṭhavāditā, sute sutavāditā, mute mutavāditā, viññāte viññātavāditā,"

১৮- 'bahujanahitāya bahujanasukhāya lokānukampāya atthāya hitāya sukhāya devamanussānan'ti.

উদ্ধৃতাংশটুকুর সাথে মহাবর্গ (প্রজ্ঞানন্দ স্থবির অনূদিত) পৃ- ২২ এর অর্থগত সাদৃশ্য বিদ্যমান।

১৯- বুদ্ধ এ ঘটনা বিবৃত করেন- D. II, 112

২০- এখানে কিছুটা ঔৎসুক্যের ব্যাপার এই যে, এ গ্রন্থের ২৭৮ পৃষ্ঠায় বুদ্ধ সেবক আনন্দকে বলতেছেন যে, রমণীদের যদি সংসার ত্যাগের অনুমতি দেয়া না হত তাহলে ধর্ম স্থায়ী হত তথাপি সরাসরি বুদ্ধত্ব লাভের পর (পঠমাভিসম্বুদ্ধো) তিনি জানতেন যে, ভিক্ষুণীগণ সংঘভুক্ত হবেন।

২১- 'anupādisesāya nibbānadhātuyā parinibbāyati,

-এ অংশটুকুর সাথে উপরে Mahāvagga, 202-203 এর মিল রয়েছে।

২২- চার স্থানে বিশেষ কারণে চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও অষ্টমবার ভূমিকম্প সংঘটিত হয়। উক্ত চার স্থান শ্রদ্ধাযোগ্য, সেগুলো হলঃ কপিলবথু (সিদ্ধার্থের জন্মস্থান); বারাণসী (ধর্মচক্র প্রবর্তনের স্থান); উরুবেলা (বোধিজ্ঞান লাভের স্থান); কুসিনারা (মহাপরিনির্বাণ স্থান)। ত্রিপিটকের বিভিন্ন স্থানে এসব স্থানের গুরুত্ব প্রতিপাদিত হয়েছে।

১৭. যমক বগ্গো- যমক বর্গ

১- 'Saddho ca bhikkhu hoti, no ca sīlavā. Evaṃ so ten' aṅgena aparipuro hoti.'

- উদ্ধৃতাংশটি Sambodha-vagga. Sec. IV, n. 3, 359 এর সাথে তুলনীয়।

২- এ সূত্রের সাথে Bhūmicāla-vagga sec. IXVI. P. 306 সামঞ্জস্য রয়েছে।

৩- সম্পূর্ণ সূত্রের সাথে A. III, 303-304 এর সাদৃশ্য রয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

-Maraṇasati bhikkhave bhāvitā bahulikata mahapphalā hoti mahānisaṃsā amatogadhā amatopariyosānā. Bhāvetha tumhe bhikkhave maraṇasati ti' etc.

৪- এ সূত্রের সাথে A. III, 306-308 পুরোপুরি মিল পরিলক্ষিত।

৫- সূত্রের এ অংশের সাথে A. III, 307-308 মিল রয়েছে।

৬- সম্পদা বলতে পরিপূর্ণতা, পূর্ণ, পূর্ণত্ব বুঝায়।

৭। এ সূত্রের সাথে A. III, 293 এবং এ গ্রন্থের বজ্জীবগ্গো- এর XXVI, P. 24 সাথে সামঞ্জস্য বিদ্যমান।

৮- সংসগ্গারামতা এর অর্থ কখনো প্রশংসা করা হয়েছে যেমন Avyākatavagga এর LVIII, 88.

৯- এ সূত্রটি D. III, P- 266 ব্যক্ত হয়েছে।

১০- অপ্রাপ্তি বলতে ধ্যান বুঝানো হয়েছে।

১১- মগ্গো-গন্তব্বো।

১৮. সতি বগ্গো- স্মৃতি বর্গ

১- সমগ্র সূত্রটি A, V. 154 এর সাথে তুলনীয়।

২- Mrs. Rhys Davids এর Buddhism, 222 তে sabbe dhammā এর সম্পর্কে বলা হয়েছে consciousness.

৩- অত্র গ্রন্থের Mettāvagga, VI, 158 এর সাথে তুলনীয়।

৪- ছন্দ- করার ইচ্ছা।

৫- তুলনীয়, It. 40; A. II, 243

Paññamuttaraṃ, vimuttisāraṃ, satādhipateyyanti."

৬- তুলনীয়- A. I, 153; III, 128

samannāgato mahācoro sandhiṃ pi chindati nillopampi harati ekāgārikampi karoti paripanthe pi tiṭṭhati.

৭- অচ্চাসন্নে কম্মং করোতি।

৮- বেদগূ, বেদজ্ঞ

৯- গুণ, সততা

Visit: http://www.buddhistdownload.com

১০- নাগদান্ত, নাগ যেমন দান্ত, সংযত হয়; তুলনীয় A. III. 346 nāgaṃ vo kittayissāmi, na hi āyuṃ karoti'so.

১১- D. I, 87; D. A. I, 244, M. II, 196; Ud. 13; Ud-A. 115

১২- আনুষ্ঠানিকভাবে এ ধরণের শুরু লক্ষ্যণীয়, এছাড়া A. III, 30, 341 সমগ্র সূত্রের সাথে মিল পরিলক্ষিত হয়।

১৩- এখানে ভগবান বুদ্ধের উপস্থাপক হিসাবে আনন্দের পরিবর্তে নাগিতের নাম দেখা যায়। এছাড়াও দেখুন, Dial, I, 198; Ud. A. 217.

১৪- ke pana te- uccāsaddha, mahāsaddha, kevaṭṭa maññe macche vilopentiti?' Avyākata vagga, 91; A. III, 31, 342.

১৫- Cf. M. I, 454; III, 236.

১৬- উপমাটি তুলনীয় A. I. 243; 140.

১৭- Cf. Avyākatavagga. 85.

১৮- সংজ্ঞাকে ধ্যানের প্রতীক হিসাবে ব্যবহার করা হয়েছে।

১৯- নিক্কুজ্জেয্য, প্রত্যাখ্যান করতে পারে; বিপরীত উক্কুজ্জেয্য।

২০- অপ্পসাদ- অসন্তোষ।

২১- পটিসারণীয়- ভিক্ষুদের এক প্রকার শাস্তির বিধান যে ধরণের দোষগ্রস্ত হলে ভিক্ষুর জন্য আরোপ করা হয়। এ ধরণের বিবিধ বিষয় বিনয় গ্রন্থে উল্লিখিত হয়েছে।

২২- তুলনীয়, M. II, 249.

২৩- উপাসিকাদের তালিকায় অন্যান্যদের মধ্যে নন্দমাতা উত্তরা, খুজ্জুত্তরা, সামাবতী, কোলিয়ধীতা সুপ্পবাসা, মিগারমাতা বিসাখা, সুপ্পিয়া, নকুলমাতার নাম A. I, 26 উল্লেখিত। ভাষ্যে উল্লেখ আছে চুন্দী ও সুমনা রাজকন্যা (A. III, 32, 35 দেখুন); মল্লিকা একজন রাজ্ঞী। সোমা, রূপী, কাণা ও কাণা'র মা বাদ পড়েছেন। নন্দের মা সম্পর্কে অত্র মূল গ্রন্থে Mahāyañña vagga, 63 দেখুন। বিসাখা সম্পর্কে Uposatha vagga, 255 দেখুন ও নকুলমাতা সম্পর্কে এ বর্গের P, 268 দেখুন। থেরী হিসাবে খেমাকে A. I, 25 এবং Psalms of the Sisters, 81 এবং সোণাকে পূর্বোক্ত 61

Visit: http://www.buddhistdownload.com

দেখুন। Psalms of the Sisters সোমাকে p. 44, 181; সুমনাকে 18, 19; তিস্সাকে 12, 13 এবং উত্তরাকে 19, 94 দেখুন। বোজ্ঝা সম্পর্কে এ গ্রন্থের Uposatha vagga,p. 259 দেখুন। নকুলমাতা বিশ্বাসিনীদের মধ্যে অগ্রগণ্যা A. I. 26.

গ. নবক-নিপাত- নবম-নিপাত

১৯. সম্বোধ বগ্গো- সম্বোধি বর্গ

১- Cf..... bhikku sīlavā hoti pātimokkha-saṃvuto viharati ācāragocarasampanno anumettesu vajjesu bhayadassāvī samādāya sikkhati sikkhāpadesu Vinay-Vagga- p.140.

২. Cf. নীচে মূল পালি গ্রন্থে P-357; A, III, 117, 121.

Seyyathidaṃ appicchakathā santuṭṭhikathā pravivekakathā asaṃsaggakathā viriyārambha-kathā sīlakathā samādhikathā paññākathā vimuttikathā vimuttiñāṇadassanakathā, evarū-piyā kathāya nikāmalābhī hoti akicchalābhī, akasiralābhī.

৩- উপরে ধন-বগ্গ গন্থে p. 3.

-Ariyasāvako ārddhaviriyo hoti viharati akusalānaṃ dhammānaṃ pahānāya, kusalānaṃ dhammānaṃ upasampadāya, thāmavā daḷhapa-rakkamo anikkhitthadhuro kusalesu dhammesu.

৪- Cf. উপরে p. 4.

Ariyasāvako paññavā hoti, udayatthagāminiyā paññāya samannāgato ariyāya nibbedhikāya sammādukkhakkhayagāminiyā.

৫- অশুভ বিষয়ে ভাবনা

৬- মৈত্রী ভাবনা অনুশীলন

৭- স্মৃতি সহকারে নিঃশ্বাস গ্রহণ ও প্রশ্বাস ত্যাগ

৮- অহংবোধ (আমিত্ব ভাব) দূর করার জন্য অনিত্য ভাবনা।

৯- উপমাটি এরূপঃ এটা যেমন কাস্তে হাতে এক ব্যক্তি যে ধান্য মাঠের এক পার্শ্ব হতে কাস্তে দ্বারা ধান কাটতে শুরু করেছে। পশুরা তার মাঠের ক্ষেতের বেড়া ভাংতে শুরু করেছে। তাই উক্ত ব্যক্তি কাস্তে

Visit: http://www.buddhistdownload.com

রেখে হাতে লাঠি নেয় এবং পশুদের তাড়িয়ে দেয়, চারদিকের বেড়া মেরামত করে এবং ধান কাটা শেষ করে। এখানে মাঠ হচ্ছে বুদ্ধবানী; ধান কর্তনকারী হচ্ছে উদ্যোগী ধ্যানী ব্যক্তি, কাস্তে হচ্ছে অন্তর্দৃষ্টি, কর্তন সময় হচ্ছে মানসিক চেতনা বা ধ্যান; লাঠি হচ্ছে অশুভ বিষয়ে ভাবনা, বেড়া হচ্ছে সংযম; পশুদের অনুপ্রবেশ হচ্ছে আসক্তি উৎপক্তি; পশুদের বিতাড়ন এবং তার কাজে প্রত্যাবর্তন হচ্ছে তার আসক্তি ক্ষয় এবং ধ্যানে প্রত্যাবর্তন।

১০- চত্তারি অপস্‌সেনানি, চার সহায়তা

১১- সমগ্র সূত্রটি Ud. 34 উক্ত হয়েছে।

১২- চলপঙ্ক নামক জল-কাদায় ভরা একটা নগর।

১৩- জন্তু বলতে ব্যক্তি বা ঘাসকে বুঝায়।

১৪- ভগবান মেঘিয়ের জ্ঞানের অপরিপক্বতা জেনেই তাকে বারণ করেছিলেন। মেঘিয়ের উদ্দেশ্যেই বুদ্ধ ধর্মপদ গ্রন্থে ৩৩-৩৪ নং গাথা 'ফন্দনং চপলং চিত্ত' গাথা ভাষণ করেছিলেন।

১৫- অকুশল বর্জন। উদ্ধৃতিটা অন্যান্য বহুস্থানের ন্যায় A. III, 376 উল্লেখিত।

১৬- ভিক্ষুগণকে উপদেশ প্রদানকারীদের মধ্যে প্রধান ছিলেন নন্দক যা A. I, 25 ব্যক্ত হয়েছে। তাঁর জীবনী অঙ্গুত্তরনিকায় অট্‌ঠকথায় ব্যক্ত হয়েছে।

১৭- উপট্‌ঠানসালা-পরিষদকক্ষ

১৮- Cf. M. I, 161; A. V, 65.

-Atha kho Bhagavā kathāpariyosanaṃ viditvā ukkāsitvā aggalaṃ ākoṭesi. Vivariṃ kho te bhikkhū Bhagavato dvāraṃ.

১৯- Cf. অত্র মূল গ্রন্থে Yamakavagga, P. 215

- Saddho ca bhikkhu hoti no ca silavā; evaṃ so ten' aṅgena aparipūro hoti.

২০- পটিসংবেদী- অভিজ্ঞা অর্জনকারী।

২১- অপ্পত্তমানসা- অপ্রাপ্তির জন্য, ভিক্ষুদের মধ্যে যাঁরা অমৃতপদ অর্থাৎ অর্হত্ব লাভ করেননি তাঁদেরকে সেখো বলা হয়। আর যাঁরা এ পদ লাভ করেছেন তাঁদেরকে অসেখো বলা হয়।

Visit: http://www.buddhistdownload.com

২২- Cf. A. II, 142 এ চারটি বল পুনর্ব্যক্ত হয়েছে। কিন্তু সঙ্গহবলের পরিবর্তে সঙ্গাহবল আছে।

- Paññabalaṃ, viriyabalaṃ, anavajjabalaṃ, sañgahabalaṃ.

২৩- Cf. A. II, 32, 248

-Dānaṃ, peyyavajjaṃ, atthacariyo, samānattatā.

২৪- সেবিতব্ব, সেবনযোগ্য, অনুসরণযোগ্য, উপযুক্ত।

২৫- অত্র মূল গ্রন্থে P. 362; A. I. 144. অর্হত্বের অনুমোদিত বিধি এ ধরণের উক্তির মধ্যে নিহিত।

-yo so bhikkhu araham khiṇāsavo vusitavā katakaraṇīyo ohitabhāro anuppattasadattho parikkhīṇa bhavasaṃyojano sammadaññāvimutto.

২৬- যেভাবে একটা চুরিকর্ম সম্পাদিত হয়।

২৭- এখানে একজন ভিক্ষুর যথার্থ করণীয় ও অকরণীয় বিষয় ব্যক্ত হয়েছে।

২৮- Cf. A. III, 23 শব্দগুচ্ছের সাথে সাদৃশ্য বিদ্যমান।

- suggahitaṃ sumanasikataṃ supadhāritanti.

২৯- চার প্রকার অগতিগমন Cf. A. I, 72; II; 18; III, 274.

-Chandāgatiṃ gacchati, dosāgatiṃ gacchati, mohāgatiṃ gacchati, bhayāgatiṃ gacchati.

২০. সীহনাদ বগ্গো- সিংহনাদ বর্গ

১- চণ্ডাল, ভারতের নিম্নবর্ণের লোক। তাদেরকে সাধারণতঃ পুক্কুস শ্রেণীভূক্ত করা হয়েছে। উচ্চবর্ণের লোকদের দ্বারা তারা নিপীড়িত ও নির্যাতিত।

২- অরিযস্স বিনযে- ভগবান বুদ্ধের শাসনে।

৩- এটা একটা উদ্ধৃতি-ভাণ্ডার; Cf. A. II, 146.

-Vuddhi h'esā bhikkhu ariyassa vinaye yo accayaṃ accayato disvā yathādhammaṃ paṭikaroti āyatiṃ saṃvaraṃ āpajjati'ti.

৪- Cf. D. I, 95, Mil. 157 অত্র মূল গ্রন্থে Maha-vagga.

Visit: http://www.buddhistdownload.com

173.

Nāhaṃ taṃ brāhmaṇa passāmi sadevake loke samārake sabrahmake sassamaṇabrāhmaṇiyā pajāya sadevamanussāya, yaṃ ahaṃ abhivādeyyaṃ va paccuṭṭheyyaṃ vā āsanena vā nimanteyya, muddhā pi tassa vipateyya'ti.

৫- Cf. উপরে অত্র গ্রন্থে দেবতা-বগ্গো P. 35

-'atippago kho tāva Sāvatthiyaṃ piṇḍāya carituṃ; yan nūnāhaṃ yena aññatitthiyānaṃ paribbājakānaṃ ārāmo ten'upasaṅkameyyan'ti.....sammodi, sammodanīyaṃ kathaṃ sārāniyaṃ vitisaretvā ekamantaṃ nisīdi.

৬- Cf. A. II, 136

-Idha ekacco puggalo sīlesu paripūrakārī hoti samādhismiṃ paripūrakārī, paññāya na paripūrakārī.

৭- Cf. অত্র মূল গ্রন্থে P. 70

-So pañcannaṃ orambhāgiyānaṃ saṃyojanānaṃ parikkhayā antarāparinibbāyi hoti.

৮- Cf. A. I, 233.

-Idha bhikkave bhikkhu sīlesu paripūrakārī hoti samādhismiṃ mattasokārī paññāya mattasokāri So tinnaṃ saṃjoyanānaṃ parikkhayā ekabījī hoti ekaṃ eva mānusakaṃ bhavaṃ nibbattetvā dukkhassa antaṃ karoti.

৯- Cf. A. I, 233.

-Idha bhikkhave bhikkhu sīlesu paripurakārī hoti samādhismiṃ mattasokarī paññāya mattasokarī. So tinnaṃ saṃyojanānaṃ parikkhayā sattakkhattuparamo hoti sattakkhattuparamaṃ deve ca mānuse ca sandhāvitvā saṃsaritvā dukkhassa antaṃ karoti.

১০- মহাকোট্ঠিত

A. I, 24 মহাকোট্ঠিত প্রতিসম্ভিদা প্রাপ্তদের মধ্যে প্রধান হিসাবে আখ্যাত হয়েছেন।

Visit: http://www.buddhistdownload.com

১১- সমিদ্ধি

এ নামটি A. I, 24-26 নেই। অবশ্য তিনি যুবক অবস্থায় সংঘে প্রবেশ করেন (K. S. I, 15) i. M. III, 208 বুদ্ধ তাঁকে 'মোঘপুরিস' হিসাবে অভিহিত করেন। ভাষ্যকারদের মতে তাঁর ব্যক্তিত্ব সম্পদের গুণে তিনি সমিদ্ধি নাম কথিত হন।

১২- Cf. উপরে অনুপম বগ্গো P. 10.

১৩- এখানে এ সূত্রে অট্‌ঠসীল (অষ্টশীল) এর সম্ভাব্যতা প্রকাশ করছে।

১৪- এটা প্রথম ব্রহ্মবিহার, Cf. A. I, 183

-Ariyasāvako mettāsahagatena cetasā ekaṃ disaṃ pharitvā viharati,tathā dutiyaṃ ... ...tathā tatiyaṃ ... ...tathā catutthaṃ, Iti uddhaṃ adho tiriyaṃ sabbadhi sabbatthatāya sabbavantaṃ lokaṃ mettāsahagatena cetasā vipulena mahaggatena appamāṇena averena avyāpajjena pharitvā viharati.

১৫- ভাষ্যকারগণ লক্ষ্য করেন, সর্বোচ্চ দেবগণের তুলনায় নিম্নশ্রেণীর দেবগণকে নিম্ন স্তরের দেবতা হিসাবে আখ্যায়িত করা হয়।

১৬- Cf. Mahā-vagga, P. 139.

- Etāni bhikkhave rukkhamūlāni etāni suññāgārāni, jhāyatha bhikkhave mā pamādatha, mā pacchā vippaṭisārino ahuvattha.

১৭- এই সূত্রটি J. I, 228 উল্লেখিত হয়েছে।

১৮- এ পাঁচটি বিষয় অন্যত্রও পাওয়া যায়, যেমন A. III, 171

-Asakkaccaṃ deti, acittikatvā deti, asahatthā deti, apaviddhaṃ deti, anāgamanaditthiko deti.

১৯- কর্ম বা ফল বিশ্বাস না করা।

২১- সত্তাবাস বগ্গো- সত্ত্বাবাস বর্গ

১- উত্তরকুরু- বৌদ্ধশাস্ত্র মতে মহাদ্বীপ বা মহাদেশ চারটি ভাগে বিভক্ত, যেমন- উত্তরে উত্তরকুরু, দক্ষিণে জম্বুদ্বীপ (ভারত), পূর্বে পূর্ববিদেহ এবং পশ্চিমে অপরগোয়ান।

২- ভাষ্যকারগণ উল্লেখ করেছেন বুদ্ধ ও পচ্চেক বুদ্ধগণ জম্বুদ্বীপেই

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়ে থাকেন এবং অষ্টাঙ্গিক মার্গ ও ব্রহ্মচর্য্য প্রবর্তন করেন দেব-মানবের মঙ্গলের জন্য।

৩- এ উক্তি দ্বারা অর্হত্ব প্রাপ্তিকে বুঝায়।

৪- Cf. A. III, 377

-Evaṃ sammāvimuttacittassa kho āvuso Bhikkhuno bhusā ce pi cakkhuviññeyyā rūpā cakkhussa āpāthaṃ gacchanti, ne'assa cittaṃ pariyādiyanti, amissīkataṃ, ev'assa cittaṃ hoti ṭhitaṃ ānejjappattaṃ, vayañ c'assānupassati,

৫- উৎপত্তি ও বিলয়

৬- চতুর্বিধ অঙ্গ ধম্মাদাস, ধর্মের আদাস নামে অভিহিত। আরও দেখুন A. II, 56.

৭- পুনরুক্ত, A, III. 205

-yaṃ gahapati pāṇātipātapaccayā diṭṭhadhammikampi bhayaṃ veraṃ pasavati, samparāyikam pi bhayaṃ veraṃ pasavati, cetasikaṃ pi dukkhaṃ domanassaṃ paṭisaṃvedeti; pāṇātipātā paṭivirato neva diṭṭhadhammikaṃ bhayaṃ veraṃ pasavati na samparāyikaṃ bhayaṃ veraṃ pasavati na cetasikaṃ dukkhaṃ domanassaṃ paṭisaṃvedeti.

৮- যেসব শ্রাবকসঙ্ঘ চার মার্গ বা চার ফল লাভ করেছেন।

৯- এটা একটা মজুদশব্দ গুচ্ছ; Cf. পূর্বে উল্লেখিত. p. 54

- yaṃ hi taṃ brāhmaṇa sammā vadamāno vadeyya "akhaṇdam acchiddhaṃ asabalaṃ akammāsaṃ paripuṇṇaṃ parisuddhaṃ brahmacariyaṃ carati'ti.

১০- Cf. D. III, 262; A. V. 150.

১১- Cf. D. III, 266. ধ্যান অনুশীলনের দ্বারা নিরোধ সাধিত হয়।

২২- মহাবগ্গো- মহাবর্গ

১- লালুদায়িন, নির্বোধ উদায়ী

২- bālā avyattā akhettaññu akusalā visame pabbate carituṃ.

Visit: http://www.buddhistdownload.com

-উপরোক্ত অংশের সাথে A, III. 484 এর সাদৃশ্য বিদ্যমান।

৩- স্বস্তিতে, নিরাপদে।

৪- D. II. 36; A V. 8

৫- Cf. I. 284; II, 170.

- dūre pāti ca hoti akkhaṇavedhi ca mahato ca kāyassa padāletā.

২৩- পঞ্চাল বগ্গো- পঞ্চাল বর্গ

১- ৪৩-৬১ পর্যন্ত সূত্রসমূহে আনন্দ ও উদায়ির মধ্যে কথোপকথনের অংশ বিশেষ।

২৫- সতিপট্ঠান বগ্গো- স্মৃতিপ্রস্থান বর্গ

১- Cf. অত্র গ্রন্থের মহাবগ্গো (নবক নিপাত) XXXIV 3. P. 415- Cakkhuviññeyyā rūpā iṭṭhā kantā manāpā piyarūpā kāmūpasaṃhitā rajaniyā, sotaviññeyyā saddā pe.....ghānaviññeyyā gandhā.....jibhāviññeyyā rasā.....kāyaviññeyyā phoṭṭābbā iṭṭhā kantā manāpā piyarūpā kāmupasaṃhitā rajaniyā.

২. চেতোখিল A. III, 248.

[ব্যাখ্যা ও টীকা গুচ্ছ সমাপ্ত]

অনোল্লেখিত উদান সমূহ

সপ্তম-নিপাত

৭। মহা-বর্গ

হিরি সূর্য নাগর উপমা ধর্মজ্ঞ পারিচ্ছত্তক
সৎকার ভাবনা অগ্নি সুনেত্ত এবং অরক। [পৃষ্ঠা নং- ১২২]

৮। বিনয়-বর্গ

চার বিনয়ধর চার বিনয়ধর শোভন
শাস্তা শাসন অধিকরণ সমথে হয় দশ। [পৃষ্ঠা নং ১২৭]

Visit: http://www.buddhistdownload.com